কাজে লাগানো হয়েছিল। ১৯৭৫-৭৬ সালের শেষদিকে মুদ্রাস্ফীতির চাপ বিপরীতমুখী হওয়া এবং নতুন অর্থনৈতিক কর্মসূচি ঘোষিত হওয়ার সঙ্গে সঙ্গে সেচ, রাসায়নিক সার, বিদ্যুৎ ও পূর্বারব্ধ প্রকল্পগুলিসহ কৃষিতে, ইস্পাতে এবং কয়েকটি বনিয়াদী ভোগ্যপণ্য শিল্পে বিনিয়োগ বৃদ্ধি করা হয়েছিল। ১৯৭৫-৭৬ সালে স্থিতিশীল মূল্যের পটভূমিকায় যে অর্থনৈতিক উন্নয়নের কৃতিত্ব দেখা গিয়েছিল তার আলোকে বিচার করে ১৯৭৬-৭৭ সালের বার্ষিক পরিকল্পনায় অনেক বৃহত্তর বিনিয়োগের কর্মসূচি রচনা করা হয়েছিল। ১৯৭৬-৭৭ সালের ৭,৮৫২ কোটি টাকার পরিকল্পনা বরাদ্দ ছিল ১৯৭৫-৭৬ সালের মূল পরিকল্পনা বরাদ্দের চেয়ে ৩১·৪ শতাংশ বেশি। এই সব ঘটনা থেকে স্পষ্ট বোঝা যায় যে, পরিকল্পনা মুলতবি রাখা হয়নি এবং বার্ষিক পরিকল্পনাগুলি কৃষি, সেচ, বিদ্যুৎ ও অন্তর্বর্তী পণ্যের মত গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিকে উচ্চ অগ্রাধিকার দিয়েছিল। খসড়া পঞ্চম পরিকল্পনায় ক্ষেত্রীয় পরিকল্পনা বরাদ্দে যেসব অগ্রাধিকার দেওয়া হয়েছিল চূড়ান্ত পঞ্চম পরিকল্পনায় তা অপরিবর্তিত আছে।

পশ্চিমবঙ্গের জন্য পঞ্চম পরিকল্পনা ঃ

পশ্চিমবঙ্গের জন্য পঞ্চম পরিকল্পনার বরাদ্দ সাময়িকভাবে ১,২৪৭ কোটি টাকা স্থির করা হয়েছে। রাজ্য পরিকল্পনায় বরাদ্দের পদ্ধতি ও অগ্রাধিকার এমনভাবে স্থির করা হয়েছে যাতে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক পুনরুজ্জীবন, বিশেষ ক'রে গ্রামীণ অর্থনীতির পুনরুজ্জীবন ঘটিয়ে উন্নয়নের সুফলগুলি গ্রামাঞ্চলবাসী অধিকাংশ মানুষের কাছে পৌঁছিয়ে দেওয়া যায়। পশ্চিমবঙ্গের পঞ্চম পরিকল্পনায় কৃষি ও সংশ্লিষ্ট কৃত্যকগুলির জন্য বরাদ্দ করা হয়েছে ১৮২ কোটি টাকা; জল ও বিদ্যুৎ উন্নয়ন প্রকল্পগুলির জন্য বরাদ্দ করা হয়েছে ৫০৩ কোটি টাকা; পরিবহন ও যোগাযোগের জন্য বরাদ্দ ৪৯ কোটি টাকা; শিক্ষার জন্য ক্ষেত্রীয় বরাদ্দ হ'ল ১১৬ কোটি টাকা; স্বাস্থ্য, স্বাস্থ্য বিধান, পয়ঃপ্রণালী ও জলসরবরাহ বাবদ ক্ষেত্রীয় বরাদ্দ ধরা হয়েছে ৫০ কোটি টাকা। এই ক্ষেত্রীয় বরাদ্দগুলি সাময়িক হ'লেও এগুলির মধ্যে উন্নয়ন ও অনগ্রসর গ্রামাঞ্চলের সমৃদ্ধির প্রতি ঝোঁক স্পষ্ট ফুটে উঠেছে।

সর্বভারতীয় পদ্ধতির সঙ্গে সমতা রেখে পশ্চিমবঙ্গেও বার্ষিক পরিকল্পনা ছিল এবং বাস্তব ক্ষেত্রে পরিকল্পনা মুলতবি রাখা হয় নি। কার্যক্ষেত্রে ১৯৭৪-৭৫ সালে, ১৯৭৫-৭৬ সালে ও ১৯৭৬-৭৭ সালে, বিশেষ ক'রে কৃষি, বিদ্যুৎ, সেচ, বন্যা নিয়ন্ত্রণ প্রভৃতি মূল ক্ষেত্রগুলিতে পরিকল্পনা বরাদ্দ যথেষ্ট বৃদ্ধি করা হয়েছে।

পশ্চিমবঙ্গের তৃতীয় পরিকল্পনার বরাদ্দ ছিল ৩০৫ কোটি টাকা। সে ক্ষেত্রে চতুর্থ পরিকল্পনার বরাদ্দ ৩৬৩ কোটি টাকার মধ্যে প্রান্তীয় বৃদ্ধি মাত্র লক্ষ্য করা যায়। পশ্চিমবঙ্গের পঞ্চম পরিকল্পনার অনুমিত বরাদ্দ ১,২৪৭ কোটি টাকার মধ্যে উন্নয়নমূলক বিনিয়োগে বিরাট বৃদ্ধি সূচিত হয়। যদিও ভারতের অন্যান্য অংশের মত পশ্চিমবঙ্গ বার্ষিক পরিকল্পনা নিয়ে কাজ শুরু করেছিল তবু কার্যত পরিকল্পনা মুলতবি থাকে নি—কেন না এ ক্ষেত্রে অতীতের কৃতিত্বের সঙ্গে তুলনায় প্রতিটি বার্ষিক পরিকল্পনায় বিনিয়োগে উল্লেখযোগ্য বৃদ্ধি হয়েছিল।

১৯৭০-৭১-এ পরিকল্পনা বরাদ্দ ছিল ৫৪.০৮ কোটি টাকা; ১৯৭১-৭২-এ পরিকল্পনা বরাদ্দ ছিল ৬৬.৪৯ কোটি টাকা; ১৯৭২-৭৩ সালে পরিকল্পনা বরাদ্দ ছিল ৮৯.৬৮ কোটি টাকা; ১৯৭৩-৭৪ সালে পরিকল্পনা বরাদ্দ ছিল ১০৭.৪২ কোটি টাকা; ১৯৭৪-৭৫ সালে পরিকল্পনা বরাদ্দ ছিল ১৪৯.৭২ কোটি টাকা; ১৯৭৫-৭৬ সালে পরিকল্পনা বরাদ্দ ছিল

১৮২.২৩ কোটি টাকা ; ১৯৭৬-৭৭ সালে সংশোধিত হিসাব অনুসারে পরিকল্পনা বরাদ্দ ২৪৫.৪২ কোটি টাকা হবার সম্ভাবনা ; ১৯৭৭-৭৮ সালের জন্য বাজেট পরিকল্পনা বরাদ্দ ধরা হয়েছে ৩১০.৮০ কোটি টাকা।

[1-10—1-20 p.m.]

১৯৭৬-৭৭ ও ১৯৭৭-৭৮ সালে উন্নয়ন পরিকল্পে বিরাট বরাদ্দ ঃ

১৯৭৬-৭৭ সালে পরিকল্পনা পরিকল্প, কেন্দ্রীয় উদ্যোগের পরিকল্প, কেন্দ্রীয় ক্ষেত্রের পরিকল্প প্রভৃতি সহ উন্নয়ন পরিকল্পগুলিতে মোট বরাদ্দের পরিমাণ হবে ২৯৭ কোটি ৩২ লক্ষ টাকা। ১৯৭৭-৭৮-এ সকল উন্নয়ন পরিকল্পে মোট বরাদ্দের পরিমাণ হবে ৩৬৮.৩৮ কোটি টাকা এবং এই পরিমাণ পশ্চিমবঙ্গের চতুর্থ পরিকল্পনার ৩৬৩ কোটি টাকা বরাদ্দের চেয়ে অনেক বেশি।

রাজ্য কর্তৃক বিরাট সম্পদ সমাবেশ করায় পঞ্চম পরিকল্পনার বিশাল বরাদ্দ সম্ভব হয়েছে ঃ

১৯৭৪-৭৫ ও ১৯৭৫-৭৬ সালে রাজ্য পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সহায়তা ৪৫ কোটি টাকায় নির্দিষ্ট রাখা হয়েছিল এবং চতুর্থ পরিকল্পনার শেষ বছর ১৯৭৩-৭৪ সালে ৯০ কোটি টাকা বাজেটভুক্ত পরিকল্পনা বরাদ্দে কেন্দ্রীয় সহায়তা ছিল এই একই পরিমাণ। যদিও পঞ্চম পরিকল্পনার প্রথম বছরে ১৯৭৪-৭৫ সালে কেন্দ্রীয় সহায়তা ৪৫ কোটি টাকাতেই সীমাবদ্ধ রাখা হয়েছিল তবু রাজ্য সরকার সম্পূর্ণ নিজ উদ্যোগে বিরাট সম্পদ সমাবেশ ক'রে পরিকল্পনা বরাদ্দ ১৪৯.৭২ কোটি টাকায় বাড়াতে পেরেছিলেন। ১৯৭৫-৭৬ সালেও কেন্দ্রীয় সহায়তা ঐ একই ৪৫ কোটি টাকা থেকে গিয়েছিল। তবু রাজ্য সরকার স্বীয় উদ্যোগে অতিরিক্ত সম্পদ সমাবেশ ক'রে পরিকল্পনার বরাদ্দ বাড়িয়ে ১৮২.২৩ কোটি টাকা করতে পেরেছিলেন।

১৯৭৬-৭৭ সালে যদিও কেন্দ্রীয় সহায়তা প্রান্তীয়ভাবে ১০ শতাংশ বাড়িয়ে ৪৯.৪৩ কোটি টাকা করা হয়েছে রাজ্য সরকার নিজের উদ্যোগে অতিরিক্ত সম্পদ সমাবেশ ক'রে সংশোধিত পরিকল্পনা বরাদ্দের পরিমাণ ২৪৫.৪২ কোটি টাকা করতে পেরেছেন। ১৯৭৭-৭৮-এর জন্য কেন্দ্রীয় সহায়তা বাড়িয়ে ৭৭.৪০ কোটি টাকা করা হয়েছে, গত বছরের তুলনায় বৃদ্ধির পরিমাণ ২৭.৯৭ কোটি টাকা। কিন্তু আমরা ১৯৭৭-৭৮-এর জন্য ৩১০.৮০ কোটি টাকার পরিকল্পনা বরাদ্দের বাজেট ধরেছি; এর অর্থ হ'ল ১৯৭৬-৭৭ সালের বাজেটকৃত পরিকল্পনা বরাদ্দ ২৩২.১৪ কোটি টাকার চেয়ে ৭৮.৬৬ কোটি টাকা বৃদ্ধি। পর পর পঞ্চম পরিকল্পনা বরাদ্দের বছরগুলিতে এই বিরাট উন্নয়ন ব্যয় বৃদ্ধি সম্ভব হয়েছে রাজ্য কর্তৃক বিশাল সম্পদ সমাবেশের ফলে।

তৃতীয় পরিকল্পনা বরাদ্দের ৩০৫ কোটি টাকার মধ্যে কেন্দ্রীয় সহায়তা ছিল ১৫৫.৯২ কোটি টাকা (পরিকল্পনার ৫১.২ শতাংশ)। পশ্চিমবঙ্গের চতুর্থ পরিকল্পনার আয়তন ছিল ৩৬৩ কোটি টাকা এবং এর মধ্যে কেন্দ্রীয় সহায়তার পরিমাণ ছিল ২২২.৫৭ কোটি টাকা (পরিকল্পনার ৬১.৪ শতাংশ)। যোজনা কমিশন পঞ্চম পরিকল্পনার জন্য সাময়িকভাবে যে মূল্যায়ন করেছেন তাতে দেখা যায় যে অনুমিত পরিকল্পনা বরাদ্দ ১,২৪৭ কোটি টাকার মধ্যে রাজ্য সম্পদ থেকে পাওয়া যাবে ৯০২ কোটি টাকা। যদি ধরে নেওয়া হয় বাকি ৩৪৫ কোটি

টাকা (১,২৪৭ কোটি টাকা—৯০২ কোটি টাকা=৩৪৫ কোটি টাকা) হবে কেন্দ্রীয় সহায়তা তাহলেও পঞ্চম পরিকল্পনা বরাদ্দে রাজ্য সম্পদের পরিমাণ হবে ৭২.৩ শতাংশ।

রাজ্য সরকার ইতিমধ্যে যে অতিরিক্ত কর আদায়ের ব্যবস্থা করেছেন তা থেকে পঞ্চম পরিকল্পনার জন্য ৩২১ কোটি টাকা পাওয়ার সম্ভাবনা। যোজনা কমিশন এক্ষেত্রে যে ১৫০ কোটি টাকার লক্ষ্য স্থির করেছিলেন এ অঙ্ক তার চেয়ে অনেক বেশি।

আনুমানিক হিসাব ঃ

আমি এখন চলতি বছরের সংশোধিত আনুমানিক হিসাব এবং ১৯৭৭-৭৮-এর বাজেট বরাদ্দ আলোচনা করব। বাজেট-সংক্রান্ত কাগজপত্রে চলতি বছর ও আগামী বছরে আনুমানিক হিসাবের খুঁটিনাটি দেওয়া হয়েছে এবং হিসাবে অদল-বদলের কারণ নির্দেশ করা হয়েছে।

রাজস্ব আদায় ঃ

চলতি বছরের হিসাবে মোট রাজস্ব আদায়ের পরিমাণ ৬৩৮ ৮০ কোটি টাকা। মূল বাজেটে অর্থের পরিমাণ ছিল ৫৯৬.২৩ কোটি টাকা। বৃদ্ধি প্রধানত হয়েছে অধিকতর রাজ্যকর আদায়ের দরুন এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বৃহত্তর পরিমাণে সহায়ক অনুদান প্রাপ্তির দরুন।

রাজস্ব খাতে ব্যয় ঃ

বাজেট বরাদ্দের ৫৬৯·৮৬ কোটি টাকার স্থলে মোট সংশোধিত রাজস্ব ব্যয়ের আনুমানিক পরিমাণ হ'ল ৬১৩·৮১ কোটি টাকা। ত্রাণব্যবস্থা, চলতি বছরের পরিকল্পনা ব্যয় এবং জাতিগঠনমূলক অপর কতগুলি কাজে অধিকতর পরিমাণ অর্থব্যয়ই মুখ্যত এই বৃদ্ধির কারণ।

ঋণখাত ঃ

বাজেট বরাদ্দের ১২৬·২১ কোটি টাকার স্থলে চলতি বছরে সংশোধিত হিসাবে কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্ত ঋণের পরিমাণ ১৫১·৮১ কোটি টাকা।

মূলধনী ব্যয় ঃ

চলতি বছরে সংশোধিত হিসাবে মূলধনী ব্যয়বরাদ্দের পরিমাণ ৮৩·৭৪ কোটি টাকা।

১৯৭৬-৭৭-এ ত্রাণখাতে ব্যয়-বরাদ্দ ঃ

ত্রাণখাতে ৬·৩৫ কোটি টাকার বাজেট বরাদ্দের স্থলে সংশোধিত বরাদ্দের পরিমাণ ১২·৩০ কোটি টাকা। কাজের সুযোগ যখন কম থাকে সেই মাসগুলিতে গ্রামাঞ্চলের লোকদের কাজের ব্যবস্থার জন্য অধিকতর টেস্ট রিলিফের ব্যবস্থা করতে হয়েছিল এবং গরিব, অক্ষম ও পঙ্গুদের জন্য খয়রাতি সাহায্যের জন্য অধিকতর পরিমাণ অর্থব্যয় করতে হয়েছিল।

১৯৭৬-৭৭-এর নীট ফল ঃ

১৯৭৬-৭৭ সাল ২·৯২ কোটি টাকার উদ্বৃত্তসহ শেষ হবে ব'লে বাজেট বরাদ্দে উল্লেখ করা হয়েছিল। কিন্তু ১৯৭৫-৭৬-এ কতিপয় ক্ষেত্রে অধিকতর ব্যয় ও অপর কতকগুলি কারণে

৬৯'০৮ লক্ষ টাকার উদ্বৃত্ত তহবিলের স্থলে ১৯৭৬-৭৭ সালটি ৭'২৭ কোটি টাকার ঘাটতি তহবিল নিয়ে আরম্ভ হয়েছিল। সুতরাং ১৯৭৬-৭৭ সালটি ৬'৯৪ কোটি টাকার ঘাটতিসহ শেষ হবে ব'লে আশা করা যাচ্ছে।

১৯৭৭-৭৮-এ রাজস্ব আদায় ঃ

চলতি বছরের সংশোধিত হিসাবের ৬৩৮'৮০ কোটি টাকার স্থলে ১৯৭৭-৭৮-এর বাজেট বরাদ্দে মোট রাজস্ব আদায়ের পরিমাণ ৭২৬'৩০ কোটি টাকা। মোট বৃদ্ধির পরিমাণ ৮৭'৫০ কোটি টাকা। রাজ্যকর খাতে অধিকতর আদায়ই মুখ্যত এর কারণ।

রাজস্ব ব্যয় ঃ

চলতি বছরের সংশোধিত বরাদ্দের ৬১৩'৮১ কোটি টাকার স্থলে ১৯৭৭-৭৮-এর বাজেটে রাজস্ব খাতে ব্যয়বরাদ্দের পরিমাণ ৬৮৩'৩৯ কোটি টাকা। কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, কেন্দ্র প্রযোজিত এবং কেন্দ্রীয় ক্ষেত্রের পরিকল্পগুলির এবং অন্য কতকগুলি পরিকল্পনা পরিকল্পে অনুমিত অধিকতর ব্যয়ের দরুনই মুখ্যত এই বৃদ্ধি।

মূলধনী ব্যয় ঃ

চলতি বছরের সংশোধিত হিসাবে ৮৩'৭৪ কোটি টাকার স্থলে ১৯৭৭-৭৮-এর বাজেট বরাদ্দে মূলধন খাতে মোট বরাদ্দ ৯৭'৪৪ কোটি টাকা। পরিকল্পনা ব্যয় এবং অপর কতকগুলি উন্নয়ন পরিকল্পের অধিকতর বরাদ্দ মুখ্যত এই বৃদ্ধির কারণ।

ঋণ ও অন্যান্য খাত ঃ

১৯৭৭-৭৮-এ কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্য ঋণের আনুমানিক পরিমাণ ১৫৯'২৩ কোটি টাকা। ১৯৭২-৭৩-এর পূর্ববর্তী কয়েকটি বছরে রাজ্য সরকারের আর্থিক অবস্থা বকেয়া ঋণ ও সুদ পুরো শোধ ক'রে দেওয়ার মতো যথেষ্ট মজবুত ছিল না। ১৯৭৩-৭৪ সালের মধ্যে রাজ্য সরকারের আর্থিক অবস্থার ক্রমান্বয়ে উন্নতির ফলে কেন্দ্রীয় ঋণ ও সুদ বাবদ ১৩০ কোটি টাকার মোট বকেয়া প্রাপ্য পুরো পরিশোধ করতে রাজ্য সরকার সমর্থ হন। রাজ্য সরকারের আর্থিক অবস্থার উন্নতি বজায় থাকায় কেন্দ্রীয় ঋণ ও সুদ বাবদ এর পরের সকল প্রাপ্যও আমরা মেটাতে সক্ষম হয়েছি। আমরা শোধ করেছি ১৯৭৪-৭৫-এ ৭৯'৭৫ কোটি টাকা এবং ১৯৭৫-৭৬-এ ৯৪'১৯ কোটি টাকা। ১৯৭৬-৭৭-এ ঐ বাবদে আমাদের পরিশোধের পরিমাণ হবে ১০৭'৫৮ কোটি টাকা এবং ১৯৭৭-৭৮-এ ১০৭'৪৪ কোটি টাকা।

বিগত অর্থকমিশনের সুপারিশের ভিত্তিতে ভারতীয় সংবিধানের ২৭৫ ধারা অনুসারে পশ্চিমবঙ্গের প্রাপ্তব্য অতিরিক্ত সহায়ক অনুদান ঃ

ভারতীয় সংবিধানের ২৭৫(১) ধারা অনুযায়ী বিগত অর্থকমিশন পশ্চিমবঙ্গসহ কয়েকটি রাজ্যে রাজস্ব ক্ষেত্রে সহায়ক অনুদান প্রদানের সুপারিশ করেন। রাজ্যের ক্ষেত্রে সহায়ক অনুদান নির্ধারণের সময়ে পঞ্চম পরিকল্পনাকালে নতুন ঋণ গ্রহণ ও ঋণদানের দরুন রাজ্যের মোট সুদের দায় কমিশন হিসাবে ধরেন নি। কমিশন সুপারিশ করেন যে, এ বাবদে মোট সুদের দায় হিসাব করতে হবে এবং রাজ্যগুলির সহায়ক অনুদান উপযুক্তভাবে সংশোধন করতে হবে। ভারত সরকার এবং সংসদও অর্থকমিশনের এই সুপারিশ গ্রহণ করেন। তদনুসারে

অর্থমন্ত্রক রাজ্য সরকারগুলিকে নির্দেশিত পদ্ধতি অনুযায়ী নিজ নিজ দাবি দাখিল করতে বলেন। সংবিধানের ২৭৫ ধারানুযায়ী আমরা অতিরিক্ত সহায়ক অনুদানের জন্য আমাদের দাবি দাখিল করছি। আমরা যে দাবি পেশ করেছি তদনুসারে আমরা এই বাবদে যথেষ্ট পরিমাণ সহায়ক অনুদান পাওয়ার অধিকারী। আধিকারিক পর্যায়ে কিছু আলোচনা হয়েছে, কিন্তু চলতি বছরে অতিরিক্ত সহায়ক অনুদান পাওয়া যাবে কিনা জানা যায়নি। চলতি বছরে যদি তা না পাওয়া যায় তবে ১৯৭৭-৭৮-এ যথেষ্ট পরিমাণ অতিরিক্ত সহায়ক অনুদান পাওয়া যাবে।

অর্থমন্ত্রক কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুযায়ী আমরা যা পেতে পারি তা অনেক বেশি হলেও আমাদের দাবিকে কোনপ্রকার প্রভাবিত না ক'রে আমরা ১৯৭৭-৭৮ সালে এ বাবদে বাজেটে ১৯ কোটি ৬০ লক্ষ টাকার কম পাব না ব'লে ধরে নিচ্ছি। নীট সুদের দায় হিসাবে সংবিধানের ২৭৫ ধারানুযায়ী অতিরিক্ত সহায়ক অনুদান বাবদ ১৯৭৭-৭৮-এ আমাদের ১৯ কোটি ৬০ লক্ষ টাকার অনেক বেশি পাওয়ারই সম্ভাবনা।

নীট ফল, ১৯৭৭-৭৮

উদ্বৃত্ত বাজেট :

১৯৭৭-৭৮ সাল ৪·০১ কোটি টাকার উদ্বৃত্ত নিয়ে শেষ হবে। আমরা পর পর তিন বছর উদ্বৃত্ত বাজেট করতে পেরেছি। এটা সম্ভবপর হয়েছে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক পরিস্থিতিতে অব্যাহত উন্নতির ফলে। ১৯৭৫-৭৬ সালের পূর্বে শেষ যে বছর পশ্চিমবঙ্গ বাজেটে ২১·৫ লক্ষ টাকার উদ্বৃত্ত ছিল সেটা ছিল ১৯৬২-৬৩ সালে ডাঃ বিধানচন্দ্র রায় কর্তৃক পেশ করা বাজেটে। পরবর্তী বাজেটগুলিতে অনেক ঘাটতি দেখা গিয়েছিল। ১৯৭৭-৭৮ সালে পরিকল্পনা বরাদ্দ ৩১০·৮০ কোটি টাকায় বিশেষ পরিমাণে বৃদ্ধি করার পর রাজ্য সরকার উদ্বৃত্ত বাজেট করতে পেরেছেন। এর মধ্যে রাজ্যের অর্থনীতি সুস্থভাবে পরিচালনার পরিচয় পাওয়া যায়।

উদ্বৃত্তের বণ্টন :

আমরা ৪·০১ কোটি টাকার উদ্বৃত্ত নিম্নলিখিত কল্যাণমূলক ব্যবস্থাদির জন্য ব্যয় করার প্রস্তাব করি এবং তার দরুন চূড়ান্ত বিশ্লেষণে এই বাজেটকে সুষম বাজেট ব'লে ধরা উচিত।

১৯৭৭-৭৮ সালে ১ কোটি ২৩ লক্ষ টাকা খেলাধূলার জন্য বরাদ্দ করা ছাড়াও আমরা জলাগুলির বিভিন্ন শহর ও গ্রামীণ এলাকায় খেলাধূলার জন্য অতিরিক্ত ৫০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করি।

বাস্তুজমির জন্য ১ কোটি ২৪ লক্ষ টাকা বরাদ্দ করা ছাড়াও জেলাগুলিতে যেসব গৃহহীন ব্যক্তি বাস্তুজমি পেয়েছেন, তাঁদের গৃহনির্মাণের জন্য ১ কোটি ৫০ লক্ষ টাকার অতিরিক্ত বরাদ্দ করার প্রস্তাব করি।

আমরা পশ্চিমবঙ্গে গ্রামীণ সড়কগুলির জন্য অতিরিক্ত ১ কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব করি।

সি এম ডি এ বহির্ভূত এলাকায় পৌর শহরগুলিতে সড়কের জন্যও ৫০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব আমাদের আছে।

ভূমিহীন শ্রমিকদের জন্য ৫০ লক্ষ টাকা ব্যয় করার প্রস্তাব আমরা করি।

নতুন কর প্রস্তাব নেই :

আমরা উদ্বৃত্ত বাজেট করেছি বলে ১৯৭৭-৭৮ সালে আমাদের নতুন কোন কর প্রস্তাব নেই।

করত্রাণ :

কয়েকটি করের ক্ষেত্রে সুবিধাদানের প্রস্তাব আমাদের আছে। ভূমিরাজস্ব এবং সেচ-করেও কিছু সুবিধা দেবার প্রস্তাব আছে। এ বিষয়ে বিস্তারিত বিবরণ পরে ঘোষণা করা হবে।

রেকর্ড পরিমাণ স্বল্পসঞ্চয় সংগ্রহ :

পঞ্চম পরিকল্পনায় বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগে রাজ্য সরকার যেসব গুরুত্বপূর্ণ ক্ষেত্র থেকে সম্পদ সংগ্রহ করেছেন স্বল্পসঞ্চয় সংগ্রহ তার অন্যতম।

১৯৭২-৭৩ থেকে ১৯৭৫-৭৬ পর্যন্ত ক্রমান্বয়ে চার বছর দেশে সব রাজ্যগুলির মধ্যে সর্বাধিক মোট সংগ্রহের অনন্য গৌরব পশ্চিমবঙ্গের। এরাজ্যে ১৯৭১-৭২-এ মোট স্বল্পসঞ্চয় সংগ্রহের পরিমাণ ছিল প্রায় ৩৪·২৮ কোটি টাকা। এই অঙ্ক বেড়ে ১৯৭২-৭৩-এ হয় প্রায় ৬১ কোটি টাকা, ১৯৭৩-৭৪-এ প্রায় ৮১ কোটি টাকা এবং ১৯৭৪-৭৫-এ ৮৮·৪২ কোটি টাকা। ১৯৭৫-৭৬-এ ৭৩·১৮ কোটি টাকার মত কিছু কম সংগ্রহ নিয়েও মোট স্বল্পসঞ্চয় সংগ্রহের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ভারতের রাজ্যগুলির মধ্যে প্রথম স্থান অধিকার করেছিল।

চলতি বছরের সেপ্টেম্বর পর্যন্ত এরাজ্যে সংগ্রহের পরিমাণ ২৫·৮০ কোটি টাকা; গত বছর এই সময়ে সংগ্রহের পরিমাণ ছিল ২২·৭৩ কোটি টাকা।

স্বল্পসঞ্চয় সংগ্রহ বৃদ্ধির উদ্দেশ্যে ব্যাপক ও নিবিড় উভয়ভাবেই এক বিশেষ অভিযান চালানো হয়েছিল। রাজ্য পরিকল্পনায় জনগণের অবদান এবং এতে তাঁদের সংযুক্তিই বস্তুত স্বল্পসঞ্চয়ের মাধ্যমে অভিব্যক্তি হয়। এই আন্দোলনে জনগণকে সামিল করার জন্য গ্রামাঞ্চলে স্বল্পসঞ্চয় বিষয়ে আলোচনাচক্র, প্রদর্শনী, যাত্রা, চলচ্চিত্র প্রদর্শনী প্রভৃতির আয়োজন করা হচ্ছে। স্বল্পসঞ্চয় সংগ্রহে তাঁদের অবদানের জন্য এই আন্দোলনের সঙ্গে জড়িত সরকারী ও বেসরকারী ব্যক্তিদের পুরস্কৃত করা হয়। গ্রামাঞ্চলে বহুসংখ্যক আদর্শ সঞ্চয়গ্রাম গঠন করা হয়। বিভিন্ন কারখানা ও প্রতিষ্ঠানে কর্মী ও মাসিক বেতনভোগী কর্মচারীদের পে-রোল সঞ্চয় গোষ্ঠীর অন্তর্ভুক্ত করা হয়। বিদ্যালয় সঞ্চয় ব্যাঙ্ক বা সঞ্চয়িকার মাধ্যমে ছাত্রদের সংঘবদ্ধ করা হচ্ছে; এখানে তারা নিজেরাই কাউণ্টারে কাজও করছে এবং অর্থও জমা দিচ্ছে। দৈনিক সংবাদপত্র, রেডিও, জেলার সাময়িকপত্র প্রভৃতির মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা হয়।

যে তিনটি জেলা সর্বাধিক সংগ্রহ করে তাকে রাজ্য সরকার নগদ পুরস্কার দেন। ঐ জেলার অনুমোদিত পরিকল্পনা পরিকল্পের অতিরিক্ত স্থানীয় উন্নয়ন খাতে এই অর্থব্যয় হয়। এখন প্রথম পুরস্কারের পরিমাণ ৫ লক্ষ টাকা, দ্বিতীয় পুরস্কারের পরিমাণ ৪ লক্ষ টাকা এবং তৃতীয় পুরস্কারের পরিমাণ·৩ লক্ষ টাকা। প্রতি ক্ষেত্রে একটি করে রানিং রাজ্য ট্রফিও দেওয়া হয়। রাজ্যে স্বল্পসঞ্চয় আন্দোলনের এজেণ্টগণকে প্রচলিত কমিশন ছাড়া নগদ পুরস্কার দেওয়া হয়।

এখন ৫০০'র অধিক সঞ্চয়িকা বা বিদ্যালয় সঞ্চয় ব্যাঙ্কে আমাদের কিঞ্চিদধিক ৭৬,০০০ ছাত্র-সদস্য আছে। বিভিন্ন অফিস ও সংস্থায় প্রায় ১,৭৯,০০০ কর্মচারী পে-রোল সঞ্চয় গোষ্ঠীর সদস্য আছেন। আমাদের অতীত অভিজ্ঞতায় দেখা গেছে যে, এঁরা যদি বৃহৎ সংখ্যায় স্বল্পসঞ্চয় পরিকল্পকে সার্থক করতে এগিয়ে আসেন তবে আমরা জনগণের জন্য উন্নয়নব্যয় তাৎপর্য-পূর্ণভাবে বৃদ্ধি করতে সক্ষম হব। আমরা আশা করি যে ভবিষ্যতেও স্বল্পসঞ্চয় আন্দোলনে জনগণের অবদান যথেষ্ট বৃদ্ধি পাবে। ফলে আমরা জনগণের উপকারার্থে ক্রমান্বয়ে বৃহৎ থেকে বৃহত্তর পরিকল্পনা রচনা করতে পারব।

অধিকতর বিক্রয়কর সংগ্রহ এবং কর সংগ্রহ প্রচেষ্টা ঃ

বর্তমান সরকারের অধীনে সাম্প্রতিক অতীতে বিক্রয়করের তাৎপর্যপূর্ণ বৃদ্ধি হওয়ায় উন্নয়নব্যয়ে বিনিয়োগ বৃদ্ধিতে রাজ্য সরকার সক্ষম হয়েছেন।

১৯৭১-৭২ সালে যখন বর্তমান সরকার আমাদের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে গঠিত হয় তখন বিক্রয়কর সংগ্রহের পরিমাণ ছিল ৭৪·১৮ কোটি টাকা। ১৯৭৪-৭৫ সালে এই অর্থ বৃদ্ধি পেয়ে ১২৫·০৭ কোটি টাকা হয় এবং ১৯৭৫-৭৬-এ হয় ১৫৯ কোটি টাকা। ১৯৭৬-৭৭ (সংশোধিত) বছরে সংগ্রহের পরিমাণ ধরা হয়েছে আনুমানিক ১৮৩ কোটি টাকা এবং ১৯৭৭-৭৮-এর বাজেটে ২০১·২৯ কোটি টাকা। অতিরিক্ত কর প্রচেষ্টা এবং তার সঙ্গে কর ফাঁকি রোধে কঠোর প্রশাসনিক ব্যবস্থার ফলে বিক্রয়কর সংগ্রহে এই বিপুল বৃদ্ধি সম্ভব হয়েছে।

অনুসন্ধানের গতিবেগ যথেষ্ট বৃদ্ধি করা হয়েছিল এবং ১৯৭২-এর ১লা এপ্রিল থেকে ১৯৭৬-এর ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত সময়ে মোট ১,০১২টি অভিযান ও দলিলপত্র আটকের ঘটনা ঘটে। ১,০৬৫টি ক্ষেত্রে অনুসন্ধানের কাজও সমাপ্ত হয়। প্রশাসনিক সংগঠন জোরদার করারও ব্যবস্থা হয়েছে এবং কর নির্ধারণ, আপিল, সংশোধন ও অন্যান্য কাজের দ্রুত ফয়সালার জন্য পশ্চিমবঙ্গ বিক্রয়কর ট্রাইবুনালও গঠন করা হয়েছিল। বিশেষ ক'রে ক্ষুদ্র উৎপাদকের করযোগ্য আয় নির্ধারণের ক্ষেত্রে নতুন ক্ষুদ্রশিল্পসংস্থার সুবিধার্থে কতকগুলি ক্ষেত্রে বিক্রয়কর থেকে অব্যাহতি দানের ব্যবস্থা করা হয়েছে। এই রাজ্যে শিল্পে উৎসাহদানের জন্য টেলিভিশন সেট ও মোটর স্কুটারের উপর কর হ্রাস করা হয়েছে ও সারচার্জ তুলে দেওয়া হয়েছে। শিলিগুড়িতে চায়ের নিলাম বিক্রিকেও অব্যাহতি দেওয়া হয়েছে।

১৯৭৬-এর ১লা মার্চ থেকে সবরকম সঙ্গীতানুষ্ঠান, নাচ, ব্যালে, ম্যাজিক, মূকাভিনয়, নৃত্যনাট্য ও পুতুলনাচকে রাজ্য সরকার প্রমোদকর প্রদানের দায়িত্ব থেকে অব্যাহতি দিয়েছেন। তবে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্যাবারে নাচ প্রদর্শিত হ'লে এই অব্যাহতি পাওয়া যাবে না। ঐ একই তারিখ থেকে সার্কাসকে এবং ঘোড়দৌড় ছাড়া সবরকম ক্রীড়ানুষ্ঠানকেও রাজ্য সরকার প্রমোদকর প্রদানের দায়িত্ব থেকে অব্যাহতি দিয়েছেন।

[1-20—1-30 p.m.]

১৯৭৬-৭৭ সালে ১৯৭৬-এর ১লা এপ্রিল থেকে পশ্চিমবঙ্গ শহরাঞ্চল ভূমি করাধান আইন চালু করা হয়। এই আইনে অন্যান্যের মধ্যে আইনে নির্দিষ্ট ধারামতে তৈরী জমির উপর নির্দিষ্ট হারে শহরাঞ্চলীয় জমির কর ধার্যের এবং বিভিন্ন শহরাঞ্চলে ধরে রাখা জমির উপরে কর ধার্য্যের ব্যবস্থা আছে।

অত্যাবশ্যক দ্রব্যসামগ্রীর মূল্য কমানোর ব্যবস্থা অব্যাহত রাখা, সুবিন্যস্ত উৎপাদন, অত্যাবশ্যক দ্রব্যসামগ্রী সংগ্রহ বণ্টন, সরকারী ব্যয়ের ক্ষেত্রে কঠোর মিতব্যয়িতা :

পশ্চিমবঙ্গের সর্বত্র বিধিবদ্ধ ও সংশোধিত এই উভয় প্রকার রেশনের দোকান ছড়িয়ে আছে।

১৯৭৫-এর ৩১শে জুলাই রাজ্যের বিধিবদ্ধ রেশন এলাকার বহির্ভূত অঞ্চলে হোস্টেল-গুলিতে অবস্থানরত ছাত্রদের অত্যাবশ্যক পণ্য সরবরাহের আদেশ জারী হয় এবং ১৯৭৫-এর ১লা আগস্ট থেকে এই কর্মসূচি অনুযায়ী কাজ শুরু হয়। এতে প্রচলিত বিধিবদ্ধ রেশনের হারে চাল, গম ও চিনি বণ্টনের ব্যবস্থা আছে।

পশ্চিমবঙ্গ রাজ্য পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিমিটেড ফেডারেশন নিয়ন্ত্রিত মূল্যে বস্ত্র বণ্টন করেন। এই সংস্থা পাইকারী ক্রেতা সমবায় সমিতিগুলিকে ঐ বস্ত্র দিয়ে থাকেন এবং এদের কাছ থেকে আবার পর্যায়ক্রমে সরকার নিযুক্ত এবং সরকার থেকে লাইসেন্সপ্রাপ্ত খুচরা বিক্রেতারা ঐ কাপড় পেয়ে থাকেন।

পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ কর্পোরেশন লিমিটেডের কাজকর্ম সম্প্রসারিত করতে হবে।

সরকারী ব্যয়ের ক্ষেত্রে মিতব্যয়িতার জন্য পুংখানুপুংখ নির্দেশ দেওয়া হয়েছে।

কৃষিজমির সর্বোচ্চ সীমার রূপায়ণ এবং উদ্বৃত্ত জমির দ্রুততর বণ্টন ও ভূমি-সংক্রান্ত রেকর্ড সংকলন :

জমির ঊর্ধ্বসীমা-সংক্রান্ত আইন যেসব রাজ্যে সর্বপ্রথম চালু হয় পশ্চিমবঙ্গ সেগুলির অন্যতম। ১৯৭৬-এর ২০শে নভেম্বর পর্যন্ত জমির ঊর্ধ্বসীমা-সংক্রান্ত আইন প্রয়োগের ফলে রাজ্যে মোট ১০,৪৭,০৯৮ একর কৃষিজমি সরকারে বর্তায়। এর মধ্যে নিম্নলিখিতভাবে ৬,৬৯,১২৯ একর জমি বণ্টন করা হয়।

		একর
(ক) কৃষির উদ্দেশ্যে ভূমিহীন কৃষক ও ক্ষুদ্র রায়তদের মধ্যে	—	৬,১৬,৬৫২
(খ) বাসগৃহ নির্মাণের উদ্দেশ্যে ভূমিহীন ব্যক্তিদের মধ্যে	—	৮,৬০০
(গ) বিভিন্ন পরিকল্প রূপায়ণের জন্য বিভিন্ন বিভাগকে	—	৪৩,৮৭৭
	মোট —	৬,৬৯,১২৯

আদালতের নিষেধাজ্ঞার দরুন ১,৬১,৯০৪ একর জমির দখল নেওয়া যায়নি বা তা বণ্টন করা যায়নি। ১,২৯,৬৫০ একর জমি বণ্টনের উপযুক্ত নয় বলে বণ্টন করা যায়নি। বাকি জমি বণ্টনের জন্য অধিগ্রহণের পর্যায়ে আছে। ১৯৭৫-এর জুলাই থেকে ১৯৭৬-এর নভেম্বর পর্যন্ত অগ্রগতির খতিয়ান নিম্নরূপ :

	একর
(ক) ভূমিহীন ও ক্ষুদ্র চাষীদের মধ্যে বণ্টিত সরকারে ন্যস্ত কৃষিজমি—	১,৪৩,৭৩৩
(খ) বাসগৃহ নির্মাণের জন্য বণ্টিত সরকারে ন্যস্ত (কৃষি ও অকৃষি জমি) —	১২,৫৭৬
মোট —	১,৫৬,৩০৯

১৯৭৬-এর নভেম্বর পর্যন্ত কৃষির উদ্দেশ্যে বণ্টিত কৃষিজমি যাঁরা পেয়েছেন তাঁদের সংখ্যা নিম্নরূপ :

(ক) তফশীলী সম্প্রদায়	---	---	৩৪৮,৫৬৬
(খ) তফশীলী আদিবাসী	---	---	১৮৮,২১৪
(গ) মুসলমান	---	---	১৬১,৫২৪
(ঘ) অন্যান্য	---	---	২৬৫,০০৪
মোট	---	---	৯৬৩,৩০৮

ভূমিহীন ও দুর্বলতর শ্রেণীর লোকেদের জন্য বাসগৃহ নির্মাণের জমিদান ব্যবস্থার অগ্রগতি :

আগে বাসগৃহ নির্মাণের জন্য জমি বণ্টনের সংখ্যা ছিল ১৬,৪০৭ ; ১৯৭৬-এর নভেম্বর পর্যন্ত ঐ সংখ্যা বৃদ্ধি পেয়ে ৩ লক্ষ হয়। ১৯৭৭-এর ১লা জানুয়ারী পর্যন্ত বণ্টিত জমির বিবরণ নিম্নরূপ :

				একর
সরকারের বর্তানো জমি	---	---	---	১৫,০৫৯
অধিগৃহীত জমি	---	---	---	৭৯৮
অন্যান্য বিভাগীয় জমি (ত্রাণ ও পুনর্বাসন বিভাগ)	---	---		৪·৩০

১৯৭৬-এর ডিসেম্বরের শেষ পর্যন্ত নির্মিত/নির্মীয়মান কুটিরের সংখ্যা ৩০,৪৮৮। সুবিধাপ্রাপ্ত ব্যক্তিদের কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের গ্রামীণ গৃহনির্মাণ শাখা থেকে এবং টেস্ট রিলিফের কাজ থেকে ৫০০ টাকা সরকারী সাহায্য নিয়ে গৃহনির্মাণ করতে বলা হয়েছিল। উপকৃত তফশীলী সম্প্রদায় ও তফশীলী আদিবাসীদের সংখ্যা হ'ল যথাক্রমে ১,২৮,৮১৩ এবং ৪৭,৫৮৫।

গ্রামীণ ঋণ মকুবের পরিকল্পনা, ভূমিহীন মজুর, ক্ষুদ্র কৃষক ও কারিগরদের কাছ থেকে ঋণের অর্থ আদায় সাময়িক স্থগিত আইন :

পশ্চিমবঙ্গ গ্রামীণ ঋণত্রাণ আইন, ১৯৭৫-এর বিধানানুসারে গ্রামীণ ঋণ সমস্যার মোকাবিলা করা হয়েছে। এই আইনে কৃষিমজুর, ক্ষুদ্র চাষী ও কারিগর এবং প্রান্তিক চাষীর কাছ থেকে ব্যক্তিগত ঋণদাতার ঋণ আদায় সাময়িকভাবে স্থগিত রাখার বাধ্যবাধকতা আরোপ করা হয়েছিল। ১৯৭৫-এর ১৬ই অক্টোবর থেকে দু'বছরের জন্য এই স্থগিত ব্যবস্থা কার্যকর থাকবে। পশ্চিমবঙ্গ গ্রামীণ ঋণত্রাণ আইন, ১৯৭৫, নামে অপর একটি আইন পাশ করা হয়েছে। এই আইনে ব্যক্তিগত ঋণের পরিমাণ কমিয়ে দেওয়া হয়েছে এবং কোন কোন ক্ষেত্রে ঋণগ্রহীতার পক্ষে সম্পূর্ণ অব্যাহতি দানের বিধান রয়েছে। পশ্চিমবঙ্গে এই আইন ১৯৭৭-এর ১৭ই জানয়ারী থেকে বলবৎ হয়েছে।

সর্বনিম্ন কৃষিমজুরী আইন পর্যালোচনা :

পশ্চিমবঙ্গে কৃষিমজুরকে দেয় সর্বনিম্ন মজুরীর হার সংশোধন করা হলেও হাইকোর্টে উক্ত মজুরী সংশোধন সম্পর্কিত বিজ্ঞপ্তিটি চ্যালেঞ্জ করা হয়েছে। বুঝিয়ে-সুঝিয়ে কৃষিমজুরদের

সর্বনিম্ন মজুরী একটা বিশেষ স্তরে প্রদানের নিশ্চিত ব্যবস্থা করার চেষ্টা হচ্ছে। সর্বনিম্ন মজুরী চালু করার ব্যবস্থা জোরদার করা হয়েছে এবং সরকার এ পর্যন্ত সহকারী শ্রমকমিশনারের ৩০টি পদ, পরিদর্শকের ৩৩৫টি পদ, পিওন তথা প্রসেস সার্ভারদের ৩৩৫টি পদ এবং আরদালির ৩০টি পদ সৃষ্টি করেছেন।

সেচের জন্য ভূনিম্নস্থ জল ব্যবহারের জাতীয় কর্মসূচীর অধীনে আরও ৫০ লক্ষ হেক্টর জমি আনা হবে ঃ

পঞ্চম পরিকল্পনার শেষ চার বছরে (১৯৭৫-৭৬ থেকে ১৯৭৮-৭৯) সেচবিভাগ কর্তৃক বড় ও মাঝারি সেচপ্রকল্পের মাধ্যমে ঋত জমিতে সেচের সুবিধার ব্যবস্থা করতে হবে, কেন্দ্রীয় সরকার তার সীমা বেঁধে দিয়েছে ২ লক্ষ ১২ হাজার হেক্টরে। অবশ্য উপরিউক্ত লক্ষ্যপূর্তির উদ্দেশ্যে ঐ বিভাগ প্রায় ২ লক্ষ ২৩ হাজার হেক্টরে লক্ষ্য নির্দিষ্ট করেছেন। ১৯৭৫-৭৬ ও ১৯৭৬-৭৭-এ সেচবিভাগ ১ লক্ষ ১৬ হাজার ১৯০ হেক্টরের লক্ষ্যে ইতিমধ্যেই উপনীত হয়েছেন। পঞ্চম পরিকল্পনার বাকি দু'বছরে বাকি ১ লক্ষ ৬ হাজার ৮১০ হেক্টরের কাজ শেষ হবে।

ত্বরান্বিত বিদ্যুৎ কর্মসূচী ঃ

ইতিপূর্বে উল্লেখ করা হয়েছে যে, আমাদের রাজ্য পরিকল্পনায় বিদ্যুতের ক্ষেত্রে অতি উচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ, কলকাতা বিদ্যুৎ সরবরাহ কর্পোরেশন, দুর্গাপুর প্রজেক্টস লিমিটেড ও দামোদর উপত্যকা কর্পোরেশন এই চারটি আন্তঃ-সম্পর্কিত সংস্থায় বিদ্যুৎ প্রাপ্তিতে ১৯৭৬-এ সাধারণভাবে উন্নতি হয়েছে। ৫৪০ মেগাওয়াট গড় সর্বোচ্চ সান্ধ্য চাহিদাসহ বৃহত্তর কলকাতার বিদ্যুতের চাহিদা মেটানো সম্ভব হয়েছে। বিদ্যুতের অবস্থার উন্নতির সঙ্গে সঙ্গে সপ্তাহের প্রত্যেক দিন কাজ করার জন্য সুতো কলগুলিকে অনুমতি দেওয়া হয়েছে এবং পাট ও সুতো কলের ক্ষেত্রে বিদ্যুৎ ব্যবহারে ১৫ শতাংশ বিদ্যুৎ ছাঁটাই প্রত্যাহার করে নেওয়া হয়েছে। অন্যান্য হাই টেনশন শিল্প ইউনিটকে পূর্বের পাঁচ দিনের স্থলে সপ্তাহে ছয় দিন কাজ করার অনুমতি দেওয়া হয়েছে। ছাপাখানা ও আটা চাকির উপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার হয়েছে।

হস্তচালিত তাঁতক্ষেত্রে নতুন অগ্রগতি ঃ

পশ্চিমবঙ্গে বর্তমানে ১,৯৮,৫৮৫টি হস্তচালিত তাঁত আছে। এর মধ্যে ৬৮,৫৫৪টি ১,১৮০টি সমবায় সমিতির অধীনে ছিল। এ সময়ে নিষ্ক্রিয় সমিতির সংখ্যা ছিল ৫১১। গত জুলাই থেকে প্রায় ৬,০৫০টি তাঁত সমন্বিত ২৪২টি সমবায় সমিতি গঠিত হয়েছে। এদের মধ্যে অনেকগুলিই রেজিষ্ট্রীভুক্ত হয়েছে। ৬০ শতাংশ ব্যাপ্তির লক্ষ্যে উপনীত হতে হ'লে ১,০৪০টি নতুন সমিতি গঠন করতে হবে। পঞ্চম পরিকল্পনা শেষ হওয়ার পূর্বে আরও ৮৪৪টি সমিতি সংগঠিত করতে হবে।

নিষ্ক্রিয় সমিতিগুলির অন্তত ৫০ শতাংশের পুনরুজ্জীবন এবং দুর্বলতরগুলির পুনর্গঠনের জন্যও আমরা একটি কর্মসূচি প্রণয়ন করেছি। আলোচ্য সময়ে আমরা ১০৩টি নিষ্ক্রিয় সমিতির পুনরুজ্জীবনে সমর্থ হয়েছি। ব্যাঙ্ক ঋণের অতিরিক্ত ১.৮৫ কোটি টাকা আনুমানিক ব্যয়ে ভারত সরকার একটি নিবিড় উন্নয়ন প্রকল্প মঞ্জুর করেছেন।

সুতো সরবরাহে ঘাটতি মেটানোর জন্য হস্তচালিত তাঁতকেন্দ্রগুলিতে ব্যাঙ্ক ঋণ প্রদানে উৎসাহ দেওয়ার উদ্দেশ্যে রাজ্য সরকার সবরকম চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

শহরাঞ্চলের বা শহরাঞ্চলীয় হওয়ার যোগ্য জমির সমাজতন্ত্রীকরণ ঃ

১৯৭৬-এর ১৭ই ফেব্রুয়ারী থেকে এরাজ্যে নতুন শহরাঞ্চলীয় সর্বোচ্চ সীমা আইন কার্যকর হয়েছে। এই আইন দ্রুত এবং উপযুক্তভাবে রূপায়ণের জন্য প্রচারসহ সবরকম আবশ্যক ব্যবস্থাই গ্রহণ করা হয়েছে। এর ফলে শহরাঞ্চলীয় এবং শহরাঞ্চলীয় হবার উপযুক্ত জমির সমাজতন্ত্রীকরণ হবে।

শিল্পে শ্রমিকদের সহযোগিতার নতুন কর্মসূচি ঃ

১১৫টি ক্ষেত্রে পরিচালনায় শ্রমিকদের অংশগ্রহণ কর্মসূচি চালু হয়েছে। এর মধ্যে ৭৭টি বেসরকারী ক্ষেত্র এবং ৩৮টি সরকারী ক্ষেত্র। ২৮০টি ক্ষেত্রে এই কর্মসূচি প্রয়োগযোগ্য। সরকার বাকি ক্ষেত্রগুলিতে এই কর্মসূচি প্রবর্তনের জন্য সবরকম প্রচেষ্টা চালাচ্ছেন।

সড়ক পরিবহনে জাতীয় পারমিট কর্মসূচি ঃ

পশ্চিমবঙ্গে এই কর্মসূচি চালু হয়েছে। ইতিমধ্যে ২ ০টি জাতীয় পারমিট বিলি হয়েছে। এ সম্পর্কিত কাজ চলছে।

হোষ্টেলে ছাত্রদের নিয়ন্ত্রিত মূল্যে অত্যাবশ্যক পণ্য সরবরাহ ঃ

নিয়ন্ত্রিত মূল্যে বিধিবদ্ধ রেশন এলাকার বাইরে হোস্টেলগুলিতে ছাত্রদের চাল, গম, চিনি ও কেরোসিন তেল সরবরাহের ব্যবস্থা হয়েছে। পাইকারী ক্রেতা সমবায় ভাণ্ডারগুলির মাধ্যমে বিশ্ববিদ্যালয় ও কলেজ সংলগ্ন হোস্টেলে সকল ছাত্রকে পাইকারী হারে অন্যান্য অত্যাবশ্যক পণ্য সরবরাহের ব্যবস্থাও হয়েছে।

ন্যায্যমূল্যে ছাত্রদের বই ও খাতাপত্র সরবরাহের জন্য মাধ্যমিক বিদ্যালয়ে ৩০৫টি সমবায় ভাণ্ডার খোলা হয়েছে।

নিয়ন্ত্রিত মূল্যে বই ও খাতাপত্র সরবরাহ ঃ

এ পর্যন্ত কলেজগুলিতে ১৫৫টি বই ব্যাঙ্ক স্থাপন করা হয়েছে। জুনিয়ার হাইস্কুল এবং জুনিয়ার মাদ্রাসায় গত দুই আর্থিক বছরে ১৬০টি বই ব্যাঙ্কের অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে ১৫২টি ইতিমধ্যেই স্থাপিত হয়েছে। চলতি বছরে জুনিয়ার হাইস্কুল এবং জুনিয়ার মাদ্রাসায় ২৫০টি বই ব্যাঙ্ক মঞ্জুর করা হয়েছে। সকল সরকারী ইঞ্জিনীয়ারিং কলেজ, টেকনলজিক্যাল কলেজে এবং পলিটেকনিকে বই ব্যাঙ্কের মঞ্জুরি দেওয়া হয়েছে।

পাইকারী ক্রেতা সমবায় ভাণ্ডার এবং ব্যবসায়ীদের মাধ্যমে হ্রাস মূল্যে স্কুল-কলেজের ছাত্রদের খাতা ও ফুলস্কেপ কাগজও সরবরাহ করা হয়। রাজ্য পর্যায় কমিটির অধীনে একটি মূল্য নির্ধারণ সাবকমিটিও আছে। প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের পাঠ্যবই বিনামূল্যে সরবরাহ করা হয়।

বিশেষ করে দুর্বলতর শ্রেণীর জন্য কর্মসংস্থান ও প্রশিক্ষণের সুবিধা বৃদ্ধির উদ্দেশ্যে নতুন শিক্ষানবিশী পরিকল্পনা ঃ

শিক্ষানবিশী আইন অনুসারে বর্তমান শূন্যপদগুলি পূরণের জন্য বিশেষ প্রচেষ্টা চালানো হয়। ১৯৭৬-এর ৩১ ডিসেম্বর তারিখে শিক্ষানবিশীর পরিসংখ্যান নিচে দেওয়া হ'ল ঃ—

(ক) ৩০-এ সেপ্টেম্বর ১৯৭৬ পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণের পদের সংখ্যা	১০,৬৮৭
(খ) নিযুক্ত শিক্ষানবিশের সংখ্যা	৮,২৪৮
(গ) তফশিলী সম্প্রদায়ভুক্ত শিক্ষানবিশের সংখ্যা	৮০২
(ঘ) তফশিলী আদিবাসী শিক্ষানবিশের সংখ্যা	১৬৯
(ঙ) সংখ্যালঘু শিক্ষানবিশের সংখ্যা	৩৮১
(চ) মহিলা শিক্ষানবিশের সংখ্যা	৩২
(ছ) দৈহিক অক্ষমতাগ্রস্ত শিক্ষানবিশের সংখ্যা	৭

শিক্ষানবিশী প্রশিক্ষণ কর্মসূচিতে পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে লক্ষ্যমাত্রা স্থির হয়েছে ১৩,০০০ সংখ্যক প্রশিক্ষণ গ্রহণের পদ।

ভূমিসংস্কার ঃ

সরকার ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইন অনুসারে পুরুলিয়া ও ইসলামপুর বাদে রাজ্যের সর্বত্র নতুন করে জমি বন্দোবস্ত সংশোধনের কাজ হাতে নিয়েছেন। পুরুলিয়া ও ইসলামপুরে পশ্চিমবঙ্গ জমিদারী অধিগ্রহণ আইন, ১৯৫৩ অনুসারে ঐরূপ জমি বন্দোবস্তের কাজ এখন সমাপ্তির পর্যায়ে। জমি বন্দোবস্ত সংশোধনের পরিকল্পনা কর্মসংস্থানকেন্দ্রিক। কারণ এই ব্যবস্থায় বিভিন্ন শ্রেণীর ১১,০০০-এরও বেশি ব্যক্তি কাজ পেয়েছেন।

[1-30—1-40 p.m.]

জমি বন্দোবস্ত সংশোধনের কাজের সঙ্গে সঙ্গে বর্গাদারদের নথিভুক্ত করার কাজও চলছে। ১৯৭৬-এর নভেম্বর মাসের শেষ পর্যন্ত ১২,৮০৯টি মৌজায় ২,৪৪,৩৭০ জন বর্গাদারকে নথিভুক্ত করা হয়।

পুরুলিয়া জেলায় ও পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর মহকুমায় বিশেষ কেন্দ্রীয় সহায়তায় আদিবাসী জনসাধারণের ভূমি লেখ্য সর্বাধুনিক করার জন্য একটি আদিবাসী উপ-পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। এই উপ-পরিকল্পনা ১৯৭৬-এর এপ্রিল মাসে শুরু হয়। ১৯৭৬ সালের নভেম্বরের শেষ পর্যন্ত পুরুলিয়া জেলায় ৩৪,২৩৭ জন আদিবাসী রায়তকে তালিকাভুক্ত করা হয়; আর ইসলামপুরে ১৯৭৬-এর অক্টোবর মাসের শেষ পর্যন্ত নিবন্ধভুক্ত করা হয়েছে ৩১২ জন আদিবাসী রায়তকে।

এক-একটা জমিখণ্ডে আলাদা আলাদাভাবে সমীক্ষা চালিয়ে পশ্চিমবঙ্গে কৃষি পরিসংখ্যান সংগ্রহের একটি পরিকল্পনা বর্তমানে এই সরকারের রাজস্ব পর্ষদ ও কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগ যুক্তভাবে রূপায়িত করছেন।

১৯৭৬-এর ৩০ নভেম্বর পর্যন্ত প্রাক্তন মধ্যস্বত্বভোগীদের নগদ ও বণ্ড-এ প্রায় ৬৫·২৮ কোটি টাকা দেওয়া হয়েছে।

কৃষিঃ

জাতীয় আয়ের ৫০ শতাংশ আসে কৃষি থেকে। গ্রামাঞ্চলে বসবাসকারী জনসাধারণের ৭০ শতাংশই কৃষি ও আনুষঙ্গিক ক্ষেত্রগুলির উপর নির্ভরশীল।

স্বনির্ভরতা ও দারিদ্র্য দূরীকরণে আমাদের সাফল্য অনেকটা নির্ভর করবে ভারতমুক্ত উৎপাদনের দ্বারা দৃঢ় কৃষিভিত্তি গড়ে তোলার উপরে। কৃষিক্ষেত্রে সাফল্যলাভ করা গেলে মুদ্রাস্ফীতি রোধ করা, অর্থনীতিকে স্থিতিশীল করা এবং উন্নয়নের গতি দ্রুততর করা সম্ভব হবে। কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির ফলে অর্থনীতির অন্যান্য ক্ষেত্রের বিকাশও ত্বরান্বিত হবে। কৃষিকে বহুমুখী করে এবং বিজ্ঞানসম্মতভাবে ভূমি ও জলের সদ্ব্যবহার ও আধুনিক প্রযুক্তির সাহায্যে ফলন বাড়িয়ে শস্যোৎপাদনে বৃদ্ধি ও স্থায়িত্ব আনয়ন করা কৃষি-উন্নয়নের প্রধান লক্ষ্য।

১৯৭৬-৭৭ সালে উচ্চফলনশীল জাতের আউশ ও আমন ধানচাষের এলাকা ছিল ৯·৫২ লক্ষ হেক্টর (সাময়িক)। চলতি বছরের গমচাষের এলাকা ১৪ লক্ষ একর হবে। ১৯৭৬-৭৭ সালে ডালের উৎপাদন ৪·২০ লক্ষ মেট্রিক টন, তৈলবীজের উৎপাদন ৮০,০০০ মেট্রিক টন এবং আলুর উৎপাদন ১৬ লক্ষ মেট্রিক টন হবে ব'লে অনুমান করা হচ্ছে। ১৯৭৭-৭৮ সালের জন্য ডালসহ মোট খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ৯৪ লক্ষ মেট্রিক টন ধার্য করা হয়েছে।

১৯৭৪-৭৫ সালে আমন ধানচাষের মোট এলাকার ১০ শতাংশে উচ্চফলনশীল জাতের ধানচাষ হ'ত; এই শতকরা হার বৃদ্ধি ক'রে ১৯৭৬-৭৭ সালে করা হয়েছে ১৮ শতাংশ। ১৯৭৭-৭৮ সালের জন্য এই ব্যাপারে লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩০ শতাংশ।

এ পর্যন্ত ২,৩৩২টি গভীর নলকূপ বসানো হয়েছে এবং সমস্ত গভীর নলকূপ থেকে জলসরবরাহ ব্যবস্থা চালু করার কাজ ১৯৭৭-৭৮ সালের মধ্যেই সম্পূর্ণ হয়ে যাবে। ২,২৩২টি গভীর নলকূপকে বিদ্যুৎ-চালিত করা হয়েছে যার ফলে ১ ৪৬,৫০০ হেক্টর জমিতে জল দেওয়া যাচ্ছে। ১৯৭৭-৭৮ সালে ক্ষুদ্রসেচ কর্পোরেশন কর্তৃক ১০০টি গভীর নলকূপ খনন ও ৫০টি গভীর নলকূপকে বিদ্যুৎ-চালিত করার কর্মসূচি রয়েছে। এই কর্পোরেশন ১৯৭৬-৭৭ সালে ইতিমধ্যেই নিবিড় উন্নয়ন এলাকা প্রকল্পের অধীন ছয়টি প্রকল্প জেলায় ১০০টি গভীর নলকূপ এবং নিবিড় উন্নয়ন এলাকা ও সার্বিক এলাকা উন্নয়নের বহির্ভূত অঞ্চলে ২৮টি গভীর নলকূপ খনন করেছেন। নিবিড় উন্নয়ন এলাকা প্রকল্পের অধীনে কৃষিজীবিগোষ্ঠীর পক্ষে এই কর্পোরেশন ৭০টি গভীর নলকূপ খনন করবে। ১৯৭৫-৭৬ সালের শেষ পর্যন্ত নদী থেকে জলোত্তোলন প্রথার মাধ্যমে ২,৩১৯টি সেচপ্রকল্প বসানো হয়েছে এবং এগুলির মধ্যে ৭১১টিতে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে। ১৯৭৬-৭৭ সালে আরও ১১০টি নদী থেকে জলোত্তোলনের পাম্প বসানো এবং ১৬৬টিতে বিদ্যুৎ সংযোগ করার কর্মসূচি হাতে রয়েছে। নদী থেকে জলোত্তোলনের মাধ্যমে সেচ পরিকল্পে ১,৭১,৪০০ হেক্টর জমিতে জলসেচ করা যাবে।

সরকারী মালিকানায় এ পর্যন্ত ৩,৩৬৯টি অগভীর নলকূপ খনন করা হয়েছে, যার মধ্যে ৩,০৩৭টি বিদ্যুৎ সংযোগ করা হয়েছে। এই অগভীর নলকূপগুলি থেকে ১৫,০০০ হেক্টর জমিতে সেচের জল দেওয়া যাবে।

রাজ্য বীজ খামার, জাতীয় বীজ কর্পোরেশন, তরাই উন্নয়ন কর্পোরেশন এবং অনুমোদিত বীজ বিক্রেতাগণ এই রাজ্যের কৃষকদের উন্নত জাতের বীজ সরবরাহ করে থাকেন। যাতে ভাল

জাতের বীজ পাওয়া যায় সেজন্য টালীগঞ্জ, বর্ধমান ও মালদহে তিনটি বীজ পরীক্ষা ও সার্টিফিকেট প্রদানের লেবরেটরি স্থাপন করা হয়েছে।

চলতি আর্থিক বছরে রাসায়নিক সারের কোন অভাব ঘটেনি। বর্তমানে বর্ধমানে একটি এবং টালীগঞ্জে আর একটি, এই মোট দু'টি মাটি পরীক্ষার লেবরেটরি আছে। রাজ্য সরকার মেদিনীপুর, মালদহ ও কালিম্পং-এ একটি ক'রে মোট আরও তিনটি মাটি পরীক্ষার লেবরেটরি স্থাপন করছেন।

১৯৭৭-৭৮-এ মুর্শিদাবাদ ও কোচবিহার জেলায় আরও অন্তত দু'টি নতুন মাটি পরীক্ষার লেবরেটরি স্থাপনের প্রস্তাব আছে। আমাদের লক্ষ্য হ'ল পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে প্রতি জেলায় অন্তত একটি ক'রে এইরূপ লেবরেটরি স্থাপন করা।

চলতি আর্থিক বছরে উদ্ভিদ রক্ষাকার্যের লক্ষ্যমাত্রা ৪৬·৯৪ লক্ষ হেক্টর। ১৯৭৫-৭৬ সালে এই কর্মসূচি নেওয়া হয়েছিল আনুমানিক ২৩·০১ লক্ষ হেক্টর এলাকায়।

বিভিন্ন কৃষিপণ্যের পাইকারী ব্যবসার জন্য এ পর্যন্ত ৩৪টি বাজার নিয়ন্ত্রণে আনা হয়েছে এবং এর প্রতিটি বাজার কমিটি দ্বারা চালিত হচ্ছে। ১৯৭৭-৭৮ সালে যতগুলি সম্ভব বাজারের জন্য আনুষঙ্গিক কাজকর্ম হাতে নেওয়ার চেষ্টা করা হবে। একটি রাজ্য বিপণন পর্ষদ গঠিত হয়েছে।

প্রত্যেক জেলায় অন্তত ৫০ হাজার ক'রে মোট নয়টি জেলায় ক্ষুদ্র ও প্রান্তিক চাষী ও ক্ষেত-মজুরদের অর্থনৈতিক অবস্থার উন্নতির উদ্দেশ্যে ক্ষুদ্র চাষী উন্নয়ন এজেন্সী বা এস এফ ডি এ কর্মসূচি চালু আছে। এস এফ ডি এ জেলাগুলিতে এ পর্যন্ত মোট ৩,০২,১৫৬ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং ক্ষেতমজুরদের এই কর্মসূচির জন্য চিহ্নিত করা হয়েছে এবং এই কর্মসূচিতে উপকৃত হয়েছেন ১,০৩,২৩৩ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং ক্ষেতমজুর। উপকৃতদের মধ্যে প্রায় ৩৯,৬৯৫ জন তফশিলী সম্প্রদায়ভুক্ত ও ৪,৮৩৬ জন তফশিলী আদিবাসী।

সমগ্র পুরুলিয়া জেলায় বাঁকড়া জেলার কিছু অংশে ও মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় খরাপ্রবণ এলাকা কর্মসূচি চালু আছে।

পঞ্চম পরিকল্পনাকালে এই রাজ্যে তিনটি সেচের আওতাধীন এলাকা উন্নয়ন কর্তৃপক্ষ স্থাপন করা হয়েছে। এগুলি হ'ল কংসাবতী, ময়ূরাক্ষী ও ডি ভি সি এলাকাসমূহের জন্য।

সার্বিক এলাকা উন্নয়ন কর্মসূচি বা সি এ ডি পি'র অধীনে প্রত্যেকটি ব্লকের ১০,০০০ একর এলাকা নিয়ে ২০টি ব্লকে এরূপ ২০টি প্রকল্প এ পর্যন্ত বিজ্ঞাপিত করা হয়েছে। রাজ্য সরকার ১৯৭৬-এর নভেম্বর পর্যন্ত এই উন্নয়ন কর্পোরেশনকে ২·২৭ কোটি টাকার সহায়ক অনুদান মঞ্জুর করেছেন। ১৯৭৬-এর নভেম্বর পর্যন্ত অগ্রগতির প্রতিবেদনে দেখা যায় যে, ১৪৫টি গভীর নলকূপ ও ১,২৭০টি অগভীর নলকূপ খনন করা হয়েছে এবং ৪৫টি সার্ভিস সেন্টার খোলা হয়েছে।

সেচ ঃ

কৃষিকে নিবিড় ও বহুমুখী করার পক্ষে সেচ একটি অতি প্রয়োজনীয় উপকরণ।

১৯৭৭-৭৮ সালের বার্ষিক পরিকল্পনায় সেচ পরিকল্পসমূহের জন্য মোট ৩১·৮৯ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। এর মধ্যে ১২·১৯ কোটি টাকা ধরা হয়েছে বন্যা নিয়ন্ত্রণ

খাতে এবং ১·২৮ কোটি টাকা ধরা হয়েছে সেচদপ্তরের ক্ষুদ্রসেচ, মৃত্তিকা সংরক্ষণ প্রভৃতি কর্মসূচির জন্য। এই প্রস্তাবিত বিনিয়োগ থেকে ৫৭·৯৯ হাজার হেক্টর জমিতে সেচের সুবিধা এবং ১ লক্ষ ২০ হাজার হেক্টর জমিতে বন্যা নিয়ন্ত্রণ ও জলনিকাশ-সংক্রান্ত সুবিধা পাওয়া যাবে।

আনুমানিক ৬৯·৭২ কোটি টাকা ব্যয়ে বহু প্রতীক্ষিত তিস্তা ব্যারেজ প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। এই পরিকল্প সম্পূর্ণ হ'লে পশ্চিম দিনাজপুর ও মালদহ জেলার ৯·৩৮ লক্ষ একর পরিমিত বিরাট এলাকায় এবং তাছাড়া জলপাইগুড়ি জেলারও কিছু এলাকায় সেচের সুবিধা দেওয়া যাবে। ১৯৭৭-৭৮ সালে এই পরিকল্পের জন্য প্রস্তাবিত বিনিয়োগ ধরা হয়েছে ৫ কোটি টাকা।

ময়ূরাক্ষী খালের জন্য ১৯৭৭-৭৮ সালে প্রস্তাবিত পরিকল্পনাধীন বিনিয়োগ হ'ল ৫০ লক্ষ টাকা এবং দামোদর ভ্যালী খালসমূহের জন্য ৪৫ লক্ষ টাকা।

কংসাবতী প্রকল্পের কাজ পঞ্চম পরিকল্পনার শেষ নাগাদ শেষ হয়ে যাবে বলে আশা করা যায়।

1-40—1-50 p.m.]

পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে পুরুলিয়া জেলায় মোট ৬২·৭৫ হাজার একর জমিতে সেচের সুবিধা সৃষ্টি করা যাবে।

বীরভূম জেলায় হিংলু সেচ পরিকল্পের কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে।

জলপ্রবাহ থেকে সেচ পরিকল্পে ১৯৭৬-৭৭ সালে খরিফ, রবি ও বোরো চাষের ব্যবস্থা সহ ২৩·৪৪ লক্ষ একরে সেচের সুবিধা দেওয়া যাবে, আর ১৯৭৭-৭৮ সালের জন্য এই খাতে লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ২৪·৮৭ লক্ষ একর।

১৯৭৬-৭৭ সালে অগ্রাধিকারপ্রাপ্ত পাঁচটি বন্যানিয়ন্ত্রণ পরিকল্পের কাজ চলে। এর মধ্যে জলপাইগুড়ি শহর রক্ষার জন্য করলা খাত পরিবর্তন পরিকল্প, মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর, রাতুয়া ও খরবা অঞ্চলগুলি রক্ষার জন্য মহানন্দা বাঁধ পরিকল্প, ২৪-পরগণা জেলায় মগরাহাট জলনিকাশী পরিকল্প এবং মেদিনীপুর জেলায় দুবদা বেসিন জলনিকাশী পরিকল্পের কাজ এখন অনেকটা শেষ হয়েছে। নিম্ন-দামোদর উন্নয়ন পরিকল্পের কাজ এখন পর্যন্ত যতটা হয়েছে তাতে নিম্ন-হাওড়া এলাকা বন্যার হাত থেকে রক্ষা পাবে।

দার্জিলিং জেলার পার্বত্য এলাকায় সুরক্ষামূলক দুইটি প্রকল্পসহ পার্বত্য এলাকায় ক্ষুদ্র সেচ পরিকল্পগুলির প্রতি বিশেষ লক্ষ্য রেখে সেখানকার উন্নয়ন পরিকল্পগুলি রূপায়ণের জন্য বিশেষ সহায়তার ব্যবস্থা করা হচ্ছে।

যদি মোট উপকৃত জমির ৫০ শতাংশ কেবল আদিবাসীদের হয় তাহলে তফশিলী সম্প্রদায় ও আদিবাসী কল্যাণ বিভাগও আদিবাসী উপ-পরিকল্পনার অধীনে সেচ পরিকল্প রূপায়ণের জন্য অনুরূপ বিশেষ সহায়তা দেবেন।

পশুপালন ও পশুচিকিৎসা ঃ

পশুপালন উন্নয়নকে দৃঢ়ভিত্তিক বহুমুখী কৃষি ও গ্রামীণ অর্থনীতির অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে গণ্য করা হয়। মিশ্র খামার ব্যবস্থায় ভূমি, শ্রম ও মূলধনের দক্ষ ও অর্থনীতিসম্মত

ব্যবহারের জন্য ফসল উৎপাদন ও পশুপালন ব্যবস্থাকে সুসংবদ্ধ করা হয়েছে। কৃষিকাজের সঙ্গে পশুপালনকে যুক্ত করার ফলে খামারের উপজাত দ্রব্যগুলি আরও পরিপূর্ণভাবে ব্যবহার করা যাবে ও জমির উর্বরতা রক্ষা করা যাবে। তাছাড়া এর ফলে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জন্য সারা বছর কাজের ব্যবস্থা করা যাবে এবং তাদের আয় বৃদ্ধি করা যাবে।

মালদহ, পশ্চিম দিনাজপুর ও কোচবিহার জেলাগুলিকে নিয়ে দুইটি নিবিড় গবাদি পশু উন্নয়ন প্রকল্প রচিত হয়েছে, যার আওতায় রয়েছে ১·৫০ লক্ষ প্রজননক্ষম গাভী। ১৯৭৭-৭৮ সালে বর্ধমান, বীরভূম ও জলপাইগুড়ি জেলা এবং শিলিগুড়ি এলাকাকে নিয়ে মোট আরও দুইটি নিবিড় গবাদি পশু উন্নয়ন প্রকল্প গঠনের প্রস্তাব আছে। মেদিনীপুর জেলায় কেন্দ্রীয় উদ্যোগে বিদেশী জাতের গবাদি পশু প্রজনন খামার স্থাপনের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে।

বর্তমান পশুখাদ্য খামারগুলি ছাড়াও বাঁকুড়া জেলায় ৫০ একর জমি নিয়ে একটি নতুন পশুখাদ খামার স্থাপিত হয়েছে।

বীরভূম জেলার সিউড়িতে এবং বাঁকুড়া জেলার তালডাংরায় দুইটি নতুন রাজ্য হাঁস-মুরগিপালন খামার স্থাপনের জন্য চলতি বছরে ব্যবস্থা নেওয়া হয়েছে। খাদ্যের জন্য মুরগির মাংসের সরবরাহ বৃদ্ধির উদ্দেশ্যে কোচবিহারে ২৫০টি লেয়ার-সমন্বিত ব্লক হাঁস-মুরগিপালন ইউনিট সম্প্রসারিত ক'রে ১ হাজার লেয়ার-সমন্বিত হাঁস-মুরগিপালন খামারে পরিণত করা হচ্ছে। মুরগির মাংসের জন্য আর একটি হাঁস-মুরগিপালন ইউনিট বর্ধমান জেলায় স্থাপন করা যাবে বলে আশা করা যায়।

বর্ধমান ও বীরভূম জেলায় দুইটি নিবিড় হাঁস-মুরগি উৎপাদনভিত্তিক গ্রাম ইতিমধ্যেই গঠন করা হয়েছে।

বারোটি সুসংহত আদিবাসী উন্নয়ন প্রকল্প জেলায় তফশিলী আদিবাসীদের কল্যাণের জন্য পশুপালন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। ১৯৭৬-৭৭ সালে ১,৩০০ পরিবার এই পরিকল্পের দ্বারা উপকৃত হবেন। ঝাড়গ্রাম অঞ্চলে গবাদি পশু উন্নয়ন কর্মসূচির জন্য ছয়টি উপকেন্দ্রসমেত একটি কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র মঞ্জুর করা হয়েছে।

ভারত সরকার ইতিমধ্যেই বাঁকুড়া জেলার জন্য আনুমানিক ৫৭·১০ লক্ষ টাকা ব্যয়ের পশুপালন প্রকল্প অনুমোদন করেছেন। সেই সঙ্গে মেষপালন ও চারণক্ষেত্র উন্নয়নসমেত এক ব্যাপক গবাদি পশু উন্নয়ন কর্মসূচিও গ্রহণ করা হয়েছে। এর ফলে বাঁকুড়া জেলার খরাপ্রবণ এলাকায় জনসাধারণের অর্থনৈতিক অবস্থার উন্নতিসাধন সম্ভব হবে।

দার্জিলিং, পশ্চিম দিনাজপুর, মালদহ, মুর্শিদাবাদ, ২৪-পরগণা, নদীয়া, হুগলী ও বর্ধমান জেলায় সহায়কদানের মাধ্যমে বক্না বাছুরপালন ইউনিট, হাঁস-মুরগিপালন ইউনিট ও শূকরপালন ইউনিট স্থাপনের জন্য ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী ও ক্ষেতমজুরদের জন্য এক বিশেষ পশুপালন কর্মসূচি রচনা করা হয়েছে। এই প্রকল্পের ফলে এই এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং কৃষি শ্রমিকদের জীবনধারণের মান উন্নয়ন সম্ভব হবে।

১৯৭৬-৭৭ সালে ছয়টি পশুচিকিৎসা হাসপাতাল, ২৯টি পশুচিকিৎসা সহায়তা কেন্দ্র, চারটি পশুচিকিৎসার ভ্রাম্যমাণ ক্লিনিক স্থাপিত হয়েছে। পর্যায়ক্রমে প্রত্যেক ব্লকে আরও অতিরিক্ত একজন ক'রে পশুচিকিৎসক নিয়োগ করে গ্রামাঞ্চলে পশুচিকিৎসার সুবিধা বৃদ্ধির

জন্য ব্যবস্থা করা হচ্ছে। এ পর্যন্ত ব্লকগুলির জন্য ১৮০টি অতিরিক্ত পশুচিকিৎসকের পদ সৃষ্টি করা হয়েছে। এরাজ্যের পশুচিকিৎসা কেন্দ্রগুলিতে যথাসময়ে ঔষধ সরবরাহ সুনিশ্চিত করার জন্য কেন্দ্রীয় চিকিৎসা ভাণ্ডারের সাতটি উপ-ভাণ্ডার খোলা হয়েছে।

দোহশালা উন্নয়ন :

বৃহত্তর কলকাতা দুগ্ধ সরবরাহ পরিকল্পে প্রতিদিন ২·১৫ লক্ষ লিটার দুগ্ধ সরবরাহ করা হয়।

হরিণঘাটা দোহশালা ও বেলগাছিয়াস্থিত কেন্দ্রীয় দোহশালার কর্মক্ষমতা সম্প্রসারিত করা হয়েছে এবং আশা করা যায় যে পঞ্চম পরিকল্পনার শেষে বৃহত্তর কলকাতা ও পার্শ্ববর্তী জেলা-গুলিতে জনসাধারণকে প্রতিদিন ৩·৫ লক্ষ লিটার দুধ সরবরাহ করা যাবে।

পঞ্চম পরিকল্পনাকালে বর্ধমানে ২০,০০০ লিটার দুগ্ধ সরবরাহের ক্ষমতা-সমন্বিত একটি এবং কৃষ্ণনগরে ১৫,০০০ লিটার দুগ্ধ সরবরাহের ক্ষমতা-সমন্বিত আর একটি এই মোট দুটি নতুন দোহশালা স্থাপন করা হবে।

মাটিগাড়ায় পাঁচটি দুগ্ধ শীতলীকরণ প্ল্যান্টসহ বহুমুখী দোহশালার নির্মাণকার্য এ বছর শেষ হয়েছে। দোহশালাটির আনুষ্ঠানিক উদ্বোধনও সম্পন্ন হয়েছে। ডানকুনিতে প্রতিদিন ৪ লক্ষ লিটার দুগ্ধ সরবরাহের ক্ষমতাবিশিষ্ট মূল দোহশালা ১৯৭৭-৭৮ সালেই চালু হবে বলে মনে হয়। মুর্শিদাবাদ জেলার বহরমপুরে একটি সুষম পশুখাদ্য প্রস্তুত কারখানার কাজ ১৯৭৭-৭৮ সালে শুরু হবে বলে মনে হয়। দার্জিলিং জেলায় হিমালয়ান কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিমিটেড এবং মুর্শিদাবাদ ও নদীয়া জেলাগুলিকে নিয়ে ভাগীরথী মিল্ক কো-অপারেটিভ প্রডিউসার্স লিমিটেড ইতিমধ্যেই স্থাপিত হয়েছে। এই দুইটি ইউনিয়নের লক্ষ্য হ'ল ১·২৫ লক্ষ প্রজননক্ষম গাভীকে কৃত্রিম গো-প্রজননের আওতায় আনা এবং তাদের জন্য আরও ভাল পশুখাদ্য ও পশুচিকিৎসার ব্যবস্থা করা। চূড়ান্ত লক্ষ্য হ'ল এই ইউনিয়ন দুটির প্রত্যেকটিতে দৈনিক ১ লক্ষ লিটার দুগ্ধোৎপাদন বৃদ্ধি করা।

মৎস্যচাষ :

মাছের বার্ষিক চাহিদা হ'ল প্রায় ৮ লক্ষ টন, আর বর্তমানে উৎপাদনের হার হ'ল বছরে ২·৫ লক্ষ টন। এই সমস্যা সমাধানে আমাদের কর্মকৌশল মূলত উৎপাদনের হার বৃদ্ধি করা ও মৎস্যচাষ ক্ষেত্র সম্প্রসারিত করা। মৎস্যদপ্তর যেসব পরিকল্পে হাতে নিয়েছেন সেগুলির মধ্যে মোটামুটিভাবে আছে অন্তর্দেশীয় মৎস্যচাষ, সমবায় সমিতির মাধ্যমে যন্ত্রচালিত নৌকার সাহায্যে উপকূলবর্তী অঞ্চলে বাণিজ্যিক ভিত্তিতে মৎস্যচাষ, সম্প্রসারণ, শিক্ষা ও প্রশিক্ষণ, লোনা জলে মৎস্যচাষ, গবেষণা ও প্রদর্শন, প্রক্রিয়ণ, সংরক্ষণ ও বিপণন, গভীর সমুদ্রে মৎস্যচাষ, মৎস্যজীবীদের কল্যাণ প্রভৃতি। মিশ্র পোনামাছ চাষের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির ব্যাপারে অগ্রগতি হওয়া গেছে। দেখা গেছে যে, এইভাবে প্রতি হেক্টরে ৬ টন রুই-কাতলা প্রভৃতি বড় পোনামাছ পাওয়া যায়। এইরূপ মিশ্র মৎস্যচাষের জন্য অনেকগুলি প্রদর্শনকেন্দ্রের পরিকল্পনা করা হয়েছে। গত বছর এইরূপ ৯৯টি কেন্দ্র স্থাপিত হয়েছে। এ বছর এই সংখ্যা আরও ২০০টি বাড়ানো হয়েছে এবং আগামী বছর এর সঙ্গে আরও ৩০০টি যোগ করার প্রস্তাব আছে।

গত বছর ২ কোটি মাছের চারা বিলি করা হয়। এ বছরে এই সংখ্যা ৩ কোটি এবং আগামী বছর হবে ৪ কোটি।

আগামী বছর আমরা মেক্সিকো থেকে চারটি মাছ ধরার ট্রলার সংগ্রহ করব। ট্রলারে ধৃত মাছ প্রক্রিয়ণের জন্য আমরা ২৪-পরগণা জেলার বায়চকে যন্ত্র বসাব।

চলতি বছরে আমরা ৪০টি যন্ত্রচালিত নৌকা কিনব এবং আগামী বছরে এইরূপ আরও ৬০টি নৌকা কেনা হবে।

বন ঃ

বন কেবল যে উদ্ভিদ ও প্রাণীর পরিবেশগত অসাম্যই দূর করে তাই নয়, নানা ধরনের কাঠও বন সরবরাহ করে। এই কাঠ অনেক সম্প্রসারণশীল শিল্পে প্রধান কাঁচামাল হিসাবে ব্যবহৃত হয়।

সামাজিক বনসৃজন পরিকল্প অনুসারে চিন্তা করা হচ্ছে যে, বনভূমিকে প্রসারিত ক'রে গ্রামগুলির অভ্যন্তরে নিয়ে যেতে হবে। এর ফলে কৃষিকাজ ও গার্হস্থ্য কাজে ব্যবহারের জন্য জ্বালানি ও প্রয়োজনীয় কাঠের সরবরাহের ব্যাপারে গ্রামের মানুষেরা স্বনির্ভর হতে পারবেন।

কংসাবতী নদীর ঊর্ধ্ব দিকের অঞ্চলে এবং উত্তরবঙ্গের পার্বত্য এলাকায় মৃত্তিকা সংরক্ষণের জন্য বিভিন্ন ব্যবস্থাও গ্রহণ করা হচ্ছে।

পশ্চিমবঙ্গ বন উন্নয়ন কর্পোরেশন বনসম্পদ আহরণের লক্ষ্যের দিকে ক্রমশ এগিয়ে চলেছেন।

আদিবাসীদের বৃহৎ বহুমুখী সমবায় সমিতিগুলিকে শালবীজ, কেন্দুপাতা, শালপাতা, হরীতকী প্রভৃতি ছোটখাট বনজাত দ্রব্য সংগ্রহের ব্যাপারে একচেটিয়া অধিকার দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে।

বন্যপ্রাণী সংরক্ষণের জন্য সরকম চেষ্টা করা হচ্ছে। সুন্দরবনের বাঘ, কুমীর, গণ্ডার প্রভৃতি বিরল জাতের বিপন্ন পশুগুলিকে সংরক্ষণের জন্য বিভিন্ন প্রকল্প কার্যকর করা হচ্ছে।

সমবায় ঃ

উৎপাদনশীলতা বৃদ্ধি এবং গ্রামীণ অর্থনীতিতে কর্মসংস্থান সম্প্রসারণের ব্যাপারে সমবায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ব'লে আশা করা যায়।

১৯৭২ সাল থেকে পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলনের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। আমানতের পরিমাণ ১৯৭২ সালের ১০·৬ কোটি টাকা থেকে বেড়ে ১৯৭৫-৭৬ সালে হয়েছে ২৩·৩ কোটি টাকা।

১৯৭৭-৭৮ সালের জন্য স্বল্পমেয়াদী ও মাঝারি মেয়াদী কৃষিঋণের লক্ষ্যমাত্রা স্থির হয়েছে যথাক্রমে ৮০ কোটি টাকা ও ৮ কোটি টাকা। চলতি বছরে এই লক্ষ্যমাত্রা ছিল যথাক্রমে ৬১ কোটি টাকা ও ৪ কোটি টাকা। চলতি বছরে দীর্ঘমেয়াদী ঋণদানের পরিমাণ ১০ কোটি টাকা হবে বলে অনুমান করা হচ্ছে। সে জায়গায় ১৯৭৭-৭৮ সালের জন্য দীর্ঘ-

মেয়াদী ঋণের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে ২০ কোটি টাকা। ১৯৭৭-৭৮ সালে পণ্য বিক্রয় থেকে ৮০ কোটি টাকা পাওয়া যাবে বলে আশা করা যায়, আর এ বছরে বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ আনুমানিক ৬৭ কোটি টাকা।

১৯৭৭-৭৮ সালে বর্তমানে ২৫৫টি কৃষি-বিপণন সমিতির সঙ্গে আরও ২০টি এইরূপ নতুন কৃষি-বিপণন সমিতি যুক্ত হবে।

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প ঃ

দারিদ্র্য ও বেকারী দূরীকরণের যে বৃহৎ দায়িত্ব রয়েছে তার পরিপ্রেক্ষিতে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের সম্প্রসারণের একটি বিশিষ্ট ভূমিকা রয়েছে।

১৯৭২ সালে যেখানে নিবন্ধভুক্ত ক্ষুদ্রশিল্প ইউনিটের সংখ্যা ছিল ২৯,০০০ তা বেড়ে হয়েছে ৯৪,০০০-এর বেশি। ১৬-দফা কর্মসূচি অনুযায়ী ১৯৭৫ সালের অক্টোবর থেকে ১৯৭৬ সালের সেপ্টেম্বর পর্যন্ত এক বছর সময়ে ২,৯৯৮টি ইউনিট স্থাপিত হয়েছে এবং এগুলিতে প্রায় ১৬,০৬৭ জনের কর্মসংস্থান হয়েছে। ১৯৭৬ সালের অক্টোবর ও নভেম্বর মাসে আরও ২৯৫টি ইউনিট খোলা হয়েছে এবং ঐসব ইউনিটে ১,৫৮৬ জনের কর্মসংস্থান হয়েছে।

প্রান্তিক অর্থ পরিকল্প অনুসারে ২,৮৭৫টি ক্ষুদ্রায়তন শিল্প ইউনিটকে প্রান্তিক অর্থ হিসাবে মোট ১,৫৯,০০,০০০ টাকা দেওয়া হয়েছে। ঐসব ইউনিটে কর্মসংস্থান হবে ১৭,১৮৩ জনের। এই প্রান্তিক অর্থ দেওয়ার ফলে ক্ষুদ্রশিল্প ক্ষেত্রে প্রায় ১৬ কোটি টাকা বিনিয়োগের সহায়তা হবে।

রাজ্য সরকার অনগ্রসর এলাকাসমূহে সহায়ক ক্ষুদ্রশিল্প বিকাশে উৎসাহ সঞ্চারের উদ্দেশ্যে ১৯৭৬ সালে পশ্চিমবঙ্গ রাজ্য সহায়ক ক্ষুদ্রায়তন শিল্পের জন্য উৎসাহদান পরিকল্প নামে একটি নতুন পরিকল্প প্রবর্তন করেছেন।

খিদিরপুর, ট্যাংরা ও কল্যাণীতে শিল্প এস্টেট সম্পূর্ণ হয়ে গিয়েছে। মালদহ ও দুর্গাপুরে বাণিজ্য এস্টেট প্রায় সম্পূর্ণ। রায়গঞ্জ, শিলিগুড়ি, দুর্গাপুর ও খড়্গপুরে শিল্প ও বাণিজ্য এস্টেট নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

শিল্প ও বাণিজ্য ঃ

১৯৭৬ সালে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১৩৩টি শিল্প প্রকল্পের ব্যাপারে অনুমোদন পাওয়া যায়। এর মধ্যে ৬৯টি প্রকল্প পুরোপুরিভাবে রূপায়িত হয়েছে। ১৯৭৬ সালের এপ্রিল থেকে নভেম্বরের মধ্যে ৩১৭টি নতুন কোম্পানী নিবন্ধভুক্ত হয়েছে। ঐসব কোম্পানীর মোট অনুমোদিত মূলধনের পরিমাণ হ'ল ১২৪ কোটি ৪৮ লক্ষ টাকা।

সর্বভারতীয় অর্থপ্রদায়ী সংস্থাসমূহ ১৯৭৫-৭৬ সালে পশ্চিমবঙ্গে শিল্পের জন্য মঞ্জুর করেন ৪৩ কোটি ৭০ লক্ষ টাকা। আগের বছর ঐ রকম মঞ্জুরের পরিমাণ ছিল ২৫ কোটি ৮১ লক্ষ টাকা।

পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন কর্পোরেশন ১৯৭৬ সালের এপ্রিল থেকে ১৯৭৭ সালের জানুয়ারির মাঝামাঝি অবধি ৪ কোটি ৪২ লক্ষ টাকা প্রদান করেছেন। ১৯৭৬ সালের ডিসেম্বরের শেষ পর্যন্ত কর্পোরেশন পশ্চিমবঙ্গ উৎসাহপ্রদান পরিকল্প, ১৯৭১ অনুযায়ী ১১৭টি ইউনিটকে

সহায়তা দিয়েছেন। ঐসব ইউনিটের মধ্যে ৮৪টি অবস্থিত অনগ্রসর জেলায় এবং ৩৫টি ইউনিট ইতিমধ্যে চালু হয়ে গিয়েছে। কর্পোরেশনের যুক্তক্ষেত্রের স্কুটার প্রকল্পে কাজ শুরু হয়েছে ১৯৭৬ সালের ডিসেম্বরে। পশ্চিমবঙ্গ ইলেকট্রনিক্স শিল্পোন্নয়ন কর্পোরেশনের তিনটি যুক্তক্ষেত্রের প্রকল্পে বাণিজ্যিক উৎপাদনের কাজ ১৯৭৭-৭৮ সালে শুরু হয়ে যাবে বলে আশা করা যায়। ইলেকট্রনিক শিল্পোন্নয়ন কর্পোরেশন তারাতলায় একটি শিল্প এস্টেট স্থাপন করবেন।

চলতি আর্থিক বছরের শেষে পশ্চিমবঙ্গ শিল্প মৌল উপকরণ উন্নয়ন কর্পোরেশন হলদিয়া, খড়্গপুর ও কল্যাণীর তিনটি বিকাশকেন্দ্রে প্রায় ৭০০ একর জমি পাবে। ঐ জমির মধ্যে ইতিমধ্যেই ২৭০ একরের উন্নয়ন করা হয়েছে, ২১৯ একর বরাদ্দ করা হয়েছে ১৩টি ইউনিটকে এবং ৩৩০ একরের উন্নয়নসাধন ১৯৭৭-৭৮ সালে হবে বলে আশা করা যায়। হলদিয়া জলসরবরাহ পরিকল্পের প্রথম পর্যায়ের কাজ ১৯৭৭ সালের শেষ নাগাদ সম্পূর্ণ হয়ে যেতে পারে এবং ঐ পরিকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ হাতে নেওয়া হবে ১৯৭৭-৭৮ সালে।

হলদিয়া শহরাঞ্চলীয় শিল্প-সমাবেশের জন্য ১৮৩ একর জমির দখল নেওয়া হয়েছে এবং এই এলাকায় আরও ২৫০ একর পরিমিত জমি নেওয়ার ব্যবস্থা হচ্ছে।

এরাজ্যে কতকগুলি রুগ্ন চা-বাগিচার পুনরুজ্জীবনের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ চা উন্নয়ন কর্পোরেশন গঠিত হয়েছে।

সিঙ্কোনা গাছের চাষ সম্প্রসারণের ব্যাপারে একটি কার্যসূচি নেওয়া হয়েছে। বর্তমানে যেখানে ৪,২৪০ একরে সিঙ্কোনা চাষ হয়, ১৯৭৬-৭৭ সালে সেখানে তা ৪,৭৬৮ একরে করা হচ্ছে। ১৯৭৭-৭৮ সালে সিঙ্কোনা চাষ হবে ৫,৩৮৮ একর জমিতে এবং ১৯৭৮-৭৯ সালে ঐ জমির পরিমাণ দাঁড়াবে ৫,৮৮৮ একর।

কল্যাণীতে ৫৫ একর জমিতে ভেষজ উদ্ভিদ চাষের এক কর্মসূচি নেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যাল ও ফাইটোকেমিক্যাল উন্নয়ন কর্পোরেশনের মাধ্যমে ঐ কাজ হবে।

দার্জিলিঙের পার্বত্য অঞ্চলে এবং উত্তরবঙ্গের তরাই অঞ্চলে ৪০০ একর জমিতে অন্যান্য ভেষজ উদ্ভিদের নিবিড় চাষের জন্য দার্জিলিঙে কেন্দ্রীয় ভারতীয় ভেষজ উদ্ভিদ সংস্থার একটি আঞ্চলিক কেন্দ্র স্থাপন করা হয়েছে।

১৯৭৫-৭৬ সালে পশ্চিমবঙ্গ খনিজ উন্নয়ন ও বাণিজ্য কর্পোরেশন একটি শাখা খুলে খনি-সংক্রান্ত বৃহদাকার পরিকল্পসমূহের কাজ শুরু করে। রক ফসফেট, ডোলোমাইট পাথর প্রভৃতির জন্য মোট বিনিয়োগের পরিমাণ ৫০ লক্ষ টাকা।

বিদ্যুৎ ঃ

নিবিড় কৃষিকর্মসূচি ও শিল্পের দ্রুত প্রসারের ব্যাপারে এবং সেই সঙ্গে ক্ষুদ্রায়তন ও কুটির শিল্পের জন্য বিদ্যুৎ অত্যাবশ্যক। সেকারণ আমাদের রাজ্য পরিকল্পনায় বিদ্যুৎকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে। ১৯৭৬-৭৭ সালে বিদ্যুৎ খাতে বরাদ্দ ছিল ৭২ কোটি টাকা; ১৯৭৭-৭৮ সালের বরাদ্দ ১১০ কোটি টাকা।

সাঁওতালদির ৩ নং ইউনিটটি ১৯৭৭ সালের শেষ নাগাদ এবং ৪ নং ইউনিটটি ১৯৭৮ সালের জুন মাসে চালু হয়ে যাবে বলে আশা করা যায়। ব্যাণ্ডেল সম্প্রসারণ পরিকল্পের পঞ্চম ইউনিট (১×২০০ মেগাওয়াট) চালু হয়ে যাবে ১৯৭৯ সালের আগস্টের মধ্যে। কোলাঘাট

তাপবিদ্যুৎ কেন্দ্রের তিনটি ইউনিটের (৩ × ২০০ মেগাওয়াট) ব্যাপারেও পরিকল্পনা কমিশনের সম্মতি মিলেছে এবং এ সম্পর্কে কাজ ইতিমধ্যে শুরু হয়ে গিয়েছে। ১৯৮০ সাল শেষ হওয়ার আগেই একটি ইউনিট চালু হয়ে যেতে পারে। উত্তরবঙ্গে জলঢাকা দ্বিতীয় পর্যায় (২ × ৪ মেগাওয়াট) এবং রিনচিংটন জলবিদ্যুৎ প্রকল্প (২ × ১ মেগাওয়াট) সংক্রান্ত কাজ এগিয়ে চলেছে এবং যথাক্রমে ১৯৭৯ সালের মার্চ ও ১৯৭৮ সালের মার্চে সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা যায়। শিলিগুড়িতে শীঘ্রই দুটি রুশ ডিজেল সেট বসানো হবে। প্রতিটি সেট ৩·৫ মেগাওয়াটের।

পরিকল্পনা কমিশন সম্প্রতি রম্মম জলবিদ্যুৎ প্রকল্প, দ্বিতীয় পর্যায় (৪ × ১২·৫ মেগাওয়াট) অনুমোদন করেছেন। প্রকল্পটির জন্য ১৯৭৭-৭৮ সালে ২ কোটি ৭০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এই প্রকল্পের কাজ সম্পূর্ণ হ'লে উত্তরবঙ্গের বিদ্যুৎ পরিস্থিতির উন্নয়নে বিশেষ সুবিধা হবে।

গ্রামীণ বিদ্যুতায়নের কর্মসূচি রূপায়ণে বিশেষভাবে নজর দেওয়া হয়েছে। চলতি বছরে ১,০২০টি মৌজায় বৈদ্যুতিকীকরণ হয়েছে এবং ৫,৯০৬টি অগভীর নলকূপ, ২১৪টি গভীর নলকূপ এবং ৫৮টি জলোত্তোলন পাম্পে বিদ্যুৎ সঞ্চার করা হয়েছে। ১৯৭৭-৭৮ সালের পরিকল্পনায় গ্রামীণ বৈদ্যুতিকীকরণের জন্য বরাদ্দ করা হয়েছে ১১ কোটি ৭০ লক্ষ টাকা এবং এর ফলে রাজ্য বিদ্যুৎ পর্ষদের পক্ষে ১,৮০০টি মৌজায় বৈদ্যুতিকীকরণ ও ১০,০০০ পাম্পসেটে বিদ্যুৎ সঞ্চার করা সম্ভব হবে।

সরকারী সংস্থাসমূহ ঃ

দুর্গাপুর প্রজেক্ট লিমিটেডে ১৯৭৪-৭৫ সালে কারবারের পরিমাণ বেড়ে হয়েছে ২৪ কোটি ৩৫ লক্ষ ২৭ হাজার টাকা। ১৯৭১-৭২ সালে ঐ অঙ্ক ছিল ১৩ কোটি ২৫ হাজার টাকা। দুর্গাপুর কেমিক্যালস লিমিটেডও উৎপাদনের পুর বজায় রাখার চেষ্টা করছে।

ওয়েস্টিংহাউস সাকসবি ফারমার লিমিটেড ১৯৭৪-৭৫ সালে ৩ কোটি টাকা মূল্যের দ্রব্য উৎপন্ন করেছে। ১৯৭২-৭৩ সালে এই অঙ্ক ছিল ২ কোটি ১৬ লক্ষ ৩৯ হাজার টাকা।

ইলেকট্রো মেডিক্যাল অ্যাণ্ড অ্যালায়েড ইণ্ডাষ্ট্রীজ লিমিটেডও অনেকটা উন্নতি করেছে। এ্যাগ্রো-ইণ্ডাষ্ট্রীজ কর্পোরেশনের কারবার ১৯৭২-৭৩ সালে যেখানে ছিল ৮ কোটি ৬০ লক্ষ টাকা সেখানে ১৯৭৪-৭৫ সালে তা বেড়ে হয়েছে ১২ কোটি ৯০ লক্ষ টাকা। তাছাড়া ঐ কর্পোরেশনের পক্ষে অতিরিক্ত কর্মসংস্থান কার্যসূচি অনুযায়ী ৩৪২টি এ্যাগ্রো-সার্ভিস কেন্দ্র খোলা হয়েছে।

পশ্চিমবঙ্গ দোহশালা ও হাঁস-মুরগিপালন উন্নয়ন কর্পোরেশনের কারবার ১৯৭২-৭৩ সালের ৯৬ লক্ষ ৬৪ হাজার টাকার জায়গায় ১৯৭৪-৭৫ সালে বেড়ে দাঁড়িয়েছে ২ কোটি ৩৮ লক্ষ ৩৩ হাজার টাকা (সাময়িক হিসাব)। সম্প্রতি কল্যাণীতে এই কর্পোরেশন একটি ফীড মিলিং প্লাণ্ট চালু করেছে এবং তার ফলে এই রাজ্যের হাঁস-মুরগি ও গবাদি পশুর জন্য উৎকৃষ্ট খাদ্যের অভাব অনেকটা মেটানো যাবে।

পশ্চিমবঙ্গ ক্ষুদ্রশিল্প কর্পোরেশনের বার্ষিক লেনদেনের পরিমাণ যেখানে ১৯৭২-৭৩ সালে ছিল ৬ কোটি ২৯ লক্ষ টাকা সেখানে ১৯৭৪-৭৫ সালে তা বেড়ে হয় ১৩ কোটি ২ লক্ষ

টাকা। এই কর্পোরেশন থেকে ১৯৭৪-৭৫ সালে ৪ কোটি ৩০ লক্ষ ৪৫ হাজার টাকার ঋণ মঞ্জুর করা হয়; ১৯৭৩-৭৪ সালে ঐ অঙ্ক ছিল ২ কোটি ২৪ লক্ষ ৯৪ হাজার টাকা।

পশ্চিমবঙ্গ সরকারের দু'টি সেরামিক ইউনিট দেখাশোনার জন্য ১৯৭৬ সালের মার্চে পশ্চিমবঙ্গ সেরামিক উন্নয়ন কর্পোরেশন গঠিত হয়।

বন্ধ ও রুগ্ন শিল্প ঃ

বন্ধ ও রুগ্না শিল্পসংস্থাগুলির পুনরুজ্জীবনের ফলে অর্থনীতিতে উৎপাদন ও কর্মসংস্থানের ব্যাপারে প্রভাব পড়ে। যেসব রুগ্না সংস্থা আবার ভালভাবে চলবার সম্ভাবনা আছে সেগুলি খোলার ব্যবস্থা হয়েছে।

বস্ত্রশিল্পের ক্ষেত্রে ১৪টি রুগ্না রাষ্ট্রায়ত্ত মিল পরিচালিত হচ্ছে জাতীয় বস্ত্রশিল্প কর্পোরেশন লিমিটেডের একটি শাখার দ্বারা। বস্ত্রশিল্পের বাজারে মন্দার ভাব থাকা সত্ত্বেও জাতীয় বস্ত্রশিল্প কর্পোরেশনের শাখা উৎপাদন অব্যাহত রেখেছে এবং ১৬,০০০ ব্যক্তির কর্মসংস্থান বজায় আছে।

বস্ত্রশিল্প ছাড়া অন্য ক্ষেত্রে এখন একটি রাষ্ট্রায়ত্ত ও ৭টি দায়িত্বভার নেওয়া সংস্থায় সরকারের আর্থিক ও পরিচালনগত দায়িত্ব রয়েছে। এগুলির মধ্যে আছে একটি বৃহদায়তন কাঁচ নির্মাণ কারখানা, একটি ভাঁটিখানা, একটি বেলিটিং ইউনিট, একটি সংবাদপত্র প্রকাশন সংস্থা, দুটি বৃহৎ ইঞ্জিনীয়ারিং ইউনিট, একটি ওষুধ প্রস্তুতের কারখানা এবং একটি হালকা ইঞ্জিনীয়ারিং ইউনিট। এগুলিতে প্রায় ৪,৫৫০ জনের কর্মসংস্থানের সুযোগ রয়েছে। পাঁচ বছর ধ'রে বন্ধ হয়ে থাকা একটি বড় ইঞ্জিনীয়ারিং কারখানা ১৯৭৬-৭৭ সালে আইনের বলে গ্রহণ করা হয়েছে এবং একটি সরকারি সংস্থার দ্বারা রাজ্য সরকারের আর্থিক সহায়তায় সেটি আবার চালু করা হচ্ছে।

সাইকেল নির্মাণের একটি বড় কারখানা এবং তার চারটি সংযুক্ত ইউনিট অত্যন্ত অসুবিধায় পড়ে বন্ধ হয়ে যাবার উপক্রম হ'লে ১৯৭৫-৭৬ সালে সেগুলির দায়িত্বভার গ্রহণ করতে হয় এবং সরকার সেগুলির পুনরুজ্জীবনের ব্যাপারে আর্থিক সহায়তা দান করেন ও ৪,৪৪২ জনের চাকরি রক্ষা করেন। ১,৫০০ জন কর্মচারী-সমন্বিত একটি বৃহৎ টায়ার নির্মাণ কারখানা নতুন করে চালু হয়েছে ভারতের শিল্প পুনর্গঠন কর্পোরেশন লিমিটেডের এবং অর্থ-প্রদায়ী ব্যাঙ্কের সহায়তাক্রমে। ৪,০০০ কর্মচারী-সমন্বিত একটি রবার নির্মাণ কারখানাকে ব্যাঙ্কের ঋণের ব্যাপারে গ্যারাণ্টি এবং 'ত্রাণের অঙ্গীকার' সহায়তা দেওয়া হয়েছে। শীঘ্রই বিশেষ বিধানবলে দার্জিলিং জেলায় ২৮ জন কর্মী-সমন্বিত একটি রোপওয়ে ইউনিট এবং ৩৫০ জনের কর্মসংস্থান সম্ভাবনাযুক্ত একটি সিভিল কনস্ট্রাকশন ইউনিটের ভার নেওয়া হচ্ছে। আরও কতকগুলি রুগ্না ও বন্ধ সংস্থা নতুন করে চালু করার সম্ভাবনা নিয়ে রাজ্য সরকার বিবেচনা করছেন।

শিল্প সম্পর্ক ঃ

১৯৭৬ সালে শিল্পক্ষেত্র মোটামুটিভাবে শান্তিপূর্ণ ও সুস্থিত ছিল। শ্রমিকদের উন্নততর সামাজিক নিরাপত্তা ও কল্যাণের উদ্দেশ্যে সরকার নানারকম ব্যবস্থা গ্রহণ করেছেন।

ধর্মঘট ও লক-আউটের ফলে কর্মবিরতির দরুন শ্রমদিবস নষ্টের সংখ্যা বহুল পরিমাণে হ্রাস পেয়েছে। ১৯৭৫ সালের ১লা জানুয়ারি থেকে ৩০-এ নভেম্বর পর্যন্ত সময়ে যেখানে এক কোটি পঁয়ত্রিশ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছিল সেখানে ১৯৭৬ সালে অনুরূপ সময়ে নষ্ট হয় ষাট লক্ষের কিছু বেশি শ্রমদিবস। ১৯৭৫ সালে লে-অফের দরুন ক্ষতিগ্রস্ত কর্মীর সংখ্যা ছিল ৩ লক্ষ ৬২ হাজারের বেশি; সে জায়গায় ১৯৭৬ সালে ঐ ধরনের কর্মীর সংখ্যা কমে হয় ৮৪ হাজার। ছাঁটাই-এর সংখ্যাও অনেক হ্রাস পায়।

পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদ গঠিত হওয়ার ফলে ১৯৭৬ সালের ১লা জুলাই থেকে শিল্পশ্রমিক-সংক্রান্ত সকল কল্যাণমূলক কাজকর্মের ভার রাজ্য সরকারের সামগ্রিক তত্ত্বাবধান-সাপেক্ষে ঐ পর্ষদের উপর ন্যস্ত হয়েছে। পর্ষদ শিল্প ও বাগিচা এলাকার ২১টি আদর্শ শ্রমিক-মঙ্গল কেন্দ্র সমেত ৫৬টি শ্রমিকমঙ্গল কেন্দ্র এবং দিঘায় একটি অবকাশযাপন গৃহ ও দার্জিলিঙে একটি বিকাশযাপন গৃহের ভার গ্রহণ করেছেন। ১৯৭৫-৭৬ সালে কৃষিশ্রমিকদের জন্য পাঁচটি সাধারণ শ্রমিকমঙ্গল কেন্দ্র খোলা হয়েছে। ১৯৭৬-৭৭ সালের বার্ষিক পরিকল্পনায় কৃষিশ্রমিকদের জন্য আরও পাঁচটি সাধারণ শ্রমিকমঙ্গল কেন্দ্র খোলার একটি প্রস্তাব বিবেচনাধীন আছে।

কর্মচারী রাজ্য বীমা পরিকল্প এখন চালু আছে কলকাতা, হাওড়া, হুগলী ও ২৪-পরগণায় এবং নদীয়া জেলার কল্যাণী বিজ্ঞাপিত এলাকা, হরিণঘাটা, রাণাঘাট ও চাকদা থানা ও কাটাগঞ্জ মৌজায়। যেসব ছোট কারখানায় ১০ থেকে ১৯ জন কর্মী আছেন ও বিদ্যুতের সাহায্যে উৎপাদন পরিচালিত হয় এবং যেসব কারখানায় ২০ বা তার বেশি কর্মী আছেন কিন্তু বিদ্যুতের সাহায্য ছাড়াই উৎপাদন পরিচালিত হয় সেইসব ক্ষেত্রে এই পরিকল্প সম্প্রসারিত হয়েছে। এছাড়া, ১৯৭৬ সালের ৩১-এ জুলাই থেকে হোটেল, রেস্টুরেণ্ট, সড়ক ও মোটর পরিবহন সংস্থা, চলচ্চিত্র ও নাট্যাভিনয় প্রেক্ষাগৃহ, সংবাদপত্র প্রতিষ্ঠান কর্মচারী রাজ্য বীমা পরিকল্পের আওতাভুক্ত হয়েছে। বর্তমানে এই পরিকল্পের সাহায্যে উপকৃত ব্যক্তির সংখ্যা হ'ল ৩৮ লক্ষ ৮০ হাজার।

১৯৭৬ সালের ১লা মে থেকে পশ্চিমবঙ্গ শ্রমিককল্যাণ তহবিল আইন, ১৯৭৪ বলবৎ হয়েছে। সেই অনুযায়ী পশ্চিমবঙ্গ শ্রমিককল্যাণ পর্ষদ কাজ শুরু করেছেন।

১৯৭৬ সালে একটি সংশোধনের দ্বারা শিল্পবিরোধ আইন, ১৯৪৭-এ অন্তর্ভুক্ত নতুন অনুচ্ছেদ ৫খ অনুযায়ী ইতিমধ্যে নির্ধারিত কর্তৃপক্ষ নিয়োগ করা হয়েছে। ৩০০ বা তার বেশি শ্রমিক কাজ করেন এমন সকল নির্মাণকারী শিল্পসংস্থাকে এখন কোনও শ্রমিকের লে-অফ বা ছাঁটাই-এর ব্যাপারে নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমতি নিতে হবে।

ভারত সরকার সমান বেতন আইন, বিক্রয় বৃদ্ধি কর্মচারী (চাকরির শর্তাবলী) আইন প্রভৃতি যে নানাবিধ শ্রমবিধি গ্রহণ করেছেন সেগুলি রূপায়ণের উদ্দেশ্যে ইতিমধ্যেই রাজ্যস্তরে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়েছে।

সড়ক :

১৯৭৬-৭৭ সালে প্রায় ৩০০ কিলোমিটার সড়কের কাজ সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা যায় এবং ১৯৭৭-৭৮ সালে আরও ৩০০ কিলোমিটার সড়ক নির্মাণের কাজ হাতে নেওয়া হবে।

সদরঘাটে দামোদর সেতু এখন প্রায় সম্পূর্ণ এবং ১৯৭৭ সালের জুন মাসের মধ্যে এই সেতু যানবাহনের জন্য উন্মুক্ত ক'রে দেওয়া যেতে পারে। হলদি, মানসাই, আত্রাই, ভাগীরথী (গৌরাঙ্গ সেতু) ও অজয় নদের উপর সেতু নির্মাণের কাজ সন্তোষজনকভাবে এগোচ্ছে। কেন্দ্রীয় সড়ক তহবিল থেকে একটি বড় সেতুর কাজ হচ্ছে; সেটি জলঙ্গী নদীর উপর।

আবাসন ঃ

পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথম দু'বছরে আনুমানিক ৩ কোটি ২ লক্ষ টাকা ব্যয়ে ২,৫২৬টি আবাসন ইউনিট নির্মিত হয়েছে। বিভিন্ন সামাজিক আবাসন পরিকল্প অনুসারে ১৯৭৫-৭৬ সালের শেষ অবধি মোট ৪২,৮৭২টি আবাসন ইউনিট নির্মাণ করা হয়েছে। চলতি বছরে ৯৩৫টি আবাসন ইউনিট নির্মিত হয়ে যাবে বলে আশা করা যায়; এজন্য খরচ হবে আনুমানিক ২ কোটি ৭ লক্ষ টাকা। ১৯৭৭-৭৮ সালে ৭০০টির মত আবাসন ইউনিট নির্মাণ করা হবে এবং নিম্ন-আয় গোষ্ঠী ও মাঝারি-আয় গোষ্ঠী ব্যক্তিদের নিজেদের বাসগৃহ নির্মাণের জন্য ঋণস্বরূপ ৫৫ লক্ষ টাকা দেওয়া হবে।

১৯৭৪-৭৫ ও ১৯৭৫-৭৬ সালে বাগিচা শ্রমিকদের জন্য মঞ্জুরিপ্রাপ্ত আবাসন পরিকল্প অনুসারে ১,৫২৩টি আবাসন ইউনিট নির্মিত হয়। এজন্য খরচ পড়ে আনুমানিক ৭৮ লক্ষ টাকা। চলতি বছরে বাগিচা শ্রমিকদের জন্য আনুমানিক ৫০ লক্ষ টাকা ব্যয়ে ১,২০০টি গৃহনির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। ১৯৭৭-৭৮ সালের লক্ষ্যমাত্রা হ'ল আনুমানিক ১ কোটি টাকা খরচ ক'রে বাগিচা শ্রমিকদের জন্য ২,০০০টি গৃহনির্মাণ।

পরিকল্পনা-বহির্ভূত প্রকল্প অনুসারে সি এম ডি এ থেকে ঋণ নিয়ে প্রায় ১,৮২০টি সাহায্যপ্রাপ্ত আবাসন ইউনিটের নির্মাণ সম্পূর্ণ হয়েছে ১৯৭৫-৭৬ সালে। কিস্তিবন্দীতে কেনার আবাসন পরিকল্পের ৮০৮টি ফ্ল্যাট এখন নির্মাণের বিভিন্ন পর্যায়ে রয়েছে। এ ব্যাপারে হাডকো থেকে আংশিক ঋণসাহায্য পাওয়া গিয়েছে। এইসব ফ্ল্যাট আগামী আর্থিক বছরে (১৯৭৭-৭৮) বিলি করা সম্ভব হতে পারে।

পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ এ পর্যন্ত ১,৭৪০টি ফ্ল্যাট বিক্রি করেছেন। এর মধ্যে ১,৪৮৮টি ফ্ল্যাট তৈরী করেছিলেন আবাসন বিভাগ এবং বাকি ২৫২টি ফ্ল্যাট তৈরি করেছিলেন হাডকো। এখন আবাসন পর্ষদের আরও ২,২৪১টি বিক্রয়যোগ্য ফ্ল্যাট রয়েছে। এছাড়া নির্মাণের বিভিন্ন পর্যায়ে রয়েছে ৪,০০৯টি ফ্ল্যাট এবং পরিকল্পনার স্তরে আছে ৫,৩৪২টি ফ্ল্যাট।

ন্যায্যমূল্যে ইটের সরবরাহ বজায় রাখা সুনিশ্চিত করার উদ্দেশ্যে আবাসন বিভাগ যান্ত্রিক ও কায়িক উভয় প্রণালীর কতকগুলি ইটখোলা বা ইট তৈরীর কারখানা পরিচালনা করছেন।

পলতার যান্ত্রিকভাবে ইট তৈরির কারখানাটির সম্প্রসারণ এবং আকড়ায় একটি যান্ত্রিক কারখানা স্থাপনের ব্যবস্থা পরিকল্পনা বাজেটে রাখা হয়েছে। পরিকল্পনা-বহির্ভূত ক্ষেত্রে আবাসন বিভাগ বিভিন্ন জায়গায় কায়িক পদ্ধতিতে ৮ কোটির মত ইট তৈরির পরিকল্প গ্রহণ করেছেন।

দ্বিতীয় হুগলী সেতু ঃ

কলকাতার দিকের প্রবেশপথ এবং হাওড়ার দিকের প্রবেশপথসহ ইনটারচেঞ্জের কাজের দ্রুত অগ্রগতি হচ্ছে। মূল সেতুর ৩নং সেকশনের ব্যাপারে নকশার কাজ এগোচ্ছে। চলতি আর্থিক বছরের খরচ আনুমানিক ৫ কোটি ৮৪ লক্ষ টাকা। পরের বছরে ৮ কোটি টাকা ব্যয়িত হবে বলে আশা করা যায়।

শিক্ষা ঃ

প্রাথমিক শিক্ষা গোটা পশ্চিমবঙ্গ রাজ্যে পুরোপুরি অবৈতনিক। অবশ্য শহরাঞ্চলের যেসব বেসরকারি বিদ্যালয় অবৈতনিক প্রাথমিক শিক্ষা পরিকল্পের আওতাভুক্ত নয় সেগুলি এর ব্যতিক্রম। চলতি আর্থিক বছরের শেষে ৬ থেকে ১১ বছর বয়ঃগোষ্ঠীর বালক-বালিকারা শতকরা ৫ ভাগের মত প্রাথমিক শিক্ষার আওতায় চলে আসবে। নিবিড় আদিবাসী উন্নয়ন প্রকল্প এলাকায় বসবাসকারী আদিবাসী বালক-বালিকাদের শিক্ষার সুবিধার্থে ৯০ জন শিক্ষক-শিক্ষিকা-সমন্বিত ৩০টি নতুন প্রাথমিক বিদ্যালয় অনুমোদিত হয়েছে।

নতুন উচ্চতর মাধ্যমিক পাঠক্রম (একাদশ ও দ্বাদশ শ্রেণী) চলতি শিক্ষাবর্ষ থেকে শুরু হয়ে গিয়েছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বেতনক্রম এই রাজ্যে প্রযুক্ত হয়েছে।

কেন্দ্রীয় সরকারের সুপারিশ করা বেতনক্রম দুর্গাপুর আঞ্চলিক ইঞ্জিনীয়ারিং কলেজসহ ইঞ্জিনীয়ারিং কলেজসমূহের অধ্যাপকদের জন্য প্রবর্তিত হয়েছে।

মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার অনুমোদিত পূর্ণকালের শিক্ষক-শিক্ষিকা ও অ-শিক্ষক কর্মচারীদের বেতনক্রম ১৯৭৫ সালের ১লা এপ্রিল থেকে বাড়ানো হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেতনক্রম ১৯৭৫ সালে আবার বাড়ানো হয়েছে।

সরকারী ও স্পনসর্ড শিক্ষাপ্রতিষ্ঠানে ও ছাত্রাবাসে মোট আসনসংখ্যার ১৫ শতাংশ তফশিলী সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রী এবং ৫ শতাংশ আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য সংরক্ষণের উদ্দেশ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ভারত সরকার, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও রাজ্য সরকারের সহযোগিতাক্রমে মোট ১ কোটি ৩৪ লক্ষ টাকা ব্যয়ে যাদবপুরে একটি আঞ্চলিক যন্ত্রগণক (Computer) কেন্দ্র স্থাপন করা হচ্ছে।

লবণহ্রদ উপনগরীর (বিধাননগর) তিন নম্বর সেক্টরে একটি ষ্টেডিয়াম সমাবেশ নির্মাণের ব্যবস্থা করা হয়েছে।

স্বাস্থ্য পরিকল্পসমূহ ঃ

বেহালায় ১০০ শয্যাবিশিষ্ট একটি নতুন হাসপাতাল স্থাপন করা হয়েছে এবং বরাহনগরে ৩৪-শয্যার একটি হাসপাতাল শীঘ্রই খোলা হবে। বেহালা হাসপাতালের অন্তর্বিভাগীয় রোগি-শয্যা বেড়ে হবে ২৫০ এবং বরাহনগরে হবে ১০০। উত্তরবঙ্গের সুশ্রুতনগরে সাধারণ হাসপাতালে এ বছরে ২৫০টি নতুন রোগিশয্যা যুক্ত করা হবে এবং তার ফলে এখানে শয্যাসংখ্যা বেড়ে দাঁড়াবে ৫০০।

দিনহাটায় ১২০টি অন্তর্বিভাগীয় শয্যাসমন্বিত এক নতুন মহকুমা হাসপাতাল নির্মি হবে। পুরুলিয়ার রঘুনাথপুরে ৬৮-শয্যাবিশিষ্ট একটি সাধারণ হাসপাতাল নির্মাণও অনুমোদি হয়েছে। ১৯৭২ সালের মার্চ মাস থেকে এই রাজ্যে অতিরিক্ত ৮,৮০০ রোগিশয্যা সংযোজি হয়েছে। এখন এরাজ্যের মোট শয্যাসংখ্যা ৪৭,৩১৫। ১৯৭৭ সালের মার্চ মাসের মধ্যে আরও ৫০০টি রোগিশয্যা যুক্ত হবে বলে আশা করা যাচ্ছে। এই সরকারের বিশেষ প্রচেষ্ট ফলেই প্রতি হাজার অধিবাসীর জন্য ০·৯৭ রোগিশয্যার এই উচ্চ অনুপাত অর্জন ক সম্ভব হয়েছে।

চতুর্থ পরিকল্পনার শেষ অবধি গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র পরিকল্প অনুযায়ী এই রাজে ৩৩৫টি ডায়ন ব্লকের প্রতিটি ব্লকে ১০-শয্যার একটি করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং পথে ব্যবস্থাবিহীন ২-শয্যার ২টি ক'রে সহায়ক স্বাস্থ্যকেন্দ্র খোলার উদ্যোগ নেওয়া হয়। এ সরকারের বিশেষ প্রচেষ্টার ফলে ১৯৭৬ সালের শেষ অবধি মোট ৯,৪২৩টি রোগিশয্যাসমন্বি ৩১৫টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ৬৮১টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র খোলা সম্ভব হয়েছে। এর মধ্যে এই বছরে স্থাপিত ১০টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ২৮টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রও ধরা হয়েছে কোনও কোনও ব্লকের অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের বদলে নতুন স্বাস্থ্যকেন্দ্রসহ ৪৬ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ১৮০টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য এখন চলছে। এর মধ্যে ৭টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ১৭টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র এই বছরেই চালু হয়ে যাবে বলে আশা করা যায়। ১২টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ২৫টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র আগামী বছরে চালু হবে

সর্বনিম্ন প্রয়োজনভিত্তিক কর্মসূচি অনুযায়ী বিশেষ করে গ্রামীণ এলাকায় জনগণে নাগালের মধ্যে চিকিৎসাগত সুযোগ-সুবিধা নিয়ে যাবার জন্য স্বাস্থ্য উপকেন্দ্র স্থাপনে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এরাজ্যে ১৯৭৪-৭৫ সালে এরকম কোনও উপকেন্দ্র ছিল না সরকার এ বছরে এ পর্যন্ত ২২০টি উপকেন্দ্র খুলতে সমর্থ হয়েছেন। ৪০০টি উপকেন্দ্র নির্মাণে কাজ চলছে। এর মধ্যে ১০০টি উপকেন্দ্র ১৯৭৭ সালের মার্চের শেষের মধ্যে খোলা হ বলে আশা করা যায়। ৩০০টি উপকেন্দ্র আগামী বছরে খোলা যাবে বলে আশা করা যায়।

নদীয়া জেলার শান্তিপুরের একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং বর্ধমান জেলার ভাতারে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে এ বছরে গ্রামীণ হাসপাতালে উন্নীত করা হয়েছে। আরও ১৮টি গ্রামীণ হাসপাতাল নির্মাণের কাজ চলছে।

পঞ্চম পরিকল্পনার প্রথম তিন বছরে বিভিন্ন অঞ্চলের জন্য ৬২টি গ্রামীণ নলবাহিত জল সরবরাহ কর্মসূচির মঞ্জুরি দেওয়া হয়েছে এবং এগুলির কাজও চলছে। ১৯৭৬-৭৭-এ এরূপ ১৫টি জলসরবরাহ কর্মসূচি চালু আছে। চলতি বছরে গ্রামীণ জলসরবরাহ কর্মসূচির অধীনে জলের ৩,২৭০টি নতুন উৎস (নলকূপ ও কূপ) নির্মাণ এবং ৬,৫৪০টি জল-উৎসের পুনঃখনন ও সংস্কারের মঞ্জুরি দেওয়া হয়েছে। পরবর্তী বছরে জলের ৩,২৭০টি নতুন উৎস নির্মাণের প্রস্তাব আছে। পশ্চিমবঙ্গের ৪১,৩৯২টি গ্রামের মধ্যে ৩৬,০০০টিতে অন্তত একটি পানীয় জলের উৎসের ব্যবস্থা হয়েছে। বাকি গ্রামগুলিতেও অন্তত একটি জলের উৎসের ব্যবস্থা করার সর্বপ্রকার চেষ্টা হচ্ছে।

পৌরসভাসমন্বিত শহরগুলিতে জলসরবরাহের জন্য ১৮টি জলসরবরাহ কর্মসূচির কাজ চলছে; এর মধ্যে ১৯৭৬-৭৭-এ তিনটির মঞ্জুরি দেওয়া হয়েছিল। ১৯৭৪-৭৫এ মঞ্জুর করা

রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে জলসরবরাহ কর্মসূচির দ্বিতীয় অংশের কাজ চলছে এবং এবছর তৃতীয় অংশভুক্ত (জামগ্রাম-পানুরিয়া) জলসরবরাহ কর্মসূচির মঞ্জুরি দেওয়া হয়েছে।

চলতি বছরে দার্জিলিঙের মিরিক লেক অঞ্চলে একটি পয়ঃপ্রণালী কর্মসূচি মঞ্জুর করা হয়েছে।

তফশিলী সম্প্রদায় ও আদিবাসী সমাজের কল্যাণ কর্মসূচি ঃ

তফশিলী সম্প্রদায় ও আদিবাসী সমাজের শিক্ষার অগ্রগতির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। মাধ্যমিক পর্যায়ে ছাত্রদের বেতন, বই কেনার অনুদান, হোস্টেলের খরচ এবং পরীক্ষার ফি বাবদ অর্থ দেওয়া হয়। ১৯৭৬-৭৭-এ উপরোক্ত কর্মসূচি বাবদ ১৩২·৪ লক্ষ টাকা ব্যয় করা হচ্ছে; ফলে উপকৃত হবেন ২৪১,৫০০ জন ছাত্রছাত্রী। ইতিপূর্বে স্থাপিত এবং জুনিয়র বেসিক ও জুনিয়র হাইস্কুলের সঙ্গে সংশ্লিষ্ট ৪৫টি আশ্রম-ছাত্রাবাস চালু রাখা হয়েছে এবং চলতি বছরে ছ'টি নতুন আশ্রম-ছাত্রাবাস স্থাপন করা হবে।

মেদিনীপুরের বেলপাহাড়ীতে আদিবাসী মেয়েদের আবাসিক বিদ্যালয়টি চালু রাখা হয়েছে। বিদ্যালয়ে অধ্যয়নরত তফশিলী সম্প্রদায় ও আদিবাসী ছাত্রদের জন্য ১৬টি ছাত্রাবাস স্থাপন করা হবে বলে আশা করা হচ্ছে।

স্কুল ও কলেজে অধ্যয়নরত ছাত্রীদের জন্য ন'টি ছাত্রীনিবাস নির্মাণের উদ্দেশ্যে অনুদান দেওয়া হবে। স্কুল ও কলেজের তফশিলী সম্প্রদায় ও আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য কোচিংয়ের সুযোগ-সুবিধার ব্যবস্থা হবে। এতে ১৯৭৬-৭৭-এ ১,১০০ ছাত্রছাত্রী উপকৃত হবে বলে আশা করা যায়। ভারত সরকার কর্তৃক নির্দিষ্ট হারে তফশিলী সম্প্রদায় ও আদিবাসী ছাত্রছাত্রীদের মাধ্যমিকোত্তর পর্যায়ে বৃত্তি দেওয়া হচ্ছে। ১৯৭৬-৭৭ সালে এ বাবদে ব্যয়ের আনুমানিক পরিমাণ ২৬৮·০৫ লক্ষ টাকা। এবছরে এতে ৪১,২৪০ জন ছাত্রছাত্রী উপকৃত হবে বলে আশা করা হচ্ছে। ৫০ শতাংশ বা ততোধিক আদিবাসী অধ্যুষিত কয়েকটি মৌজা একত্রিত করে পশ্চিমবঙ্গের আদিবাসী অঞ্চলগুলিতে সংহত উন্নয়ন কর্মসূচি গ্রহণের জন্য একটি উপ-পরিকল্পনা তৈরি করা হয়েছে। গ্রামাঞ্চলে ৩৩টি সংহত আদিবাসী উন্নয়ন প্রকল্প অঞ্চল গঠন করা হয়েছে।

[2-00—2-10 p.m.]

১৯৭৬-এর ১৫ আগস্ট থেকে পশ্চিমবঙ্গ তফশিলী সম্প্রদায় ও আদিবাসী (কৃত্যক ও পদে কর্মসংরক্ষণ) আইন, ১৯৭৬, চালু হয়েছে। কেবল রাজ্য সরকারের চাকরি ও পদেই নয়, স্থানীয় সংস্থা, বিধিবদ্ধ কর্পোরেশন, সরকারী সংস্থা, বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের অনুমোদনপ্রাপ্ত কলেজ এবং রাজ্য সরকারের নিজস্ব বা সহায়তাপ্রাপ্ত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলির চাকরিতেও এই আইনে পদ সংরক্ষণের ব্যবস্থা আছে।

পশ্চিমবঙ্গ তফশিলী সম্প্রদায় উন্নয়ন ও অর্থসংস্থান করপোরেশন গঠন করা হয়েছে। এর উদ্দেশ্য হল তফশিলী সম্প্রদায়সমূহের মধ্যে বিভিন্ন বৃত্তিতে যোগ্যতা ও দক্ষতা বৃদ্ধির শিক্ষণ কর্মসূচির ব্যবস্থা করা।

তথ্য ও জনসংযোগ :

কলকাতা এবং পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে সরকার ১৬২টি প্রদর্শনী সংগঠন করেছেন এবং সেগুলিতে অংশগ্রহণ করেছেন। ভুবনেশ্বরে পূর্ব ভারত সাংস্কৃতিক সম্মেলনে এবং গৌহাটিতে এ আই সি সি প্রদর্শনীতেও যোগদান করা হয়েছিল। পশ্চিমবঙ্গের সর্বত্র ছড়িয়ে আছে ৮৯টি শ্রুতি-চাক্ষুষ ইউনিট। চলতি বছরে ১৬,৮০০টি চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থা এই ইউনিটগুলি করেছে এবং ১৯,০০০ গোষ্ঠীসভা ও জনসভা প্রভৃতিরও আয়োজন করেছে।

এখন ২,৯২০টি গ্রামীণ সম্প্রচার কেন্দ্র এই রাজ্যে কাজ করছে। এর মধ্যে ২২০টি বেতারযন্ত্র ১৯৭৬-এ স্থাপন করা হয়েছে।

কলকাতার দূরদর্শন কেন্দ্র চালু হওয়ার সঙ্গে সঙ্গে রাজ্য সরকার সমষ্টিবীক্ষণ পরিকল্পনা অনুযায়ী কলকাতার বস্তি অঞ্চলগুলিতে দূরদর্শন সেট সরবরাহের একটি কর্মসূচি গ্রহণ করেন। তদনুসারে কলকাতায় ১০০টি দূরদর্শন সেট বসানো হয়। প্রতি পৌর ওয়ার্ডে বসে একটি করে সেট। আরো ৮৪টি দূরদর্শন সেট সম্প্রতি চব্বিশ-পরগণা, হাওড়া ও হুগলী জেলার গ্রামাঞ্চলে বসানো হয়েছে।

লোকরঞ্জন শাখা এবছরে ৫৪৮টি অনুষ্ঠান করেছে।

সরকার 'গণদেবতা' নামে একটি কাহিনীচিত্র তৈরি করার কাজ হাতে নিয়েছেন। রাজ্যে একটি চলচ্চিত্র উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে। আটজন প্রযোজককে ও তিনটি স্টুডিওকে চলচ্চিত্র ও স্টুডিও'র জন্য ঋণ দেওয়া হয়েছে। চলচ্চিত্র তৈরি করার সঙ্গে সংশ্লিষ্ট ছোট ছোট শিল্প স্থাপনের জন্য ৯টি প্রযুক্তিবিদ দলকে ঋণ দেওয়া হয়।

লবণ হ্রদ অঞ্চল :

লবণ হ্রদ অঞ্চলের দ্রুত উন্নয়ন হচ্ছে। এ পর্যন্ত বিভিন্ন সরকারী, আধা সরকারী ও অন্যান্য সংস্থাকে মোট ১,০৮১ একর জমি দেওয়া হয়েছে। ১নং সেক্টরে আবাসন বিভাগ ৭০০ ফ্ল্যাট তৈরি করেছেন। বিবিধ সমবায় সমিতি যেসব ফ্ল্যাট তৈরি করেছেন তার সংখ্যা ১৯২। ইতিমধ্যে ১৯৭৫ সালের পশ্চিমবঙ্গ উপনগর আইনের আওতায় লবণহ্রদ উপনগরীকে আনা হয়েছে।

লবণহ্রদে একটি স্টেডিয়াম সমাবেশ তৈরির পরিকল্পনা আছে। লবণ হ্রদ উপনগরীতে বিভিন্ন সরকারী দপ্তর নিজ নিজ প্রশাসনিক গৃহ তৈরি করতে আরম্ভ করেছে।

ইতিমধ্যেই একটি 'মৃগদাবের' কাজ চালু হয়েছে।

খাদ্য ও সরবরাহ :

১৯৭৫-৭৬-এ খারিফ খন্দে চালের আভ্যন্তরীণ সংগ্রহের লক্ষ্য নির্দিষ্ট হয়েছিল ৩ লক্ষ মেট্রিক টন। সে স্থলে রাজ্য সরকারের তরফে খাদ্য কর্পোরেশন কর্তৃক প্রকৃতপক্ষে গৃহীত হয় ৩·০১ লক্ষ মেট্রিক টন চাল। আভ্যন্তরীণ খোলা বাজারে চাল ও গম প্রাপ্তির অবস্থা উন্নততর হওয়ায় ১৯৭৬-এ (নভেম্বর ১৯৭৬ পর্যন্ত) এরাজ্যে জনগণের মধ্যে বণ্টনের পরিমাণ হ্রাস পেয়ে হয় ১৪·৩৯ লক্ষ মেট্রিক টন। ১৯৭৫-এ আলোচ্য সময়ে এর পরিমাণ ছিল ১৫·৫৪ লক্ষ মেট্রিক টন।

প্রতি সপ্তাহে বয়স্ক লোকপিছু ১৯৭৬-এর ১লা নভেম্বর থেকে বিধিবদ্ধ রেশন ব্যবস্থার অধীনে গম দেওয়ার পরিমাণ ১,৫০০ গ্রাম থেকে বাড়িয়ে ২,২৫০ গ্রাম করা হয়। ঐ একই তারিখ থেকে সংশোধিত রেশন ব্যবস্থায় গম সরবরাহের হার সপ্তাহে বয়স্ক লোকপিছু ১,২০০ গ্রাম থেকে বাড়িয়ে ২,০০০ গ্রাম করা হয়।

খাদ্যশস্যের বর্তমান প্রাচুর্যের দরুন কেন্দ্রীয় সরকার ১৫ নভেম্বর ১৯৭৬ থেকে গমজাত দ্রব্যের স্থানান্তরণের উপর থেকে সমস্ত বাধানিষেধ তুলে নিয়েছেন এবং রাজ্য সরকারও কেন্দ্রীয় সরকারের দৃষ্টান্তে গমজাত দ্রব্যের উপব থেকে দাম ও বণ্টন-সংক্রান্ত সমস্ত নিয়ন্ত্রণ যথাক্রমে ১১ ডিসেম্বর ১৯৭৬ ও ১৩ ডিসেম্বর ১৯৭৬ থেকে তুলে নিয়েছেন।

পশ্চিমবঙ্গের সমস্ত জনসাধারণই হয় বিধিবদ্ধ রেশনিং অথবা সংশোধিত রেশনিং-এর আওতায় রয়েছেন। বিধিবদ্ধ রেশনিং-এর আওতায় রয়েছেন প্রায় ৯৫ লক্ষ মানুষ এবং এজন্য আছে প্রায় ২৭,০০০ রেশনের দোকান। সংশোধিত রেশন এলাকায় ১৫,০০০-এরও বেশি ন্যায্যমূল্যের দোকান আছে। ১৯৭৬-এর অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাসে খোলা বাজারে চালের গড় খুচরা দর পূর্ববর্তী বছরে ঐ সময়ের দরের চাইতে অনেক কম ছিল।

সি এম ডি এ ঃ

জলসরবরাহের ক্ষেত্রে টালা-পলতা জলসরবরাহ ব্যবস্থায় বিরাট সাফল্য লাভ হয়েছে। এই ব্যবস্থায় সরবরাহের সূত্রে জলের পরিমাণ বাড়িয়ে ১৩০ এম-জি-ডি করা সম্ভব হয়েছে। এর ফলে কলকাতা শহরে পানীয় জলসরবরাহ বৃদ্ধি পেয়েছে। টালায় ৯ এম-জি-ডি ক্ষমতাসম্পন্ন জলাধারটির সংস্কার করা হচ্ছে। সুবোধ মল্লিক স্কোয়ারে একটি এবং অকল্যাণ্ড স্কোয়ারে আর একটি এই মোট দু'টি বুস্টিং স্টেশনে জলের প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে। গার্ডেনরীচ (৬০ এম-জি-ডি) ও হাওড়ায় (৪০ এম-জি-ডি) বৃহদায়তন ওয়াটার ওয়ার্কসের কাজ প্রায় শেষ হয়ে এসেছে।

কয়েকটি পয়ঃপ্রণালী ও জলনিকাশী পরিকল্প কার্যকর করার ফলে শহরের বিভিন্ন এলাকায় জল জমা অনেকটা কমেছে। নতুন নতুন এলাকাকে জলবাহিত পয়ঃপ্রণালী ব্যবস্থার আওতায় আনা হয়েছে। যাদবপুর, গড়িয়া, বেহালা, কসবা, চিৎপুর, দমদম প্রভৃতি এলাকায় পয়ঃপ্রণালী-সংক্রান্ত কাজ এখন পূর্ণোদ্যমে চলছে।

ব্র্যাবোর্ণ রোড ফ্লাইওভারের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। ফ্লাইওভারের পূর্ব-পশ্চিম পথ ইতিমধ্যেই যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। পশ্চিম থেকে পূর্ব-দিকের পথও দু'-তিন মাসের মধ্যেই যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হবে বলে আশা করা যায়। বালিগঞ্জ-কসবা ওভারব্রিজের কাজও প্রায় শেষ হওয়ার পর্যায়ে।

সর্বনিম্ন প্রয়োজনভিত্তিক কর্মসূচির অধীনে প্রায় ১২ লক্ষ বস্তিবাসী এখন সি এম ডি এ এলাকায় আরও উন্নত পারিপার্শ্বিক অবস্থার মধ্যে বাস করছেন। চলতি বছরে কলকাতা, হাওড়া, বালী ও অন্যান্য জায়গায় প্রায় ৬ থেকে ৭ লক্ষ বস্তিবাসীকে এই কর্মসূচির আওতায় আনা হয়েছে এবং তাঁরা এখন আরও উন্নত নাগরিক স্বাচ্ছন্দ্য ও সুবিধা লাভ করছেন।

বহু এলাকায় নতুন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ ক'রে দেওয়া হয়েছে এবং পুরাতন বিদ্যালয়গুলির সংস্কার করা হয়েছে। চলতি বছরে নেদারল্যাণ্ড সরকার ও রাজ্য সরকারের সহায়তায় ১২টি হাসপাতালের নির্মাণকার্য সম্পূর্ণ হয়েছে। এলাকা উন্নয়ন কর্মসূচির অধীনে

কয়েকটি নতুন পরিকল্প হাতে নেওয়া হয়েছে। এগুলি হ'ল পূর্ব কলিকাতা, পশ্চিম হাওড়া এলাকা উন্নয়ন পরিকল্প, হাওড়া ও বৈষ্ণবঘাটায় মাছের বাজারে উন্নয়ন এবং পাটুলি এলাকা উন্নয়ন পরিকল্প।

কতকগুলি কর্মসংস্থান কার্যসূচি ও ব্যাঙ্ক ঋণ ঃ

আয়ের স্বল্পতা ও অনিশ্চয়তা দারিদ্র্যের দুটি প্রধান কারণ। দারিদ্র্যের দরুন কষ্ট কেবল অর্থ আয়ের দ্বারাই লাঘব হতে পারে এবং এই আয় আসে কর্মনিয়োগের মাধ্যমে। বর্তমানে দেশের যা অর্থনৈতিক পরিস্থিতি তাতে গ্রামাঞ্চল থেকে বিপুলসংখ্যক কৃষিশ্রমিকের শহরে শিল্পকারখানায় বা অন্য চাকরিতে আসার সম্ভাবনা সুদূরপরাহত। যেখানে দেশের ৭০ শতাংশেরও বেশি মানুষ গ্রামে বাস করেন এবং কৃষি ও আনুষঙ্গিক কাজে নিয়োজিত, সেখানে মজুরির বিনিময়ে কর্মনিয়োগের মাধ্যমে দেশের বর্তমান বেকারী ও আধাবেকারী সমস্যার সমাধান সম্ভব নয়। গ্রামাঞ্চলের বেকারী ও আধাবেকারীর দরুন দুর্দশা লাঘব করা যাবে স্বনিযুক্তির সম্ভাবনা বাড়িয়ে। সেচ, বিদ্যুৎ এবং অন্যান্য প্রযুক্তিগত উপকরণের মাধ্যমে কৃষির আধুনিকীকরণের দ্বারা কর্মসংস্থানের সুযোগ অনেকটা বাড়ানো যেতে পারে এবং এর ফলে গ্রামাঞ্চল থেকে শ্রমিকদের ব্যাপকভাবে শহরাঞ্চলে আগমনও বন্ধ হতে পারে।

এস এফ ডি এ (ক্ষুদ্র চাষী উন্নয়ন এজেন্সি) ও এম এফ এ এল (প্রান্তীয় চাষী ও ক্ষেত-মজুর) কর্মসূচির অধীন পরিকল্পগুলিকে এখন মিশ্র ইউনিটে পরিবর্তিত করা হচ্ছে এবং সমস্ত ক্ষুদ্রচাষী, প্রান্তিক চাষী ও কৃষিশ্রমিকদের একই সঙ্গে এই মিশ্র ইউনিটের আওতায় আনা হচ্ছে। এইসব পরিকল্পে ফসল উন্নয়নের উপর জোর দেওয়া হয়েছে এবং উচ্চফলনশীল জাতের বীজ ব্যবহার, ক্ষুদ্রসেচ ও মৃত্তিকা সংরক্ষণ, ভূমি তৈরী ও ভূমি উন্নয়ন প্রভৃতির সাহায্যে বহুফসলী চাষের ব্যবস্থা করা হবে। এই পরিকল্পে শুষ্ক কৃষিকার্য পদ্ধতির উপর বিশেষ জোর দেওয়া হয়। এই ব্যবস্থা ও সেই সঙ্গে গ্রামীণ ও ক্ষুদ্রশিল্প কর্মসূচি গ্রামাঞ্চলে কর্ম-সংস্থানের সুযোগ বৃদ্ধি করবে ও আধাবেকারী হ্রাস করবে।

১৯৭৫-৭৬ সালের মতই এবছরেও মূলত স্বনিযুক্তিভিত্তিক অতিরিক্ত কর্মসংস্থান কার্য-সূচি অনুসরণ করা হয়েছে। প্রান্তিক অর্থসহায়তার মাধ্যমে প্রকল্প স্থাপন করে শিক্ষিত বেকারদের জন্য এইভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে। ৪৭০·৭৯ লক্ষ টাকার প্রান্তিক অর্থসহায়তার মাধ্যমে পরিবহন ক্ষেত্রের ২,১০০ ইউনিটসহ মোট ৬,০০০-এরও বেশি স্বনিযুক্তির ইউনিট স্থাপন করা হয়েছে। বিভিন্ন স্বনিযুক্তি কার্যসূচিতে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির বিনিয়োগের পরিমাণ হল ১৯৭৬-এর জুন পর্যন্ত ১২·৬৩ কোটি টাকা। প্রান্তিক অর্থ ঋণের সহায়তাপ্রাপ্ত কুটির ও ক্ষুদ্রশিল্পের প্রতিটি ইউনিটে গড়ে ৫ জন করে ব্যক্তিকে কাজ দেওয়া হয়। এই ব্যাপারে চলতি বছরের পরিকল্পনা বাজেটের বরাদ্দ ৫০ লক্ষ টাকা বাড়িয়ে এক কোটি টাকা করা হবে। ভারত সরকার ১৯৭৭-৭৮ সাল থেকে এই কর্মসূচিতে কেন্দ্রীয় সহায়তা বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়ায় এখন ঠিক হয়েছে যে এই কর্মসূচিকে রাজ্য পরি-কল্পনার মধ্যে রাখা হবে এবং এর জন্য ১৯৭৭-৭৮ সালে ১ কোটি ৭৩ লক্ষ টাকা বরাদ্দ করা হবে।

বিশেষ কর্মসংস্থান ও গ্রামীণ উৎপাদন কর্মসচি গ্রামাঞ্চলে কর্মবিহীন মাসগুলিতে কর্ম-সংস্থানের ব্যবস্থা করার জন্য প্রবর্তন করা হয়েছে। এই কর্মসচিতে গ্রামে রাস্তা নির্মাণ, জল

নিকাশের বন্ধতা দূরীকরণ, পাকা কুয়ো তৈরি প্রভৃতি কাজের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়। এই ব্যবস্থা যে কেবল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে তাই নয়, আধা-বেকারত্বও দূর করবে। ১৯৭৬-৭৭ সালে এই ব্যাপারে অর্থ বিনিয়োগ স্থির হয়েছিল ৮ কোটি টাকা এবং এতে ১২৬·২৫ লক্ষ শ্রমদিনের কাজ সৃষ্টির ব্যবস্থা ছিল। ১৯৭৭-৭৮ সালের জন্য এই ব্যাপারে অর্থ বিনিয়োগ প্রাথমিকভাবে স্থির হয়েছে ৫ কোটি টাকা।

ত্রাণদপ্তরের টেস্ট রিলিফের কাজের জন্য ব্যয় হয় ৪৯৮·৫৫ লক্ষ টাকা এবং এর দ্বারা চলতি বছরে ২ কোটি ৪০ লক্ষ শ্রমদিনের কাজ সৃষ্টি হয়।

যেসব এলাকায় ব্যাঙ্কের শাখা ছিল না, সেসব এলাকায় ব্যাঙ্কের শাখা খুলে ব্যাঙ্কের সুযোগ-সুবিধা প্রসারের কাজ চালু ছিল। গ্রামাঞ্চলে ব্যাঙ্কের শাখার সংখ্যা ১৯৬৯-এর ১৯-এ জুলাই ছিল ১,৮৬০; সেই সংখ্যা বেড়ে ১৯৭৬-এর ৩০-এ জুন হয় ৭,৬৮৭।

এ পর্যন্ত তিনটি আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক---পশ্চিম দিনাজপুর, মালদহ ও মুর্শিদাবাদ জেলাগুলির জন্য গৌড় গ্রামীণ ব্যাঙ্ক, পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুর জেলাগুলির জন্য মল্লভূম গ্রামীণ ব্যাঙ্ক এবং বীরভূম জেলার জন্য ময়ূরাক্ষী গ্রামীণ ব্যাঙ্ক---স্থাপন করা হয়েছে। আমরা দার্জিলিং, জলপাইগুড়ি ও কোচবিহার জেলাগুলির জন্য সেণ্ট্রাল ব্যাঙ্ক অব ইণ্ডিয়া কর্তৃক প্রদত্ত একটি আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক স্থাপনের প্রস্তাবে সম্মত হয়েছি। এই ব্যাঙ্কটি এখনও স্থাপন করা হয়নি। ১৯৭৬ সালের ৩০-এ জুলাই পর্যন্ত সারা দেশে ২০টি আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক স্থাপিত হয়েছে। এই ব্যাঙ্কগুলিকে সরাসরি ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, ভূমিহীন কৃষিশ্রমিক, গ্রামীণ কারুশিল্পী প্রভৃতিকে ঋণ দিতে হয়। এর ফলে গ্রামে কর্মসংস্থানের সম্ভাবনা বৃদ্ধি পাবে।

অনগ্রসর এলাকার উন্নয়নের জন্য বিশেষ কর্মসূচি ঃ

কলিকাতা ও পার্শ্ববর্তী অঞ্চল উন্নত হয়ে উঠেছিল ঔপনিবেশিক শাসনে। কিন্তু পশ্চিম-বঙ্গের অন্য বহু অংশ কেবল অনুন্নতই নয়, বিশেষ অনগ্রসরও বটে। আমাদের পরিকল্পনার একটি মূল লক্ষ্য হ'ল এই যে, উন্নয়নের সুফলগুলি ক্রমেই আরও বেশি ক'রে সুযোগ-সুবিধাহীন ও দুর্বলতর শ্রেণীর মানুষের কাছে পৌঁছে দিতে হবে---বিশেষ ক'রে অনুন্নত ও অনগ্রসর এলাকায়।

বিশেষ ও অনগ্রসর এলাকার উন্নয়নের জন্য ১৯৭৬-৭৭ সালে মোট ২ কোটি ৩২ লক্ষ টাকা পাওয়া যায়। এইসব এলাকার জন্য বিভিন্ন ক্ষেত্রের বিনিয়োগের অতিরিক্ত হিসাবে এই টাকা পাওয়া যায়। বিশেষ ও অনগ্রসর এলাকাগুলির উন্নয়নের জন্য ১৯৭৭-৭৮ সালে পাওয়া যাবে ৩ কোটি টাকা।

দার্জিলিং জেলার পার্বত্য এলাকাসমূহের সামগ্রিক উন্নয়নের জন্য অনেকগুলি উন্নয়ন পরিকল্প হাতে নেওয়া হয়েছে। কৃষি ও আনুষঙ্গিক বিষয়, গুটিপোকা চাষ, সিঙ্কোনা চাষ যোগাযোগ, জলসরবরাহ, পর্যটন প্রভৃতি প্রধান প্রধান ক্ষেত্রে জোরদার উন্নয়ন কর্মসূচির জন্য ১৯৭৬-৭৭ সালে ৩ কোটি টাকার কেন্দ্রীয় সহায়তা পাওয়া যাবে। এই বিষয়গুলির উন্নয়ন পার্বত্য অঞ্চলের অধিবাসীদের প্রভূত উপকারসাধন করবে ব'লে মনে হয়। ১৯৭৭-৭৮ সালে অনুরূপ কর্মসূচির জন্য বরাদ্দ আছে ৩ কোটি ৫০ লক্ষ টাকা।

সুন্দরবন এলাকার দ্রুত উন্নয়নের জন্য সুন্দরবন উন্নয়ন পর্ষদ কাজ করে চলেছেন। সুন্দরবন এলাকার জন্য চলতি বছরে ৬০ লক্ষ টাকা বরাদ্দ আছে। এখানে ২৬টি বিকাশ কেন্দ্রের অধীনে এ যাবৎ অব্যবহৃত ১,৫০০ একর জমিতে দ্বিতীয় ফসল তোলা হচ্ছে। সুন্দরবন এলাকায় স্লুইস গেট, কাঠের জেটি প্রভৃতি নির্মাণের কাজও হাতে নেওয়া হয়েছে। ১৯৭৭-৭৮ সালে সুন্দরবন এলাকায় জোরদার উন্নয়ন কাজের জন্য ৭০ লক্ষ টাকা বরাদ্দ আছে। 'কেয়ার' সংস্থার পশ্চিমবঙ্গ শাখার কাছ থেকে সাহায্যস্বরূপ প্রাপ্ত ৬,০০০ মেট্রিক টন গমের সাহায্যে সুন্দরবন এলাকায় 'কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি' অনুসারে জলনিকাশী প্রণালী, কাঁচা রাস্তা ও আড়াআড়ি বাঁধ নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

গ্রামীণ কর্মসংস্থানের জন্য মেদিনীপুরের বীনপুরে একটি বিশেষ প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। এই উদ্দেশ্যে অর্থসাহায্য দিতে চেয়েছেন অস্ট্রেলিয়া সরকার আন্তর্জাতিক শ্রমসংস্থার মাধ্যমে। পশ্চিমবঙ্গে এই ধরনের প্রকল্প এই প্রথম এবং এই কর্মসূচির সার্থক রূপায়ণের ফলে অন্যত্রও অনুরূপ কর্মসূচি রূপায়ণের সম্ভাবনা সৃষ্টি হবে। প্রায় ১৬ লক্ষ টাকা ব্যয় হবে এবং কাজে অগ্রগতি হচ্ছে।

আদিবাসী অধ্যুষিত ও অনগ্রসর ঝাড়গ্রাম এলাকায় সুসংহত ও জোরদার উন্নয়ন কার্যের জন্য ১৯৭৬-৭৭ সালে ৩৫ লক্ষ টাকা বিনিয়োগের ব্যবস্থা ছিল। আদিবাসী অধ্যুষিত ঝাড়গ্রাম এলাকার উন্নয়ন কাজে ১৯৭৭-৭৮ সালের জন্যও অনুরূপ পরিকল্পনা বরাদ্দের ব্যবস্থা আছে।

দীঘা উন্নয়ন পরিকল্পের কাজ এগিয়ে চলেছে। সেখানে বাসগৃহ নির্মাণের জন্য ১০০ একর জমি উন্নয়ন করা হয়েছে এবং সেখানে জলসরবরাহ, বিদ্যুৎ, বাজার প্রভৃতির ব্যবস্থা ইতিমধ্যেই করা হয়েছে।

১৯৭৬-৭৭ সালে কল্যাণী উপনগরীর জন্য বিভিন্ন উন্নয়ন পরিকল্প হাতে নেওয়া হয়। এগুলির মধ্যে আছে একটি আবাসন প্রকল্প, প্রাথমিক বিদ্যালয় নির্মাণ, নাগরিক স্বাচ্ছন্দ্য-বিধান প্রভৃতি।

জেলাশহরগুলির উন্নয়নের জন্য ১৯৭৬-৭৭ সালে ৮০ লক্ষ টাকা এবং ১৯৭৭-৭৮ সালে ৯৭ লক্ষ টাকা বরাদ্দ করা হবে।

পরবর্তী অর্থকমিশনের বিবেচ্য বিষয়ঃ

পরবর্তী অর্থকমিশন শীঘ্রই গঠিত হতে যাচ্ছে। আমরা আশা করি ভারত সরকার পরবর্তী অর্থকমিশনের বিবেচ্য বিষয়গুলি ঠিক করার সময় এই ব্যাপারে নিমনলিখিত গুরুত্বপূর্ণ দিকগুলির কথা বিবেচনা করবেনঃ

(১) **রাজ্য সরকার ও স্থানীয় স্বায়ত্তশাসন সংস্থাগুলির কর্মচারীদের বেতন ও দুর্মূল্যভাতা সংশোধনের কারণে আর্থিক দায়ঃ** কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের বেতনের সঙ্গে রাজ্য সরকারের কর্মচারীদের বেতনের বিরাট বৈষম্যের ফলে দুঃখজনক মানসিক চাপ ও দুঃসহ অবস্থার সৃষ্টি হয়। কলেজের অধ্যাপকদের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বেতনক্রম প্রবর্তনের দরুন এক অস্বাভাবিক পরিস্থিতির উদ্ভব হয়েছে। কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের বেতনক্রমের মান নির্ধারিত হয়েছে এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন পরিকল্প অনুসারে

৮০ শতাংশ কেন্দ্রীয় অনুদান দিয়ে বেতনক্রম ঊর্ধ্বদিকে সংশোধন করা হয়েছে। আগে সরকারী কলেজের অধ্যাপকদের বেতনক্রম ছিল ইঞ্জিনীয়ার, ডাক্তার, ডেপুটি ম্যাজিস্ট্রেট প্রভৃতির বেতনক্রমের সঙ্গে তুলনীয়। রাজ্য সরকার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক প্রবর্তিত হারের অনুরূপভাবে তাঁর কর্মচারীদের বেতনক্রম সংশোধন করতে কিংবা তৃতীয় বেতন কমিশনের সুপারিশের ভিত্তিতে বেতনক্রমে নির্ধারণ করতে সক্ষম নন।

জাতীয় বেতননীতি যে থাকা উচিত এ বিষয়ে দ্বিমতের অবকাশ নেই, কিন্তু এ নীতি প্রবর্তন সময়সাপেক্ষ। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের বেতনক্রমের মান নির্ধারণ ক'রে দিয়েছেন। পরবর্তী অর্থকমিশনের কাছে উল্লেখের শর্ত এমন হওয়া চাই যে, সকল রাজ্য সরকার যাতে রাজ্য সরকারের কর্মচারীদের বেতনক্রম ও সব ভাতার ব্যাপারে একটা নির্দিষ্ট মান অর্জন করতে পারেন, বিশেষ ক'রে পিওন, নিমনবর্গীয় করণিক, উচ্চবর্গীয় করণিক, কনস্টেবল, হেড কনস্টেবল, শিক্ষণপ্রাপ্ত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় শিক্ষক, ডেপুটি কালেক্টর, ডাক্তার, ইঞ্জিনীয়ার, নার্স প্রভৃতির ক্ষেত্রে, এ বিষয়ে পরবর্তী অর্থকমিশনের বিবেচ্য বিষয় সুস্পষ্ট হওয়া উচিত যাতে রাজ্য সরকারগুলি তাঁদের কর্মচারীদের বেতন ও ভাতা কেন্দ্রীয় হারে দেবার মত পর্যাপ্ত অর্থ পেতে পারেন। কয়েকটি রাজ্য কেন্দ্রীয় হারে ভাতা দিয়েছেন ও কেন্দ্রীয় হারে বেতনক্রম সংশোধন করেছেন এই যুক্তিতে কোনরকম বৈষম্য থাকা উচিত নয়। এ ব্যাপারে সকল রাজ্যের ক্ষেত্রে বিবেচনায় সমতা থাকা উচিত। যে-সকল রাজ্য বেতন ও ভাতা সংশোধনের ব্যাপারে সংযম দেখিয়ে উন্নয়নের জন্য সম্পদ সংরক্ষণ করেছেন তাঁরা যেন তাঁদের এই বিচক্ষণতার জন্য দণ্ডভোগ না করেন।

কেন্দ্রীয় সরকার তৃতীয় বেতন কমিশনের সুপারিশের ভিত্তিতে যেরূপ বেতনক্রম ও দুর্মূল্যভাতা অনুমোদন করেছেন সেইমত আমাদের কর্মচারীদের বেতনক্রম ও ভাতা সংশোধনের ব্যাপারে আমাদের অঙ্গীকার রক্ষা করার মত উপযুক্ত অতিরিক্ত অর্থ বণ্টনের জন্য বিগত অর্থকমিশনের সমক্ষে আমরা আমাদের দাবি পেশ করেছিলাম। কিন্তু দুর্ভাগ্যবশত প্রাপ্তব্য প্রয়োজনীয় অর্থ আমাদের দেওয়া হয়নি। পরবর্তী অর্থকমিশনের জন্য বিবেচ্য বিষয় প্রণয়নের সময় ভারত সরকারের বিগত অর্থকমিশনের এই বক্তব্য স্মরণে রাখা কর্তব্য। আমরা এইভাবে নীতি নির্ধারণ করতে চাই যাতে পরবর্তী অর্থকমিশনের পক্ষে অতিরিক্ত বেতন ও দুর্মূল্যভাতার দাবি বিবেচিত হ'তে পারে। রাজ্যগুলিকে যদি বুঝিয়ে দেওয়া যায় যে, বেতন ও ভাতাবৃদ্ধির জন্য তাদের অতিরিক্ত অর্থ-বরাদ্দের প্রয়োজন একটা আদর্শগত ভিত্তিতে নিয়ন্ত্রিত হবে তাহ'লে তারা যেমন-তেমন ক'রে বেতন সংশোধনের বাধ্যবাধকতা এবং অর্থকমিশনের কাছে সম্পন্ন কাজের নজির নিয়ে হাজির হওয়ার দায় থেকে মুক্ত হবে।

(২) **পরবর্তী পরিকল্পনার জন্য বিভিন্ন রাজ্যে কেন্দ্রীয় সহায়তা বরাদ্দের নীতির বিষয়টি পরবর্তী অর্থকমিশনে বিবেচনার জন্য পেশ করা উচিত ঃ** পরিকল্পনায় বিনিয়োগের জন্য বিভিন্ন রাজ্যকে দেয় কেন্দ্রীয় সহায়তার পরিমাণ বর্তমানে নির্ধারিত হয়ে থাকে গ্যাডগিল সূত্র অনুসারে। জাতীয় উন্নয়ন পরিষদের গত অধিবেশনে গ্যাডগিল সূত্র সংশোধন সম্পর্কে নানা বিপরীতধর্মী অভিমত ব্যক্ত হয়েছিল। গ্যাডগিল সূত্র প্রয়োগের ব্যাপারে একটা গুরুত্বপূর্ণ বিষয় হ'ল মাথাপিছু আয়। রাজ্যের আয় নির্ভর করে অনেকগুলি কারণের উপর এবং এইসব কারণ বছর বছর বদলেও যায়। ভারতের জাতীয় আয়ের প্রায় অর্ধাংশ আসে কৃষিক্ষেত্র থেকে এবং কতকগুলি রাজ্যে, বিশেষ করে পশ্চিমবঙ্গে, খরিফ শস্যের চাষে প্রয়োজনীয় জলের জন্য আকাশের মুখ চেয়ে থাকতে হয় বলে বছরে বছরে ফলনের রকমফের ঘটে। পঞ্চম পরিকল্পনার দলিল থেকে দেখা যাবে যে, গ্যাডগিল সূত্র প্রয়োগের উদ্দেশ্যে কেন্দ্রীয় পরিসংখ্যান সংস্থা ১৯৭০-৭১ থেকে ১৯৭২-৭৩ এই তিন বছরে বিভিন্ন রাজ্যের মাথাপিছু আয়ের এক তুলনামূলক হিসাব প্রস্তুত করেছেন। যোজনা কমিশন ১৯৭৭-৭৮ সালের জন্য কেন্দ্রীয় সহায়তার বরাদ্দ নির্ধারণে ১৯৭২-৭৩ সালের এই মাথাপিছু আয়ের মাপকাঠি ব্যবহার করবেন। সম্ভবত ১৯৭৮-৭৯ সালের জন্য বরাদ্দের ব্যাপারেও ঐ একই মাপকাঠি প্রযুক্ত হবে। এর থেকে খুব পরিষ্কারভাবেই বোঝা যাচ্ছে যে, ১৯৭৭-৭৮ ও ১৯৭৮-৭৯ সালের জন্য রাজ্যগুলিকে কেন্দ্রীয় সহায়তা দানের মান নির্ধারণে ১৯৭২-৭৩ সালের মাথাপিছু আয়কে নিখিল হিসাবে গ্রহণ করাটা বিতর্কমূলক ও দুর্ভাগ্যজনক হবে। ভারতীয় সংবিধানের প্রণেতারা সম্ভবত ভেবেছিলেন যে, কেন্দ্রের অর্থ রাজ্যগুলিকে অর্পিত হবে বিধিবদ্ধ ও স্বাধীন কর্তৃপক্ষ অর্থ-কমিশনের আধা-আইনানুগ মঞ্জুরির মাধ্যমে। সুতরাং, বিভিন্ন রাজ্যকে কেন্দ্রীয় সহায়তা বণ্টনের ক্ষেত্রে একটি নীতি নির্ধারণের কথা অর্থকমিশনকে বলা বাঞ্ছনীয়।

(৩) **রাজ্যগুলির পরিকল্পনা-বহির্ভূত মূলধনের ঘাটতি নির্ণয় এবং সুদসহ ঋণ পরিশোধের ব্যাপারে শতাধিক প্রস্তাব ঃ** রাজ্যগুলির পরিকল্পনা-বহির্ভূত মূল-ধনের ব্যবধান সমান ও তুলনামূলক এক ভিত্তিতে নির্ণয় এবং রাজ্যের ঋণের অবস্থা সাধারণভাবে পর্যালোচনা করে অন্যান্য বিষয়ের সঙ্গে রাজ্যসমূহের সামগ্রিক পরিকল্পনা-বহির্ভূত ঘাটতি ও অপরাপর বিষয় বিবেচনা করে ঋণ পরিশোধের প্রচলিত শর্তাদির পরিবর্তন সুপারিশ করার জন্য ষষ্ঠ অর্থকমিশনকে বলা হয়েছিল। কেন্দ্রের কাছে রাজ্যগুলির ঋণের পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় এবং মূলধনী খাতে রাজ্যগুলিকে প্রদেয় কেন্দ্রীয় অর্থের নীট প্রবাহ তাৎপর্যপূর্ণভাবে হ্রাসের ফলে সাম্প্রতিক বছরগুলিতে গভীর উদ্বেগের সৃষ্টি হয়েছে এবং অনেকগুলি রাজ্যের পক্ষে উপায়-উপকরণে অসুবিধার কারণ হয়েছে। রাজ্য সরকারগুলির তরফে পরিশোধযোগ্য বকেয়া কেন্দ্রীয় ঋণের পরিমাণ ১৯৭৬ সালের ৩১-এ মার্চ তারিখে দাঁড়িয়েছে ৯,৭১২ কোটি টাকা। এই অসুবিধার অন্যতম কারণ হ'ল

পরিকল্পনা পরিকল্পের জন্য কেন্দ্রীয় সহায়তা দেওয়া হয় ৩০ : ৭০ এই অনুপাতে অনুদান ও ঋণ আকারে। হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান, সড়ক জাতীয় অনেক উন্নয়ন পরিকল্প স্বভাবতই রাজস্ব অর্জনকারী হতে পারে না।

অর্থকমিশন সাধারণত মূলধনী খাতে পরিকল্পনা-বহির্ভূত ঘাটতি নির্ণয়ের ক্ষেত্রে ক্রমান্বয়ে জমে ওঠা ঋণ আদায় এবং রাজস্ব খাতে সুদ আদায়ের বিষয়টি বিবেচনা করেন। বেশির ভাগ ক্ষেত্রেই আমরা মূলধনী প্রকল্প ও রাজ্য সরকারের রাষ্ট্রায়ত্ত কারবার থেকে কোনও সুদ বা ঋণ পরিশোধের অর্থ পাই না। কিন্তু আমাদের পক্ষে ভারত সরকারকে কেন্দ্রীয় ঋণ এবং তার সুদের টাকা পরিশোধ করতে হয়। রাজ্যগুলির উপায়-উপকরণগত অসুবিধা ও আর্থিক দুর্বলতার এই হ'ল আসল সমস্যা। রুগ্না শিল্পসহ রাজ্য উদ্যোগের অনেকগুলি সংস্থাই লোকসানে চলছে। অর্থকমিশন পরিকল্পনা-বহির্ভূত মূলধন এবং রাজস্ব ঘাটতি হিসাব করার সময় যেন ঐসব বিষয় বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করেন এবং কেন্দ্রীয় সরকারের কারবারের লোকসান যেভাবে বিবেচিত হয় সেইভাবে বিষয়টি বিবেচনা করেন।

2-10—2-20 p.m.]

কেন্দ্রীয় ঋণের শ্রেণীবিভাগ এইরূপ :

(ক) স্বল্পসঞ্চয় সংগ্রহের অংশ ;

(খ) তৃতীয় পক্ষকে পুনরায় ঋণ দেওয়ার জন্য রাজ্য কর্তৃক ব্যবহার্য ঋণ ;

(গ) নির্দিষ্ট উদ্দেশ্যে কিংবা উন্নয়নমূলক কাজের জন্য প্রদত্ত ঋণ।

স্বল্পসঞ্চয়ের ক্ষেত্রে আমরা মূলধন প্রত্যাহার ও সুদ ব্যতিরেকে সংগ্রহ থেকে আমাদের অংশ পেয়ে থাকি। কাজেই কোনও বছরে যদি টাকা তুলে নেওয়ার অঙ্ক সংগ্রহের অঙ্কের চেয়ে বেশি হয়ে যায় তবেই রাজ্য সরকারকে ঋণের টাকা ফেরত দিতে বলা হ'তে পারে। এরকম ঘটনা অবশ্য আগে কখনও হয়নি এবং ভবিষ্যতেও হওয়ার সম্ভাবনা নেই। স্বল্পসঞ্চয় হ'ল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সম্মিলিত প্রচেষ্টার ফল। মজার ব্যাপার হ'ল, ভারত সরকারের ভাগে যে ৩৩⅓ শতাংশ অর্থ পড়ে তার জন্য কেন্দ্রীয় সরকারকে মূলধন বা বিনিয়োগকারীকে প্রদেয় সুদের কোনও দায় বহন করতে হয় না। কেবল রাজ্য সরকারের ক্ষেত্রে তার অংশটি সুদসহ ঋণ হিসাবে বিবেচিত হয়। রাজ্যের অর্থসম্পদের উপর স্বল্প-সঞ্চয় ও তার সুদ পরিশোধের বোঝা খুবই বেশি হওয়ার কথা এবং এটা ক্রমে বাড়তেই থাকবে। মূলধন ও সুদ হিসাবে কিস্তি শোধের পর স্বল্পসঞ্চয় থেকে "পরিকল্পনা সম্পদ" হিসাবে প্রাপ্তব্য নীট অর্থ বছরের পর বছর হ্রাস পেতে থাকবে এবং একটি স্তরে এসে এর থেকে আর রাজ্যের "পরিকল্পনা সম্পদ" সৃষ্টি করা যাবে না।

পুনরায় ঋণ দেওয়ার জন্য রাজ্য কর্তৃক ব্যবহার্য ঋণের (যেমন, কৃষিজীবীদের জন্য রাসায়নিক সার বাবত ঋণ এবং অন্যান্য স্বল্পমেয়াদী ঋণ) ক্ষেত্রে ঐ ঋণের টাকা প্রত্যর্পণের ব্যাপারে রাজ্য সরকারের দায়িত্ব স্বীকার্য।

নির্দিষ্ট উদ্দেশ্যে যে ঋণ দেওয়া হয় সেক্ষেত্রে বিচার্য হওয়া উচিত ঐরূপে প্রাপ্ত ঋণ অলাভজনক কাজে অথবা বিদ্যালয়, কলেজ, বিশ্ববিদ্যালয়, সড়ক, হাসপাতাল প্রভৃতি উপকারী পরিকল্পের জন্য ব্যবহৃত হচ্ছে কি না। যদি সেইরূপে ব্যবহৃত হয় তবে সেই ঋণ মূলধনী অনুদানস্বরূপে গণ্য হওয়া উচিত। কেন্দ্রের মূলধনী তহবিলের সহায়তায় যদি রাজ্য স্থায়ী সম্পদ সৃষ্টি করতে পারে তাহলে কেন্দ্রের নিজস্ব স্থায়ী সম্পদ সৃষ্টির জন্য যেভাবে মূলধনী তহবিল ব্যবহৃত হয় সেইভাবেই এই তহবিলের মূল উদ্দেশ্য সিদ্ধ হয়—কেন্দ্রের এই দৃষ্টিভঙ্গি গ্রহণ করা উচিত।

উৎপাদনমূলক পরিকল্প এবং সরকারী সংস্থায় অর্থসংস্থানের উদ্দেশ্যে প্রদত্ত ঋণ তুলনীয় হবে রাষ্ট্রীয় ক্ষেত্রের সংস্থাসমূহে কেন্দ্রীয় বিনিয়োগের সঙ্গে। ঐসব সংস্থায় যেমন লাভ হ'লে ডিভিডেণ্ড দেওয়া হয়, তেমনি রাজ্যও মুনাফা হ'লে ঋণের সুদ শোধ করবে, তবে এই ঋণ পরিশোধ সীমাবদ্ধ থাকা উচিত রাজ্য যতটা পরিমাণ ঋণ আদায় করতে পারবে সেইমত।

কেন্দ্রীয় ঋণের সুদের হার ঃ

ভারত সরকার ঘাটতি অর্থসংস্থানের দ্বারা প্রাপ্ত অর্থের একটি অংশ এবং সুলভ শর্তে প্রাপ্ত বৈদেশিক সহায়তার একটি অংশ রাজ্যগুলিকে পুরো সুদে দিয়ে থাকেন।

আমাদের প্রস্তাব হ'ল কেন্দ্রীয় ঋণের জন্য সুদের হার সংশোধিত হওয়া উচিত এবং এ ব্যাপারে ঘাটতি অর্থসংস্থান, সুলভ শর্তে বৈদেশিক সহায়তা প্রভৃতির বিষয় বিবেচনা ক'রে কেন্দ্রীয় সরকার কর্তৃক ঋণ গ্রহণের প্রকৃত ব্যয়ের হিসাব করতে হবে।

পরবর্তী অর্থকমিশনের বিবেচ্য বিষয়ের মধ্যে মূলধনী খাত ও রাজস্ব খাত উভয় ক্ষেত্রেই পরিকল্পনা-বহির্ভূত ঘাটতি নির্ধারণের বিষয়টিও থাকা দরকার এবং এ ব্যাপারে পূর্বোক্ত প্রস্তাবসমূহ বিবেচনা ক'রে তদনুসারে রাজ্যগুলিকে প্রদেয় অর্থ সম্বন্ধে সুপারিশ করা উচিত।

বাস্তুচ্যুত ব্যক্তিদের বিশেষ অনুদান সহায়তার জন্য ব্যয় ঃ

ভারতের রাজনৈতিক বিভাগের ফলে উদ্বাস্তু সমস্যার উদ্ভব হয়। ৫০ লক্ষের বেশি উদ্বাস্তু পশ্চিমবঙ্গে আসেন। ঐ বিপুলসংখ্যক ছিন্নমূল মানুষের রাজনৈতিক ও সামাজিক প্রতিক্রিয়া পশ্চিমবঙ্গ সরকারের কাছে এক বিশাল সমস্যা হয়ে দেখা দেয়। বাস্তুচ্যুত ব্যক্তিদের কিছু সুবিধা দেওয়া হলেও তা অবশ্যই পর্যাপ্ত ছিল না। পুনর্বাসনের বিষয়টিকে তথাকথিত 'অবশিষ্ট সমস্যা' হিসাবে দেখাটা অবাস্তব এবং এর ফলে বাস্তুচ্যুত ব্যক্তিদের অর্থনৈতিক পুনর্বাসনের প্রাথমিক দায়িত্বকে অস্বীকার করা হয়। তথাকথিত 'অবশিষ্ট সমস্যা' সমাধান করে এবং সামান্য প্রান্তিক সুবিধা দিয়ে পশ্চিমবঙ্গের সমগ্র পুনর্বাসন সমস্যাটির সুরাহার চিন্তা বাস্তবোচিত নয়। আমরা বাস্তুচ্যুত ব্যক্তিদের অর্থনৈতিক পুনর্বাসনের উদ্দেশ্যে একটি বৃহদাকার পরিকল্পনা প্রণয়ন করেছি। পশ্চিমবঙ্গ ও অন্যান্য যেসব রাজ্যে এখনও উদ্বাস্তু সমস্যা রয়ে গেছে তাদের জন্য বাস্তুচ্যুত ব্যক্তিদের পুনর্বাসনের প্রাথমিক দায়িত্ব সম্পন্ন করতে সংবিধানের ২৭৫(১) ধারা অনুযায়ী বিশেষ অনুদানের ব্যবস্থা পরবর্তী অর্থকমিশনের বিবেচ্য বিষয়ের অন্তর্ভুক্ত করার জন্য আমরা প্রস্তাব করতে চাই।

ত্রাণব্যবস্থার জন্য ব্যয়ঃ

প্রতি বছর খরা ও বন্যার প্রকোপের পর ত্রাণব্যবস্থার প্রয়োজন হয়। খরা ও বন্যার দরুন ত্রাণের ব্যয় মেটাতে স্বাভাবিক বাজেট বরাদ্দের টাকা অপ্রতুল। প্রাকৃতিক দুর্বিপাকের মোকাবিলায় পর্যাপ্ত অর্থের ব্যবস্থার বিষয়টি পরবর্তী অর্থকমিশনের অন্যতম বিবেচ্য বিষয় হিসাবে থাকা উচিত। যেহেতু স্বাভাবিক বাজেট বরাদ্দ থেকে এই অভাবিত ব্যয় মেটানো সম্ভব নয় তাই পরিকল্পনা ব্যয়ের দরুন কেন্দ্রীয় সহায়তা থেকে ত্রাণের ব্যয় মেটানোর নীতি অবাঞ্ছনীয়।

উপসংহারঃ

আমাদের পরিকল্পনার মূল দুটি উদ্দেশ্য হ'ল দারিদ্র্য অপসারণ এবং অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জন। আমাদের সংবিধানের নির্দেশক নীতিগুলি থেকে যে অর্থনৈতিক ও সামাজিক লক্ষ্যগুলির উদ্ভব সেগুলি চায় এমন সমাজবিন্যাস যেখানে দ্রুত অর্থনৈতিক উন্নয়ন ঘটবে এবং যে ব্যবস্থা সকলের জন্য যথোচিত জীবিকা সংস্থানের উদ্দেশ্যে কর্মনিয়োগের সুযোগ সম্প্রসারণ ও অর্থনৈতিক শক্তি পুঞ্জীভবন নিবারণ সুনিশ্চিত করবে। এর অর্থ হ'ল এই যে ভারতে পরিকল্পনার নিয়ামক ও ফলশ্রুতি হওয়া উচিত সামাজিক ন্যায়বিচার। একমাত্র দ্রুত সমাজতন্ত্রে উত্তরণের মাধ্যমে সামাজিক ন্যায়বিচারসহ অর্থনৈতিক উন্নয়ন সম্ভব।

ভাবা গিয়েছিল যে ক্রমানুসারী পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলি নিমনস্তরে জনগণের জন্য আয়ের সুযোগ সম্প্রসারিত করবে এবং উচ্চস্তরে মুষ্টিমেয় মানুষের হাতে অর্থনৈতিক শক্তির পুঞ্জীভবন নিবারণ করবে। দেখা গিয়েছে যে উন্নয়নের সুফলগুলি গ্রামাঞ্চলে, বিশেষ করে কৃষিতে অধিক শক্তিশালী অংশকে ও বেসরকারী ক্ষেত্রে বৃহৎ উৎপাদকগণকে সাহায্য করছে এবং অভিজ্ঞতাসম্পন্ন অল্পসংখ্যক ব্যবসায়ী সংস্থা লাভজনক বিনিয়োগের বেশি সুযোগ পেয়েছে। যুগ যুগব্যাপী নিশ্চলতা, অসম বণ্টনব্যবস্থা এবং সামন্ততান্ত্রিক অর্থনৈতিক সম্পর্ক সম্পূর্ণ দূর করার উদ্দেশ্যে আমরা এমন একটা পরিকল্পনা কৌশল গ্রহণ করেছি যার মধ্যে আছে খোলা-বাজার অর্থনীতির থেকে দ্রুত অপসারণ এবং সমাজতন্ত্রের অভিমুখে অর্থনৈতিক পুনর্বিন্যাস।

লক্ষ লক্ষ মানুষের দারিদ্র্য, ক্ষুধা ও দুর্দশা মোট জাতীয় উৎপাদন বৃদ্ধির আকারে অধিকতর অর্থনৈতিক উন্নয়নের দ্বারা দূর করা সম্ভব নয়। দারিদ্র্য দূরীকরণ দ্রুত অর্থনৈতিক উন্নয়নসহ বৈপ্লবিক আয় বণ্টনব্যবস্থার দাবী করে।

জাতিই দেশের সম্পদের মালিক এবং সেই জন্য সে সম্পদ সামগ্রিক স্বার্থে প্রয়োগ করতে হবে। তার অর্থ হল এই যে ফাটকাবাজি ও শোষণমূলক কার্যকলাপে সেই সম্পদ নিয়োগ বন্ধ করার জন্য দেশের অর্থনৈতিক সম্পদের উপর রাষ্ট্রের সামগ্রিক কর্তৃত্ব থাকা আবশ্যক। বীমা জাতীয়করণসহ ব্যাঙ্কের জাতীয়করণ দেশের সম্পদের একটা বড় অংশের সমাজতন্ত্রীকরণের দিকে একটা বড় পদক্ষেপ। ব্যাঙ্ক ও বীমা জাতীয়করণের ফলে সরকার ক্ষুদ্র ও সাধারণ মানুষের স্বার্থের দিকে অধিকতর মনোযোগ দিতে পেরেছেন এবং সেই সঙ্গে বিত্তমান শ্রেণীর একচেটিয়া ও শোষণমূলক কার্যকলাপও সঙ্কুচিত হয়েছে।

রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির কৃষি-সম্পর্কিত হিসাবের সংখ্যা ১৯৬৯ সালের জুন মাসের ১৬৫ থেকে বেড়ে ১৯৭৫-এর ডিসেম্বরে হয়েছিল ৩,০৩৩ এবং ১৯৬৯-এর জুনে যে কৃষি ঋণের পরিমাণ ছিল ১৬২ কোটি টাকা তা ১৯৭৫-এর ডিসেম্বরে বেড়ে হয়েছিল ৯৩৭ কোটি টাকা। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রগুলিকে প্রদত্ত ঋণ-সম্পর্কিত হিসাবের সংখ্যা ১৯৬৯ সালের জুন মাসের ২৮২ থেকে বেড়ে ১৯৭৫-এর ডিসেম্বরে ৪,১০৫ হয়েছিল আর প্রদত্ত ঋণের পরিমাণ ১৯৬৯-এর জুন মাসের ৬৪৫ কোটি টাকা থেকে বেড়ে ১৯৭৫-এর ডিসেম্বরে ৩,০৩৭ কোটি টাকা হয়েছিল। এইসব অঙ্ক থেকে স্পষ্টই বোঝা যাবে যে অর্থনৈতিক উন্নয়ন উৎসাহিত করা, কর্মনিয়োগের সুযোগ সম্প্রসারণ করা এবং কৃষি, ক্ষুদ্রশিল্প, পশুপালন ও অন্যান্য অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রে ক্ষুদ্র ও প্রান্তীয় উৎপাদকদের উৎপাদনমূলক ভিত্তি সম্প্রসারণ করার জন্য ব্যাঙ্ক জাতীয়করণ সরকারের হাতে শক্তিশালী হাতিয়ার হয়ে উঠেছে।

শোষণকারী শ্রেণী ও গোষ্ঠীগুলিকে ক্ষমতাচ্যুত করার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করতে পারলে গণদারিদ্র্য ও অর্থনৈতিক অনগ্রসরতা দূর করা সম্ভব নয়। সামাজিক ন্যায়-বিচারকে অর্থনৈতিক উন্নয়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিচালক শক্তি করে তুলতে হবে। পঞ্চম পরিকল্পনায় দারিদ্র্যের বিরুদ্ধে দ্বিমুখী আক্রমণের কার্যকৌশলের রূপরেখা দেওয়া হয়েছে; প্রথমটি হল অব্যাহত অর্থনৈতিক উন্নয়ন এবং ত্বরান্বিত গতিতে উন্নয়নের দ্বারা কর্মনিয়োগের বিরাট সুযোগ সৃষ্টি করা এবং দ্বিতীয়টি হল জীবনের উন্নততর মানের সুযোগ যাতে কম সুবিধাপ্রাপ্ত জনগণের নাগালের মধ্যে এনে দেওয়া যায় সেজন্য করব্যবস্থা ও অন্যান্য ব্যবস্থার মাধ্যমে সম্পদের পুনর্বণ্টন এবং সমাজকল্যাণ কর্মসূচি ও স্বাস্থ্য, শিক্ষা, জলসরবরাহ, যোগাযোগ ব্যবস্থা, গ্রামীণ বৈদ্যুতিকীকরণ প্রভৃতির জন্য সর্বনিম্ন প্রয়োজনভিত্তিক কর্মসূচির আকারে আয়ের পুনর্বণ্টন।

দারিদ্র্য দূরীকরণের উদ্দেশ্যে নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোর জন্য নতুন অর্থনৈতিক কর্মসূচি ও সর্বনিম্ন প্রয়োজনভিত্তিক কর্মসূচি রচিত। এইসব পরিকল্পে জোর দেওয়া হয়েছে বিশেষ করে গ্রামাঞ্চল ও অনুন্নত এলাকাগুলির দুর্বলতর ও কম সুবিধাপ্রাপ্ত শ্রেণীগুলির উপরে।

শহরের জমিসহ জোতের সর্বোচ্চ সীমা নির্ধারণের ফলে সম্পত্তি ও সম্পদের পুনর্বণ্টন হবে। আয় পুনর্বণ্টনের একটি বড় হাতিয়ার হল স্বত্বানুসারী করব্যবস্থা। জাতীয়করণ এবং সরকারী ক্ষেত্র সম্প্রসারণের মাধ্যমে উৎপাদনের উপায়ের উপর অধিকতর কর্তৃত্ব স্থাপনও সম্পদ ও আয় পুনর্বণ্টনের জন্য ও মুষ্টিমেয় মানুষের হাতে অর্থনৈতিক ক্ষমতা পুঞ্জীভবন নিবারণের জন্য হাতিয়ার হয়ে উঠেছে। সমবায় স্থাপন এবং ব্যক্তিগত ব্যবসায় নিয়ন্ত্রণকারী বিভিন্ন রাজস্বঘটিত ও সংস্থাগত পরিবর্তনের ফলে শোষণ ও পরজীবিতার ক্রমিক অবলোপ সম্ভব হবে।

কয়লা শিল্পের জাতীয়করণ, ফুড কর্পোরেশন অফ ইণ্ডিয়া, জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া, ইণ্ডাষ্ট্রীয়াল রিফাইনান্স অব ইণ্ডিয়া, ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন ও টি ট্রেডিং কর্পোরেশন গঠন, চা-বাগিচা, রুগ্না সুতাকল ও অন্যান্য রুগ্না কারখানা, রুগ্না চটকল ও অন্যান্য রুগ্না ইউনিট অধিগ্রহণ এবং সরকারী বণ্টনব্যবস্থার ক্রমিক সম্প্রসারণ, উৎপাদনের উপায় অনেকগুলি ক্ষেত্রে সমাজতন্ত্রীকরণে এবং আমাদের অর্থনীতির উপর সুবিধাপ্রাপ্ত শ্রেণীর কর্তৃত্ব অবসানে সহায়তা করেছে। আয়কর, উত্তরাধিকারকর, মূলধনীলাভকর ও সম্পদকরের হার বেশী বৃদ্ধি পাওয়ায় কিছুসংখ্যক লোকের হাতে সম্পদ ও আয় পুঞ্জীভবন ক্রমশ হ্রাস পাবে।

বেসরকারী ক্ষেত্র ও সরকারী ক্ষেত্র পাশাপাশি বিদ্যমান হলেও বেসরকারী ক্ষেত্রকে সরকারের সামগ্রিক নিয়ন্ত্রণাধীনে কাজ করতে হবে। সাধারণ জনগণের স্বার্থের বিনিময়ে নিজেদের সমৃদ্ধ করে তোলার যে ক্ষমতা বেসরকারী ক্ষেত্রের আছে রাষ্ট্রীয় হস্তক্ষেপের ফলে তা বহুলাংশে সঙ্কুচিত হয়েছে। বেসরকারী ক্ষেত্র শ্রমজীবী জনগণের বিরুদ্ধে শোষণমূলক প্রয়াস যাতে তীব্র করে তুলতে না পারে সেজন্য নিবারণমূলক শ্রম আইন আছে।

চোরাকারবারী, কবফাঁকিদাতা, মুনাফাখোর ও মজুতদারদের বিরুদ্ধে বর্তমানের তীব্র অভিযান এবং অন্যান্য অর্থনৈতিক ব্যবস্থা দেশের প্রতিক্রিয়াশীল অংশের মনে এই সন্দেহের অবকাশ রাখে নি যে, সরকার দেশকে সমাজতন্ত্রের লক্ষ্যে দ্রুত নিয়ে যেতে বদ্ধপরিকর। এই সরকার যে প্রতিশ্রুতি দিয়েছেন তা রক্ষা করতে চান।

সুষম বণ্টন প্রয়োজনীয়, কিন্তু জনগণের জীবনধারণের মান উন্নত করার জন্য বেশী উৎপাদন সবিশেষ গুরুত্বপূর্ণ। আমরা কি পরিমাণে জাতির কার্যক্ষম লোকের কাজ ও জীবিকার ব্যবস্থা করে দিতে পারি, তার উপর পরিকল্পনার সাফল্য নির্ভর করবে। ভারতের মত অনুন্নত দেশগুলির সমস্যা এই যে, আমরা আমাদের জনগণের সকলের জন্য উচ্চতর জীবনযাপন মানের প্রয়োজন অনুসারে যথোচিত উৎপাদন করতে পারি না। একমাত্র দ্রুত অর্থনৈতিক উন্নয়ন, বিশেষ করে কৃষি, সেচ, বিদ্যুৎ, গৃহনির্মাণ, পশুপালন, ক্ষুদ্র, মাঝারি ও বড়শিল্প এবং পরিবহন প্রভৃতি ক্ষেত্রে যথোচিত কর্মনিয়োগের সুযোগ সৃষ্টি করতে পারে। আমাদের অর্থনীতির যেসব ক্ষেত্র গ্রামীণ অর্থনীতিকে বহুমুখী করায় এবং উৎপাদনশীলতাকে আরও বেশী উচ্চতর স্তরে উন্নীত করায় সহায়তা করবে, সেসব ক্ষেত্রে পঞ্চম পরিকল্পনায় সর্বাধিক অগ্রাধিকার দেওয়া হয়েছে।

গ্রামীণ সমৃদ্ধির উদ্দেশ্যে সুসংহত গ্রামীণ উন্নয়নের জন্য প্রযুক্তি বিজ্ঞানকে আমাদের গ্রামে নিয়ে যেতে হবে। কৃষি উপকরণ ও নতুন প্রযুক্তি বিজ্ঞানসহ কৃষিব্যবস্থার নিবিড়ীকরণ ও বহুমুখীকরণ একাধিক ফসল উৎপাদনে সহায়তা ক'রে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের আয় যথেষ্ট বাড়াতে পারে।

পঞ্চম পরিকল্পনায় উদ্দিষ্ট পার্বত্য এলাকার আদিবাসী জনগণের জন্য বিভিন্নমুখী উন্নয়ন কর্মসূচি ও অনগ্রসর এলাকাগুলির জন্য উন্নয়ন কর্মসূচিসহ অনুরূপ নিবিড় কৃষি পরিকল্প গ্রহণ, অনগ্রসর ও আদিবাসী এলাকাগুলিতে বসবাসকারী গ্রামীণ জনগণের দরিদ্রতম অংশ-গুলির আয় বৃদ্ধিতে অনেকখানি সহায়তা করবে। পঞ্চম পরিকল্পনায় শিল্পকে বাড়িয়ে দেওয়ার এবং ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে প্রযুক্তির ক্রমান্বয় অগ্রগতির ফলে উৎপাদনমূলক কাজের এবং সাধারণ মানুষের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে।

নিজেদের জীবন পুনর্গঠনের জন্য জনগণের মধ্যে নতুন ও তীব্র আকাঙ্ক্ষা দেখা দিয়েছে। এই সচেতনতা, এই ভেঙে-ফেলা কিংবা পুনর্নির্মাণের শক্তিবোধ আজকের উদীয়মান প্রজন্মের বৈশিষ্ট্য।

আমরা উন্নয়নের যে পথ বেছে নিয়েছি সে পথ হল যুক্তি ও বোঝাবুঝির পথ। আমরা যদি সফল হই, যুক্তি সফল হবে, এবং আমরা যদি ব্যর্থ হই, তাহলে বুঝিয়ে বলার ক্ষমতা এবং অন্যের মত মেনে নেওয়ার ক্ষমতাও ব্যর্থ হবে।

শান্তিপূর্ণ সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তনসাধনের হাতিয়াররূপে আমরা ইতিহাস কর্তৃক নির্বাচিত হয়েছি বলে আমাদের পরবর্তী প্রজন্মের কাছে আমাদের বর্তমান প্রজন্মের একটা বিশেষ দায়িত্ব আছে। যে-কোনও কারণেই হোক আমরা নিজদিগকে যদি পরাজিত হতে দিই, তাহলে আমাদের সরিয়ে দিয়ে অধিকতর শক্তিশালী লোক এসে অর্থনৈতিক, সামাজিক বিপ্লবকে সাফল্যে সমুত্তীর্ণ করবেন।

উন্নতিশীল দেশে আমাদের বেঁচে থাকার জন্য খাদ্যে ও কাঁচামালে স্বয়ম্ভরতা গুরুত্বপূর্ণ। খাদ্যে ও কাঁচামালে স্বয়ম্ভরতা অর্জনের একটি বিশেষ উপায় হল কৃষিক্ষেত্রে দ্রুত উন্নয়ন। কিন্তু স্বয়ম্ভরতা অর্জন ও দারিদ্র্য অবসানের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণ। বর্তমানের মত বিস্ফোরণমূলক হারে যদি জনসংখ্যা বৃদ্ধি পায় তাহলে আমাদের প্রতি বছর প্রায় ১ কোটি ৩০ লক্ষ অতিরিক্ত লোকের অতিরিক্ত খাদ্য, অতিরিক্ত বস্ত্র, স্কুল-কলেজে অতিরিক্ত আসন এবং হাসপাতালে অতিরিক্ত চিকিৎসা ব্যবস্থা করতে হবে।

আমাদের অর্থনৈতিক উন্নয়নের উপর জনসংখ্যা বৃদ্ধির চাপ উপেক্ষা করা যায় না এবং এ পর্যন্ত আমরা জন্মনিয়ন্ত্রণের যে কার্যসূচি নিয়েছি তার চেয়ে অনেক ব্যাপক জন্মনিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা কর্মনীতির প্রয়োজন আর অবহেলা করা চলে না। আমরা বুঝিয়ে বলার নীতি এবং স্বেচ্ছামূলক সাড়ার কর্মনীতি গ্রহণে প্রতিশ্রুত ব'লে আমাদের প্রয়াসের ফলাফল দেখার জন্য প্রতীক্ষা করে থাকা আরও বেশী প্রয়োজন।

খাদ্যশস্য আমদানী করে আমরা আমাদের খাদ্যের প্রয়োজন মেটাতে পেরেছি। আমদানি করা খাদ্যের উপর আমাদের নির্ভরতা আমাদের অন্যান্য দেশের করুণার পাত্র করে তুলবে। বেঁচে থাকার জন্য উন্নয়নশীল অর্থনীতিতে খাদ্য ও কাঁচামালে স্বয়ম্ভরতা গুরুত্বপূর্ণ। ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য যদি আমরা যথেষ্ট খাদ্য ও অন্যান্য পণ্য উৎপাদন করতে না পারি তাহলে আন্তর্জাতিক বাজার থেকে চড়া দামে ও অন্যের নির্দেশিত মূল্যে আমরা খাদ্যশস্য ও অন্যান্য কাঁচামাল কিনতে বাধ্য হব এবং সেই সঙ্গে মুদ্রাস্ফীতি আমদানি করবো। মুদ্রাস্ফীতি দারিদ্র্য অপসারণ লক্ষ্যের বিপরীতমুখী। দ্রুত অর্থনৈতিক উন্নয়নের জন্য মূল্যের স্থিতিশীলতা গুরুত্বপূর্ণ।

যে রপ্তানি বাণিজ্য দিয়ে আমদানির মূল্য শোধ করা হয়, সেই রপ্তানি বাণিজ্যের ক্ষমতা বৃদ্ধি করে এবং সঞ্চয় ক্ষমতা বাড়িয়ে আমাদের দেশের লক্ষ লক্ষ মানুষের জীবনযাপনের পক্ষে প্রয়োজনীয় উন্নতিসাধনের উদ্দেশ্যে আমরা কি পরিমাণে অর্থনৈতিক উন্নয়নের জন্য বিনিয়োগ করতে পরবো তার উপর আমাদের পরিকল্পনার সাফল্য নির্ভর করবে।

শিক্ষা হ'ল মানুষের ক্ষেত্রে বিনিয়োগস্বরূপ। সমস্ত শ্রেণীর জনগণের জন্য সাধারণ শিক্ষা এবং প্রশিক্ষণ ও দক্ষতাদানকারী কারিগরি শিক্ষার ব্যাপক সম্প্রসারণ চূড়ান্ত বিশ্লেষণে শক্তিশালী সমতা বিধানকারী হিসাবে কাজ করবে এবং জন্ম ও ঘটনাচক্র থেকে উদ্ভূত অন্তরায় দূর করবে। একমাত্র শিক্ষার ব্যাপক সম্প্রসারণের দ্বারাই সমান সুযোগ দান এবং ঊর্ধ্বমুখী গতিশীলতা সম্পন্ন করা সম্ভব। তাই আমরা ১৯৭৭-৭৮-এর জন্য শিক্ষাখাতে ১৩৪ কোটি ৯০ লক্ষ টাকার মত বিরাট অঙ্কের বিনিয়োগের ব্যবস্থা রেখেছি। তফশিলী সম্প্রদায় ও তফশিলী আদিবাসীদের শিক্ষাগত ও অর্থনৈতিক উন্নয়নের জন্য বিশেষ কর্মসূচি এঁদের অধিকতর কর্মসংস্থান সুনিশ্চিত করবে। এর ফলে ক্ষুদ্র মানুষের অর্থনৈতিক ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পাবে এবং সমাজের সকল শ্রেণীর মধ্যে জাতীয় জীবনে অংশগ্রহণ ও সংযুক্তির মনোভাব সৃষ্টি করবে।

দেশে যে সামাজিক পরিবর্তনের কাজ চলছে আজকের অস্থিরতা তারই পরিসূচক। সুতরাং বোঝাপড়ার মনোভাব নিয়ে ও সহিষ্ণুতার সঙ্গে তার মোকাবিলা করতে হবে। উন্নয়নের কাজ চলার সময় কোনও মূল্য না দিয়ে, কিছু কিছু বিকৃতি না ঘটিয়ে এবং অসাম্য সৃষ্টি না করে কোথাও কোনও উন্নয়নকার্য সম্পন্ন হয়নি। কিন্তু এই পদ্ধতিকে যুক্তি ও মানবতা দিয়ে সহনশীল করা, মাপা ও পূর্বপরিকল্পিত পদক্ষেপের দ্বারা ক্রমভঙ্গ করা, এর বিচ্যুতি নিয়ন্ত্রিত করা এবং এর কর্মমুখর ও বিপজ্জনক পদ্ধতির উপর শৃংখলা আরোপ করা সম্ভব।

উৎপাদন বাড়ানো এবং অসাম্য হ্রাসের লক্ষ্যের দিকে আমাদের পরিবর্তনের গতি দ্রুত করার জন্য আমাদের সর্বশক্তি নিয়োগ করতে হবে। সমাজতন্ত্র ও সামাজিক ন্যায়বিচারের দিকে আমাদের অগ্রগতির পথে বহু বাধা ও অসুবিধার সম্মুখীন হতে হবে। কিন্তু আমরা যদি আমাদের শ্রমজীবী জনগণের অবস্থার উন্নতি না করতে পারি এবং তাঁদের যদি উন্নততর জীবন-যাপন মানের অধিকারী না করতে পারি তাহলে আমাদের দেশের গণতান্ত্রিক কাঠামো বিপদের সম্মুখীন হবে। যে সমাজব্যবস্থায় বহুসংখ্যক মানুষ ক্ষুধা ও বেকারত্বে ভোগে সে সমাজব্যবস্থা দীর্ঘদিন টিকতে পারে না। শূন্য উদরের দ্বারা রাজনৈতিক স্থায়িত্বের পুষ্টিসাধন সম্ভব নয়।

সুতরাং দারিদ্র্য ও বেকারির দ্বৈত সমস্যার বিরুদ্ধে সংগ্রামের জন্য সুসংহত ও দৃঢ় সংকল্প প্রয়াস করতে হবে। এই কাজে আমাদের সফল হতেই হবে। একদিকে আমাদের সাফল্য শান্তিপূর্ণ পরিবর্তন আনতে পারে, অপরদিকে আমাদের ব্যর্থতা গণতন্ত্রে এবং আমাদের সমাজের বুনিয়াদী মূল্যবোধে জনগণের আস্থা বিপন্ন করতে পারে। এই ঐতিহাসিক সময়ে আমাদের দ্বিধাগ্রস্ত হবার কিংবা ব্যর্থ হবার অবকাশ নেই। জনগণের ক্ষমতায় আমাদের অটুট আস্থা আছে। আমাদের স্বপ্নের ভারত সৃষ্টিতে কোনকিছুই বাধা দিতে পারবে না। এই দায়িত্ব বিরাট এবং একটা চ্যালেঞ্জবিশেষ। যে সমাজতন্ত্রের লক্ষ্য দুর্দমনীয় এবং অভ্রান্তভাবে আমাদের আকর্ষণ করছে অদম্য সাহস অবলম্বন করে সেই অভীষ্টে আমাদের পৌঁছতে হবে।

পশ্চিমবঙ্গ বাজেট—১৯৭৭-৭৮

(হাজার টাকার হিসাব)

	প্রকৃত ১৯৭৫-৭৬	সংশোধিত ১৯৭৬-৭৭	বাজেট ১৯৭৭-৭৮
আদায়			
প্রারম্ভিক তহবিল ---	৭,০০,৮১	---৭,২৬,৭৩	---৬,৯৩,৬০
রাজস্ব আদায় ---	৫,৬২,৩৫,৫৭	৬,৩৮,৭৯,৮৪	৭,২৬,২৯,৭৫
ঋণ খাতে আদায়---			
ঋণ --- ---	২,৫২,১৭,০১	৩,৪৪,৯৪,৪১	৩,৫৮,৭৮,৩২
সম্ভাব্য তহবিল ও সরকারী হিসাব থেকে আদায়	৮,৯৮,০৫,৭৪	১১,৩৫,৫৫,৫১	১১,৫৪,৬১,৫৮
মোট---	১৭,১৯,৫৯,১৩	২১,১২,০৩,০৩	২২,৩২,৭৬,০৫
ব্যয়			
রাজস্ব খাতে ব্যয় ---	৫,৪৩,৯৩,৪০	৬,১৩,৮১,২৬	৬,৮৩,৩৮,৬০
মূলধন খাতে ব্যয় ---	৫৫,০৩,১৯	৮৩,৭৪,৩৪	৯৭,৪৩,৭৮
ঋণ খাতে ব্যয়---			
ঋণ --- ---	২,৩৪,৮৯,৯৭	৩,০৭,৬২,০৬	৩,১৪,৭৮,৫০
সম্ভাব্য তহবিল ও সরকারী হিসাব থেকে ব্যয়	৮,৯২,৯৯,৩০	১১,১৩,৭৮,৯৭	১১,৩৩,১৩,৮৬
সমাপ্তি তহবিল ---	---৭,২৬,৭৩	---৬,৯৩,৬০	+৪,০১,৩১
মোট---	১৭,১৯,৫৯,১৩	২১,১২,০৩,০৩	২২,৩২,৭৬,০৫
নীট ফল---			
উদ্বৃত্ত (+)			
ঘাটতি (---)			
(ক) রাজস্ব খাতে ---	+১৮,৪২,১৭	+২৪,৯৮,৫৮	+৪২,৯১,১৫
(খ) রাজস্ব খাতের বাইরে	---৩২,৬৯,৭১	---২৪,৬৫,৪৫	---৩১,৯৬,২৪
(গ) প্রারম্ভিক তহবিল বাদে নীট	---১৪,২৭,৫৪	+৩৩,১৩	+১০,৯৪,৯১
(ঘ) প্রারম্ভিক তহবিল সহ নীট	---৭,২৬,৭৩	---৬,৯৩,৬০	+৪,০১,৩১

[2-20—2-30 p.m.]

Dr. Gopal Das Nag : Mr. Speaker, Sir, I take this opportunity to make certain announcement which I hope will be welcomed to all members of this House.

The question of relief in the matter of taxation of agricultural sector, particularly as regards land revenue paid by the raiyats has been under consideration of the Government for sometime. I am happy to announce that it has been decided that the rates of land revenue will be revised with effect from the 1st day of Baishak, 1384 B.S. in the following manner :

(a) Exemption of family holdings upto 3 acres from payment of land revenue will continue.

(b) For family holdings of more than 3 acres in irrigated areas, instead of three times of the rate of land revenue existing in 1969, land revenue will be charged at one and half times only. In non-irrigated areas the rate of land revenue will be reduced to what it was in 1969. With effect from the ensuing year the exemption limit for agricultural income tax is proposed to be reduced to Rs. 8,000/- from Rs. 3,000/- as at present. Necessary statutory measures for the above purposes are proposed to be effected shortly.

It is also proposed to effect some changes in sales tax and entry tax (Octroi). The rate of sales tax on non-cotton yarn other than coir yarn is proposed to be reduced from 3% to 1%, silk yarn being already exempted earlier. It is also proposed to exempt entry tax on all kinds of yarn except woolen yarn ; in case of woolen yarn the entry tax will be reduced from 1 percent to $\frac{1}{2}$ percent ad valorem. These measures will overcome the disadvantages faced by the yarn industry in the State where there are no units manufacturing non-cotton fibres ; these steps will also ultimately help the weaving industry in the State.

The rate of sales tax on paper board and straw board of all varieties is proposed to be reduced from 8% to 3% in order to give relief to converters making packing materials in West Bengal. This will also help the paper board and straw board industries in the State. The rate of sales tax on mopeds and motorized cycle rickshaws is proposed to be reduced to 7%. In order to extend relief to the weaker sections of the society and to give a fillip to the garment trade, the exemption limit in respect of sales on ready made garments is proposed to be reduced from Rs. 10.00 per piece to Rs. 25.00 per piece. In the area of prenominently cottage industries, manufacture utensils made wholly or partly of clay : all varieties of combs and bangles made of plastic, celluloid and rubber ; paped and honey are proposed to be exempted from sales tax. In order to accord relief to agarbatti manufacturing industry in the State a large number of which is in the cottage and small sector, the rate of sales tax on agarbatti is proposed to be reduced from 15 percent to

4 percent and at the same time sales of semi-finished agarbatti sticks when s to manufacturers of agarbatti are proposed to be charged to sales tax at t concessional rate of 2 percent.

The dates of giving effect to these changes in sales tax and entry tax wil be notified shortly through relevant notifications under the statutes.

Mr. Speaker, Sir, it is under consideration of the Government how fa the irrigation rate for the service for agricultural purposes can be reduced I think we will be able to make the announcement within this session o the House.

Mr. Speaker : Copies of the statement will be supplied to the honourabl members.

Mr. Speaker : I now call upon the Chief Minister to make a statement.

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা সকলেই জানেন যে আমাদের সরকার গঠন হবার পর থেকে আমরা সরকারী কর্মচারীদের ডি-এ নিয়ে খুবই চিন্তিত ছিলাম। ১৯৭২ সালে আমাদের সরকার যখন গঠিত হয় তখন প্রকৃত উত্তরাধিকার-স্বরূপ আমরা একটা দেউলিয়া সরকার পেয়েছিলাম, যার ফলে আমরা প্রথম দু' বছর কোন রকম ডি-এ দিতে পারি নি। আমরা যখন সরকারে আসি তখন মোটামুটিভাবে চতুর্থ শ্রেণীর কর্মচারীরা মাত্র ৭ টাকা ডি-এ মাসে পেতেন, তৃতীয় শ্রেণীর কর্মচারীরা মাসে মাত্র ৮ টাকা পেতেন, দ্বিতীয় শ্রেণীর কর্মচারীরা মাসে মাত্র ১০ টাকা পেতেন, আর প্রথম শ্রেণীর কর্মচারীরা মোটামুটিভাবে মাসে ১৫ টাকা পেতেন। ১৯৭৪ সালে আমরা প্রথম মাসে ২৪ টাকা ডি-এ বাড়াই ৮ টাকা, ৮ টাকা, ৮ টাকা এই তিনটি ডোজে বাড়ানো হয়, এটা শুধু কর্মচারী নয়, শিক্ষক ইত্যাদি সকলেই পেয়েছেন। ১৯৭৫ সালে ১৬ টাকা বাড়াই। ১৯৭৬ সালে আবার ১৬ টাকা, ৮ টাকা, ৮ টাকা এই দুই ডোজে বাড়ানো হয়। ১৮৭৪-৭৫-৭৬ সালে আমাদের অবস্থা ভাল হবার ফলে, এখানে জনগণের সমর্থনে স্থায়িত্ব আনার ফলে, অর্থনৈতিক অগ্রগতি হবার ফলে পশ্চিমবঙ্গ সরকার এটা দিতে পেরেছেন---৫৬ টাকা সবসুদ্ধ দিতে পেরেছিলাম। আমরা আসার পরে সকলকে ৫৬ টাকা দিতে পেরেছি। আমরা বরাবর বলে এসেছি এটা যথেষ্ট নয়, কেন্দ্রীয় হারের থেকে অত্যন্ত কম। আমাদের কংগ্রেসের এম এল এ-রা অনেকেই আমার কাছে বলেছেন এটার একটা কিছু বদল করা দরকার। আমাদের আর্থিক অবস্থার ভিতর থেকে যতটা বেশী করতে পারা যায় তাই করেছি। এর সঙ্গে আমরা আর কতকগুলি জিনিস করব সেটা এখানে জানিয়ে দিচ্ছি। আমরা প্রস্তাব করছি ৮ টাকা, ৮ টাকা, ৮ টাকা এই তিন ডোজে মোট ২৪ টাকা---আমাদের আগে অর্থ ছিল না তাই দিতে পারি নি, এখন খানিকটা সমর্থ হয়েছি বলেই দিতে পারছি---১লা মার্চ ১৯৭৭ সাল থেকে এটা কার্যকরী হবে। এটা ভালভাবে রেকর্ড করার জন্য ইংরাজীতে বলছি।

I have great pleasure in announcing the following :

(1) All Government employees will draw an additional dearness allowance at the rate of Rs. 24/- p.m. with effect from 1.3.77. Government servant on at the existing rates will be admissible to local bodies if the local bodies decide to give dearness allowance at this rate for their employees.

All employees of schools, non-teaching employees of colleges and universities will also be entitled to this dearness allowance with effect from 1.3.77. This dearness allowance will not be admissible to teachers of colleges and universities because they have already come under the purview of University Grant Award.

(2) All pensioners drawing pension upto Rs. 675/- p.m. will get an ad-hoc increase at the rate of 10% of their pension subject to a minimum of Rs. 15/- per month. There will be marginal adjustments for pensioners drawing pension upto Rs. 743/- p.m.

We are giving the maximum that we can having regard to our resources. It is, however, our intention to give dearness allowance at the Central Government rates to all classes of employees. For this purpose we are moving the Central Government to allocate the requisite funds that will be necessary for the purpose and we hope and trust that the Central Government will respond favourably.

আমরা কেন্দ্রীয় সরকারের কাছে একটি অনুরোধ রাখছি। সেই অনুরোধটা হল---এই যে ডি-এ আমরা দিলাম এর খানিকটা ডিপোজিট থেকে যাচ্ছে---এই আইনটা বদলে যাতে ডিপোজিট না থাকে পুরোপুরি সরকারী কর্মচারীরা পান তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করছি। আমাদের আশা এবং বিশ্বাস এখন যাঁরা কেন্দ্রীয় সরকার গঠন করেছেন তাঁরা নিশ্চয় আমাদের সঙ্গে সহযোগিতা করবেন এবং আমরা যে অনুরোধ করছি সেই অনুরোধ তাঁরা যেন মেনে নেবেন এবং সরকারী কর্মচারীদের তাতে আর কোন অসুবিধা হবে না।

[2-30—2-32 p.m.]

Resignation of Memberships

Mr. Speaker : I have to make an announcement.

(1) Shri Prafulla Chandra Sen, M.L.A. and Shri Bijoy Singh Nahar, M.L.A. elected to the West Bengal Legislative Assembly from 183-Arambagh Constituency and 133-Bowbazar Constituency respectively, have, by writing under their hands addressed to the Speaker of the West Bengal Legislative Assembly, resigned their membership of the West Bengal Legislative Assembly and their resignations have been accepted by me with effect from the 23rd March, 1977.

(2) Also Shri Ananda Gopal Mukherjee, M.L.A. elected to the West Bengal Legislative Assembly from 251-Durgapur Constituency, has, by writing under his hand, addressed to the Speaker of the West Bengal Legislative Assembly, resigned his membership of the West Bengal Legislative Assembly, and his resignation has been accepted by me with effect from the 24th March, 1977.

Seventeenth Report of the Business Advisory Committee

The Chairman (Mr. Speaker) : I beg to present the Seventeenth Report of the Business Advisory Committee which at its meeting held on the 24th March, 1977, in my chamber considered the question of allocation of dates and time for the disposal of Legislative Business and recommended as follows :—

Saturday	26.3.77	...	(i) Motion for a Vote on Account.
			(ii) Presentation of Supplementary Estimates for 1976-77.
			(iii) Laying of Ordinances, Rules, Reports etc.
Monday	28.3.77	...	(i) Discussion and Voting on Account. ... 2 hours.
			(ii) Discussion and Voting on Supplementary Estimates for 1976-77. ... 2 hours.
Tuesday	29.3.77	...	(i) The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1977 (Introduction, Consideration and Passing). ... 2 hours.
			(ii) The West Bengal Appropriation Bill, 1977. (Introduction, Consideration and Passing). ... 2 hours.
Wednesday	30.3.77	..	Discussion on Governor's Address. ... 4 hours.
Thursday	31.3.77	..	Discussion on Governor's Address ... 4 hours.

The Minister-in-Charge of Parliamentary Affairs may now move for its acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Seventeenth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was adopted.

Adjournment

The House was then adjourned at 2.32 p.m. till 1 p.m. on Saturday, the 26th March, 1977.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Saturday, the 26th March, 1977, at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 135 Members.

Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m.]

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

Motion for a Vote on Account

Dr. Gopal Das Nag : Sir, I made clear in my speech yesterday by presenting the Budget for West Bengal for the financial year 1977-78 that the time at our disposal was not sufficient to obtain within the current financial year vote of the Legislature on the Demands for all the grants for 1977-78 and therefore, I propose to take the Vote on Account under Article 206 of the constitution to enable the Government to carry on for a period of about three months. I, therefore, lay before the House a statement containing details of Vote on Account for 1977-78. I beg to move that the House consider the proposal for obtaining a Vote on Account for a sum not exceeding Rs. 2,94,27,69,000/- of which voted items amount to Rs. 2,20,90,75,000/- and the Charged items Rs. 73,36,94,000/- and agree to it.

Mr. Deputy Speaker : As per programme already circulated the discussion and voting on account will be taken up on Monday, the 28th March, 1977.

As the honourable members have already been informed as notified in Bulletin Pt. II, dated the 25th March, 1977 (Item No. 1415) the latest time for receipt of notices of motions for reduction is upto 2 p.m. on the 26th March, 1977.

Dr. Gopal Das Nag : May now please move the motion for supplementary Estimates for the year 1976-77.

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আলোচনা শুরু হোক, আমরা অংশগ্রহণ করবো। একটা বিষয় আপনার প্রতি এবং ট্রেজারী বেঞ্চের মাননীয় সদস্যদের প্রতি এবং সমগ্র হাউসের সদস্যদের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং বিশেষ করে আপনারও দৃষ্টি আকর্ষণ করছি। বিধানসভা ভবনে—এই এ্যাসেম্বলি সেক্রেটারিয়েটে অনেক প্রবীণ কর্মচারী যাঁরা আছেন, তাঁরা অনেক সুপারসিডেড হয়েছেন এবং রিসেন্টলি কতকগুলো প্রমোশন হয়েছে—হয়তো এইগুলো

আপনি জানেন কিনা জানি না---কিন্তু এর ফলে কর্মচারীদের মধ্যে, যাঁরা অনুগত কর্মচারী, তাঁদের মধ্যে দারুণ বিক্ষোভ এবং হতাশা দেখা দিয়েছে। বিধানসভার কর্মচারীদের মধ্যে আপনি ওতপ্রোতভাবে জড়িত, সেই জন্য আপনার কাছ থেকে এই বিষয়ে কিছু জানতে চাই। কারণ কর্মচারীরা ক্ষুব্ধ হয়েছেন, কারণ বহু এ্যাপয়েণ্টমেণ্ট হয়েছে, প্রমোশন হয়েছে, সিনিয়ার মোস্ট যাঁরা এবং যাঁদের সুনাম এবং দক্ষতা সম্বন্ধে আমাদের অন্ততঃ জানা আছে। আমি তাঁদের নাম করতে চাই না, তাঁরা প্রত্যেকে সুপারসিডেড হয়েছেন। এই নিয়ে তাঁদের মধ্যে দারুণ বিক্ষোভ দেখা দিয়েছে। এই বিষয়ে বিচার করা একান্ত প্রয়োজন।

শ্রীমতি ইলা মিত্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কাছেও এই খবর এসেছে, যদিও আমি এখনও খুঁটিয়ে দেখার সময় পাইনি---আমাদের এই এ্যাসেম্বলিতে অনেক জুনিয়ার স্টাফকে সিনিয়ার করে দেওয়া হয়েছে এবং যাদের সিনিয়ার হবার কথা ছিল, তাদের জুনিয়ার করে দেওয়া হয়েছে। এটা অনুসন্ধান করবার জন্য এবং যাতে তাদের যথাযোগ্য মর্যাদায় প্রতিষ্ঠিত করা হয়, সেটা একটু দেখবেন, কারণ তাদের মধ্যে একটা অসন্তোষ সৃষ্টি হয়েছে।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানসভায় আসার সময় শুনতে পেলাম, অনেক প্রবীণ এবং অভিজ্ঞ কর্মচারী থাকা সত্ত্বেও কতকগুলো নতুন কর্মচারী, যাদের প্রমোশন দেওয়া হয়েছে, এর ফলে বিধানসভার কর্মচারীদের মধ্যে দারুণ বিক্ষোভ দেখা দিয়েছে। যতটুকু জানতে পারলাম, বিধানসভার ইতিহাসে এটাই প্রথম। কাজেই এটা সম্বন্ধে অনুসন্ধান করার জন্য অনুরোধ জানাচ্ছি।

মিঃ ডেপুটি স্পীকার ঃ আজকে মাননীয় সদস্য, যাঁরা এই কথা বললেন---আজকে স্পীকার মহাশয় নেই, সোমবার স্পীকার মহাশয় আসবেন, এটা সেক্রেটারিয়েটের ব্যাপার। আমি আপনাদের কাছে অনুরোধ করবো, এই সম্বন্ধে তাঁর চেম্বারে তাঁর সঙ্গে বসে কথা বলবেন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্পীকারের পক্ষ থেকে তো আপনি বলতে পারেন, আশ্বাস দিতে পারেন।

Supplementary Estimates for 1976-77

Dr. Gopal Das Nag : Sir, in terms of Article 205 of the constitution I lay before the House a statement showing the estimates Supplementary Expenditure for the year 1976-77 amounting to Rs. 214.12 crores of which the voted items account for Rs. 111.16 crores and the charged items Rs. 102.96 crores.

In the booklet 'Demands for Supplementary Grants, 1976-77' circulated to the honourable members, details of the Supplementary estimates and the reasons thereof have been given. Here, I would mention only a few salient points with regard to Demands for Supplementary Grants for the current year. The charged expenditure amounting to Rs. 102.96 crores includes inter alia Rs. 79.89 crores for clearance of temporary ways and means advances taken from time to time from the Reserve Bank of India during the current year

and which have also been repaid during the year. Under the gross voting system these advances have to be exhibited in the accounts although all these amounts were cleared and the net transaction during the year under this head is nil. The voted items aggregate to Rs. 111.16 crores. Particulars of some of the voted items are briefly indicated below :—

There has been an increase of expenditure in respect of developmental schemes, Centrally assisted State Plan Schemes, Centrally sponsored Schemes and Central Sector Schemes as detailed below :—

(In crores of Rupees)

	Budget (1976-77)	Revised (1976-77)	Difference Excess (+) Less (−)
1. State Annual Plan	232.14	245.42	+13.28
2. Centrally assisted State Plan Schemes	3.21	4.79	+ 1.58
3. Centrally Sponsored Schemes	19.13	33.41	+14.28
4. Central Sector Schemes	3.77	4.76	+ 0.99

The total comes to Rs. 30.13 crores.

(a) The considerable increase in the State Plan from Rs. 232.14 crores to Rs. 245.42 crores in the revised estimate was possible through massive resource mobilisation by the State.

[1-10—1-20 p.m.]

(a) The increase in the developmental expenditure in respect of schemes mentioned in Items (ii), (iii) & (iv) above has been matched by increased Central assistance.

(b) An additional expenditure of Rs. 5.95 crores has to be incurred for large scale relief measures.

(c) An additional provision of Rs. 4.15 crores is necessary for purchase, management operation of Calcutta Tramways Co. Ltd.

(d) An additional provision of Rs. 10.77 crores is necessary for meeting larger establishment charges in respect of hospitals and health centres and also for meeting increased cost of medicines, equipments etc.

(e) An additional provision of Rs. 7.54 crores is necessary for payment of loans to the West Bengal State Co-operative Bank for purchase and distribution of fertilizer, seeds, pesticides etc.

(f) An additional provision of Rs. 6.18 crores is necessary for giving larger loan aid to the State Transport Corporations.

(g) An additional provision of Rs. 4.40 crores is necessary in connection with constructional works of the Public Works Department.

(h) An additional provision of Rs. 2.45 crores is necessary for payment of larger pensionary charges and other retirement benefits.

Mr. Deputy Speaker : With reference to the Supplementary Estimates for the year, 1976-77, presented today, it is notified for the information of the Members that 10-30 A.M. on Monday the 28th March, 1977, has been fixed as the latest time for receipt of notices of motions for reduction of the amount. The discussion and voting on the Supplementary Estimates will be taken up on the same day, i.e., the 28th March, 1977.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার একটি বিশেষ ব্যাপারের প্রতি আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। সারা ভারতবর্ষের রাজনৈতিক বন্দীদের মুক্তির পটভূমিকায় দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলার বিভিন্ন জেলে যে সমস্ত নকশাল বন্দীরা আছেন তাঁদের অবিলম্বে মুক্তি এবং মুক্তিসাপেক্ষে জামিন দেওয়ার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি।

LAYING OF ORDINANCES

The Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1976

Dr. Gopal Das Nag : Sir, I beg to lay the Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. XXIV of 1976) under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Nationalised Text Books Ordinance, 1976

Shrimati Amala Saren : Sir, I beg to lay the West Bengal Nationalised Text Books Ordinance, 1976 (West Bengal Ordinance No. XXV of 1976) under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Co-operative Societies (Amendment) Ordinance, 1976

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the West Bengal Co-operative Societies (Amendment) Ordinance, 1976 (West Bengal Ordinance No. I of 1977) under Article 213(2) (a) of the Constitution of India.

The Bengal Amusements Tax (Amendment) Ordinance, 1977

Dr. Gopal Das Nag : Sir, I beg to lay the Bengal Amusements Tax (Amendment) Ordinance, 1977 (West Bengal Ordinance No. II of 1977) under Article 213(2) (a) of the Constitution of India.

The Calcutta Municipal (Amendment) Ordinance, 1977

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to lay the Calcutta Municipal (Amendment) Ordinance, 1977 (West Bengal Ordinance No. III of 1977) under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Fire Services (Amendment) Ordinance, 1977

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to lay the West Bengal Fire Services (Amendment) Ordinance, 1977 (West Bengal Ordinance No. IV of 1977) under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1977

Shrimati Amala Saren : Sir, I beg to lay the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1977 (West Bengal Ordinance No. V of 1977) under Article 213(2) (a) of the Constitution of India.

The Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1977

Dr. Gopal Das Nag : Sir, I beg to lay the Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1977 (West Bengal Ordinance No. VI of 1977) under Article 213(2) (a) of the Constitution of India.

The Calcutta Municipal (Second Amendment) Ordinance, 1977

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to lay the Calcutta Municipal (Second Amendment) Ordinance, 1977 (West Bengal Ordinance No. VII of 1977) under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Central Valuation Board Ordinance, 1977

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to lay the West Bengal Central Valuation Board Ordinance, 1977 (West Bengal Ordinance No. VIII of 1977) under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Ordinance, 1977

Shri Abdus Sattar : Sir, I beg to lay the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Ordinance 1977 (West Bengal Ordinance No. IX of 1977) under Article 213(2) (a) of the Constitution of India.

The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Amendment) Ordinance, 1977

Shri Abdus Sattar : Sir, I beg to lay the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Amendment) Ordinance, 1977 (West Bengal Ordinance No. X of 1977) under Article 213(2) (a) of the Constitution of India.

LAYING OF REPORTS

Annual Report on the working and affairs of the State Fisheries Development Corporation Limited for the year 1975-76

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the State Fisheries Development Corporation Limited for the year 1975-76.

Annual Report on the working and affairs of the Durgapur Chemicals Limited for the year 1975-76

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the Durgapur Chemical Limited for the year 1975-76.

Annual Report on the working and affairs of the Durgapur Projects Limited for the year 1975-76

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the Durgapur Projects Limited for the year 1975-76.

[1-20—1-23 p.m.]

LAYING OF RULES

Amendments to the West Bengal Premises Tenancy Rule, 1956

Shri Gurupada Khan : Sir, I beg to lay the amendments to the West Bengal Premises Tenancy Rules, 1956.

Amendments to the West Bengal Co-operative Societies Rules, 1974

Dr. Zainal Abedin : Sir, I beg to lay the amendments to the West Bengal Co-operative Societies Rules, 1974, Published under Notification Nos. 4975-Co-op., dated the 19th August, 1976, 5841-Co-op. dated the 9th October, 1976, 7223-Co-op., dated the 17th December, 1976 and 611-Co-op., dated the 31st January, 1977.

Presentation of the Report of the Committee on Government Assurances

Shri Phani Bhusan Singhababu : Sir, on behalf of the Chairman I beg to present the Thirteenth Report of the Committee on Government Assurances 1976-77.

Sir, I beg to lay a copy of the Report on the Table. As the printed copies have not yet been received from the Press a proof copy of the Report is laid on the Table. Printed copies will be circulated to members as soon as received from the Press.

Adjournment

The House was then adjourned at 1-23 p.m. till 1 p.m. on Monday, the 28th March, 1977, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 28th March, 1977, at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 11 Ministers, 9 Ministers of State, 1 Deputy Minister and 194 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

শ্রীনন্দদুলাল ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে আনন্দবাজার পত্রিকায় একটা সংবাদ পরিবেশিত হয়েছে, আপনি নিশ্চয়ই দেখেছেন—যেহেতু এই সংবাদ আপনার সম্মান এবং এই হাউসের সম্মানের উপর কিছুটা আঘাত হেনেছে। আমার মনে হয় এর প্রকৃত তথ্য আপনার কাছ থেকে জানলে আমরা খুশী হব। যদিও এই বিষয়ে আমরা নিঃসন্দেহ যে আপনার ইণ্টিগ্রিটি এ পর্যন্ত কোথাও কোন কর্ণারে চ্যালেঞ্জড হয়নি এবং এই সংবাদের সত্যই কোন ভিত্তি নেই এবং অসত্য তবুও ফর সার্টেন ক্ল্যারিফিকেশন আপনার মুখ থেকে আমরা জানতে চাই।

শ্রীসুধীরচন্দ্র বেরা : মাননীয় স্পীকার মহাশয়, আজকে আনন্দবাজারে যে খবরটা বেরিয়েছে সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আজকে এ্যাসেমব্লীর পক্ষে এই সংবাদে কাজ চালানো অসুবিধা হবে। আপনি যদি এর একটা যথাবিহিত ব্যবস্থা না করেন, কারণ বেত্তাবে বলা হয়েছে এতে ইমপার্সিয়ালিটি অব দি স্পীকার হ্যাভ বিন চ্যালেঞ্জড হয়েছে এবং আমার এটা প্রিভিলেজ কমিটিতে দেয়া হোক।

শ্রীএ এইচ বেস্‌টারউইচ : Sir, I think this is a very serious matter and needs clarification.

মিঃ স্পীকার : Honourable members my attention has been drawn and I will give a reply.

মাননীয় সদস্যগণ, অত্যন্ত বেদনা নিয়ে আজকে বলতে হচ্ছে যে, আমার দৃষ্টি আকর্ষণ মাননীয় সদস্যরা করেছেন—যে সংবাদ আনন্দবাজারে এবং বিজনেস স্টাণ্ডার্ড কাগজেও দেখেছি যে সংবাদ বেরিয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন, অসত্য এবং মোটিভেটেড। এই সংবাদ আগের দিন টাইমস অব ইণ্ডিয়াতে বেরিয়েছিল, দিল্লীতে তখন আমি ছিলাম। এই সংবাদ বেরুনোর সঙ্গে সঙ্গে টাইমস অব ইণ্ডিয়ার এই খবরের প্রতি আমার দৃষ্টি আকর্ষণ করাতে আমি সেখানে তার প্রতিবাদ করি। আজকে টাইমস অব ইণ্ডিয়ার ফার্স্ট পেজে তাতে লেখা আছে

Report denied..."Mr. A.L. Majumdar, Speaker of the West Bengal Assembly, had described as wrong a report in the Times of India that he has been sent to New Delhi as Congress emissary to the C.F.D. leader, Mr. Jagjiban Ram, with an offer of Congress support to him if he should like to form an alternative Government at the Centre with the Socialists and others who might agree to go along with him. In a statement here, Mr. Majumdar has pointed out that he does not represent any political party, nor dose he have anything to say regarding the formation of the Central Government."

It has been published in the Times of India dated 27th.

টাইমস অব ইণ্ডিয়ার আজকের কাগজে এটি অলরেডি ডিনাইড হয়ে গেছে এবং আমার সঙ্গে যখন দেখা করে আনন্দবাজারের রিপোর্টার বঙ্গভবনে তখন আমি তাঁকে পরিষ্কার করে বলে দিয়েছি যে, যে রিপোর্ট বেরিয়েছে তা মোটিভেটেড, ম্যালিসাস এবং ফল্‌স। আমি আমার ছোট বোনকে অসুস্থ থাকায় দেখতে এখানে এসেছি, তবে বাবু জগজীবন রাম, তাঁকে আমি ব্যক্তিগত জীবনে যথেষ্ট শ্রদ্ধা করি, ভক্তি করি, এটা সবাই জানেন। এক-যুগ অর্থাৎ বার বৎসর ধরে তাঁর সঙ্গে আমার সম্পর্ক আছে যে সম্পর্কের জন্য যখনি আমি দিল্লীতে যাই তখনি তাঁকে আমার শ্রদ্ধা নিবেদন করে আসি এবং এটা আমার ব্যক্তিগত সম্পর্ক, কোন রাজনৈতিক সম্পর্ক নেই। তাঁকে আমি ব্যক্তিগতভাবে শ্রদ্ধা করি এবং ১৯৭১ সালে যখন আমি প্রথম স্পীকার নির্বাচিত হয়েছিলাম তখন বাবু জগজীবন রাম তিনি কানপুরে ছিলেন এবং সেখান থেকে তিনি আমাকে ব্লেসিং দিয়েছিলেন। তাঁর সঙ্গে আমার যে সম্পর্ক তা রাজনীতির উর্ধ্বে, তাঁকে আমি ব্যক্তিগতভাবে শ্রদ্ধা করি এবং এ্যাজ এ মেম্বার উই হ্যাব ফট ফর দি উইকেষ্ট সেকশন অব দি পিপল্, তাঁর প্রতি আমার শ্রদ্ধা আজকের নয়, সে আমি যখন যুক্তফ্রন্ট গভর্ণমেণ্টে ছিলাম, আমি যখন অপোজিশনে ছিলাম, তখনো আমি তাঁকে এখান থেকে গিয়ে দেখা করতাম এবং শ্রদ্ধা নিবেদন করতাম। অতএব সেই কারণে তাঁকে আমি শ্রদ্ধা জানাতে গিয়েছিলাম---শুধু এইটুকু এবং তখন সেখানে ঘরভর্তি লোক ছিল তার মধ্যে তাঁকে আমি নমস্কার জানালাম। তিনি আমাকে বললেন যে,---তুমি কেমন আছো, তোমার শরীর ভালো তো? এই রকম দু'-একটি কথার পর আমি বেরিয়ে আসি। শুধু আমি তাঁর সঙ্গে নয় আর একজন লোকের সঙ্গে দেখা করেছি দিল্লীতে তিনি হচ্ছেন সঞ্জীব রেড্ডী, যিনি লোকসভার স্পীকার নির্বাচিত হয়েছেন। আমি তাঁর ওখানে গিয়েছি এবং তাঁকে আই হ্যাব পেড মাই রেসপেক্ট টু হিম এ্যাজ এ স্পীকার। আমি অত্যন্ত বেদনা পেয়েছি যে, কাগজে বেরিয়েছে আমি সিদ্ধার্থবাবুর এমিসারি হিসাবে সেখানে গিয়েছিলাম। আমি কোন রাজনৈতিক পার্টিতে বিলং করি না এবং যাওয়ার কোন প্রশ্নই উঠে না। এই ধরনের যে কোন সংবাদ প্রকাশিত হতে পারে তার জন্য আমি মর্মাহত এবং বেদনাহত। আমি আশা করি যে এই ধরনের সংবাদ সংবাদপত্রে বের করার আগে স্পীকারের কাছে অন্ততঃ জেনে নেবেন, যখন আমি বললাম যে এটা মোটিভেটেড এবং ফলস্ এবং মিসচিভাস, এই রিপোর্টটা তারপরেও পরের দিন আনন্দবাজারে এই সংবাদ বের হতে পারে এটা আমার কল্পনার বাইরে। আমি জগজীবন রামকে শ্রদ্ধা করি, ভক্তি করি এবং সেই হিসাবে আমি তাঁর সঙ্গে ব্যক্তিগতভাবে সাক্ষাৎ করেছি, ইট ইজ এ পার্সোন্যাল এ্যাফেয়ার, দ্যাটস অল। আই হ্যাব পেড মাই রেসপেক্ট টু হিম।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় স্পীকার স্যার, আমরা এর পূর্বে সত্যযুগ কাগজে এই রকম একটা ফলস এবং ম্যালিসাস রিপোর্টের বিরুদ্ধে আমরা সেই কাগজকে প্রিভিলেজ কমিটিতে এনেছিলাম এবং সেটা সঙ্গত কারণেই এনেছিলাম। আমি তাই ফরমালি প্রস্তাব করি যে, যেহেতু এইরকম ভুল সংবাদ এবং বিপজ্জনক সংবাদ আজকের দিনে প্রকাশিত হয়েছে এটা আমাদের এই কক্ষের পক্ষে অত্যন্ত অমর্যাদাকর, শুধু ব্যক্তিগত আপনার পক্ষে নয়। আমি প্রস্তাব করছি ফরমালি যে আপনি এই আনন্দবাজারের সম্পাদককে, পত্রিকায় যিনি এই সংবাদ পরিবেশন করেছেন সেই পরিবেশক এবং সেই মুদ্রক, সকলকে প্রিভিলেজ কমিটির সামনে আনুন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী ঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্য যে কথা বললেন সেটা আমাদের গ্রহণ করা উচিত বলে মনে করি। অনেক দিন ধরে আমরা লক্ষ্য করছি পশ্চিমবঙ্গ থেকে প্রকাশিত বিভিন্ন পত্র-পত্রিকা বিধানসভার সদস্যদের নামে যা-তা কুৎসা এবং যথেচ্ছাচার মন্তব্য করছেন। আজকে তাঁদের এত স্পর্দ্ধা যে তাঁরা এই মহামান্য স্পীকারকেও পর্যন্ত ম্যালিসাসলি এ্যাটাক করতে দ্বিধাবোধ করছেন না। এর দ্বারা আমরা পরিষ্কার বুঝতে পারছি কোন একটা জায়গা থেকে এইরকম কিছু কিছু প্রতিক্রিয়াশীল চক্র এই পত্রিকাগুলিকে হাতে নিয়ে তারা প্রতিক্রিয়ার দুর্গদ্বারকে শক্তিশালী করার চেষ্টা করছে। তাই আমি আপনাকে অনুরোধ করবো এই সম্পাদকদের অবিলম্বে প্রিভিলেজ কমিটিতে পাঠাবার ব্যবস্থা করুন।

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্যগণ, আমি জানি যে, আপনারা সবাই বিক্ষুব্ধ, আমি যেমন বিক্ষুব্ধ। তবে আমি আশা করি যে আনন্দবাজার কাগজ আজকে আমি এখানে দাঁড়িয়ে যা বললাম সেটা আগামী কাল তারা পাবলিস করবে। এটা আমি আশা করি এবং অন্যান্য কাগজও---সত্যযুগ কাগজে নাকি বেরিয়েছে তা আমি পড়িনি, সত্যযুগ কাগজও আমি আশা করি কণ্ট্রাডিক্ট করবে এটা এবং আমি আশা করি এই সমস্ত ভুল বোঝাবুঝির অবসান করবার জন্য তাঁরা যেন আজকে আমি এখানে যে কথা বললাম এই কথাগুলি প্রকাশ করেন। তাতেই বোধহয় আমার মনে হয় আমাদের সদস্য এবং হাউসের মর্যাদা রক্ষা করবার জন্য সাহায্য করবে। আমি শুধু এই কথা বলতে চাই।

Shri Aijt Kumar Bandopadhayay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আনন্দবাজার পত্রিকায় যে সংবাদ বেরিয়েছে, আপনি তার প্রতিবাদ করে যে Statement এখানে করেছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। অধ্যাপক ভট্টাচার্য যে প্রস্তাব এই হাউসের কাছে নিয়ে এসেছেন, সে সম্বন্ধে আপনাকে চিন্তা করবার জন্য অনুরোধ করছি। এই হাউসের স্পীকারের আসন খুবই মূল্যবান ও সম্মান-জনক। কাজেই সকলের আগে এই বিতর্কিত নিউজ বের করার জন্য পত্রিকা কর্তৃপক্ষকে আমি অনুরোধ করবো। প্রিভিলেজ কমিটিতে পাঠাবার জন্য অধ্যাপক ভট্টাচার্য যে প্রস্তাবটি এখানে উত্থাপন করেছেন, আশা করি সে প্রস্তাব আপনি গ্রহণ করবেন।

Mr. Speaker : মাননীয় সদস্যগণ, আগামী কালকের সংবাদপত্র যদি আমার এই Statement আজকের এই সংবাদকে সম্পূর্ণ Contradict করে প্রকাশ করেন---তাহলেই আমাদের পক্ষে যথেষ্ট হবে। আমি আশা করি তাঁরা আমাদের এই হাউসের dignity maintain করবেন,

সংবাদপত্র যথেষ্ট সংযমের পরিচয় দেবেন এবং সংযম রক্ষা করবেন এবং আগামীকাল তাঁরা দুঃখ প্রকাশ করবেন। সঠিক তথ্য যা---তা আমি এখানে প্রকাশ করলাম। আমি আশা করি সেটা তাঁদের কাগজে আগামীকাল সঠিক প্রকাশ করবেন।

Mention Cases

Shri Pankaj Kumar Banerjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা নির্বাচনের আগে যে আশঙ্কা করেছিলাম—পশ্চিমবঙ্গে যদি জনতা পার্টি নির্বাচনের পরে ক্ষমতায় আসে তাহলে খুনখারাপি আবার শুরু হয়ে যাবে। আমরা নির্বাচনের আগেই লক্ষ্য করেছি—তারা খুনের মহড়া শুরু করেছে। আর এখন নির্বাচনের পরে আমাদের কংগ্রেস কর্মীরা ও কম্যুনিষ্ট পার্টির কর্মীরা আক্রান্ত ও লাঞ্ছিত হচ্ছে। ডায়মণ্ডহারবারে নির্বাচনের আগে আমাদের একজন কর্মীকে হত্যা করে মাটির নীচে পুঁতে রেখেছিল। এই সমাজবিরোধী সি পি আই এমের লোকেরা বজবজে আমাদের একজন কংগ্রেস কর্মীকে খুন করে গাছে ঝুলিয়ে রেখেছে। কোথাও বা আমাদের কংগ্রেস কর্মীদের বাড়ীঘর জ্যালিয়ে দিচ্ছে, তাদের লাঞ্ছিত করা হচ্ছে। উত্তর ২৪-পরগণার কালীতলায় আমাদের একজন কংগ্রেস কর্মীর বাড়ী জ্যালিয়ে দেওয়া হয়েছে। অনেককে পাইপগানের গুলিতে আহত করা হয়েছে, তারা কেউ কেউ এখনো হাসপাতালে আছে। যাদবপুরের যুব কংগ্রেসের সভাপতির বাড়ীতে বোমা ফেলা হয়েছে। ডাঃ কানাইলাল সরকারের বাড়ীতেও বোমা ফেলা হয়েছে। দক্ষিণ কলকাতায় প্রিয়রঞ্জন দাশমুন্সীর বাড়ীর সামনে থামেলা করা হচ্ছে, বোমাবিধ্বস্ত করা হয়েছে। লক্ষ্মীকান্ত বসুর বাড়ী বোমা মেরে তচনচ করা হয়েছে। এই C.P.M., C.F.D. R.S.P. দলের লোকেরা কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার চালাচ্ছে। হামলা চালাচ্ছে, শ্রীমণি সান্যাল একজন বিশিষ্ট কম্যুনিষ্ট নেতা—তার বাড়ীতে হামলা করা হয়েছে, বোমা ফেলা হয়েছে। আর বরাহনগরে বাড়ী বাড়ী ঢুকে এইসব গুণ্ডারা সবকিছু তচনচ করছে। সেদিন W.B.C.-6694 নম্বরের গাড়িতে মারণাস্ত্র বোঝাই করে ডাকাতি করতে যাচ্ছিল এইসব দলের লোকেরা। পুলিশ তাদের সময়মত গ্রেপ্তার করতে সমর্থ হয়েছে। আজকে পশ্চিমবঙ্গের দিকে দিকে কংগ্রেস কর্মীরা আক্রান্ত ও রক্তাক্ত। আজ গণতন্ত্রের নামাবলী গায়ে দিয়ে পশ্চিমবঙ্গে জনতা পার্টির এইসব সমাজবিরোধী লোকেরা অত্যাচার, গুণ্ডামি ও খুনখারাপি চালাচ্ছে। তার বিরুদ্ধে আমরা কংগ্রেস কর্মীরা protection দাবী করছি। আমরা সমস্ত কৃষক শ্রমিক সব খেটে খাওয়া মানুষের আশেপাশে আছি বলে এই খুনে শ্রেণীর লোকেরা আজকে আমাদের বিরুদ্ধে রাস্তায় নেমেছে। তাদের নেতারাও এই কাজে ওদের সহযোগিতা করছে। এখনি এই অত্যাচার বন্ধ না হলে আমরা আগামীদিনে এই খুনীদের তালিকায় C.F.D.-র নামও জড়িত করতে বাধ্য হব। আমরা জানি ভারতবর্ষকে বুকের রক্ত দিয়ে স্বাধীন করেছি—তাকে ধরে রেখেছি। ১৯৬৭ থেকে ১৯৭১ পর্যন্ত আমাদের ছেলেদের বুকের রক্ত দিয়ে যেভাবে রাজপথ লাল করে দিয়েছিল—আজকে পশ্চিমবঙ্গে নতুন করে সেই অবস্থার সৃষ্টি হতে চলেছে। আমরা শান্তিপ্রিয় মানুষ সরকারের কাছে আবেদন জানাই—সরকারের কাছ থেকে protection দাবী করছি—আপনার মাধ্যমে স্পীকার মহাশয়, এখানে সেই কথা জানিয়ে দিতে চাই।

শ্রীনরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জী যে অভিযোগ আনলেন সেই অভিযোগকে আমি সমর্থন করে দু'-একটি বক্তব্য এখানে রাখতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই ভারতবর্ষ এবং পশ্চিমবাংলায় আবার ১৯৬৭, ১৯৬৯ সালের মত দু' নম্বর নাগরিক তৈরী করা হচ্ছে কিনা—আমরা আরো জানতে চাই ভারতবর্ষের প্রতিটি মানুষ, পশ্চিমবাংলার প্রতিটি মানুষ সংবিধানসম্মত অধিকার ভোগ করতে পারবে কিনা—আপনি শুনেছেন প্রিয়রঞ্জন দাশমুন্সীর প্রাইভেট সেক্রেটারির উপর যদি জঘন্য আক্রমণ হতে পারে তাহলে পশ্চিমবাংলার মানুষের নিরাপত্তা আছে কিনা জানতে চাই—স্যার, আপনি অবাক হয়ে যাবেন টালিগঞ্জ থানার অধীন দাশনগর, গোবিন্দপুর কলোনীর একজন বৃদ্ধা ভদ্রমহিলা কমলা ব্যানার্জীর ছেলেমেয়ে যখন ভাত খেতে বসেছিল তখন সেই এলাকার যেসব কম্যুনিষ্ট গুণ্ডা ১৯৭২ সালের পর পাড়া থেকে অন্য জায়গায় পালিয়ে গিয়েছিল এখন আবার তারা ফিরে এসে ঐ কমলা ব্যানার্জীর বাড়ী এ্যাটাক করে এবং তাদের ভাতের থালায় ধুলো দিয়ে দেয়, কাউকে খেতে দেয়নি। কমলা ব্যানার্জীর ১৮ বছর বয়সের ছেলেকে বাড়ী থেকে টেনে বের করে নিয়ে এসে তার বুকের মধ্যে পাইপ-গান, রিভলবার উঁচিয়ে ধরা হয়। তখন কমলা দেবী তাদের হাতেপায়ে ধরবার পর তারা বেরিয়ে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নদীয়া জেলার একটি ঘটনা বলছি। নদীয়া জেলার রাণাঘাট থানার অন্তর্গত বীরনগর এলাকার গনেন মুখার্জী একজন বিশিষ্ট ভদ্রলোক। সেই গনেন মুখার্জীর বাড়ী ষ্টেনগান, ব্রেনগান নিয়ে আক্রমণ করা হয়, তাকে খুন করবার জন্য চেষ্টাও করা হয়েছিল। তিনি বলেছেন আমাকে খুন কোরো না, সময় দাও বীরনগর ছেড়ে আমি চলে যাচ্ছি। আপনি জেনে রাখুন স্যার, সেই গনেন মুখার্জী তাঁর ছেলেমেয়ের হাত ধরে বীরনগর ছেড়ে চলে গেছেন। স্যার, গত কয়েকদিন আগে রাণাঘাট কলোনী এলাকায় যাদের বিরুদ্ধে ৮/১০টি মামলার কেস ছিল, যার ফলে তারা দেশ ছেড়ে চলে গিয়েছিল আবার তারা ফিরে এসেছে। প্রকাশ্যভাবে তারা পাইপগান, বোমা ইত্যাদি অস্ত্রশস্ত্র নিয়ে মিছিল করেছে এবং কংগ্রেস কর্মীদের বাড়ী বাড়ী গিয়ে হামলা করেছে---আমরা এই সম্বন্ধে স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আরো অবাক হবেন প্রত্যেকটি কারখানায় সি পি এম গুণ্ডারা সশস্ত্রভাবে তাদের সমর্থকদের নিয়ে হামলা করে কারখানার ইউনিয়ন দখল করবার জন্য পশ্চিমবাংলা জুড়ে এক বিরাট চক্রান্ত শুরু করেছে। আপনি দেখতে পাবেন আগামী কয়েকদিনের মধ্যে পশ্চিমবাংলার সমস্ত কারখানায় মারদাঙ্গা শুরু হয়ে যাবে ইউনিয়ন দখল করার নাম করে। রাণাঘাটে শ্রীদুর্গা মিল আছে। সেখানে আর এস পি, সি পি এম-এর লোকরা সশস্ত্রভাবে আক্রমণ করে শ্রমিকদের মারধোর করে জোর করে আই এন টি ইউ সি ইউনিয়ন ভেঙে দিয়ে সিটু করবার চেষ্টা করে। আমরা এস ডি ওকে জানিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইরকম ঘটনা সমস্ত পশ্চিমবাংলায় ঘটে চলেছে। তাই আমরা এই সমস্ত ঘটনার প্রতিবাদ জানাচ্ছি এবং আশা করি সমগ্র ভারতবর্ষ তথা পশ্চিমবাংলায় আর ১৯৬৭/৬৯ সাল ফিরে আসবে না, ভারতবর্ষের মানুষ পশ্চিমবাংলার মানুষকে কিছুসংখ্যক দু' নম্বর নাগরিকে পরিণত করবে না---প্রত্যেকে সংবিধানসম্মত অধিকার ভোগ করে মানুষের মত যাতে বাঁচতে পারে সেইদিকে স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১২ই মার্চ আমাদের কলকাতার প্রথিতযশা অধ্যাপিকা শ্রীমতী কেয়া চক্রবর্তী সাঁকরাইলের কাছে "জীবন যে-রকম" ছবির স্যুটিং-এর সময় গঙ্গার জলে পড়ে গিয়ে মারা যান। তিনি কিভাবে জলে পড়ে মারা গেলেন সেটা রহস্যাবৃত হয়ে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন শ্রীমতী চক্রবর্তী কলকাতা

বিশ্ববিদ্যালয়ের একজন কৃতি ছাত্রী। তিনি ইংরাজীর অধ্যাপিকা ছিলেন এবং এই প্রতিভাময় অভিনেত্রী অধ্যাপনা ছাড়াও শিল্পসেবায় নিজেকে নিয়োজিত করেন। তিনি অনেকদিন ধরে অভিনয় করছিলেন এবং আমরা যারা থিয়েটার দেখি---যারা শিল্প সমালোচক, তারা এই সম্ভাবনাম অভিনেত্রীর অভিনয় প্রতিভা স্বীকার করেছি। তিনি নান্দীকার গোষ্ঠীর সঙ্গে যুক্ত ছিলেন।

[1-20—1-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই দুঃখজনক মৃত্যুতে সকলেই ক্ষুব্ধ হয়েছি। এটা আপনি জানেন সত্যজিৎ রায়, মৃণাল সেন, তৃপ্তি মিত্র এবং অন্যান্য সাহিত্যিক ও কবির সকলেই বিবৃতি দিয়েছেন এই ব্যাপারে নিরপেক্ষ তদন্তের দাবী করেছেন, থিয়েটার গোষ্ঠীগুলি বহুরূপী, নান্দীকার, থিয়েটার ওয়ার্কশপ-এর অনেকে এই মৃত্যুর তদন্ত দাবী করেছেন এবং তাঁরা দাবী করেছেন যে এই রহস্যজনক মৃত্যুর পূর্ণাঙ্গ তদন্ত হোক। বিভিন্ন ব্যক্তি, বিভি প্রতিষ্ঠান এই সম্পর্কে তাঁদের দাবী জানিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে পুলি কয়েকজনকে গ্রেপ্তার করেছে। আজকে লোকেরা মনে করছে, আমরা সকলেই মনে করি শ্রীমতী কেয়া চক্রবর্তীর মৃত্যুর পেছনে কোন গভীর ষড়যন্ত্র আছে। শুধুমাত্র সাধারণ পুলিশে তদন্তের দ্বারা এই রহস্য উদ্‌ঘাটিত হবে না। আমি পুলিশমন্ত্রীর কাছে দাবী করছি যে, এই ব্যাপারে একটা উচ্চস্তরের তদন্তের ব্যবস্থা করা হোক যাতে এর পেছনে কোন চক্রান্ত ছিল কিনা, এই প্রতিভাবান শিল্পীর অপমৃত্যু ঘটাবার জন্য কোন চেষ্টা ছিল কিনা সে বিষয়ে আলোকপাত হোক। আমি এই প্রসঙ্গে একথা বলছি আমাদের শিল্পীরা অভিযোগ করেন যে অনেক সময় তাঁদের দুঃসাহসিক দৃশ্যে অভিনয় করতে হয়, যে অবস্থার মধ্যে কাজ করতে হয় তাতে যথেষ্ট পরিমাণে নিরাপত্তার ব্যবস্থা থাকে না, সমস্ত ব্যবস্থায়ই একটা চরম অবহেলা থাকতে পারে, মাননীয় স্পীকার মহাশয়, এই সম্পর্কে কারও কোন অবহেলা ছিল কিনা, সে সম্পর্কে পুরো তদন্ত হোক। এটা বিশেষ করে গুরুত্বপূর্ণ "জীবন যে-রকম" যে ছবি উঠছিল তার পরিচালক এবং প্রযোজক হচ্ছেন পশ্চিমবঙ্গ সরকার। সুতরাং সরকারী প্রয়োজনায় যে ছবি উঠছিল সেই ছবিতে অভিনয় করতে গিয়ে আজকের তৃপ্তি মিত্রের পরবর্তী সবচেয়ে বড় অভিনেত্রী হিসাবে যিনি, তিনি এইভাবে মারা গেলেন, এটা অত্যন্ত দুঃখ এবং উদ্বেগের ব্যাপার, এতে শিল্পীদের মধ্যে প্রচণ্ড ভয় এবং আতঙ্কের সৃষ্টি হয়েছে। এই ব্যাপারে একটা উচ্চস্তরের পূর্ণাঙ্গ তদন্ত করে সমস্ত ঘটনা জনসমক্ষে প্রচার করুন, এটা সরকারের কাছে দাবী করছি। আমি দ্বিতীয় দাবী করছি আমাদের পশ্চিমবঙ্গে থিয়েটার এবং ফিল্মে তাদের যে পরিবেশে কাজ করতে হয়, যে সমস্ত দৃশ্য তুলতে হয়, তাতে সকলের নিরাপত্তার ব্যবস্থা করা আবশ্যক, এই সম্পর্কে একটা সুস্পষ্ট বিবৃতি দিন। তা না হলে কিন্তু শিল্পরসিকরা, সাধারণ মানুষেরা খুশী হবেন না। একথাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের কাছে উপস্থিত করতে চাই।

শ্রীনন্দলাল ব্যানার্জী ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিশেষ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, জনসাধারণ কিভাবে দিনের পর দিন নিগৃহীত হচ্ছে, আর এখানে আছেন আমাদের মাননীয় মন্ত্রী শ্রীভোলা সেন এবং সুব্রত মুখোপাধ্যায়। এই নিগৃহীত হবার কারণ হচ্ছে সি এম ডি এ এবং কলকাতা কর্পোরেশন। রাজা মনীন্দ্র রোড একটা ঐতিহাসিক নাম হয়েছে। সেখানে রাস্তার ধুলো সমস্ত মানুষকে উত্যক্ত করে বিপর্যয়ের মুখে ঠেলে

দিচ্ছে। গত বছরও আমি এ সম্বন্ধে বলেছি, তার আগের বছরও বলেছি। সেখানে রাজা মনীন্দ্র রোডে সুরকী তৈরীর কারখানা হয়েছে। সেখানে রাস্তায় কিছু ঝামা ফেলে দেয়, তার উপর দিয়ে গাড়ী যায় এবং সেগুলি গুঁড়িয়ে যায় এবং তা লোকের ঘরে ঢুকে যায়। সেই রাস্তা নাকি মেটাল দিয়ে করা যায় না এই হচ্ছে অভিমত। তার পাশে সাত শত ফিট রাস্তা তৈরী করল কলকাতা কর্পোরেশন। সি এম ডি এ কিন্তু আজও এই অজুহাত নিয়ে বসে আছে সেখানে রাস্তা তৈরী করা যাচ্ছে না। আমি সি এম ডি এ-র টেকনিক্যাল এ্যাডভাইসারকেও বলেছি, মাননীয় ভোলা সেন মশায়কেও বলে রাখলাম কিন্তু এই বলাই আমার চরম বলা। এর পরে আর এখানে বলব না। রাস্তায় বলবো।

আমি আবার দৃষ্টি আকর্ষণ করছি সুব্রত মুখোপাধ্যায় মহাশয়ের। তিনি দয়া করে আমাদের দমদম রোডের কথা একটু শুনুন, আমি তাঁর কলকাতা কর্পোরেশনের কথা বলছি। দমদম রোডে আলোর খুঁটিগুলি উপড়ে উপড়ে ফেলে রাখা হয়েছে। চীফ ইঞ্জিনীয়ারের ডিপার্টমেণ্টে গিয়ে গিয়ে জুতোর সুখতলা খুইয়ে ফেলেছি। তাঁকে বললে তিনি বললেন কণ্ট্রাক্টররা নাকি কথা শুনছে না। কলকাতা কর্পোরেশনের কণ্ট্রাক্টররা এত প্রভাবশালী যে তাঁরা চীফ ইঞ্জিনীয়ারের কথা শুনছেন না। তার জন্য দিনের পর দিন, মাসের পর মাস মানুষকে অন্ধকারের মধ্যে যাতায়াত করছে হচ্ছে।

আমি আবার দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় ভোলা সেন মশায়ের। তিনি খুব অনুগ্রহ করে রায়পাড়ার লোকেদের জলকষ্ট শুনে, সেখানকার মানুষের জলের জন্য হাহাকার শুনে উনি লিখে আমাকে দিয়েছিলেন যে সেখানে ইমিডিয়েট্‌লি জলের ব্যবস্থা করা হোক। আজকে আবার বাজেটের দিন আজও সেখানে জলের ব্যবস্থা হয়নি। বড় বড় ইঞ্জিনীয়াররা যাচ্ছেন, জলের প্রেসার টেষ্ট করছেন, খোঁজ নিয়ে যাচ্ছেন ইত্যাদি হচ্ছে। আমি সেজন্য মাননীয় ভোলা সেন মশায়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে তিনি যে স্যাংশন করে দিয়েছেন, সেটা যাতে নড়ে বসে তার যাদ ব্যবস্থা করে দেন তাহলে পিপল্ তাঁর কাছে চিরকৃতজ্ঞ থাকবে।

শ্রীমতী গীতা মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টি এখানে মেনশন করতে চাই তার আগে অন্য একটি বিষয় সম্বন্ধে কিছু কথা আপনার মাধ্যমে বলব। আমাদের এখানে কয়েকজন ভাই এখানে বিভিন্নরকম আক্রমণের কথা তুলেছেন। আমিও মনে করি এটা অত্যন্ত নিন্দনীয় ব্যাপার। আমি মনে করি কোন রাজনৈতিক কর্মীর উপরই কোনরকম আক্রমণ হওয়া উচিত নয়। সমস্ত রাজনৈতিক দলের নেতারা প্রকাশ্যে বিবৃতি দিয়েছেন এরকম ঘটনা হওয়া উচিত নয় কিন্তু তা সত্ত্বেও দেখছি এরকম ঘটনা ঘটছে। আমি মনে করি এই যখন অবস্থা তখন এই সমস্ত লোক যারা এগুলি করছে তাদের নিশ্চিতভাবে সমাজবিরোধী বলে বলা দরকার এবং সমস্ত রাজনৈতিক দলের নেতাদের এই বিষয় নজর দেওয়া দরকার। এই সমস্ত লোকেরা যাতে রাজনৈতিক পক্ষপুটে আশ্রয় না পায় তার ব্যবস্থাও করা উচিত। এবারে আমি যে বিষয়টি নিয়ে দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলাম সে সম্বন্ধে বলছি। পশ্চিম দিনাজপুরে ২,২০২ জন প্রাক্তন শিবির কর্মচারী অনশন করে চলেছেন। ভারতবর্ষ যখন বাংলাদেশের আশ্রয়-প্রার্থীদের আশ্রয় দিয়েছিল তখন এঁরা সীমান্ত জেলায় সেবার কাজ নিয়েছিলেন এবং সরকার তাঁদের প্রতিশ্রুতি দিয়েছিলেন পরবর্তীকালে এঁদের সরকারী কাজে এ্যাবজর্ব করা হবে। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি গত ৫ বছর যাবৎ তারা সরকারী কাজে এ্যাবজর্ব হতে পারেনি।

একটা চরম অবস্থায় ভয়ঙ্কর কষ্টের মধ্যে থেকে যাঁরা বর্ডারে বসে কাজ করেছেন তাঁরা আজ নিজেদের দাবী আদায়ের জন্য ৪৩ দিন ধরে অনশন করে চলেছেন। কাজেই মন্ত্রিমণ্ডলী যাতে তাঁদের পূর্বপ্রদত্ত প্রতিশ্রুতি পালন করেন তার জন্য আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ শেখ ওমর আলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকমাস ধরে পশ্চিমবাংলায় বৃষ্টি হয়নি সেইজন্য পশ্চিমবাংলার অনেক জায়গার মত আমাদের মেদিনীপুর জেলাতেও খরা পরিস্থিতি দেখা দিয়েছে এবং পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। আমাদের ওখানে খালে, নদী, নালায় জল নেই এবং তার ফলে মানুষ গরু-বাছুরদেরও জল খাওয়াতে পারছে না। এছাড়া জলাভাবে চাষের অবস্থাও খুব খারাপ। অনেক জায়গায় ক্যানাল থেকেও জল পাওয়া যাচ্ছে না। ওয়াটার লেভেল নেমে যাচ্ছে বলে শ্যালো এবং ডিপ টিউবওয়েলগুলো অকেজো হয়ে যাচ্ছে। আমাদের এলাকায় যেখানে পানীয় জলের জন্য ৬২৩টি টিউবওয়েল ছিল সেখানে দেখছি ১৬৩টি টিউবওয়েল এখনই অকেজো হয়ে গেছে। এর ফলে দারুণ পানীয় জলের কষ্ট দেখা দিয়েছে এবং দেখা যাচ্ছে অনেক জায়গায় ২/৩ মাইলের মধ্যে কোন জল নেই। মানুষ আজকে বহু দূর থেকে জল এনে কোন রকমে তাদের জীবনকে বাঁচিয়ে রাখছে। পাঁশকুড়া এলাকায় যদি এখনই জলের ব্যবস্থা না করা যায় তাহলে সেখানে প্রচণ্ড ক্ষতি হবে। আমার এলাকায় ১৩ হাজার একরে বোরো চাষ হয় কিন্তু এবারে দেখছি সেরকম চাষ হয়নি। কাজেই আমার বক্তব্য হচ্ছে এই খরা পরিস্থিতিকে যদি জরুরীকালীন অবস্থা হিসেবে বিবেচনা না করেন তাহলে ভয়ানক ক্ষতি হবে। এছাড়া আমার আরও বক্তব্য হচ্ছে পানীয় জলের নলকূপ যেগুলো অকেজো হয়ে গেছে সেগুলি অবিলম্বে সারানোর ব্যবস্থা করুন। আমি এই বিষয়গুলোর প্রতি দৃষ্টি আকর্ষণ করে বক্তব্য শেষ করছি।

[1-30—1-40 p.m.]

শ্রীভবানীপ্রসাদ সিংহরায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা মন্ত্রিসভার সদস্যদের একটি বিশেষ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে আমাদের এই পশ্চিমবাংলায় গত বছরের মত খরাজনিত পরিস্থিতি প্রায় সর্বত্রই আছে এবং গত দু'মাস ধরে প্রত্যেক জেলাতে বকেয়া খাজনা ও ঋণ আদায় করবার জন্য পুলিশ এবং সংশ্লিষ্ট সরকারী বিভাগের লোকেরা গ্রামে গ্রামে হামলা করছে এবং এটা নির্বাচনের আগে থেকেই চলছে। কি ব্যাপার, কেন হয়েছে সেই সব কথা আমি আলোচনা করতে চাচ্ছি না। আমি এর আগেও দাবী করেছিলাম যে এই খাজনা ও ঋণ আদায় স্থগিত রাখা হোক। আর একটি ব্যাপার আপনারা নিশ্চয় অবগত আছেন সেটা সেচকরের ব্যাপার। হাওড়া এবং হুগলীর ডি ভি সি টেল এণ্ডে যে জায়গায় চাষ করা হয় সেখানে প্রায়ই ডি ভি সি'র ইরিগেশন সিস্টেমে জল পায় না এবং সেজন্য সেখান থেকে সেচকরও আদায় হয় না। সম্প্রতি দু'-তিন মাস ধরে ঐ ১২/১৪ বছরের বকেয়া সেচকর আদায় করার জন্য সংশ্লিষ্ট বিভাগ জোরদার হয়ে উঠেছে। আমি সরকারকে অনুরোধ করবো এই খাজনা ও ঋণ যা আছে তা আদায় করা স্থগিত রাখা হোক এবং তিন একর পর্যন্ত জমির মালিকদের যে বকেয়া ঋণ আছে সেগুলি মকুব করা হোক। এবং ঐ সেচকর যেটা ১২/১৪ বছর আদায় হয় নি, সরকারী উদ্যোগ যে ছিল না, কাগজ তৈরী ছিল না সেই ১৪ বছরের যে খাজনা আদায় করার ব্যবস্থা সংশ্লিষ্ট বিভাগ থেকে হচ্ছে তা অবিলম্বে বন্ধ করা হোক এই দাবী আমি জানাচ্ছি।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ স্পীকার স্যার, আপনি একটা কৃষক অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছেন আপনি নিশ্চয় কৃষকদের অবস্থা বোঝেন। এখন চাষের সময় কৃষকরা তাদের চাষের খরচের জন্য পাগলের মত দৌড়ে বেড়াচ্ছে সেই সময় যেখানে তাদের ঋণ দেবার ব্যবস্থা করতে হবে সেখানে ঋণ খাজনা আদায় করবার জুলুম যেটা হচ্ছে তা অতি অবর্ণনীয় ব্যাপার। এই ঋণ আদায়ের জুলুম আমাদের ওখানে চৌবেড়িয়ায় নির্বাচনের আগে থেকে শুরু হয়েছে। এমন কি দু'-তিনটি বাড়ী ক্রোক করার পরোয়ানা গিয়ে হাজির হয়েছে চাষবাস বন্ধ করে গরু লাঙ্গল যেগুলি আইনত ক্রোক করা যায় না সেগুলি পর্যন্ত ক্রোক করা আরম্ভ হয়ে গেছে। ১৯৭৫ সালে দু' দফায় যে ঋণত্রাণ আইন পাশ হয়েছে আজ পর্যন্ত কোন জায়গায় এই ঋণ-ত্রাণের বা ঋণ থেকে মকুব হবার কোন ব্যবস্থা, কোন সক্রিয় বন্দোবস্ত আমার জানা নাই। এ বিষয়ে আমাকে জানালে আমি খুশী হবো। ঋণ থেকে ত্রাণের কোন খবর আমরা পাচ্ছি না। এবং বাস্তব ঘটনা বলতে চাই আজকে নির্বাচনে যে শিক্ষা হোল একটা জিনিস বুঝতে হবে যেভাবে হোক নির্বাচনে পরাজয় হোক না কেন মানুষের ক্ষোভের নানা কারণ থাকতে পারে--- কিন্তু এটা অনুভব করা উচিত যে শতকরা ৭০ ভাগ দেশবাসী এই গরীব অংশে রয়েছে তারা আমাদের নির্বাচন করে পাঠিয়েছে তাদের নিশ্চয় উপকার করতে হবে এই আশ্বাস দিয়ে আমরা এখানে এসেছি। কিন্তু পরিতাপের বিষয় সরকারের কাছ থেকে এই ঋণ আদায় করবার জুলুম এখনও বন্ধ হচ্ছে না। আশা করি সরকার নিশ্চয় এই ঋণ ও খাজনা আদায় স্থগিত রাখার ব্যবস্থা করবেন।

ডাঃ গোপালদাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅজিত গাঙ্গুলী মহাশয় যে প্রশ্ন তুলেছেন এটাকে জেনারালাইজভাবে যদি করতে বলেন তাহলে সরকারের পক্ষে বিবেচনা করার অনেক অসুবিধা আছে। তবে স্পেসিফিক কেস যদি কোন জায়গায় খরার জন্য ফসল নষ্ট হয়ে গিয়ে থাকে, বন্যায় চাষ নষ্ট হয়ে গিয়ে থাকে, আমাকে দেন, যেখানে রিয়েল হার্ডসিপ ক্রিয়েটেড বাই আনফেয়ারেবল ওয়েদার, যার ফলে ফসল নষ্ট হয়ে গিয়েছে, কৃষকরা তার যথাযোগ্য বিচার্ণ পায়নি, এই রকম স্পেসিফিক কেস মাননীয় সদস্যরা দিলে আমার বিশ্বাস সরকার নিশ্চয় সহানুভূতির সঙ্গে কতদূর কি করা যায় বিবেচনা করে দেখবেন।

শ্রীসরোজ রায় ঃ মিঃ স্পীকার, স্যার, ইতিমধ্যে কয়েকজন বন্ধু দু' পক্ষ থেকেই বিশেষ করে গ্রামাঞ্চলে বৃষ্টির অভাবে খরা শুরু হয়ে গেছে সে বিষয়ে বললেন। আমি মন্ত্রিসভাকে একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, গত বছর এই বিষয়টি নিয়ে অনেক হৈচৈ হয়েছে---বিশেষ করে পানীয় জল নিয়ে প্রশ্নটা উঠেছিল। তখন প্রস্তাব আকারে বলা হয়েছিল প্রতিটি ব্লকে ২০টি করে টিউবওয়েল দেওয়া হবে, কতকগুলি সারানো হবে, বিরাট প্ল্যান এণ্ড প্রোগ্রাম রাখা হয়েছিল। আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি দু'-চারটি জায়গা ছাড়া আর কোথাও হয়নি। এ ব্যাপারে আমি পানীয় জল সরবরাহ দপ্তরের মন্ত্রীর কাছ থেকে একটি বিবৃতি দাবী করছি--- এটা দিলে আমরা খুব সুখী হব। ইতিমধ্যে অবস্থা অত্যন্ত খারাপ হয়েছে। পুকুর-নালা সব শুকিয়ে গেছে। শুধু তাই নয় গতবারে আপনারা যে প্ল্যান দিয়েছিলেন টিউবওয়েল রিপেয়ারের যন্ত্রাংশ পর্যন্ত যায়নি, সব খারাপ হয়ে পড়ে আছে। গত খরাতে যেসব প্রতিশ্রুতি দিয়েছিলেন সেগুলি পর্যন্ত করা হয়নি। এইবারে অবস্থা আরো খারাপ। এইবারে প্রথম থেকেই বৃষ্টি শুরু হয়নি। আমাদের ওখানে দুটি প্রোজেক্ট নেওয়া হয়েছিল পানীয় জল সম্পর্কে। চন্দ্রকোনা রোড,

গড়বেতা—এই সম্পর্কে বহুদিন ধরে চীৎকার করে আসছি। খরার সময় এক বালতি জল ৫০ পয়সা করে বিক্রী হয়। এক বছর আগে যে প্রোজেক্ট দেওয়া হয়েছিল আজ পর্যন্ত তার কিছুই হয়নি। কয়েকদিন আগে মন্ত্রিমহাশয় বলেছিলেন ওয়ার ফুটিং-এ এটা হওয়া উচিত, কিন্তু হয়নি। ইণ্টেরিয়ারের অবস্থা আরো খারাপ। জলের অবস্থা যা হচ্ছে সকলেই তা বুঝতে পারছেন। এই বছর ফসল হয়নি। আমরা পানীয় জল সম্পর্কে একটা মন্ত্রিমহাশয়ের স্টেটমেণ্ট চাচ্ছি।

শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের পানীয় জল সরবরাহ দপ্তরের বিভাগীয় মন্ত্রী মাননীয় সাত্তারসাহেবের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ সরকার ১৯৭৩-৭৪ সালে প্রতিটি ব্লকে ৩৫টি করে টিউবওয়েল বসানোর পরিকল্পনা গ্রহণ করেছিলেন। কোথাও ৩৫টি হয়েছে, কোথাও ৩৫টির জায়গায় ৪০/৫০টি হয়েছে —আমরা স্বীকার করি। কিন্তু ১৯৭৪-৭৫ সালে ১০টি, ১৯৭৫-৭৬ সালে ১০টি এই দু'বছরে মোট ২০টি করে দেওয়া হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলছি ব্লক লেভেলে টিউবওয়েলের কোটা যা বরাদ্দ হয়েছিল তার যন্ত্রাংশ পৌঁছতে পারেনি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গ্রামাঞ্চলের প্রতিনিধি, আজ দেখছি গ্রামে গ্রামে যে ২/৫/৭টি টিউবওয়েল আগে বসানো হয়েছিল সেগুলি জীর্ণ বা ভগ্নদশায় দাঁড়িয়ে আছে। সেই টিউবওয়েলগুলির দিকে তাকিয়ে আজ গ্রামের মানুষরা ভাবছে যে, অতীতে এগুলি থেকে আমরা দু'-এক ফোঁটা জল পেতাম। এই হচ্ছে আজকের গ্রামবাংলার চূড়ান্ত জলকষ্টের ছবি। স্যার, এই অভাব দূর করার জন্য আমি দাবী করছি, অবিলম্বে পশ্চিমবঙ্গ সরকার ব্লকভিত্তিক নয়, নির্বাচন কেন্দ্রভিত্তিক অন্ততঃ একশোটি করে নতুন টিউবওয়েল বসান। এটা যদি করতে না পারেন তাহলে কিন্তু আমরা সাধারণ মানুষের এই যে তীব্র জলকষ্ট তা দূর করতে পারবো না।

[1-40—1-50 p.m.]

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুবই দুঃখিত যে, মেদিনীপুরের কয়েকটি জায়গায় এবং বর্ধমানের কোন কোন জায়গায়—(এ ভয়েস ঃ—শুধু বর্ধমান বা মেদিনীপুর নয়, অনেক জায়গাতেই এই অবস্থা চলছে) যাঁরা আমার দৃষ্টি আকর্ষণ করেছেন তাঁদের জেলার কথাই বললাম। যাই হোক, গত বছর—এখনও এ বছর বলা যায় কারণ ৩১শে মার্চ এখনও শেষ হয়নি, ২০টি রিসিংকিং এবং ১০টি সিংকিং অর্থাৎ ১০টি নতুন এবং ২০টি রিসিংকিং করার জন্য আমরা টাকা স্যাংশান করেছি এবং প্রত্যেক জেলাতে তা পাঠিয়ে দেওয়া হয়েছে। ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট সোল চার্জে। তাছাড়া প্রত্যেক ব্লকে ওয়াটার সাপ্লাই কমিটি আছে। ডিষ্ট্রীক্ট প্ল্যানিং কমিটি, তারা ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেটের দৃষ্টি আকর্ষণ করতে পারেন। যদিও হঠাৎ চাইলে আমি ফিগার দিতে পারবো না কিন্তু কোন জেলাতে এই বছর—৩১শে মার্চ শেষ হয়নি বলে এ বছর বলছি, এই প্রোগ্রামে কতটা কি কাজ হয়েছে সে ফিগার আমি দিতে পারবো।

শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ একটা মিস্ত্রী দিয়ে ব্লকের সমস্ত টিউবওয়েল সারানো যায় না, তাছাড়া যন্ত্রাংশও যায় না।

মিঃ স্পীকার ঃ It is not the proper way. The Hon'ble Minister is on his legs.

শ্রীআবদুস সাত্তার ঃ তাছাড়া আমরা প্রত্যেক ব্লকে দু' হাজার টাকা করে দিয়ে রেখেছি এবং বলেছি যে, যদি কোন টিউবওয়েল খারাপ হয়ে যায় এবং তা সারানোর জন্য মেকানিকের যদি অভাব হয় তাহলে তারা লোক্যালি এ্যাপয়েণ্ট করতে পাবেন টেম্পুবারিলি। তাছাড়া তাদের পেটি রিপেয়ার্সের জন্য পার্টসও দেওয়া আছে। এ সম্বন্ধে আমরা সার্কুলার ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেটদের কাছে এবং প্রত্যেক ব্লকের কাছে পাঠিয়েছি। কাজেই তারা সেখানে সমস্ত রিপেয়ার করতে পারেন তাতে কোনরকম অসুবিধার কিছু নেই। আর ১০টা বা ২০টার জায়গায় অনেক ক্ষেত্রে দেখা গিয়েছে ৪০/৫০/৬০টা পর্যন্ত হয়েছে। ব্লকের টাকাতে ২০/২৫টা পর্যন্ত হয়েছে। যেমন নদীয়া জেলাতে সেইভাবে হয়েছে। আর যেখানে হয়নি সেখানে যদিও সমস্ত ব্যবস্থা আছে তবুও যখন দৃষ্টি আকর্ষণ করেছেন তখন আজকেই আমাদের ডেপুটি সেক্রেটারী, রুরাল ওয়াটার সাপ্লাইকে ডেকে আমি বলছি যে, এই সমস্ত জায়গাতে হয়নি। প্রত্যেক জেলাতেই একই হারে দেওয়া হয়েছে। গতবার সার্কুলেট করা হয়েছে। প্রত্যেক ডি এমকে পাওয়ার দেওয়া আছে তারা এ্যাপয়েণ্ট করতে পারে লোক্যালি।

শ্রীগিরিজাভুষণ মুখোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মেনশান দিয়েছি। সেটা হচ্ছে যে চাঁপদানিতে নর্থ ব্রুক জুটমিলের ম্যানেজার এবং ম্যানেজমেণ্ট তাঁরা কয়েকজন হাই র‍্যাংকিং বাঙালী অফিসারকে ছাঁটাই করেছেন এবং ছাঁটাই করার জন্য তাঁরা সমস্ত নন-বেঙ্গলী ওয়ার্কারদের মোবিলাইজ করছেন তাদের পিছনে। ফলে হয়েছে গত শনিবার যখন এ্যাসিস্ট্যাণ্ট ম্যানেজারকে ডিসচার্জ লেটার দিতে যান এবং একজন সিনিয়র এ্যাসিসটাণ্ট, মিঃ দত্তকে নো লংগার বিকোয়ার্ড ঐ কোম্পানী করবার চেষ্টা করেন রেজিগনেশান দেবার জন্য সেই সময় ৫/৭ জন বাঙালী ষ্টাফ ম্যানেজারের ঘরে ঢোকেন একটা ডেপুটেশানের জন্য। কিন্তু ১০ মিনিটের মধ্যে দেখা গেল যে লাঠি, সোটা, লোহার রড নিয়ে সেই চত্বরে একশত জন অবাঙালী তারা ম্যানেজারের ঘরে ঢুকে থ্রেট করতে আরম্ভ করে সমস্ত বাঙালী ষ্টাফকে এবং বাইরে সমস্ত ওয়ার্কাররা 'বাঙ্গালী সাহাবকো পিটানে হোগা' এই শ্লোগান দিতে থাকে। এটা নিশ্চয়ই কোন হঠাৎ ঘটনা নয়। এটা প্ল্যাণ্ড করে ম্যানেজারকে ঐ বাঙালী অফিসারকে ছাঁটাই করার জন্য একটা জমি তৈরী করে রাখছিলেন। আগেকার বাঙালী ম্যানেজার চলে যাবার পর এখন মিঃ মিশ্র অবাঙালী ম্যানেজার এসেছেন। তিনি আস্তে আস্তে সমস্ত বাঙালীকে এলিমিনেট করবেন এই তার প্ল্যান এবং অলরেডি তাঁরা ৮ জন অবাঙালীকে কাজে নিয়েছেন। একজন মিঃ জয়করণ জৈন, তিনি ইংরাজী ম্যাথেম্যাটিক্যাল ফিগার পড়তে পারেন না। পাটের গাড়ী আছে, একজন বাঙালীবাবুকে রেখে দিয়েছেন---'ওজন কিতনা হুয়া' সে লিখে দেয় আর তিনি সেটা লিখে রাখেন। তিনি ৮ শত টাকা মাইনা পান। এই ৮ জনের মধ্যে ২/১ জন কোয়ালিফায়েড। আর বাকী বেশীরভাগ বলা যায় আমি যে কথা আগে বলেছি ঐ মুল্লুককে ভৈঁস চরানেওয়ালা। এখন কথা হচ্ছে আমি এই হাউসে প্রোটেকশান চাইছি যাতে এই কারখানার কোন বাঙালী অফিসার---কারণ আইন দিয়ে রোখা যাবে না, অফিসারদের জন্য কোন আইন নেই---ম্যানেজার এ্যাসিস্ট্যাণ্ট ম্যানেজার, সিনিয়র এ্যাসিস্ট্যাণ্টকে কোম্পানী ছাঁটাই করতে পারবে না। যদি তাকে চার্জসীট দেয়, কোন অফেন্স হয় নিশ্চয়ই ছাঁটাই করতে পারবে কিন্তু শুধু একটা ডিসচার্জ লেটার দিয়ে নো লংগার রিকোয়ার্ড---এটা চলতে পারে না, এটার একটা ব্যবস্থা এই হাউসকে করতে হবে। আমি

নিশ্চয়ই বাঙালী-বিহারী বিরোধ চাই না। আমি বহু বিহারী মহলে ঘুরেছি। আমি শু সাত্তারসাহেবকে একথা জানাতে চাই যে আমার ওখানে টিউবওয়েল হয়নি। শ্রীরামপু উত্তরপাড়া ব্লকে দুটি মাত্র হয়েছে। জি আই পাইপ আর পলিথিন ষ্টেইনার। পলিথি ষ্টেইনার ১২শত টাকা হচ্ছে তার কস্ট্। আর জি আই পাইপ ৩ শত তার কস্ট্। সুতরা জি আই পাইপ ও পলিথিন ষ্টেইনার পড়ে আছে কোন টিউবওয়েল হয়নি। সিদ্ধান্ত কর হয়েছিল যে সেখানে ৩০টি করা হবে, এটা আপনি খোঁজ নিয়ে দেখবেন।

[1-50—2-00 p.m.]

শ্রীমহঃ দেদার বক্স ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূ বিষয়ের প্রতি গ্রামীণ জলসরবরাহ দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুক্ষণ আগে অনেক সদস্য এই গরমের দিনের জলকষ্টের কথা উল্লেখ করেছেন। আমিও এই বিষয়ে উল্লে করছি, চারিদিকে ভীষণ জলকষ্ট দেখা দিয়েছে। আমি মুর্শিদাবাদ জেলার কথা বলছি, আমি ঐ এলাকা ঘুরে দেখে এসেছি--আমার নির্বাচনী এলাকায় এবং লালগোলায় পদ্মার চরের বহু এলাকায় জলের স্তর যেখানে যেখানে নেবে গেছে, সেইসব এলাকায় টিউবওয়েল থাকলেও সেখানে জল পাওয়া যাচ্ছে না। যে সমস্ত নলকূপ অকেজো হয়ে রয়েছে, মন্ত্রিমহাশয় বলেছেন, সারাই করা হচ্ছে, আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, যে টাকা দেওয়া হয়েছে--- উনি বলেছেন যে ২০টির জায়গায় হয়তো ৪০টি পর্যন্তও হয়েছে, এটা ঠিক কিন্তু এই দপ্তরের জন্য যে পরিমাণ টাকা স্যাংশন করা দরকার, তা করা হয়নি। কারণ যে সমস্ত নলকূপ অকেজো হয়ে থাকে, সেই সমস্ত নলকূপ মেরামত করা একান্ত প্রয়োজন। সুতরাং আপনার মাধ্যমে দাবী এই যে চারিদিকে যে জলকষ্ট দেখা দিচ্ছে, তা দূর করার জন্য জরুরী-ভিত্তিক যে সমস্ত নলকূপ অকেজো হয়ে রয়েছে, সেইগুলো যেন সম্পূর্ণভাবে মেরামতের ব্যবস্থা করা হয়। আপনার মাধ্যমে এই জরুরী বিষয়টির প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুশী হতাম যদি আমাকে অর্থমন্ত্রী মহাশয় সমস্তগুলো রিপেয়ার করার জন্য টাকা দিতেন। আমাকে যে টাকা দেওয়া হয়েছে, সেই টাকার মধ্যে যতটুকু পেরেছি করেছি। মাননীয় সভ্য দেদার বক্সসাহেব, তিনি নিজে স্বীকার করলেন যে, ২০টি জায়গায় কোন কোন জায়গায় ৪০/৫০টি পর্যন্ত করা হয়েছে, এটা ঠিক, আমি তাঁর সঙ্গে একমত। চর এলাকাতে পদ্মানদীর জল নেবে গেছে, সেখানে অনেক শ্যালো টিউবওয়েল তৈরী করা হয়েছে, সেই সমস্তগুলো রিপেয়ার করার জন্য যে টাকার দরকার তা বর্তমানে নেই। যদি সবগুলো করতে পারতাম তাহলে খুশী হতাম। প্রত্যেক ব্লকে যে রিপেয়ার করার টাকা রয়েছে এবং ওয়াটার সাপ্লাই কমিটি যে আছে, সেটা সদস্যরা বি ডি ও'র সঙ্গে বসে ঠিক করতে পারেন, কোন অসুবিধা নেই।

শ্রীঅজিত ব্যানার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যদি দয়া করে তিনি হাউসে স্টেটমেণ্ট করেন শুধু মুর্শিদাবাদ জেলায় কতগুলো টিউবওয়েল করেছেন এবং অন্যান্য জেলায় কতগুলো করেছেন, এই স্টেটমেণ্ট হাউসে পরিষ্কারভাবে রাখুন।

শ্রীরামদাস ব্যানার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি যে সমস্যা নিয়ে কথা বলা হচ্ছে সেই সমস্যার মাধ্যমে এই সরকারের মধ্যে যে রিফট রয়েছে তার প্রকাশ আমরা দেখতে পাচ্ছি। সুতরাং আমি মনে করি মাননীয় মন্ত্রিমহাশয়ের একটা স্টেটমেণ্ট করা উচিত এবং শুধু উচিতই নয় সমস্ত জেলাওয়ারী হিসাব দিয়ে কোথায় কত টিউবওয়েল হয়েছে, কতগুলি চালু আছে এবং কতগুলি খারাপ আছে তা বুঝিয়ে দেওয়া উচিত। কারণ আমার মনে হয় সরকারের মধ্যে যে রিফট দেখা দিয়েছে তা মীমাংসার এটাই একমাত্র পথ। সুতরাং এটা করার জন্য আমি অনুরোধ করছি।

শ্রীঅশ্বিনী রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সবাই পানীয় জলের কথা বললেন। আমি কিন্তু পানীয় জলের কথা বলছি না। আমি সেচের জলের কথা বলছি। বর্ধমান জেলায় ডি ভি সি-র দুটো শাখা ক্যানেল আছে। একটা হচ্ছে দুর্গাপুর শাখা ক্যানেল, আর একটা হচ্ছে পানাগড় শাখা ক্যানেল। এবারে সরকার প্রথমে সিদ্ধান্ত নিয়েছিলেন যে বোরো চাষে জল দেবেন না, কিন্তু পরে জল দেন এবং ক্যানেলের নিকটবর্তী এলাকার চাষীরা বোরো চাষ করেছে। আউসগ্রাম থানার যাদবগঞ্জ, দরিয়াপুর, দিকনগর, অভিরামপুর প্রভৃতি এলাকায় হাজার হাজার একর জমিতে চাষীরা চাষ করেছে। কিন্তু সেখানে ৩১শে মার্চের পর জল-সরবরাহ বন্ধ হবে। কাজেই জলসরবরাহ বন্ধ হলে সেখানে ১০ হাজার একর জমির ফসল নষ্ট হবে। সেই ফসল যাতে বাঁচে সেই জন্য আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি এপ্রিল মাসের ২য় সপ্তাহ পর্যন্ত যে পরিমাণ জল দেওয়া হচ্ছে সেটা যেন চালু থাকে।

শ্রীআনন্দগোপাল রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরভূম জেলার রামপুরহাট ২ নং ব্লকের বুধিগ্রামের এক ভয়াবহ, দুঃখজনক, নিদারুণ পরিস্থিতির প্রতি আমি আপনার মাধ্যমে রিলিফ্ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫-৩-৭৭ তারিখে রাত্রি সাড়ে সাতটার সময় বীরভূম জেলায় প্রচণ্ড ঘূর্ণিঝড় হয়, সেই ঝড়ে বুধিগ্রামে আগুন লাগে এবং ১৪৩টি গৃহ আগুনে পুড়ে যায়, ২০০ থেকে ২৫০টি গরু-ছাগল পুড়ে যায়, ১৮ থেকে ২০ জন মানুষ পুড়ে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পরিস্থিতিতে আমি আপনার মাধ্যমে রিলিফ্মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে, অবিলম্বে ঐ সমস্ত দুঃস্থ লোকেদের জন্য সরকারী সাহায্য পাঠাবার।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার কাছে একটি বিষয় রাখছি। যদিও এ বিষয়ে আজ ৫ বছর ধরে বলে যাচ্ছি এবং আবার আজকে বলতে হচ্ছে। বাঁকুড়া খরা এলাকা এবং অন্যান্য বারের মত এবারেও সেখানে প্রচণ্ড খরা চলছে। অন্যান্যবার এর প্রতিকার সাবিকভাবে না হলেও আংশিকভাবে হয়েছে। কিন্তু এবারে যে অবস্থা হয়েছে তাতে এখন থেকেই যদি মেদিনীপুরে, হুগলীতে পানীয় জলের অভাব হয় তাহলে বাঁকুড়া, পুরুলিয়ার অবস্থা কি পর্যায় গিয়েছে তা নিশ্চয়ই বুঝতে পারছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবস্থাটা নিশ্চয়ই মন্ত্রিসভার সদস্যরা বুঝতে পারছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে খরায় যে অবস্থা দাঁড়িয়েছে তাতে সেখানে পুকুরে জল নেই, কুয়াগুলির অবস্থা শোচনীয়। সেগুলি থেকে কাটা হচ্ছে, কিন্তু তবুও একটুও জল পাওয়া যাচ্ছে না। বাঁকুড়া জেলার অবস্থা সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী, কৃষিমন্ত্রী এবং জেলার মন্ত্রী মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী, সকলেই অবগত আছেন। আজকে সেখানে এই অবস্থার জন্য চাষবাস ব্যাহত হচ্ছে। সেখানকার মানুষের এই যে দুর্দশা দেখা দিয়েছে, এই অবস্থায় আমি মনে করি অবিলম্বে সেখানকার কৃষিজীবী মানুষের ১৩৮৪

সালের সকল প্রকার খাজনা মকুব করে দেওয়া উচিত। তারা যে সমস্ত গ্রুপ লোন, ক্যাটেল পার্চেসিং লোন নিয়েছে তা অবিলম্বে মকুব করে দেবার জন্য সরকারকে অনুরোধ করছি।

[2-00—2-10 p.m.]

শ্রীশীশ মহম্মদ ঃ স্যার, আপনার মাধ্যমে খুব একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। লোকসভার নির্বাচন হবার পর পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় সামান্য কিছু গোলমাল যে হচ্ছে একথা সকলেই জানেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি পানিহাটি এলাকায় কংগ্রেস কর্মীরা C.P.M. কর্মীদের উপর ব্যাপকভাবে অত্যাচার আরম্ভ করেছে।

(গোলমাল)

পশ্চিমবাংলায় C.P.M. R.S.P. F.B.-এর নেতারা শান্তি বিরাজ করার কথা বলছেন কিন্তু এঁরা নিজেদের মানসম্মান রক্ষার জন্য C.P.M.-এর উপর দোষ দিচ্ছেন। এ বিষয়ে আপনার মাধ্যমে আশু ব্যবস্থা গ্রহণের দাবী করছি।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বলতে চাই। হুগলী জেলার চণ্ডীতলা থানায় ১৯৬৯-৭০-৭১ সালে C.P.M.-রা যে তাণ্ডব শুরু করেছিল তা আবার তারা আরম্ভ করছে। মার্চ মাসের ২৬ তারিখে বেলা ১২ টার সময় গরলগাছা স্কুলে কল্যাণ মুখার্জী, আদিত্য মুখার্জী Ex-Naxalite সুধাংশু দাস প্রভৃতিরা জোর করে কিছু জনতা নিয়ে স্কুলের মধ্যে ঢুকে পড়ে Headmaster মহাশয়কে পদত্যাগ করতে বাধ্য করান এবং ৮ ঘণ্টা তাঁকে বন্দী করে রাখেন। রাত্রি ৭½ টার সময়ে আমাকে ফোন করাতে আমি ছুটে আসি। এরকম রাজত্ব আবার আরম্ভ হচ্ছে। তারা বলছে যে পশ্চিমবঙ্গে কংগ্রেস রাজত্ব শেষ হয়ে গেছে, সুতরাং তাকে পদত্যাগ করতে হবে। তারা Headmaster-কে এইভাবে পদত্যাগ করতে বাধ্য করতে পারে কিনা এবং বৈধভাবে নিযুক্ত Administrator-কে পদত্যাগ করতে বলতে পারে কিনা ? যাহোক আমি আমার কর্মীদের বলেছি যে গান্ধীবাদী হিসেবে তোমরা কোন প্রত্যুত্তর দেবে না। আমি আপনার মাধ্যমে এর প্রতিকার দাবী করছি।

শ্রীতৃপ্তিময় আইচ ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কাছে একটা গুরুত্বপূর্ণ ঘটনার কথা উল্লেখ করতে চাই। কিছুক্ষণ আগে আমাদের এই সভার সদস্য শীশ মহম্মদ সাহেব বললেন যে কংগ্রেস কর্মীরা নাকি সি পি এম এবং অন্যান্য বিরোধী দলের কর্মীদের উপর অত্যাচার করছে। স্যার, আমার এলাকা হীরাপুরে ঢাকেশ্বরী কটন মিল বন্ধ আছে, সেই এলাকার সি পি এম গুণ্ডারা নির্বাচনের পর আমাদের অফিসে ঢুকে অফিস তছনছ করে দিয়েছে, আমাদের পতাকা ছিঁড়ে দিয়ে লাল পতাকা তুলে দিয়েছে, বাড়ীতে বাড়ীতে মা-বোনদের উপর অত্যাচার করছে। আমাদের একজন কর্মী রঞ্জিত গাঙ্গুলীকে শাসিয়েছে যে চার দিনের মধ্যে যদি এলাকা ছেড়ে চলে না যাও তাহলে তোমার গলা কেটে দেওয়া হবে। আমি কলকাতায় ছিলাম, গতকাল সেখানে গিয়েছিলাম, এর প্রতিকারের জন্য পুলিশের কাছে ডায়েরি করা হয়েছে, এস পিকে ঘটনা জানানো হয়েছে।

পুলিশ নিষ্ক্রিয় আছে। আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কাছে জানাচ্ছি যে, আমাদের সংগঠন মজবুত আছে, আমাদের মনোবল অটুট আছে, সরকারের প্রতি আমাদের আস্থা অটুট আছে, অতীতে যেমন অত্যাচারের বিরুদ্ধে সংগ্রাম করেছি আগামী দিনে যদি প্রয়োজন হয় তাহলে অত্যাচারের বিরুদ্ধে সংগ্রাম করে যাব। যারা আজকে আইন-শৃংখলার অবনতি ঘটাতে চাইছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য আমি সরকারের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রীজগদীশচন্দ্র দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা বাংলাদেশে সি পি এম বলে বেড়াচ্ছে যে, আমাদের রাজ এসে গেছে, এবারে আমরা শুরু করে দেব। সর্বত্র শুরু হয়েছে; গতকাল কাঁচড়াপাড়াতে গভীর রাত্রে সি পি এম-এর এ্যাক্সানিস্টরা যারা পালিয়েছিল তারা ঐ এলাকায় ঢুকে তছনছ শুরু করে দিয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী এখানে নেই, তিনি থাকলে ভাল হত, আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে প্রতিকারের ব্যবস্থা করার জন্য।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে গ্রামবাংলার সমস্ত শ্রমজীবী মানুষ, খেটে খাওয়া মেহনতী মানুষের স্বার্থের বিষয়। এখানে ভূমিরাজস্বমন্ত্রী আছেন, আমি তাঁর দৃষ্টি বহুবার আকর্ষণ করেছি। অর্থমন্ত্রী একটা বিবৃতি দিয়েছেন, সেই বিবৃতিতে দেখেছি ইরিগেটেড এলাকায় যে ৩ গুণ খাজনা ছিল সেটা কমিয়ে ১½ গুণ করা হয়েছে এবং নন-ইরিগেটেড এলাকায় ১৯৬৯ সালের অনুমোদিত খাজনা ধার্য থাকল। এটা আগামী ১৩৮৪ সালের ১লা বৈশাখ থেকে আরম্ভ হবে। এটা খুব সুখের কথা। কিন্তু আমাদের কৃষক শ্রমিক সংগঠনের তরফ থেকে বারবার জানিয়েছিলাম, আজো সেটা রিইটারেট করতে চাই সেটা হচ্ছে আমরা ৩ গুণ খাজনা যা ধার্য করেছিলাম সেই ধার্য করা খাজনা আমরা আজকে বুঝতে পারলাম না ১½ গুণ ধার্য করার ফলে খাজনা আদায় এবং খাজনা আদায়ের জন্য যে ব্যয়ের মধ্যে বিরাট পার্থক্য রয়েছে। খাজনা আদায়ের জন্য যে খরচ হয়, আদায় করে সেই টাকা আসে না। আমি বারবার বলেছিলাম যে, পশ্চিমবঙ্গে কৃষকদের যদি উপকার করতে হয় তাহলে জমির খাজনা রাখা চলবে না, এটা কিন্তু আমাদের দাবি। আমি আপনাকে বলেছিলাম ইরিগেটেড, নন-ইরিগেটেড যেভাবে আইডেণ্টিফাই করছেন, আপনার এখান থেকে যে সার্কুলার যাচ্ছে, ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট ওখানে বসে লাল কাগজ জারি করে দিলেন গ্রামে-গঞ্জে। নির্বাচনের জন্য যখন মানুষ ব্যস্ত তখন ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট লোন আদায়ের জন্য ব্যস্ত। এই সমস্ত জেলাশাসকরা কাদের হাতকে শক্ত করেছে? কংগ্রেস দলের একজন কর্মী হিসাবে আপনার সামনে দুটো কথা রাখতে চাই অত্যাচারের মধ্য দিয়ে কংগ্রেস, গণতন্ত্র রক্ষা হয় না। আজকে জনতা সরকার হয়েছে, আগামী দিনে আমরা দেখব যে জনতা সরকার যে জনতা তৈরী করে দিয়েছে সেই জনতা সরকার নতুন ইতিহাস তৈরী করেছে, সেই জনতা সরকারকে হটিয়ে আর একটি সরকার তৈরী করছে।

[2-10—2-20 p.m.]

যাহোক, আপনি যে নির্দেশ দিয়েছিলেন সেটা কেন কার্যকরী করা হল না সেটা আমি জানতে চাই। আপনি বলেছিলেন ইরিগেটেড এরিয়া এবং নন-ইরিগেটেড এরিয়া ক্লাশিফাই করে দাও। কিন্তু আমরা দেখছি কোন মৌজায় হয়ত ১০ হাজার একর জমি আছে সেখানে

২০০ একর জমিকে বাদ দিয়ে বাকী জমিকে ইরিগেটেড এরিয়া বলে ঘোষণা করা হল। এই ব্যাপারে ব্যবস্থা করতে হলে দরখাস্ত করতে হবে বলা হচ্ছে। আমি জানতে চাই এটা কেন হবে? আমরা দেখছি চাষীদের হয়রাণ করা হচ্ছে এবং সেইজন্য আমার বক্তব্য হচ্ছে যে সার্কুলার দিয়েছেন সেটা আপনারা এমনভাবে প্রয়োগ করুন যাতে চাষীদের আর অফিসারদের কাছে যেতে না হয়। তারপর আমার বক্তব্য হচ্ছে ৩ গুণ খাজনা কিছুতেই হতে পারে না। এতে চাষীরা বিক্ষুব্ধ হচ্ছে। চাষীরা যাতে বিক্ষুব্ধ না হয় তার ব্যবস্থা আপনি অবিলম্বে করুন এই হচ্ছে আমার অনুরোধ। তারপর যে লোন দেওয়া হয়েছে তাতে দেখেছি নির্বাচনের সময় সেই লোন আদায়ের জন্য অত্যাচার করা হয়েছে। আজকে দেখছি চারিদিকে লোন আদায়ের জন্য মানুষদের বিব্রত করা হচ্ছে। এই পরিস্থিতিতে আমি সরকারের কাছে অনুরোধ করছি অফিসারদের আপনারা বলুন তাঁরা যেন চাষীদের উপকার করার জন্য তাঁদের পাশে থাকেন এবং সেই ব্যবস্থা হলে চাষীদের মনে একটা আস্থার ভাব ফিরে আসবে। এই আস্থা যাতে তাঁদের মনে ফিরিয়ে আনা যায় সরকার তার ব্যবস্থা করুন এই অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীনিতাইপদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক সদস্যের মত আমিও বলতে চাই গ্রামের কৃষক, কুটিরশিল্পী এবং মৎস্যজীবীদের নানারকম যে ঋণ রয়েছে সেই ঋণ আদায়ের জন্য এবং খাজনা আদায়ের জন্য তাদের উপর নানারকম জুলুম হচ্ছে। আমরা শুনেছিলাম ঋণ আদায় এ বছরের জন্য স্থগিত থাকবে কারণ ধরা হয়েছে। আমরা দেখেছি কৃষকদের বহু জমিতে ফসলহানি হবার জন্য তারা কৃষিঋণ এবং অন্যান্য ঋণ শোধ দিতে পারেনি। আমরা ভেবেছিলাম এই পরিস্থিতিতে সরকার ১/২ বছর ঋণ আদায় স্থগিত রাখবেন আমি গত নির্বাচনের সময় বিভিন্ন জেলার গ্রামে গিয়ে দেখছি সরকার পুলিশ দিয়ে ঋণ আদায় করবার জন্য কৃষকদের হয়রাণ করছে। আমরা জানি অনেক কৃষক যে অবস্থায় রয়েছে তাতে তাদের ঋণের টাকা শোধ দেবার কোন ক্ষমতা নেই। গ্রুপ লোন, ক্যাটেল পার্চেজ লোন যা তারা নিয়েছে সেটা তারা শোধ দেবে, তা সে মৎস্যজীবীই হোক বা যে ধরনের কৃষকই হোক। আমি মন্ত্রিমহাশয়কে বলছি যে ভুল আপনারা গ্রামে করেছেন সেই ভুলটা আপনারা বুঝুন এবং এটাও বুঝুন যে, সত্যিই মানুষের আজকে ঋণ শোধ দেবার কোন ক্ষমতা নেই। আমার অনুরোধ হচ্ছে আপনারা এই ঋণ আদায়ের জন্য জুলুম করবেন না। আপনারা মনে রাখবেন জুলুম করে কখনও ঋণ আদায় করতে পারবেন না। আমার বক্তব্য হচ্ছে প্রান্তিক কৃষক, মৎস্যজীবী এবং কুটিরশিল্পী যারা ২০০/৫০০ টাকা ঋণ নিয়েছে সেটা মকুব করে দিন এবং মাঝারি কৃষকদের ঋণ ২ বছরের জন্য কিস্তি করে দিন এবং কৃষকদের সুদের পরিমাণটা কমিয়ে দিয়ে তাদের একটু রিলিফ দিন। আমরা জানি একটা বিরাট সংখ্যক মানুষ ভয়ানক অসুবিধায় পড়ে আজকে তাদের ঋণ শোধ করতে পারছে না।

আরেকটি বিষয় আমি বলি, যুক্তফ্রন্ট সরকার তারা প্রায় ৯ কোটি টাকা গ্রুপ লোন মকুব করে দিয়েছিলেন কিন্তু দুঃখের সঙ্গে বলব সেই গ্রুপ যা তাদের মকুব হয়েছিল, তাদের আর দিতে হবে না সেই ধারণায় তারা বসেছিল এবং তারাও দিতে পারেনি। কিন্তু আজকে সেই পুরানো ঋণ এরা বলছেন যে মুকুব হবে না, সেই ঋণ আদায় করবার জন্য ঘটিবাটি, ছাগল-ভেড়া সব ক্রোক করা আরম্ভ হয়েছে। এটা বন্ধ করবার জন্য অবিলম্বে সরকারের কাছে দাবী রাখছি এবং ঋণ মকুব করার জন্য দাবী করছি। বড় মাঝারী কৃষকদের ক্ষেত্রে

কিস্তি করে দিন আর ছোটদের ঋণ আদায় স্থগিত রাখুন এই দাবী রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Mr. Sudhir Bera, you wanted to raise a point. What is your point ? Without admitting, without making any comment whatsoever, I like to hear what you want to say.

শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার ভাঙাগড়া হচ্ছে, মন্ত্রী আউট অব পিকচার হয়ে যাচ্ছে। অথচ বিধানসভা ইন সেশন আছে। (নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপশন)।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

I want to raise a privilege motion against Shri A. L. Dias, Governor of West Bengal and Shri Siddhartha Shankar Ray, Chief Minister of West Bengal. It has appeared in the press—Statesman dated 26.3.77 late city edition, Ananda Bazar Patrika dated 26.3.77, Jugantar dated 26.3.77 and other newspapers that Shri Tarun Kanti Ghosh, Home (Police) Minister has resigned and his resignation has been accepted by Shri A. L. Dias, Governor of West Bengal, on the recommendation of Shri Siddhartha Shankar Ray, Chief Minister. While the Assembly is in session it has the privilege to be informed if a Minister is there or not. Mr. A. L. Dias, Governor, has committed breach of privilege of this House as he has not cared to inform this House of the acceptance of resignation of the Minister through his Cabinet.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি পার্লামেণ্টারীতে মিনিস্টারদের প্রাইমারী রেসপনসিবিলিটি টু দি এ্যাসেম্বলী এবং গভর্ণরের কাছে রেসপনসিবিলিটি সেটা হচ্ছে ফাংশানাল বা ফরম্যাল। কোন মন্ত্রী যদি এখানে মন্ত্রিত্ব করেন তার বিধানসভার আস্থার উপরই তাঁর স্থায়িত্ব নির্ভর করে। আমরা দেখেছি মাননীয় পুলিশমন্ত্রী যিনি ছিলেন তরুণকান্তি ঘোষ মহাশয়, তিনি আর নেই। খবরের কাগজের মাধ্যমে আমাদের তা জানতে হল। মাননীয় সদস্যদের কাছে আমি বিনীতভাবে নিবেদন করছি আপনাদের ক্ষমতা খর্ব করবেন না।

The Members of this Assembly have the right to know what is going to happen in this State in policy matters, on resignation of a Minister.

আপনাদের অধিকার আছে তা আগে জানবার। আপনাদের না জানিয়ে সেটা বাইরে জানানো যায় না। আমাকে বহু লোক বলেছেন যে তোমাদের পুলিশমন্ত্রীকে, আমি তার জবাব দিতে পারিনি। বিধানসভার ভেতরে এবং অধ্যক্ষের কাছে এমন কোন খবর নেই যে পুলিশমন্ত্রী চলে গেছে এটা আমরা বুঝতে পারছি। আমি প্রস্তাব করছি মাননীয় রাজ্যপাল যিনি পুলিশমন্ত্রীর রেজিগনেশন এ্যাক্সেপ্ট করে বিধানসভায় সেই এ্যাকসেপট্যান্স না জানিয়ে ব্রীচ অব প্রিভিলেজ অব দি হাউস করেছেন। সেজন্য আমি ব্রীচ অব প্রিভিলেজের প্রশ্ন এখানে উত্থাপন করছি। আমি অনুরোধ করব মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে মাননীয় এ এল ডায়াস গভর্ণর অব ওয়েষ্ট বেঙ্গল-এর বিরুদ্ধে ফর ব্রীচ অব প্রিভিলেজ অব ওয়েষ্ট

বেঙ্গল এ্যাসেম্বলী সেজন্য এটা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক। আর একটা ব্রীচ অব প্রিভিলেজ অব দি ওয়েষ্ট বেঙ্গল এ্যাসেম্বলী হয়েছে এই প্রস্তাব আছে সেটা হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থ রায়ের বিরুদ্ধে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সবাই জানেন পার্লামেণ্টারি ডেমোক্রেসীতে মন্ত্রিসভার উপর যতদিন বিধানসভার আস্থা থাকবে, ততদিন কেউ মন্ত্রী থাকবেন। মন্ত্রী অবশ্য ছেড়ে দিতে পারেন মন্ত্রিত্ব যে-কোন কারণেই হোক। কিন্তু দিজ এ্যাসেম্বলী হ্যাজ দি রাইট টু বি ইনফরমড্ ফার্ষ্ট। আর একটা গুরুত্বপূর্ণ ব্যাপার আছে। যে পরিস্থিতির মধ্যে পুলিশমন্ত্রী তরুণকান্তি ঘোষ পদত্যাগ করে গেলেন, সেই পরিস্থিতি অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার পশ্চিমবাংলার কাছে, কারণ নির্বাচনে রিগিং হয়েছে কি হয়নি এই নিয়ে মন্ত্রিসভার মধ্যে এবং কংগ্রেস দলের মধ্যে মতভেদ হয়েছে। মুখ্যমন্ত্রী বলেছেন নির্বাচনে রিগিং হয়নি।

(নয়েজ)

কিন্তু পুলিশমন্ত্রী বলেছেন রিগিং হয়েছে, ইনফরমেশন মন্ত্রী বলেছেন নির্বাচনে রিগিং হয়েছে। ভারতীয় ইলেকশন কমিশনার নির্বাচনে রিগিং হয়েছে বলে স্বীকার করে নিয়ে পুনর্নির্বাচনের আদেশ দিয়েছেন। কাজেই এই পরিস্থিতিতে তাঁর পদত্যাগ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

(নয়েজ)

পুলিশমন্ত্রী বলেছেন ২৪-পরগনার এস পি এই রিগিং-এ পার্টি ছিলেন। আজকে তাই বিধানসভার জানবার অধিকার আছে যে রিগিং-এর ব্যাপার নিয়ে মতদ্বৈধ, মন্ত্রীতে মন্ত্রীতে যে গোলমাল এবং তারই ফলশ্রুতি হিসাবে একজন মন্ত্রী, পুলিশমন্ত্রী নেপথ্যে চলে গেলে, কি ঘটনা ঘটল সেটা আমরা জানতে পারব না, বিধানসভায় ঘাস কাটছি, এটা হতে পারে না। উই হ্যাভ এ রাইট টু নো হোয়াট ইজ দি রিয়েল স্টেট অব এ্যাফেয়ারস। সেজন্য আমি মনে করি যে মুখ্যমন্ত্রী মহাশয় সমস্ত ব্যাপারটাতে আমাদের কোয়াইট ইন দি ডারক্ রেখে বিধানসভার অবমাননা করেছেন, আমাদের প্রিভিলেজ হানি করেছেন। আমার এই যে প্রস্তাব এটা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক।

(নয়েজ)

আমি মাননীয় কংগ্রেসী সদস্যদের কাছে বলবো চেঁচিয়ে জনসাধারণকে স্তব্ধ করা যায় না। যতই আপনাদের সংখ্যা বেশী হোক চেঁচিয়ে স্তব্ধ করতে পারবেন না। এই নির্বাচনে আপনারা জনসাধারণের মন থেকে মুছে গেছেন, সেখানে আপনারা আমাকে এখানে স্তব্ধ করে দেবেন? রিগিং-এর প্রশ্নে মুখ্যমন্ত্রী এবং অনান্য মন্ত্রীদের মধ্যে যে মতদ্বৈধ, তা থেকে একজন মন্ত্রী অন্তরালে চলে যাবেন, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার, বাংলাদেশের পার্লামেণ্টারি ইতিহাসে এটা একটা কলঙ্কজনক অধ্যায়, এর প্রতিকার চাই। আমি আমার এই প্রস্তাব প্রিভিলেজ কমিটিতে দেবার জন্য প্রস্তাব করি।

Mr. Speaker : Hon'ble Members please take your seats.

Mr. Krishna Kumar Sukla :

মাননীয় সদস্য যে কথা বললেন তার আসল বস্তুটা কি তা যদি দয়া করে বলেন তো ভালো হয়।

Mr. Speaker : Honourable member Shri Bera has tried to establish a point of privilege. Now whether there is any ground or whether there is any prima facie case, that is to be judged. He has made his point clear. I think one or two members want to add one or two sentences more, I now call upon Shri Ramdas Banerjee.

[Shri Ramdas Banerjee rose to speak]

(Noise)

Honourable members, please take your seat and allow Shri Ramdas Banerjee to speak.

Shri Ramdas Banerjee : My humble submission before you is that we may be in an absolute minority but we are not going to be assaulted by the brute majority. We want your assurance that our members must be protected.

(Noise)

Mr. Speaker : Please allow Mr. Banerjee to speak. Please allow him to continue because I have called him. I will also call upon Dr. Zainal Abedin to speak if he wants to speak.

Shri Ramdas Banerjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ভালভাবে জানেন—হাউস চলাকালে হঠাৎ খবরের কাগজের মাধ্যমে খবর পেলাম আমাদের মাননীয় পুলিশমন্ত্রী পদত্যাগ করেছেন। আমার পূর্ববর্তী বক্তা

(Noise)

আগে আমাকে বলতে দিন, আপনাদের উত্তর দেবার সময় আছে।

এই হাউস চলাকালে যদি কোন মন্ত্রী পদত্যাগ করে থাকেন, সেই খবর হাউসকে না জানিয়ে আগে খবরের কাগজে প্রকাশ করায়---হাউসের অবমাননা করা হয়েছে। সত্যিকারের ঘটনা কি? কেন পুলিশমন্ত্রী পদত্যাগপত্র দাখিল করলেন? সত্যি সত্যি রিগিং হয়েছে কিনা? হয়ে থাকলে পর সুধীর বেরা মহাশয় সেই সম্পর্কে যে তথ্য এই হাউসে পরিবেশন করেছেন---আমি তা পূর্ণ সমর্থন করে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা বিবৃতি দাবী করছি। আমি আশা করি---আমাদের যে অধিকার আছে সেই অধিকার স্বীকার করে আপনি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই হাউসে একটা বিবৃতি দেবার জন্য অনুরোধ করবেন।

Shri Kumar Dipti Sen Gupta : Mr. Speaker, Sir, Mr. Banerjee, who happens to be an honourable member, unfortunately for him and unfortunately for this House, it is a lamentable fact that he uses a word which is very much unparliamentary. He has stated before you, before us that we, the members, have assaulted him. Sir, either he does not know what he has meant, either he does not know what is the meaning of the word in English, either he does not know what is the form of Parliamentary Democracy. He being a lawyer he should know that there is a connotation of the word "assault" under Section 320 of the IPC, and since Mr. Banerjee happens to be an advocate. I

take this opportunity and privilege to bring to your notice that it does not become any sense in a House like this. Now, Sir, they have raised a point of order.

Mr. Speaker : It is not a point of order. It is a point of privilege.

[2-30—2-40 p.m.]

Shri Kumar Dipti Sen Gupta : Sir, if anybody is to bring a privilege motion before the House it is known even to junior Members of this side that a motion is to be filed and placed before the Hon'ble Speaker.

Mr. Speaker : Just state your points. He has moved his privilege motion here.

Shri Kumar Dipti Sen Gupta : That is why you have not admitted, you have just allowed him to speak. On what basis ? What is the material ? What is the document ? Kindly go through the rules. The statement and papers are to be filed before you and the notice is to be read out. Now they have come with a request to maintain parliamentary democracy. Sir, are we to be taught parliamentary democracy from an undemocratic man like Sudhir Bera who has lost the confidence of the Congress Party but has not resigned ? And now he says, he is the only champion of parliamentary democracy and so also Shri Ramlas Banerjee who for his misdeeds and misconduct has been expelled from the Congress Party and now he is speaking for parliamentary democracy.

(Noise)

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker, Sir, Mr. Bera has raised a point of privilege. One should know what is the privilege before raising the issue. I am confident that Mr. Bera does not know the definition of privilege. There is no privilege involved in the resignation of the Police Minister. I ask Mr. Bera to kindly let me know whether the State Legislature has any hand in the appointment, dismissal, removal or resignation of any council of Minister or whether it is the privilege of the Chief Minister. A Minister is appointed by the Governor on the advice of the Chief Minister. The Police Minister has resigned and it has been accepted by the Governor on the advice of the Chief Minister. So, there is no privilege involved in this.

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, what Mr. Gyan Singh Sohanpal said about privilege is very fine. The House is in session but instead of giving any statement in the House about resignation statement has been given outside to the press. That is the privilege. If any Minister resigns when the House is in session he should first give a statement in this House and not hand over his resignation to the Chief Minister. But he has done the opposite—he has given resignation to the Chief Minister and made a statement to the press. This is not regular and this has curtailed the privilege of the House.

The privilege of the House has been curtailed by the late Home Minister by giving his statement or whatever is written to the Chief Minister and to the press but not to the House. That is why the question of privilege comes in, privilege of the House has been curtailed. Hence, the statement just now made by Hon'ble Shri Gyan Singh Sohanpal is not correct, I therefore request you and through you the late Home Minister to give a statement in this House.

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker Sir, Mr. Besterwitch while speaking was uttering words like 'late Home Minister'. I do not know why he was saying such things. I don't find any such expression in Oxford dictionary or in any other dictionary. I think he has forgotten the common expression.

(Noise and interruptions)

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, এর আগে ওঁরা একটা প্রিভিলেজের কথা তুলেছিলেন আনন্দবাজারের কথা বলে। শ্রী সেনগুপ্ত তখন বোধহয় ঢোকেন নি। তাই মোশান দিতে হয় ইত্যাদি কথা বলেন নি। এটা বোধহয় ঠিক ন্যায়সঙ্গত নয়, দুরকম কথা বলা। দুটোই এক হওয়া দরকার। আমি সেকথা বলছি না। আমি যেটা বলতে চাইছি আজকে একজন মন্ত্রীর পদত্যাগ বাইরে হল। আমরা এখানে জানতে পারলাম না মন্ত্রীর পদত্যাগ হয়েছে। আমাদের কিছু বক্তব্য থাকতে পারে, আমাদের কিছু কোশ্চেন থাকতে পারে, পুলিশমন্ত্রীর কাছে নিশ্চয় পয়েণ্ট রেইজ করতে পারি। কিন্তু সেটা করতে পারছি না। আমাদের যে সুযোগ-সুবিধা তা নষ্ট করা হয়েছে। সেইজন্য প্রিভিলেজের কোশ্চেন আসে। আমাদের সুযোগ-সুবিধা যদি নষ্ট করা হয়, আমরা নিশ্চয় প্রিভিলেজ তুলতে পারি। আমরা আমাদের বক্তব্য বিভিন্ন মন্ত্রীকে বলি, তিনি অর্থাৎ পুলিশমন্ত্রী আছেন কিনা বোঝা গেলো না। এখানে স্টেটমেণ্ট এলো না। সেদিক থেকে হাউসের প্রিভিলেজ নষ্ট হতে চলেছে। আপনারা সেটা বোঝাবার চেষ্টা করুন, অযথা চিৎকার করে লাভ নেই।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে নিবেদন করতে চাই। যদি কোন মিনিষ্টার পলিসি নিয়ে পাবলিক স্টেটমেণ্ট করেন তাহলে প্রিভিলেজে পড়তে পারেন। কিন্তু রেজিগনেশান দিলে হাউস চললে স্টেটমেণ্ট দিতেই হবে এমন কোন নিয়ম নেই। এর আগে কামরাজ প্ল্যানে অনেক মন্ত্রী রেজিগনেশান করেছিলেন। কিন্তু তাঁরা স্টেটমেণ্ট করেন নি। এর আগে মন্ত্রী শ্রীকাশীকান্ত মৈত্র পদত্যাগ করেছিলেন। তিনি আপনার কাছে অনুমতি চেয়েছিলেন হাউসে স্টেটমেণ্ট করবেন, আপনি তাঁকে অনুমতি দিয়েছিলেন। যাঁরা রেজিগনেশান করেন স্পীকার বলে স্টেটমেণ্ট করতে পারেন, যদি কেউ তা না করেন তাহলে হাউসে প্রিভিলেজ আসতে পারে না।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীসুধীর বেরা আপনার কাছে একটা প্রিভিলেজের প্রশ্ন তুলেছিলেন আমি ধরে নিচ্ছি তিনি নিয়মমতো নোটিশ দিয়েছেন এবং আপনি প্রাইমা ফেসি মনে করে বক্তব্য উত্থাপন করতে দিয়েছেন।

মিঃ স্পীকার ঃ না, প্রাইমা ফেসি মনে করে নয়, আই ওয়ানটেড টু নো হোয়াট ইজ দি ম্যাটার।

[2-40—2-50 p.m.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় সদস্য শ্রীসুধীর বেরা মহাশয় যে বক্তব্য রেখেছেন তাহলে প্রিভিলেজের প্রশ্ন ছাড়া, অন্যায়ভাবে তা আপনি এ্যালাউ করতে পারেন। ইট শুড বি এক্সপাঞ্জড।

এ হতে পারে না that must be expunged. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এ বিষয়ে আজকে এখানে উত্থাপন হয়নি। কোন মন্ত্রীর পদত্যাগ, বা এ্যাপয়েণ্টমেণ্ট হাউসের কনসালটেশন কিংবা হাউসকে অন কমপালশন জানাতে হবে না এটা পার্লামেণ্টে ডিসিশন হয়ে গেছে। আমি আপনার কাছে একটা জিনিস রাখছি ভারতীয় তারিখ ৫ই ভাদ্র, ১৮৮৫ শকাব্দে একটা কোয়েশ্চেন উঠেছিল মন্ত্রীর রেজিগনেশন নিয়ে যে

whether Prime Minister, in this case, the Cheif Minister, is bound to report it to this House. It is not at all compulsion. It may at best be a matter of country.

সুতরাং এখানে প্রিভিলেজ লাই করে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা রেলেভেণ্ট পোরশন পড়ে শোনাচ্ছি

"Yesterday I had received a notice of breach of privilege from Shri Kapur Sing and Shri Ram Sewak Yadav to the effect that the Prime Minister had publicly announced his acceptance of the resignation of six members of the Cabinet without first making a statement on the floor of the House about this matter of specific, urgent, public importance, particularly when the Parliament is in session. I told him yesterday—I repeat the words, Sir, I told him yesterday that I had not allowed it and that if he had any grievance, he could represent to me in the Chamber. Both of them did come and see me, I tried to explain it to them."

এই হাউসের এক্তিয়ারে আসতে পারে না।

It has never, in the past, come within the discussion of the House. The Chief Minister is supreme in selecting his ministers.

তিনি হাউসের পরামর্শে মন্ত্রিসভা তৈরী করেন না। তেমনি মন্ত্রিসভা থাকবে কি থাকবে না হাউস সেটা করতে পারে তার মেজরিটি মেম্বার দিয়ে। কিন্তু চীফ মিনিষ্টার কাকে মন্ত্রী রাখবেন কাকে রাখবেন না সেটা তাঁরই এক্তিয়ার।

The Prime Minister or in this case the Chief Minister is not bound to consult.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্পীকারের রুলিং দেখুন

"I am only on the authority of this House, whether it can interfare or change, or have a say in the appointment or dismissal of Ministers by the Prime Minister."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ঐ ধারের এই সদ্য দলত্যাগী সদস্য মাননীয় সুধীর বেরা মহাশয়, প্রিভিলেজের প্রশ্ন তুলে আজকে ইনসিনিয়েশন চেষ্টা করছেন, আপনি এই হীন অপচেষ্টা, এই হীন প্রচেষ্টাকে এবং সার্টেন আদার পয়েণ্টস এগুলি এই হাউসের প্রসিডিংস থেকে বাদ দেবেন।

Even if it had been a matter of Public importance, the Chief Minister is not bound either by convention or by compulsion or by any provisions of the rules of procedure and conduct of business to report it to the House.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেইজন্য আমার দুটি নিবেদন আছে। একটা হচ্ছে, এটা প্রিভিলেজের আওতায় আসে না।

It should summarily dismissed by your honour.

দ্বিতীয় পয়েণ্ট হচ্ছে এই হীনতার আশ্রয় নিয়ে যে অসত্য প্রমাণ করবার জন্য বক্তব্য রেখেছেন সেটা must be expunged from the proceedings of the House. It is supported by authority. I have brought this book from your table. Thank you, Mr. speaker, Sir.

Mr. Speaker : Hon'ble Members, regarding the question of breach of privilege raised by honourable Shri Sudhir Bera, against Hon'ble Shri Siddhartha Sankar Ray, Chief Minister and Leader of the House, for not informing the House as yet as to the resignation tendered by Shri Tarun Kanti Ghosh, Minister-in-Charge of Home (Police) Department and subsequent acceptance of such resignation by the Governor, but the information in respect of which has already been made public by Shri Ray, I may state that I agree that the acceptance of the resignation tendered by Shri Ghosh is certainly a matter of public interest. But in Parliamentary Practice and Procedure, no privilege of the House is involved if statements on such matters of public interest are not first made in the House and are made outside. Although it would have been better to report the matter to the House there is however no breach of privileges—*vide* Lok Sabha Debate (Part II), dated the 5.9. 1955, Column No. 12194, Lok Sabha Debate, dated 19th December, 1963, Column Nos. 5792-93 and also dated 12.9.63, Column Nos. 5784-5800.

Incidentally, I may also state that in the House of Commons, U.K., it has also been ruled that even if a matter of policy were to be announced outside the House while the House is in Session, there was no breach of privilege ; it may be at best a breach of courtesy—*vide* Debates of the House of Commons, dated 7.5.1952, Columns Nos. 390-91.

I am therefore, satisfied that there is no *prima facie* case that a breach of privilege has been committed and hence I disallow the honourable member to raise the matter as a question of privilege.

Dr. Zainal Abedin : Sir, তাহলে expunction-এর কথাটা বলে দিন।

Mr. Speaker : Regarding this matter—it is some other matter—I could not hear perfectly because there was shouting going on inside the House. I will look into the proceedings and then I will take appropriate action.

Now let us take the next agenda.

Discussion and Voting on Account

Mr. Speaker : Dr. Gopal Das Nag already moved his motion for a vote on account on the 26th March, 1977. There are six amendments on the

motion which are in order. The discussion on the motion may be taken up now. I now call upon Shrimati Ila Mitra to speak.

Shri A. H. Besterwitch : On a point of order. I do not think that there is any business today because we have not received the bulletin. How can we start the business? We have not also received the report of the Business Advisory Committee.

Mr. Speaker : I think you have received this bulletin. This was circulated on the 25th March, 1977. If you did not receive this I can give you a copy.

[2-50—3-00 p.m.]

Discussion and Vote on Account

Shrimati Ila Mitra : Sir, I beg to move that the amount of the demand be reduced to Re. 1/-.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডাঃ গোপালদাস নাগ মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন বিধানসভার সি পি আই দলের পক্ষ থেকে আমি তার উপর কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডাঃ গোপালদাস নাগ মহাশয় লোকসভার নির্বাচনের কথা কেবলমাত্র উল্লেখ করেছেন কিন্তু সে সম্পর্কে বেশী কিছু বলেন নি, আমি কিন্তু এই নির্বাচন সম্পর্কে বলতে চাই যে, এই নির্বাচনে জনসাধারণ যে রায় দিয়েছেন তা আমরা অবনত মস্তকে এবং সশ্রদ্ধচিত্তে গ্রহণ করেছি। সাম্প্রতিক লোকসভার নির্বাচনে ভারতের মানুষ মোটামুটিভাবে যে রায় দিয়েছেন তার মধ্যে দিয়ে তাঁরা কিছুকাল ধরে কংগ্রেসী সরকার কর্তৃক সাধারণ লোকের বিরুদ্ধে জরুরী ক্ষমতার ব্যাপক অপব্যবহার, সমস্ত গণতান্ত্রিক রীতিনীতি লঙ্ঘনের বিরুদ্ধে তাঁদের সুবিপুল প্রতিবাদ জ্ঞাপন করেছেন। তাঁরা বিপুল প্রতিবাদ করেছেন নির্বীজকরণের জবরদস্তির, জোর করে পথের পাশের ধরবাড়ী ফেলে দেওয়ার, সংবিধান বহির্ভূত ক্ষমতার কেন্দ্র তৈরী করার, শ্রমিক শ্রেণীর বিরুদ্ধে আক্রমণ—তাঁদের বোনাস কাটা, বাধ্যতামূলক সঞ্চয় প্রকল্প চাপানো ইত্যাদির। তাছাড়া ট্রেড ইউনিয়ন অধিকার নষ্ট করা, অথচ মেহনতী কৃষকদের উপর সাংঘাতিক করভার অথচ একচেটিয়া পুঁজিপতিদের অনবরত সুবিধাদান, ব্যক্তিস্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতা নির্বিচারে দমন করার বিরুদ্ধেও তাঁরা রায় দিয়েছেন এবং একটা পরিবর্তন করার ইচ্ছাকে দৃঢ়ভাবে জ্ঞাপন করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট সম্বন্ধে বলতে গিয়ে নির্দিষ্টভাবে একথাটা বলতে চাই যে, এই বাজেট একেবারেই গতানুগতিক বাজেট হয়েছে। স্যার, এই বাজেট আলোচনার সময় আমাদের ইকনমিক রিভিউ বলে একটি বই দেওয়া হত, সেটা এবারে এখনও পাইনি, পেলে আপনাদের সামনে বিশ্লেষণ করে দেখাতে পারতাম যে, অর্থনৈতিক দিক থেকে পশ্চিমবাংলার কোন অগ্রগতি বা উন্নতি হয়নি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বাজেট পেশ করে যে কথাগুলি বলেছেন সেখানে আমরা দেখতে পাচ্ছি যে, তার অনেকগুলি তথ্য ভুলে ভরা। কৃষির ক্ষেত্রেই ধরুন, শিল্পের ক্ষেত্রেই ধরুন বা কমার্স ইণ্ডাস্ট্রিজের ক্ষেত্রেই ধরুন কোন উৎপাদন বৃদ্ধি হয়নি। মানুষের যে সঙ্কট, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের যে মূল্যবৃদ্ধি, শ্রমিক-কৃষকদের যে সমস্যা—ছাঁটাই, বেকারী, বোনাস কাটা, কৃষকদের ফসলের ন্যায্য দাম না পাওয়া, খাজনা, সেচকর, বিদ্যুতকর প্রভৃতি আদায়ের ব্যাপারে যে অত্যধিক জুলুম, কৃষি শ্রমিকদের নিম্নতম মজুরি না পাওয়া, গরীব কৃষকদের সরকারী প্রদত্ত ঋণ মকুব

নাকচ ইত্যাদি মিলিয়ে সাধারণ মানুষের যে ক্ষোভ তা নিরসন করার মতন ব্যবস্থা এই বাজেটে দেখতে পেলাম না।

সম্প্রতি লোকসভা নির্বাচনের রায়ের পরিপ্রেক্ষিতে আত্মানুসন্ধান করার কোন প্রচেষ্টা এই বাজেটে নেই। বরং আমরা মনে করি এই বাজেটে কতকগুলি ভুল তথ্য দেওয়া হয়েছে যা আমি পরে বিশ্লেষণ করে দেখাবো এবং আত্মসন্তুষ্টিতে ভরা এই বাজেট। ইতিমধ্যে রাজ্য সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দেবার জন্য কেন্দ্রীয় সরকারের নিকটে টাকার যে সুপারিশ করা হয়েছে এবং সি ডি এস বাতিল করার যে দাবী করা হয়েছে তাকে আমরা সমর্থন করি। খাজনার ব্যাপারে যে সিদ্ধান্ত ঘোষণা করেছেন এবং বর্ধিত সেচকর সম্পর্কে কমাবার যে ঘোষণা করেছেন তাকে স্বাগত জানাই। কিন্তু এগুলি আইন করার সময় নিশ্চয়ই আপনাদের মনে আছে আমরা অনেকগুলি সংশোধনী দিয়েছিলাম তার একটাও গ্রহণ করেন নি। সেগুলি যদি গ্রহণ করতেন তাহলে ভাল হত। যাই হোক, সেই সংশোধনীগুলি এখন আপনারা বিবেচনা করবেন বলে আমরা আশা করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ৯ লক্ষ ভূমিহীনদের ভূমি দেওয়া হয়েছে এবং ৭ লক্ষ গ্রামের বাস্তুহীনদের বাস্তুজমি দেওয়া হয়েছে সেটা কিছুই নয় সে কথা আমরা বলছি না। কিন্তু আমরা আরো ৫০/৬০ লক্ষ ভূমিহীনদের ভূমি দেওয়া হচ্ছে না কেন এই সম্পর্কে প্রশ্ন তুলছি। হবার পথে বাধা কি আছে এবং যাদের দেওয়া হয়েছে তারাই এই জমি পাবার যোগ্য কিনা এবং ব্যক্তিস্বার্থ, কায়েমী স্বার্থ এর মধ্যে কতখানি আছে বিচার করতে হবে। আমরা কমিউনিষ্ট পার্টির পক্ষ থেকে বারবার বলেছি যে, স্থানীয় কমিটি, গণকমিটি, আঞ্চলিক কমিটির মাধ্যমে জমি বিলি, সার বিলি, রিলিফ বণ্টন প্রভৃতি কাজগুলি করা হোক। তাহলে ভুল হোক বা ঠিক হোক কারুর কিছু বলার থাকে না। কিন্তু সরকার প্রতি ক্ষেত্রেই এইসব প্রস্তাব নাকচ করেছেন এবং আমলাদের উপর নির্ভর করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেও বলেছিলাম যে অনেকগুলি ভুল তথ্য এই বইয়ে লেখা হয়েছে---যেমন মনে করুন কৃষিজমির সর্বোচ্চ সীমা রূপায়ণ এবং উদ্বৃত্ত জমি দ্রুত বণ্টন এবং রেকর্ড সংরক্ষণে আপনারা বলেছেন যে, ১০ লক্ষ ৪৭ হাজার ৯৮ একর কৃষিজমি সরকারে বর্তেছে। আমি ২/১টি উদাহরণ দিচ্ছি কারণ বেশী সময় নেই বলে। কিন্তু ১৯৭২ সালে মন্ত্রিসভা গঠনের আগে পর্যন্ত সরকারের হাতে ৯ লক্ষ ২৩ হাজার জমি এসেছিল এবং তখন পারিবারিক সিলিং অনুযায়ী---ব্যক্তিভিত্তিক সিলিং নয়, পারিবারিক সিলিং অনুযায়ী, এখানে দেখুন---ভূমিরাজস্বমন্ত্রী ১৯৭২ সালে বাজেট বক্তৃতায় বলেছিলেন ৯.২৩ লক্ষ একর কৃষিজমি সরকারে ন্যস্ত হয়েছে। (বিধানসভার কার্যবিবরণী ভল্যুম ৫৩, পেজ ২১১, সেভেন্থ জুলাই, ১৯৭২)। মনে রাখতে হবে উপরোক্ত জমি প্রধানত পশ্চিমবঙ্গ জমিদারী অধিগ্রহণ আইন অনুযায়ী ন্যস্ত হয়েছে যখন ব্যক্তিভিত্তিক জমির ঊর্ধ্বসীমার সিলিং চালু ছিল। পরিবারভিত্তিক সিলিং চালু হয় পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইনের মাধ্যমে যা রাষ্ট্রপতির আইন হিসাবে ১৯৭১ সালের ৭ ফেব্রুয়ারী চালু হয়। ১৯৭৪ সালের সেপ্টেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গ জমিদারী অধিগ্রহণ আইন প্রয়োগের ফলে প্রায় ৯·৫৭ লক্ষ কৃষিজমি রাজ্য সরকারে বর্তেছে। ১৯৭৫-৭৬ সালের অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতা পৃষ্ঠা নং ১২তে একথা লেখা আছে।

[3-00—3-10 p.m.]

নতুন পরিবারভিত্তিক সিলিং ধার্য করে ভূমিসংস্কার আইন চালু করে কত উদ্বৃত্ত জমি পাওয়া যেতে পারে? ভূমিরাজস্বমন্ত্রী ৭-৭-৭২ সালে গ্রাণ্টের বাজেট বক্তৃতায় নিজে থেকে

জানিয়েছেন, আশা করা যায় নতুন সিলিং আইন দ্রুত কার্যকর করে দুই থেকে তিন লক্ষ একর কৃষিজমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করা হবে। (ভলঃ ৫৩, নং ২---পাতা ২০৯)। ১৯৭৫ সালের বাজেট বক্তৃতায় ভূমিরাজস্বমন্ত্রী জানিয়েছেন গত নভেম্বর মাস পর্যন্ত মোট ২৫·৪০ লক্ষ একর জমি সরকারে ন্যস্ত হয়েছে। এর মধ্যে কৃষিজমি প্রায় ১০·১৬ লক্ষ একর। ভূমিরাজস্বমন্ত্রীর বাজেট বক্তৃতার ৪/৫ পৃষ্ঠায়। এবার দেখা যাক '৭৬ সালে সরকারের পক্ষ থেকে কি দাবী করা হল? এ পর্যন্ত ১০ লক্ষ ১৫ হাজার একর কৃষিজমি সরকারে ন্যস্ত হয়েছে। বিতরণযোগ্য ৬ লক্ষ ৩০ হাজার একরের মধ্যে ৬ লক্ষ ১১ হাজার একর জমি ইতিমধ্যেই বিলি করা হয়েছে। ভূমিরাজস্বমন্ত্রীর বাজেট বক্তৃতায় ১৯৭৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত সরকারের দাবী কি? ৩১শে মার্চ ১৯৭৬ সালের ইকনমিক টাইমস-এ বলা হয়েছে ন্যস্ত কৃষিজমি---১০ লক্ষ ২২ হাজার একর, বিলি করা হয়েছে ৬ লক্ষ ১৪ হাজার ৩১৭ একর। তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি যে বললাম এই তথ্য দেখে যেখানে বলা হয়েছে এত জমি অর্থাৎ ১০ লক্ষ ৪৭ হাজার ৯৮ একর জমি সরকারের হাতে বর্তেছে। কিন্তু দেখা যাচ্ছে ৯ লক্ষ একর জমি এই '৭২ সালের আগেই সরকারের হাতে বর্তেছিল। তাহলে পাঁচ বছর ধরে কতটুকু নিয়েছেন? কিছুই নেন নি। এটা আমি প্রমাণ করতে চাই যে কোনদিকে অগ্রগতি হয়নি, বিশেষ করে গরীব মানুষকে যেভাবে জুলুম এবং শোষণ করা হয়েছে, আমি তথ্য দিয়ে উপস্থিত করছি। যেমন মনে করুন গৃহহীনদের বাস্তু-জমি দেওয়ার ব্যাপারে অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় দাবী করা হয়েছে, ১৯৭৬ সালের নভেম্বর পর্যন্ত সংখ্যাটা ৩ লক্ষে পেঁৗচেছে। গৃহহীনদের বাস্তুজমি দেবার ব্যাপারে ২০ দফা কর্মসূচীর পাঁচ নং দফায় এই দাবী ছিল যে বাস্তুহীনদের বাস্তুভিটার জন্য জমি দিতে হবে। আপনাদের নিশ্চয়ই মনে আছে, গত বছর অর্থমন্ত্রী শঙ্কর ঘোষ মহাশয় বাজেট বক্তৃতায় বলেছিলেন যে ১২০ কোটি টাকা ঋণ বাবদ গরীব কৃষকদের জন্য মঞ্জুর করা হ'ল। সেই সময় দুটো আইন আমাদের বিধানসভায় আসে, যেটা হচ্ছে রিলিফ ফর রুর্যাল ইনডেব্টেন্ডেন্স; কিন্তু আপনারা দেখুন গৃহহীনদের বাস্তুজমি দেবার ব্যাপারে অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় দাবী করা হয়েছে '৭৬ সালে নভেম্বর পর্যন্ত সংখ্যা তিন লক্ষে পেঁৗচেছে। অথচ '৭৬ সালের ১২ই মার্চ গীতা মুখার্জীর তারকাচিহ্নিত প্রশ্ন নং ২৯০-এর জবাবে মন্ত্রিমহাশয় জানিয়েছিলেন, ১৯৭৬ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত রাজ্যে মোট দু' লক্ষ ৯৭ হাজার ৭৪৬ জন বাস্তুহীনকে বাস্তুভিটা নির্মাণের জন্য জমি দেওয়া হয়েছে। ৩১শে মার্চ সংখ্যাটা বলা হয়েছে ৩ লক্ষ ১ হাজার ৯৪১। গ্রামীণ ঋণ মকুব অর্ডিন্যান্স '৭৫ সালের ২৭শে নভেম্বর বিধানসভায় গৃহীত হয়। '৭৬ সালের ৫ই জানুয়ারী তাতে রাষ্ট্রপতির সম্মতি গেজেটে প্রকাশিত হয়। কোন্ মন্ত্রী এটা দেখবেন এবং এর রুলস কি হবে তা ঠিক করতেই এই সরকার ১৫ মাস কাটিয়ে দিলেন। কাজেই গরীব মানুষের কাজে এই আইন লাগলো না। অথচ আমরা দেখেছিলাম, এই সরকারী ও ইনষ্টিটিউশন্যাল ঋণ আদায়ের জন্য গ্রামে গ্রামে নজীরবিহীন অত্যাচার চালানো হয়েছে। সমস্ত দলের প্রতিনিধিরা এই বিধানসভায় এই ঋণের জন্য কি-ভাবে গরীব কৃষকদের হয়রাণি করা হয়েছে, তাদের গরু-বাছুর কিভাবে কেড়ে নেওয়া হয়েছে তা বারবার উপস্থাপিত করেছেন। আপনারা বলেছেন দেখবেন, কিন্তু কিছুই দেখা হয়নি। এর দ্বারা গ্রামের মানুষের কোন উপকার আপনারা করতে পারেন নি এবং যে উদাহরণগুলি আপনারা উপস্থিত করেছেন তাতেও দেখা যাচ্ছে যে বিন্দুমাত্র অগ্রগতি আমাদের হয়নি।

এখন আমি আরো কয়েকটি ডিপার্টমেণ্টের ব্যাপার আপনার সামনে উপস্থিত করতে চাই। প্রথমে আমি সি এম ডি এ-র কথা বলব। আমি সি এম ডি এ-কে ক্যালকাটা মেট্রোপলিটন ডিগিং অথরিটি বলে বিদ্রুপ করছি না। সি এম ডি এ-র কাজে কোটি কোটি টাকা খরচ হচ্ছে, অথচ কোন কাজ হচ্ছে না, এই ধরনের কোন মন্তব্যও আমি করছি না। প্রচুর কাজ হয়েছে, অনেক কাজ হচ্ছে এবং গত ৫০ বছরেব মধ্যে কোন একটিও ৫ বছরের প্রোগ্রামে এত কাজ হয়নি। কিন্তু তবুও আমি এই প্রসঙ্গে ভোলাবাবুকে জিজ্ঞাসা করছি, এখানে যে বিপুল পরিমাণ অর্থের অপচয় হচ্ছে তার হিসাব কে করবে? সি এম ডি এ-র খবচ অসম্ভব বাড়িয়ে তোলা হয়েছে। অসংখ্য অফিসার নিয়োগ করা হয়েছে, যাদের কোন দরকার ছিল না। মাইনেপত্র যা দেওয়া হচ্ছে তা সরকারী কর্মচারীদের মাইনের তুলনায় অসম্ভব বেশী। তাছাড়া সি এম ডি এ-র যে ধরনের কাজ, যার সম্বন্ধে বহুবার বিধানসভায় বলেছি যে, সি এম ডি এ-র কাজের জন্য আমাদের এলাকায় আমাদের মার খেতে হচ্ছে এবং ভবিষ্যতেও হবে। আপনি জানেন সি এম ডি এ-র কাজ করার জন্য যে সমস্ত কণ্ট্রাকটরকে কাজ দেওয়া হয়েছে তারা সেই কাজ কিভাবে বিলম্বিত করছে, কিভাবে অর্ধসমাপ্ত রাখছে। আপনি এটা যদি প্রত্যেক এলাকায় দেখেন তাহলে দেখতে পাবেন। আমি দু'-একটি উদাহরণ দিচ্ছি, যেমন নারকেলডাঙ্গায় '৭২ সালে রাস্তা খোঁড়া হয়েছিল রাস্তা ভাল করার জন্য, কিন্তু আজকে '৭৭ সাল পর্যন্ত সেই রাস্তা সেইভাবেই খোঁড়া রয়েছে। সেখান দিয়ে বাস যেতে পারে না, মানুষকে হেঁটে অনেক কষ্ট করে অনেক ঘুরে যাতায়াত করতে হচ্ছে। কাজেই বুঝতে পারছেন যে, আজ ৬ বছর ধরে একটি রাস্তা খোঁড়া রয়েছে, সেখানে কাজ আর শেষ হচ্ছে না। তারপর দেখুন পায়খানা করার প্রোগ্রাম নেওয়া হয়েছে, এটা খুবই ভাল কাজ, পায়খানা করার প্রোগ্রাম হলো, কিন্তু তার ড্রেন হলো না, যার ফলে উল্টোদিক দিয়ে তার সমস্ত কিছু বেরুচ্ছে, কাজ অর্ধসমাপ্ত পড়ে রয়েছে। আপনি যদি যান তাহলে সেগুলি প্রত্যেক এলাকায় দেখতে পাবেন। অথচ অকারণ পাবলিক রিলেশনের নামে লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। এখানেই আমার জিজ্ঞাসা যে, এই খরচের কি দরকার? কাজ ভাল হলে সেটাই এ্যাডভার্টাইজমেণ্ট হবে। হাওড়ায় একটা সাবওয়ে হলো, কলকাতা এবং বাইরের লক্ষ লক্ষ মানুষের সেটা দৃষ্টি আকর্ষণ করলো, সেটাই সর্বোৎকৃষ্ট এ্যাডভার্টাইজমেণ্ট। পাবলিক রিলেশনের নামে বৃথা টাকা খরচ করা হচ্ছে। আর একটা বড় প্রশ্ন আছে, পশ্চিমবঙ্গ সরকার কলকাতায় অনেক টাকা খরচ করছে, কিন্তু কলকাতা শহরে যে কাজ হচ্ছে তা আপ টু দি মার্ক হচ্ছে কি? এখনই আপনি শুনলেন যে, চারিদিকে জল নেই, পাইপ নেই, পায়খানা নেই; কি শোচনীয় অবস্থা। নিশ্চয়ই বেশী টাকা খরচ করা হবে, কলকাতার উন্নতি হবে, এটা আমরা চাই। কিন্তু এত টাকা খরচ করেও কলকাতা শহরে আপ টু দি মার্ক কাজ হয়নি। এই প্রসঙ্গে আর একটা কথা বলছি, কলকাতার বাইরের বিভিন্ন শহরের রাস্তার উন্নতির জন্য গত বছর দেওয়া হয়েছিল মাত্র ৫০ লক্ষ টাকা। কিন্তু সেখানে কলকাতায় খরচ করছেন ৪০ কোটি টাকা। ভাল কথা, কলকাতার জন্য আরো খরচ করুন, কিন্তু তাই বলে কলকাতার জন্য যেখানে খরচ করছেন ৪০ কোটি টাকা সেখানে সমস্ত মফঃস্বল শহরের জন্য আপনারা খরচ করছেন মাত্র ৫০ লক্ষ টাকা। যদি ২য় হাওড়া ব্রিজ, আণ্ডারগ্রাউণ্ড রেল এবং **M.T.P.** ইত্যাদির খরচ ধরেন তাহলে দেখবেন কলকাতা শহরের মানুষের জন্য মাথাপিছু ১০০ টাকা খরচ হলে গ্রামের মানুষের জন্য সেখানে মাথাপিছু মাত্র ১ টাকা খরচ করছেন।

[3-10—3-20 p.m.]

কলকাতার জন্য upto the mark খরচ করুন সেটা আমরা চাই, কিন্তু তাহলে মফঃস্বলগুলিকে বঞ্চিত করবেন না। এই প্রসঙ্গে বলতে চাই management-এর জন্য যে সমস্ত অপচয় হয়েছে সেটাকে অন্যায় বলে মনে করি। Establishment বাবদ এত খরচা বন্ধ করুন এবং তা দিয়ে বস্তীতে বস্তীতে স্কুল করুন। Contraction farm-গুলি আপনার অফিসারদের সাহায্যে যে লুট করছেন সেটা বন্ধ করে সেই টাকা গ্রামে খরচ করুন। World Bank যদি বলে আমরা কলকাতার জন্য টাকা দিচ্ছি অন্য কিছুর জন্য নয় তাহলে সেই টাকা আপনারা প্রত্যাখ্যান করুন। Beggers must not be choosers. এটা যদি তারা বলে তাহলে আপনারা বলুন Borrowers must not be dictators upon. যে টাকা আছে সেই টাকা নিয়ে আপনি চলে যান বাইরের শহরগুলিতে। আপনি খড়গপুর, কল্যাণী, কৃষ্ণনগর, তমলুক, শিউড়ি ইত্যাদির জন্য development করুন। তারপর বনবিভাগের চরম অন্যায়ের কথা না বলে পারছি না। বনবিভাগের জন্য কত কি করার আছে? পুরুলিয়াতে economic forester করা দরকার। ইউক্যালিপটাস ইত্যাদি দিয়ে সমস্ত পতিত জমি ভর্তি করে দিন। কাগজকলের জন্য যে গাছের দরকার তা লাগান। দার্জিলিং-এর জন্য ভাল রাস্তা ও rope way তৈরী করুন এবং সেখানে বাজে গাছ কেটে দিয়ে মেহগনি গাছ লাগান। কিন্তু এসব না করে আপনি Southern Avenue, গড়ের মাঠ সুন্দর করছেন, আপনি দুখিনী মাকে ছিন্নবস্ত্র রেখে বান্ধবীর জন্য লাইলন শাড়ী কিনছেন। এসব আমরা সমর্থন করতে পারি না। শিল্প-বাণিজ্য বিভাগের জন্য এক পয়সা চাইবার দাবী এই সরকারের নেই এইরকম একটা অপদার্থ বিভাগকে কেন এতদিন ধরে প্রশ্রয় দিচ্ছেন সেই কথা চিন্তা করতে হবে। অনেক ব্যবসায়ীরা বলেন শিল্প বিভাগের একমাত্র কাজ হচ্ছে উদ্যোগী ব্যবসায়ীকে হয়রাণ করানো। কোন ব্যবসায়ী যদি শিল্পের কাঁচামাল, লাইসেন্স, Industrial lamp ইত্যাদির জন্য শিল্প বিভাগে যান তাহলে শিল্প বিভাগের অফিসাররা চেষ্টা করেন কিভাবে তাঁর এই কাজকে দেরী করানো যায় এবং কিভাবে হয়রাণি করানো যায়। এইরকম শত শত দৃষ্টান্ত দেওয়া যায়। একজন উদ্যোগী Commerce Industries বিভাগ থেকে আরম্ভ করে Irrigation বিভাগ, Small Scale Industries বিভাগ, S.B.A., Infrastructure Development Corporation, Small Industries, Survive Institute ইত্যাদি জায়গায় ঘুরে ঘুরে হতাশ হয়ে পরে ঠিক করেন পশ্চিমবাংলার বাইরে শিল্প স্থাপন করবেন। কিন্তু হরিয়ানা, পাঞ্জাব, মহারাষ্ট্র দেখবেন একজন ব্যবসায়ীকে কাঁচামাল, লাইসেন্স, power ইত্যাদি দিয়ে সেখানকার সরকার কিভাবে সাহায্য করেন যাতে সেখানে দ্রুত শিল্প স্থাপন করা যায়।

অথচ পশ্চিমবাংলায় শিল্প বিভাগের মনোভাব হল ব্যবসায়ীরা লাভ করবে, আমরা কিনা কাঁচামালের লাইসেন্স দেবার জন্য খেটে মরব, যত পার ভোগাও। পশ্চিমবাংলায় একটা শিল্প গড়ে উঠলে যে কিছু লোকের কর্মসংস্থান হয়, কিছুটা নতুন সম্পদ উৎপাদন হয়, এই বোধ শিল্প বিভাগের নেই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই কথা উপস্থিত করছি। পশ্চিমবাংলায় শিল্পবিকাশের পথে সবচেয়ে বড় বাধা হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের শিল্প ও বাণিজ্য বিভাগ এবং তার যোগ্য সহচর হচ্ছে স্মল এণ্ড কটেজ ইণ্ডাস্ট্রিজ বিভাগ। এই বিভাগটির কথা চিন্তাই করা যায় না। প্রতি বছর কত লক্ষ টাকা খরচ হচ্ছে, অথচ

অতল গহ্বরে সেই টাকা তলিয়ে যাচ্ছে। আসানসোলের আদিবাসীদের দিয়ে হাজার হাজার ঝুড়ি তৈরি করানো যায় এবং সেটা ইষ্টার্ণ কোল লিমিটেড কেনবার জন্য উদ্‌গ্রীব হয়ে আছে। পুরুলিয়া-ঝাড়গ্রামের ঘাস দিয়ে দড়ি তৈরি করা যায়। মহুয়া গাছ, নিম গাছ থেকে তেল তৈরি করা যায়, সাবানের ছোট ছোট কারখানা করা যায়। অথচ বিশেষ কোন ডেভেলপমেণ্ট এই বিভাগের আমরা দেখতে পেলাম না। বীরভূমে ষ্টোন ক্রাসিং শিল্প গড়ে তোলা হচ্ছে না। দার্জিলিং-এ গুটিপোকার চাষ বাড়ানো হচ্ছে না। মালদহে রেশম তৈরির সম্ভাবনাকে নষ্ট করে দেওয়া হচ্ছে। এদিকে এমন দৃষ্টান্ত বিরল নয় যে কোন একজন সৎ অফিসার যদি দেশাত্মবোধ থেকে শিল্প গড়ে তুলতে সাহায্য করার জন্য উৎসাহ দেখায় তবে তাকে থামিয়ে দেওয়া হয়। হয়ত বা তাকে কোন কোন সময়ে শাস্তিও পেতে হয়। অথচ পশ্চিমবাংলায় শিল্পপ্রসারের সীমাহীন সুযোগ রয়েছে। আমরা চাই হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল শিল্প গড়ে তোলার জন্য সরকার কেন্দ্রের উপর চাপ দিন। আসানসোলে কোল কেমিক্যাল কমপ্লেক্স-এর জন্য তৎপর হয়ে উঠুন, পশ্চিমবাংলার সমস্ত জেলায় ইণ্ডাস্ট্রিয়াল এষ্টেট তৈরী করে এ্যানসিলিয়ারী এবং স্মল স্কেল ইণ্ডাস্ট্রি গড়ে তুলুন। বড় বড় শিল্পকে বাধ্য করুন এ্যানসিলিয়ারী ইণ্ডাস্ট্রিকে সাহায্য করার জন্য। সিক ইণ্ডাস্ট্রিকে রিভাইটালাইজ করার নামে যে বিপুল চুরির মহোৎসব চলছে তা এখনই বন্ধ করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সরকারের নিকট এই আবেদন করছি। একথা জলের মত পরিষ্কার যে আমাদের অনেক ক্যাপিট্যালিষ্ট বা ইণ্ডাস্ট্রিয়ালিষ্ট অষ্টাদশ বা ঊনবিংশ শতাব্দীর বৃটিশ ইণ্ডাস্ট্রিয়ালিষ্টের মত কঠোর পরিশ্রম করে শিল্প গড়ে তুলে যে বড়লোক হতে চায় তা নয়। আমাদের ইণ্ডাস্ট্রিয়ালিষ্টরা চুরি করে তাড়াতাড়ি বড় লোক হতে চায়। নিজের ইণ্ডাস্ট্রি থেকে নিজে চুরি করে শেয়ার হোল্ডারদের ফাকি দিতে চায়। তারপর সেই ইণ্ডাস্ট্রিকে সিক ইণ্ডাস্ট্রি বানিয়ে দিয়ে সরকারের কাছে অনুদান নেয় এবং তাই থেকে চুরি করে সরকারী আমলাদের সাহায্যে। এই পাপচক্র চলছে বছরের পর বছর। এই অপচয় ও দুর্নীতি বন্ধ করার জন্য পশ্চিমবঙ্গ সরকার কি কোন ষ্টেপ নেবেন না? পাবলিক সেক্টর আণ্ডারটেকিংগুলোর ফলাফল তো অর্থমন্ত্রী মহাশয় আপনি স্পষ্টভাবেই আপনার বইতে দেখিয়ে দিয়েছেন। অধিকাংশ পাবলিক সেক্টর আণ্ডারটেকিং-এ লোকসান হচ্ছে। কতকগুলো ক্ষেত্রে লোকসানের কারণ বোঝা যায় যেমন ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীম, এখানে সরকার সচেতনভাবেই লোকসানের বোঝা মাথায় নিয়েছেন কলকাতার মানুষকে সস্তায় দুধ যোগান দেবার জন্য। এর মধ্যেও অপচয় আছে, চুরি আছে এবং নীতিগতভাবে এই ধরনের পাবলিক সেক্টর আণ্ডারটেকিং অন্যায়ও বটে বলে আমরা মনে করি।

[3-20—3-30 p.m.]

কোলকাতার মধ্যবিত্ত এবং উচ্চমধ্যবিত্ত শ্রেণীর মানুষদের সস্তায় দুধ যোগান দেবার জন্য দিনাজপুরের চাষী কেন একসাইজ ডিউটি দেবে, হুগলীর শিল্প শ্রমিক কেন সেলস্ ট্যাক্স দেবে, মালদহের আমচাষী কেন অকট্রয় ডিউটি দেবে? আরও বড় সমস্যা হচ্ছে মিল্ক সাপ্লাই-এর মত বিশেষ ধরনের পাবলিক সেক্টর আণ্ডারটেকিং ছাড়াও অন্যান্য পাবলিক সেক্টর আণ্ডারটেকিং-এ লোকসান দিনের পর দিন বেড়েই যাচ্ছে। কিন্তু সেই লোকসান কনজিউমারদের উপকারের জন্য নয়। এটা হচ্ছে পরিচালকের নিছক অপদার্থতা এবং দুর্নীতির জন্য।

সোসিয়ালিস্ট দেশগুলোর পাবলিক সেক্টর ইণ্ডাষ্ট্রী থেকে আমাদের অভিজ্ঞতা হচ্ছে এই ইণ্ডাষ্ট্রী-গুলোই হচ্ছে সরকারের রাজস্বের বড় উৎস। সেখানে এই সমস্ত ইণ্ডাষ্ট্রী থেকে যে লাভ হচ্ছে সেই লাভ নতুন শিল্প গড়ে তোলার জন্য পুনর্নিযুক্ত হচ্ছে এবং তার ফলে দেশে দ্রুত শিল্পের প্রসার হচ্ছে। আমাদের দেশের পাবলিক সেক্টর আণ্ডারটেকিংগুলো সরকারের আয় বাড়ায় না, বরং সরকার গরীব মানুষদের উপর ট্যাক্স চাপিয়ে যে সামান্য রাজস্ব পায় তার একটা বড় অংশ ব্যয় হয় এই পাবলিক সেক্টর ইণ্ডাষ্ট্রীকে সাবসিডি দেবার জন্য। তারপর আমার বক্তব্য হচ্ছে পুলিশ দপ্তরের জন্য অর্থমঞ্জুরি চাওয়ার কোন অধিকার এই সরকারের নেই। পুলিশ কি কাজ করেছে সরকারের সেই অভিজ্ঞতা আছে। ধরুন, একজন সি পি এম বা নকশালপন্থী যুবক সাময়িকভাবে বিভ্রান্ত হয়ে ওই পথে গেছে এবং পুলিশ তাকে ধরল বা পাড়াছাড়া করল। কিন্তু আপনারা কি বলতে পারেন বা একটাও উদাহরণ দেখাতে পারেন যে, গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ শ্রমিক এবং কৃষকের পাশে থেকে তাদের সাহায্য করেছে? আমরা দেখেছি পুলিশ কৃষিঋণ আদায়ের জন্য কৃষকের বাড়ী গিয়ে তার গরু-বাছুর নিয়ে এসেছে, তার ঘটি-বাটি নিয়ে এসেছে। আমরা জানি ধানের জমিতে জল ঢুকিয়ে দিয়ে যারা মেছোঘেরি তৈরী করেছে সেখানে কৃষক গিয়ে যদি প্রতিবাদ করে তাহলে পুলিশ তাকে মিসায় আটক করে নিয়ে যাচ্ছে। আমরা জানি এবং মন্ত্রী গনিসাহেবও জানেন যেখানে কৃষক এবং জোতদারের মধ্যে লড়াই হচ্ছে সেখানে পুলিশ গিয়ে জোতদারের পক্ষ নিয়ে বহু মানুষকে গুলি করে হত্যা করেছে এবং বহু গরীব কৃষককে হতাহত করেছে। কাজেই যারা জোতদারের স্বার্থে কাজ করেছে, যারা মেছোঘেরির মালিকের স্বার্থে কাজ করেছে সেই পুলিশের জন্য টাকা বরাদ্দ পশ্চিমবাংলার মানুষ করবে না। আমরা অবশ্য জানি এর মধ্যেও কতগুলি ভাল কাজের কথা বলা হয়েছে, যেমন, ছাত্রদের সস্তায় বই দেওয়া, ক্ষুদ্র সেচপ্রকল্প বাড়িয়ে কৃষির উৎপাদন বৃদ্ধি করা। এই যে প্রস্তাব করা হয়েছে এইগুলি সত্যিই ভাল জিনিস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য শেষ করার আগে আমি কয়েকটা দাবী উপস্থিত করতে চাই। আমি মুখ্যমন্ত্রীর কাছে বলছি, পশ্চিমবাংলার বিভিন্ন জেলে বহু নকশালপন্থী বছরের পর বছর চরম নৈরাশ্যের মধ্যে দিন কাটাচ্ছে এবং তাদের জীবনের শ্রেষ্ঠ দিনগুলো ব্যর্থ হয়ে গেছে। আমি নিজে পাকিস্তান জেলে অনেকদিন কাটিয়েছি কাজেই আমি জানি বছরের পর বছর জেলে থাকলে কি অবস্থা হয়। একথা অনস্বীকার্য যে হঠকারীতার কাজ তারা করে থাকুক বিপ্লবের আগ্রহে ভ্রান্ত হয়ে তারা এই কাজ করেছে। তাদের যথেষ্ট শাস্তি হয়েছে---এইবার তাদের ছেড়ে দিন, তারা বেরিয়ে এসে নিজের নিজের আদর্শ অনুযায়ী বৈধ পথে দেশসেবায় তারা সমাজতন্ত্রের সংগ্রামে আত্মনিয়োগ করুক। তাদের মূল্যবান জীবনকে আর নিষ্ফল হতে দেবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের কাছে আরও কয়েকটি দাবী আমি রাখছি। বাংলার কৃষকসমাজ নানা কারণে আজকে ক্ষুব্ধ---যে কথা আমি আগেই বলেছি তা ধানের, পাটের এবং ফসলের ন্যায্য দামের ব্যাপার নিয়ে। অর্থনীতিবিদরা হিসেব করে দেখিয়েছেন যে পয়সা দিয়ে সার কিনে, উচ্চহারে কৃষিমজুরী দিয়ে চাষ করার পর ৭৫ টাকা কুইণ্টলে ধান বিক্রী করলে তার লাভ থাকে না। তাকে খেতে-পরতে হয়, তাকে ছেলে মানুষ করতে হয়। তাই আমরা মনে করি সেই সমস্ত কৃষকদের ধানের, পাটের এবং ফসলের রেমুনারেটিভ প্রাইজ ঠিক করে দেওয়া হউক। ইনফ্লেশান ফাইট করবার জন্য শ্রমিকদের সি ডি এস রাখার দরকার নাই, যদিও তা বাতিল করার ক্ষমতা রাজ্য সরকারের নাই। তবুও আপনারা কেন্দ্রীয় সরকারকে বাধ্য করুন

সি ডি এস তুলে নেবার জন্য। ইনফ্লেশান ফাইট করবার জন্য আমরা আপনারা একসঙ্গে আন্দোলন করব। তাহলে তারা বাধ্য হবে। যদি একসঙ্গে আমরা আন্দোলন করি নিশ্চয়ই আমরা কেন্দ্রীয় সরকারকে বাধ্য করাতে পারি এই কাজ করাতে। ইনফ্লেশান ফাইট করবার জন্য অন্য অনেক ফিসক্যাল এবং মানিটারী মেজার আছে সেগুলি গ্রহণ করা হউক কিন্তু সি ডি এস তুলে দিতেই হবে। এবং শ্রমিকদের যে বোনাস কাটা হয়েছে তা ফিরিয়ে দিতে হবে। তার জন্য যা কিছু করার দরকার তা আমাদের করতে হবে। শ্রমিকদের ছাঁটাই, লে-অফ এবং ক্লোজার যেভাবে হচ্ছে পশ্চিমবঙ্গে---চটকল থেকে যেভাবে শ্রমিক ছাঁটাই হচ্ছে এর ব্যবস্থা সরকারকে করতেই হবে। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে বিশেষভাবে জানাই যে, এই বছরে বেকারের সংখ্যা আরও অনেক বেড়ে গিয়েছে। কলকারখানাগুলি যা চালু ছিল তার মধ্যে অন্তত ১০টা চটকল বন্ধ ছিল---অর্থাৎ ৩৫/৪০ হাজার চটকল শ্রমিক বেকার ছিল, অন্যান্য চটকলে রাজ্য সরকারের শ্রমদপ্তরের সাহায্যে খরচ কমানোর নামে কাজের বোঝা বাড়িয়ে লোক কমানো হয়েছে। এখানে আরও ৪০ হাজার শ্রমিক কর্মচ্যুত হয়েছে। আজকে সুতাকলের প্রায় ৫ হাজার শ্রমিক আজও বেকার হয়ে আছে। বন্ধ কারখানাগুলি যেগুলি খুললো তাতে শ্রমিকদের কাজের বোঝা বেড়েছে। তার প্রতিবাদ করলে জরুরী পরিস্থিতির সুযোগ নিয়ে শ্রমিকদের উপর মালিকরা হামলা করছে। কেমিক্যাল ফ্যাক্টরী চালু করার কথা ছিল তা করা হয়নি। ইউনিয়ন জুটমিল, ভারত জুটমিল, বেনসিন জুটমিল বন্ধ হয়ে আছে। সরকার এই সমস্ত অধিগ্রহণ করলেন না। মাননীয় শ্রমমন্ত্রীকে এবং ক্যাবিনেটের সমস্ত মন্ত্রী মহাশয়দের ভাবতে বলি কি অবস্থা হয়ে আছে বিশেষ করে বেকার এবং ছাঁটাইয়ের ব্যাপারে। তাছাড়া নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম যেভাবে বেড়েছে তাতে আপনাদের এক্ষুণি ঊর্ধ্বগতি রোধ করবার জন্য সমস্ত খাদ্যশস্যের ব্যাপারটা জাতীয়করণ করুন। এবং নিয়ন্ত্রিত দরে ছোট ছোট দোকানের মারফত বিলি করুন এটা আমাদের মন্ত্রিসভার কাছে দাবী। তারপর পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের সেণ্ট্রালের মত ডি এ দেবার জন্য আমরা দাবী করছি। আমাদের এই তিন লক্ষ সরকারী কর্মচারী ভাই-বোনদের সংসার চালানো কিরকম কষ্ট তা একমাত্র ভুক্তভোগীরাই জানেন। তাদের সদিচ্ছা এবং স্বেচ্ছাপ্রণোদিত সহযোগিতা ছাড়া সরকারের কাজকর্ম কিছুতেই চলতে পারে না।

বাজেটে যত ষ্ট্রেন হয় হোক তাদের মাইনেটা আপনারা কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের সঙ্গে সমান করে দিন। অর্থনীতিবিদদের বলুন টাকা কোথা থেকে আসবে তার সাজেশন দিতে। কিন্তু যারা সাহায্য না করলে আপনাদের পরিকল্পনার কাজ সুষ্ঠুভাবে হবে না এবং যারা সাহায্য করলে অনেক দ্রুত কাজ সম্পন্ন হবে তাদেরকে আপনাদের সন্তুষ্ট করতেই হবে।

এই কথাগুলি বলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে সংশোধনীগুলি দিয়েছি সেই সংশোধনীগুলি আমি মুভ করে দিলাম।

[3-30—3-40 p.m.]

শ্রীভোলানাথ সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমস্ত প্রশ্ন নিয়ে আলোচনা করবো না কারণ সেটা আমাদের অর্থমন্ত্রী মহাশয় করবেন। কিন্তু আমি যখন একটু বাইরে গিয়েছিলাম ঠিক সেই সময়েই দেখলাম মাননীয়া সদস্যা ইলা মিত্র কতকগুলি কথা বলছেন যার অর্ধেকটা আমি শুনেছি এবং শুনে এইটুকুই বুঝলাম যে অজ্ঞতাপ্রসূত যে সমস্ত বক্তব্য সাধারণ মাঠে শোনা যায় তাই এখানে রিপিটেড হয়েছে। তিনি হয়তো জানেন না যে, সি এম ডি এ

এলাকায় ৯০ লক্ষর উপর মানুষের বাস, তার মানে পশ্চিমবাংলার পাঁচ ভাগের এক ভাগ মানুষ সি এম ডি এ এলাকায় বাস করে। তিনি হয়তো জানেন না যে ৫৪২ বর্গমাইল রোড সি এম ডি এ এলাকায়। তিনি হয়তো জানেন না যে সি এম ডি এ এলাকা কোথা থেকে কোথায় যাচ্ছে। গোবিন্দবাবুকে জিজ্ঞাসা করুন, শিবপদবাবু হাসছেন, জিজ্ঞাসা করুন কাজ হয়েছে কিনা, এখানে ব্যারাকপুরের সদস্য আছেন তাঁকে জিজ্ঞাসা করুন কাজ হচ্ছে কিনা। সি এম ডি এ এলাকায় পঙ্কজ আছে, ওকে জিজ্ঞাসা করুন কাজ হচ্ছে কিনা, জিজ্ঞাসা করে দেখুন যে কোন জায়গায় সি এম ডি এ'র কাজ ছাড়া আর কোন কাজ হচ্ছে না। আমি দুঃখিত যে, এত বড় বড় কাজ হয়েছে তার মধ্যে শুধু হাওড়া ষ্টেশনের কথা মনে পড়লো? অথচ সবচেয়ে বড় জিনিস যা হয়েছে সেটা হাওড়া ষ্টেশন নয়, সেটা হচ্ছে মানুষের সহযোগিতায়, পুলিশ না নিয়ে, ডায়মণ্ডহারবার রোড ২৪ ফুট থেকে ১২০ ফুট চওড়া হয়েছে। পুলিশ আসেনি, বহু রাজনৈতিক মানুষ তাদের উসকেছিল, পুলিশ লাগেনি, লেগেছে আমাদের মানুষের সহযোগিতা, তার জন্য লেগেছে মানুষকে বুঝাবার চেষ্টা, পারসুয়েশনের চেষ্টা, তার জন্য প্রয়োজন হয়েছে পাবলিক রিলেশন বাড়াবার চেষ্টা, ঘরে ঘরে যাতে পেঁাছে যায় আমাদের আদর্শ কি, আমরা কি ধরনের সমাজ আনতে চাই। তিনি হয়তো জানেন না ২৫ লক্ষ মানুষ বস্তীতে থাকে। আমরা সাড়ে বার লক্ষ মানুষের বস্তীতে বসবাস করবার মত সংস্থান করে দিয়েছি। সাড়ে বার লক্ষ কমপ্লিট হয়ে গিয়েছে, বাকী আরো আছে বার লক্ষ, কাজ আরম্ভ হচ্ছে। তিনি হয়তো জানেন না যে রিফিউজিদের জন্য টাকা না পেয়েও সি এম ডি এ তার সুদের টাকা থেকে রিফিউজিদের জন্য কাজ আরম্ভ করে দিয়েছে, তারাও মানুষ। তিনি হয়তো জানেন না যে হাজার হাজার বেড হাসপাতালে বাড়িয়েছে। তিনি হয়তো জানেন না যে শত শত প্রাইমারি স্কুল আমরা করে দিয়েছি। তিনি হয়তো জানেন না যে আমরা ৬ পারসেণ্টের বেশী---কিছু কম-বেশী হতে পারে, আমার সংখ্যাটা মনে নেই, ৬ পারসেণ্টের বেশী আমাদের এ্যাডমিনিষ্ট্রেটিভ কস্ট হয় না। তিনি হয়তো জানেন না যে যাদের জন্য উনি বলছেন যে সরকারী কর্মচারীদের মত মাইনে বাড়ানো উচিত, সরকারী কর্মচারীরা বাংলায় যা মাইনে পায় সি এম ডি এ'র কর্মচারীরা একজ্যাক্টলি সেই মাইনে পায়---একপয়সাও বেশী পায়না, একসেপ্ট টপে ৩/৪টি স্কেল আছে যেখানে অনেক দিন ধরে যারা আছে তাদের কমান যায় না। কিন্তু আজ প্রত্যেকটি কর্মচারী শুধু তাই পায় না ---দিস ইজ মাই নলেজ অব দি অর্গানাইজেশন, যেখানে যে অর্গানাইজেশনে যদি একজন লোক কর্মরত অবস্থায় মারা যায়, যে কোন কারণেই হোক, আত্মহত্যা করে মারা গেলেও তার স্ত্রী বা তার সন্তান ১০ হাজার টাকা পাবে। কোন্ অর্গানাইজেশন করেছে এটা জানতে চাই? কোন্ অর্গানাইজেশনের অফিসাররা বস্তীতে বস্তীতে ঘুরে গিয়েছে আমি জানতে চাই। কোন্ অর্গানাইজেশনের লোকেরা বস্তীর অন্ধকারে পায়খানার কাছ দিয়ে ঘুরে বেড়িয়েছে? হাতের কাছে কোন অর্গানাইজেশন সঙ্গে সঙ্গে মানুষের যাতে কাজ হয়, রোজগার বৃদ্ধি পায়---শুধু অর্থ খরচ করলেই তো হবে না, রোজগার করার ক্ষমতাটা বাড়াতে হবে। সে দুর্বল, সে আজকে শোষিত। আমি দেখেছি একটা বস্তীতে একটি ছেলে, তাকে আমি জিজ্ঞাসা করলাম তুমি কত করে সুদ দাও। সে ১০ পয়সা এক টাকায় সুদ দেয় দৈনিক।

[3-40—4-20 p.m.]

কি করে সে? একশতটি রাবার স্ট্রেপ তৈরী করে দিলে সে পায় এক টাকা চার আনা। সেই একশতটি ৫০ পেয়ার জুতোতে লাগায় যে জুতো এক একটি পেয়ার বিক্রী হয় সাত-আট টাকা,

কিন্তু সে ছেলেটি পাচ্ছে এক টাকা চার আনা। এটা ট্যাংরার কাছে। সেই এক টাকায় সে সুদ দিচ্ছে দৈনিক ১০ পয়সা। তার কাছে যেতে হবে না? তাকে কি আমাকে বাঁচাতে হবে না? তাকে কি জমি যোগাড় করে দিতে হবে না? মানুষকে বোঝাতে হবে না? তার জন্য খাটতে হবে না? আমি কি লাঠি নিয়ে যাব? বুলডোজার নিয়ে যাব? মানুষকে উড়িয়ে দিতে তো চাই না। মানুষকে পার্সুয়েশন করে, বুঝিয়ে আমরা চাই মানুষের অর্থনীতিকে উন্নত করতে। আমরা চাই স্যাটেলাইট টাউন চতুর্দিকে তৈরী হোক, যেখানে তার স্ত্রী, সন্তান কাজ করে খেতে পারে। ওয়ার্ক টাউন আমরা চাই না, আর আমরা সেখানে তাকে সমস্ত ফ্যাসিলিটি—৪/৫ পারসেণ্ট হারে ব্যাঙ্ক ফ্যাসিলিটি দিতে হবে, মেডিক্যাল ফ্যাসিলিটি দিতে হবে, এডুকেশনাল ফ্যাসিলিটি দিতে হবে। লার্জ স্কেল সাপ্লাই যাতে দিতে পারে, হোলসেল ডিলারদের যাতে দিতে পারে তার জন্য গোডাউন দিতে হবে। তিনি দুটো-একটি জায়গায় কথা বলেছেন। তিনি বলেছেন কসবার কথা? তিনি বলেছেন অরবিন্দ সেতুর কথা, তিনি কি বলেছেন কালীঘাটের কথা? তিনি কি বলেছেন হাওড়ার কথা? হাওড়ার রাস্তার যে কাজ হয়েছে সেটা মৃগেনবাবু জানেন। উনি বলবেন যদি কিছু হয়ে থাকে। সি এম ডি এ'র কাজ হয়নি এমন একটি জায়গা বার করুন, পার্ক বার করুন। শুধু তাই নয়, ভারতবর্ষের সমস্ত জায়গা থেকে সি এম ডি এ'র কাজ দেখবার জন্য মানুষ আসছে এবং প্রত্যেক মানুষই বলছে সি এম ডি এ মানুষের জীবনকে তছনছ না করে দিয়ে কিভাবে কাজ করে চলেছে। পুরানো শহর-কলকাতাকে ছেড়ে দিয়ে ইংরেজ ১৯১১ সালে রাজধানী নিয়ে গেলো দিল্লীতে, তারপরে এই শহরের জন্য এক পয়সাও খরচ হয়নি, সেই মরা শহরকে পুনরুজ্জীবিত করার জন্য যে চেষ্টা, এটা কি অন্যায়? এর জন্য কি কেউ চিন্তা করেছিলেন। আজকে পার্কে পার্কে যে পায়খানা তৈরী করে দেওয়া এই চিন্তা আগেও করা যেত, কিন্তু হয়নি কেন? আজকে স্কুলে স্কুলে স্যানিটারি ল্যাটরিন হয়ে গেছে যাদের নেই, এটা কি? কোথায় অর্থ নষ্ট? আজকে পারতাম, বুলডোজার দিয়ে, সোলজার দিয়ে মানুষ খুন করতে পারতাম, এ্যাডমিনিষ্ট্রেটিভ কস্ট কমিয়ে দিয়ে পুলিশকে দিয়ে করতে পারতাম, সে ক্ষমতা আমার ছিল কিন্তু সে পথে আমি বিশ্বাস করি না। আমরা বিশ্বাস করি মানুষ বেসিক্যালি অনেস্ট, গুড সিটিজেন, গরীব হতে পারে, কিন্তু পাপ করে না। সে আছে বস্তীতে, পাপ করে না, অন্যায় করে না, বস্তীতে আছে পয়সা নেই বলে। তাদের বোঝাবার চেষ্টা করেছি আমাদের জমির দরকার, দূর দূর যাবার দরকার, রাস্তা চওড়া করা দরকার যাতে মানুষ কাজে যেতে পারে। জলের প্লাবন হয়ে আছে এমন বস্তী আছে, এমন বস্তী আছে যেখানে মাঠঘাট সব জলে ডুবে আছে, তাদের কাছ থেকে জল সরিয়ে নিয়ে যেতে চাই, পয়সাওয়ালা লোকের জমির উপর দিয়ে তা নিয়ে যেতে হবে। আমি কি যাব তাদের গুলি করতে? আমরা তা চাই না। আমরা চাই পাবলিক রিলেশন গড়ে উঠুক। আমরা চেয়েছি মানুষের দরজায় দরজায় খবর যাক। আমরা কি চেয়েছি? তোমার ভালর জন্যই শুধু নয়, ভবিষ্যতের মানুষের জন্য আগামী দিনের মানুষের জন্য, শতাব্দীর মানুষের জন্য, সভ্যতা সৃষ্টি করার জন্য। আজকে আমি সম্পূর্ণ বিস্মিত হয়েছি, বলা হয়েছে আমি জানি না এত টাকা খরচ হচ্ছে, বোধ হয় দু'লাখ কি দেড় লাখ খরচ হচ্ছে, একজন এম এল এ যদি না জানেন, সি এম ডি এ'র ভিতরে থেকেই না জানেন তাহলে নিশ্চয়ই আরও খরচ বাড়ানো উচিত। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for half-an-hour)

[4-20—4-30 p.m.]

(After adjourment)

শ্রীসুধীরচন্দ্র দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সে সম্পর্কে বিশদ আলোচনা করার সময় নেই বলে আমি ২/১টি বিষয়ে খালি আলোচনা করব। পঞ্চায়েত নির্বাচন সম্পর্কে বিধানসভায় বারবার প্রশ্ন করা হয়েছে গণতান্ত্রিক অধিকার হরণ করা হচ্ছে, ১৮ বছর পঞ্চায়েতের নির্বাচন হয়নি। বহু প্রধান মৃত এবং বহু অঞ্চল একেবারে অচল এবং মন্ত্রিমহাশয়ও বলেছেন কাগজপত্র সমস্ত ঠিক, তাড়াতাড়ি করা হবে কিন্তু আজ পর্যন্ত সেই নির্বাচন হল না।

কিন্তু পাঁচ বছরের একটা রাজত্ব চলে গেলো, আজ সেই রাজত্ব শেষ হতে চলেছে, তার আগে আমাকে এই সমালোচনা অত্যন্ত ক্ষোভ, বেদনা নিয়ে করতে হচ্ছে যে পঞ্চায়েত নির্বাচন এতো চেষ্টা সত্ত্বেও করলেন না কেন। মিউনিসিপ্যালিটির দিন শেষ হয়ে গিয়েছে। কিন্তু তারও নির্বাচন করেন নি। বন্ধ রেখেছেন কেন? তার মূল কারণ গদীকে আঁকড়ে রাখার চেষ্টা চালিয়ে যাওয়া। নিজেদের কোন দল এটা অধিকার করে নেবে, পঞ্চায়েত কংগ্রেস দখল করতে পারবে কিনা, এটা দল রাখার কাজ। পঞ্চায়েত এবং মিউনিসিপ্যালিটির নির্বাচন না করে তারা গণতান্ত্রিক অধিকার হরণ করেছেন। পঞ্চায়েতের নির্বাচন চাই কারণ গ্রামের উন্নয়ন হবে, রাস্তাঘাট হবে, সেখানে ভাল লোক আসবে। কিন্তু একটা দলকেই গদীতে বসাতে হবে, কাজেই ইলেকশান বন্ধ করা হয়েছে বলে মনে করি এবং মিউনিসিপ্যালিটির নির্বাচন সেই কারণেই গেজেট নোটিফিকেশান হওয়ার পর বন্ধ করা হয়েছে। তাদের নির্বাচন করবার ইচ্ছা নেই। এটা গণতান্ত্রিক পথ থেকে বিচ্যুতি হয়েছে। কংগ্রেস দল গণতান্ত্রিক অধিকার হরণ করেছে। এই মন্তব্য করেই আমি এই প্রসঙ্গ শেষ করছি।

এখানে আমি আর একটা বিষয় উত্থাপন করতে চাই যে কথাটা রেফারেন্সে উঠেছে। আমি আগেরবার বিধানসভায় তুলেছিলাম। পশ্চিমবঙ্গের বহু জেলা খরা এবং বন্যাপীড়িত। এটা ৩/৪ বছর হয়ে আছে। সেই খরাপীড়িত, বন্যাপীড়িত এলাকার অধিবাসী মানুষ যারা তারা সরকারী লোন নিয়ে কোন রকম জীবন বাঁচিয়েছিল। সেই গরীব লোকেরা যারা লোন ফেরত দিতে পারেনি, অক্ষম সেই গরীব লোকদের উপর এখনও পর্যন্ত সার্টিফিকেট দিয়ে এবং নির্বাচনের ৫/১০ দিন আগে গরু-বাছুর কেড়ে নিয়েছে। সেটা তাকে বহু কষ্টে বন্ধ করা হয়েছে। এটা খুব বেদনার কথা যেখানে আমরা কোটি কোটি টাকা রাষ্ট্রায়ত্ত ব্যবসায় বা বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে ক্ষতি মেটাতে দিচ্ছি। আমরা দেখেছি পরশুদিন এবং প্রতি বছরই যেটা পেশ করা হয় তাতে দেখেছি কোটি কোটি টাকা সরকারী প্রতিষ্ঠানে লোকসান হচ্ছে, দুর্গাপুর কেমিক্যাল, কল্যাণী, হরিণঘাটা, ষ্টেট ট্রান্সপোর্ট, কত নাম করবো সেই সব জায়গায় কোটি কোটি টাকা দিতে হচ্ছে। অথচ লাভ হতে পারতো। গরীবকে রক্ষা করবো বলে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সেই গরীব লোকদের ঋণ যদি মুকুব করে দিতে পারতেন তাহলে তারা কিছুটা সুবিধা পেতো। ১৯৭১ সালে অজয়বাবু যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তাঁকে বলা মাত্রই তিনি হিসাব করে ৯ কোটি টাকা মুকুব করে দিয়ে গরীব লোকদের স্বস্তির নিঃশ্বাস ফেলবার অবকাশ করে দিয়েছিলেন। এই মন্ত্রিসভাকে বারবার বলা হয়েছে, আজকেও বহু সদস্য একথা বলেছেন, আশা করি, শীঘ্র এটা হবে। পশ্চিমবঙ্গের সব জেলা বন্যাপীড়িত এবং খরাপীড়িত। সেখানে নির্দিষ্ট করে গরীব লোকেদের একটাকা বা পাঁচসিকে চৌকিদারী ট্যাক্সের ভিত্তিতে বাদ দেওয়ার

জন্য প্রস্তাব রাখছি। এটা যদি করতে পারেন তাহলে গরীব লোকেরা কতকটা স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারবে এবং গরিবী হঠাও প্রোগ্রাম আমরা সার্থক করতে পারি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30—4-40 p.m.]

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা যে আলোচনায় অংশগ্রহণ করছি এটা ভোট অন এ্যাকাউণ্ট, এটা পুরোপুরি বাজেট নয়। মাত্র ২৯৪ কোটি ২৭ লক্ষ ৬৯ হাজার টাকা তিন মাসের জন্য চাওয়া হয়েছে। আমাদের আলোচনার সময় খুবই সংক্ষিপ্ত। কাজেই বিশেষ কিছু বলার স্কোপ আছে বলে আমার ধারণা নেই। এই ভোট অন এ্যাকাউণ্টের উপর আলোচনা করতে গিয়ে আমাকে প্রথমেই একটা কথা বলতে হচ্ছে, বলা হচ্ছে লোকসভার নির্বাচনের জন্য বাজেট অধিবেশন ডাকা হয়নি। আমার প্রশ্নটা কিন্তু থেকে গিয়েছে। লোকসভার নির্বাচন না পশ্চিমবঙ্গে নির্বাচন। পশ্চিমবঙ্গের নির্বাচন যদি হতো তাহলে পশ্চিমবঙ্গের বাজেট অধিবেশন না হলে বলার কিছু কিছু থাকতো। কিন্তু পশ্চিমবঙ্গের বাজেট অধিবেশন হল না লোকসভার নির্বাচনের জন্য। যদি দালালি করে বেড়াবার জন্য দরকার হতো, তাহলে এক সপ্তাহ বন্ধ করে রাখলেই তো হতো। কিন্তু ফল কি হয়েছে লোকসভার নির্বাচনে সেটা তো দেখেছেন। বাজেট অধিবেশন করেন নি, তার ফল কি হলো---আমরা বাজেটে পুরোপুরি অংশ-গ্রহণ করতে পারলাম না। আমাদের অর্থমন্ত্রী বিশেষ ভদ্রলোক। তাই খোঁচা দিয়ে কি বলবো? তবে এইটুকু বলবো যে তিনি যে বাজেট উত্থাপন করেছেন এই বাজেট যদি আগাগোড়া পড়ে দেখা যায় তাহলে দেখা যাবে বাজেটে ব্ল্যাক মার্কেটিং করা হয়েছে। সবার উপরে আছে ভাষার মারপ্যাঁচ। অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন বিগত কয়েক বছরের যে ইতিহাস তাতে আমরা অবগত আছি গত বছর বাজেট উদ্বৃত্ত দেখিয়েছিলেন ২৭ লক্ষ টাকা। তাতে সেই ২৭ লক্ষ টাকা হিসাব করে বলেছিলাম গভর্ণমেণ্ট যে বলছেন এই টাকা আমাদের প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী, দরিদ্র চাষী তাদের বিলি-বণ্টন করবেন তাতে এই ৩৫ লক্ষ প্রান্তিক চাষী এবং ভূমিহীনেরা বছরে এক টাকা করেও পাবে না। কিন্তু এইবার দেখছি ৪ কোটি ১ লক্ষ টাকা উদ্বৃত্ত দেখিয়েছেন এবং এই টাকা দেখিয়েছেন শহর এবং গ্রামের লোকদের খেলাধূলোর জন্য। যারা বাস্তুজমি পেয়েছে তাদের গৃহনির্মাণের জন্য, গ্রামীণ সড়কের জন্য, ভূমিহীন শ্রমিকদের জন্য---এই টাকা খরচ করা হবে। অত্যন্ত ক্ষোভের সঙ্গে বলছি, এই কথা বলছেন, কিন্তু কোথাও কোথাও ছিটেফোঁটা দেওয়ার চেষ্টা করছেন। কিন্তু পশ্চিমবাংলার বিরাট এলাকায় বিরাট চাহিদা আছে। আমাদের কথায় আমল দেওয়া হচ্ছে না। আমি পশ্চিমবঙ্গ বিধানসভায় বারবার বলেছি এবং বলছি মুর্শিদাবাদের গঙ্গার ভাঙন রোধ করার জন্য একটা কথাও এতে লেখা নেই। আজকে ১৪ হাজার লোক তাদের গৃহ নেই, রাস্তায় রাস্তায় বাস করে।

আমি পড়ে শোনাচ্ছি, ১৯৭৬-৭৭ সালে অগ্রাধিকার প্রাপ্ত পাঁচটি বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনার কাজ চলে। এর মধ্যে জলপাইগুড়ি শহর রক্ষার জন্য করলা খাল পরিবর্তন প্রকল্প, মালদহের হরিশ্চন্দ্রপুর, রাতুয়া, খড়গ অঞ্চলগুলোর জন্য মহানন্দা বাঁধ প্রকল্প, ২৪-পরগণা জেলার মগরাহাট জলনিকাশী প্রকল্প, মেদিনীপুর জেলার দুবদা বেসিন জল-নিকাশী প্রকল্পের কাজ এখন অনেকটা শেষ হয়েছে, নিম্ন-দামোদর উন্নয়ন প্রকল্পের কাজ এখনও পর্যন্ত যতটা হয়েছে তাতে নিম্ন-হাওড়া এলাকা বন্যার হাত থেকে রক্ষা পাবে এই কথা বলে ইতি করা হয়েছে। কিন্তু এই যে ১৪ হাজার গ্রামের কোটি কোটি টাকার ভূসম্পত্তি

নষ্ট হচ্ছে এবং এখনও জোর কদমে ভাঙন চলছে, অর্থমন্ত্রী মহাশয় কিন্তু এই বিষয়ে কোন টাকা ধরেন নি। তাছাড়া এই মুর্শিদাবাদ জেলার প্রবল ভাঙনের কথা তিনি এতে উল্লেখ করেন নি। অত্যন্ত দুঃখের সঙ্গে এটা বলতে হচ্ছে, মুর্শিদাবাদ জেলার এই ফিডার ক্যানেল করে দেবার ফলে কলকাতা নগরীকে বাঁচাবার জন্য, আমাদের গলার উপর দিয়ে পা রেখে চলে যাচ্ছে। ১৮ বর্গ মাইল এলাকাজুড়ে সমস্ত জমি এবং গ্রাম ডুবে আছে এবং আপনাদের কাছে এই বিষয়ে বারবার আবেদন-নিবেদন করেছিলাম, সেই এলাকার জল নিষ্কাশন করবার জন্য কিন্তু তাদের সাহায্যের কোন কথা এখানে নেই এবং সেই জল নিষ্কাশনের কোন ব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি না। পরন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ঋণের কথা বলা হয়েছে, এই ঋণ আদায়ের জন্য তাদের উপর কি জুলুম হচ্ছে তার জ্বলন্ত প্রমাণ আমি দিতে পারি। এই বসন্ত সরকার যার ১০ কাঠাও জমি বর্তমানে নেই। যারা শুধু ছোলা, বাদামের জমি থেকে শাক তুলে বিক্রি করে জীবনধারণ করে, তার দু'-এক বিঘা জমি ছিল বর্তমানে ডুবে গেছে, তার কাছ থেকে গভর্ণমেণ্ট ঋণ আদায় করতে পারেন নি বলে তার সমস্ত কিছু নিলাম করে দেওয়া হয়েছে, এই তো আপনাদের প্রকৃত চরিত্র। আপনারা বলেন যে, আপনারা জনগণের সরকার। কিন্তু আসলে ধনতান্ত্রিক লোকেদের সরকার, তার প্রমাণ আমাদের কাছে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই যে সরকার কোটি কোটি টাকা লোকসান করে চলে যাচ্ছে, অথচ এই সব ভাঙন, বন্যা বা জল নিষ্কাশন, কৃত্রিম জল যে ছাপিয়ে রয়েছে এই জল নিষ্কাশন না করে আপনারা করছেন কি, কোথাকার দুগ্ধপ্রকল্প---গত ২৬ তারিখের কাগজে বেরিয়েছে, পশ্চিমবঙ্গ যে সমস্ত গভর্ণমেণ্ট নিয়ন্ত্রণাধীন সংস্থা আছে, সব জায়গায় লোকসান চলছে। ইঁট তৈরীর ক্ষেত্রে বলুন, গ্যাসের ক্ষেত্রে বলুন, আর দুগ্ধপ্রকল্পের কথা বলুন, প্রত্যেক জায়গায় লোকসান চলছে। দুর্গাপুর দুগ্ধ সরবরাহ ফ্যাক্টরীতে ঘাটতি ২৬ লক্ষ ৬৬ হাজার টাকা, প্রত্যেকটি ক্ষেত্রে যতগুলো আমরা সরকারী সংস্থা দেখতে পাচ্ছি, সেখানে লোকসানের পরিমাণ দিনের পর দিন বেড়ে চলেছে এবং লোকসান ওরা মেনে নিয়ে আবার সেখানে টাকা দেওয়া হচ্ছে। কিন্তু আমরা সাধারণ মানুষ যারা নির্যাতিত হচ্ছি, অবহেলিত হয়ে রয়েছি ভাঙন এবং কৃত্রিম বন্যায় সেদিকে কোন লক্ষ্য দেওয়া হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলতে চাই আপনার মাধ্যমে, আপনারা বলেছেন ভূমি আপনারা অধিগ্রহণ করেছেন এবং সাধারণ কৃষকের মধ্যে, বাস্তুহীনদের মধ্যে বিলি-বন্দোবস্ত করা হয়েছে, এই কথা বাজেট বক্তৃতায় বলা হয়েছে কিন্তু এই কথা আমি বলতে চাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভূমি যে অধিগ্রহণ করেছেন, অধিগ্রহণ করে কাদের দিয়েছেন? কোথায় দিয়েছেন? খুঁজে দেখলে দেখা যাবে কিছুই নেই। কাগজে-কলমে রিকুইজিশন হয়েছে। আমি একটা এ্যাডভাইসারী কমিটির সদস্যও। আপনাদের জে এল আর ও'র রিপোর্টমত যে সমস্ত জমি দেওয়া হয়েছে, তার উপর সরকার সে সমস্ত জমি ডিস্ট্রিবিউশন করেছেন, কিন্তু সেই সব জমির অধিকার তারা দিতে পারেন নি। যখন অধিকার পেল না, পুলিশের দরবারে যখন গেল, তখন কিন্তু দেখা গেল ঐ গরীব প্রান্তিক চাষী তাদের পক্ষে পুলিশ গেল না, যাদের পয়সা আছে তাদের পক্ষে গেল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত পরিতাপের বিষয়, যে সমস্ত বাস্তুহীন তাদের জমি দেওয়া হয়েছে, কিন্তু কোথায় তারা দখল পেয়েছে বলতে পারেন? শতকরা বোধ হয় পাঁচটাও দখল দিতে পারেন নি এবং যাদের দেওয়া হয়েছে তাদের ভাগাড়েতে জমি দেওয়া হয়েছে। অসম্ভব জায়গায় তাদের জমি দিয়েছেন, যেগুলো তাদের কোন কাজে লাগলো না। সেখানে কোন

কিছুই নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি অনুরোধ করতে চাই সরকারের কাছে, আমরা নদীর চর এলাকায় বাস করি। এই পশ্চিমবাংলার মধ্যে যে গঙ্গা প্রবাহিত হয়েছে, এটা একটা বিরাট এলাকা। কিন্তু এই গঙ্গার পার্শ্ববর্তী গোটা এলাকায় ভাঙন প্রায় সময়েই লেগে আছে, যে সমস্ত জমি নদীগর্ভে গেছে এবং সেইগুলো কৃষকের জমি, হাজার হাজার বিঘা জমি। কারোর ১০/১৫ বিঘা, এইরকমভাবে ডুবে রয়েছে। কিন্তু দেখা যাচ্ছে কি? এই সমস্ত সুকৃস্তি জমি সরকার থেকে চাপ দেওয়া হচ্ছে, জে এল আর ওকে দিয়ে চাপ দেওয়ানো হচ্ছে যে পুরোপুরি তাদের খাজনা মিটিয়ে দিতে হবে ঐ সমস্ত ডুবো জমির জন্য। আমি সরকারের কাছে অনুরোধ করি, আপনারা ব্যবস্থা নিন সেই সমস্ত জমিকে ভেস্ট না করে অন্ততঃ করুন যে সেই সমস্ত জমির দু' বছরের বা একবছরের খাজনা নিয়ে চেক দেবার ব্যবস্থা করুন এবং তাদের নামে সেটেলমেণ্ট করার ব্যবস্থা করুন। তা না হলে তারা নতুনভাবে ভূমিহীন বাস্তুহারা হয়ে পড়বে এবং এই জমি ভবিষ্যতে যদি আবার জল থেকে ওঠে, তাহলে অপরকে দিয়ে দেবেন। ভেস্ট করে, এতে পশ্চিমবাংলার জনগণের কল্যাণ করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলতে চাই, এবং তারপরেই আমার বক্তব্য শেষ করবো। আমাদের অর্থমন্ত্রী মহাশয় দেখিয়েছেন যে তিনি স্ট্যাটুটারি এলাকায় কত লোককে অন্তর্ভুক্ত করেছেন এবং সেই লোকদের রেশন দেবার জন্য ২৭ হাজার রেশন দোকান আছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে তিনি একটা বিষয়কে গোপন রাখার চেষ্টা করেছেন, সেটা হচ্ছে এম আর শপের কথা। কেবলমাত্র কলকাতা বা সুবার্বন এরিয়ায় যেখানে স্ট্যাটুটারি রেশন এরিয়া বা ২২½ গ্রাম গম এবং চাল দেওয়া হয়, এই কথা সত্যকারের লাগু কথা, এই কথা যদি কাগজে ফলাও করে বলা হয় তাহলে সারা পৃথিবীর মানুষ ভাববে যে ভারতবর্ষে খাদ্য সমস্যার সমাধান করে ফেলেছে। তারা ২২½ গ্রাম করে খাদ্য দিচ্ছে। কিন্তু এম আর শপ, যেটাকে আমরা মাঝে মাঝে রেশনের কথা বলি, সেই রেশন কারা খায় সেই গ্রামাঞ্চলের যারা শ্রমিক, যারা সামান্য দু'-চার বিঘা জমি চাষ করে এবং জমি চাষ করার পরে তারা কিছু সময় বড় কৃষকদের বাড়ি চাকরি করে চাষ-আবাদের এবং সরকারের গোডাউন পূর্ণ করবার জন্য যারা সহায়তা করে, তাদের রেশনের পরিমাণ কত, তাদের কতটা রেশন দেওয়া হয় এবং তাদের জন্য কতগুলো রেশনের দোকান আছে---সেটার উল্লেখ অবশ্য রয়েছে, কিন্তু কি পরিমাণ লোক এই রেশন আওতাভুক্ত আছে, সেই কথা অর্থমন্ত্রী মহাশয় উল্লেখ করেন নি। এর দ্বারা তিনি জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। কিন্তু আসল জিনিস খতিয়ে দেখলে দেখা যাবে চালের দর কি অবস্থায় আছে, কেরোসিন আমরা কতটুকু পাচ্ছি, গ্রামাঞ্চলের মানুষ চিনি কতটুকু পাচ্ছে।

[4-40—4-50 p.m.]

গ্রামাঞ্চলে চিনি আমরা কতটুকু পাচ্ছি? কোন মাসে চিনি পাই, কোন মাসে পাই না। আর চালের তো কোন কথাই নেই, গম কোন মাসে ৫০০ গ্রাম পেলাম তো পেলাম, এই হচ্ছে অবস্থা। স্যার, আমি গ্রামবাংলার ছেলে, আজকে গ্রামের যে ছবি আমাদের চোখের সামনে ভাসছে তাতে দেখতে পাচ্ছি সেখানে রেশনের যে অবস্থা তা যদি চলতে থাকে তাহলে আমরা পশ্চিমবাংলার মানুষকে যে সুস্থ সবল করে একটা শক্তিশালী জাতিতে পরিণত করতে চাইছি তা হবে না। আজকে পশ্চিমবঙ্গের মানুষকে সম্পূর্ণরূপে ধ্বংস করার জন্যই এই

মডিফায়েড রেশনিং-এর ব্যবস্থা করা হয়েছে। স্যার, এই মডিফায়েড রেশনিং-এ যা দেওয়া হয় সেটা যদি ৭ দিনে হিসাব করে দেখা হয় তাহলে দেখবেন ৩০/৪০ গ্রামের বেশী পার মিল হয় না। অথচ স্যার, এটা সকলেই জানেন যে, আমাদের দেশের গ্রামবাংলার চাষীদের সকাল, দুপুর এবং রাত্রি এই তিন বার খেতে হয় এবং তারা যখন খেতে বসে তখন ৫০০ গ্রাম করে এক একবারে খেতে পারে। তারা কোলকাতার বাবুদের মতন ফল খাওয়া চাষী নয়, তাদের পেটপুরে খেতে হয়। তাই আমি স্যার, ওঁদের বলি, ঐ গ্রামবাংলার চাষী, যারা লাঞ্ছিত, পদদলিত, অবহেলিত হয়ে আছে তারা আর আপনাদের বরদাস্ত করবে না। পশ্চিমবাংলার মানুষ জবাব দিয়েছে, আবার জবাব দেবে। পরিশেষে আমি বলব, কোলকাতার লোকরা যেমন ২২০০ গ্রাম রেশন পাচ্ছে সেই রকম গ্রামবাংলার লোকেদের কথা চিন্তা করে---যদিও জানি সেখানে আংশিক রেশনের ব্যবস্থা তারা যাতে ১৮০০ গ্রাম করে অন্তত রেশন পায় তার ব্যবস্থা করুন।

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে ভোট অন এ্যাকাউণ্ট---তিন মাসের অর্থবরাদ্দের ব্যাপারটা আছে। সেই অর্থবরাদ্দের সূত্রে অর্থমন্ত্রী-রূপে ডাঃ গোপালদাস নাগ মহাশয় যা বলেছেন তাকে আমি ঠিক বিবৃতি না বলে খানিকটা নির্বাচনী বক্তৃতার মতন হয়েছে বলে বলতে পারি। মাঝখানে কতকগুলি ভাসা ভাসা কথা এবং প্রথমে ও শেষে খানিকটা, নির্বাচনী বক্তৃতা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন সেখানে অনেক জায়গাতে---যেমন একটি জায়গার কথা আমি উদাহরণস্বরূপ বলছি, সেখানে বলেছেন, দ্রব্যমূল্য যাতে কমে তার ব্যবস্থা নেওয়া হবে। অব্যাহত রাখা হবে ব্যবস্থা। অর্থাৎ নির্বাচনী বক্তৃতা যেমন হয় সেই রকম। আমি আপনাদের ইস্তাহারে দেখছিলাম যে ভবিষ্যতে আর লে-অফ, লক-আউট সহ্য করা হবে না। কিন্তু তার জন্য কি করবেন তা বলেন নি। খালি 'সহ্য করা হবে না' এই কথা আছে। এখানেও তাই। বলা হচ্ছে, অব্যাহত রাখা হবে ব্যবস্থা যাতে দ্রব্যমূল্য বৃদ্ধি না হয়। এর মানেটা কি? জনসাধারণের সব ভাল করা হবে এই রকম একটা ভাব দেখানো হল কিন্তু আসলে কিছুই বলা হল না। সেদিন মুখ্যমন্ত্রী হঠাৎ ২৪ টাকা বাড়ানোর কথা বললেন। যখন তিনি বলছিলেন তখন ওঁদের বেঞ্চের পেছন থেকেই বলতে শুনলাম, 'বড্ড দেরী হয়ে গেল।' তখন বললেন দেরি হয়ে গেলেও করতে হবে, কারণ, এখন একটু সাশ্রয় হয়েছে, অবস্থা একটু ভাল হয়েছে, আগে ছিল না। স্যার, এখানে বিবৃতিটা দেখুন, ৮ এবং ৯ পৃষ্ঠায় দেখবেন বলা হচ্ছে, আপনি ৮ পৃষ্ঠা, ৯ পৃষ্ঠা দেখবেন সেখানে বলা হয়েছে যে আমরা ৩ বছর ধরে বাজেট উদ্বৃত্ত করেছি।

[4-50—5-00 p.m.]

অবস্থা ভাল ছিল না বলে বাড়ানো যায়নি অথচ ৩ বছর ধরে বাজেট উদ্বৃত্ত করা হচ্ছে এবং এক একবারে কেন্দ্রীয় সরকারকে তার সমস্ত সুদসমেত টাকা শোধ দেওয়া হচ্ছে। এবারে আপনারা ১৩০ কোটি নাকি বলেছেন। সেই ১৩০ কোটি টাকার মত সুদসমেত দিয়ে দিয়েছেন। ভয়ানক অবস্থা খারাপ ছিল, আপনার কর্মচারীদের মাইনা বাড়ানো যাচ্ছিল না, একটু ভাতা দেওয়া যাচ্ছিল না। অবস্থা খারাপ জেনেও তাদের ভাতা দিতে পাচ্ছি না, এই রকম ভয়ানক অবস্থা। আর কেন্দ্রীয় সরকারের ১৩০ কোটি টাকা প্রতি বছর ধরে শোধ করে যাচ্ছি। তারা কি একথা মনে করেন নি যে, নিজের ষ্টেটেরও একান্ত প্রয়োজন আছে! দরিদ্র সাধারণ মানুষ যেখানে

খেতে পাচ্ছে না সেই সময় কেউ ধার শোধ দেয়? অন্ততঃ আমি তো যখন খেতে পাই না তখন ধার শোধ দেই না। এগুলি আপনাদের বিচার করা দরকার ছিল, কিন্তু এগুলি আপনারা করেন নি। কেন্দ্রীয় সরকারের কাছে এখন আপনারা অনেক টাকা চেয়েছেন কারণ ভয়ানক দুঃখ যে কেন্দ্রীয় সরকারের যে বেতন হার, যে ভাতা তারা দিচ্ছে সেটা এখানে দেওয়া হচ্ছে না, দেওয়া উচিত। একটু স্মরণ করিয়ে দেই, কেন্দ্রীয় সরকার অনেকদিন ধরে আছেন, একবার কি মনে হয়েছিল যে, টাকাটা একবার চাওয়া যাক। মুখ্যমন্ত্রী এবারে সোচ্চার, এবারে চাওয়া হচ্ছে। কারণ সকলে বুঝতে পারি কিন্তু এই পলিটিক্যাল কারণগুলি দিয়ে দেশের উপকার করা যায় না---এটা মনে রাখতে হবে। আমি বেশী সময় পাবো না কারণ আমার সময় কম। তবে অল্প কয়েকটি কথা বলে যাব যদিও শুনতে খুব খারাপ লাগবে। একটা জিনিস আপনারা প্রথম থেকে মনে করেছেন শিক্ষাই বলুন, সি এম ডি এ বলুন, সকলেই মনে করেছেন যে কোটি কোটি টাকা খরচ করছি অতএব অনেক ভাল ভাল কাজ হচ্ছে। অনেক কোটি কোটি টাকা গোল্লায় দেওয়া যায় এবং যাচ্ছে এর প্রমাণ বহু জায়গায় পাওয়া গেছে। শিক্ষাতে প্রাথমিক স্তরে টাকা খরচ হচ্ছে—নিশ্চয়ই, সবচেয়ে প্রয়োজন হচ্ছে প্রাথমিক স্তরে শিক্ষাকে সুন্দর করে তোলা। কিন্তু তার জন্য কতকগুলি জিনিস ভাবতে হবে। সেই সময় যখন পাওয়া গেল তখন এটা ভাবা হল না কেন? দেশের প্রাথমিক শিক্ষার স্তরে যে স্কুলগুলি আছে সেই স্কুলগুলি পরিচালনার জন্য কোন সমিতি রাখা উচিত কিনা, পরিচালকরা থাকবেন কিনা, স্কুলগুলি ঠিকমত চলছে কিনা দেখতে হবে এবং গ্রামেতে প্রথম শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী পর্যন্ত ছেলেরা থাকে, তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর ছেলেরা মাঠে বাবাকে সাহায্য করতে যায় সেই সময় অনেক সংখ্যা কমে যায়। সেই ছেলেদের অন্য সময় কোন পড়াশুনার ব্যবস্থা করা যায় কিনা, যদি গণতন্ত্র করতে হয় তাহলে এগুলি করতে হবে। সেজন্য তাদের সম্পর্কে চিন্তা করা একান্ত প্রয়োজন। সেই ভিত্তিতে পরবর্তীকালে তাদের লেখাপড়া হয়। প্রাথমিক স্তরকে যদি সুন্দর করতে না পারেন তাহলে তার পরবর্তী স্তর ভাল হতে পারে না, এটা আমরা মাষ্টারমশাই হিসাবে বুঝতে পারি। তারপরে এগার-বারো ক্লাশ---এটা একটা অপূর্ব ব্যবস্থা। আমি আগে বলেছি যে ইউ পিতে এগার-বারো ক্লাশ করা সহজ ছিল, কারণ সেখানে ইণ্টারমিডিয়েট কলেজ বলে একটা পদার্থ ছিল সেগুলিকে ১১-১২ ক্লাশে পরিণত করা যায়। কিন্তু পশ্চিম-বাংলায় কি হল? আপনারা সমস্যাকে বাড়িয়ে দিলেন। একটা কলেজে ১১-১২ ক্লাশ ঢুকলো সেই সঙ্গে সঙ্গে তার কলেজও আছে। তার মানে হল কি? অযথা কতকগুলি টাকা আপনারা খরচ করেছেন এই ১১-১২ ক্লাশের জন্য। মাষ্টারমশাইদের কিছু দিতে হবে, অশিক্ষক কর্মচারীদের দিতে হবে, ছাত্রদের হিসাব রাখতে হবে আলাদা করে---একটা জটিল ব্যাপার তৈরী করে দেওয়া হল। ইউ পি-তে এটা তৈরী হয়েছিল অতএব সেটা দেখে আমরা সকলে মেনে নিলাম যে এটা করতে হবে। ইউ পি-তে ইণ্টারমিডিয়েট কলেজ থাকার ফলে যেটা সম্ভব হয়েছে, সেটা এখানে সম্ভব নয় তা ভাববার চেষ্টা করা হল না। ৩০ বছর ধরে শিক্ষার কোন প্ল্যান, সুষ্ঠু পরিকল্পনার জন্য অন্ততঃ চেষ্টা দেখা গেল না। অধ্যাপকদের নিয়োগ আপনারা বলেছেন, আমরা মাষ্টারমশাই হিসাবে অসুবিধা অনুভব করেছি, অধ্যাপক নিয়োগ করা যাচ্ছে না। সার্ভিস কমিশন করা হবে। কিন্তু তার কোন হিসাব নেই, কবে হবে তা কেউ জানে না। অধ্যাপক নিয়োগ করে ক্লাশ চালানো একটা দুরূহ ব্যাপার হয়ে উঠেছে। আপনারা ইউ জি সি'র কথা বলেছেন, তাদের দিয়ে দেওয়া হয়েছে। এখনও দিয়ে দেওয়া

হয়নি। তবে স্যাংশান হয়েছে কিন্তু ফিকসেশান কবে হবে সেটা বোধহয় ভগবান জানতে পারেন, আমরা জানি না। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি না আমি বলতে পারছি না। অন্ততঃ আমরা মাষ্টারমশাইরা জানি না। আমি এখানে বলবো যে, আপনারা অনেকদিন আগে একটা বক্তৃতা রেখেছিলেন যে, ষ্টেট ইউনিভার্সিটি গ্রাণ্টস কমিশন করবেন—এই ধরনের একটা কথা রেখেছিলেন। সেই সম্পর্কে আমি বলবো যে এটা করেন নি। এটা হওয়া উচিত। সেকেণ্ডারী এডুকেশন, গ্রাণ্টস কমিশন রাখা উচিত। এটা থাকলে স্কুল-কলেজের ব্যাপারে একটা অন্ততঃ বিশেষ সংস্থা যাতে কাজ করে হয়ত কিছু ভাল কাজ হতে পারে। আপনারা বলেছেন যে হোষ্টেলের ছাত্রদের সস্তায় কাগজ ইত্যাদি দিয়েছেন। সেই সঙ্গে সঙ্গে বই ছাপাবার জন্য কিছু সস্তায় কাগজ দেওয়া হয়েছে কিন্তু তার বাইরে যে কাগজ আছে সেটার দাম আবার সঙ্গে সঙ্গে এমন বেড়ে গেছে যেটা সাধারণ মানুষের পক্ষে কেনা অসুবিধাজনক। একটা জায়গায় দাম কমালেন কিন্তু ব্যবসায়ীদের বলে দিলেন বাকী জায়গায় যা ইচ্ছা তাই করতে পার। তাই, এই ধরনের ছাত্রদের সুযোগ দেবার নামে আপনারা কিন্তু অন্য দিকে চলে যাচ্ছেন যেটা সাধারণভাবে ভাল হয় না। আমাদের মাননীয় মন্ত্রী ভোলানাথ সেন, তিনি আমাদের খুব আনন্দ দিয়েছেন, অন্ততঃ আমাকে নিশ্চয়ই দিয়েছেন। তার কারণ তিনি একটা দরিদ্র ছেলেকে আবিষ্কার করে বললেন যে ১০ পয়সা সুদ দিয়েছে। আমরা রাস্তায় চলি, আমরা বহু দরিদ্র ছেলেকে দেখেছি, এটা আমাদের কাছে আবিষ্কারের ব্যাপার নয়। তারপর বলা হয়েছে যে, ১২·৫ লক্ষ বস্তী উপকৃত হয়েছে। আমার এলাকা বস্তী এলাকা। আমি ১৯৩৪ সালে যখন ট্রেড ইউনিয়ন আন্দোলন করতাম তখন আমার উচ্চতা খুব বেশী নয়। তখন যে বস্তীতে আমি ঢুকতাম আমার মাথা ঠেকে যেত এখনও সেইভাবে মাথা ঠেকে যায়। বস্তীতে আপনারা কি করেছেন, না, কতকগুলি সেপটিক ট্যাঙ্ক করেছেন। সেই সেপটিক ট্যাঙ্কগুলি সমান লেভেলে করা হয়েছে, আমাদের বাড়ীর মত নয়। বস্তীতে সেপটিক ট্যাঙ্কের পায়খানা যা করা হয়েছিল তাতে সিমেণ্টের এবং বালির ১/৮ ভাগ দেওয়া হয়েছিল এবং সেগুলি ফুটো হয়ে গেছে, জল বেরুচ্ছে এবং পোকাগুলি খাবার থালার পাশে ঘুরে বেড়াচ্ছে। আমি আমার কনষ্টিটিউয়েন্সীতে ঘুরে দেখেছি। সুতরাং ভোলানাথ সেন মহাশয় কোটি কোটি টাকা খরচ করেছেন কিন্তু মানুষের উপকার হয়নি। অনেক আনন্দ পাওয়া গেছে টাকা খরচ করে কিন্তু মানুষের সত্যিকারের উপকার হয়েছে কিনা একটা বস্তী ভাল করে ঘুরলে বা একদিনের সার্ভেতে একটি ছেলে ১০ পয়সা সুদ দিয়েছে এটা দেখে বোঝা যাবে না। কাজ কি হয়েছে সেটা পঙ্কজবাবু জানেন। এখানে এ্যাসুওরেন্স কমিটির একটা রিপোর্ট আছে, থার্টিনথ রিপোর্ট, তাতে দেখবেন ২৭ নম্বর পাতায় বলা আছে যে ইলেকশানের আগে যাতে এম এল এ'রা কিছু বলতে পারেন তাই প্রত্যেকটি নির্বাচন কেন্দ্রে এতগুলি রাস্তা বানিয়ে দিতে হবে। পঙ্কজবাবুর এলাকায় হয়ত তৈরী হয়েছে, তিনি জানেন, মৃগেনবাবুর এলাকায় হয়ত তৈরী হয়েছে, তিনি জানেন কিন্তু আমি জানি না, ইলা মিত্র জানেন না তার এলাকায় হয়ত তৈরী হয়নি। আর তথ্য জনসংযোগে আমার বালক বন্ধু, বালক বন্ধু বলবো না, বালক বন্ধু বললে ভুল হবে, আমার যুবক বন্ধুকে বলি যে যাত্রা ইত্যাদি উৎসব হচ্ছে কিন্তু তথ্যের কাজ যে একটা মস্তবড় কাজ। গ্রামের বিভিন্ন জায়গায় আগে কি ছিল? আগে যাত্রা, কথকতা, পাঁচালীর ভিতর দিয়ে সমস্ত ভারতবর্ষের মানুষের মধ্যে ধর্মচেতনা, ঐতিহাসিক চেতনা ঢুকিয়ে দেওয়া হত। রামায়ণ, মহাভারত তারা পড়েনি কিন্তু তারা সব জানে। ভারতবর্ষের চিন্তা তারা জানে। তথ্য ও বেতারের কি এই কাজ

নয় যে, এই ধরনের জিনিস সমস্ত দেশের মানুষের কাছে তুলে ধরা ? তথ্য ও বেতারের উদ্দেশ্য শুধু কতকগুলি যাত্রা উৎসব শহরে করা নয়। অবশ্য যাত্রা উৎসব নিশ্চয়ই প্রয়োজন আছে কিন্তু সেটা শুধু শহরে নয়। আপনি যাত্রাকে শহরে নিয়ে যান, গ্রামে নিয়ে যান বা যেখানেই নিয়ে যান ৫ হাজার টাকার কম হবে না। সুতরাং গ্রামের লোক এটা পাবে না। কাজেই এই উৎসব করে শুধু তাদের প্রেষ্টিজ বাড়িয়ে দেওয়া হয়েছে তাছাড়া আর কিছু নয়। তারা গ্রামের দিকে যায় না।

[5-00—5-10 p.m.]

আপনারা চিন্তা করলেন না কেন সেই কথকতা যাত্রাকে নতুনভাবে ঢেলে সাজানো যায় কি না ? কিন্তু তা আপনারা করেন নি। ভূমিহীন চাষীদের প্রচুর উপকার করা হয়েছে বলে বলা হয়। কিন্তু আমি যে ২/৪ জায়গায় গিয়ে বাড়ী দেখেছি তাতে তাকে গোয়ালঘর বলা যেতে পারে। এবং বর্ষাকালের পর সেখানে আর মানুষ থাকতে পারবে না। মেদিনীপুর, হাওড়া জেলায় গিয়ে কতকগুলি জায়গায় যা দেখেছি তাতে তাকে বাড়ী বলে ঠাট্টা করবেন না। অর্থাৎ যেটা দেবেন সেটা যোগ্য বলে দেবেন। আপনাদের জীবনে privacy আছে, তাদের জীবনে নেই ? সুতরাং টাকার শ্রাদ্ধ হলেই যে মানুষের কিছু হয় তা নয়। এইরকমভাবে মানুষকে নিয়ে ঠাট্টা করবেন না। আপনারা ভূমিহীনদের জন্য জমির যে হিসেব দিয়েছেন তাতে মনে হল ১/২ বিঘা বোধ হয় তারা পেয়েছে। এতে চাষ করা যাবে কিনা জানি না। আপনারা যা করেছেন তাতে মানুষকে বাঁচাবার সুযোগ দেন নি। তাদের সমস্যার সমাধান কি এইভাবে করা যাবে ? আপনারা তাদের ৬.৭৫ রোজ দিয়ে দিলেন। কিন্তু ২/৩ মাস চাষের কাজ করার পর বাকী সময় তারা কি করবে ? ৬.৭৫ দিয়ে তাদের এক বছর খেতে হবে ? এতে সমস্যার সমাধান হবে না। এগুলি ভালভাবে চিন্তা করা উচিত। সুতরাং কি করলে গ্রামে Agro Industry তৈরী করা যায়, গ্রামের জীবনে বেকারী দূর করা যায়, পশুপালন করা যায়, Poultry করা যায়, মাছচাষ করা যায়, তার কথা ভাবা উচিত ছিল এবং সেইভাবে কাজ করা উচিত ছিল। Sick Industry-র অনেক করেছেন। শ্রীমতী ইলা মিত্র বলেছেন এর নামে শুধু মাত্র টাকাই খরচ হয়েছে। আমি এ বিষয়ে না বলে রাষ্ট্রায়ত্ত সংস্থা সম্বন্ধে বলব। বহু জায়গায় লোকসান হচ্ছে। এর মধ্যে সরকারের কোন উদ্দেশ্য আছে কিনা জানি না। কিন্তু কোন একটা উদ্দেশ্য নিশ্চয় আছে। রাষ্ট্রায়ত্ত হলেই সেখানে ঘাটতি হচ্ছে। অর্থাৎ সেখানে জনসাধারণের মনোভাব তৈরী করা হচ্ছে Socialism করবে না। এইরকম মতলব আছে কিনা চিন্তা করতে হবে। রূপায়ণের মধ্য দিয়েই আমাদের ভবিষ্যৎ জীবন তৈরী হবে। উন্নয়নের কথায় দীঘার কথা বলব। দীঘায় অনেক উন্নয়ন হয়েছে, বাড়ীঘর হয়েছে এবং কিছু লোকের থাকার ব্যবস্থাও হয়েছে। সেখানকার দোকানগুলোতে যারা ভাড়া ছিল এখন তার ডাক আরম্ভ হয়েছে। সেই ডাক ২/৪ বছরের জন্য নয়, এক বছরের বেশী লাভ থাকতে পারে। এক বছরের পর যদি না থাকতে পারে তাহলে তারা তারপর কোথায় যাবে। এর ফলে ঐ অঞ্চলের মানুষগুলো সব উৎখাত হয়ে যাবে। উন্নয়ন করুন, কিন্তু উৎখাত করে নয়। Season time-এ তাদের ব্যবসা হয়। এগুলি আপনাদের চিন্তা করতে হবে। সুতরাং মানুষকে মানুষ হিসেবে দেখার চেষ্টা করবেন, বাজেটে এ ধরনের চিন্তা থাকলে আমরা খুশী হতাম।

ডাঃ গোপালদাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২ ঘণ্টার বিতর্কে এত প্রশ্ন তোলা হয়েছে, এত সমস্যার কথা উল্লেখ করা হয়েছে যে আমি একটু অসুবিধায় পড়েছি যে সমস্ত প্রশ্নের উত্তর এবং সমস্ত সমস্যার মীমাংসা, সমাধানের সূত্র কি করে আমি দেব। সময়ের উপর অবিচার করা হবে এবং সদস্যদের ধৈর্যের উপর প্রচণ্ড চাপ সৃষ্টি করা হবে যদি সব প্রশ্নের উত্তর আমি দেবার চেষ্টা করি বা সমস্ত সমস্যার সমাধানের সূত্র আমি এখানে উল্লেখ করতে চাই। বাজেট বক্তৃতা বলুন, স্টেটমেণ্ট বলুন প্রফেসর শান্তি দাশগুপ্ত মহাশয় যেটা দিয়েছেন তার মধ্যেও একটা সংক্ষিপ্ত চিত্র দেবার চেষ্টা হয়েছে। আমি অত্যন্ত দুঃখিত যে আমাদের আর একটা পাবলিকেশন যেটা প্রতি বছর হয় সেটা এখনও আমরা বিতরণ করতে পারিনি। আমার মনে হয় দু'-এক দিনের মধ্যে সেটা সম্ভব হবে, সেটা পাওয়া গেলে আরো একটু বিস্তারিতভাবে পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থার গত কয়েক বছরের অগ্রগতির পরিমাপ সুনির্দিষ্টভাবে পাওয়া যাবে। সুতরাং প্রথমে বলে রাখছি সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়, সমস্ত সমস্যা যা এখানে তুলেছেন তার সমাধানের সূত্র এখানে বলা সম্ভব নয়। প্রফেসর দাশগুপ্ত একটা কথা বলেছেন যে ইউ জি সি স্কেল কলেজ শিক্ষক মহাশয়দের জন্য চালু করা হয়েছে কিনা উনি জানেন না। এই সম্বন্ধে আমি তাঁকে জানাতে পারি এবং অন্যান্য সদস্যদের অবগতির জন্য জানাতে চাই এই বিষয়ে সরকারী নির্দেশনামা এ্যাডমিনিষ্ট্রেটিভ অর্ডার ইস্যু হয়ে গেছে এবং বর্তমান বছরে এই বাবদ ২২৫ লক্ষ টাকা ব্যয় হবে। সুতরাং আমি জানি না উনি কেন বললেন যে ইউ জি সি স্কেল চালু হয়েছে কিনা উনি এখনও জানেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু ভুল সংশোধন করছি, আমি যে বইটার কথা বলেছি ইকনমিক রিভিউ, সেটা আগে দেওয়া সম্ভব হয়নি। এখনই সংবাদ পেলাম সেটা আজকে এখনই সদস্যদের মধ্যে বিতরণ করা হচ্ছে, প্রফেসর দাশগুপ্ত তার মধ্যে অনেক উত্তর পাবেন। প্রফেসর দাশগুপ্ত বলেছেন যে আমরা এবারে যেন একটু বেশী দাবী, একটু বেশী ক্রিটিক্যালি ওঁর মতে, কেন্দ্রীয় সরকারের কাছে করেছি একটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে। আমি মোস্ট অনেস্টলি ওঁকে জানাতে চাই যে সমস্ত ঘটনাটা লিখিত হয়েছে এই কেন্দ্রীয় সরকার গঠিত হওয়ার অনেক আগে। সিক্সথ ফাইনান্স কমিশনের টার্মস অব রেফারেন্স কি হবে সেই বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার আজ থেকে প্রায় ৬ মাস আগে যে স্মারকলিপি কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী মহাশয়ের কাছে প্রেরণ করেছিলেন তাতে আমরা যে যুক্তি দেখিয়েছিলাম পশ্চিমবঙ্গের পক্ষে কেস বিল্ড আপ করার জন্য সেই কথাগুলি এখানে আমরা বলেছি। সুতরাং পশ্চিমবঙ্গ যাতে সুবিচার পায়, গ্যাডগিল ফর্মুলা দিয়ে বা অন্য ফর্মুলা দিয়ে পশ্চিমবঙ্গের দাবি যাতে নস্যাৎ না হয়, পশ্চিমবঙ্গ যাতে তার ন্যায্য প্রাপ্য পায় সেই কথা আগে বলেছি, এবারের ফাইনান্স কমিশনের কাছে সেই বক্তব্য রেখেছি। কেন্দ্রীয় সরকার যে হারে সুদ দিয়ে টাকা বাজার থেকে বিদেশ থেকে সংগ্রহ করেন আমরাও যেন সেই টাকা সেই হারে সুদ দিয়ে পাই, তার থেকে বেশী হারে সুদ যেন আমাদের উপর ধার্য না হয় সেই কথা আগেও বলেছি, আজও বলছি।

[5-10—5-20 p.m.]

আমাদের প্রাদেশিক সরকারের যেগুলো আবশ্যিক খরচ তা থেকে রেহাই পাবার কোন উপায় নেই। আমাদের কর্মচারীদের কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘ ভাতা দেওয়া সেটা যাতে

আমরা দিতে পারি এবং তার জন্য কেন্দ্রীয় ভাণ্ডার থেকে যাতে অর্থ সাহায্য পাই তার জন্য আমরা আগেও বলেছি এবং এখনও বলছি। এর মধ্যে কোন রাজনৈতিক উদ্দেশ্য নেই, এটা আমরা সততা থেকেই বলছি। আমরা বিশ্বাস করি কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের মধ্যে এই সম্বন্ধ হওয়া উচিত এবং সেদিক থেকেই এটা আমি বলছি। তারপর, উন্নয়নের কথা ডাঃ দাশগুপ্ত যেটা বলেছেন সেটা আংশিকভাবে সত্য। আমরা গৃহহীনদের জন্য যে টাকা দেই তার আর্থিক পরিমাণ হচ্ছে ৫০০ টাকা। আমরা ধরে নেই এই ৫০০ টাকা ব্যয় করা হবে মূলতঃ জিনিসপত্র কেনার জন্য, যেমন বাঁশ, টালি, পেরেক ইত্যাদি ক্রয় করবার জন্য। মজুরীটা টি আর বা অন্য ধরনের কোন কিছুর মধ্য থেকে আসবে। একথা ঠিক আমরা যদি ৫০০ টাকার জায়গায় ৫ হাজার টাকা ব্যয় করতে পারতাম তাহলে অনেক সুন্দর বাস-গৃহ তৈরী হোত। কিন্তু আমাদের মত দরিদ্র দেশ যাদের মাথাপিছু আয় হচ্ছে এই সেই দেশের সরকারের পক্ষে লক্ষ লক্ষ গৃহহীনদের জন্য গৃহনির্মাণের টাকার পরিমাণ বাড়ানো যে কতবড় ব্যয়সাধ্য এবং এটা যে কত অসাধ্য ব্যাপার সেটা আপনারা নিশ্চয়ই বুঝতে পারছেন। আপনারা অভিযোগ করছেন, কিন্তু অবস্থাটা একবার চিন্তা করুন। আমরা আমাদের সীমিত ক্ষমতার মধ্যে গৃহহীনদের গৃহ দেবার চেষ্টা করছি। আমাদের আগামী বছরের কর্মসূচীর মধ্যে আছে আরও ৫০ হাজার মানুষ যাতে গৃহ পায় তার চেষ্টা করা। যাদের কিছু নেই তাদের একটু বাস্তু জমি এবং তাদের একটু বাস্তু ভিটা দেবার এই যে প্রচেষ্টা এটা নিশ্চয়ই সহানুভূতি এবং সহযোগিতার দাবী করে। আমি মনে করি সমালোচনা এবং নিন্দা নিশ্চয়ই এই কাজের জন্য প্রাপ্য নয়। আমাদের এখানে মাননীয় সদস্য শীশ মহম্মদ সাহেব বলেছেন গঙ্গার ভাঙনে ক্ষতিগ্রস্ত মানুষদের কথা। এটা সত্যিই দুঃখের কথা যে, গঙ্গার ভাঙনে বছরের পর বছর হাজার হাজার মানুষ গৃহশূন্য, জমিশূন্য হচ্ছে অথচ আমরা কিছু করতে পারছি না। আমাদের ইরিগেশন ডিপার্টমেণ্ট আনুমানিক ব্যয় যেটা কষে বার করেছেন তার পরিমাণ হচ্ছে ৬৪ কোটি টাকা। এই টাকা পশ্চিমবাংলার তহবিল থেকে দেওয়া শুধু কষ্টসাধ্য নয়, সম্পূর্ণ অসম্ভব বলে মনে হয়। আমরা এই ব্যাপারে ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করছি কাজেই তাদের কাছ থেকে যদি অর্থ সাহায্য পাওয়া যায় তাহলে আমরা জোর কদমে কাজ শুরু করব। যে পর্যন্ত এই অর্থ সাহায্য না পাওয়া যাচ্ছে সেই পর্যন্ত এই দুর্গত মানুষদের আংশিক সাহায্য করা ছাড়া আর বিশেষ কিছু করা সম্ভব নয়, এটা খুব দুঃখের সঙ্গেই বলছি। আমাদের রেগুলার প্রোগ্রামের মধ্যে এগুলি নিশ্চয়ই ট্যাকেল করা হবে। তারপর, সুধীরবাবু এখানে দুটি বিষয় উল্লেখ করেছেন। যে সমস্ত এলাকাগুলি ধারাবাহিকভাবে খরা এবং বন্যাপীড়িত সেখানে ঋণ আদায়ের জন্য অপ্রেসিভ মেজার নেওয়া ঠিক হচ্ছে না একথা বলা হয়েছে।

অজিতবাবু যখন এটা মেনশন করছিলেন, তখন আমি বলেছিলাম যে, বিশেষ বিশেষ ক্ষেত্রে মাননীয় সদস্যরা যদি আইডেনটিফাই করে লিখিতভাবে দিয়ে দেন নিশ্চয়ই সরকার সহানুভূতির সঙ্গে দেখবেন, কতটা ছাড় দেওয়া যায়। সুধীরবাবু নিজেও জানেন, তিনিও একজন মন্ত্রিসভার সদস্য ছিলেন, তিনি যে মকুবের কথা বললেন এই যে টার্ম লোন যা আমরা দিই বা দিতাম কৃষিকার্যের সাহায্যের জন্য তা ভারত সরকারের কাছ থেকে পাওয়া টাকা, কিন্তু ভারত সরকার তা মাপ করতে রাজী হন না, সেজন্য দাক্ষিণ্য করা আমাদের পক্ষে বিলাস হয়ে যায়। তথাপি আমি সুধীরবাবুকে জানাতে চাই উপযুক্ত ক্ষেত্রে পারপিচুয়ালি গ্রাউণ্ড ওয়াটার এফেক্টেড হওয়ার ফলে মানুষ দুর্দশাগ্রস্ত হয়েছে, তাদের আয়ের পথ বন্ধ হয়ে গেছে,

তাদের কোন রকম ঋণ শোধ দেবার ক্ষমতা নাই, সেসব ক্ষেত্রে সরকার নিশ্চয়ই বিবেচনা করবেন। এই বিষয়ে সমালোচনা করার কোন প্রয়োজন নাই। কোন রকম অপ্রেসিভ মেজার আমরা নিতে চাই না। তারপর সুধীরবাবু আরেকটা কথা বলেছেন যে পঞ্চায়েত এবং মিউনিসিপ্যালিটিগুলির ইলেকশান কেন করা হয়নি। কোন রকম ইলেকশানই গত ২০ বছরের মধ্যে করা হয়নি। সুধীরবাবুর সঙ্গে আমি এই বিষয়ে একমত। এই সংগঠনগুলির ওল্ড ডেমোক্রাটিক ইনষ্টিটিউশানগুলি যত শীঘ্র সম্ভব নির্বাচনের মাধ্যমে যাতে সংগঠিত করা যায় সে বিষয়ে আমাদের সকলেরই সচেতন হওয়া উচিত। এই বিষয়ে আমাদের কোন কণ্ট্রোভারসি নেই, কোন কনফ্লিক্ট অব আইডিয়াজও নেই। উনিও যে রকম চান শক্তিশালী পঞ্চায়েত, শক্তিশালী পৌরসভা, সরকারও তেমনি চান শক্তিশালী পঞ্চায়েত, শক্তিশালী পৌরসভা, যাঁরা গঠনমূলক কাজে সরকারের সহযোগী হবেন, দায়িত্ব বণ্টন করে নিতে পারবেন এবং ডিষ্ট্রিবিউশান অফ জাষ্টিস এবং ওয়েল্থ এই কাজে সরকারকে সাহায্য করতে পারবে। কিন্তু এগুলি একদম এতদিন ভ্যাকুয়াম ছিল এটা বোধহয় ঠিক কথা নয়। আরও একটা আছে এবং এক এক ধরনের কাজের জন্য এক এক ধরনের ইনষ্টিটিউশান দরকার হয়। ফর ক্রিয়েশান অফ এ্যাসেটস মিউনিসিপ্যালিটি এবং পঞ্চায়েতগুলির অপরিসীম অবদান ভারতবর্ষে সর্বত্রই আমাদের চক্ষে পড়েছে, সে বিষয়ে আমাদের কোন দ্বিমত নেই। ফর ক্রিয়েশান অফ এ্যাসেটস মিউসিনিপ্যালিটি এবং পঞ্চায়েত একটা দায়িত্বপূর্ণ ভূমিকা প্রতিপালন করতে পেরেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে আমি জানি ফর ডিষ্ট্রিবিউশান অফ জাষ্টিস এ্যাণ্ড ইকুইটেবল ডিষ্ট্রিবিউশান অফ ওয়েল্থ এই ধরনের সংগঠনগুলি উপযোগী কাজ করতে পারে না। আমরা কি আশা করতে পারি যে পঞ্চায়েত মিনিমাম ওয়েজ সংগ্রহ করে দিতে নেতৃত্ব দেবে? আমরা কি আশা করতে পারি যে আমাদের দেশে পঞ্চায়েতের যে চেহারা সেই পঞ্চায়েত ভাগচাষীদের রেজিষ্ট্রেশান করতে সাহায্য করবে।

[5-20—5-30 p.m.]

কায়েমী স্বার্থের বিরুদ্ধে ভাগচাষীর অধিকার নিয়ে সংগ্রাম করবেন, আমরা কি আশা করতে পারি যে আমাদের দেশের পঞ্চায়েতের যে ষ্ট্রাকচার তাতে এই পঞ্চায়েত ভূমিহীন কৃষকদের জমি দেওয়ার জন্য সিলিং-এর ঊর্ধ্বে লুক্কায়িত যেসব জমি আছে তা বের করে নিয়ে আসবেন? সুতরাং অসুবিধা কিছু কিছু আছে। ষ্ট্রাকচারাল চেঞ্জ যখন দরকার হয় তখন নতুন নতুন ইনষ্টিটিউশনের কথাও ভাবতে হয় এই কথাটা আমি সুধীরবাবুকে স্মরণ করিয়ে দিচ্ছি। স্পীকার মহাশয়, শ্রীমতী ইলা মিত্র অনেক কথা বলেছেন, নির্বাচন থেকে আরম্ভ করে এ্যাবিউস অব পাওয়ার, একসেস ইন ফ্যামিলি প্ল্যানিং, পিপিলস র‍্যাথ এগেনষ্ট দি গভর্ণমেণ্ট ইত্যাদি অনেক কথাই বললেন। কিন্তু আমি তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি যে এই এ্যাবিউস অব পাওয়ার একসেস হয়েছে কিম্বা এ্যাডমিনিষ্ট্রেটিভ একসেস খুব বেশী পশ্চিমবাংলায় কোথায়ও হয়েছে বলে নালিশ তিনিও অতীতে করেন নি, আমার গোচরেও নেই। ফ্যামিলি প্ল্যানিং-এ কোন কোয়ার্সন হয়েছে পশ্চিমবাংলায় এটা অন্ততঃ আমার গোচরে আসেনি, বরং এক জায়গায় গিয়ে দেখেছি একটা ৩২ বছরের নেপালী যুবক, পাঁচ ছেলেমেয়ের বাবা, বেকার, স্ত্রী চাকরী করে চা-বাগানে, আমি তার ভ্যাসেকটমি অপারেশনের সময় সেখানে উপস্থিত ছিলাম। ম্যানেজার আমাকে বললেন যে এই নেপালী যুবকটি ভ্যাসেকটমি করছে এ পাঁচ ছেলেমেয়ের

বাবা, এর ভবিষ্যৎটা এ্যাসিয়োর করবার জন্য একে আমি আপনার হাত দিয়ে পার্মানেণ্ট এমপ্লয়মেণ্ট দিয়ে একটা চিঠি দিয়ে দিচ্ছি। সেখানে পাঁচজনের ভ্যাসেকটমি হয়েছে এবং সেই পাঁচজনকেই ম্যানেজার পার্মানেণ্ট এমপ্লয়মেণ্ট দিলেন চা-বাগানে। সুতরাং এইরকম ইনসেনটিভও দেওয়া হয়েছে। কোথাও যে একসেস হয়নি তা বলছি না, আমি বলছি যে পশ্চিমবঙ্গের মানুষ সুবিধাও পেয়েছে এবং ফিট কেস হয়েছে। শ্রীমতী মিত্রকে একটা কথা স্মরণ করিয়ে দিচ্ছি যে আমরা অত্যন্ত সচেতন, উই মাষ্ট এ্যাডজাষ্ট টু চেনজিং টাইমস, একথা ফার্মলি মিসেস মিত্র এবং অন্যান্য সদস্যদের জানাচ্ছি যে

but still we hold the unchanging principles of secularism, democracy and socialism.

এবং আমরা বিশ্বাস করি যে আমাদের সামনে প্রথম এবং প্রধান কাজ দুটি, পোভার্টি এবং আনএমপ্লয়মেণ্টকে আক্রমণ করা। দারিদ্র্য এবং বেকার সমস্যার সমাধান করার জন্য পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গের সীমিত আর্থিক সঙ্গতির মধ্যে যা যা করা সম্ভব তা করার একটা প্রস্তাব অত্যন্ত বিনীতভাবে এই সভায় সদস্যদের সামনে রেখেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সভার সমস্ত সদস্যই, বিশেষ করে শ্রীমতী ইলা মিত্রের মত বিচক্ষণ সদস্যা এবং প্রফেসর দাশগুপ্তের মত বিচক্ষণ সদস্য জানেন আমাদের ফেডারেল সিসটেম এবং ফেডারেল সিসটেম সেণ্টার ও ষ্টেটের মধ্যে কি সম্বন্ধ। তাঁরা জানেন এই সিসটেমে ষ্টেট গভর্ণমেণ্টের ক্ষমতা, তার আর্থিক ক্ষমতা কতটা সীমাবদ্ধ, এটা জেনেও এই সীমাবদ্ধতার মধ্যে, সীমাবদ্ধ শক্তি ও সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে, সামর্থ্য নিয়ে যতটা করা সম্ভব পশ্চিমবঙ্গ সরকার তা করার প্রতিশ্রুতি এই বাজেটের মধ্যে রেখেছে। শ্রীমতী ইলা মিত্র বলেছেন যে ভূমিহীনকে ভূমি দেওয়া, বাস্তহীনকে বাস্ত দেওয়া এই ফিগারের মধ্যে অনেক জাগলারি আছে। আমি বলছি কোন জাগলারি নেই। গত ২০ মাসের মধ্যে একটা বিরাট জাম্প আপনারা দেখেন নি, আমরাও দেখাই নি।

ধারাবাহিকভাবে স্টেডিলি আস্তে আস্তে সংখ্যা বাড়ছে. গত এক বছরে এক লক্ষ যদি বেড়ে থাকে, ধারাবাহিকভাবে, কণ্টিনিউইটি থাকে, তাহলে বাড়াটা নিন্দনীয় নয়। এটা এ্যাস্ট্রোনমিক্যাল ফিগার, বাড়তেই হবে প্রতি বছর, তার কোন কারণ নাই। কারণ বাড়াটা স্টেডি ওয়ার্কের প্রতিফলন নয়, এটা তাদের বুঝান। তিনি বলেছেন এমপ্লয়মেণ্ট এখানে কিছু করা হয়নি, কারখানা এক একটা বন্ধ হয়ে গেছে। তিনি বোধ হয় দেখেন নি যে ৩০/৩৫ হাজার মানুষের চাকুরি রক্ষা করার চেষ্টা করেছি সামান্য সঙ্গতি নিয়ে, তিনি বোধহয় দেখেন নি যে গত এক বছরে---ইণ্ডাস্ট্রিয়াল রিলেশন যত ভাল ছিল, অতীতে এত ভাল ছিল বলে আমার জানা নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে কয়েকটি সংখ্যা পড়ে শোনাতে হচ্ছে। যদি ভাল কিছু হয়ে থাকে তা বিচার করি কি দিয়ে, কত কাজের দিন নষ্ট হয়েছে তাই দিয়ে। ১৯৭৫ সালে নভেম্বরে ১লা জানুয়ারী থেকে পশ্চিমবাংলায় সাড়ে তের মিলিয়ন ম্যানডেজ নষ্ট হয়, হয় লক-আউটে, না হয় স্ট্রাইকে, না হয় ক্লোজারে। ১৯৭৬ সালে করস্পণ্ডিং পিরিয়ডে সেই সংখ্যা নেমে এসেছে সিক্স মিলিয়নে। তাই মাননীয়া সদস্যা ইলা মিত্রকে স্মরণ করিয়ে দিই---এই সময়ে বাটার শ্রমিকরা ধর্মঘট করে, জরুরী অবস্থার মধ্যে। এখানে ১৫ হাজার মানুষ কাজ করে, কয়েক সপ্তাহের মধ্যে ধর্মঘটের মীমাংসা হয়, সরকারী মধ্যস্থতায়ই হয়। কোন অপ্রেসিভ মেজার নেওয়া হয়নি। শ্রমিকরা খুশী হয়, বোনাস পায় এবং তারা কাজে ফিরে যায়। তাতেই এই সংখ্যা ৬ মিলিয়ন হয়েছে। কত মানুষ লেইড

অফ হয়েছিল এই সময় মধ্যে? ১৯৭৫ সালে এই সময়ের মধ্যে লেইড অফের সংখ্যা ছিল ৩·৬২ লক্ষ, অর্থাৎ সাড়ে তিন লক্ষ মানুষ লেইড অফ হয়েছিল ১৯৭৫ সালে। ১৯৭৬ সালে লেইড অফের সংখ্যা মাত্র ৮৪ হাজার। রিণ্ট্রেঞ্চমেণ্টের সংখ্যা আমার কাছে নাই ওখানে লেখা আছে। নাম্বার অব রিট্রেঞ্চমেণ্ট হ্যাজ অলসো ডিক্লাইণ্ড। শ্রীমতী মিত্র নিশ্চয়ই দেখতে পাবেন কত সমস্যা। পার্টিসিপেশন ইন ম্যানেজমেণ্ট লেবারদের কত জায়গায় আছে তারও খতিয়ান আমি দিয়েছি। পাবলিক আণ্ডারটেকিং সম্বন্ধে শ্রীমতী মিত্র অত্যন্ত সমালোচনা করেছেন। আমি তাঁকে শুধু স্মরণ করিয়ে দিতে চাই যে পাবলিক আণ্ডারটেকিং-এ পারফরম্যান্স ব্যবসাদারী ন্যারো এ্যাঙ্গেল থেকে দেখলে চলবে না, তুলনামূলক বিচার করতে হবে। কাজেই যে ইণ্ডাস্ট্রি একেবারে নীচের দিকে, সিক তাকে রিভাইভ করতে সময় লাগে। যদি দেখা যায় এফারট হয়নি ইম্প্রুভ করানোর জন্য তাহলে নিশ্চয়ই সমালোচনার কারণ আছে। দ্বিতীয় কথা হচ্ছে দেখতে হবে সেই পাবলিক আণ্ডারটেকিং কিভাবে পরোক্ষভাবে দেশের অর্থনীতিতে সাহায্য করছে।

Mr. Speaker: The time will expire at 5.35 and the Minister will take 15 minutes more. So with the sense of the House may I extend the time by half an hour ?

(voices yes)

So with the sense of the time is extended by half an hour and I thank the Hon'ble Minister will finish his reply within 15 minutes.

[5-30—5-40 p.m.]

১৯৭১ সালে যখন এই মন্ত্রিসভা হ'ল তখন public undertaking-এ total turn-over ছিল ২৫০০ লক্ষ টাকা, ১৯৭৫-৭৬ সালে সেটা হল ৫ হাজার ৩৮০ লক্ষ টাকা। অর্থাৎ ৪ বছরে ১০০% বেশী turn-over increase করল। দ্বিতীয় কথা public undertaking-এ যে মালগুলি তৈরী হচ্ছে সেগুলিতে কিছু basic chemicals আছে এবং কিছু এমন জিনিস আছে যা অন্য কারখানায় কাজে লাগে। ধরুন দুর্গাপুরের গ্যাস Oriental Gas Co.-র মারফত বিভিন্ন কারখানায় যায় electric bulb তৈরী হয়, ইস্পাত কারখানায় যায়, ঔষুধ কারখানায় যায় এবং সেখানে অন্যান্য জিনিস তৈরী হয়। তেমনি দুর্গাপুর chemical-এ যে সব basic chemical হয় তা নিয়ে অন্যান্য কারখানা চালু থাকে, লাভ হয় এবং সেখানে মানুষ কাজ পায়। এইসব জিনিস বিবেচনা করার আছে। Total impact on the State Economy public undertaking-কে এই দৃষ্টিভঙ্গী দিয়ে যদি না দেখেন তাহলে কালই দুর্গাপুর Steel-কে বন্ধ করে দিতে হয়। সেখানে ৯০% production হবার পরও লোকসান। সেখানে হুইলও এ্যাকসেল Deptt.-এ ১ হাজার হুইল রেলের জন্য তৈরী হওয়া সত্ত্বেও লোকসান। তাহলে কি দুর্গাপুর steel-কে তুলে দিতে হবে? এটা যদি উঠে যায় তাহলে ভারতবর্ষে Engineering শিল্পের সর্বনাশ হবে। আপাতঃ দৃষ্টিভঙ্গীতে এই সমস্ত National Industry State finance-এ লোকসান হচ্ছে, কিন্তু এরা national income-কে নানাভাবে সাহায্য করছে। এদের যে মাল কেনা হচ্ছে তা থেকে tax, চুঙ্গিকর State funel-ও আসছে। সুতরাং এটা wastage নয়। Agricultural-এর কথায় বলব যে ১/১½ বছরের মধ্যে

কৃষিক্ষেত্রে পশ্চিমবাংলায় একটা cultural বিপ্লব হয়ে গেছে। ৩ বছর আগে যা হোত না আজ এখানকার গ্রামে চাষী গম উৎপাদন করছে। আজ গম একটা অন্যতম প্রধান crop হয়ে গেছে। চাষীর কাছে এটা বিপ্লব। পশ্চিমবাংলায় চাষী একটা নতুন ফসলকে adopt করল। কৃষি বিভাগের এই অবদানকে কিভাবে সমালোচনা করলেন তা জানি না। তেমনি Irrigation বিভাগের একটা ধারাবাহিক respect যা পেয়েছি তাতে দেখা যাচ্ছে ক্রমশঃ কাজের পরিধি বৃদ্ধি হচ্ছে এবং তাতে মানুষের ভাল হচ্ছে। Power-এর কথায় বলব যে ১৯৭৪ সালে আমরা power rationing করতে বাধ্য হয়েছিলাম। অর্থাৎ তখন আমরা পশ্চিমবাংলায় rationing-এর programme করেছিলাম তাতে target ছিল evening-এ peak-hours-এ 440 m w. কিন্তু তাও সংগ্রহ করতে পারব কিনা সন্দেহ ছিল। কিন্তু তাও হয়েছিল এবং গত বছর evening-এ peak-hours-এ 550 m.w. বিদ্যুৎ পশ্চিমবাংলায় সংগ্রহ হয়েছে—বিশেষ কোন load shading হয়নি।

তাহলে এই ১৪০ মেগাওয়াট বিদ্যুৎ কোথা থেকে এলো যেটা অতিরিক্ত? আকাশ থেকে তো এলো না। বিদ্যুৎ বিভাগ নিশ্চয় বাড়াবার চেষ্টা করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা ওঁরা তুলেছেন, এটা আমি ১৯৬৭ সাল থেকে শুনছি যখন প্রথম বিধানসভায় আসি যে ডেমোক্রেটিজাইশান অফ পুলিশ। এটা কি করে হবে জানি না। কার দ্বারা সম্ভব হবে তাও জানা নেই। তবে মনে হয় এটা একটা কথার কথায় দাঁড়িয়ে গিয়েছে। পুলিশ ল' এ্যাণ্ড অর্ডার মেনটেন করবার জন্য আছে। তাকে আইনের চোখে দেখতে হয়। আইন যদি কেউ অমান্য করে তাহলে পুলিশ তা দেখে, পুলিশ ইজ দেয়ার টু এ্যনফোরস ল' এ্যাণ্ড অর্ডার। সুতরাং পুলিশ আইন ভঙ্গকারীকে ধরবে, আর কেউ আইনগতভাবে কাজ করলে পুলিশ তাকে সাহায্য করবে। আর গণতান্ত্রিক আন্দোলনে পুলিশের সাহায্য না করাই ভাল। কারণ আমরা মনে করি দেশে যে গণতান্ত্রিক শাসনব্যবস্থা আমরা প্রতিষ্ঠা করেছি তাতে এদের জলের মতোই হওয়া উচিত অর্থাৎ যে কনটেনারে রাখা হবে, সেই কনটেনারের রূপ নেবে। এটাই এ্যাডমিনিষ্ট্রেশানের হওয়া উচিত। আমরা আমেরিকান সিসটেম করি নি যে যে এ্যাড-মিনিষ্ট্রেশানে আসবেন সব নিজের লোক নিয়ে আসবেন। আমাদের এ্যাডমিনিষ্ট্রেশানের সেট-আপ যা তাতে আমরা বিভিন্ন রাজনৈতিক দল থেকে আসবো। সেই রকম চিন্তা করতে হবে। আমাদের এ্যাডমিনিষ্ট্রেশানের রঙ জলের মতো হওয়া উচিত। যে সরায় থাকবে সেই রকম হওয়া উচিত। কাজেই পুলিশ এ্যাডমিনিষ্ট্রেশান ডেমোক্রেটিনাইজেশান না করাই ভাল। তাতে একটা বিপদ আছে। নিশ্চয় শ্রীমতী মিত্র বোধহয় বুঝতে পারছেন। সিরিয়াল উইথড্রয়াল সম্বন্ধে পরিবর্তন হলে আমি ওঁর মতোই খুশী হবো। আমার তাতে আপত্তি নেই। উনি বলেছেন রিজিনেব্যল প্রাইস ফর এগ্রিক্যালচারাল প্রোডাক্ট সম্বন্ধে—এই সম্বন্ধে আমাদের কিছু করবার নেই। উনি তা জানেন নিশ্চয়ই। এগ্রিক্যালচারাল প্রাইসিং কমিশন তারা দাম নির্দিষ্ট করে দেয়, সেই দামে কিনতে হয়। তবে পশ্চিমবঙ্গ সরকার চেষ্টা করে পশ্চিমবঙ্গের চালের জন্য, শস্যের জন্য, দাম বেশি কিছু আদায় করে নেন প্রতি বছর। আর লক-আউট ইন জুটমিলস সম্বন্ধে বলবো, একটা অর্থনৈতিক বিপর্যয়ের জন্য কিছু কিছু জুটমিল বন্ধ হয়েছিল। বর্তমানে সেই পরিস্থিতি কিছু কিছু কেটে গিয়েছে। অধিকাংশ জুট-মিলই খোলা আছে। আজকে বিশ্বের বাজারে পাটের যে চাহিদা, তাতে জুটমিলগুলোর যে সমস্যা ছিল তা কেটে গিয়েছে। সবার শেষে আমি আবার মনে করিয়ে দিতে চাই

পরিবর্তিত পরিস্থিতি সম্বন্ধে আমরা সচেতন। এই পরিবর্তনের সঙ্গে আমাদের এ্যাডজাষ্ট করতে হবে। কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের যে চিন্তা—গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র—এই সম্পর্কে অবিচল থাকবো এবং দরিদ্র ও বেকারী দূর করে যাবো। আমাদের সীমিত ক্ষমতা নিয়ে আমরা সংগ্রাম করে চলেছি। এই বলে যতগুলি কাট মোশান আছে সেগুলোর বিরোধিতা করছি এবং অনুরোধ করছি এই ভোট অন এ্যাকাউণ্ট সভায় পাশ করার জন্য অনুমতি যেন দেন।

[5-40—5-50 p.m.]

The motion of **Shrimati Ila Mitra** that the amount of the demand b reduced to Re. 1/- was then put and a division taken with the following result :-

NOES—160

Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri.
Anwar Ali, Shri Sk.
Bandyapadhyay, Shri Ajit Kumar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Supriyo.
Bauri, Shri Durgadas.
Bera, Shri Rabindra Nath.
Bharati, Shri, Ananta Kumar.
Bhattacharya, Shri Keshab Chandra.
Bhattacherjee, Shri Susanta.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chattaraj, Shri Suniti.
Chatterjee, Shri Debabrata.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Chattopadhyaya, Dr. Sailendra.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Rajani.
Das, Shri Sarat Chandra.
Daulat Ali, Shri Sheikh.
De, Shri Asamanja.
De, Prof. Chandra Kumar.
Doloi, Shri Rajani Kanta.
Dolui, Shri Hari Sadhan.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Fazle Haque, Dr. Md.
Ghiasuddin Ahmed, Shri.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Paresh Chandra.
Goswami, Shri Sambhu Narayan.
Gurung, Shri Gajendra.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Halder, Shri Harendra Nath.
Halder, Shri Manoranjan.
Hatui, Shri Ganesh.
Hembrom, Shri Benjamin.
Hemram, Shri Kamala Kanta.
Kar, Shri Sunil.
Khan, Shri Gurupada.
Khan, Shri Nasiruddin.
Khan, Shri Samsul Alam.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Lohar, Shri Gour Chandra.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.

Mahapatra, Shri Harish Chandra.
Mahbubul Haque, Shri.
Maiti, Shri Braja Kishore.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Maji, Shri Saktipada.
Mal, Shri Dhanapati.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Mira Rani.
Mitra, Shri Somendra Nath.
Mohammad Dedar Baksh, Shri.
Moitra, Shri Arun Kumar.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukherjee, Shri Subrata.
Mukhapadya, Shri Tarapada.
Mukhopadhaya, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Mundle, Shri Sudhendu.
Nag, Dr. Gopal Das.
Naskar, Shri Arabinda.
The motion of **Shri Gyan Singh Sohan Pal** that a sum of Rs. 10,52,24,000 be granted for expenditure under Demand No. 71, Major Heads: "338—Road and Water Transport Services, 538—Capital Outlay on Road and Water Transport Services and 738—Loans for Road and Water Transport Services" during the current year, was then put and agreed to.

DEMAND No. 72

Major Head: 339—Tourism

The motion of **Shri Gajendra Gurung** that a sum of Rs. 2,56,000 be granted for expenditure under Demand No. 72, Major Head: "339—Tourism" during the current year, was then put and agreed to.

DEMAND No. 73

Major Head: 344—Other Transport and Communication Services

The motion of **Dr. Zainal Abedin** that a sum of Rs. 60,00,000 be granted for expenditure under Demand No. 73, Major Head : "344 Other Transport and Communication Services" during the current year, was then put and agreed to.

DEMAND No. 74

Major Head: 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)

The motion of **Shri Subrata Mukhopadhaya** that a sum of **Rs. 69,85,000** be granted for expenditure under Demand No. 74, Major Head: "363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)" during the current year, was then put and agreed to.

DEMAND No. 76

Major Heads: 321—Village and Small Industries (Public Undertakings), 511...Capital Outlay on Dairy Development (Public Undertakings), 521...Capital Outlay on Village and Small Industries (Public Undertakings), 522...Capital Outlay on Machinery and Engineering Industries (Public Undertakings), 530...Investments in Industrial Financial Institutions (Public Undetakings), 705...Loans for Agriculture (Public Undertakings) and 726—Loans for Consumer Industries (Public Undertakings).

The motion of **Shri Atis Chandra Sinha** that a sum of Rs. 1,61,41,000 be granted for expenditure under Demand No. 76, Major Heads : 321—Village and Small Industries (Public Undertakings), 511—Capital Outlay on Dairy Development (Public Undertakings), 521—Capital Outlay on Village and Small Industries (Public Undertakings), 522—Capital Outlay on Machinery and Engineering Industries (Public Undertakings), 530—Investments in Industrial Financial Institutions (Public Undertakings), 705—Loans for Agriculture (Public Undertakings) and 726—Loans for Consumer Industries (Public Undertakings) during the current year, was then put and agreed to.

DEMAND No. 80

Major Heads: 526—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), and 726—Loans for Cousumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries).

The motion of **Shri Siddhartha Sankar Ray** that a sum of Rs. 21,00,000 be granted for expenditure under Demand No. 80, Major Heads : "526—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and

Closed and Sick Industries) and 726—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)" during the current year, was then put and agreed to.

DEMAND No. 84

Major Heads : 766—Loans to Government Servants etc. and 767—Miscellaneous Loans

The motion of **Dr. Gopal Das Nag** that a sum of Rs. 52,20,000 be granted for expenditure under Demand No. 84, Major Heads : "766—Loans to Government Servants etc. and 767—Miscellaneous Loans" during the current year, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-25 p.m. till 1 p.m. on Tuesday, the 29th March, 1977, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber, of the Assembly House, Calcutta, on Thursday, the 29th March, 1977, at 1-00 P.M.

Present

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 11 Ministers, 0 Ministers of State, 1 Deputy Minister and 184 Members.

1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honorable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take Oath)

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker : I have received sixteen notices of Calling Attention on various subjects, namely :—

Reduction in the rates of land revenue—from Shri Sunil Mohan Ghosh Maulick.

Unemployment in West Bengal—from Shri Md. Dedar Baksh and two others.

Theft of cattle in the border areas of West Bengal—from Shri Md. Dedar Baksh and other.

Measures to prevent road accident—from Shri Md. Safiullah and other.

Power crisis in Calcutta and the neighbourhood—from Shri Safiullah and three others.

Reallocation of irrigated and non-irrigated areas—from Shri Md. Safiullah and others.

Measure for eradication of chicken pox—from Shri Md. Safiullah and other.

D.D.T. spraying for destruction of mosquitoes—from Shri Md. Safiullah and other.

Measures to control filarea—from Shri Md. Safiullah and other.

Repair of derelict tubewell—from Shri Md. Safiullah and two others.

Release of D.V.C. water for BORO crops—from Shri Md. Safiullah and two others.

Relief measures for drought-hit areas—from Shri Kashinath Misra and three others.

Water crisis in Bengal—from Shri Kashinath Misra and four others.

Deplorable condition of the Bengalee weavers—from Shri Kashinath Misra and two others.

Controlling price-hike in essential commodities—from Shri Kashinath Misra and two others.

Grants to Primary, Junior High an Secondary Schools of West Bengal from Shri Dedar Baksh and two others.

Out of these notices, I have selected the notice of Shri Md. Safiullah and another on the subject of Reallocation of irrigated and non-irrigated areas.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : On the 1st April, 1977.

Mr. Speaker : Now, mention cases.

Mention Cases

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে, যদিও সেচ ও কৃষিমন্ত্রী মহাশয় এখানে নেই, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমার পূর্বস্থলী কেন্দ্রে কয়েকটি অঞ্চলে অত্যন্ত খরাজনিত ফসলহানি হয়েছে। আগেও খরা ডিক্লেয়ার করা হয়েছে, কিন্তু এ পর্যন্ত সেচের সুব্যবস্থা সেখানে হয়নি। তথাপি এবারে সেখানকার চাষীরা বোরো ধানের চাষ করেছে ২০ হাজার একরে। এই জমিগুলোর ধান জলসেচের অভাবে মরে যেতে বসেছে। এর ফলে চাষীদের দুর্দশা আরো বাড়বে। আগে খরায় জর্জরিত হয়ে স্টেট ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে ঋণগ্রস্ত হয়েছে; পুনরায় তারা নিজেদের খাওয়ার ধানের জন্য চাষ করেছে, কিন্তু তারা সেচের জল পাচ্ছে না। ক্যানেলে জল নেই। খড়ি এবং ব্রাহ্মণী এই দুটি নদীর সেচের উপর সেখানকার চাষ নির্ভরশীল, কিন্তু মন্তেশ্বরের বি ডি ও সাহেবের উৎসাহে তেমহনীতে বাঁধ দেওয়ার ফলে সেচের জল ব্যাহত হচ্ছে, ফসল শুকিয়ে মরে যেতে বসেছে। আপনার মাধ্যমে চাষীদের সেচের ব্যবস্থা করার জন্য কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে জেলাশাসক মহাশয়কে নির্দেশ দেওয়া হোক সেই বাঁধ কেটে সেচের জলের ব্যবস্থা করার জন্য। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগোবিন্দ চ্যাটার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে পানীয় জলের অভাব এত প্রকট হয়ে দাঁড়িয়েছে যে সাধারণ মানুষের পক্ষে পানীয় জল পাওয়া অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। আমার নির্বাচনী এলাকায় এবং সাধারণভাবে অধিকাংশ জেলার অধিকাংশ টিউবওয়েলগুলি খারাপ হয়ে রয়েছে। খারাপ টিউবওয়েলগুলি অবিলম্বে সংস্কার করা প্রয়োজন। সেজন্য বি ডি ও'র কাছে উপযুক্ত পরিমাণে অর্থ দেওয়া দরকার। গতকাল জনৈক মন্ত্রী বলেছেন ২ হাজার টাকা দেওয়া হচ্ছে। একটা ব্লকে যে পরিমাণ খারাপ টিউবওয়েল আছে তাতে এই সমস্ত ডেরিলিক্ট টিউবওয়েলগুলি এই টাকায় মেরামত করা অসম্ভব ব্যাপার। দ্বিতীয় কথা হচ্ছে নতুন টিউবওয়েল করার সময় প্লাষ্টিক টিউবওয়েল যাতে সিংক করা যায় এই বিষয়ে দৃষ্টি দেওয়া দরকার।

জি আই পাইপ টিউবওয়েল যেগুলি করা হচ্ছে সেগুলি অত্যন্ত দ্রুত খারাপ হয়ে যাচ্ছে, সেগুলি মেরামত করাও যথেষ্ট ব্যয়সাপেক্ষ ব্যাপার, সেজন্য নতুন করে প্লাষ্টিক টিউবওয়েল যেন করা হয়। যে সমস্ত টিউবওয়েল খারাপ হয়ে পড়ে আছে সেগুলি যেন অবিলম্বে মেরামতের ব্যবস্থা করা হয়। এখনই মার্চ মাসের শেষে পানীয় জলের যেভাবে অভাব দেখা দিয়েছে তাতে একবার মহামারি দেখা দিলে স্বাস্থ্যদপ্তর টিউবওয়েল, ইনজেক্সান দিয়ে সেই মহামারি রোধ করতে পারবেন না। সেজন্য আমার অনুরোধ অবিলম্বে খারাপ টিউবওয়েলগুলি মেরামতের ব্যবস্থা করুন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বারবার মন্ত্রিসভাকে বলা হয়েছে যে, মেনশানের সময় যখন গুরুত্বপূর্ণ বিষয়গুলি উত্থাপিত হয় সেই সময় মন্ত্রী মহাশয়রা যেন উপস্থিত থাকেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বারবার আপনার দৃষ্টি আকর্ষণ করেছি, মেনশানের সময়, পশ্চিমবাংলার গ্রাম-গ্রামান্তরে যে সমস্যাগুলি থাকে সেগুলি সম্পর্কে মাননীয় সদস্যরা বক্তব্য রাখেন। অথচ ট্রেজারী বেঞ্চে দেখা যাচ্ছে একজন মন্ত্রী আছেন এবং একজন ডেপুটি মিনিষ্টার আছেন; কৃষি, সেচ, স্বাস্থ্য প্রভৃতি ইম্পর্ট্যাণ্ট মন্ত্রী মহাশয়রা উপস্থিত নেই। আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয়, চীফ মিনিষ্টারকে বলুন যাতে মন্ত্রিসভার সদস্যরা ট্রেজারি বেঞ্চে এসে বসেন এবং সদস্যদের সমস্যার কথা শুনবার চেষ্টা করেন। এটা অত্যন্ত দুঃখের কথা।

(তুমুল গণ্ডগোল)

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ, এর আগে আপনারা অনেকেই এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন এবং বহুবার আমি অনুরোধ করেছি ট্রেজারি বেঞ্চের মাননীয় সদস্যরা তাঁরা যেন এখানে উপস্থিত থাকেন। যদি তাঁরা বিশেষ কোন কাজে এখানে অনুপস্থিত থাকেন তাহলে তাঁরা নিশ্চয়ই আমাকে খবর পাঠাবেন যে, এই কারণে আমি আসতে পারলাম না। যদি বেশী সংখ্যক ট্রেজারি বেঞ্চের সদস্য অনুপস্থিত থাকেন তাহলে আপনাদের মধ্যে বিক্ষোভ থাকা স্বাভাবিক। সেজন্য পুনরায় অনুরোধ করছি মন্ত্রী মহাশয়রা তাড়াতাড়ি এখানে যেন উপস্থিত হন এবং মাননীয় সদস্যরা যে বক্তব্য রাখবেন সেগুলি যেন মনোযোগ দিয়ে শুনেন। পার্লামেণ্টারি মিনিষ্টার জ্ঞান সিং সোহনপাল মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি তাঁর মন্ত্রী সদস্যদের যাঁরা এখানে আছেন, তাঁদের ইমেডিয়েটলি খবর দিয়ে এখানে যেন নিয়ে আসেন, সেজন্য তাঁকেও অনুরোধ করছি।

(গোলমাল)

[1-10—1-20 a.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাস : স্যার, আমি যে কথাটা বলছিলাম, গতকাল পানীয় জলের অভাব নিয়ে কালকে এই হাউসে বিভিন্ন সদস্য মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করেছিলেন এবং বিশেষ করে মাননীয় সদস্য গোবিন্দ চ্যাটার্জী মহাশয় এখানে মেনশন করেছিলেন পানীয় জলের অভাবের সম্বন্ধে। কিন্তু মন্ত্রী মহাশয় কিছুই বলেন নি।

শ্রীমতী ইলা মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক্ষুণি মাননীয় সদস্যরা যে কথা বলছিলেন আমি সেটা দিয়ে আরম্ভ করতে চাই। এখানে সমস্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়দের উপস্থিত থাকা অত্যন্ত প্রয়োজন এবং বিশেষ করে সি এম ডি এর মন্ত্রী মহাশয়ের কারণ আমি যে কথাগুলি বলব তার নোট কে নেবে বা সে সম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা কে নেবে (জনৈক সদস্য : মন্ত্রী মহাশয়রা না আসা পর্যন্ত বলবেন না) এটা স্যার সমস্ত সদস্যদেরই ফিলিং। আমি স্যার, যে কথাগুলি এখানে বলতে চাই যে আমাদের যে যে অসুবিধাগুলি হয়েছে মন্ত্রী মহাশয় আমাদের সঙ্গে বসে সেই সমস্যাগুলির সমাধান করবেন। সেই কারণে আমরা মেনশন-গুলি করি। সেজন্য আমরা আশা করি মেনশন পিরিয়ডে সমস্ত মন্ত্রী মহাশয়রা এখানে উপস্থিত থাকবেন। কারণ আমরা যারা এখানে উপস্থিত হই বিশেষ জরুরী প্রয়োজন ছাড়া এখানে উপস্থিত হই না। সুতরাং আমি স্যার, আপনার কাছে দাবী করব যে আগামীকাল থেকে মন্ত্রী

মহাশয়দের এখানে উপস্থিতিটা আপনি গ্যারাণ্টি করবেন। আজকে আমি আশা করব যে, আমি যে বিষয়ে এখানে আজকে বলব, সেই বিষয়ে যে মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন তিনি নোট নেবেন এবং এর প্রতিকারের ব্যবস্থা করবেন।

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্যদের জানাই মন্ত্রী মহাশয়রা নোট নিন আর নাই নিন আমরা এখানে এ্যাসেম্বলির সেক্রেটারিয়েটের তরফ থেকে নোট নিচ্ছি এবং সেই নোট নিয়ে সংশ্লিষ্ট দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে পাঠিয়ে দিচ্ছি। তারা নোট নিক আর নাই নিক আমরা নোট নিচ্ছি।

শ্রীমতী ইলা মিত্র ঃ স্যার, এটা আনন্দের বিষয় যে, আমাদের মাননীয় মন্ত্রী জ্ঞান সিং সোহনপাল মহাশয় এখানে নোট নিচ্ছেন। যাই হউক আমি যে কথা এখানে বলতে চাই সেটা হচ্ছে যে, মানিকতলা বস্তী অঞ্চলে জলের অভাবে ভয়ানক অবস্থা দেখা দিয়েছে। তারপর উল্টোডাঙ্গার দাশপাড়া যেখানে প্রায় ৪০ হাজার হিন্দুস্থানী লোক বাস করে সেই বস্তীতে এখন কোন জল নাই। তারপর উল্টোডাঙ্গার জহর দত্ত গার্ডেন লেনে এবং মুরারীপুকুর রোডে, শেঠ-বাগানে ৪৫ নম্বর বস্তীতে কোন জল নেই। নারকেলডাঙ্গায় কাদাপাড়ায় এবং বেলেঘাটার ৭৫ নম্বর এবং ১০০ নম্বর বস্তীতেও কোন জল নেই। এই একটা কেন্দ্রেই যদি এই অবস্থা হয় তাহলে অন্যান্য জায়গায় কি অবস্থা তা বুঝতেই পারছেন। তাই এই বিষয় জানাবার জন্য বলছি। কর্পোরেশন থেকে প্রত্যেক ওয়ার্ডে প্রতি বৎসর তিনটি করে টিউবওয়েল পোঁতা হয়, ৩ মাস ৪ মাস পরেই সেগুলি নষ্ট হয়ে যায়। তারপর সি এম ডি এ থেকে যে-সব টিউবওয়েল পোঁতা হয়েছে সেগুলোর মুখও ৬ মাস পরে বন্ধ হয়ে গিয়েছে, সেখান থেকেও জল পাওয়া যায় না। সে কথা কাকে জানাবো জানি না। ৫ বৎসর হয়ে গেল কর্পোরেশনের কোন নির্বাচন হয় না, কর্পোরেশনের এই কাজের জন্য দায়ী কারা তা আমরা জানি না, কাকে কোন কথা বলবো? সি এম ডি এ-র ব্যাপারে কালকে যখন আমি বলছিলাম, মন্ত্রী মহাশয় ডিগনিফায়েড ওয়েতে বলতে পারতেন এই ব্যাপারে আমি অনুসন্ধান করবো। কি হয়েছে জানি না, কিছু কিছু জায়গায় স্যানিটারি পায়খানা হয়েছে কিন্তু তার কোন ড্রেন তৈরী করা হয়নি, সেখানে একটা ড্রেনও নেই। ফলে সেখানে কি দুর্গন্ধ সেইসব বস্তিতে তা বলা যায় না। সেখানে কলেরা, মহামারি যে কোন সময়ে দেখা দিতে পারে। সেখানে সি এম ডি এ-র কণ্ট্রাক্টাররা যখন পায়খানা তৈরী করলো তখন তার ড্রেন তৈরী করলো না কেন। এর উপরে সেখানে জল নেই, একটা ভয়াবহ অবস্থা হয়েছে। মন্ত্রীরা কেন সেই বিষয় অবগত হবেন না, কেন কোন ব্যবস্থা করবেন না? তাই বলছিলাম যে কার কি ডিপার্টমেণ্ট জানি না। সি এম ডি এ-র কণ্ট্রাক্টাররা সিমেণ্টের বদলে বালি দেবার জন্য আমার ওখানে মারামারি হয়েছে এবং তার জন্য তারা কাজ বন্ধ করে দিয়ে চলে গিয়েছে। সেখানে রাস্তা খোঁড়া রয়েছে অথচ তার কাজ হচ্ছে না। কাজেই অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত মন্ত্রী মহাশয়ের নিকট আবেদন করছি তাঁরা যেন এই অবস্থা দূর করার ব্যবস্থা করেন।

শ্রীফণীভূষণ সিংহবাবু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু মাননীয় সদস্য আপনার কাছে বিভাগীয় মন্ত্রী না থাকার জন্য অভিযোগ করেছেন, আমিও সেই অভিযোগের একজন শরিকদার। আমাদের মাননীয় পূর্তবিভাগের মন্ত্রী মহাশয় এই সভায় উপস্থিত নেই কিন্তু, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৯৭৩ সালে এই বিধানসভায় আমাদের পূর্তমন্ত্রী পশ্চিমবাংলার

প্রতিটা বিধানসভা কেন্দ্রে একটি করে পাকা রাস্তা করার সিদ্ধান্ত ঘোষণা করেছিলেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা ১৯৭২-৭৩ সালের পর ১৯৭৭-৭৮ সালে আমাদের বাজেট বরাদ্দ এই সভায় অনুমোদিত হতে চলেছে কিন্তু সেইসব বিধানসভা কেন্দ্রের রাস্তার অবস্থা আগে যে অবস্থায় ছিল সেই অবস্থায় থেকে গিয়েছে। ১৯৭৬-৭৭ সালে গভর্ণমেণ্টের যে এ্যাসিয়োরেন্স কমিটি হয়েছিল আমি তার একজন সদস্য ছিলাম। গতকাল অর্থাৎ ২৫।৩।৭৭ তারিখে এই কমিটির একটা রিপোর্ট এই সভায় পেশ করা হয়েছে, আমরা সেখানে কি দেখেছি মাননীয় অধ্যক্ষ মহাশয়? অধিকাংশ বিধানসভা কেন্দ্রে এক ইঞ্চি রাস্তাও হয়নি। আমার প্রশ্নের উত্তর, মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্তবিভাগের মন্ত্রী মহাশয় না থাকলেও অন্য যাঁরা আছেন মন্ত্রিসভার সদস্য হিসাবে আপনারা সকলেই সমানভাবে দায়ী থাকেন, বলুন কেন এই রাস্তা তৈরী করা সম্ভব হল না, কেন এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল? আজকে জনগণের কাছে এই প্রতিশ্রুতি একটা প্রহসনে পরিণত হয়েছে। আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আগামী বাজেট অধিবেশনে প্রতিটা বিধানসভা কেন্দ্রে যেন রাস্তা হয়। আমাদের কথা দেওয়া হয়েছিল, আমাদের সর্বজনশ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী তাঁর কর্মপ্রচেষ্টা এবং অন্যান্য মন্ত্রীর সে চেষ্টা আছে কিন্তু দুঃখের কথা আমাদের পূর্তবিভাগের মন্ত্রীর গাফিলতির ফলে পশ্চিমবাংলায় রাস্তা হয়নি। এইমাত্র পূর্তবিভাগের মন্ত্রী মহাশয় এলেন, আশা করি তিনি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা কার্যে পরিণত করবেন। তিনিও একজন পল্লীগ্রামের নির্বাচিত জনপ্রতিনিধি, তিনি জানেন যে সেখানে এই যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে আছে। আমি তাঁকে এইগুলি করবার জন্য আবার অনুরোধ করছি।

[1-20—1-30 p.m.]

শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনাকে অশেষ ধন্যবাদ জানাই আমাকে বলতে দেবার জন্য। আমি অসুস্থ, তা সত্ত্বেও এসেছি এজন্য, আসানসোল শহরে জলকষ্ট দারুণভাবে দেখা দিয়েছে, মানুষ নিপীড়িত। সৌভাগ্যবশতঃ এখানে উপস্থিত আছে অজিত পাঁজা মহাশয়, তিনি অনেক সাহায্য করেছেন, এখনও প্রায় এক লক্ষ লোক জল পাচ্ছে না, প্রত্যেকটি কুয়া শুকিয়ে গিয়েছে। আজকে ৬ বছর ধরে অনবরত এ সম্বন্ধে বলে আসছি এই জলকষ্ট দূর করার জন্য। কিছু কিছু জায়গায় জলের ব্যবস্থা হয়েছে। একদিকে জল ওয়েস্টেজ হচ্ছে অন্যদিকে জলের জন্য হাহাকার, একটিন জলের দাম বার আনা থেকে এক টাকা। আমার কনষ্টিটিউয়েন্সীতে মাননীয় সুকুমার বন্দ্যোপাধ্যায় আছেন, মনে করেছিলাম তিনি এই জলকষ্ট সম্বন্ধে বলবেন।

শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ হাঁ তিনি তো বলেছেন।

শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ যদি বলে থাকেন, ধন্যবাদ, তবে এই বলা যেন সার্থক হয়। আজকে এই যে এক লক্ষ লোক জলকষ্টে আছে, তা দূর করার জন্য স্বাস্থ্যমন্ত্রী আছেন, তিনি আপ্রাণ চেষ্টা করবেন, তা না হলে—সাংঘাতিক অবস্থা হবে, সেখানে কলেরা ইত্যাদি দেখা দেবে, তাই যেন এ সম্বন্ধে তাড়াতাড়ি সুব্যবস্থা করা হয়। এখন এক মাইল দূর থেকে মায়েরা বোনেরা কলসী কাঁখে করে জল আনতে যায়। এই অবস্থা চলতে পারে না। সেখানে লোকে খাদ্য চাইছে না, চাইছে এক ফোঁটা খাবার জল, এর বেশী কিছু তারা চাইছে না। এই জলের ব্যবস্থা হোক। স্পীকার মহাশয়, আপনাকে অনেক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথা বললেন উনি নিজেও জানেন আসানসোল পৌর এলাকা রাণীগঞ্জ ওয়াটার সাপ্লাই এলাকাভুক্ত, উনি এবং শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় আমার কাছে জলের ব্যাপারে এসেছিলেন। আমরা কিছু সাব-প্ল্যান করেছি, মিউনিসিপ্যালিটির সঙ্গে কথা আছে, সূর্য্যনগর ওয়াটার সাপ্লাই নদীর বেড়ে করার কথা, সেখানে টিউবওয়েল করেছিলাম নদীর কোর্স চেঞ্জ করার ফলে টিউবওয়েল অন্য জায়গায় সরিয়ে নিতে বলেছি। আমাদের ইঞ্জিনীয়াররা চেষ্টা করছেন যত তাড়াতাড়ি তা করা যায়, আমি বলেছি এক লক্ষ অধিবাসীদের এলাকায় যাতে জলসরবরাহ করা যায় তার ব্যবস্থা তাড়াতাড়ি করার জন্য। গত বছর ইঞ্জিনীয়াররা চেষ্টা করেছিলেন প্লাষ্টিক টিউব বসিয়ে এই জলকষ্ট মোকাবিলা করার জন্য, এ ডি এম, যিনি ইনচার্জ আছেন তিনি উপস্থিত থেকে করছেন। গতবার আমরা মোকাবিলা করেছিলাম এবারেও করব, তবে এখন কিছু অসুবিধা হবে, যতক্ষণ পর্যন্ত না পাইপ ওয়াটার সাপ্লাই পুরোপুরি হবে ততক্ষণ পর্যন্ত লোককে কিছু দূরে যেতে হবে। আমি আশা করি আপনাদের সহযোগিতায় এবারেও পরিস্থিতির মোকাবিলা করতে পারব।

শ্রীশেখ দৌলত আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে আমি যে ঘটনার বর্ণনা করতে যাচ্ছি তা অত্যন্ত ভয়াবহ, এর সুষ্ঠু সমাধান না হলে খুবই চিন্তার কথা। ডায়মণ্ডহারবারে পুলিশী ভীতি ও সন্ত্রাস সৃষ্টি হওয়ায় সেখানে ন্যায়বিচারে অভাব বোধ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন যে, গত ১৫ই মার্চ রাত্রি ১১টার সময় আমি যখন বাড়ী ফিরছিলাম, আমার সঙ্গে আমার সিকিউরিটিও ছিল, আমাদের গ্রাম থেকে দূরে সি আর পি পুলিশ আমার গাড়ী আটক করে। আমার সিকিউরিটি তাদের বোঝাবার চেষ্টা করে, তা সত্ত্বেও তারা আমাদের ছেড়ে দেয় না। তার মিনিট দশেক পরে দেখি আমাদের গ্রাম থেকে ডায়মণ্ডহারবারের এস ডি ও, এস ডি পি ও ম্যাজিষ্ট্রেট আসেন, তাঁদের সঙ্গে কথা কাটাকাটি হয়, আমি জিজ্ঞাসা করি রাত্রিবেলায় কেন সি আর পি হানা দেবে। তাঁরা বলেন গ্রামে ১১টার পরে কোন লোককে ঢুকতে দেওয়া হবে না, ১১টার পরে রাত্রিতে গ্রামে কোন লোকের ঢোকা নিষেধ।

তখন আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম---এই ধরনের বিজ্ঞপ্তি কি সমগ্র ডায়মণ্ডহারবার মহকুমায় দেওয়া হয়েছে? তাঁরা এর জবাব দিতে অস্বীকার করেন। তাঁদের আরো আমি জিজ্ঞাসা করেছিলাম---৭৬ নম্বর রুটের যে লাস্ট বাস কলকাতা থেকে রাত ১০-১০ মিঃ ছেড়ে ডায়মণ্ডহারবার পেঁছায় রাত বারোটা সাড়ে বারোটায়, সেইসব বাসযাত্রীরা যখন বাড়ী ফিরবে---তখন কি সি আর পি তাদের উপর অত্যাচার করবে? এইসব কথা কাটাকাটির পর তারা আমাদের ছেড়ে দেয়। আমাদের অধ্যক্ষকেও তারা থ্রেট করে এসেছে এই এস ডি ও, এস ডি পি ও, সি আর পি-র দল। সরিষা রামকৃষ্ণ মিশনে কংগ্রেসের নির্বাচনী অফিস ছিল---, সেই অফিসের মধ্যে ঢুকে স্থানীয় নেতা বীরেন চৌধুরীকে পুলিশ অফিস থেকে টেনে নিয়ে এসে ভীষণভাবে প্রহার করেছে---তার দুই ছেলেকেও তারা অত্যাচার করেছে। এই ঘটনার কথা এস পি, ডি এম, কে জানিয়েও কোন প্রতিকার পাইনি। রথীন সেনগুপ্ত মহাশয়কেও ঘটনাটি তার পরদিন জানাই। এইসব অত্যাচারের ফলে---আমাদের কেন্দ্রের দুটো জায়গায় সুষ্ঠু নির্বাচন হয়নি। এসব ঘটনার কথা আমাদের জেলার নেতৃবৃন্দ মাননীয় মুখ্যমন্ত্রীকেও বলেছেন। আমিও মুখ্যমন্ত্রীকে এসব কথা বলবার চেষ্টা করেছি। তবুও আজকে আবার আপনার মাধ্যমে জানাতে চাই---এই অবস্থার আশু প্রতিবিধান যাতে হয় জনপ্রতিনিধিরা

শুধু নয়---স্থানীয় এলাকার নিরীহ গরিব জনসাধারণও সেদিকে তাকিয়ে আছে। সরকারের উচ্চপদস্থ আমলারা অন্যায়ভাবে উদ্দেশ্যপ্রণোদিতভাবে সরকারের ইমেজ নষ্ট করবার চেষ্টা করছেন। আমাদের খবর হলো নির্বাচনের আগে---এস ডি ও, এস ডি পি ও সেখানে যারা থাকবে তাদের উপর নির্দেশ ছিল এম এল এ-দের ঘেরাও করে তাদের প্রত্যেকটা কাজে বাধা দেওয়া। যদি এমনি করে চলে দেশের মধ্যে একটা ভয়ানক অরাজকতার সৃষ্টি হবে। এর আশু প্রতিবিধানের জন্য আপনার মাধ্যমে সমগ্র মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ স্যার, মিঃ দৌলত আলি---যে কথা তুলেছেন, তা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। এটা কখনো চেপে যাওয়া উচিত নয়। এই অভিযোগের অবিলম্বে প্রতিকার করা উচিত।

শ্রীশিশিরকুমার সেন ঃ

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর ও সমগ্র মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমাদের সরকার গ্রামেগঞ্জে প্রাথমিক স্কুল স্থাপন করে প্রাথমিক শিক্ষা প্রসারের জন্য ব্যবস্থা করেছেন। সরকার তপশীলী এলাকায় স্কুল দিয়ে শিক্ষার ব্যবস্থা করেছেন। সাংবিধানিকভাবে প্রাথমিক শিক্ষা সর্বস্তরে ছড়িয়ে দেবার জন্য আমাদের সরকার চেষ্টা করছেন। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি---দীর্ঘদিন ধরে এই প্রাথমিক স্কুল চলছে বা নতুন নতুন স্কুল স্থাপন করে শিক্ষার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু সেইসব স্কুল সদরে ও বৈঠকখানায় হয়েছে, দেখা গেছে গোয়ালঘরেও সেই প্রাথমিক স্কুল চালান হচ্ছে। দীর্ঘদিন ধরে সেখানে কোন অনুদান না দেওয়ার ফলে---কোন স্কুলে বেঞ্চ নাই, জানালা নাই, কপাট নাই বা দেওয়াল নাই বা পড়ে গেছে। এতে করে শিক্ষার পরিবেশ ও মানসিকতা নষ্ট হতে চলেছে। শিক্ষামন্ত্রীর কাছে নিবেদন---তিনি অনুদান দিয়ে শীঘ্র তপশীলী এলাকায় স্কুল তৈরী করে শিক্ষার একটা সুস্থ পরিবেশ গড়ে তুলুন।

[1-30—1-40 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়ে আলোচনা করবার জন্য মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করবার জন্য আপনাকে নোটিশ দিয়েছি সেটা হল পশ্চিমবঙ্গে বিশেষ করে গত ১৯ মাস জরুরী অবস্থা চলাকালীন বিভিন্ন পৌর এলাকায় যথেচ্ছভাবে, অন্যায়ভাবে বঙ্গীয় পৌর আইন এবং তার রুলস এ্যাণ্ড রেগুলেসানকে বৃদ্ধাঙ্গুষ্ট দেখিয়ে যে এ্যাসেসমেণ্ট অর্ডার তৈরী করেছে, হোল্ডিং ট্যাক্স যেভাবে বাড়িয়েছে, এটা অবিশ্বাস্য। আমি আমার অভিজ্ঞতায় কৃষ্ণনগর পৌর প্রতিষ্ঠান সম্বন্ধে বলছি। বর্তমানে এ্যাডমিনিষ্ট্রেটর এ্যাপয়েনটেড হয়েছে, মিউনিসিপ্যাল বডি সুপারসিডেড হয়েছে এবং এঁরা ১৯ মাস যেভাবে এ্যাসেসমেণ্ট করে টাকা আদায় করছেন এটা অবিশ্বাস্য। আমার দৃঢ় বিশ্বাস আমার কংগ্রেস সদস্য বন্ধুরা তাঁরা একমত হবেন এইভাবে কখনও হোল্ডিং ট্যাক্স আদায় হতে পারে না। যেভাবে এ্যাসেসমেণ্ট অর্ডার হয়েছে তাতে ৪ বছরের বকেয়া টাকা একসঙ্গে না দিলে ক্রোক পরোয়ানা জারী করা হচ্ছে, ডিসট্রেস ওয়ারেণ্ট জারী করা হচ্ছে এবং আমি নিজে ক্রোক পরোয়ানা, ডিসট্রেস ওয়ারেণ্ট পড়ে দেখেছি যে প্রশাসক লিখছেন, এ্যাডমিনিস্ট্রেটর লিখছেন, ২৪ ঘণ্টার মধ্যে সমুদয় টাকা জমা দিতে হবে, না দিলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে এবং পৌর প্রতিষ্ঠানের পক্ষ থেকে পৌর কর্মচারীরা টাকা আদায়ের জন্য যখন যাবেন তখন বাড়ির মহিলাদের দূরে সরিয়ে দেবেন। আমি জানি ইংরেজ আমলেও এই জিনিস

কখনও হয়নি। বাড়ীর মহিলাদের দূরে সরিয়ে দেবেন এবং তবেই আমরা যাবো এবং টাকা আদায় করবো। এইভাবে যদি যথেচ্ছভাবে, অন্যায়ভাবে, অগণতান্ত্রিক পথে যাওয়ার চেষ্টা হয় তাহলে আমি বলছি, আপনারা নিশ্চয় একমত হবেন, বহু মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত, স্বল্প আয়ের লোক, গরীব পরিবারের লোক যাদের বাড়ী রয়েছে, হোল্ডিং রয়েছে তাদের বাড়ী সমস্ত নীলামে বিক্রি হয়ে যাবে, তাঁরা থাকতে পারবেন না, তাঁদের সর্বনাশ হবে, পথে বসবেন এবং এটা এখনই করা দরকার। আমি মাননীয় রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখার্জীর সঙ্গে আলোচনা করেছিলাম। তিনি বলেছিলেন আমি যদি হাউসে থাকি, তাহলে নিশ্চয় এই সম্পর্কে বিবৃতি দেবো এবং আপনারা সকলে শুনলে আশ্চর্য হয়ে যাবেন যেখানে শহরে গরীবদের উপর এইরকম অত্যাচার হচ্ছে সেখানে বড় বড় গাছ কেটে সেখানে রাস্তায় ফোয়ারা তৈরী হচ্ছে। আজকে যেখানে সরকার স্বীকার করেছেন, সবাই আমরা স্বীকার করি ৭০ ভাগ লোক প্রভারটি লাইনের নীচে রয়েছে, অবিশ্বাস্য দারিদ্র্য, আন-এমপ্লয়মেণ্ট রয়েছে সেখানে ফোয়ারা তৈরী করবার জন্য এত টাকা ব্যয় করা হচ্ছে, এটা হতে পারে না। সুতরাং আমি আপনার কাছে বক্তব্য রাখছি যে, পুরানো বকেয়া করের টাকা এইভাবে যেন আদায় না করা হয়। ওল্ড রেট যেটা চালু ছিল সেই অনুযায়ী যেন টাকা গ্রহণ করা হয় এবং সরকার উচ্চ পর্যায়ের যেন কমিশন বসান। এইগুলো তদন্ত করবার জন্য করদাতাদের এসোসিয়েশানের প্রতিনিধি, জনপ্রতিনিধি, সরকারের পক্ষে প্রশাসক এবং বিশেষজ্ঞদের মত নিয়ে সমস্ত এ্যাসেসমেণ্ট রিভিউ করে ঠিক করুন, তা না হলে সত্যিকার জনসাধারণের কষ্ট হচ্ছে। মহামান্য হাইকোর্ট নির্দেশ দিয়েছেন, রায় দিয়েছেন, কিন্তু তা সত্ত্বেও দেখছি, আমাদের কৃষ্ণনগরের পৌর প্রশাসক সেই রায়ের প্রতিও মর্যাদা দেখাচ্ছেন না। কৃষ্ণনগর পৌর প্রতিষ্ঠানে অরাজকতা চলছে। এই এ্যাসেসমেণ্ট এবং হোল্ডিং ট্যাক্স আদায়ের ব্যাপারে একটা কঠোর ব্যবস্থা নেওয়া উচিত এবং আমি আপনাকে সবিনয়ে অনুরোধ করবো, ট্রেজারী বেঞ্চকে অনুরোধ করবো, ফাইন্যান্স মিনিষ্টার ডাঃ নাগ আছেন, একজন প্রবীণ নেতা তিনি, আশ্বাস দিন, এইভাবে টাকা আদায় হবে না, তাহলে যারা রেটপেয়ারস তারা আশ্বস্ত হবে। এইটাই আমি আপনার কাছে চাই। এইভাবে ডিসট্রেস ওয়ারেণ্ট দিয়ে, ধরপাকড় করে এবং বাড়ী বাড়ী লোক পাঠিয়ে টাকা আদায় করা, এটা বন্ধ করুন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ স্যার, আসানসোল-রাণীগঞ্জ মিউনিসিপ্যালিটিতেও এই অবস্থা। কাশীবাবু যেটা বললেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। মিউনিসিপ্যালিটির টাকা আদায়ের নামে যা চলছে এর প্রতিকার প্রয়োজন।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ আমাদের নরেশবাবু মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান আছেন। আমি মাননীয় রাষ্ট্রমন্ত্রীকে বলেছিলাম। আমি আলোচনা করেছিলাম। উনি অবশ্য লবির বাইরে বলেছিলেন, আমরাও শুনেছি বিভিন্ন পৌর এলাকাতে এইভাবে ট্যাক্স চাপান হচ্ছে এবং চার বছরের বকেয়া টাকা একসঙ্গে আদায় করার জন্য, ডিসট্রেস ওয়ারেণ্ট, ক্রোক করা হচ্ছে। উনি বলছিলেন আমি নিশ্চয় হাউসে এই সম্বন্ধে ষ্টেটমেণ্ট করবো এবং মাননীয় সুকুমারবাবু, জগদীশ দাস, শ্রীঅজিত গাঙ্গুলী, একজন প্রবীন নেতা এই হাউসে আছেন, শ্রীঅসমঞ্জ দে আছেন তাঁরও যথেষ্ট অভিজ্ঞতা রয়েছে এই সম্বন্ধে। একটা সিদ্ধান্ত আপনারা দিন, আপনারা অন্ততঃ ক্রোককে ষ্টে করে দিন, এ্যাসেসমেণ্টগুলো বাতিল করে দিন।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের আগেও কিছু কিছু মাননীয় সদস্য এই ব্যাপারে বিচ্ছিন্নভাবে আমার দৃষ্টি আকর্ষণ করেছিলেন। আমি সেই কথাই পুনরাবৃত্তি এখানে করছি। সমস্ত ব্যাপারটা হচ্ছে আইনে যা আছে তা অত্যন্ত গোলমেলে। বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট এবং ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টে যা আছে তাতে কোনক্রমেই সুষ্ঠুভাবে ট্যাক্স আদায় করা বা ট্যাক্স ধার্য করা সম্ভব নয়। তাতে কোন বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি বা বাস্তব দৃষ্টিভঙ্গি নেই যাতে করে এই অত্যাচার দূর করা যায়। এবং কোন মন্ত্রীই রাতারাতি এর সুরাহা করতে পারবে না। তবে যদি চেষ্টা করা যায় তাহলে এই অবস্থা আয়ত্তে রাখা সম্ভব। এই আইন বাতিল করার জন্য আমি ক্যাবিনেটে প্রস্তাব রেখেছি এবং তা অনুমোদন হয়ে গেছে। এই আইন বাতিল করার সিদ্ধান্ত সরকার পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে। এই এ্যাক্ট আগামী সেসনেই এই বিধানসভায় আসতে পারে। বর্তমানে যে এ্যাক্ট রয়েছে তার দ্বারা সুষ্ঠু কর আদায় এবং সুষ্ঠু কর ধার্য করা যায় না। সেই বৃটিশ পিরিয়ডের আইনটি রয়ে গেছে। টেণ্ডার কল করে ট্যাক্স আদায় করা হয়। এই আইনের সামগ্রিক পরিবর্তন দরকার। বিচ্ছিন্নভাবে আদৌ কোন সুরাহা করা সম্ভব হবে না। এই আইন পরিবর্তন করার জন্য ক্যাবিনেটের অনুমোদন পাওয়া গিয়েছে। আমরা এ ব্যাপারে অভিযোগ পাচ্ছি। এর পরে আমরা যে আইন নিয়ে আসছি তাতে মিউনিসিপ্যালিটির আয়ও বাড়বে এবং উপযুক্ত সিলিং করে কর ধার্য করা সম্ভব হবে।

(গোলমাল)

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ এই ট্যাক্স আদায়ের নামে গরীব মানুষদের উপর যে অত্যাচার হচ্ছে আপনি বলুন তার কি ব্যবস্থা করবেন।

শ্রীঅসমঞ্জ দে ঃ আপনি আইনের কথা বলছেন। আমার কথা হচ্ছে নতুন এ্যাসেসমেণ্ট বন্ধ করে ওল্ড এ্যাসেসমেণ্ট চালু রাখুন যতদিন না এই আইন সংশোধন করা হয়। এটা তো আপনি করতে পারেন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী ঃ রি-এ্যাসেসমেণ্ট করে ৬ গুণ ট্যাক্স বাড়িয়ে দেওয়া হল। কিভাবে এটা হচ্ছে তা বুঝতে পারছি না। নিজেদের খেয়ালখুশীমত এ্যাসেসমেণ্ট করছে। মিউনিসিপ্যালিটির ট্যাক্স এমন হয়েছে যে বাড়ীর ট্যাক্স ছিল ১২ টাকা সেটা ৮০ টাকা হয়েছে, যেটা ২৬ টাকা ছিল সেটা ১৩৫ টাকা হয়েছে। এ জিনিস কি করে হয়---এ কোন আইন ?

Mr. Speaker : Mr. Kashi Kanta Maitra wants a clarification. So I allow him to speak.

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি আমাকে বলতে দেওয়ার জন্য। এই হাউসের সকল সদস্য এ ব্যাপারে একমত যে, অন্যায়ভাবে এইসব জিনিস হচ্ছে। ওল্ড যেটা আছে সেই অনুযায়ী ট্যাক্স আদায় করা হোক যতদিন না আপনার নতুন আইন কার্যকর হচ্ছে। নতুন আইন করে প্রতিনিধিদের শুনবার সুযোগ দিন। এইভাবে জোর করে ডিস্ট্রেস ওয়ারেণ্ট করে যেন ট্যাক্স আদায় না করা হয়। এই দুটি এ্যাসিওরেন্স আপনি হাউসকে দিন।

[1-40—1-50 p.m.]

ডাঃ গোপালদাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এল এস জি মিনিষ্টারের অনুমতি নিয়ে বলছি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা মিউনিসিপ্যাল প্রশাসন সম্বন্ধে যা আছে তাই থেকে—কাশীবাবু যা বলছেন—আইন উনি জানেন কিনা জানি না—বর্তমান ওয়েষ্টবেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট যা চালু আছে তাতে বাড়ীর কর কিভাবে ধার্য হবে তার পরিষ্কার সূত্র আছে, তার মধ্যে এ্যামবিগুইটি নেই। একটা বাড়ীর রেণ্ট মাসিক যা হতে পারে এ্যাক-চুয়্যাল রেণ্ট যা আছে অথবা রেণ্ট যা হতে পারে তার ১২ গুণ ভ্যালুয়েসন হবে দ্যাট ইজ দি ম্যাকসিমাম সিলিং—সরকার প্যানেল এ্যাসেসর তৈরী করে দেন। সেই প্যানেল এ্যাসেসর-এর লোক এ্যাসেস করে কুইনকোয়েনিয়্যাল রিভিসন হয়। প্রত্যেক করদাতার অধিকার আছে আইনগত সেই এ্যাসেসমেণ্টের বিরুদ্ধে এ্যাপিল করার এবং মিউনিসিপ্যাল প্রশাসক তাকে কোথাও ট্রাইবুন্যাল কোথাও নিজেকে প্রত্যেকটি এ্যাপিল পিটিসন রিভিয়ু করতে হবে—যতক্ষণ পর্যন্ত রিভিয়ুর কাজ সম্পূর্ণ না হচ্ছে ততক্ষণ পর্যন্ত নতুন হারে কর আদায় করবার অধিকার নেই এবং ততক্ষণ পর্যন্ত বাড়ীর মালিক পুরানো হারে কর দিতে পারবেন বর্তমান আইনে সেই প্রভিসন আছে ইন বিল্ট। ট্রাইবুন্যাল রিভিয়ুর ব্যবস্থা আছে। যতক্ষণ পর্যন্ত না প্রত্যেকটি পিটিসন রিভিয়ু হচ্ছে আইন অনুসারে ততক্ষণ পর্যন্ত ওল্ড রেটেই ট্যাক্স দিতে পারবে এবং দেবার অধিকার আছে, এই বিষয়ে সরকারের আশ্বাসের কোন দরকার নেই। (ভয়েস : **কাশীকান্ত মৈত্র ঃ** আপনি কি জানেন গত ২০ মাসে জরুরী অবস্থায় রিভিয়ু হয়নি?) জরুরী অবস্থা অবসান হবার পর পুরানো আইনের শাসন ফিরে এসেছে। সুতরাং ওয়েষ্ট বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে যে ধারা আছে তা ভায়োলেট করতে পারবে না, ভায়োলেট করলে সরকার বরদাস্ত করবে না। আমি মাননীয় মন্ত্রীকে একটা সারকুলার দিতে অনুরোধ করব যে, যতক্ষণ পর্যন্ত রিভিয়ু কমপ্লিট না হচ্ছে ততক্ষণ পর্যন্ত আনরিভাইজ্ড কেসগুলির ক্ষেত্রে যাতে পুরানো হারেই নেওয়া হয়—(ভয়েস : **কাশীকান্ত মৈত্র ঃ** রিভিয়ু বে-আইনীভাবে হয়েছে।) যেখানে যেখানে প্রশাসন নিয়ে ডিসপিউট আছে সেখানে জুডিসিয়্যাল ট্রাইবুন্যাল করবার বন্দোবস্ত আছে—কোন রিটায়ার্ড ডিষ্ট্রীক্ট জাজকে ঐ রিভিয়ু ট্রাইবুন্যালে নিয়োগ করা যেতে পারে।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ এ্যাসেসমেণ্ট ইল্লিগ্যালভাবে হয়েছে। ১২৩, ১৩৫, ১৪৭, ১২৫ মিউনিসিপ্যাল এ্যাক্টের এই ধারাগুলি সম্পূর্ণ উপেক্ষা করা হয়েছে।

ডাঃ গোপালদাস নাগ ঃ এ্যাসেসমেণ্ট ইরেগুলার প্রেমিসেসে যদি হয়ে থাকে তাহলে সমস্ত বরখাস্ত করবার ক্ষমতা সরকারের আছে—সে বিষয়ে সুব্রতবাবু বলেছেন।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ মাননীয় সদস্যরা জানেন এ্যাসেসমেণ্ট করার যে পদ্ধতি আছে তাতে এই ধরনের অভিযোগ আসবে এবং বিভিন্ন এ্যানোম্যালির খবর আমাদের কাছেও আছে, আপনাদের কাছেও আছে, এ্যাসেসমেণ্টের পরিবর্তন—এ্যাসেসর যারা তারা টেণ্ডার অনুযায়ী আসে—তাদের লায়াবিলিটি নেই—ইচ্ছামত বহু জায়গায় করাপসানের সুযোগ নিয়ে মানুষের উপর অত্যাচার করে থাকে। বিচ্ছিন্নভাবে বহু অভিযোগ ধরা পড়ে, তার বাধ্যবাধকতা নেই বলে চলে যায়। যে আসে সে করাপসানের মধ্যেই আসে। আইনের টোটাল পরিবর্তন ছাড়া কিছু

হয়া যাবে না। আমি এইটুকু আশ্বাস দিচ্ছি মিউনিসিপ্যালিটির কোন নির্দিষ্ট কেস আমার কাছে নিয়ে আসেন আমি নিশ্চয় সেগুলি দেখবার চেষ্টা করবো।

শ্রীকাশীকান্ত মৈত্র : ক্লোকটা বন্ধ করতে বলুন।

শ্রীএফাজুল হক বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পশ্চিমবাংলার শ্রমিক, কৃষক, শিক্ষক, মেহনতী মানুষ---এককথায় সর্বপ্রকারের মানুষ দ্রব্যমূল্য বৃদ্ধির সম্মুখীন হয়েছে। স্যার, বিগত লোকসভার নির্বাচনে আমাদের পরাজয়ের এটাও একটা কারণ হিসাবে আমরা ধরতে পারি। স্যার, এ বিষয়ে আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমাদের জেলাতে এক মাস আগেও চালের দর ছিল ২/২০-২৫, যার আজকে সেই চালের দর ২/৬০ থেকে ২/৮০ পয়সার মধ্যে ওঠানামা করছে। সরষের তেলের দরও বেড়েছে। যদিও রেশনের মাধ্যমে কয়েক শ্রেণীকে কয়েক সপ্তাহ ধরে আতপ চাল দেওয়া হচ্ছে তবুও দ্রব্যমূল্য ক্রমশঃ উঠে যাচ্ছে। স্যার, আমাদের আশঙ্কা, যদি সর্বশ্রেণীর লোককে রেশনের মাধ্যমে চাল দেবার ব্যবস্থা না করা হয় তাহলে চালের দাম আরো বেড়ে যাবে এবং তা যদি হয় তাহলে মানুষের দুর্গতির সীমা থাকবে না। আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বহু নাটকের নায়ক কুখ্যাত বা সুখ্যাত প্রশান্ত সুর মহাশয় গতকাল ২১ জন সি পি এম বন্দীর মুক্তির দাবীতে রাজ্য সরকারের কয়েকজন কর্মচারীর সঙ্গে দেখা করেছিলেন। স্যার, এই সি পি এম দল, মুখে গণতন্ত্রের কথা বলে, নির্বাচনে অংশগ্রহণ করে, সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করি বলে অথচ ডানহাতে রিভলভার রাখে এবং বাঁ হাতে বোমাবাজী করে। স্যার, তারাও আজকে মুক্তি পাবেন কারণ এই সি পি এম দলের সাথী জনতা সরকার আজকে দিল্লীতে ক্ষমতাসীন। এরা কিন্তু স্যার, ঐ কতকগুলি দুর্ভাগ্য যুবক, যারা হয়ত পথভ্রষ্ট, যারা হয়ত ভ্রান্ত সেই নকশালবাড়ীর ছেলেদের কথা বলে নি। যদিও এদের বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগ আছে, সুস্পষ্ট অভিযোগ আছে তাহলেও সি পি এম-এর লোকগুলি খালাস পাবে কিন্তু যাদের বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগ নেই, কেবলমাত্র সন্দেহের বশে যে ছেলেদের দিনের পর দিন কারার অন্তরালে বন্দী করে রাখা হয়েছে তারা মুক্তি পাবে একথা কিন্তু সি পি এম বলছে না। স্যার, আমরা জানি, যারা দেশকে পঙ্গু করে দিয়েছে, যারা অর্থনৈতিক অপরাধ করেছে, যারা দেশকে ধ্বংসের পথে এগিয়ে নিয়ে যাচ্ছিল সেই হাজি মস্তানের যারা সাথী তারা আজকে এমারজেন্সী উঠে যাবার ফলে খালাস হয়ে যাচ্ছে। স্যার, ঐ দমদমের ১২০ জন লোক, যারা ভেজাল সরষের তেল খেয়ে পঙ্গু হয়ে গিয়েছিল, যাদের ছবি খবরের কাগজে বেরিয়েছিল সেই সরষের তেলের যে ব্যবসায়ী, যাদের বিরুদ্ধে সারা পশ্চিমবাংলার মানুষ ধিক্কারে ফেটে পড়েছিল সেই ব্যবসাদাররাও আজকে খালাস পেয়েছে। তারা, স্যার, আজকে খালাস পেয়ে দমদমে মিষ্টি বিলোচ্ছে এবং সি পি এম ও জনতা পার্টির জয়ধ্বনি দিচ্ছে।

[1-50—2-00 p.m.]

কয়েকদিন আগে বহরমপুরে আমি দেখলাম যে, জেলখানা থেকে কতকগুলি মানুষ মুক্তি পেয়েছে তারা সি পি এম জিন্দাবাদ, জনতা পার্টি জিন্দাবাদ বলছে। আমি খবর নিলাম যে, এরা কারা? এরা হল সেই তার কাটার দল। যারা ইলেকট্রিক তার কেটে হাজার হাজার বিঘা জমির ধান শুকিয়ে দিয়েছে, গরীব মানুষের মুখের অন্ন যারা কেড়ে নিয়েছে সেই তার কাটার দল আজকে সি পি এম জিন্দাবাদ, জনতা পার্টি জিন্দাবাদ বলে তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছে। আজকে আমাদের সরকার, যে অবস্থায় আমরা এখানে এসেছি এদের বিরুদ্ধে কোন অভিযোগ নেই এবং যুবকদের প্রতি আজকে আমাদের একটা দায় আছে, দায়িত্ব আছে, আমাদের একটা কর্তব্য আছে। স্যার, বিচারের কথা বলা হয়। আজকে একথা কে না জানে---আজকে বিচার ব্যবস্থাকে ক্ষুণ্ণ করা হয়েছে, বিচার ব্যবস্থাকে খর্ব করা হয়েছে এই বলে সারা ভারতবর্ষে আজকে যে নির্বাচন হয়েছে এবং সেই নির্বাচনে যারা জিতেছে সেই জনতা পার্টি তারা লোকসভায় জয়লাভ করেছে এবং তারা প্রথম লোক-সভাতে গিয়ে এই বিচার ব্যবস্থাকে ধ্বংস করে দিয়েছে। এই যে বরদা ডিনামাইট কেস ছিল, রাজনৈতিক ডিনামাইট দিয়ে সেই কেসটাকে উড়িয়ে দিয়েছে, ধ্বংস করে দিয়েছে, বিচার ব্যবস্থার মূলে কুঠারাঘাত করেছে, আর কোনদিন বিচার হবে না। বিচার হবে সি পি এম-এর লোক যাদের চাইবে তাদেরই বিচার হবে, আদালত সেখানে নীরব দর্শকমাত্র। যাই হোক, আজকে এই যে নকশালবাড়ীর যে বন্দী, সেই বন্দীদের মুক্তি দিতে হবে কারণ চারিদিকে সব এলোমেলো হয়ে গেছে তখন তাদের বন্দী রেখে লাভ কি?

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন স্যার, বর্তমান বছরে পুরুলিয়া জেলা এবং বাঁকুড়া জেলার একাংশ এই বছর বর্ষাকালে বৃষ্টি না হবার ফলে সেখানে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। সরকারকে ধন্যবাদ যে তারা সেখানে ব্যাপকভাবে রিলিফের কাজ করছেন। টেষ্ট রিলিফ, খয়রাতি রিলিফ ইত্যাদি কাজের ফলে সাধারণ মানুষ অন্তত খেতে পাচ্ছে। কিন্তু সমস্ত এলাকায়---বাঁকুড়া জেলার একাংশ এবং পুরুলিয়া জেলার অধিকাংশ জায়গায় ভয়াবহভাবে জলাভাব দেখা দিয়েছে এবং অনেকে নিজেদের যে গরু-বাছুর ছিল জলাভাবে তারা সেগুলি বিক্রয় করে দিচ্ছে এবং সমস্ত মানুষের পানীয় জলের ভীষণ কষ্ট হচ্ছে। এই নির্বাচনে গ্রাম থেকে গ্রামান্তরে ঘুরে দেখেছি যে, সমস্ত খাল, পুকুর, বিল শুকিয়ে যাচ্ছে। কুঁয়োতে জলের সঙ্গে কাদা উঠছে। এখন যদি অবিলম্বে ব্যবস্থা না করা যায় তাহলে অবস্থা আয়ত্বের বাইরে চলে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন যদি কুঁয়ো শুরু করা যায় বা পাতকুঁয়ো শুরু করা যায় সেটা অন্তত সময়সাপেক্ষ। মাত্র গোটা দুই রিগ মেসিন আমাদের পশ্চিমবঙ্গে রয়েছে এবং সেই রিগ মেসিনের দ্বারা সামান্য কয়েকটা টিউবওয়েল খুঁড়লেই এই ভয়াবহ অবস্থার মোকাবিলা করা যাবে না। এই ভয়াবহ অবস্থার পরিপ্রেক্ষিতে আমি রাজ্য সরকারকে অনুরোধ করবো যে, আমাদের প্রতিবেশী দেশে যে সমস্ত রিগ মেসিন আছে যেমন---গতবার তামিলনাড়ু থেকে, মহারাষ্ট্র থেকে এনে এর মোকাবিলা করা হয়েছিল সেইরকমভাবে রিগ মেসিন এনে প্রত্যেক এলাকায় এবং বিশেষ করে উপদ্রুত এলাকায় সার্ভে করে, তাতে পানীয় জলের ব্যবস্থা করে, এই ভয়াবহতা থেকে জেলাকে রক্ষা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা অনুরোধ সরকারকে করবো যে, অন্তত: যেগুলি উপদ্রুত এলাকা, যেখানে এইরকম ভয়াবহ অবস্থা দেখা

দিয়েছে সেখানে তাঁরা সার্ভে করে কাজ করুন। পলিটিক্যাল প্রেসারে যে জায়গায় জলাভাব নেই সেখানে রিগ মেসিন নিয়ে যাচ্ছেন। কাজেই সার্ভে করে প্রয়োজনভিত্তিক এবং ব্যাপক-ভাবে অবিলম্বে যাতে তারা কাজ আরম্ভ করেন তাঁর জন্য আপনার মাধ্যমে পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং এবং রুরাল ওয়াটার সাপ্লাই-এর মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এই নিবেদন করছি যাতে করে তাঁরা এই পানীয় জলের ব্যবস্থা দ্রুতলয়ে করেন।

শ্রীদ্বিজপদ সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। এই বছর খরার ফলে বীরভূম জেলায় দারুণ পরিস্থিতির উদ্ভব হয়েছে। তা নিজে স্বচক্ষে উপলব্ধি করবার জন্য গত ডিসেম্বর মাসে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আমাদের ত্রাণমন্ত্রী এবং জেলার মন্ত্রী মোতাহার হোসেনকে নিয়ে নিজে দেখে এসেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, আজকে বীরভূম জেলায় যা পরিস্থিতি তা অবর্ণনীয় এবং এর সীমা নেই। আমি এই লোকসভার নির্বাচনের প্রাক্কালে যখন বিভিন্ন এলাকায় ঘুরছিলাম, তখন তা দেখে অত্যন্ত দুঃখ পেয়েছি। আমাদের সামনে সার্কিট হাউজে মুখ্যমন্ত্রী মহাশয় যে যে নির্দেশ দিয়েছিলেন সচক্ষে দেখে, বিশেষ করে খয়রাশোল, রাজনগর, দুবরাজপুর, রামপুরহাট এবং পশ্চিমাঞ্চলের বিভিন্ন অঞ্চল ঘুরে তিনি মন্তব্য করেছিলেন যে, বাঁকুড়া এবং পুরুলিয়ার খরা পরিস্থিতিকেও এইসব অঞ্চল হার মানিয়েছে। এবং বলেছিলেন যে, নিরবচ্ছিন্নভাবে সেখানে প্রতিটি অঞ্চলে দুটি করে টি আর খোলা হবে, কিন্তু তা করা হয়নি। সেখানে আজকে পানীয় জলের যা দারুণ অবস্থা, পুকুরে এক ফোঁটা জল নেই, ইঁদারার জল শুকিয়ে গেছে, গরু-বাছুর জল খেতে পাচ্ছে না, একটা নিদারুণ অবস্থা সেখানে চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই পরিস্থিতিতে আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আজকে বীরভূম জেলায় শুনতে পাচ্ছি দুর্ভিক্ষের পদধ্বনি। সুতরাং সেখানে অবিলম্বে যদি লঙ্গরখানা খোলা না হয়, যদি টেস্ট রিলিফের ব্যবস্থা না করা হয়, যদি দুঃস্থ ব্যক্তিদের জন্য জি আর-এর ব্যবস্থা অবিলম্বে না করা হয় তাহলে পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে দাঁড়াবে। আপনার মাধ্যমে এই পরিস্থিতির মোকাবিলা করার জন্য মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅসমঞ্জ দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে তার প্রতিবিধান দাবি করছি। নদীয়া জেলা বিভিন্ন অঞ্চল---নবদ্বীপ, রাণাঘাট, ফুলিয়া এবং বিশেষ করে শান্তিপুরের তন্তু-জীবীদের জীবনে অর্থনৈতিক সঙ্কট একটা চূড়ান্ত পর্যায়ে এসে পৌঁচেছে। একদিকে সুতোর দাম হুহু করে বেড়েছে, অন্যদিকে কাপড়ের দাম কমছে। তাও আবার কাটতি নেই। বহু তাঁত বন্ধ হয়ে গেছে। হাজার হাজার তন্তুজীবী বেকার হয়ে পড়েছে। নদীয়ার অর্থনৈতিক কাঠামো অনেকাংশে ভেঙে পড়েছে। গত ১০ বছরে নদীয়া জেলার তন্তুজীবীদের জীবনে এই ধরনের নিদারুণ অবস্থার কোনদিন সৃষ্টি হয়নি। আমি আপনাকে পরিসংখ্যানের মাধ্যমে প্রমাণ করতে পারি কিভাবে সুতোর দাম বেড়েছে। আজকে নদীয়া জেলার সমগ্র তাঁতের সংখ্যা প্রায় ৫০ হাজার। তার মধ্যে শান্তিপুরে তাঁতের সংখ্যা প্রায় ২০ হাজার। সেখানে পুজোর সময় ৮০ এবং ১০০ কাউন্টের সুতোর দাম বাণ্ডিল প্রতি ৮০ থেকে ৯০ টাকা ছিল, সেটা বেড়ে আজকে পৌঁচেছে ১১০ থেকে ১২০ টাকা। অথচ সেই সুতোর কাপড়ের দাম যখন পুজোর সময় ছিল ১৩০ টাকা থেকে ১৩৫ টাকা, এখন সেখানে

সেই কাপড়ের দাম এসে পৌঁচেছে ১২১ থেকে ১২২ টাকা। ফলে পড়তা হচ্ছে না। তন্তুজীবীদের পুঁজি নিঃশেষিত হচ্ছে, কাপড় বিক্রি নেই, পাঁচ হাজার তাঁত বন্ধ হয়ে গেছে এবং তাঁত পিছু ৩ জন লোক নিয়োজিত থাকে। শুধু শান্তিপুরে ১৫ হাজার তাঁতী বেকারত্বের পর্যায়ে এসে পৌঁচেছে। এই দাবী বিধানসভায় আপনার মাধ্যমে আমরা বারবার সরকারের কর্ণগোচর করার চেষ্টা করেছি। স্যার, এই সমস্যা সমাধানের জন্য ওয়েষ্ট বেঙ্গল হ্যাণ্ডলুম এ্যাণ্ড পাওয়ারলুম কর্পোরেশনের পক্ষ থেকে শান্তিপুরে তন্তু শিবিরের উদ্বোধন করা হয়েছিল এবং প্রথম প্রথম দেখলাম—১৯৭৫ সালে সুতো দিয়ে কাপড় কেনা হচ্ছিল। আমরা জানি না কোন রহস্যজনক কারণে সেই ওয়েষ্ট বেঙ্গল হ্যাণ্ডলুম এ্যাণ্ড পাওয়ারলুম কর্পোরেশনের শাখা আজকে সুতো দেওয়া এবং কাপড় কেনা শান্তিপুরে পুরোপুরি বন্ধ করে দিল। আজকে সরকার থেকে ব্যাঙ্কের কথা বলা হচ্ছে। আমরা ব্যাঙ্কের কাছে গেলাম এবং তন্তুজীবীরাও গেল। তন্তুজীবীদের সুতো দিতে ব্যাঙ্ক আজকে বাড়ির দলিল চাইছে, সম্পত্তির দলিল চাইছে। আমি একজন সাধারণ মানুষ হিসাবে জানি তন্তুজীবীদের পক্ষে সেই সম্পত্তি এবং বাড়ির দলিল দেওয়া কতখানি সম্ভব। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে দাবী করছি এই বাড়ি বা সম্পত্তির দলিল নয়, তাঁতকে জামিন রেখে ব্যাঙ্কের পক্ষ থেকে অবিলম্বে সুতো সরবরাহ করার ব্যবস্থা করা হোক। আমরা দাবী করেছিলাম ২০ দফা কর্মসূচী রূপায়ণের পরিপ্রেক্ষিতে তন্তুজীবীদের অর্থনৈতিক পর্যায়ে স্বার্থসাধনের পরিপ্রেক্ষিতে একটা নিবিড় উন্নয়ন প্রকল্প চালু করা হোক। পশ্চিমবাংলার মধ্যে নদীয়া জেলায় এই নিবিড় উন্নয়ন প্রকল্প চালু হয়েছিল, কোটি কোটি টাকা ব্যয় হচ্ছে, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, এক বছর ধরে প্রকল্প চলছে, শুধু তাঁত বোনার কাজই চলছে, তাঁত বোনা শেষ হল না এক বছরে। স্যার, এই সমস্যা সমাধান করার দাবী করছি, অবিলম্বে সুতোর দাম কমানো হোক ও সরকারী কর্তৃপক্ষ থেকে সমগ্র নদীয়া জেলায় তন্তুজীবীদের কাছ থেকে কাপড় কেনার ব্যবস্থা করা হোক, ব্যাঙ্ক থেকে সম্পত্তি জামিনের পরিবর্তে আজকে তাঁতের জামিন রেখে সুতো দেবার ব্যবস্থা করা হোক।

[2-00—2-10 p.m.]

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার প্রাথমিক স্কুল বোর্ডের কতগুলি অপকীর্তি এবং আমলাশাহী স্বৈরতন্ত্রের কথা আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে বলছি এবং প্রতিকার দাবী করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন প্রতি বছর কিছু কিছু অর্গানাইজড প্রাথমিক স্কুল দেওয়া হয়। সেইরকম আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন ১৯৭২-৭৩ সালে অনেকগুলি অর্গানাইজড প্রাথমিক স্কুল আমাদের বাঁকুড়া জেলার স্কুল বোর্ডের এ্যাডভাইসারী কমিটির মিটিং-এ যথারীতি অনুমোদিত হয়ে পড়ে আছে। অথচ আজ পর্যন্ত বিভিন্ন অজুহাতে সেগুলি আটকে রাখা হয়েছে। কখনও দূরত্বের অজুহাত দেওয়া হচ্ছে রিপোর্টে, আবার কখনো জনসংখ্যা, ছাত্রসংখ্যা ইত্যাদি বিষয়ে এক একসময় এক এক রকম রিপোর্ট দেওয়া হচ্ছে। প্রতিবার ফাইল স্কুল বোর্ড হতে ডি পি আই (প্রাইমারী)-র অফিসে পাঠান হচ্ছে এবং প্রতিবারই কোন না কোন অজুহাতে তা ফেরত পাঠান হচ্ছে। তারপর দীর্ঘদিন ধরে সেখানে প্রাইমারী

শিক্ষকদের যে ভেকেন্সী রয়েছে সেখানে স্কুল বোর্ডের শিক্ষক নিয়োগের প্যানেল থাকা সত্ত্বেও অকারণ দেরী করা হচ্ছে। সেখানে ৮ মাস ধরে শিক্ষক নিয়োগ করা হচ্ছে না। ৮ মাস ধরে বারবার এস আই ও ডিষ্ট্রীক্ট এ আই-দের কাছ থেকে রিপোর্ট নেওয়া হচ্ছে এবং সেই রিপোর্ট নষ্ট করে আবার রিপোর্ট চাওয়া হচ্ছে। এটা শিক্ষক নিয়োগ না করার একটা পরিকল্পিত পরিকল্পনা। বারবার ঐ রিপোর্ট আনার একমাত্র কারণ যে প্যানেল আছে সেই প্যানেলের সময়টা পার করে দেওয়া। তারপর প্রভিডেণ্ট ফাণ্ডের লোন শিক্ষক মহাশয়রা ঠিকমত পাচ্ছেন না এবং সে ক্ষেত্রেও অকারণ হয়রাণী করানো হচ্ছে। তারপর অবসরপ্রাপ্ত অথবা মৃত শিক্ষকদের ফাইনাল পেমেণ্ট অফ্ প্রভিডেণ্ট ফাণ্ড এবং গ্রাচুইটির টাকা দিতেও অত্যন্ত দেরী হচ্ছে। ৪/৫ বছর পর্যন্ত সময় লেগে যাচ্ছে। শিক্ষকদের এক্সটেনসন দেওয়ার ক্ষেত্রেও নানারকম আমলাতান্ত্রিক উদ্ভট কৌশল প্রয়োগ করা হচ্ছে এবং এক্সটেনসন ব্যাহত করা হচ্ছে। শিক্ষকদের সার্ভিস বুকগুলি নিয়মিত রাখা হচ্ছে না এবং এইগুলিতে নানারকম কাটাকাটি করা হচ্ছে এবং বয়স বাড়িয়ে বা কমিয়ে দেওয়া হচ্ছে। কণ্টিনজেন্সির টাকা স্কুল বোর্ডে থাকে, সেই টাকা তছরুপ হচ্ছে। ১৯৬৯/৭০ সাল থেকে বাঁকুড়া স্কুল বোর্ডে কোন কিছু হচ্ছে না। পরপর ৩/৪টি আর্থিক বৎসরে কোন অডিট হয়নি এবং এই সময়ের খাতাপত্র অনেক নষ্ট করা হচ্ছে। এই অবস্থার কথা আমরা বারবার বলছি তথাপি কোন প্রতিকার হচ্ছে না। আমি এবিষয়ে অবিলম্বে এ ব্যাপারে প্রতিকার দাবী করছি।

শ্রীগণেশচন্দ্র হাটুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে হুগলী জেলার গ্রামাঞ্চলে হাহাকার অবস্থার সৃষ্টি হয়েছে। গত বছর হুগলী জেলার জাঙ্গিপাড়া, চণ্ডিতলা, হরিপাল, সিঙ্গুর, পোলবা অঞ্চলে বোরো চাষ হয়েছিল। এবছর ডি ভি সি থেকে জল না দেওয়ার ফলে সেখানে বোরো চাষ হয়নি। ফলে সেখানে দিনমজুররা, খেটে খাওয়া মানুষরা, প্রান্তিক চাষীরা কাজ পাচ্ছে না ;তাদের শেষ সম্বল গরু, ছাগল, মুর্গী ইত্যাদি বিক্রি করে দিয়ে এখন অনাহারে দিন কাটাচ্ছে। এই মানুষগুলিকে বাঁচাবার জন্য রাজ্য সরকারকে অবিলম্বে ব্যাপকহারে টি আর স্কীমের ব্যবস্থা করতে হবে। ঐসব এলাকায় টি আর স্কীমের কাজ এখনো শুরু হয়নি। যদি ব্যাপকহারে টি আর স্কীম চালু করা না যায় তাহলে এই সমস্ত অসংখ্য খেটে খাওয়া মানুষ দিনমজুর প্রান্তিক চাষী খেতে না পেয়ে মারা পড়বে। এর ফলে চুরি-ডাকাতি বাড়বে, দেশে অশান্তির সৃষ্টি হবে। অতএব সেই সমস্ত জিনিস যাতে দেশে না ঘটে তার জন্য রাজ্য সরকারের কাছে আমি আবেদন জানাচ্ছি অবিলম্বে যাতে ব্যাপকহারে টি আর স্কীম চালু হয় তার ব্যবস্থা করুন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : স্যার, আমরা ভারতের প্রধানমন্ত্রী মোরারজী দেশাইকে অভিনন্দন জানাই এজন্য যে ভারতবর্ষের কোটি কোটি বেকারের দুঃখকষ্ট দূর করার জন্য তিনি শপথ গ্রহণ করেছেন এবং বলেছেন আজ থেকে ১০ বছর পরে ভারতে আর কোন বেকার থাকবে না। আপনার মাধ্যমে এই মন্ত্রিসভার কাছে তাই আবেদন যে, প্রধানমন্ত্রীর এই আশ্বাসের পরিপ্রেক্ষিতে সরকার অবিলম্বে নিবন্ধন বেকারদের তালিকা, যারা তা নয় তাদের তালিকা এবং শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকারের তালিকা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান। সরকার

Economic Review বলে একটি বইতে বলেছেন পশ্চিমবাংলায় এ রকম বেকারের সংখ্যা ৮ লক্ষ ৮১ হাজার---এর মধ্যে সকলেই শিক্ষিত। যদিও এতে স্বীকার করা হয়েছে সঠিক তথ্য তাঁদের জানা নেই। কিন্তু বেসরকারী মহল বলেন এই সংখ্যা প্রায় ২৫ লক্ষের মত এবং পশ্চিমবঙ্গে ৩২ লক্ষ ৭২ হাজার ৮৯১ জন কৃষি শ্রমিকের কাজ করেন যাঁরা তাঁরা বছরের কিছু সময় কাজ পান---অর্থাৎ আধা বেকার। এইভাবে শিক্ষিত, আধা শিক্ষিত ও আধা বেকারের সংখ্যা পশ্চিমবাংলায় ৫৮ লক্ষের মত। ১০ বছরের মধ্যে যে বেকার সমস্যার সমাধান হয় তাহলে আমরা এর একটা data করতে পারি যাতে এই সময়ের মধ্যে তাদের বেকারত্ব দূর হয়। প্রাক্তন কেন্দ্রীয় সরকার কিছু কর্মসূচী গ্রহণ করেছিলেন ঠিকই কিন্তু তার মাধ্যমে বেকার সমস্যার সমাধান হয়নি। পশ্চিমবঙ্গে বিগত ৫ বছরে কিছু বেকার সমস্যার সমাধান হয়েছে, কিন্তু তা উৎপাদনভিত্তিক হয়নি। Rural production programme-এ বেকার সমস্যার সমাধান হয়নি, বরং তাদের নিয়ে খানিকটা প্রহসন হয়েছে। তাই আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করব এই বিরাট সমস্যার সমাধান করার জন্য তৎপর হন।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : স্যার, আপনার মাধ্যমে ডাঃ নাগের একটি জরুরী বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং বসুমতী পত্রিকা সম্পর্কে ২/১টি কথা বলতে চাই। এই বিধানসভায় সমস্ত দলের সমর্থন নিয়ে ১৯৭৪ সালে বসুমতী প্রকাশন ও অধিগ্রহণ বিল পাশ হয়েছিল। তারপর সরকার একটি পরিচালক সমিতি গঠন করে শ্রীকেদার ঘোষকে এর প্রধান সম্পাদক হিসেবে নিয়োগ করেন। সরকার এরমধ্যে এর জন্য লক্ষ লক্ষ টাকাও দিয়েছেন। অধিগ্রহণ আইনে যেসব জিনিস ছিল তার বহু জিনিস এখনও পালন করা হয়নি। ধরুন, কথা ছিল, বসুমতী পত্রিকার সমস্ত বিভাগ চালু হবে। কিন্তু এখনও তার সাপ্তাহিক, মাসিক বের হয়নি এবং তার যে প্রকাশন ছিল তার মধ্যে ভাল ভাল সংস্কৃত বই ও ভাল ভাল বাংলা বই প্রকাশ করা হোত যা এখন হচ্ছে না। এগুলি করতে পারলে বসুমতীর অর্থ সমস্যার কিছু সমাধান হতে পারত। কিন্তু এগুলি করা হচ্ছে না কেন, তা জানি না। এর ফলে সাপ্তাহিক, মাসিক প্রকাশনের সঙ্গে যাঁরা জড়িত ছিলেন, এই রকম বেশ কিছু সংখ্যক লোক তারা বেকার হয়ে যাচ্ছে।

[2-10—2-20 p.m.]

অপরদিকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিজে ব্যক্তিগতভাবে জানেন যে, সরকারী অধিগ্রহণের পর গভর্ণমেণ্ট টাকা দিয়েছেন, গভর্ণমেণ্ট পরিচালিত বোর্ড আছে, সেখানে সাংবাদিক এবং অসাংবাদিক কর্মচারীদের উপর প্রচুর অবিচার হয়েছে, তাঁরা একটা নিরাপত্তার অভাব অনুভব করছেন। স্যার, আপনি জানেন যে, সেখানকার কর্মচারী এবং সাংবাদিকরা একটা আন্দোলন করেছিলেন, অনেককে দেখতাম তাঁদের সঙ্গে, রণেনবাবুকে দেখতাম, আরো অনেককে দেখতাম। এঁরা এখন আর বসুমতীতে নেই। বসুমতী থেকে বিবেকানন্দবাবু চলে গেলেন, তাঁকে সরান হল, ধীরেন ভৌমিক মহাশয় গেলেন, রণেনবাবু গেলেন এবং আরো অনেকে গেলেন। তাছাড়া কিছু লোকের কাজ নেই, বেকার বসে আছে, আবার নতুন কিছু লোককে নেওয়া হয়েছে, এইরকম ঘটনা চলছে বসুমতীর মধ্যে। পশ্চিমবঙ্গ সরকার বসুমতী পত্রিকাকে চালালেন, অথচ এই পত্রিকাতে গত আড়াই বছর ধরে গভর্ণমেণ্ট নেবার পর সংবাদ প্রকাশনের যে ডাইরেকশান আছে সেটা দেখলে আপনি আশ্চর্য হবেন। এই পত্রিকাতে প্রকাশিত হয়েছিল, ভারতবর্ষের কোন পত্রিকাতে নয়, একটা অদ্ভুত গল্প, বসুমতীর সাংবাদিক

লিখছে, তাঁদের কাগজে প্রকাশিত হল যে ভারতবর্ষে নাকি সোভিয়েত সরকার একটা গুপ্ত মিণ্ট ট্যাঁকশাল পরিচালনা করেন এবং তাতে নাকি ভারতীয় টাকা ছাপা হয়। এই গল্প বসুমতীতে বেরিয়েছে। অর্থাৎ একটা গভর্ণমেণ্ট কমিটেড টু সাম আইডিওলজিজ, যাদের ফরেন পলিসি আছে, সেই রকম একটা সরকার পত্রিকাটি চালাচ্ছেন, সেখানে এই রকম একটা গাঁজাগপ্প প্রকাশিত হয়েছে। স্যার, এটা যে ক্ষতিকর সেটা আপনি বুঝতে পারছেন। তাছাড়া বহু কর্মচারী যাদের এখান থেকে সরে যেতে বাধ্য করা হয়েছে। তাছাড়া আইনের মধ্যে ছিল যে, একটা কমিশনার অব পেমেণ্টস নিযুক্ত করবেন, অর্থাৎ কর্মচারীদের বকেয়া যা পাওনা আছে, সেগুলি সম্পর্কে সুষ্ঠু বিবেচনা হয়, তাঁরা টাকা পেয়ে যাবেন। সেই-সব ব্যাপারে এখনও কিছু করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কারোর নাম করে বলতে চাই না, ডাঃ নাগ রয়েছেন, আপনাকে বলছি, এই পত্রিকাটি গভর্ণমেণ্ট নিয়েছেন, আপনারা যে কয়টি ক্লোজড এণ্ড সিক ইণ্ডাষ্ট্রীজ নিয়েছেন তার অনেকগুলি ভাল চলছে, অনেকগুলি খারাপ চলছে, কিন্তু বসুমতী পত্রিকাটি একটা সংবাদপত্র এবং বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং সাংস্কৃতিক আন্দোলনের সঙ্গে এটা জড়িত, এখানে যিনি প্রধান সম্পাদক থাকবেন, ম্যানেজিং ডাইরেক্টর থাকবেন তাঁদের সংবাদপত্র পরিচালনা করতে গেলে সাংবাদিক এবং অসাংবাদিক কর্মচারীদের সঙ্গে আলোচনা করে চালাতে হবে। দে শুড ওয়ার্ক এ্যাজ এ টিম, এটা হওয়া উচিত। কিন্তু বসুমতীর ক্ষেত্রে আমার আশঙ্কা হচ্ছে এই নীতি লংঘিত হয়েছে। আমি ডাঃ নাগের কাছে অনুরোধ করব, গভর্ণমেণ্ট কতদিন থাকবে জানি না, কিন্তু বহু লক্ষ টাকা গভর্ণমেণ্ট দিয়েছেন এবং বসুমতী নিয়ে আপনারা ভাল কাজই করেছিলেন, সাংবাদিকদের সকলের সমর্থন পেয়েছিলেন, এই বসুমতীর পরিচালক বোর্ডের মিটিং-এ কোন ডিসিশান যৌথভাবে নেওয়া হয় না এবং কর্মচারীরা অত্যন্ত আনসেফ ফিল করছেন, ভাল ভাল সাংবাদিকরা কাগজ ছেড়ে চলে যাচ্ছেন। এই বিষয়ে প্রতিকার আপনারা থাকতে থাকতে করে যান এই আশা এবং অনুরোধ মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মন্ত্রিসভার কাছে করছি।

শ্রীজগদীশচন্দ্র দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের শ্রমমন্ত্রী শ্রদ্ধেয় গোপালদাস নাগ মহাশয়ের কাছে ব্যারাকপুর মহকুমার বিস্তীর্ণ শিল্প এলাকার লক্ষ লক্ষ শ্রমিকদের উপর মালিক শ্রেণীর যে অত্যাচার এবং শোষণ তার কয়েকটি ঘটনা তুলে ধরছি। যদিও এই হাউসে আমার মনে আছে গত কয়েক বছর ধরে এই শ্রমিকদের উপর মালিকদের যে অত্যাচার, বহুবার আমরা বলেছি, কিন্তু তার কোন প্রতিকার হয়নি। আমি বিশেষ করে চটকলের শ্রমিকদের কথা বলছি। আড়াই লক্ষ চটকল শ্রমিক পশ্চিম-বাংলার বিভিন্ন চটকলে কাজ করে। এমার্জেন্সির সুযোগ নিয়ে পশ্চিমবঙ্গের এইসব মিল মালিকরা কম করে ৫০ হাজার শ্রমিককে শেষ করে দিয়েছে, একজনও নেই। আজও ৩টি কারখানা বন্ধ আছে। খড়দহ জুটমিল কবে খুলবে তারও ঠিক নেই। এই হচ্ছে চটকলের অবস্থা। এমার্জেন্সির সুযোগ ওয়ার্কলোড যা ছিল কোন জায়গায় ২ গুণ, কোন জায়গায় ৩ গুণ, কোন জায়গায় ৪ গুণ করেছে। শ্রমদপ্তরের নমুনা শুনুন। আপনার যে ব্রডলুম রয়েছে, কোন কারখানায় দেখা যাচ্ছে সিঙ্গল মেশিন চলছে, একজন শ্রমিক একটা মেশিন চালাচ্ছে, আবার কোন কারখানায় দেখা যাচ্ছে একজন শ্রমিক ডাবল মেশিন চালাচ্ছে। শ্রম-

দপ্তরে যখন যাওয়া হয় তখন পরিষ্কার বলে দেওয়া হয় যে, ডাবল মেশিন চালাতে হবে—যথা মেঘনা জুটমিল। মেঘনা জুটমিলের শ্রমিকরা ব্রডলুমে একজন শ্রমিক দুটো মেশিন চালায়।

শ্রমিকরা বলল আমরা চালাতে পারব না, মালিক পরিষ্কার বলে দিলেন, নির্বাচনের ৭ দিন আগে না চালাতে পারলে মিল বন্ধ করে দেব, নির্বাচনে কি হবে বুঝতে পারছ। কিন্তু শ্রমিকরা রাজী হল না, সেই মেঘনা জুটমিলের ব্রডলুম সেকশান টোটালি বন্ধ হয়ে গেল। তার পাশে নৈহাটি জুটমিল, এই শ্রমদপ্তরের নির্দেশে সিঙ্গল মেশিন চলছে, একজন শ্রমিক একটা মেশিন চালাচ্ছে। এই যে ৫০ হাজার শ্রমিক ছাঁটাই হয়ে গেল চাকরি থেকে তাদের যে বকেয়া পয়সা, প্রভিডেণ্ট ফাণ্ড, অন্যান্য ফাণ্ডের পয়সা, আজ পর্যন্ত তারা কোথাও পায়নি। এই হচ্ছে চটকলের অবস্থা। আমি ডাঃ নাগকে অনুরোধ করব আজকে চটকলের সেই অবস্থা নেই, চটকলে যে মন্দাভাব ছিল সেই মন্দাভাব কেটে গেছে, কেন্দ্রীয় সরকারের কাছে তিনি এই ব্যাপারে তৎপর হয়ে চটকলের শ্রমিকদের বাঁচাবার জন্য বলবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আনন্দিত যে, আমি যে বিষয়টা উপস্থিত করতে চাই তার সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় আমার কপালক্রমে এখানে উপস্থিত আছেন। বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে আমার কথাটা। কোলাঘাট থার্মাল পাওয়ার স্টেশনের জন্য, মন্ত্রী মহাশয়ের নিশ্চয়ই মনে আছে, ২ হাজারের কাছাকাছি লোক ল্যাণ্ড লুজার যাদের জমি আপনি নিয়েছেন, তাদের পূর্ণ সহযোগিতায় আপনি নিয়েছেন। আপনি এই হাউসে একাধিকবার এই কথা বলেছেন, এদের পরিবার থেকে একজনকে চাকরি দেওয়া হবে এবং সেটা রাজনৈতিক সিদ্ধান্ত করে নেওয়া হবে। আমি আপনার কথা হুবহু আমার কনষ্টিটিউন্সির লোকদের বলেছি। আমি এই আশা করে বলেছি যে আপনি যে কথা বলেন আপনার কথার দাম আছে। আমি জানি না ভবিষ্যতে কি দাঁড়াবে। এখন পর্যন্ত শ'খানেক ক্রস করেনি কাজ পাওয়া। আমি আপনাকে অনুরোধ করব যেকথা আপনি বারংবার এই হাউসে দিয়েছেন, সেই উপস্থিত প্রতিশ্রুতিটা আপনি পালন করে যান, তা না হলে খুব অসুবিধা দেখা দেবে।

শ্রীআবুল বরকত আতাউল গনিখান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যা জানেন, কোলাঘাটের কাজ যেমন যেমন এগুচ্ছে আমরা তেমন তেমন তাদের এ্যাপয়েণ্টমেণ্ট দেব, এই সিদ্ধান্ত আমরা আপনার সামনে করেছিলাম যে কিছুদিনের মধ্যে কমপক্ষে ৫০ জন লোককে আমরা চাকরি দেব, সেটা জানি না কি হয়েছে। আমি আবার আপনার সঙ্গে এই বিষয়ে কথা বলব এবং ইমিডিয়েটলি যাতে ৫০ জন এ্যাপয়েণ্টমেণ্ট পায় তার ব্যবস্থা করব এবং আমি যে কমিটমেণ্ট দিয়েছি যতদিন এই গভর্ণমেণ্ট থাকবে সেই কমিটমেণ্ট স্ট্যাণ্ড করবে, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের অবতারণা করতে চাই। আপনি দীর্ঘদিন ধরে জনপ্রতিনিধি আছেন, আপনি দেখেছেন যখনই সরকারের কোন বিভাগের শ্রমিক-কর্মচারীরা মাইনে সম্পর্কে আন্দোলন করেন তখন সরকার একটা কমিশন করেন। পশ্চিমবঙ্গে যে ৭টি বিশ্ববিদ্যালয় আছে সেই ৭টি বিশ্ববিদ্যালয়ে প্রায় ১০ হাজার কর্মচারী নিযুক্ত আছেন। যাঁদের বিশ্ব-

বিদ্যালয়ের অশিক্ষক কর্মচারী বলা হয় এই কর্মচারীদের দীর্ঘদিনের দাবি-দাওয়া যখন সরকারের কাছে পেশ করা হল তখন সরকার জাষ্টিস পি বি মুখার্জীকে দিয়ে একটা কমিশন করলেন এঁদের দাবি-দাওয়ার যৌক্তিকতা প্রমাণ করে সরকারের কাছে দেওয়ার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দাবি ছিল যে, মাইনে আমরা যা পাচ্ছি তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রতুল, কাজেই এটা বাড়িয়ে দেওয়া হোক। পি বি মুখার্জী কমিশন যে রায় দিয়েছেন সেটা আপনাকে পড়ে শোনাচ্ছি। জমাদারদের মাইনে যা তাঁরা পাচ্ছিলেন ২৬৮'৪৫ টাঃ যার জন্য তাঁরা দাবি করেছিলেন যে কিছু বাড়িয়ে দেওয়া হোক, মুখার্জী কমিশন রেফারেন্স দিয়েছেন এটাকে কমিয়ে ১৮৩'৮৫ টাঃ করে দেওয়ার জন্য। লাইব্রেরী এ্যাটেণ্ডেণ্টদের মাইনে ছিল ২৫১'৯৫ টাকা, কমিশন তাঁর রেফারেন্সে জানালেন ওটা কমিয়ে ১৮৩'৮৫ টাকা করে দেওয়া হোক।

[2-20—2-30 p.m.]

যখন ড্রাইভাররা মাইনে পাচ্ছেন ৬৩৯ টাকা ৯৫ পঃ তাঁরা দাবি করেছিলেন বাড়িয়ে দেওয়ার জন্য, তা কমিয়ে দিয়ে করা হলো ৫৯১ টাকা ৯৫ পঃ, সিনিয়ার ড্রাইভাররা পেতো ৩২৫ টাকা ২৫ পঃ, সেটা কমিয়ে দিয়ে করা হলো ২৯২ টাঃ ২০ পঃ। স্যার, এইরকম আরও উদাহরণ দিতে পারি, পিয়নদের মাইনে ছিল ২৫১ টাঃ সেটা কমে হয়ে গেল ১৭১ টাকা। তারপর মালি, সুইপার ইত্যাদিদের যেখানে মাইনে ছিল ২৪১ টাকা সেটা কমিয়ে ১৭২ টাকা করা হলো। তারপর টেলিফোন অপারেটার, জুনিয়ার এ্যাসিস্টেন্স, যাদের মাইনে ছিল ৩২৫ টাকা তা কমিয়ে করা হলো ২৭৫ টাকা। স্যার আমার বিনীত প্রশ্ন মাননীয় অর্থ-মন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর কাছে। আজকে বিশ্ববিদ্যালয়ের ১০ হাজার কর্মী তারা তাদের মাইনে বাড়ানোর আন্দোলনের সামিল হয়েছে, তাদের আন্দোলনকে চাপা দেওয়া হয়েছে জাষ্টিস পি বি মুখার্জী কমিটি করে। জাষ্টিস পি বি মুখার্জী ইনজাসটিস করে তাদের প্রাপ্য মাইনে ১০০ টাকা করে কমিয়ে দিলেন। স্যার, এর প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ে কয়েকদিন আগে লাগাতার ধর্মঘট হয়ে গেছে। কিন্তু সরকারী কর্তৃপক্ষের উদাসীনতা এবং উপরন্তু সিনেট এবং সিণ্ডিকেটের মিটিং দিয়ে এই নতুন পে-স্কেল চাপিয়ে দেওয়ার চেষ্টা করছে। স্যার, মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমি আবেদন জানাই, তিনি এই ১০ হাজার অশিক্ষক কর্মচারীদের ক্রন্দন যদি শোনেন তাহলে নিশ্চয়ই তিনি জাসটিস পি বি মুখার্জী কমিটি বাতিল করে দিয়ে উপাচার্য, অশিক্ষক এবং শিক্ষক কর্মচারীদের নিয়ে একই পর্ষদ তৈরী করে তার মাধ্যমে কমিশন করে এঁদের উপযুক্ত ব্যবস্থা করবেন।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীপঙ্কজ ব্যানার্জী মহাশয়ের বিবৃতির পর আমি কিছু না বললে ব্যাপারটা ধোঁয়াটে থেকে যাবে। আসল কথা হচ্ছে বিশ্ববিদ্যালয়ের কর্মীদের মাইনের ব্যাপারে সরকারের আগেকার যুগে কোন বক্তব্য থাকতো না, কোন নির্দেশ থাকতো না, কোন হস্তক্ষেপও থাকতো না। তাঁরা যে যেভাবে যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পেরেছেন মাইনেটা বাড়িয়ে দিয়ে গেছেন। এখন আসল মাইনের অবস্থা এই দাঁড়িয়েছে যে, সমান সমান ক্ষেত্রে সরকারী কর্মচারীদের যে মাইনে দেওয়া হয় সেই মাইনের চেয়েও তারা অনেক বেশী পায়। আমরা শ্রদ্ধেয় পি বি মুখার্জীর অধীনে একটা কমিটি করেছিলাম। তাদেরকে কোনদিন বলি নি বা এইরকম টার্ম অব রেফারেন্স ছিল

না, যে মাইনে রয়েছে তারা পুনর্নির্ধারণ করবেন। বিশেষ করে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে কতকগুলি এনোমোলিস, কতকগুলি বেতনের বৈষম্য ছিল যেটা দূর করবার জন্য এই কমিশন নিযুক্ত হয়েছিল। কমিশন মোটামুটি এই হারে সুপারিশ করেছিলেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অশিক্ষক কর্মিগণ সরকারী কর্মচারীদের বেতনের হারে বেতন পাবেন। আমরা কমিশনের সুপারিশ মেনে নিয়েছি। কিন্তু সঙ্গে সঙ্গে এটাও বলেছি এর মধ্যে যাঁরা কাজ করছেন তাঁরা যে বেতন পাবেন তাঁরা সেই বেতন পেতেই থাকবেন। অর্থাৎ বর্তমানে কোন অশিক্ষক কর্মচারীদের বেতন কমেনি এবং কমবেও না তারা যে হারে বেতন পেয়ে যাচ্ছেন, যাবেন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী ঃ নতুন এপয়েণ্টমেণ্ট দেওয়া হচ্ছে নিউ স্কেল অনুযায়ী এতে নিশ্চয়ই আপনার কথার সত্যতা প্রমাণ করছে না।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ যাঁরা কাজ করছেন, যাঁরা কর্মরত আছেন তাঁদের বেতনের হার কমেনি। তাঁদের সেই বেতনের হারেই তাঁদের ইনক্রিমেণ্ট হবে এবং প্রোমোশন পেলেও তাঁদের মোটামুটি সেই বেতনের হার বজায় থাকবে। যাঁরা নতুন কর্মে প্রবেশ, নতুন-ভাবে নিযুক্ত হবেন, তাঁদের ক্ষেত্রে সরকারী কর্মচারীদের বেতনের হার যা আছে সেটা প্রযোজ্য হবে। এটা নিশ্চয়ই আমরা আশা করতে পারি সরকার যখন তাঁদের ব্যয়ভার বহন করেন তখন সরকারী কর্মচারীদের বেতনের হার যা আছে তাই হওয়া উচিত এইটেই হচ্ছে সরকারী নীতি। আমি এটা হাউসের সামনে রাখলাম।

শ্রীরবীন্দ্র ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পশ্চিমবাংলার ভারপ্রাপ্ত সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উলুঘাটা-চণ্ডীপুরে একটা স্লুইস গেট করার জন্য ১ কোটি ৪৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল, ৫৮ কপাটের স্লুইস গেট। এখানে দত্ত কোম্পানী বলে একজন কণ্ট্রাক্টর এই কাজ করছে। মন্ত্রী মহাশয় সেখানে গিয়ে মিটিং করে এসেছেন, যদিও সেটা আমার এলাকা তবু আমাকে বাদ দিয়েই মিটিং করে এসেছেন। সেই কণ্ট্রাক্টারের মতে ৫০ পারসেণ্ট কাজ হয়েছে কিন্তু আমরা জানি যে, সেখানে ২৫ পারসেণ্ট কাজও হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্লুইস গেটের জন্য হাজার হাজার মানুষ সরকারী রেটে জমি দান করেছে কিন্তু মানুষ সেখানে এইভাবে বঞ্চিত হচ্ছে। সেই ৫৮ কপাটওয়ালা যে স্লুইস গেট কনস্ট্রাকশন করা হয়েছে তাতে ফাটল ধরে গিয়েছে। সেখানকার সাধারণ মানুষ আমাদের এক্স প্রাইম মিনিষ্টার, ইন্দিরা গান্ধী, তাঁর কাছে এটা তদন্ত করার জন্য দরখাস্ত করেছিল, তদন্ত হয়েছিল কিন্তু সেই তদন্ত চাপা পড়ে গিয়েছে। একজন ঊর্ধ্বতন ইঞ্জিনীয়ার এটা তদন্ত করেছিলেন। সেখানে সেই কনস্ট্রাকশন না ভেঙে দিয়ে তার উপর প্লাস্টার করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেখানকার সাধারণ মানুষদের নিয়ে মিটিং করেছি, সেই কণ্ট্রাক্টারকে ঘেরাও করেছি। সেখানে কিছু কুখ্যাত সমাজবিরোধীদের যোগসাজশে, যাদের কথামত মাননীয় সেচমন্ত্রী মহাশয় সেখানে গিয়ে মিটিং করেছেন লোকাল এম এল একে বাদ দিয়ে। তিনি ওখানে বলে এসেছিলেন যে, লোকাল এল এল এ'র সঙ্গে আমার কোন সম্বন্ধ নেই। মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ হুগলী নদী যা দামোদরের সঙ্গে সংলগ্ন, যেটা এই এশিয়ার মধ্যে শ্রেষ্ঠ স্লুইস গেট তা নষ্ট হতে চলেছে। বসুমতীর এডিটোরিয়ালেও এই কথা বেরিয়েছিল, কেন্দ্রীয় সরকারের টাকায় এটা হচ্ছিল এবং এই

কণ্ট্রাক্টারের অফিস হচ্ছে ২৫ নং ক্যামাক স্ট্রীটে, এই কণ্ট্রাক্টারকে এক্ষণি এ্যারেষ্ট করা হোক এবং এখানকার হাজার হাজার চাষীকে বাঁচাবার ব্যবস্থা করা হোক।

শ্রীআবুল বরকত আতাউল গনিখান চৌধুরী : স্পীকার মহাশয়, মাননীয় সদস্য যে কথা বললেন আমি নিশ্চয়ই তা তদন্ত করবো। তিনি যদি আমার সঙ্গে দয়া করে যোগাযোগ করেন তাহলে আমি ইঞ্জিনীয়ার ইন চিফ এবং অন্যান্য অফিসিয়াল এক্সপার্ট নিয়ে গিয়ে এর ব্যবস্থা করবো। তিনি যদি দয়া করে আমাদের ডিটেলস্ দেন তাহলে ভাল হয়।

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসের সামনে তুলে ধরতে চাই। আশা করি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে দু'মিনিট বেশী সময় দেবেন কেন না আমি যে কথাটা বলতে চাই সেটা পশ্চিমবঙ্গ সরকারের একটা পলিসি ম্যাটার, সরকার যদি এটাকে পলিসি ম্যাটার হিসাবে গ্রহণ করতে পারেন তাহলেই আমার প্রশ্নের সদুত্তর পাওয়া যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে প্রশ্নটা রাখতে চাই সেটা হচ্ছে আমাদের এই পবিত্র বিধানসভার মাননীয় সদস্য যাঁরা অতীত দিনে ছিলেন এবং এখন যাঁরা রয়েছেন তাঁদের পেনশনের ব্যাপার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে গিয়ে আপনার কাছে দু'-একটি বক্তব্য রাখতে চাই। আপনি জানেন আমি যে এ বিষয়ে প্রশ্ন উত্থাপন করেছি তাতে হয়তো অনেক লোকই সমালোচনা করতে পারেন কিন্তু এটা বাস্তব সত্য কথা স্বাধীনতার সময় ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের যে লোকসভা সেই লোকসভার সদস্য কিম্বা রাজ্যে রাজ্যে রাজ্য বিধানসভার সদস্যদের মধ্যে সবাই সঙ্গতিসম্পন্ন ঘরের সন্তানরা বা মেয়েরা প্রতিনিধিত্ব করতে আসে না। তাই আমাদের যারা খেটে খাওয়া মেহনতি মানুষের ঘরের সন্তান, ভদ্রমহিলা বিধানসভা বা লোকসভার সদস্য নির্বাচিত হন তাদের, মাননীয় অধ্যক্ষ মহাশয়, রিটায়ার্ড করার পর, বিধানসভা সদস্য না থাকার পর তাদের জীবিকা নির্বাহের উপায় উদ্ভাবন করা দরকার এ বিষয় কোন সন্দেহ নেই। যারা পলিটিক্যাল সাফারার, যারা দীর্ঘদিন ধরে রাজনীতির সঙ্গে যুক্ত থেকে নিজেদের জীবনকে উৎসর্গ করেছে দেশসেবার জন্য, আমরা দেখেছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এমন দৃষ্টান্ত আছে যে মানুষের ঘরে খাবার নেই, যাদের এখনো সাড়ে ছয় আনার উপর একবেলা নির্ভর করতে হয়, তারা কোনদিন যদি বিধানসভার বা লোকসভার সদস্য হওয়ার সুযোগ পেয়ে থাকে তাহলে আমার এই বক্তব্যের মধ্যে দিয়ে নিশ্চিতভাবে সেই সমস্ত মানবাত্মার আগামী দিনের পাথেয় হিসাবে কিছু সংস্থানের ব্যবস্থা থাকবে।

[2-30—2-40 p.m.]

তাহলে আজকের দিনে আমার বক্তব্যের মধ্য দিয়ে নিশ্চিতভাবে এই সমস্ত মানবাত্মার আগামী দিনে পাথেয়স্বরূপ কিছু ব্যবস্থা থাকবে। আমি এই প্রসঙ্গে রাখতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিধানসভার এমন একটি আসনে সমাসীন আছেন, যেখানে আপনার মানমর্যাদা পশ্চিমবাংলার মানমর্যাদার সঙ্গে জড়িত। আজকে আপনি যদি বিধানসভার অধ্যক্ষ না থাকেন, তো কাল হয়ত আপনি হাইকোর্ট কি অন্য কোন কোর্টে প্র্যাক্টিস করতে পারেন, তাতে কোন বাধা নেই, কোন নাগরিকের খেটে খাওয়ার কোন অসুবিধা নাই। কিন্তু বিধানসভার সদস্য হিসাবে ভারতবর্ষের অঙ্গরাজ্যের প্রতিনিধি হিসাবে আমি নিশ্চয়ই চাইব, আমাদের অপূর্বলাল

মজুমদার আগামী দিনে এমন আর্থিক অবস্থার মধ্যে যেন না পড়েন যাতে তাঁর ঘরের খাবারের জন্য অন্যের দ্বারস্থ হতে হয়। এই অবস্থা যাতে না হয়, সেটা নিশ্চিত করার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমার দাবী, পশ্চিমবাংলার সদস্যদের কাছে দাবী, পশ্চিমবাংলা সরকারের মুখ্যমন্ত্রীর কাছে এবং মন্ত্রিসভার কাছে দাবী। এই দাবী কেন করছি? মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন পশ্চিমবাংলা বিধানসভা থেকে স্বাক্ষর করে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে, বহুদিন হয়, এই দাবী-সম্বলিত স্মারকলিপি দিয়ে এসেছে। কিন্তু বারবার সেই স্মারকলিপি উপেক্ষিত হয়েছে। আমরা আশা করেছিলাম ৫ বছরের মধ্যে এমন পবিত্র আইন এনে পশ্চিমবাংলার মানুষের তরফ থেকে ভারতবর্ষের মানুষের কাছে দৃষ্টান্ত রাখা হোক যে দৃষ্টান্তের মূল ভিত্তি হবে পশ্চিমবাংলার সদস্যদের ব্যবস্থা করা। কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে আইন তৈরী করে দিয়েছে সেই আইনে দেখতে পাচ্ছি মাসে ন্যূনতম ৩০০ টাকা এবং ঊর্ধ্বপক্ষে ৫০০ টাকা পেনশনের ব্যবস্থা করেছে। হিমাচল প্রদেশে ন্যূনতম ৩০০ টাকা ঊর্ধ্বপক্ষে ৫০০ টাকা পেনশনের ব্যবস্থা করেছে, কেরালা রাজ্যে যেখানে আমাদের সি পি আই বন্ধু সদস্যদের মুখ্যমন্ত্রী ছিলেন, তাঁদের সঙ্গে সহযোগিতা করেছিলেন, সেই রাজ্যে পেনশনের ব্যবস্থা করেছেন এবং সেখানকার মাননীয় বিধানসভার সদস্য যাঁরা জীবিত আছেন এবং বর্তমানে আছেন তাঁদের এ্যালাউন্সের ব্যবস্থা হয়েছে মাসে ২৫০ থেকে ৪৫০ টাকা, মহারাষ্ট্রে ২৫০ টাকা থেকে ৫০০ টাকা পর্যন্ত পেনশনের ব্যবস্থা হয়েছে, তামিলনাড়ুতে সরকার ন্যূনতম ২৫০ টাকা ব্যবস্থা করেছে, উত্তরপ্রদেশ সরকার মাসে ৩০০ টাকা এবং ঊর্ধ্বতন ৫০০ টাকার ব্যবস্থা করেছে, রাজস্থান এবং ত্রিপুরাতেও ইতিমধ্যে আইন পাশ হয়েছে, জম্মু এবং কাশ্মীরে রাষ্ট্রপতি শাসন জারী করা হয়েছে, পাঞ্জাব সরকার ইতিমধ্যে আণ্ডার কন্সিডারেশন রেখেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই রকম একটা মডেল আইন তৈরী করে হাতে নিয়ে বসে আছেন। কোন কোন তথ্যাভিজ্ঞ মহল থেকে বলা হয়েছে যে, এই রকম আইন তৈরী করলে আমাদের ইমেজ নষ্ট হয়ে যাবে, অনেক রাজ্যে যেখানে এই আইন তৈরী হয়নি, সেখানেও ধরাশায়ী হয়েছে, আমাদের এখানেও এই রকম আইন না থাকা সত্ত্বেও আমাদের ইমেজ রক্ষিত হয়নি, আমাদের ধরাশায়ী হতে হয়েছে। অতএব এই হাওয়া যে কোন্ দিকে আসল তার উপর ইমেজের কোন প্রশ্ন নাই। অতএব আজকে সাহসের সঙ্গে কাজ করবার জন্য নামতে হবে। অতীতে অনেক সমালোচনা হয়েছে, আগামী দিনেও অনেক সমালোচনা হবে। সি পি আই এবং সি পি এম বন্ধুরাও এই দরখাস্তে সহযোগিতা করেছিলেন, আজকে কেন্দ্রে জনতা সরকার হয়েছে। এই জনতা সরকারে সি পি ডি অংশগ্রহণ করেছে। জনতা সরকারের যাঁরা মন্ত্রী হয়েছেন কিম্বা সদস্য হয়েছেন, তাঁরা লোকসভায় দাঁড়িয়ে সদস্য এবং সদস্যা হয়েছেন, লোকসভায় পেনশনের ব্যবস্থা হয়েছে, আমরা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভায় কদিন আছি জানি না, আপনি বিজিনেস এ্যাডভাইসরি কমিটির মেম্বার হিসাবে বলতে পারেন বিধানসভা কদিন আছে, এখন পাঁচ তারিখ পর্যন্ত আছে, অর্থমন্ত্রী ওখানে বসে আছেন, গালে হাত দিয়ে হাসছেন, পরিষদীয় মন্ত্রী আছেন ওখানে, আপনার কাছে দাবী করছি সমস্ত সদস্যদের তরফ থেকে এমন কি আপনার তরফ থেকেও দাবী করছি, বিধানসভার সদস্যরা যাঁরা জীবিত আছেন এবং আজকে যাঁরা সদস্য আছেন তাঁদের পক্ষ থেকে, অর্থমন্ত্রীর কাছে এবং মুখ্যমন্ত্রীর কাছে দাবী করছি, অবিলম্বে যে ক্যাবিনেট মিটিং হবে আগামী চার তারিখের মধ্যে আমাদের এই আইন আনতে হবে, যাতে বিধানসভার সদস্যদের জন্য পেনশন আইনের ব্যবস্থা করা হয় তারও ব্যবস্থা করতে হবে। এবং আগামী ৪ঠা এপ্রিল তারিখের

মধ্যে এই পেনশন আইন আনতে হবে—যাতে করে বিধানসভার সদস্যদের জন্য এই পেনশন আইন পাস করা যায়। আমার এই প্রস্তাব আশাকরি বিধানসভার সদস্যরা সর্বসম্মতভাবে সমর্থন করবেন। আমার এই দাবী যাতে উপেক্ষিত না হয় তার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার কাছে নিবেদন রাখছি—এই আইনটি আমরা আগামী ৪ তারিখের আগে পেতে চাই। তা না হলে আমাদের ছাড়াছাড়ি নাই। আগামী ৪ তারিখের মধ্যে এই আইনটি পাস করে কার্যকরী করার ব্যবস্থা করতে হবে। স্যার, আমাদের কোনক্রমেই উপেক্ষা করা চলবে না।

স্যার, মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে এই কথা এখনই আমরা চাই।

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, about a year and a half back in the Business Advisory Committee the Hon'ble Gyan Singh Sohanpal put up this question about pension along with other members of the Congress and he said that it could be done if all the members including the members of the Opposition signed a petition. Accordingly some of the Congress members took the initiative. I think we all signed the petition a year and a half back but up till now nothing has been done, I personally repeatedly asked the Hon'ble Gyan Singh Sohanpal regarding this pension business. He told me that he was going to get the Bill ready after getting all the information from other States. During the budget session last year I asked him about it. He said that he had got the information, everything was ready, he had spoken to the Chief Minister who had also agreed. But nothing has been done. The other day I found some of the Congress members getting signatures all over again. I cannot understand why the signatures have to be taken and this request has to be made and the members have to go running about from pillar to post. It is the Government's duty to do this. The Central Government has already passed the pension bill and so have other State Governments. It should have been done long ago in our State. But I think our Cabinet Ministers are sitting on hot bricks, otherwise this could have been passed last year. So what my friend has said is quite justified that it should be done and if it is not done I think the Ministry would be responsible for this.

Shrimati Ila Mitra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পেনশন বিল সম্পর্কে এখানে যে কথা উঠেছে—গত বছর বাজেট সেসনের সময়—বিজিনেস এ্যাড্‌ভাইসরী কমিটির সভায় সমস্ত পার্টির লোক উপস্থিত ছিলেন—সেখানে আমরা এ সম্পর্কে এগ্রি করেছিলাম, পক্ষে সইও দিয়েছিলাম। কাজেই এখন পেনশন বিলের কথা এখানে উঠেছে,—আমরা তাকে সমর্থন করি। এই বিল যদি আসে, সেটা যেন অবিলম্বে আসে। ওখানে জ্ঞানবাবু বসে আছেন—তিনি সই নিয়েছিলেন। বিল এলে আমরা তাকে স্বাগত জানাবে

Shri Shanti Kumar Dasgupta :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ যে আলোচনা শুনছিলাম তাতে সদস্যদের পেনশন দেবার কথা উঠেছে। আমি বহু জায়গায় কথা বলে দেখেছি—তাঁরা একথা বলেছেন যে, সমাজসেবা করতে গিয়ে এখন পেনশনের ব্যবস্থা করছেন এটা অন্যায়। সেই জন্য আমাদের দলের তরফ থেকে এই পেনশন পাওয়ার ব্যাপারে আমরা আপত্তি জানাচ্ছি।

(Voices of—হ্যাঁ, হ্যাঁ।)

আজকে আর ওসব কথা বলে কোন লাভ হবে না। আপনারা সাধারণ মানুষের কথা জানেন কি না জানি না, তারা এতে আপত্তি করছে। কাজেই আমি মনে করি সাধারণ মানুষের কথায় আমাদের কান দেওয়া উচিত। এই অবস্থায় আর এই পেনশনের দাবী করা কারো উচিত নয় বলে আমরা মনে করি।

[2-40—2-50 p.m.]

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাটা অনেকদিন আগে উঠেছে। আমার মতে অনেক মেম্বার আছেন যাঁরা অনেক কষ্ট স্বীকার করে অনেক অসুবিধা ভোগ করেও এখানে এসেছেন। তাঁরা মেম্বার না থাকলে তাঁদের হয়তো আগে যেসব আয়ের পথ ছিল, রুজি-রোজগারের পথ ছিল সেটা ছেড়ে এসেছেন। অন্যান্য ষ্টেটে যখন হচ্ছে তখন আমাদের ষ্টেটেও হওয়া উচিত বলে আমি মনে করি।

ডাঃ গোপালদাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার মাননীয় সদস্যরা যে পেনশন প্রসঙ্গ তুলেছেন তাতে আমার মনে হয় অধিকাংশই পেনশনের স্বপক্ষে রায় দিয়েছেন। অবশ্য সি এফ ডি-এর পক্ষ থেকে প্রফেসার শান্তি দাশগুপ্ত ওঁদের আপত্তির কথা জানিয়েছেন। এই বিষয়টা এখনও মন্ত্রিসভার বিবেচনাধীন আছে এবং আমার মনে হয় বিধানসভার চলতি অধিবেশনের মধ্যে এই সম্পর্কে সরকারী সিদ্ধান্ত জানতে পারবেন। আমি আজই মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে যথাশীঘ্র সম্ভব সিদ্ধান্তে আসার চেষ্টা করবো।

Mr. Speaker : I have received a notice on the question of privilege which has been raised by Shri Kumar Dipti Sen Gupta. Without examining and admitting the question as to whether there is a *prima facie* case in it, I allow Mr. Kumar Dipti Sen Gupta to raise his point and later on I will decide whether there is a *prima facie* case in it and whether the matter should be referred to the Privilege Committee.

Shri Kumar Dipti Sen Gupta : Mr. Speaker, Sir, yesterday a news item appeared in the Ananda Bazar Patrika relating to the activities of the Hon'ble Speaker. Sir, I am not sure whether the news item was intended just to humiliate the Hon'ble Speaker, or it was more interested in bringing some other gentlemen just for the purpose of denigrating him in the public eyes. The news item reads thus—

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়কে জগজীবন রাম কড়কে দিয়েছেন। সিদ্ধার্থ-বাবুর দূত হয়ে পশ্চিমবঙ্গ বিধানসভার স্পীকার অপূর্বলাল মজুমদার গিয়েছিলেন রামের সঙ্গে

দেখা করতে। সিদ্ধার্থবাবুর হয়েই প্রস্তাব দিয়েছিলেন রামকে—সোস্যালিষ্ট এবং সি পি আই সদস্যদের নিয়ে আপনি যদি বিকল্প সরকার গড়তে রাজী থাকেন, তাহলে কংগ্রেস বাইরে থেকে আপনাদের সমর্থন করবে। রাম বলে দিয়েছিলেন, এই প্রস্তাব অত্যন্ত অপমানকর, এমন প্রস্তাব করার কোন এক্তিয়ার সিদ্ধার্থবাবুর নেই। দেন স্যার, শ্রীপ্রফুল্লচন্দ্র সেন এবং অশোক ঘোষ The modern champions of democracy—they have expressed their surprise.

এই ধরনের নোংরা খেলায় স্পীকার জড়িত থাকায় তারা আরও বিস্মিত হন।

Now, Sir, the point is that we who believe in democracy, we, who have accepted democratic socialism as our creed and goal, definitely hail the freedom and liberty of the press. We hold this right as a sacred treasure.

Sir, we acknowledge with gratitude the role played by the editors of the nationalist press who fought for the country, who fought against the mighty British Empire. We also remember with gratitude the role played by them when the politics of threat was rampant in West Bengal, when the people were suffering like anything, when the acts of horror were there. The Press have played a commendable role then and as we belong to a democratic party we have definitely nothing against the Press. You must at least accept the position that the Press is free. Naturally what we expect of them is more responsibility and carefulness. It is a place which is known as the temple of democracy and you are the head of that. If by chance there is any accusation which is not brone out by facts then, Sir, it will not only denigrate the position of the Speaker but it will be liquidating the democracy itself. If we are to believe that the Hon'ble Speaker of the calibre of the man known as Shri Apurbalal Majumdar who has got in his credit certain contribution during the Freedom Movement, during the political revolution of West Bengal, who is known too much for his ability, if that gentleman is brought before the public eyes, before the bar of the public in a way in which it can very well be said that these activities of the Speaker are not dignified, then I beg to submit that it will be a very sad day for the people of West Bengal. Yesterday when a Speaker from the CPI bench, Shri Harasankar Bhattacharyya said that this case should go to the Committee on Privileges we did not subscribe to that view because we do know that if Press commit a mistake some time can be given so that the matter can be rectified. As a matter of fact, we are very happy that a news Item has been published in the "Business Standard". Here the matter has been clarified in a way that the Speaker's action will not create suspicion in the minds of public that he is too low as to involve himself in public politics. Let it be known to everybody that we who belong to the Congress Party will never go to the Assembly or the Lok Sabha through backdoor. We have fought for democracy, we have sacrificed and we never think of that. We never imagine of any such action far less to be headed by the Speaker of West Bengal.

Now, the point of privilege is not the information of yesterday but the information of yesterday coupled with the publication of today. The publication

of today regarding your explanation has been mentioned in a way in which this matter has not been clarified. It has been mentioned as follows :

"স্পীকার অপূর্বলাল মজুমদার সোমবার বিধানসভায় বলেন জগজীবনবাবুর সংগে তাঁর দীর্ঘকালের পরিচয় এবং দিল্লীতে থাকাকালীন তিনি তাঁর সংগে সৌজন্যমূলক সাক্ষাৎকার করেন এবং তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। শ্রীমজুমদার বলেন তাঁর মাধ্যমে মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় কর্তৃক জগজীবনবাবুকে ভাঙানোর প্রচেষ্টা সম্পর্কে আনন্দবাজার পত্রিকায় যে সংবাদ বেরিয়েছে তা অত্যন্ত দুঃখজনক, সম্পূর্ণ অসত্য ও দুরভিসন্ধিমূলক। এটা ঠিক নয়।"

Now, Sir, you did not say like this. You mentioned that you went there when there were many people, many visitors, many public who were just in the same room in which you had the good fortune—now I find the misfortune—to enter. So if the newspapers publish this fact

"সেখানে দু'মিনিট কথা হয়েছে। আরও লোকজন ছিল।"

then, Sir, I could understand the motivation of the ideas for which this report has been published.

Now, the absence of these three things clearly establishes the fact that truth has not been narrated even on the second day. Press has got many rights and privileges. It is known that pen is mightier than the sword. Now, there has been no verification, no checking up of the report published yesterday. Now to-day the way it has been published just adds insult to the injury. These three things have not been cleared—I am not clear because I know for certain that your statements have been confined within the four corners of this temple of democracy. It will not reach the farthest corners of West Bengal, it will not reach the towns of West Bengal, it will not reach the villages of West Bengal. So, till to-day after the publication of the report public of West Bengal will not have a clear picture. The matter has not been clarified. Though I think the Business Standard has given a clear clarification. That is why I feel that in spite of giving full opportunity to the Ananda Bazar Patrika which was duty bound under the Press rules, regulations, convention and custom to publish a clear report about these things has not done so. I think out of some sort of malice or desire to withheld information from the public they have not given a clear report. Sir, this relates to not only an ordinary Member but relates to the Speaker of the West Bengal Assembly. As such I fell that the Editor, publisher and the Reporter who sent the news are responsible for this and so I think the matter should be sent to the Committee on Privileges for the purpose of having clear information and proper action. So far as the Paper is concerned we don't object to its publishing something about storm or an earthquake at Malda or an avalanche coming in the North Calcutta Constituency. We do not bother about these. They are at liberty to publish. But they have absolutely no right to

[2-50—3-30 p.m.]

denigrate the office of the Speaker and of the State Assembly of the State of West Bengal which is famous throughout the world, since you are the only Speaker who had attended the Commonwealth Conference. So, it is a fit case to be sent to the Privilege Committee.

Mr. Speaker : Honourable Members, I will examine the matter and the speech that you have delivered to-day. After going through all the matters—the press reports of to-day and your statement, after examining what you have said already whether there is a prima-facie case in it—if I find that there is a prima-facie case in it certainly the matter will be referred to the Privilege Committee. For the time being I reserve my ruling. I will give my ruling later on.

Now I call upon Hon'ble Minister, Shri Ramkrishna Saraogi, to make a Statement under Rule 346.

Statement under Rule 346

Shri Ramkrishna Saraogi : Mr. Speaker, Sir, on 28.3.77 Honourable Shri Ananda Gopal Roy, M.L.A. had mentioned in this House and brought it to my notice through you that on 25.3.77 at 7.30 p.m. there was a storm in the district of Birbhum, and at that time a fire broke out in Budhigram village in Rampurhat II Block which gutted 143 houses, 200/250 cattle/goats perished and 20 persons have received burn injuries as a result of the accidental fire.

The District Magistrate, Birbhum was contacted over the phone and it was ascertained that there was a storm in the afternoon of 25.3.77 in Birbhum and a fire broke out in village Budhigram during the period of the storm. The District Magistrate personally visited the area. According to his report 80 houses were gutted by fire and about 400 persons have been affected by the fire accident. Only one person sustained injuries. He has been hospitalised. No death has been reported. District Magistrate has already arranged for distribution of 100 pieces of dhoties, 100 pieces of saris, 200 pieces of children garments. The Rampurhat Branch of the Indian Red Cross Society has arranged to start relief kitchen in the affected village. The District Magistrate has been requested to provide G. R. to indigent fire affected persons for two weeks. He has also been requested to issue more clothes and garments to the affected persons, if necessary. The District Magistrate has also been requested to distribute house building grant cases as early as possible.

শ্রীআনন্দগোপাল রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয় মন্ত্রী শ্রীরামকৃষ্ণ সারোগী মহাশয় যে বিবৃতি দিলেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে একটি অনুরোধ তাঁর কাছে রাখছি। স্যার, তিনি তাঁর বিবৃতিতে বলেছেন, দু' সপ্তাহ জি আর দেওয়া হবে। আমার অনুরোধ, যতদিন পর্যন্ত না তাদের ঘরবাড়ী নির্মাণ হচ্ছে ততদিন তাদের জি আর দেওয়া হোক।

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1977

Dr. Gopal Das Nag : Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1977.

(Secretary then read the title of the Bill)

Dr. Gopal Das Nag : Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1977, be taken into consideration.

Sir, under Article 266(3) of the Constitution of India as moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution.

During the present session, the Assembly voted a consolidated Grant in advance in respect of the estimated expenditure for a part of the financial year 1977-78 under the provision of Article 206 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under Article 204 of the Constitution of India, read with article 206 thereof, to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal the moneys required to meet the expenditure charged on the Consolidated Fund and the grant made in advance by the Assembly in respect of the estimated expenditure by the West Bengal Government for a part of the financial year 1977-78. The amount included in the Bill on account of the charged expenditure does not in any case exceed the amount shown in the statement previously laid before the House.

The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of the grant as made or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The total amount proposed to be appropriated by this Bill for expenditure during a part of the financial year 1977-78 is 294 crores 27 lakhs and 69 thousands. The amount includes 73 crores 36 lakhs and 94 thousands on account of charged expenditure. The details of the proposed Appropriation Bill will appear from the Schedule to the Bill.

Sir, with these words. I commend my motion for the acceptance of the House.

[3-30—3-40 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রিসেসের ঠিক প্রাক্কালে মাননীয় সদস্য শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত গতকালের ঘটনা—আনন্দবাজার পত্রিকার রিপোর্টের ভিত্তিতে প্রিভিলেজের প্রশ্ন তুলেছিলেন, আমি তখন ছিলাম না, তার জন্য আমি মাফ চেয়ে নিচ্ছি। এখন ঐ প্রশ্নে যেহেতু হাউসের মর্যাদা এবং আপনার মর্যাদা জড়িত সেহেতু আমি এইটুকু আপনাকে অনুরোধ করছি যে, আপনি এখানে বলেছেন যে, প্রিভিলেজ ভঙ্গ হয়েছে কি না সে সম্বন্ধে আপনি দেখবেন এবং তারপরে রিপোর্ট দেবেন। যদি এক্ষেত্রে আপনি প্রাইমা ফেসি কেস আছে বলে মনে করেন তাহলে আপনি এটা প্রিভিলেজ কমিটিতে দেবেন। আমি আপনার শুধু মর্যাদা এবং হাউসের মর্যাদার প্রতি সজাগ থেকে বলছি যে, শুধু

আনন্দবাজার পত্রিকা নয়, আজকের যুগান্তর পত্রিকায়ও এই সম্বন্ধে বিস্তারিতভাবে বেরিয়েছে। এ সম্বন্ধে আমি মাননীয় কুমারদীপ্তি সেনগুপ্তকে বলেছিলাম যে, এই যে প্রিভিলেজ কমিটিতে আনন্দবাজার পত্রিকাকে আনবার চেষ্টা হচ্ছে, এটা ঠিক হচ্ছে না। কেন না মাননীয় স্পীকার মহোদয়কে এটা জানানো দরকার যেখানে মাননীয় স্পীকার মহোদয়কে কেন্দ্র করে এই রিপোর্টগুলি বেরিয়েছে। দুটো কাগজে আনন্দবাজার এবং যুগান্তর এবং দিল্লীর একটি কাগজেও বেরিয়েছে, তবুও মাননীয় স্পীকার মহোদয় এটার প্রাইমা ফেসি দেখে স্যাটিসফাইড হয়েও রিপোর্ট দেন এবং যদি তিনি প্রিভিলেজ কমিটির কাছে পাঠান তাহলে সেখানে ওথ ভার্সেস ওথ—মানে সেখানে আপনাকে জড়িত করে সাক্ষী এবং পাল্টা সাক্ষী হোক এটা আমরা আদৌ চাই না। কারণ সেখানে আপনাকে জড়িত করে সাক্ষী পাল্টা সাক্ষী এই জিনিস হোক এটা আমরা আদৌ চাইবো না। সেইজন্য আমি আপনাকে অনুরোধ করবো হাউসের মর্যাদার কথা চিন্তা করে আপনি অন্তত এটা প্রিভিলেজের আওতায় রাখবেন না। এটা প্রিভিলেজের আওতাতেও ঠিক আসে না। সেইজন্য আপনাকে অনুরোধ করবো যে, এটা করতে গেলে আপনার বিবৃতির প্রশ্ন আসবে, আপনার বিবৃতি খণ্ডানোর প্রশ্ন আসবে---এটা আমরা সকলেই কেউ চাই না। আপনার কাছে বিনীত নিবেদন যে, এটা প্রিভিলেজের আওতায় দেবেন না। এবং সেই মর্মে আপনার সুস্পষ্টভাবে জানিয়ে দেওয়া উচিত যাতে আনন্দবাজারের রিপোর্ট প্রিভিলেজের আওতায় না আসে।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য যে কথা বললেন যে, স্পীকারকে উপলক্ষ করে যদি কেউ অসত্য এবং অশোভন ম্যালিসিয়াস ষ্টেটমেণ্ট করেন সে আনন্দবাজার কাগজ না হোক যে কোন কাগজই হোক বা কোন ব্যক্তিবিশেষ হোক কোন পাবলিসিটি দেয় কোনরকম মন্তব্য তাকে করেন তাহলে সেই বিষয়টি যদি প্রিভিলেজ কমিটিতে যায় তাহলে নিশ্চয় স্পীকারকে তার যে বক্তব্য সেটা বলতে হবে। কিন্তু যদি স্পীকারকে মন্তব্য করা হয় বা স্পীকারের বিরুদ্ধে কোনরকম সমালোচনা করা হয় যে, সমালোচনা সম্পূর্ণ ভিত্তিহীন যা ডিগনিটি অব দি হাউসকে লোয়ার করা হয় সেই রকম বিষয় যদি হয় তাহলে সেইসব বিষয়গুলি নিশ্চয় আমার মনে হয় যাওয়া উচিত। এই পার্টিকুলার কেসে কতখানি গেছে না গেছে তা নিয়ে আমি কোন মন্তব্য করছি না। আমি এগুলি একজামিন করবো এবং পরে যদি মনে হয় তাহলে পাঠাবো। আমি বিনীতভাবে এইটুকু বলছি যে, সাধারণভাবে কোন কাগজ না হয় কিংবা কোন ব্যক্তিবিশেষ যদি সমালোচনা করেন যে, স্পীকার নোংরামী করছে এ যদি কোন কাগজ বলেন এবং যার ফলে এইসব বিষয় কোন ব্যক্তিগত প্রশ্নের সঙ্গে জড়িত নয় যা এই হাউসের ডিগনিটি নষ্ট করে এবং সেটা ব্যক্তিগত ব্যাপার নয়,---ব্যক্তিগতভাবে অপূর্ব মজুমদার ইজ নো ওয়ান, একটা সাধারণ নাগরিক মাত্র---কিন্তু যতক্ষণ পর্যন্ত আমি স্পীকার আছি এবং office of the Speaker অকুপাই করে আছি ততক্ষণ পর্যন্ত এই সমস্ত অসত্য ভিত্তিহীন কথা, আমাকে বলা হয় নোংরা কাজে লিপ্ত হয়ে পড়েছি তাহলে যদি চুপ করে থাকি তাহলে অনেকটা মনে হয় এটাকে এ্যাকসেপ্ট করে নেওয়া হচ্ছে---এটা হতে পারে। তবে পার্টিকুলার কেসের সম্বন্ধে আমি কিছু মেনশন করছি না। যে কথা কাশীকান্ত মৈত্র মহাশয় বললেন এবং যেকথা কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় বলেছেন গভীরভাবে চিন্তা করে দেখবো। এখন কোন ডিসিশন নিচ্ছি না। পরবর্তীকালে সমস্ত কিছু একজামিন করে I will give my anxious thought over the matter তারপরে হাউসে রুলিং দেবো।

শ্রীকাশীকান্ত মৈত্র : আমি শুধু এইটুকু আপনাকে চিন্তা করতে বলবো। ব্যক্তিগত-ভাবে আপনার সঙ্গে আমাদের অত্যন্ত হৃদ্যতাপূর্ণ সম্পর্ক সেই হৃদ্যতা কখনও চিড় খায়নি। আপনার পদমর্যাদার কথা স্মরণ করে বলছি আপনিও একজন বিশিষ্ট আইনজীবী আপনি নিজে বুঝবেন মাননীয় সদস্য কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় এই কথা যদি আপনার অনুপস্থিতিতে ডেপুটি স্পীকার যদি থাকতেন তাহলে যদি এটা সভায় তোলা হোত সেটা শোভনীয় হোত। আমরা চাই না কারণ এতে Principles of natural justice প্রশ্ন আসে। যাতে ভবিষ্যতে কেউ না বলতে পারে যে, স্পীকার মহাশয় যেহেতু তাঁর সম্বন্ধে এই রকম একটা মন্তব্য হয়েছে এটা বিবেচনা করছেন। আমার মনে হয় এই রকম একটা In fitness of things and in strict propriety এখানে ডেপুটি স্পীকার থাকাকালে যদি এটা উঠতো তাহলে ওঁর সঙ্গে এই কথা বলতে পারতেন। আপনার পদমর্যাদা এবং সম্মান এবং হাউসের মর্যাদা অত্যন্ত সজাগ---সেইজন্য বলছি যে, এটা নাকচ করুন যাতে করে এটা প্রিভিলেজ কমিটিতে না যায়। আপনার পদমর্যাদা সম্বন্ধে অনেক প্রশ্ন আসবে এবং আমরা চাই না।

In fitness of things and the rules of natural justice this question could have been justifiably raised before any chairman presiding over the House or the Dy. Speaker for his view.

আপনি যখন রয়েছেন এই সিদ্ধান্ত হোক বা রাখা হোক। আমরা এটা চাই না। এই সনির্বন্ধ অনুরোধ আপনাকে জানাচ্ছি।

মিঃ স্পীকার : মিঃ মৈত্র, আমি এ ব্যাপারে কোন ডিসিশনে যাচ্ছি না। কারণ প্রিভিলেজ কমিটিতে পাঠালেই সেই কেসের বিচারে কাউকে দোষী সাব্যস্ত করবেই তা নয়, Privilege Committee may come to any independent finding

এবং আমি প্রিভিলেজ কমিটির সদস্য নই। প্রিভিলেজ কমিটির চেয়ারম্যান হচ্ছেন আমাদের ডেপুটি স্পীকার। তিনি যদি সেখানে বসে মনে করেন যে

there is no case against the press, then the matter will be dropped automatically.

আর তারা যদি মনে করেন, ডেপুটি স্পীকার এবং সদস্যরা যে,

there is a case they will send a recommendation. That recommendation may be accepted by the House, or that recommendation may not be accepted by the House.

এবং সেখানে আমার কিছু করণীয় নেই তবে যদি প্রয়োজন হয় তাহলে

That the matter may be sent for enquiry to the Privilege Committee of which the chairman is the Dy. Speaker

এটা পাঠাবো, কি পাঠাবো না, এইটুকুই আমার এক্তিয়ারে।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত : On a point of personal explanation, Sir, উনি বলছেন ওনার অনুপস্থিতিতে বলা হয়েছে। তাছাড়া প্রিভিলেজের প্রশ্ন হচ্ছে এ্যাট দি আলিয়েস্ট অপারচুনিটি। এছাড়া আর একটা কথা হচ্ছে এখানে স্পীকার অপূর্ববাবু, কি অপূর্ববাবু নয়, সেটা ব্যাপার নয়। এখানে স্পীকার কমপ্লেনন্যাণ্টও নন, আবার এ্যাকিউসডও

নন; আবার স্পীকার এ্যাকিউসড-এর ব্যাপারে ডিসাইডও করছেন না। এখানে ব্যাপারটা হচ্ছে চেয়ার,

After all, it is the chairs that counts and not the man, It is not a question

কাজে কাজেই আমার মনে হয় এটা ডেপুটি স্পীকারের কাছে আনলে এটাতে স্পীকারের পদ-মর্যাদা ব্যাহত থাকতো না, তাতে ক্ষুণ্ণ হত।

মিঃ স্পীকার ঃ

At any rate, I will give anxious thought to the point raised by Shri Maitra and Shri Sen Gupta before I come to a decision. Now I call upon Shri Harasankar Bhattacharya to speak.

[3-40—3-50 p.m.]

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় স্পীকার স্যার, আজকে এ্যাপ্রোপ্রিয়েশন অন ভোট অন্ এ্যাকাউণ্ট যে বিল এসেছে, সেই বিল নিয়ে আলোচনা হচ্ছে। এখানে এখন বাজেট আলোচনা পূর্ণাঙ্গভাবে হচ্ছে না। বাজেট আলোচনা না হলে শুধু ভোট অন এ্যাকাউণ্ট-এর চরিত্র নিয়ে কি করে ভাল করে আলোচনা করব? তাই আমাদের আলোচনা করতে অসুবিধা হচ্ছে। যেহেতু পূর্ণাঙ্গ বাজেট আলোচনা হচ্ছে না সেহেতু ভোট অন এ্যাকাউণ্ট এনে তিন মাসের জন্য একটা টেম্পোরারী বাজেট আনা হয়েছে। কিন্তু এর চরিত্র এবং ডাইরেকশন নিয়ে পূর্ণাঙ্গ আলোচনা করায় অসুবিধা হচ্ছে। তবুও আজকে দু'-চারটি কথা বলতে হচ্ছে এবং পূর্ণাঙ্গ বাজেট আলোচনার সময় আমরা ভাল করে এ বিষয়ে আলোচনা করব।

স্যার, গত বছরের বাজেট অধিবেশনের পর ১ বছর পার হয়ে গেছে এবং আর একটা বাজেট অধিবেশন হচ্ছে। এর মধ্যে সারা ভারতবর্ষের অনেক পরিবর্তন হয়ে গেছে এবং এটা ডাঃ গোপালদাস নাগও জানেন যে, সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তন হলো সংবিধান সংশোধন। সেই সংবিধান সংশোধনের ফলে আপনারা সমাজতন্ত্র বলে একটি শব্দ সংবিধানে উল্লেখ করেছেন এবং রাষ্ট্রের নীতি ও লক্ষ্য হিসাবে রাষ্ট্রের কাঠামো কি হবে তার লক্ষ্য হিসাবে সংবিধানে সমাজতন্ত্র শব্দটি সংযোজিত হয়েছে। স্যার, আমাদের এই বাজেট সেই সংবিধান সংশোধনের পরে প্রথম বাজেট। এটাই আমাদের এখানে মাপকাঠি হবে যে, এই বাজেটে রাষ্ট্রের নীতি কতটা প্রতিফলিত হয়েছে। এ বছরের বাজেটের মাধ্যমেই বিশেষ-ভাবে সেটা আমরা বিচার করব। কিন্তু তিন মাসের জন্য যে ভোট অন এ্যাকাউণ্ট আনা হয়েছে তাতে এইরকম কোন নিদর্শন বা দিকদর্শন আমরা দেখতে পাচ্ছি না।

আমাদের এই অসুবিধা হচ্ছে---এই পশ্চিমবঙ্গের বাজেটে প্রতি বছরই আমরা বলি একটা State Planning Board হয়েছে; অথচ ৫ বছরে কোন পরিকল্পনা---master plan আমাদের State Planning Board রচনা করেন নি এবং মন্ত্রিসভাও করেন নি। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চাওয়ার সময়---আমরা ৫ বছরের জন্য টাকা চাই। কিন্তু সেই টাকাটা দিয়ে ৫ বছরে একটা রাজ্যে কী রকম অগ্রগতি হবে, কোন্‌দিকে অগ্রগতি হবে এরকম-ভাবে master plan রচিত নয়। কেন্দ্রে পঞ্চবার্ষিক পরিকল্পনার খসড়া থাকে। অনেক সময় সেটা চাপা থাকে। চাপা থাকলেও পরিকল্পনার কিছু কিছু কাজকর্ম চলে। পশ্চিমবঙ্গে এরকম

কোন খসড়া রচনা না করে State Planning Board কে অকেজো করে রেখে দেওয়া হয়েছে; যদিও development expenditure কিছু কিছু হচ্ছে তা হলো বিভিন্ন দপ্তরের সেক্রেটারীরা তাদের নিজেদের বিভাগকে কি করে বাড়াবে---কি কি capital expenditure চান---সেটাকে দাবী করে যোগফল করে আমরা বলি এটা রাজ্যের একটা পরিকল্পনা। কিন্তু তা হয় না। একটা সম্পূর্ণ চিন্তা যদি না থাকে আমরা ৫ বছরে এই রাজ্যটাকে কোন্ রূপে নিয়ে যেতে চাই, তাহলে ঐ যে ad-hoc developmental expenditure দিয়ে কোন একটা রাজ্য কোন অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে পেঁছতে পারে না। শুধু যে master plan নেই---তা নয়---; মাননীয় অর্থমন্ত্রী এ সম্বন্ধে একটু চিন্তা করে দেখবেন Revenue expenditure এবং Capital expenditure যে ratio সেটা লক্ষ্য করে দেখলে দেখবেন---ratio টা হচ্ছে poor---অত্যন্ত কম-বেশিও। এটা ঐ Vote on account-এর যে বইখানা দেওয়া হয়েছে সেটা একটু দেখলেই স্পষ্টই বোঝা যাবে। মাননীয় অর্থমন্ত্রী মশায় লাল বইখানা খুললেই দেখতে পাবেন Capital expenditure মানে কেবল ঘরবাড়ী তৈরী করা নয়। তাছাড়াও এই Capital expenditure এর মূলকথা হলো কলকারখানা---শিল্প আমাদের কতখানি বাড়ছে। আমরা এমন যন্ত্রপাতি তৈরী করছি যাতে production বাড়ে, employment বাড়ে। আমরা ৮৭% খরচ করছি ঘরবাড়ী তৈরীর জন্য। এজন্য আমরা হতাশ হলাম। ঘরবাড়ী bricks and morter এটা দিয়ে কি আমরা উন্নয়নের দিকে পেঁছতে পারবো? এই ঘরবাড়ীর উন্নয়ন করে Contractor-দের মাধ্যমে আমরা সমাজতন্ত্রের লক্ষ্যে পেঁছতে পারবো কি না? এই Contractor-দের দিয়ে সমাজতন্ত্রে পেঁছানোর নীতি দিয়ে আমাদের উন্নয়ন হবে না। পুরানো শিল্পে কিছু কিছু Capital expenditure করবো, নতুন নতুন দিকে শিল্পের প্রসারের জন্য যা যা করা দরকার---, বোধহয় সমাজতন্ত্রে পেঁছতে হলে যা যা থাকা প্রয়োজন ছিল---তার কোন কিছুই এই লাল বই-এ বা বাজেটে আমরা পাইনি। মাননীয় স্পীকার---, প্রতিবারই Appropriation বিলের সময় আমরা বিরোধীপক্ষ যে কথাগুলি বলি---, কিন্তু তাতে কখনো কোন কাজ এগোয় না।

[3-50—4-00 p.m.]

কাজের ধরন, ব্যয়ের পদ্ধতি, ব্যয়ের রীতিনীতি কিছুতেই বদলাতে পারেন নি। গত ৫ বছর ধরে অনুরোধ করছি লোকসভায় যে কমিটিগুলো আছে অর্থাৎ এস্টিমেট কমিটি, পাবলিক এ্যাকাউণ্টস কমিটি তার রেকমেণ্ডেসনগুলো আপনারা দেখুন। কিন্তু লক্ষ্য করছি আপনারা সেই রেকমেণ্ডেসনগুলো পড়েন না এবং তা নিয়ে ক্যাবিনেটেও আলোচনা হয় না। অর্থমন্ত্রী এগুলো পড়েন না কাজেই কি করে সেই ইম্যাজিনেশন আনবেন। আমি আপনাদের বলছি এই বাজেট কোন মানুষকে সন্তুষ্ট করতে পারেনি, এ্যাপ্রোপ্রিয়েশন বাজেট হলেও একথা বলছি। আপনারা লক্ষ্য করে দেখুন এই যে কর ছাড় দেবার কথা বলা হয়েছে তার ভেতরেও কোন পরিকল্পনা নেই। আপনারা কর ছাড় দেবেন ভাল কথা---গরীব চাষী, মধ্য চাষীর উপর যে ট্যাকসেশন হয়েছে সেটা কমান দরকার ঠিক কথা। ফ্লাউণ্ড কমিশন বলেছেন ল্যাণ্ড রেভিনিউ তুলে দাও। অনেক রাজ্য সরকার এটা করেছে। কেন্দ্রীয় সরকারের প্ল্যানিং কমিশন বলেছেন এগ্রিকালচারাল হোল্ডিং-ট্যাক্স যাদের ৩০/৪০ একর জমি আছে তাদের উপর কর। আপনারাও যদি এই ঘোষণা করতেন তাহলে ভাল হোত। কেন্দ্রীয় সরকারের প্ল্যানিং কমিশন যেটা চায় সেটা আপনারাও করুন। প্ল্যানিং কমিশন বলেন আপনারা রুরাল সোর্স

ট্যাপ করুন। এটা অবশ্য পাঞ্জাব, হরিয়ানা, মহারাষ্ট্র এবং তামিলনাড়ুর ক্ষেত্রে সত্য অর্থাৎ যেখানে ক্যাপিটালিস্ট ফার্মিং শুরু হয়েছে এবং যেখানে কমার্শিয়াল ক্রপ উৎপন্ন হয়। পশ্চিমবাংলায় ডিমোগ্র্যাফি হচ্ছে ৩৩ পারসেণ্ট এবং তাদের জমির পরিমাণ হচ্ছে ১ থেকে ২০ বিঘা। বাকী ৩৩ পারসেণ্ট ক্ষেতমজুর এবং ৩৩ পারসেণ্ট ভাগচাষী। তাহলে লক্ষ্য করে দেখুন গ্রামাঞ্চলে বেশীরভাগ কারা? তারা হচ্ছে ২০ বিঘা জমির তলায়। এই যদি পশ্চিমবাংলার ডিমোগ্র্যাফি হয় তাহলে কেন্দ্রীয় সরকারের সার্কুলার মানার দরকার নেই। আপনারা হয়ত বলবেন আমাদের ডিমোগ্র্যাফি আলাদা আছে। মহারাষ্ট্রের একজন চাষী যে দাম পায় আমাদের এখানকার চাষী সেটা পায় না। আমাদের ইকনমিক স্ট্রাকচার আলাদা। হাই ইল্ডিং ভ্যারাইটি পাঞ্জাবে যেটা হয়েছে আমাদের এখানে সেটা নয়। তাহলে আমাদের এখানে সেই রুরাল রিস্ কোথায়? এখানে একদল রুরাল রিস্ আছে তারা মহাজনী করে, তারা মেছোঘেরি করে। আপনারা তাদের উপর অন্যরকমভাবে ট্যাক্স করুন। রাজ কমিটির রিপোর্ট গ্রহণ করলে আপনারা একটু র‍্যাসনালাইজ্ড করতে পারতেন। ছাড় দেওয়া আমরা সমর্থন করি, কিন্তু এইভাবে এ্যাড-হক ছাড় দিয়ে কি হোল? একটা সুযোগ এসেছে কিন্তু আপনারা সেই সুযোগ গ্রহণ করলেন না। এগ্রিকালচারাল লোনের ক্ষেত্রে দেখলাম আপনারা ৫০০ টাকা পর্যন্ত কৃষিঋণ ছাড় দিয়েছেন। আজকে ব্যাঙ্কের কাছ থেকে চাষী টাকা পায় না কারণ সে সরকারের কাছ থেকে ঋণ নিয়েছে। যেহেতু চাষী সরকারের কাছ থেকে ঋণ নিয়েছে সেহেতু ব্যাঙ্ক তাকে ঋণ দেবে না। আপনারা এই ৫০০ টাকা পর্যন্ত ঋণ যদি ছেড়ে দেন এবং এতে যদি আপনাদের ২ কোটি টাকা চলেও যায় তাতেও ভাল কারণ চাষীরা ব্যাঙ্কের কাছ থেকে টাকা পাবে। আপনারা একটা সুযোগ পেয়েছেন এগ্রিকালচারাল লোনকে ৫০০ টাকা পর্যন্ত অথবা ৩/৪ হেক্টর পর্যন্ত ছাড় দেবার। এইদিকে দৃষ্টি দিন ভাল হবে। তারপর, ইরিগেশন ট্যাক্স আমাদের দেশে যেভাবে ধরা হয় সেটা র‍্যাসনাল নয়। আমরা বারবার বলেছি এই জিনিসটা আপনারা র‍্যাসনালাইজ করুন। এই ব্যাপারে আমেরিকাতে ভাল ব্যবস্থা আছে এবং সোস্যালিস্ট কাণ্ট্রি ছাড়া যেখানে চাষবাস হয় সেখানেও এটা আছে। আপনারা যখন ইরিগেশন ট্যাকসেশন করেন তখন আমরা আপত্তি তুলে বলেছিলাম ইট ওয়াজ হাইলি ইররাসন্যাল। আমরা বলেছিলাম আপনি ক্রপিং প্যাটার্ণ না দেখে ইরিগেশন ট্যাকসেশন করতে পারেন না। কিন্তু আপনারা সেই সমস্ত বিচার না করে ইররাসন্যাল ইরিগেশন ট্যাকসেশন করে দিলেন। আপনারা এত টাকার বাজেট পেশ করেছেন, কিন্তু অর্থমন্ত্রী নিজেই বলুন আমাদের পশ্চিমবাংলায় যেখানে শতকরা ৮০ জন লোক গ্রামে চাষবাস করে, যেখানে জল হচ্ছে মস্তবড় একটা সমস্যা সেখানে ৬ কোটি টাকা দিলেন ফর ইরিগেশন এ্যাণ্ড ইলেকট্রিসিটি। আপনি এই কাজ কেন করলেন? আপনি এই অঙ্কটা আরও বাড়িয়ে দিন যদি বাঁচতে চান। এগ্রিকালচারাল প্রোডাক্টস্-এর ব্যাপারে আপনার বাজেট বক্তৃতায় আমরা কিছু আশা করেছিলাম। আমরা আমাদের বেঞ্চ থেকে বারবার বলেছি ১০০ টাকা ধানের দাম ঘোষণা করুন। আমরা বলেছিলাম সাবসিডি দিন স্টেট বাজেট থেকে। এগ্রিকালচারাল প্রাইসেস্ যে এটা হতে পারে না সেটা আপনাকে ভালভাবে বুঝতে হবে। আপনাকে বুঝতে হবে এতে চাষী লাভজনক ব্যবসা করতে পারে না। এবারে আমি ভাগচাষীদের কথা কিছু বলছি। এই বিধানসভায় ভাগচাষী এবং ক্ষেতমজুরদের জন্য আইন পাশ হয়েছে। কিন্তু আমি দুঃখের সঙ্গে বলছি এই বিধানসভার যে পলিটিক্যাল পাওয়ার অর্থাৎ ক্যাবিনেট তারা সেই আইনগুলো কার্যকরী করতে ব্যর্থ হয়েছে। ভাগচাষীদের জন্য ভাল ভাল আইন হয়েছে, ওয়ান থার্ড/টু থার্ড আইন করেছেন, ভাগচাষীর ছেলে পাবে চাষের

অধিকার এই আইনও আছে। ক্ষেতমজুরদের জন্য ওয়েজেজ আইন করেছেন, আপনারা ওয়েজেজ ইনস্পেক্টর নিয়োগ করেছেন, মহাজনী ঋণ বিলোপের জন্য আইন করেছেন। আপনারা ক্ষেতমজুরদের জন্য আর একটা জিনিস করেছেন---আর পি পি/এস ই পি। কিন্তু কার্যক্ষেত্রে কি হয়েছে? ওয়ান থার্ড/টু থার্ড কোথাও কার্যকরী হচ্ছে না। আমরা দেখছি ক্ষেতমজুর ওই মজুরী পাচ্ছে না, ঋণে জর্জরিত চাষী কেউ ওই আইনের সুযোগ নিতে সাহস পাচ্ছে না। আমি মনে করি আর পি পি/এস ই পি-তে আপনাদের আরও ১০ গুণ টাকা বাড়ান উচিত ছিল। মাননীয় স্পীকার মহাশয়, আপনি শুনলে অবাক হবেন যেটুকু ফল হয়েছে তা ওই আর পি পি/এস ই পি-তেই হয়েছে। গ্রামের রাস্তাঘাটের উন্নতি, মানুষের উন্নতির জন্য যা কিছু হয়েছে সেটা ওই আর পি পি/এস ই পির মাধ্যমেই হয়েছে। কাজেই আপনারা যদি এখানে ১০ গুণ টাকা বাড়িয়ে দিতেন তাহলে অনেক কাজ করতে পারতেন।

[4-00—4-10 p.m.]

এইটা দশগুণ বাড়িয়ে দিলে আরও দশগুণ পুকুর কাটা যেত। এটা যদি ১০ গুণ বাড়িয়ে দিতেন তাহলে আমরা ১০ গুণ ছোট ছোট সেচনালা কাটাতে পারতাম। এইটা ১০ গুণ বাড়িয়ে দিলে আমরা গ্রামাঞ্চলে লিংক রাস্তাগুলি তৈরী করতে পারতাম যেখানে ক্যাপিটাল ফরমেশান হওয়া দরকার সেখানে তো আপনারা করবেন না। কলকাতায় মাথাপিছু ১৫০ টাকা খরচ হবে আর গ্রামাঞ্চলে মাথাপিছু ১ টাকা করে খরচ হবে, ১৫০ টাকা আর ১ টাকা এই রেশিওটা দেখুন, আপনাদের চিন্তাধারাটা দেখুন। সি এম ডি এ থেকে খালি বিজ্ঞাপন দিয়ে দিয়ে আপনারা কলকাতার পাবলিককে যতই বোঝাবার চেষ্টা করুন কলকাতার পাবলিক পশ্চিমবঙ্গের তুলনায় অত্যন্ত ক্ষুদ্র অংশ, তাদের আপনি যতই সি এম ডি এ করুন ভোট আপনি তাদের পাবেন না। তাদের বোনাস এবং সি ডি এস এর দ্বারা তারা এমনভাবে মোহাচ্ছন্ন যে এই-সব টাকা কেটে যদি গ্রামাঞ্চলে দেনও তাহলে ভোট তারা আপনাদের দেবে না। এই টাকা যদি আপনি গ্রামাঞ্চলে দিতেন ভোট পান বা না পান গ্রামাঞ্চলে উৎপাদন অন্তত ৪ গুণ বেড়ে যেত। এই সামান্য কাজটুকু যদি আপনারা এই বছর অর্থাৎ নির্বাচনের আগের বছর করে যেতেন তাহলে আমরা খুব খুসী হতাম। স্যার, এইবার আমি একটু পলিটিক্সের কথা বলি কারণ সবটাই অর্থনীতির কথা হয়ে যাচ্ছে। ২২৬ ধারা সংবিধান সংশোধন হয়েছে---২২৬ ধারার উপর নানারকম সীমাবদ্ধতা এসেছে। আমি মনে করি ২২৬ ধারার উপরে কতকগুলি সীমাবদ্ধতা আনা---এটা দীর্ঘ বামপন্থী আন্দোলনের ফল এবং এটা আমাদের অর্জিত অধিকার। আজকে কেন্দ্রীয় সরকার দক্ষিণপন্থী সরকার, তারা আমাদের এই অর্জিত অধিকার রাখতে দেবেন কিনা জানি না। যদি ২২৬ ধারার উপর আক্রমণ হয়---এই যা লিমিটেশান হয়েছে এইগুলি যদি রিভোকড্ হয়---যে বামপন্থী বন্ধুরা আমাদের এখানে বসে আছেন সি এফ ডি এবং আর এস পি তাদের আমি ভেবে দেখতে অনুরোধ করি তারা তাদের কনস্টিটুয়েন্সিতে কি বলবেন। আজকে কলকাতা হাইকোর্টে ৪ লক্ষ বিঘা জমি আটকে আছে ২২৬ ধারাতে, আজকে যদি সেই ২২৬ ধারা রিভোকড্ হয়ে যায় ৪ লক্ষ বিঘা জমি ক্ষেতমজুররা পাবে না। আজকে ক্ষেতমজুরদের মধ্যে যে আশার সঞ্চার হয়েছিল তা আর থাকবে না। অর্জিত অধিকার রক্ষার লড়াইতে আমরা ক্ষেতমজুরদের টানতে পারলাম না কেন। আমরা তাদের সামনে গিয়ে বোঝাইনি যে, এই ৪ লক্ষ বিঘা জমি সংবিধান সংশোধন হয়েছে---২২৬ ধারার উপর লিমিটেশান এসেছে এই ৪ লক্ষ বিঘা জমি আমরা পাব। ১ লক্ষ ক্ষেতমজুরকে ৪ বিঘা করে

জমি যদি আমরা দিতে পারি। আজকে আমরা তাদের দিতে পারি কিনা জানি না। আজকে আমি বামপন্থী বন্ধুদের ভাবতে বলি এই যে অর্জিত অধিকার তা আমরা রাখতে পারবো কিনা। আমি আমার বন্ধুদের পুরানো বক্তৃতাগুলি পড়ে দেখতে অনুরোধ করি। আমি জানি এই বিধানসভায় বসে একদিন হরেকৃষ্ণবাবু বলেছিলেন ২২৬ ধারা না গেলে আমরা কিছু করতে পারব না। আজকে আমাদের বামপন্থী বন্ধুদের ভেবে দেখতে অনুরোধ করি যে, তাদের আজকে ক্ষেতমজুরদের কাছে এক্সপ্লানেশান দিতে হবে যে ২২৬ ধারার উপর সীমাবদ্ধতা যে এসেছিল সেই ৪২তম সংশোধন বাতিল করে দিয়েছি তোমরা আর ঐ ৪ লক্ষ বিঘা জমি পাবে না। এই কথা কি আমরা ক্ষেতমজুরদের বলতে পারব? আমি তাদের চিন্তা করতে বলছি যে, ৪২তম সংশোধন সম্পূর্ণ বাতিল করা খুব বিপজ্জনক হবে এবং দেশের স্বার্থের পরপন্থী হবে।

কিন্তু এর ভিতর যে খারাপ দিকগুলি আছে সেগুলি বাতিল করতে হবে। আমরা এই বিধানসভায় ৪২তম সংবিধান সংশোধনের অনেক খারাপ দিকের বিরোধিতা করেছি, আমরা ভোট করেছি কিন্তু ভাল দিকগুলি রক্ষা করার লড়াইতে আসুন আমরা সকলে একত্র হই, আসুন আর এস পি'র বন্ধুরা একত্র হই, কংগ্রেস ফর ডিমোক্র্যাসি একত্র হই। আমরা যদি এইটুকুতে একত্র হতে না পারি, যদি আমরা একেবারে জনতার হাওয়াতে সম্পূর্ণ ভেসে যাই, তাহলে আমরা দক্ষিণপন্থী শক্তির হাতের ক্রীড়নক হবো। এই ক্রীড়নক বামপন্থীরা যেন না হন এটা আমি আপনাদের কাছে বারবার অনুরোধ করবো। মাননীয় স্পীকার, স্যার, ব্যয়ের পদ্ধতি, এবার আবার একটু এ্যাপ্রোপ্রিয়েশন বিল নিয়ে দু'-চারটি কথা বলি। এ্যাপ্রোপ্রিয়েশন বলে আপনাদের যে ব্যয়ের পদ্ধতি---প্রতিবারই বলি, এবারও বলছি, এই ব্যয়গুলি হচ্ছে অত্যন্ত খেলো। আপনাদের প্রত্যেকটা স্কীম নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে। এইরকম দাবী ক্যাবিনেট থেকে হয় না বা প্রশাসকদের মাথায় থাকে না বলে কোন স্কীম সময়মত সম্পন্ন হয় না। মাননীয় স্পীকার, স্যার, ২৬ তারিখে এখানে একটা এ্যাসিয়োরেন্স কমিটির রিপোর্ট পেশ করা হয়েছে, এটা আমার কাছে আছে, এর প্রত্যেকটি পাতায় পাতায় দেখতে পাচ্ছি এ্যাসিয়োরেন্স কমিটি প্রশাসনকে কি তীব্র ভাষায় কশাঘাত করেছে। এই যদি রেট অব প্রগ্রেস হয়, স্কীমগুলি যদি অগ্রসর না হয়, তাহলে পরে বাজেট পাশ করে কি হবে? প্রত্যেক ক্ষেত্রে আছে---১নং ক্ষেত্রে আছে should also be taken up immediately to carry to completion. Else the condition will deteriorate. ২নং-এ আছে to instruct the authority concerned to be quicker. আপনি দেখুন ৪নং-এ আছে the scheme cannot be said to have been completed as yet as there are certain arrears in the town etc. ইত্যাদি ইত্যাদি যে কারণে হয়েছিল, ৬নং-এ আছে The committee considered the report and was disatisfied to learn that no appreciable progress has made in implementation of the assurance appropriation.

এইরকমভাবে আমি পাতায় পাতায় দেখাতে পারি। ২৬ তারিখে পেশ হয়েছে। এটা তো খোলা বই আপনারা পড়ে দেখুন। আপনারা কি কারণে এ্যাপ্রোপ্রিয়েশন চাচ্ছেন? টাকাটা তো আমরা বিরোধিতা করলেও পাশ হয়ে যাবে, আপনাদের সংখ্যাধিক্য আছে কিন্তু এই যদি হয় রেট অব ইমপ্লিমেণ্টেশন অব স্কীম হয় তাহলে পরে এই টাকা দিয়ে আপনারা কি করবেন? আর কতদিন এইরকমভাবে লোককে বলবেন যে, হচ্ছে অপেক্ষা কর। মাননীয় স্পীকার, স্যার, দ্বিতীয় কথায় আসি—আপনাদের এই যে এক্সপেণ্ডিচার, প্রথমত এটা খেলো,

দ্বিতীয়তঃ, এটা মোটেই নিরপেক্ষ নয়, অত্যন্ত পক্ষপাত দুষ্ট এক্সপেণ্ডিচার আপনাদের। তিনটি ডিপার্টমেণ্ট আছে এত পক্ষপাতদুষ্ট এক্সপেণ্ডিচার যা আগে আমরা দেখিনি। এক হচ্ছে কৃষি, আর একটা হচ্ছে বিদ্যুৎ এবং আর একটা পি ডবলিউ ডি, আমরা অবাক হয়ে যাই এই তিনটি বিভাগের যদি চিত্র নেন, এত পক্ষপাতদুষ্ট আচরণ কোন মন্ত্রী বা প্রশাসনের পক্ষে থাকা খুব লজ্জাকর। আমি আবার এই এ্যাসিয়োরেন্স কমিটির রিপোর্ট পড়ছি, ২৮ পাতায় আসুন, ২৮ পাতায় আমরা এখানে দেখতে পাচ্ছি রাস্তা তৈরিতে পি ডবলিউ ডি---ভোলানাথবাবু কোথায় গেলেন?

But the Committee finds that extensive roads have been constructed in certain Assembly constituencies conspicuous for the absence of any of the importances mentioned above, as for example, in Bhatar Constituency which has been stated by the Department to have been taken as model.

তা ভাতারটাই মডেল হল? এইগুলি করবেন না। (**শ্রীগোপালদাস নাগ:** একটাকে তো মডেল ধরতে হবে। আপনি কি বোলপুর করতে চাচ্ছেন?) আমি বোলপুরকে বলিনি। বোলপুরকে করলে ওটা একটা ইণ্টারন্যাশনাল টুরিস্ট সেণ্টার, ওর তো একটা আলাদা ইম্পর্টেন্স আছে। আর বীরভূমের রাস্তাগুলি তো মরে গিয়েছে, হেজে গিয়েছে, সে কথাগুলি তো আমি বলছি না। আমি অতটা প্যারোকিয়াল নই। মন্ত্রীরা এত প্যারোকিয়াল হলে চলে না। আমরা প্যারোকিয়াল হতে পারি, আমাদের একটা কনস্টিটিউয়েন্সি আছে, মন্ত্রীদের হচ্ছে হোল ওয়েস্ট বেঙ্গল, মন্ত্রীদের এত প্যারোকিয়াল হলে চলে না। আরামবাগে ঐ করতে গিয়ে প্রফুল্লবাবু একবার হেরে গিয়েছিলেন।

[4-10—4-20 p.m.]

এত রাস্তা করে ভোট পেয়েছেন? সে খবরও রাখি, জাতও গেল, পেটও ভরল না। এই কাজটা করতে গেলেন কেন? তারপরে আসুন কণ্ট্রাক্টার ওরিয়েণ্টেড, এই হচ্ছে এক্সপেণ্ডিচারের ধরন। কণ্ট্রাক্টারের মাধ্যমে সমাজতন্ত্রে পৌঁছোবার যে পদ্ধতি সেটা বাদ দিতে বলি। এখন আবার কণ্ট্রাক্টারও নেই। এখানে মন্ত্রী ভোলা সেন মশাই থাকলে বলতে পারতাম, তিনি কি ব্যবস্থা এখন করেছেন, কন্‌সালট্যান্সী ফার্মকে ডেকে ডেকে, বেশিরভাগ টাকা চলে যাচ্ছে ব্যক্তিগত কন্‌সালট্যান্সী ফারমে। আমাদের কনস্ট্রাকশন বোর্ডকে বাদ দিয়ে দিলেন কেন? আমাদের কনস্ট্রাকশন বোর্ডে তো ভাল ভাল ইঞ্জিনীয়ার আছেন, তাদের মাথায় কি বুদ্ধিশুদ্ধি নেই? পাবলিক সেক্টারকে বাদ দিয়ে এই যে প্রাইভেট সেক্টারকে পুশ করছেন এটা বাদ দিতে বলি। এইভাবে যদি টাকা চান তো এ্যাপ্রোপ্রিয়েশন বিল পাশ করি কি করে? আমলাতন্ত্র ভাল ভাল স্কীমগুলিকে নষ্ট করেছে, আমি একটা ব্যক্তিগত উদাহরণ দিই। আমি ৩২টি পুকুর কাটার স্কীম পাঠিয়েছিলাম। আমাদের অঞ্চলে পুকুর কাটার ফলে চাষীদের খুব উপকার হয়েছে। ডেভেলপমেণ্ট কমিশনার নিজে দেখেশুনে বলেছেন বোলপুরে যে-রকম ভাল কাজ হয়েছে, এরকম আর কোথাও হয়নি। এই ৩২টি পুকুর কেটে দিলে ভাল গম-টম হতে পারত। আমি এই স্কীম পাঠিয়েছিলাম। দু' বছর হয়ে গেল, সেই স্কীমগুলি রাজভবনে পড়ে আছে। আমলাতন্ত্র গ্রামাঞ্চলে পুকুর কাটায় বাধা দিচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রীকে আমি বলি যে, এ্যাপ্রোপ্রিয়েশন বিলের আমরা বিরোধিতা করছি। শুধু এটুকু বললে চলে না, আরও গভীরের জিনিস ভাবতে হবে। আগামী এক বছরে ভারতবর্ষের অর্থনীতির উপর দক্ষিণ-

পন্থীদের আক্রমণ অত্যন্ত উত্তাল হয়ে উঠবে। আজকে তারা কেন্দ্রীয় সরকারে আছেন। দুটি সার্কুলারের কথা শুধু আমি উল্লেখ করি।

(এ ভয়েস: সেটা কি খারাপ?)

আপনাদেরও চৈতন্য হবে, সময় এলো বলে। মাননীয় স্পীকার মহাশয়, দুটি সার্কুলার যেটা হচ্ছে দিকদর্শন, আপনি জানেন ব্যাঙ্ক থেকে দুটি সার্কুলার দিয়েছে, বিদেশী ব্যাঙ্ক ফরেন এক্সচেঞ্জ নিয়ে ডীল করে, তাদের সার্কুলার এসেছে পরশুদিন, সেটা হচ্ছে এই, এখন হতে স্টার্লিং-এর মাধ্যমে না গিয়ে টাকার সঙ্গে ডলারের সরাসরি সম্পর্ক স্থাপিত হোক। এখন টাকা দিয়ে ডলার কেনা-বেচা যাবে, স্টার্লিং-এর মাধ্যমে যাওয়ার যে সুবিধা ছিল, স্টার্লিং ক্রেডিট পাবার যে সুবিধা, সেটা বন্ধ হয়ে গেল এবং ডলারের সুপ্রীমেসী ওভার রুপী এস্টাব্লিশড হয়ে গেল। এটা এক নম্বর সার্কুলার, আর একটি সার্কুলার আরও লজ্জাজনক, আমি সি এফ ডি বন্ধুদের বামপন্থী বন্ধুদের বলি, এখনও উঠে দাঁড়িয়ে প্রতিবাদ করুন। সার্কুলার হচ্ছে---টুয়েন্টি পয়েণ্ট ইকনমিক প্রোগ্রামে গরীবরা, ক্ষেতমজুররা, ভাগচাষীরা, সমাজের অত্যন্ত নিম্ন আয়ের শ্রেণীর লোকেরা যে সুবিধাগুলি পেত, সেই সুবিধার ধারাগুলি বন্ধ করে দাও, বেকার যুবকেরা যে টাকা পেত এডিশনাল প্রোগ্রামে, সেটা বন্ধ করে দাও। এই সার্কুলার এসেছে। ব্যাঙ্কের জাতীয়করণের পরে টাকাগুলি ডিরেক্টটেড হবে যেভাবে, যেটা আমরা চেয়েছিলাম, তাতে আমরা সন্তুষ্ট ছিলাম। কারণ এই কাজগুলি ভালভাবে হোক। নতুন সরকার এসে তার উপর আক্রমণ শুরু করে দিয়েছে। ব্যাঙ্কের টাকা একচেটিয়া পুঁজিপতিরা পাবে আগে যে-রকম ছিল। এই দুটি সার্কুলার স্মরণ করুন। আক্রমণ শুরু হয়ে গেছে। এই আক্রমণের সম্মুখে আপনার এই বাজেট সাফিশিয়েণ্ট নয়। এই আক্রমণের সম্মুখে বামপন্থী বন্ধুদের ভেবে দেখতে বলি---যে শয়তান তাঁরা সৃষ্টি করলেন, বড় বড় দস্যু সৃষ্টি করলেন, সেই দস্যুকে সামলাবার সাধ্যি আপনাদের নেই।

সেই দস্যুদের সামলাতে হলে আপনাদের সমস্ত বামপন্থীদের ঐক্যবদ্ধ হতে হবে।

Shri Ramdas Banerjee: On a point of order, Sir,

(Noise and Interruption)

Mr. Speaker: Order, please, Mr. Banerjee is on a point of order.

Shri Ramdas Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় হরশঙ্করবাবু এইমাত্র যেকথা বললেন একটা বিলের সমালোচনা করতে গিয়ে তাতে তিনি আমাদের বরণীয় নেতৃবৃন্দকে এখানে নানাভাবে নানা-রকম কথার মাধ্যমে দস্যু, তস্কর---এই সমস্ত অপবাদ দিয়ে তিনি বলেছেন---কেন তিনি এসব কথা বললেন?

(Noise and Interruption)

আমার মনে হয়---এই বিধানসভায় দাঁড়িয়ে এইরূপ দোষারোপ উচিত কি না---It is unparliamentary এসব কথা উচিত কিনা আপনার কাছে জানতে চাই।

Mr. Speaker: Let me hear from Shri Harasankar Bhattacharyya whether he has used that language.

Shri Harasankar Bhattacharyya:

স্যার, আমার যতদূর মনে পড়ে আমি দস্যু শব্দটা ব্যবহার করেছি, তস্কর বলিনি।

Shri Ramdas Banerjee : স্যার, আমার ভুল হয়েছে---উনি কেবল দস্যু বলেছেন।

Shri Harasankar Bhattacharyya : আমারও তাই মনে হয়---

Mr. Speaker : তিনি 'দস্যু' কথা যা বলেছেন---যেটা যেথায় Context-এ, তা কি বিশেষ কোন ব্যক্তি হিসেবে কাউকে বলেছেন ?

Shri Harasankar Bhattacharyya : না না, স্যার, তা বলিনি।

Shri Ramdas Banerjee :

তিনি specially যে দুটি সার্কুলারের কথা বলেছেন---আমি জানি না সে সম্বন্ধে এখানে কেউ কিছু জানেন কি না! সেই উপলক্ষে---তিনি আমাদের নেতাদের attack করে বলেছেন। এটা proceedings থেকে বাদ দেওয়া হোক। এ সম্বন্ধে আপনার রুলিং চাই।

Shri Harasankar Bhattacharyya :

স্যার, আমি দক্ষিণপন্থীদের দস্যু বলে মনে করি। আমি কোন বিশেষ ব্যক্তিকে দস্যু বলিনি। মাননীয় জনতাপার্টির নেতৃবৃন্দকে আমি দস্যু কি করে বলবো ? তাদের জীবিকা কী তা এখনো ভাল করে আমি জানি না।

Shri Shish Mahammad :

পলিটিক্যাল ব্যাপারে তিনি বলতে গিয়ে তাদের দস্যু বলে অভিহিত করেছেন। এখন তিনি তা অস্বীকার করছেন। টেপ রেকর্ড বাজিয়ে আগে আপনি শুনুন---তারপরে আপনি এ সম্বন্ধে রুলিং দেবেন।

Shri Harasankar Bhattacharyya :

আমি বলতে চেয়েছি এই কথা যে, বামপন্থী দলগুলি Congress for Democracy, C.P.M., C.P.I. ইত্যাদি সকলে মিলে আজকে দেশটাকে বাঁচাতে হবে ;---কাজেই ব্যাঙ্কে যে সার্কুলার দেওয়া হয়েছে, সেটা ভুল হয়েছে।

[4-20—4-30 p.m.]

আমি বলছি দেশ দক্ষিণপন্থীর হাতে দিলে তাহলে ব্যাঙ্কে এই সার্কুলার আসবে। সেখানে গরীব শ্রেণীর টাকা বন্ধ করে দেওয়ার সার্কুলার আসবে, (**শ্রীরামদাস ব্যানার্জী :** গরীবরা আরও টাকা পাবে, বর্তমান কেন্দ্রীয় সরকারের কাছ থেকে।) আমার বক্তব্য শেষ হয়েছে। আমি এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রী যে এ্যাপ্রোপ্রিয়েসান বিল এনেছেন সেটার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডঃ হরশঙ্করবাবু তিনি আমাদের হাউসের একজন বিশিষ্ট খ্যাতনামা বক্তা। উনি যে বক্তৃতা করলেন সেটা জাস্টিফাই করবার জন্য যে এক্সপ্ল্যানেসান দিলেন এটা adding insult to injury pouring salt over wounds. কারণ নির্বাচন আজকে যে ভারডিক্ট দিয়েছে সেটা কি সি পি আই সদস্যরা মানেন না। নির্বাচনের ভারডিক্ট কংগ্রেস বলছে, আমরা মেনে নিচ্ছি। আজকে নির্বাচনের রায়কে এইভাবে উপেক্ষা করছেন, কটাক্ষ করছেন। আপনারা বলছেন, দক্ষিণপন্থীরা নির্বাচনে জয়ী হয়েছে। তিনি কাকে দক্ষিণপন্থী বলছেন। কাকে দক্ষিণপন্থী বলে দস্যু বলছেন। এটা

রীতিমতো আন-পারলিয়ামেণ্টারী। এইভাবে জনতা পার্টি, সি এফ ডিকে যদি বলেন, আর আপনি স্পীকার হিসাবে যদি এই ধরনের মন্তব্য এ্যালাও করেন তাহলে ঠিক আছে এই ধরনের মন্তব্য চলবে।

শ্রীনন্দদুলাল ব্যানার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাশীবাবু বললেন জনতার রায়ের কথা। আমরা জনতার রায় নিশ্চয় মেনে নিয়েছি। আমরা জনতা পার্টিকে নিশ্চয় মেনে নিয়েছি, সি এফ ডি জিতেছেন নিশ্চয় মেনে নিয়েছি, সি পি এম জিতেছেন নিশ্চয় মেনে নিয়েছি। কিন্তু তাদের কার্যকলাপ যদি জনতার পরিপন্থী হয় সেটা আমরা মানবো না। যেখানে ব্যাঙ্কের আমানত গরীবদের দেওয়া হতো সেটা বন্ধ করে যদি দক্ষিণপন্থীদের দেওয়া হয় তাহলে যতরকমের এ্যাডজেকটিভ ব্যবহার করার তা করবো। জনতার স্বার্থে জনতা পাঠিয়েছে, জনতা পার্টির নাম করে জনতাকে পেছন থেকে ছুরি মারবেন সে পরিস্থিতি যদি আসে তাহলে বিরোধিতা করবো। জনতার প্রতিনিধি করে তাঁরা আমাদের এখানে পাঠিয়েছে তা যদি না করি তাহলে we will be betraying the people. এমন অবস্থা যদি আসে যে আপনারা জনতার সাথে বিশ্বাসঘাতকতা করছেন তাহলে তার প্রতিবাদ আমরা করবো, করবো করবো।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ নন্দবাবু আমার কথা বুঝতে পারেন নি।

শ্রীপ্রদীপকুমার পালিত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাশীবাবু জনতার রায়ের কথা বলেছেন। আমরা জনতার রায় নিশ্চয় মানি। আমরা পরিষ্কারভাবে দেখছি কাশীবাবু এবং কংগ্রেস ফর ডিফেক্টরস যাঁরা তাঁরা জনতার রায় মানেন না। কংগ্রেসের ভোটে জিতেছিলেন, জনতার রায় মানেন নি, ওদিকে চলে গিয়েছেন সদস্যপদ ত্যাগ করেন নি।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ এই সমস্ত প্রশ্নের জবাব জনগণ ভালভাবেই দিয়েছে। এটা যে হজম করতে পারছেন না এটা জানি। (গোলমাল)। আপনারা কোনদিন কেউ আমাকে থামাতে পারবেন না।

মিঃ স্পীকার ঃ

Mr. Maitra, you have got every right to speak. I allow you to speak.

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মিঃ স্পীকার স্যার, আমি শুধু এই কথা বলছি। মাননীয় সদস্য নন্দদুলালবাবু যেকথা বলেছেন হরশংকরবাবুর দুটো সার্কুলার সম্বন্ধে, যে দুটো সার্কুলারের কথা হরশংকরবাবু বললেন, যে দুটো সার্কুলারের ভিত্তিতে আলোচনা করলেন, সেই দুটো সার্কুলার কি তিনি হাউসে রেখেছেন।

যার উপর ডিবেট হচ্ছে যার উপর মাননীয় সদস্য এইরকম কঠোর মন্তব্য করছেন সেই মন্তব্য জাস্টিফায়েড হোত যদি সেই সার্কুলার থেকে ইনফারেন্স ড্র করতে পারতেন। কিন্তু সেই সার্কুলার হাউসে রাখা হোল না। হরশঙ্করবাবু যে দুটি সার্কুলারের উল্লেখ করলেন আমি জিজ্ঞাসা করছি এটা হাউসের রীতি যে কোন সার্কুলার বা কোন ডকুমেণ্টের উপর নির্ভর করে এই ধরনের মন্তব্য স্যুইপিং রিমার্কস জেনারালাইজেশন হবে এবং জনতা পার্টির উপর এই ধরনের কটাক্ষ হবে। হাউসের স্পীকার হিসাবে আপনি কি এটাকে পছন্দ করবেন, না, বরদাস্ত করবেন। এবং মাননীয় সদস্যও একজন বিশিষ্ট সভ্য তিনি কি এটাকে মেনে নেবেন?

আমি সেটা জিজ্ঞাসা করছি হরশঙ্করবাবুকে তিনি যে প্রশ্ন তুললেন সেটা সেই ডকুমেণ্টটা হাউসে রাখলেন না। যদি এই ডকুমেণ্ট না রাখা হয় তাহলে কিসের ভিত্তিতে আলোচনা হচ্ছে এবং এইভাবে কেন জনতা সরকারকে হেয় করবার চেষ্টা হচ্ছে আমি জানি না। আমি আপনার কাছে প্রোটেকশন চাচ্ছি।

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্যগণ, যে বিষয়ে পয়েণ্ট অব অর্ডার এসেছে এবং কোন পার্টির নেতৃবৃন্দ পার্টির নাম করে তার সম্পর্কে যদি কোন কটু মন্তব্য করা হয়, তাহলে নিশ্চয় এটা আমাদের হাউসের সীমা লংঘন করে যাবে পার্লামেণ্টারী এটিকেট নষ্ট হবে এবং that should be expunged যে কোন ব্যক্তি বা শ্রদ্ধেয় নেতা সে যে পার্টিরই হোক না কেন তার সম্পর্কে দস্যু যদি একথা উল্লেখ করে থাকেন আমি নিশ্চয় সেটা দেখবো। এই অশোভন উক্তি যদি কোন পার্টির নেতার প্রতি করা হয় বা কোন পার্টির প্রতি করা হয় যে পার্টিই হোক যদি জেনার‍্যালাইজেসন হয় যদি কোন ভেগ কথাবার্তা বলা হয় সেটা আমার মনে হয় যে সেটা ঠিক এক্সপাঞ্জের মধ্যে আসে না। যদি কোন পার্টি সম্পর্কে জেনার‍্যালাইজেশন হয়—কোন ব্যক্তি-বিশেষের উপর ওপিনিয়ন এক্সপ্রেস করেন এবং উইদিন দি লিমিট যদি থাকে তাহলে সেটাকে এক্সপাঞ্জ করার প্রশ্ন উঠে না। এক্ষেত্রে লিমিট সারপেস করেছে কিনা আমি আমার যে রেকর্ড আছে নিজে তা দেখবো। যদি দেখা যায় যে, লিমিট এক্সীড করেছে তাহলে নিশ্চয় সেটা এক্সপাঞ্জ হবে।

শ্রীমতী ইলা মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অবশ্য বক্তৃতাটা শুনিনি। কিন্তু আমি এখানে দু'-একটা কথা বলবো বলে মনে করছি। জনতা পার্টি সম্পর্কে আমরা কোন কথা বলিনি। কালকে আমি প্রথম বক্তৃতা করেছি আমাদের পার্টির পক্ষ থেকে এবং সেখানে এই কথা বলেছি যে জনসাধারণ যে রায় দিয়েছে সেই রায় আমরা অবনতমস্তকে সশ্রদ্ধচিত্তে গ্রহণ করছি এবং এর থেকে আমরা শিক্ষা গ্রহণ করবো। জনতা পার্টির সরকার এসেছে জনসাধারণ ভোট দিয়েছে—তাদের কার্যকলাপ দেখে নিশ্চয় তারপর আমরা মন্তব্য করবো। এখন আমরা কোন মন্তব্য করছি না। আমাদের নীতি ধর্মনিরপেক্ষতা এবং আমাদের যে সোভিয়েত দেশের সঙ্গে সম্পর্ক আমাদের যে পররাষ্ট্র নীতি সেটা সরকার পক্ষ থেকে বরাবর যে রক্ষা করে চলেছে, সেটা রক্ষা করে চলবেন এইটুকু আমরা আশা করি।

মিঃ স্পীকার ঃ

Mrs. Mitra, please take your seat, I cannot allow any further discussion on this because I have already given my observation.

শ্রীশরৎচন্দ্র দাস ঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় ভট্টাচার্য মহাশয় যে বক্তৃতা দিয়েছেন সেটা আমি শুনেছি। তাতে আমি যতদূর বুঝতে পেরেছি তাতে তিনি বলেছেন বহু সংগ্রাম করার পর বহু ত্যাগ স্বীকারের পর—

(গোলমাল)

শ্রীশান্তিকুমার দাশগুপ্ত ঃ আমি শুধু এইটুকু বলতে চাই যে জনতা পার্টি যদি আপনার পছন্দ না হয় বা তাদের সম্বন্ধে যদি কিছু বলতে হয় তাহলে সেটা পাবলিক মিটিংয়ে আপনার যত ইচ্ছা যা খুশি বলতে পারেন। হাউসের মধ্যে কতকগুলি রীতি আছে দস্যু কথাটা যদি ব্যবহার করা হয়ে থাকে—সেটা উনি দেখবেন। সুতরাং মিসেস মিত্রের আর এ সম্বন্ধে কিছু

বলবার দরকার নেই। যখন বিরোধিতা হবে বাইরে গিয়ে বলবেন এবং সেটা আমরা ফেস করবো এখানে আমার কিছু বলবার নেই, এই হাউসে দয়া করে এমন কথা বলবেন না যেটা শোভনতার বাইরে যায়। আশা করি অধ্যক্ষ মহাশয় এটা এক্সপাঞ্জ করবেন।

[4-30—4-40 p.m.]

শ্রীসুধীর বেরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটের উপর আমাকে আবার ফিরে আসতে হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অনেক দূরে চলে গেলেন। যে বাজেট তিনি এখানে প্লেস করেছেন এবং যে এ্যাপ্রোপ্রিয়েসন বিল হাজির করেছেন সে সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমার কয়েকটি বক্তব্য সংক্ষেপে বলছি। মাননীয় অর্থমন্ত্রী গোপালবাবুর বাজেট বইখানি চমৎকার হয়েছে, বাঁধাই ছাপাই ভালই হয়েছে। আমি উল্টেপাল্টে বাজেটটা পড়ার চেষ্টা করলাম তার ভিতর কিছু খুঁজলাম। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, এইরকম একটা হতাশাব্যঞ্জক বাজেট এই হাউসে বোধহয় খুব কমই প্লেসড হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি জমাখরচের হিসাব হয় কত আয় কত ব্যয় তাহলে খুব ভাল বাজেট হয়েছে। কিন্তু বাজেটকে যদি ইকনমিক and financial weapon হিসেবে ব্যবহার করা হয়, তার মাধ্যমে ইনফ্লেশন বন্ধ হবে এবং এমপ্লয়মেণ্ট ক্রিয়েটেড হবে ইকনমিক প্যাটার্ন বাড়ানো যাবে সোস্যালিজম আসবে তাহলে এই বাজেট অত্যন্ত হতাশাব্যাঞ্জক বাজেট---স্টেরোটাইপ ওয়েতে এটা হয়েছে, মনোটনাস হয়েছে। এটা সেইরকম বাজেট যা সরকারী আমলারা তৈরি করে দিয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় তাতে কিছু রঙ চড়িয়ে দু'-চারটা ভাল ভাল কথা বলে আমাদের সামনে প্লেস করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বাজেটের মধ্যে কি আশা করি। আমরা আশা করেছিলাম যে, ফুল এমপ্লয়মেণ্টের ব্যাপারে একটা কিছু ব্যবস্থা থাকবে। এমন বাজেট বিধানসভায় প্লেস করা হবে যে বাজেট উইদিন টাইম লিমিট দেশে ফুল এমপ্লয়মেণ্ট এনে দেবে। কিন্তু এই বাজেটে সেই রকম কোন কথা নেই। এইরকম গত ৩০ বছর ধরে বাজেট প্লেসড হচ্ছে। দেশের ছেলেরা বেকার থেকেছে---বেকারী আরও বাড়ছে কিন্তু সেই সমস্যা সমাধান করবার কোন ইঙ্গিত এই বাজেটের মধ্যে কোথায়ও দেখছি না। শুধু বেকার সমস্যার ইঙ্গিতই নয়---বহু জায়গায় কলকারখানা বন্ধ হয়ে হাজার হাজার লোক যারা এমপ্লয়েড ছিল তারাও বেকার হয়ে যাচ্ছে। তা বন্ধ করবার কোন রাস্তা এই বাজেটে নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ইমারজেন্সির পর থেকে আজ পর্যন্ত পশ্চিমবাংলায় কত কলকারখানা বন্ধ হয়ে আছে তার বিস্তারিত লিস্ট আমার হাতে আছে এবং তাতে কত লোক বেকার হয়েছে তা আমি বলতে পারি। আমি উদাহরণস্বরূপ কিছু কিছু বলছি। ইউনিয়ন জুটমিল লক আউট হয়েছে ১৪/৩/৭৬ তারিখে, ২৪০০ লোক সেখানে বেকার হয়েছে, নফরচাঁদ জুটমিল লক আউট হয়েছে ২৪/৬/৭৬ তারিখে, ১৪০০ লোক সেখানে বেকার হয়েছে, আলেকজাণ্ডার জুটমিল লক আউট হয়েছে ২/১/৭৬ তারিখে, ২৪০০ লোক সেখানে বেকার হয়েছে। মাননীয় অর্থমন্ত্রীর শ্রীরামপুরে জে কে স্টীল ইণ্ডাস্ট্রি লক আউট হয়েছে ২৯/১০/৭৬ তারিখে, ৮৩ জন লোক সেখানে বেকার হয়েছে। ঐ শ্রীরামপুরে বি এম কেমিক্যালস এণ্ড প্রাইভেট লিঃ ২৩/২/৭৭ তারিখে লক আউট হয়েছে এবং সেখানে ১০০ লোক বেকার হয়েছে। বিস্তারিত লিস্ট আমার কাছে আছে---আমি শুধু এইটুকু বলে যাচ্ছি।

এমপ্লয়মেণ্ট ক্রিয়েশনের কোন প্রভিসন এই বাজেটের মধ্যে নেই। আর অপর দিকে যারা চাকুরী পেয়েছিল তারা যে ছাঁটাই হয়ে যাচ্ছে তা বন্ধ করবার কোন ব্যবস্থা এই বাজেটের

মধ্যে আমি দেখতে পাচ্ছি না। তাই এটাকে প্রগতিশীল বাজেট বলার কোনরকম কারণ নেই। এটা far away from being a progressive Budget.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা সমস্যা আছে আমাদের, সেটা হচ্ছে খাদ্য সমস্যা।

সাধারণ মানুষ হিসাবে আমরা কি চাই? আমরা দুবেলা পেটভরে খেতে চাই, পরবার কাপড় চাই, আর খেটে খাওয়ার সুযোগ চাই। আমাদের সেই খেটে খাওয়ার সুযোগ করে দেবার কোন ব্যবস্থা এই বাজেটে নেই। আমাদের সেই স্টেট রিলিফের উপর নির্ভর করে বেঁচে থাকতে হচ্ছে, বছরের পর বছর এইভাবেই চলে আসছে। ড্রাই ডোল, স্টেট রিলিফের উপর নির্ভর করে কোন জাতি কখনও স্বাবলম্বী হয়ে উঠতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যে স্বয়ম্ভর হওয়ার যে বাসনা আমাদের আছে এই বাজেটের মধ্যে স্বয়ম্ভর হওয়ার কোন আভাস আমরা দেখতে পাচ্ছি না। আমরা ৩০ বছর ধরে এইভাবেই বাজেট পেশ করে চলেছি। আরো ৩০ বছর কি ১০০ বছর এইভাবে যদি বাজেট পেশ করি তাহলে ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামোর মৌলিক কোন পরিবর্তন হবে না---এই কথা আমি এই বিধানসভায় ঘোষণা করেছি। তাই নতুন করে আমরা যদি না ভাবি তাহলে আমাদের কোন ভবিষ্যৎ কিছু থাকবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট সম্পর্কে বলতে গিয়ে যে কথা বেশি করে বলা দরকার সেটা হল---কতকগুলি জিনিস চালু করা হয়েছে যার কোন ফল নেই---সি এ ডি পি, এস ই ডি পি, আর বি পি ইত্যাদি নানারকম স্কীম হচ্ছে---কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে এই সমস্ত স্কীম ইন্‌টেলেকচুয়্যাল গাইনাসিয়াম পর্যায়ে চলে যায়, সত্যিকারের গরীব মানুষের দুঃখ তাতে যাবে কিনা সেটা আজ ভেবেচিন্তে দেখতে হবে। দেশ ৩০ বছর স্বাধীন হয়েছে। আজও লক্ষ লক্ষ মানুষ মুক্ত আকাশের নীচে বাস করে, কোটি কোটি ছেলে বেকার তাদের সামনে অন্ধকার, এই বাজেটে কোন আশার আলো দেখাতে পারেন নি। সাধারণ মানুষ লেখাপড়া শিখে চাকরি পায় নি। সরকার এই বাজেটে কোন আশার আলো দেখাতে পারেন নি, খালি কিছু ভাল ভাল গালভরা প্রতিশ্রুতি---ইণ্ট্রোডাকশনে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অনেক ভাল ভাল কথা বলেছেন, সেগুলি উপোসী বুভুক্ষু, নিরন্ন বেকার যুবকের কাছে ফুল অব সাউণ্ড এণ্ড ফিউরি সিগনিফাইং নাথিং আর কিছু নয়। এই বলে এই বাজেটের আমি সমালোচনা করছি এবং এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলের বিরোধিতা করছি।

শ্রীশীষ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েষ্ট বেঙ্গল এ্যাপ্রোপ্রিয়েসন (ভোট অন এ্যাকাউণ্ট) বিল মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আজকে এই হাউসে উপস্থিত করেছেন। ৩০ বছর শেষ হতে চলল ভারতবর্ষ স্বাধীন হয়েছে এবং ৩০ বছর ধরে কংগ্রেস সরকার ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের গদীতে আসীন হয়ে আছে। পশ্চিমবঙ্গের কংগ্রেস সরকার বারবার শুধু ১৩ মাস আর ৯ মাস শাসনে পশ্চিমবঙ্গের সব সর্বনাশ হয়ে গেছে বলে থাকেন, এই সময়ে নাকি আমরা কিছুই করি নি। সেই সময়কার অর্থনৈতিক কাঠামোর মধ্যে দাঁড়িয়ে আমরা জনসাধারণের কল্যাণের জন্য অভূতপূর্ব প্রয়াসী হয়েছিলাম। আমরা কৃষিক্ষেত্রে, শ্রমিকদের ক্ষেত্রে বিপ্লব আনবার জন্য চেষ্টা করেছিলাম, খাস জমি বিলি-বণ্টনের ক্ষেত্রে, ক্ষুদ্র, প্রান্তিক চাষী, ভূমিহীন চাষীদের ক্ষেত্রে বিপ্লব নিয়ে আসবার চেষ্টা করেছিলাম, পিছন থেকে চাকু মেরে সেই প্রচেষ্টাকে ব্যর্থ করে দিয়েছেন। অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন---প্রথম দিনে তাঁর বাজেট বক্তৃতা শুনেছি, তখন আমাদের বক্তব্য বলেছি, আজকে আবার আমাদের কিছু বলতে হচ্ছে।

[4-40—4-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে এ্যাপ্রোপ্রিয়েশান বিল তিনি নিয়ে এসেছেন এবং তার মাধ্যমে যে টাকা তিনি খরচ করতে চেয়েছেন সেখানে আমাদের চিন্তা করতে হবে যে, এই টাকা আমরা কাকে দেব? কি জন্যে দেব? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি একটি ছোট্ট উদাহরণ দিচ্ছি। স্যার, যদি কোন ব্যবসায়ী ব্যবসাবাণিজ্য করবার জন্য কোন লোকের কাছে টাকা লোন করবার জন্য যায় তাহলে সেই লোক, যিনি টাকা দেবেন তার প্রথম কর্তব্য হবে যে, যাকে টাকা দিচ্ছেন সেই লোকটি কি ধরনের সেটা বিচার-বিবেচনা করা। অর্থাৎ, যিনি টাকা নেবেন তিনি সৎ প্রকৃতির, না, অসৎ প্রকৃতির, চোর-জোচ্চর, না, বদমাইস, তিনি সৎ পথে টাকাটি খরচ করবেন, না, কুপথে টাকা খরচ করবেন সেটা তাকে বিচার-বিবেচনা করতে হবে। সেটা বিচার-বিবেচনা করে যদি এটাই প্রতীয়মান হয় যে, যাকে টাকাটা দেওয়া হচ্ছে তিনি সত্যিকারের ভাল লোক, টাকাটি সৎ পথে খরচ করবেন তাহলে নিশ্চয় তার হাতে তিনি টাকা তুলে দেবেন। কিন্তু যদি দেখা যায়, যাকে টাকা দেওয়া হচ্ছে তিনি সৎ প্রকৃতির নয়, চোর-জোচ্চর, সে অসৎ উপায়ে টাকা রোজগার করবে তাহলে নিশ্চয় তাকে টাকা দেওয়া উচিত নয়। স্যার, এখন আমাদের চিন্তা করতে হবে, আমরা কাদের হাতে টাকা তুলে দেব? এদের ৩০ বছরের শাসনকালের ইতিহাস আমাদের চোখের সামনে উজ্জ্বল জ্যোতিষ্কের মত জ্বলজ্বল করছে। আমরা এতদিন যাদের হাতে টাকা দিয়ে এসেছি তারা সেই টাকাটা কিভাবে খরচ করেছেন সেটা আমরা দেখেছি। স্যার, সেই টাকা নিয়ে যারা তেলে, ডালে এমন কি ওষুধে ভেজাল দেয়, যারা বড় বড় জোতদার, বড় বড় মালিক, যারা হাঙ্গর-ভাঙ্গর তাদেরই এরা সাহায্য করেছে। স্যার, এদের বক্তব্য শুনে মনে হচ্ছে এদের মগজে পর্যন্ত ভেজাল ঢুকে গিয়েছে তাই আর এরা আমাদের কথা সহ্য করতে পারছে না, পারছে না কেন্দ্রের জনতা সরকারকে সহ্য করতে। স্যার, সব থেকে তারাই সমাজের মধ্যে অন্যায়কারী এবং খারাপ লোক যারা অসত্য কথা বলে বা অসত্য কথাকে প্রশ্রয় দেয়। স্যার, তাদের হাতে টাকা তুলে দেব কিনা সেটা আমাদের দেখতে হবে। এরা যে কথায় কথায় অসত্য কথা বলেছেন তার কয়েকটা নজীর দিই। স্যার, এরা সরকারে আসার আগে জনগণকে বলেছিলেন যে কংগ্রেস সরকারকে ক্ষমতায় এনে সরকারের হাতকে শক্ত করুন তাহলে আমরা বেকার সমস্যার সমাধান করে দেব। ওরা সেদিন এই কথা বলে ক্ষমতায় এসেছিলেন আর আজ আমরা দেখছি দেশের লক্ষ লক্ষ বেকার যুবক অন্নের সন্ধানে চারিদিকে ঘুরে বেড়াচ্ছে, আর তাদের বাবা, মা—তারা ছেলেদের ভবিষ্যতের কথা ভেবে ভেবে চোখের জল ফেলছে। এরা প্রতিজ্ঞাবদ্ধ হয়েও বেকার সমস্যার সমাধান করতে পারেন নি। স্যার, আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী যখন ব্যর্থ হয়ে গেলেন তখন বললেন, এবারে তারা বই লিখবেন এবং সেই বই পড়ে ছেলেদের ব্যবসাবাণিজ্য শিখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতবড় অসত্য ভাষণ আমাদের মুখ্যমন্ত্রী করেছিলেন। তারপর চক্রান্ত করে একটা তিন পয়সার বই লিখে ছেলেদের চার্টার্ড এ্যাকাউণ্টেন্সী শেখাতে চেয়েছিলেন। যারা অসত্য কথা বলেন তাদের হাতে আমরা টাকা দেব কেমন করে? তারপর স্যার, আরো বলি, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ১৯৭৫ সালে বিবৃতি দিয়ে শিক্ষকদের পে স্কেল ধার্য করে দিয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত তা হয়েছে কি? শিক্ষকদের দিনের পর দিন হয়রান করানো হচ্ছে। এসব কি সত্য কথা নয়?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গে প্রচুর ফাইন রাইস উৎপন্ন হয় এবং তা এই সরকার সংগ্রহ করেন। সেই ধান এই সরকার লেভির মাধ্যমে সংগ্রহ করেন, খোলা বাজার থেকে কেনেন, নানাভাবে সংগ্রহ করেন। কিন্তু আমরা পাই কি? এই পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে আমরা পাই পোকা-লাগা মরা আতপ চাল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার সেই ধান যায় কোথায়? আর আমাদের পচা আতপ দেওয়া হয় কেন? সেই চালই পশ্চিমবাংলার অধিবাসীরা চোখ, কান বুজে খাচ্ছে। যারা আমাদের দেশের চাল বিদেশে পাঠিয়ে দিয়ে আমাদের পচা চাল খাওয়াচ্ছে তাদের হাতে কি আমরা টাকা দেব? মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা বলেন জনসাধারণের সরকার ওরা গঠন করবেন, কিন্তু এটা কি প্রমাণ হয়নি ওদের ২০ বছরের ইতিহাসে যে, ওরা ফ্যাসিবাদের দিকে এগিয়ে যাচ্ছে? জেলের মধ্যে নকশালপন্থী যুবকদের বিনাবিচারে দিনের পর দিন আটক রেখে তাদের ওপর অত্যাচার করা হচ্ছে। বৃটিশ আমলে মহাত্মা গান্ধীজী আন্দোলন করেছিলেন, স্বর্গত দেশবন্ধু আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের দাদু-মহাশয় আন্দোলন করেছিলেন, পণ্ডিত জওহরলাল নেহরু আন্দোলন করেছিলেন এসবের বিরুদ্ধেই। অথচ তাদের কথা আজকে আমাদের এই সরকার আর মানছেন না। এদের হাতে আজকে কি আমরা টাকা দিতে পারি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের চিন্তা হচ্ছে যে, এটা মিসএ্যাপ্রোপ্রিয়েসন হবে কিনা—দিনের পর দিন দেখে আসছি টাকা মিসএ্যাপ্রোপ্রিয়েসন হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাস্তা তৈরির ক্ষেত্রে আমরা দেখেছি এস ই পি-র রাস্তা কণ্ট্রাক্ট দিয়ে করানো হচ্ছে এবং সেই রাস্তা দিয়ে মানুষ হাঁটতে পারে না। আমরা সরকারের কাছে আবেদন-নিবেদন করেছিলাম, আমরা মন্ত্রী মহাশয়কেও বলেছিলাম, কিন্তু কিছু হয়নি। কাজেই আমাদের সন্দেহ আছে টাকা দিলেও সেই টাকা যথার্থ ব্যয় হবে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা শহর বিশ্বের একটি অন্যতম শহর। এখানে রাশিয়া, আমেরিকা, জাপান, জার্মানী প্রভৃতি দেশ থেকে লোকেরা আসেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কলকাতা শহরের অবস্থা কি হয়েছে দেখুন। এখানে হাঁটতে গেলে দুর্গন্ধের মধ্যে দিয়ে হাঁটতে হয়। বর্ষায় কলকাতার রাস্তা জলমগ্ন হয়ে থাকে। সি এম ডি এ দায়িত্ব নিয়েছে কলকাতার উন্নতি করবার জন্য। কিন্তু সেই কর্তব্য কি সত্যিই তারা পালন করছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বের একটি অন্যতম শহরে আজকে যদি বিদেশ থেকে কোন লোক আসে তাহলে সে প্রস্রাব করবার প্রয়োজন হলে একটা ইউরিনাল পর্যন্ত কোথাও খুঁজে পাবে না। আজকে এই অবস্থা হয়েছে কলকাতার। আমরা দেখছি এন আর এস হসপিটালের কি অবস্থা হয়েছে—বেডে রোগী পড়ে আছে, সেখানেই অক্সিজেন গ্যাস দেওয়া হচ্ছে আবার তার পাশে শৌচও করছে। এই অবস্থায় এই সরকারের হাতে কি আমরা টাকা দেব? এই সরকারের হাতে আমরা টাকা দিতে পারি না, সেইজন্য আমি এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5-00 p.m.]

শ্রীরথীন ভালুকদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনতা পার্টির বিরাট ব্যাপক জয়লাভের পর আমরা দেখতে পাচ্ছি কিছু-কিছু বিপ্লবী বন্ধু চোখে চাল্‌সে দেখছেন। কোন্ ব্যাঙ্ক থেকে কোন্ সার্কুলার দিয়েছে সেই সার্কুলার রেফার করে বন্ধু হরশঙ্কর ভট্টাচার্য হাততালি কুড়োবার চেষ্টা করেছেন। আমরা আনন্দিত হতাম যদি হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় বলতেন মধু দণ্ডবতে দি

রেলওয়ে মিনিষ্টার অফ ইণ্ডিয়া ৩০,০০০ রেল কর্মচারী যাদের অন্যায়ভাবে বরখাস্ত করা হয়েছিল তাদের পুনর্নিয়োগের আদেশ দিয়েছেন---তাহলে আমরা বুঝতাম হরশঙ্করবাবু সত্যিকারের বামপন্থী দলের লোক। তাঁর বক্তৃতার মধ্যে দিয়ে আমার মনে হচ্ছে হরশঙ্করবাবু তাঁর বামপন্থী চরিত্রকে হারিয়েছেন। যাই হোক, অনেকের চোখে চাল্‌সে পড়তে পারে আমি আর সেদিকে না গিয়ে আসল আলোচনায় আসছি। আমাদের সুদক্ষ মন্ত্রী মহাশয় নিজে একজন চিকিৎসক। কিন্তু তাঁর বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে তিনি একটি কাব্য আমাদের সামনে উপস্থিত করেছেন। ভাষা, ছন্দ, শব্দ চয়নের মধ্যে দিয়ে তিনি পশ্চিমবঙ্গের সত্যিকারের চিত্র প্রচ্ছন্ন রাখার প্রয়াস চালিয়ে গিয়েছেন সুন্দরভাবে। আমরা দেখছি তিনি বলেছেন সি এম ডি একে টাকা দেওয়া হবে। তারা নাকি অনেক কাজ করেছেন। কিন্তু আমি মনে করি সি এম ডি এ হচ্ছে সিভিল মনি ড্রেনেজ অথরিটি। এদের প্রকৃত কর্তব্য হচ্ছে সিভিল মনি ড্রেনেজ করা। সেই সি এম ডি এ কলকাতা শহর ও অন্যান্য অঞ্চলের বস্তিগুলির উন্নয়নের নামে যে অবস্থার সৃষ্টি করেছে তা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিজে হাওড়ায় বাস করেন আপনি সেখানকার বস্তিগুলি দেখলেই বুঝতে পারবেন। সেখানে খাটা পায়খানা সরিয়ে দিয়ে পাকা পায়খানা তৈরি হচ্ছে, কিন্তু স্যুয়েরেজের কোন ব্যবস্থা করা হচ্ছে না, কোন ড্রেনের ব্যবস্থা করা হচ্ছে না, ওয়াটার ফ্ল্যাসিং-এর ব্যবস্থা হচ্ছে না। অথচ কোটি কোটি টাকা ঢালা হচ্ছে, কোটি কোটি টাকার অপব্যয় হচ্ছে। টিউব রেলওয়ের নামে কলকাতা শহরে মাটি খোঁড়া হচ্ছে। এই হাউসে মাননীয় সি এম ডি এ মিনিষ্টার ভোলানাথ সেন মহাশয় বলেছিলেন '৭৯ সালের মধ্যে এই টিউব রেলওয়ের কাজ প্রায় সম্পূর্ণ হয়ে যাবে। অথচ আজকের সকালের কাগজে দেখলাম মিঃ ওয়ারিয়র, রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান, তিনি বলছেন '৮৬ সালের পূর্বে টিউব রেলওয়ে হবার কোন সম্ভাবনা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সংবাদ পেয়েছি সি এম ডি এ-র আণ্ডারে মেকানিক্যাল ডিভিসন, স্যুয়েরেজ ড্রেনেজ সেক্টর-এ প্রায় ১০০ কর্মী কাজ করে---যারা রাস্তা, পয়ঃপ্রণালী পরিষ্কার করে, যন্ত্র দিয়ে, সেই কর্মচারীদের আগামী ১লা এপ্রিল থেকে ক্যালকাটা কর্পোরেশনকে দিয়ে দেওয়া হয়েছে। এর ফলে সেই সঙ্গে সঙ্গে তাদের পুরোন চাকুরীর সমস্ত সুযোগ-সুবিধা খারিজ করে দেওয়া হয়েছে। তাদের ১লা এপ্রিল থেকে নতুন করে নিয়োগ করার একটা আদেশ জারি করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি আমরা দেখলাম ভারত সরকারের নবনিযুক্ত শিক্ষামন্ত্রী শ্রদ্ধেয় ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র একটি সাংবাদিক সম্মেলনে বলেছেন যে, আমরা গান্ধীজীর প্রদর্শিত যে বুনিয়াদি শিক্ষা সেই বুনিয়াদী শিক্ষা চালু করতে চাই। অথচ আমরা আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের বাজেট বিবৃতিতে তিনি যেখানে শিক্ষা সম্পর্কে তাঁর বক্তব্য রেখেছেন সেখানে এই বুনিয়াদী শিক্ষা সম্পর্কে একটি লাইনও কোথাও খুঁজে পেলাম না। আপনি শুনলে অবাক হয়ে যাবেন পশ্চিমবঙ্গে ৪৮টি ট্রেনিং কলেজ আছে যেখানে বুনিয়াদী শিক্ষার ট্রেনিং দেওয়ার জন্য ব্যবস্থা আছে।

প্রতি বছর আমাদের ৪৮০০ ভাই-বোনেরা এই ট্রেনিং গ্রহণ করেন। এই যে বেসিক education---এর যে ট্রেনিং আমরা গ্রহণ করছি---নিশ্চয়ই সরকার তাদের প্রাথমিক শিক্ষক হিসেবে প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ করবেন---তারাই নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। কিন্তু স্যার, আপনি শুনলে অবাক হবেন---প্রায় ৮ হাজার এই basic trained ভাই-বোনেরা আজও চাকরী পায়নি---বেকার হয়ে পড়ে আছে। তাদের কর্মসংস্থানের কোন ব্যবস্থা এই সরকার করতে পারেন নাই।

আমাদের প্রিয় প্রধানমন্ত্রী মোরারজী দেশাই বলেছেন আগামী ১০ বছরের মধ্যে বেকারী দূর করে দেবেন। আমি জানি এসব কথা শুনতে ওদের খারাপ লাগবে, গরিবের অন্নের সমস্যার বা চাকরীর সমাধান না হলেও ওদের ব্যক্তিবিশেষের ও গোষ্ঠিবিশেষের সব সমস্যার সমাধান হয়েছে। মোরারজীভাই দেশাই যে কথা বলেছেন তাই তারা নিজেদের আত্মীয়-স্বজন পরিবৃত হয়ে আছে। একদিন কিছু মানুষকে বোকা বানানো যায়,---কিছুদিনের জন্য কিছু মানুষকে বোকা বানানো যায়,---কিন্তু চিরকালের জন্য সব মানুষকে বোকা বানানো যায় না। তাই সময় থাকতে তাদের সাবধান করে দিচ্ছি---সাবধানবাণী উচ্চারণ করে যাচ্ছি---অনতিবিলম্বে সামনে সমূহ বিপদ উপস্থিত আপনাদের। সাবধান হোন্। এই কয়টি কথা বলে এখানেই আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p. m.]

The motion of Dr. Gopal Das Nag that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1977, be taken into consideration, was then put and a division taken with the following result :-

AYES—134

Abdur Rauf Ansari, Shri
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri
Aich, Shri Triptimay
Anwar Ali, Shri Sk.
Bandopadhayay, Shri Shib Sankar
Bandyopadhyay, Shri Sukumar
Banerjee, Shri Mrityunjoy
Banerjee, Shri Nandalal
Bapuli, Shri Satya Ranjan
Bar, Shri Ram Krishna
Basu, Shri Supriyo
Bauri, Shri Durgadas
Bera, Shri Rabindra Nath
Bharati, Shri Ananta Kumar
Bhattacharya, Shri Keshab Chandra
Bhattacharyya, Shri Pradip
Bhattacherjee, Shri Susanta
Bijali, Dr. Bhupen
Biswas, Shri Kartic Chandra
Bose, Shri Lakshmi Kanta
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Shri Debabrata
Chatterjee, Shri Kanti Ranjan
Chatterjee, Shri Tapan
Chowdhary, Shri Abdul Karim
Das, Shri Jagadish Chandra
Das, Shri Rajani
Daulat, Ali, Shri Sheikh
De, Shri Asamanja
De, Prof. Chandra Kumar
Deshmukh, Shri Netai
Dolui, Shri Hari Sadhan
Dutta, Shri Adya Charan
Ekramul Haque Biswas, Shri
Gayen, Shri Lalit
Ghiasuddin Ahmed, Shri
Ghosh, Shri Lalit Kumar
Ghosh, Shri Prafulla Kanti
Ghosh Moulik, Shri Sunil Mohon
Goswami, Shri Sambhu Narayan
Gurung, Shri Gajendra
Gyan Singh, Shri Sohanpal
Habibur Rahaman, Shri
Halder, Shri Harendra Nath
Halder, Shri Manoranjan
Hatui, Shri Ganesh
Hembrom, Shri Benjamin
Hembrom, Shri Patrash
Hemram, Shri Kamala Kanta
Kar, Shri Sunil
Karar, Shri Saroj

Khan, Shri Gurupada
Khan, Shri Nasiruddin
Khan, Samsul Alam, Shri
Lohar, Shri Gour Chandra
M. Shaukat Ali, Shri
Mahanto, Shri Madan Mohan
Mahato, Shri Satadal
Mahato, Shri Sitaram
Maiti, Shri Braja Kishsore
Majhi, Shri Rup Sing
Maji, Shri Saktipada
Mal, Shri Dhanapati
Mandal, Shri Arabinda
Mandal, Shri Gopal
Mandal, Shri Probhakar
Mandal, Shri Santosh Kumar
Mazumdar, Shri Indrajit
Md. Safiullah, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Mira Rani
Mohammad Dedar Baksh, Shri
Mojumdar, Shri Jyotirmoy
Mondal, Shri Aftabuddin
Moslehuddin Ahmed, Shri
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar
Mukherjee, Shri Mrigendra
Mukherjee, Shri Subrata
Mukhopadhyay, Shri Mahadeb
Mukhopadhyaya, Shri Ajoy
Mundle, Shri Sudhendu
Nag, Dr. Gopal Das
Naskar, Shri Arabinda
Naskar, Shri Ardhendu Sekhar
Nurunnesa Sattar, Shrimati
Palit, Shri Pradip Kumar
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon
Patra, Shri Kashinath
Paul, Shri Bhawani
Poddar, Shri Deokinandan
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Ananda Gopal
Roy, Shri Bireswar
Roy, Shri Debendra Nath
Roy Shrimati Ila
Roy Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishna Pada
Roy, Shri Madhu Sudan
Saha, Shri Dwija Pada
Saha, Shri Nirad Kumar
Samanta, Shri Saradindu
Samanta, Shri Tuhin Kumar
Santra, Shri Sanatan
Saren, Shrimati Amala
Saren, Shri Dasarathi
Sarkar, Dr. Kanai Lal
Sarkar, Shri Nil Kamal
Sarker, Shri Jogesh Chandra
Sen, Dr. Anupam
Sen, Shri Bholanath
Sen, Shri Sisir Kumar
Sen Gupta, Shri Kumar Dipti
Shamsuddin Ahmed, Shri
Singha, Shri Lal Bahadur
Singha, Shri Satyanarayan
Singhababu, Shri Phani Bhusan
Singha Roy, Shri Probodh Kumar
Sinha, Shri Atish Chandra
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Panchanan
Sinha Roy, Shri Bhawani Prosad
Tewary, Shri Sudhanshu Sekhar
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra
Wilson-de Roze, Shri George Albert

NOES—20

Ali Ansar, Shri
Banerjee, Shri Ramdas

Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Shibapada
Bhattacharya, Shri Sakti Kumar
Bhattacharyya, Shri Harasankar
Chakrabarti, Shri Biswanath
Chatterjee, Shri Gobinda
Das, Shri Bimal
Das, Shri Sarat Chandra
Dhar, Shri Sachindra Kumar
Dutt. Shri Ramendranath
Ganguly, Shri Ajit Kumar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Anil Krishna
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Oraon, Shri Prem
Panda, Shri Bhupal Chandra
Roy, Shri Aswini Kumar
Sinha, Shri Nirmal Krishna

The Ayes being 134 and the Noes 20, the motion was carried.

Clauses 1 to 3. Schedule. Preamble

The question that Clauses 1 to 3, Schedule, Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Dr. Gopal Das Nag: Sri, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Appropriation Bill, 1977

Dr. Gopal Das Nag: Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1977.

(Secretary then read the title of the Bill)

Dr. Gopal Das Nag: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1977, be taken into consideration.

Sir, under Article 266(3) of the Constitution of India no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution.

The West Bengal Appropriation Act, 1976, authorised the payment and appropriation of certain sums from and out of the Consolidated Fund of the State of West Bengal towards defraying the several charges which came and will come in course of payment during the financial year 1976-77.

During the present session, the Assembly voted certain further grants for the purposes of the year 1976-77 under the provisions of Article 203 read with Article 205 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under the provisions of Article 204 read with Article 205 of the Constitution to provide for the Appropriation out of the Consolidated Fund of West Bengal of all the moneys required to meet the further grants which have been so voted by the Assembly and also to meet further expenditure charged on the Consolidated Fund of the State in accordance with the provisions of the Constitution.

The Constitution provides that no amendment shall be proposed to this Bill, having the effect of varying the amount or altering the destination of any

grant so made or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State.

The details of the proposed Appropriation Bill will appear from the Schedule to the Bill.

Sir, with these words, I commend my motion for acceptance by the House.

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনে আছে সেইজন্য সাপ্লিমেণ্টারী বাজেট আইন সভায় উপস্থিত হল যদিও টাকাটা বোধহয় সবই খরচ হয়ে গেছে অথবা ২/৩ দিনের মধ্যেই সব খরচ হয়ে যাবে। কাজেই বলতে পারি আমরা পোস্টমর্টেম আলোচনা করছি। সাপ্লিমেণ্টারী বাজেটে যে গ্র্যান্ট চাওয়া হয়েছে আমি সেগুলি ভাল করে পড়ে দেখেছি। এটা পড়ে মনে হল পুরানো বাজেট সম্পর্কে আমাদের যে সমস্ত সমালোচনা ছিল প্রায় সেই একই সমালোচনা একে নিয়ে করা যায়। নতুন কিছু বিস্ময়কর অথবা পরিবর্তনকামী খরচ এর মধ্যে নেই। আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে খরচগুলি বেশি করবার জন্য টাকা চাওয়া হয়েছে তার বেশিরভাগই এস্টাবলিসমেণ্টের জন্য। অর্থাৎ কিছু মাইনে বেড়েছে, কিছু ভ্রমণভাতা বেড়েছে সেইজন্য টাকা চাওয়া হয়েছে। পশ্চিমবাংলার বাজেট পাশ হবার পর আবার যে টাকা চাওয়া হল তার মানে এই নয় যে, একটা গুরুতর পরিবর্তনের জন্য এটা চাওয়া হয়েছে। কাজেই সেই গতানুগতিকতাই আমাদের চোখে পড়ছে এবং সেইজন্য একে সমর্থন করার কোন কারণ নেই। এই সাপ্লিমেণ্টারী বাজেট সম্পর্কে আমি এবারে হাউসের সামনে কয়েকটি কথা বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট যখন প্রথম তৈরি হয়েছিল তখন সরকার ১১/১২ ক্লাশ তৈরি করবার কথা ভেবেছিলেন। শিক্ষাক্ষেত্রে এই পদ্ধতিটি প্রবর্তিত হলেও আমরা দেখছি বেশ কয়েক মাস চলে গেল অর্থাৎ একটা এ্যাকাডেমিক সেসন চলে গেল কিন্তু সরকার এখনও পর্যন্ত ঠিক করতে পারলেন না যে এই ১১/১২ ক্লাশে কত খরচ হবে, এর শিক্ষকরা কত মাইনে পাবে।

১১ এবং ১২ ক্লাশ করার জন্য কি টাকার দরকার সে সম্বন্ধে সরকারের কোন এস্টিমেট নেই। ১১ এবং ১২ ক্লাশের জন্য তারা টাকা বাড়িয়েছে। স্যার, খরচ যেগুলি বাড়ানো হয়েছে ধরুন হাউসিং-এ কিছু খরচা বাড়ানো হয়েছে। মজা হচ্ছে যখন গত বছর বাজেট প্লেস করা হয়, সারা বছরের বাজেট তখন সামান্য কিছু টাকা বেশি ধরা হয়েছিল গ্রামাঞ্চলে ক্ষেত-মজুরদের বাড়ী করবার জন্য, সেই টাকা বহাল রয়েছে অপর দিকে অন্যান্য ক্ষেত্রে গভর্নমেণ্টের নানারকম বাড়ি তৈরি করবার জন্য টাকা বেড়েছে। আমি এইজন্য এখানে বলতে চাইছি যে গভর্নমেণ্টের যে এ্যাটিচুড, যে দৃষ্টিভঙ্গী তা পুরানো রয়ে গেছে বিশেষ কিছু বদল হয়নি। আরও এক বছর চলে গেল গভর্নমেণ্ট কিছু সময় পেলেন কিছু টাকা খরচা করলেন কিন্তু অনেকগুলি কাজ তারা করেন নি বা করে উঠতে পারেন নি। আমি এই প্রসঙ্গে একটা জিনিস লক্ষ্য করতে বলি আমাদের বাজেটটা একেবারে পারফরমেন্স বাজেট নয়। অর্থাৎ কাজকর্মগুলি কি হচ্ছে সেগুলি কেউ দেখেন না, কেউ শোনেনও না। ফলে লেবারের ক্ষেত্রে কিছু টাকা বাড়ানো হয়েছে, সাপ্লিমেণ্টারী বাজেটে আগে টাকা ছিল এবং আমাদের পশ্চিমবাংলায় বেশ কিছু আগে, কয়েক মাস আগে ক্ষেতমজুরদের ন্যূনতম মজুরী ধার্য হয়েছে সে সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় এখনও পর্যন্ত সমস্ত জেলাতে এগ্রিকালচার লেবার ইনস্পেক্টর এ্যাপয়েন্টমেণ্ট

কমপ্লিট হয়নি অর্থাৎ প্রশাসনিক ব্যবস্থা মজুরী দেওয়ার ক্ষেত্রে কিছুই হয়নি। এই হচ্ছে এদের পারফরমেন্স। ক্ষেতমজুরদের বা গৃহহীন মানুষদের বাড়ী করে দেওয়ার কথা বলা হয়েছে। যদিও অন্যান্য স্টেট এটা করেছে—এই ব্যাপারে কেরালা গভর্নমেণ্টের পারফরমেন্স অত্যন্ত ভাল, তারা প্রায় ৬০ হাজার বাড়ী কমপ্লিট করেছে এবং ৭৮ মার্চের মধ্যে তারা ১ লক্ষ বাড়ী কমপ্লিট করবে বলেছে। অথচ তাদের বাজেট আমাদের বাজেটের অনেক কম। সেখানে তারা কমপ্লিট করতে পারলো আমাদের গভর্নমেন্ট পারলো না। যদি বুঝতাম সাপ্লিমেণ্টারী বাজেটে গ্রামাঞ্চলে গরীব মানুষদের বাড়ি তৈরি করবার জন্য কিছু টাকা চাওয়া হয়েছে তাহলে বুঝতাম সরকারের কাজকর্মের একটা নির্দিষ্ট গতি আছে, তারা গ্রামের গরীব মানুষদের জন্য বেশি টাকা খরচা করতে চাইছেন। আজকের ত্রুটিগুলি কোথায়। আমি খরচাগুলি লক্ষ্য করে দেখছিলাম। আমাদের সরকার কর্পোরেশন তৈরি করার একেবারে অথরিটি। কোন একটা ব্যাপারে একটা কর্পোরেশন তৈরি করে দাও সেটা ইণ্ডাস্ট্রী থেকে আরম্ভ করে সব ব্যাপারেই। কিন্তু স্যার, তফাৎটা হচ্ছে আপনি যদি লক্ষ্য করে থাকেন যে মহারাষ্ট্রের বা অন্যান্য স্টেটে কর্পোরেশন প্রফিট করে। এখানে আমাদের যে এসেনশিয়াল কমোডিটিস কর্পোরেশন আছে তার কাজ হচ্ছে এসেনশিয়াল কমোডিটিসগুলি বাজার থেকে কিনে পাবলিক ডিস্ট্রিবিউশন সিসটেমকে শক্তিশালী করা। কিন্তু কি হচ্ছে? সর্ষের তেলের ব্যাপক ক্রাইসিস দেখা গেল এর জন্য সাপ্লিমেণ্টারী বাজেটের টাকা বরাদ্দ করা হলো অর্থাৎ আমরা টাকা স্যাংশন করে নিলাম। বিধানসভায় মন্ত্রী মহাশয় টাকা স্যাংশন করে টাকা নিয়ে গেলেন কিন্তু টাকার খরচা কিভাবে হলো তার পারফরমেন্স দেখার কেউ নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বলি এই কারণে আমাদের সমস্ত কর্পোরেশনগুলি ব্যর্থ হয়েছে।

মিঃ স্পীকার ঃ আপনি পি এ কমিটি ও এস্টিমেটস কমিটিতে যতটা পারেন চেক করবেন।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বলেছেন খুবই ভাল যে এস্টিমেটস কমিটি চেক করবে। কিন্তু এই এস্টিমেটস কমিটির সমস্ত রেকমেণ্ডেশনগুলি যদি সরকার মেনে গণতন্ত্রকে আরো শক্তিশালী করেন তাহলে আমরা সকলেই খুব খুশি হবো, এটা করা হয় না দুঃখের কথা হচ্ছে এই। যাই হোক, এসেনশিয়াল কমোডিটিসের কথা আমি বললাম এবং পশ্চিমবাংলায় আজকে আপনার কলকাতায় স্ট্যাটিউটারী র‍্যাশনিং ছাড়া গ্রামাঞ্চলে সামান্য ক্ষেত্রে মডিফায়েড র‍্যাশনিং ছাড়া আর এসেনশিয়াল কমডিটিস সরবরাহ করার ব্যাপারে সরকারী প্রশাসন যে ব্যর্থ হয়েছে সে বিষয় কোন সন্দেহ নেই। সেই ব্যাপারে সরকারের টাকায় তৈরি, সরকার যেগুলিতে ইনভেস্ট করেন এবং সেই ইনভেস্টমেণ্টের জন্য সাপ্লিমেণ্টারী গ্র্যাণ্টও চাওয়া হয়, সেই সমস্ত কর্পোরেশনগুলি কি কি কাজ করছে তার কোন হিসাব নেই, কেউ তার পারফরমেন্স দেখে না। একথা খুবই গুরুত্বপূর্ণ কথা। আমরা মনে করি আগামী দিনে পশ্চিমবাংলায় জিনিসপত্রের দামের ঊর্ধ্বগতি রোধ করার ব্যাপারে নিশ্চয়ই আমাদের অর্থনৈতিক ব্যবস্থা তার গতিপ্রকৃতি নির্ধারিত করবে। কিন্তু গভর্ণমেণ্টের এই সিসটেমের মধ্যেও ভূমিকা আছে। সেই ভূমিকা পালিত হতে পারে যদি সরকার তার এই এসেনশিয়াল কমোডিটিসের ক্ষেত্রে যোগ্য ভূমিকা নেয়, তার পারফরমেন্স রাখে কিন্তু তা করা হচ্ছে না। ইনফ্রাস্ট্রাকচার কর্পোরেশনের কথা বলা হয়েছে। আমার মনে আছে তরুণবাবু যখন কমার্স মিনিস্টার ছিলেন

তখন খুব বড় করে বক্তৃতা করেছিলেন। তাও কথা নয়, গভর্ণমেণ্টকে প্রতি বৎসর টাকা দিতে হয়। এটা ভাল করে লক্ষ্য করে দেখবেন যে সাপ্লিমেণ্টারী বাজেটে তারাও টাকা পাবেন, শুধু এস্টাবলিশমেণ্ট চার্জ বেড়েছে বলে টাকা দেওয়া হয়। কি করেছে পশ্চিমবাংলায় এরা, কি করেছে পশ্চিমবাংলায় ইনফ্রাস্ট্রাকচার। আজকে পশ্চিমবাংলায় চালু শিল্পগুলি ক্ষতিগ্রস্ত হচ্ছে। জুটের কথা আপনি জানেন, পাটশিল্পের কথা আপনি জানেন, পাট-শিল্পে আমি জানি না গোপালবাবুর কি ভূমিকা ছিল। প্রতি বৎসর কেন্দ্রীয় সরকারের কাছে এরা কত পায়, গত বছর ৮০ কোটি টাকা কাস্টমস ডিউটি ছাড় নিয়ে এসেছে। তারা চট-শিল্পটাকে শেষ করে দিয়েছে, পাটের চাষীদের সর্বনাশ করে দিয়েছে দাম কমিয়ে দিয়ে আই. জে. এম. এ. পশ্চিমবাংলাতে। এরা হচ্ছে আমাদের দেশের দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল শক্তি। একথা সত্য যে এই চালু শিল্পগুলি শেষ হয়ে যাচ্ছে। আপনি জানেন সুতাকল শিল্প—ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের অধীনে যে ক'টা আছে তারা চালাচ্ছে, গভর্নমেণ্ট টাকা দিচ্ছে। বাকী যে সুতাকলগুলি আছে তাদের অবস্থা কি এবং সেই শিল্পগুলি কিভাবে শেষ হয়ে যাচ্ছে। মোহিনী মিলের অবস্থা আপনি জানেন, সমস্ত শিল্পগুলি ধ্বংসের মুখে এসে পড়ছে। চালু শিল্পগুলির এই অবস্থা। অপর দিকে নতুন শিল্প প্রতিষ্ঠা করার ক্ষেত্রে যখন ইনফ্রাস্ট্রাকচার তৈরি করে নেওয়া হল, আমরা টাকা দিলাম তার কি পারফরমেন্স হল, ইনফ্রাস্ট্রাকচার কোন নতুন শিল্প গড়তে পারলো? ইনফ্রাস্ট্রাকচার করা মানে খানিকটা জমি দখল করে মাটি বুজিয়ে দেওয়া নয়, ইনফ্রাস্ট্রাকচার মানে আরো অনেক কিছু। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুতরাং আমাদের বাজেটে টাকা চাওয়া হয় কিন্তু পশ্চিমবাংলায় এই অসুবিধার মধ্যে যেটুকু করা যায়—অন্যান্য স্টেটগুলি যেটুকু পরিবর্তন করতে পেরেছে, তা কিন্তু এরা পারেনি একথা আমাদের স্বীকার করতেই হবে। আমাদের পশ্চিমবঙ্গে লেবারের ক্ষেত্রে ধরুন, মাননীয় ডাঃ গোপালদাস নাগ আছেন এবং তিনি হচ্ছেন আমাদের শ্রমমন্ত্রীও বটে। নতুন তাঁর গুরুত্ব বেড়েছে, ফিনান্স মিনিস্টার হয়েছেন, সুতরাং তিনি অন্তত দু'টি গুরুত্বপূর্ণ দপ্তর নিয়ে আছেন, শ্রমদপ্তরের দিকে দেখুন, আমাদের দেশে এ্যাডিশনাল এমপ্লয়মেণ্টের জন্য কত টাকা তাঁরা খরচ করেছেন এবং সাপ্লিমেণ্টারী বাজেটে চাচ্ছেন কিন্তু এ্যাডিশনাল এমপ্লয়মেণ্ট জেনারেট করতে গিয়ে চালু এমপ্লয়গুলি—যাদের চাকরী ছিল সেই রকম কত লোক চাকরী হারালো? সেখানে আমাদের লেবার দপ্তর যারা আমাদের কাছে বেশি টাকা চাচ্ছেন তাদের ভূমিকাটা কি। আমাদের কোন একজন সদস্য বলেছেন নিম্ন কারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে, চালু শিল্পগুলি নষ্ট হয়ে যাচ্ছে, ধরুন চটকল শিল্প তাতে লোক ক্রমশঃ কমছে।

(ডাঃ গোপালদাস নাগ : এটা লেবার প্ল্যানিং-এ আছে।)

এটা আপনার দপ্তরের মধ্যে নয়। যাই হোক এটা চিফ মিনিস্টারের দপ্তর, সেটা আরো ভাল। এখন পশ্চিমবাংলায় কর্মে নিযুক্ত লোকের সংখ্যা কমছে—অন্তত বাড়ছে না, অথচ প্রতি বৎসর নতুন নতুন করে বেকার আসছে। গভর্নমেণ্ট এ্যাডিশনাল এমপ্লয়মেণ্টের মধ্যে দিয়ে কিছু কিছু কাজ দেবার চেষ্টা করছেন কিন্তু চালু শিল্পগুলিতে লোকের কাজ কমে যাচ্ছে, ইঞ্জিনিয়ারিং শিল্পে লোক কমছে, চটশিল্পে লোক কমছে, সুতাকল শিল্পে লোক কমছে, চালু শিল্পগুলিতে লোক কমছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা যখন গ্র্যাণ্ট বাড়াতে চান তখন এর পারফরমেন্সগুলির কোন রিপোর্ট নেই।

[5-20—5-30 p.m.]

পারফরমেন্সের রিপোর্ট নেই। আপনার যে লেবার দপ্তর তার জন্য প্রচুর টাকা খরচ হয়, মাননীয় গোপালদাস নাগ লেবার দপ্তরের মন্ত্রী। আপনি জানেন পশ্চিমবাংলা সরকারের লেবার দপ্তর নিউ সেক্রেটারিয়েটে আছে, সেখান থেকে শ্রমিকদের কালেকটিভ বার্গেনের জন্য কোন বিরোধ নিষ্পত্তি করা কঠিন ব্যাপার। মাসের পর মাস, বছরের পর বছর সেখানে লেবার কেস পড়ে থাকে, ছাঁটাইয়ের কেস পড়ে থাকে, লে-অফ, লে-আউটের কেস পড়ে থাকে, প্রচুর কেস পড়ে থাকে মীমাংসার জন্য। শ্রীগোপালদাস নাগ মহাশয় জানেন রামনাথ গোয়েঙ্কার ন্যাশনাল টোবাকো, এই রামনাথ গোয়েঙ্কা বড় ডেমোক্রেট বলে প্রমাণিত হয়েছেন। আমি সেদিন কাগজে দেখলাম যশপাল হাসপাতালে গিয়ে তিনি জয়প্রকাশ নারায়ণের সঙ্গে দেখা করেছেন, তিনি এখন বড় গণতন্ত্রী বলে প্রচারিত হয়েছেন, এবং তাঁর যে কাগজ সেটাও গণতন্ত্রী কাগজ বলে প্রচারিত, সেই রামনাথ গোয়েঙ্কার ১২০০ শ্রমিক ছাঁটাই হয়ে পড়ে আছে এক বছরের উপর। লেবার দপ্তর কন্সিলিয়েশন কমিটি তৈরী করে দিয়েছে, সেই কমিটির রিপোর্টও তৈরী হয়ে গেছে, এখনও কিছু হয়নি। এই গণতন্ত্রী রামনাথ গোয়েঙ্কার ১২০০ শ্রমিক ছাঁটাই হয়ে দুঃখ-কষ্টের মধ্যে পড়ে আছে তারা অনশন করে—তো লেবার দপ্তর কি করছে? ইলেকট্রিক্যাল ইণ্ডাস্ট্রী কর্পোরেশন, বড় কারখানা, সফিস্টিকেটেড কারখানা তাদের জন্য কিছুই করা হয়নি। লোকগুলি রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। সুতরাং বাজেটে টাকা চাইছেন সাপ্লিমেণ্টারীতে টাকা কিছু বাড়বে, পারফরমেন্স কি হচ্ছে? গভর্ণমেণ্টের বিভিন্ন ডিপার্টমেণ্ট কি কাজ করছে? আপনি জানেন সংবিধানে সমাজতন্ত্রের কথা অন্তর্ভুক্ত করলেই সমাজতন্ত্র আনা যায় না। তার জন্য লড়াই করতে হয়, সেই লড়াই করতে অনেক কষ্ট সহ্য করতে হয়। এগজিস্টিং ক্যাপিট্যাল সিস্টেমে শ্রমিকদের বেনিফিট দেবার যে ব্যবস্থা আছে, ছাঁটাইয়ের ক্ষেত্রে, লক-আউট, লে-অফের ক্ষেত্রে, তাদের বঞ্চনার ক্ষেত্রে সেটা দেবার জন্য আমাদের শ্রমদপ্তর কি করছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার বলি গভর্ণমেণ্ট যে বাজেট তৈরী করেছিলেন তা পাল্টায় নি, ফরমাল গ্র্যাণ্ট পাবার কোন অধিকার নেই। আমি গ্রামাঞ্চলের হাউসিং-এর কথা বলছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন গভর্ণমেণ্টের হাউসিং-এর আলোচনা হচ্ছিল বাজেটের সময় আমি বলেছিলাম গ্রামাঞ্চলে মানুষকে বাড়ী করে দেবার জন্য অন্যান্য গভর্ণমেণ্ট আরও অনেক বেশী টাকা নিচ্ছে, এঁরাও করতে পারতেন, আরও বেশী টাকা চাইতে পারতেন কিন্তু হাউসিং-এর জন্য তা এঁরা চাননি। মধ্যবিত্তদের হাউসিং-এর জন্য আপনি জানেন সরকারকে বাড়ী তৈরী করতে হয়। গভর্ণমেণ্ট হাউসিং বোর্ড করেছেন, তাদের টাকা দিয়ে দেওয়া হচ্ছে, তারা বাড়ী তৈরী করে তা হায়ার পার্চেজ স্কীমে লোকদের কাছে বিক্রি করছে। আপনি জানেন মিডল ইনকাম লোকদের জন্য যে বাড়ী তৈরী করে সেই বাড়ীর দাম প্রচণ্ড বেশী এবং একজন লোক ১০/১২ হাজার টাকা আগাম দিয়ে সেই বাড়ীতে একটা ফ্ল্যাটে যেতে পারে না। আমি জানি না একজন মধ্যবিত্ত লোকের পক্ষে ১৩/১৪/১৫ হাজার টাকা দিয়ে একটা বাড়ীতে যাওয়া সম্ভব কিনা। আমি সরকারকে একটা সুপরামর্শ দেব। হাউসিং বোর্ড যে বাড়ীগুলি তৈরী করছে সেই বাড়ীগুলির কোয়ালিটি ভাল নয়। কণ্ট্রাক্টাররা বাড়ীগুলি তৈরী করে। তার চাইতে লোয়ার ইনকাম গ্রুপের এবং মিডল ইনকাম গ্রুপের লোকদের লোন দিন তারা সেই টাকা নিয়ে যোগাড়যন্ত্র করে বাড়ী তৈরী করতে পারে। কো-অপারেটিভগুলিকে টাকা দিন, এ্যাপেক্স কো-অপারেটিভকে টাকা দিন বাড়ী তৈরী করতে।

আজকে তাদের এমন অবস্থা যেখানে তাদের বাজেট ছিল ৮/১০ কোটি টাকা সেখানে এসে দাঁড়িয়েছে ১ কোটি টাকা, কো-অপারেটিভ হাউসিং হচ্ছে না।

যারা জমি কিনছে কাছাকাছি, তারা যাতে লোন নিয়ে বাড়ী তৈরী করতে পারে, তার কোন ব্যবস্থা নেই, কাজেই তারা টাকার অভাবে বাড়ী তৈরী করতে পারছে না। যেহেতু ঠিকাদাররা আছে সুতরাং তাদের দিয়ে বড় বড় বাড়ী তৈরী করতে হবে এমন সব বিশ্রী এলাকায় যেখানে মানুষ চট করে যেতে চাইবে না। আর গেলেও তার প্রচুর দাম হবে, ভাড়া হবে এবং ফলে Lower middle class-দের প্রচুর টাকা দিয়ে higher purchase-এ যেতে হবে। ভোলানাথ সেন আছেন, আমি তাঁকে বলছি, finance মিনিস্টারকেও বলছি---আপনাদের তো আইন হয়ে গেছে ভাড়া বাকি থাকলে ভাড়াটেকে আপনারা এখন কান ধরে বাড়ী থেকে বের করে দিতে পারেন। সুতরাং কলকাতার শহরতলিতে যাতে নিম্নমধ্যবিত্ত মানুষ অল্প ভাড়ায়, সস্তা ভাড়ায় থাকতে পারে তার ব্যবস্থা করুন। Finance কখনো কাউকে রিলিফ দেয় না। এর আগে আমি বিধানসভায় বলেছি---যতই আপনি কলকাতা থেকে দূরে যান, নতুন বাড়ী হলে ভাড়া তত বেশী, আপনি সিঙ্গীবাগানে ৮০/৯০ টাকায় ফ্ল্যাট পাবেন, কিন্তু বেহালায় যান তার ভাড়া হবে ১০৬ টাকা, ঠাকুরপুকুরে যান ১৪৮ টাকা। তারপর বিষ্ণুপুর, আমতলা যান, তখন সেটার ভাড়া হবে ১৭৫ টাকা for new construction আমি জানি না---যেখানে সমাজতন্ত্রে Subsidy বলে একটা কথা আছে দরিদ্র মানুষের কাছে। যদি সরকারের বেশী খরচ হয়ও আমাদের Construction cost is equal ওটা আর যাই হোক it is nothing of socialism. Construction cost বেড়ে গেলেও subsidised housing-এর ব্যবস্থা থাকা দরকার। ঠাকুরপুকুরে ভাড়া ১৪৮ টাকা সিঙ্গীবাগানের থেকে বেশী। আমতলা-বিষ্ণুপুরে আরো বেশী হবে ১৭৫ টাকা। এটাকে আর যা-ই বলুক সমাজতন্ত্র বলবো না। এসব জিনিস আমাদের ভাবতে হবে। এরই জন্য যদি বলতেন আমরা subsidised housing-এর জন্য বিধানসভার কাছে টাকা চাইছি---তাহলে আমরা নিশ্চয়ই সমর্থন করতাম। তা তো নয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো দু'-একটা কথা বলি---ধরুন শহরে কেন্দ্রীয় সরকার land and ceiling Act করেছেন শহর-সম্পত্তির উপর এটা আমরা সমর্থন করি---জমির উর্ধ্ব-সীমা বেঁধে দিয়েছেন। ভাল করেছেন। সুতরাং নতুন যে কেন্দ্রীয় সরকার এসেছেন অন্ততঃ-পক্ষে তারা এই শহর-সম্পত্তির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া আইনটি নষ্ট করবেন না বলে আশা করি। তবে আমরা জানি না তাঁরা কী করবেন। কিছু পরিমাণ এই আইনের দ্বারা সরকারে ন্যস্ত হবে এটা ঠিক। এ সম্বন্ধে তাদের attitude কী হয়েছে জানা নেই। কেন্দ্রীয় সরকার বোধহয় ভুল করেছেন কতকগুলি এলাকা বেঁধে দিয়েছেন। যেখানে প্রত্যেকটি এলাকায় নির্দিষ্ট পরিমাণ জমি ৭ কাঠা রাখতে পারবেন কী রকম এলাকা। অর্থাৎ চৌরঙ্গীর মত এলাকায়ও আপনি ৭ কাঠা পরিমাণ জমি রাখতে পারবেন। আবার সেই বেহালায় গিয়েও সেই ৭ কাঠা জমি লোকে রাখতে পারবেন। বেহালা মিউনিসিপ্যালিটির বাইরে পার হয়ে আমতলা যাচ্ছেন যেখানেও ঐ ৭ কাঠা রাখতে পারবেন। শহর-সম্পত্তির উর্ধ্বসীমা হচ্ছে এটা। যাকে বলে একেবারে democracy এটা হল democracy for all এটা কেবল text book-এ থাকতে পারে---বুর্জোয়ারা চিরকাল ডেমোক্রেসির কথা বলে কিন্তু It is not democracy for all. বিড়লার যে democracy, তার চাকরেরও সেই democracy এক-

জন জুটমিলের কর্মচারীর ও সেই democracy. এই ডেমোক্রেসিকে meaningfull করতে হলে---উপরের দিকের লোকের ক্ষমতা কমাতে হবে। আর নীচের দিকের লোকের ক্ষমতা বাড়াতে হবে। তাদের powerfull না করতে পারলে এবং weaker section Strengthen না করতে পারলে democracy successfull হয় না। আশা করি কেন্দ্রীয় সরকার এই আইনটা পরিবর্তন করবেন না। জানি না আমাদের পশ্চিমবঙ্গ সরকারের এতে কতটা কি ভূমিকা আছে। এই আইন পাশ হবার পর পশ্চিমবঙ্গ সরকার বলেছেন---তোমরা জমির রিটার্ণ দাও। এর আগে যে সেটেলমেণ্ট শহরে হয়েছে তাতে দেখা গেছে---প্রচুর ভাল ভাল জমি---যেটা বাগান হিসেবে রেকর্ড করা হয়েছে---recorded as gardens. বাগান হলে সেটা শহর-সম্পত্তির উচ্চসীমা থেকে বাদ পড়ে। এই আমাদের বেহালা সেটা second biggest municipality যেখানে গড়ে চার লক্ষ লোকের বাস---সেখানে খোঁজ নিয়ে দেখলাম---ওখানকার বড়লোকদের সব জমি বাগান হিসেবে record করানো হয়েছে। কাজেই সেখানে সেই জমি তো এখন বিক্রি করতে কোন অসুবিধা নেই, আইনে exempted। আর মধ্যবিত্তদের যে সমস্ত জমি আছে, তা তাঁরা বিক্রি করতে পারছেন না। সুতরাং সমস্ত জমির return সরকারের হাতে রয়েছে। সেসব ভাল জমি---এখন সরকার কী করবেন তা আমরা বুঝতে পারছি না। ভাল জমিগুলির কী হবে? Land ceiling-এর বাইরে যে প্রচুর জমি---শহর-সম্পত্তির উর্ধ্বসীমার যে excess land সরকারের হাতে এসেছে, এবং যার return সরকার পেয়েছেন---জানি না এখন সরকার সেই জমির ব্যাপারে কী করবেন? এ সম্পর্কে সরকারের কোন পরিকল্পনা নেই।

(Advice : Tax হবে।)

Tax তো হবে বুঝলাম কিন্তু জমিগুলির কী দশা হবে? তার কোন পরিকল্পনা সরকারের কাছে নেই। বিস্ময়ের ব্যাপার---এতদিনেও কোন পরিকল্পনা হলো না। এই জমিগুলিকে কেন্দ্র করে অনেক রকম পরিকল্পনা করতে পারা যেত---টাউন প্লানিং থেকে আরম্ভ করে নানারকম পার্কেরও প্লানিং করা যেত। দরিদ্র লোকের বসবাসের জন্যও বাড়ী করবার প্লানিং করা যেতে পারতো। এই আইন সরকারের হাতে এখনি মস্তবড় সুযোগ এনে দিয়েছিল। একটা integrated planning করে এই জমিগুলি যাতে ব্যবহার করা যায়, দরিদ্র মানুষের স্বার্থে তথাকথিত শহরকে সুন্দর করবার স্বার্থে, সে সম্বন্ধে এখন পর্যন্ত কিছুই করা হচ্ছে না। কী একটা অফিস করা হয়েছে---সেখানে প্রচুর জমি-সংক্রান্ত কেস জমা পড়ে আছে।

[5-30—5-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি আমাদের পারফরমেন্সের দিকে কারো কোন নজর নেই। আমি পরিশেষে একটা কথা বলি---শিক্ষাক্ষেত্র সম্পর্কে। আপনি জানেন আমাদের পশ্চিমবাংলা সাক্ষরতার ক্ষেত্রে পিছিয়ে আসছে। আমরা ডাইরেকশন অফ বাজেটকে তো সমর্থন করবো। এই বিধানসভায় আমরা বারবার বক্তৃতা করেছি, বারবার বলেছি, সাক্ষরতার ক্ষেত্রে আমরা পিছিয়ে পড়ছি। আমরা দ্বিতীয় ছিলাম, নবম হয়েছিলাম, এখন একাদশে, আরও অনেক পিছিয়ে যাবো। সাক্ষরতা শুধু গভর্ণমেণ্টের এ্যাফোর্টে হয় না, গভর্ণমেণ্ট টাকা দিলে হয় না। আমরা শিক্ষামন্ত্রীকে বলেছিলাম একটা সাক্ষরতা বাহিনী

গঠন করি। আপনাদের বহু লোক আছে, আমাদেরও বহু লোক আছে, বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে নিয়ম করি ডিগ্রী পেতে হলে পাঁচটা ছেলেমেয়েকে অন্তত পড়াতে হবে। সে সম্বন্ধে কোন কিছু হল না। গত বছর যে বাজেট পেশ হয়েছে যার এইটা সাপ্লিমেণ্টারী সে সময় প্রাথমিক স্কুল কম হয়েছে, মাধ্যমিক স্কুল একেবারে হয় নি। No new secondary school has been recognized.

পশ্চিমবাংলায় আমরা এক বছর পার করলাম যে বছরে একটাও মাধ্যমিক শিক্ষা-প্রতিষ্ঠান পশ্চিমবাংলায় এ্যাপ্রুভ হয়নি। তারা দরখাস্ত করেছে। হাজার হাজার স্কুল তারা স্পেশ্যাল পারমিশান নিয়ে ছাত্র পাঠিয়েছে মাধ্যমিক পরীক্ষায়, কিন্তু একটা স্কুলও রেকোগনাইজড হয়নি। এইবার প্রতিটা কন্সটিট্যুয়েন্সীতে দুটো করে রেকোগনাইজড হবে বলে শোনা যাচ্ছে। কিন্তু তাতে কি হবে।

মিঃ স্পীকার ঃ আমার তো ২১টা মৌজায় প্রাইমারী স্কুল নেই।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ আপনার এলাকায় নিশ্চয় বহু দরিদ্র শ্রেণীর মানুষ বাস করে। গভর্ণমেণ্ট সাপ্লিমেণ্টারী বাজেটে এডুকেশান খাতে টাকা বাড়িয়েছেন। যুক্তি দেখিয়েছেন কি কি কারণে টাকা বাড়ানো দরকার। না ইউ জি স্কেল অধ্যাপকদের দিয়েছেন সেইজন্য টাকা বেড়েছে। আমি ব্যক্তিগতভাবে এতে উপকৃত হয়েছি। বাজেটের একটা ডাইরেকশন বুঝতে পারতাম তবে তাকে সমর্থন করতে পারতাম। পরিশেষে একটা কথা বলি পশ্চিম-বাংলার মিউনিসিপ্যাল সারভিসের কথা। আজকে যে কথা কাশীকান্ত মৈত্র মহাশয় মেনশনের সময় তুলেছিলেন। মিউনিসিপ্যালিটির টাকা বেড়েছে, কারণ কর্মচারীদের ডি-এ বাড়াবার ব্যাপারে। পশ্চিমবাংলায় আর যাই হোক, লোক্যাল সেল্ফ গভর্ণমেণ্ট প্রায় উঞ্চ হয়ে গিয়েছে। কোথাও এটা আর লোক্যালাইজ নেই। তারা সেণ্ট্রালাইজ হয়েছে রাইটার্স বিল্ডিংসে। পশ্চিমবাংলার প্রায় বেশিরভাগ মিউনিসিপ্যালিটিতে এক্সিকিউটিভ অফিসার বা কোন কোন জায়গায় মনোনীত বোর্ড পিছনের দরজা দিয়ে ঢুকে গিয়েছে।

0 percent of the municipalities and the biggest Calcutta Corporation.

পাঁচ বছরের বেশি হলো গভর্ণমেণ্টের হাতে রয়েছে। যাই হোক, লোক্যাল সেল্ফ গভর্ণমেণ্ট বা মিউনিসিপ্যালিটির এই হাল। আর পঞ্চায়েতের কথা বাদই দিলাম। ১৪ বছরেও ইলেকসান হয়নি। যাই হোক, পশ্চিমবঙ্গে লোক্যাল সেল্ফ গভর্ণমেণ্ট বলে কিছু নেই। (জনৈক সদস্য : বর্ধমানে আছে।) বর্ধমান ভোলাদার জায়গা। সুতরাং বর্ধমানে তারা পেয়েছে। এই মিউনিসিপ্যালিটির অবস্থা কি? আপনি জানেন গোটা পলিটিক্যাল দৃষ্টিভঙ্গী ক্রিপিলড্ করে রেখেছে। তেমনি অর্থনৈতিক অবস্থাও। এটা লজ্জার কথা পৌরসভাগুলির ডেভেলপমেণ্টের ব্যাপারে মেট্রোপলিটান এলাকায় নির্ভরশীল করে রাখা হয়েছে সি এম ডি এর উপর।

5-40—5-50 p.m.]

সি এম ডি এ-র বিজ্ঞপ্তিগুলি আমি পড়ি—সমরবাবু লেখেন বা অন্য কেউ লেখেন। চমৎকার বিজ্ঞপ্তি পড়তে খুব ভাল লাগে। বেহালার কথা দেখলাম ক'দিন ধরে খুব বেরোচ্ছে—বেহালার রাস্তার এক্সটেনশনের কথা। কিন্তু সি এম ডি এ-র উপর মিউনিসিপ্যালিটিগুলিকে নির্ভরশীল করে রাখা হয়েছে। সি এম ডি এ তো পেনেকা নয়—সর্বরোগহর প্রত্যেকটি

অলিগলিতে রাস্তা করে দেবে। অন্ততপক্ষে এখনও আমাদের অঞ্চলে যেটা গ্রেট মেট্রোপলিটন এলাকা সেখানে ৬০০ প্রোজেক্ট স্যাংশন হয়ে পড়ে আছে। আমি জানি না ভোলাদার কত টাকা আছে এবং সেই টাকায় মিউনিসিপ্যালিটি কাজ করতে পারবে কিনা। আসলে কিন্তু মিউনিসিপ্যালিটিগুলি কাজ করতে পারছে না। একটি রাস্তা পর্যন্ত সারাতে পারে না। মাত্র চার কোটি টাকা দিয়েছেন। একটি রাস্তাও সারাতে পারবে না। একটা ড্রেনেজ একটা স্যুয়ারেজ-এর কাজ নিতে পারে না। একটা মেটারনিটি হোম একটা চ্যারিটেবল ডিসপেনসারী চালাতে পারে না একটা প্রাইমারী স্কুল নতুন করে করতে পারে না। মিউনিসিপ্যালিটিগুলির কোন কাজ নেই এই পশ্চিমবাংলায় এবং এ বিষয়ে কোন সন্দেহ নেই। সুতরাং আমি যদি বুঝতাম যে চার কোটি টাকা চাওয়া হয়েছে সেই টাকা আরও বেশী করে চাওয়া হলে বেশী করে কাজ করতে পারতো এবং অর্থনৈতিক দিক থেকে খানিকটা স্বয়ম্ভর হতে পারতো—সি এম ডি এ-র সহযোগী হতে পারতো পরমুখাপেক্ষী না হয়ে। সেই রকম টাকা চাওয়া হলে বুঝতাম।

I should say local self-government

এর যে প্রিন্সিপাল তাকে আঘাত করা হয়েছে এই গত পাঁচ বছরের মধ্যে। এবং তার জন্য টাকা চাওয়ার মুখ সরকারের নেই। মেডিক্যালের ক্ষেত্রে ফ্যামেলি প্ল্যানিংয়ের জন্য টাকা রাখা হয়েছে। এ সম্বন্ধে আমি কিছু বলছি না। আমি শুধু এর একটা দিকের কথা বলছি। ফ্যামেলি প্ল্যানিংয়ের জন্য বেশী টাকা দেওয়া হয়েছে। আমি নিজে একথা বলি ফ্যামেলি-প্ল্যানিং নিশ্চয় ভাল কথা—সরকার প্রচার করবেন, জোর করবেন না, জোর করতে গিয়ে ভীষণ বিপর্যয় হয় তা তাঁরা বুঝতে পেরেছেন। টাকা চাওয়া হয়েছে পেমেণ্ট করতে হবে যারা ভলেণ্টারিলি ফ্যামেলি প্ল্যানিংয়ে আসবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন এক্ষেত্রে একটা প্রচণ্ড করাপশন গত এক বছর ধরে এই পশ্চিমবাংলায় ঘটেছে। করাপশনটা কী?—যে এক দল লোক ধরে নিয়ে আসে—১০০ টাকা করে পাওয়া যায় যে ভেসোকটমি করবে। যে নিয়ে এলো লোক, একটা এগ্রিমেণ্ট করে, তুমি ৫০ টাকা নেবে আমি ৫০ টাকা নেবো এবং এই চক্রটা আমি বলবো স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন এটা প্রায় কিছুটা প্রশাসনের লোকদের মধ্যে এই চক্রটা আছে—এরা হোল প্রমোটার। যার ফলে আমি নিজে এমন কেস জানি, যে গিয়েছে ফ্যামেলি প্ল্যানিং করতে সে মোটেই টাকাটা পায় নি ২০/২৫ টাকা পেয়েছে বাকীটা অন্য লোক পেয়েছে। এ ঘটনা ঘটেছে। এখন দেখছি এই সমস্ত খাতে বেশী টাকা চাওয়া হয়েছে। এতে দেখছি সরকারের ডাইরেকশন আমাদের অর্থনৈতিক জীবনকে পরিবর্তন করার জন্য নয়। রিলিফের জন্য টাকা চাওয়া হয়েছে—ন্যাচারাল ক্যালামিটি আছে, খরা হয়েছে পশ্চিমবাংলায় আগুনে পুড়েছে তার জন্য টাকা লাগে এবং relief is probably, only one department, only one item-এর জন্য সরকার সবসময় সাপ্লিমেণ্টারী গ্র্যাণ্ট চাইতে পারেন। কিন্তু এই বিধানসভায় বারবার একথা বলা হয়েছে যে কলকাতা সহরের সহরতলীতে যে ভিক্ষুকের সমস্যা আছে তা সমাধান করা হোক ভ্যাগ্রাণ্টস হোমের ব্যাপারে কিছু টাকা বেশী দেওয়া হোক। কিন্তু সে সম্পর্কে কিছু করা হোল না। পশ্চিমবাংলায় এবং কলকাতা সহরের সহরতলীতে কতকগুলি ভ্যাগ্রাণ্টস হোম করার জন্য এবং সেগুলিকে টাকা দেবার জন্য বারবার বলা হয়েছে। যে সমস্ত হোমলেস ভিখারী গাড়ী-বারান্দার নীচে বাস করে সেইসব ভিখারীদের যাতে বাসস্থানের ব্যবস্থা করা হয় তার জন্য রিলিফের খাতে টাকা দেবার জন্য বহুবার বলা হয়েছে

-এদের জন্য একটা ফাইট করার কথা বলা হয়েছে। কিন্তু তার জন্য কোন টাকা চাওয়া হোল ।। সুতরাং আমি যেটা বলতে চাচ্ছি যে, সারপ্লাস বাজেট যে ডিক্লেয়ার করা হোল সেটা কোন-কমে এস্টাবলিশমেণ্ট খরচকে বাঁচানো। আমি আপনার মাধ্যমে ফাইন্যান্স মিনিষ্টারকে লি সারপ্লাস বাজেট যে করেছেন, আগেও সারপ্লাস বাজেট করেছেন এবং এবারেও করেছেন। ামি অবশ্য হরশঙ্করবাবু কিংবা শঙ্করবাবুর মত অর্থনীতি পড়িনি। কিন্তু তবুও আমি বলতে পারি ধ সারপ্লাস বাজেট করাটা কোন ক্রেডিট নয়। একটা সারপ্লাস বাজেট হোল নামে গভর্ণমেণ্ট ব ভাল কাজ করছে এটা বলার কোন মানে নেই। আমাদের বাজেটের সিসটেমটাই মন যে সরকার একটা টাকা খরচ করেন তার জন্য রুলিংয়ের এই যে বিধান—আপনি যে ারপ্লাস বাজেট করলেন—কেন করলেন? গত বছরে যে সারপ্লাস বাজেট হোল সেই ারপ্লাস বাজেটের টাকা আমি শুনেছিলাম মনে আছে যে আপনারা হাউসিংয়ের ক্ষেত্রে দবেন। কিন্তু কি দিয়েছেন? ২৫ লক্ষ টাকা। এর বেশী তো দেন নি আর নতুন কোন াকাও পান নি। সারপ্লাস বাজেটের টাকা হাউসিংয়ে দিলেন না, অন্য কোন কোথায়ও দলেন না শুধু এস্টাবলিশমেণ্ট কস্ট বাড়লো, টি-এ বাড়লো। অথচ পশ্চিমবাংলার সর্বস্তরের রকারী কর্মচারীদের ন্যূনতম যে বেতন যে কথা বারবার আমরা বলেছি সেটা করলেন না। মন কি তার জন্য একটা সিরিয়াস এফর্ট পর্যন্ত হোল না। সরকার যে ক'টি কমিশন করলেন সই কমিশন কয়টাই নিম্নস্তরের এমপ্লয়ীদের জন্য সবটাই মাইনে কমাবার জন্য—কলেজ এমপ্লয়ীদের ক্ষেত্রে তাই হোল। পঙ্কজবাবু বলেছেন ইউনিভারসিটি এমপ্লয়ীদের ক্ষেত্রেও তাই হোল এবং সরকারী কর্মচারীদের গত পাঁচ বছর পরে যে টাকা ডি-এ দেওয়া হোল া কিছুই নয়। আপনার মাধ্যমে ডাঃ নাগকে বলি পশ্চিমবাংলার সরকারী কর্মচারীদের যে এফিসিয়েন্সি কমেছে তার কারণ হচ্ছে স্তরে স্তরে প্রচণ্ড পরিমাণে বিক্ষোভ এবং বঞ্চনা াসা বেঁধেছে—শুধু মাইনের জন্য নয় প্রচণ্ড ডিসক্রিমিনেশন আছে এবং সরকারী কর্মচারীদের দ্বিতীয় শ্রেণীর অফিসার যাঁরা যেমন রেভিনিউ আর্ন করে যা আই এ এস কর্মচারীরা করে না—াঁরা জেলাতে থাকেন ক্লাস টু অফিসাররা তাদের সবাইয়ের মাইনে ১১০০ টাকার মধ্যে। ৭০০/৮০০/৯০০/৬৫০-৩০০-৬০০ স্কেলে—এইভাবে তারা মাইনে পায় এবং এদের মধ্যে প্রচণ্ড পরিমাণে বঞ্চনা বিক্ষোভ বাসা বেঁধে আছে। আপনার মাধ্যমে ডাঃ নাগকে বলি এবারও করলেন না—এদের জন্য সাপ্লিমেণ্টারী গ্রাণ্টেও করলেন না যার ফলে কি অবস্থা হয়েছে বুঝতে পারছেন। আগামী দিনে কি হবে এটা বোঝা যাচ্ছে না—আপনারা থাকবেন কিনা জানি না বা আমরা থাকবো কিনা জানি না—কিন্তু এমন একটা অবস্থা পশ্চিমবঙ্গ সরকারের যে প্রায় ১৭ রকম পে স্কেল রাখা হয়েছে। এবং এর মধ্যে থেকে একটা র‍্যাসন্যাল পে স্কেল তৈরী করা খুব কঠিন ব্যাপার—এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। আজকে সাপ্লিমেণ্টারী বাজেটে এইসব কথাগুলি বললাম অনেকটা এর সঙ্গে প্রাসঙ্গিক না হোলেও বলতে হোল। পশ্চিম-বাংলায় আজকে আন-এমপ্লয়মেণ্ট লক-আউট লে-অফ ছাঁটাই সমস্ত কিছু মিলে যে অবস্থা এবং যেসব ডেভেলপমেণ্ট ওয়ার্ক হয়েছে সেগুলিতে প্রচুর পরিমাণে টাকা নষ্ট হয়েছে—কোন কাজ হয় নি। হরশঙ্করবাবু আগেই বলেছেন এর কোন প্ল্যানিং পর্যন্ত নাই। টাকা প্রচুর নষ্ট হোল—টাকা খরচ করলেন তার কোন হিসাব-নিকাশ করার পশ্চিমবাংলায় সরকারের কোন লোক নাই। সাপ্লিমেণ্টারী বাজেটে টাকা চাচ্ছেন আমরাও দিয়ে দিই বিধানসভা থেকে কিন্তু সেই টাকা কিভাবে খরচ হয় আর কিভাবে দেওয়া হয় ২০/৩০/৩১ তারিখে রাইটার্স বিল্ডিংয়ের এবং গভর্ণমেণ্টের বিভিন্ন ডিপার্টমেণ্টে টাকার হরি-লুট হয়। যে ডিপার্টমেণ্টের

টাকা বাকী আছে টাকা নিয়ে যায়—এডুকেশন ডিপার্টমেণ্টের যে স্কুলগুলি গত চার বছ হয়নি, যে এম এল এদের এলাকায় স্কুলগুলি আছে এই তিন-চার দিনের মধ্যে যে এম এল মন্ত্রীকে ধরতে পেরেছে সে বিল্ডিংস গ্রাণ্ট পর্যন্ত পেয়েছে। কার টাকা কে চাইলো ত কোন হিসাব-নিকাশ নেই ৪/৫/৬/১০ দিনের মধ্যে ঐ লালবাড়ী থেকে টাকা হু-হু ক বেরিয়ে গেল। টাকা খরচ হয়ে যাচ্ছে এবং কেন হচ্ছে কি কারণে টাকা যাচ্ছে কার পাও উচিত ছিল তার কোন হিসাব-নিকাশ নেই। এই ধরনের বাজেটারী সিসটেমে এইভাবে টা খরচ করা যতদিন থাকবে টাকা খরচ হবে গরীব মানুষের জন্য কোন গঠনমূলক কাজ ব সম্ভব হবে না। এরজন্য এই যে সাপ্লিমেণ্টারী বাজেট আনা হয়েছে তার আমি বিরোধি করছি। এবং এই টাকা খরচ করে ফেলেছেন বিরোধিতা করলে বয়ে গেল। কিন্তু বিরোধি করছি এই কারণে যে কথাগুলি বললাম যে আগামী দিনে আপনারা থাকবেন কি আমরা থাক জানি না—কিন্তু এই বিধানসভায় এই কথাগুলি যে বলে গেলাম তাকে কার্যে পরিণত ক লোক রইলো।

Dr. Gopal Das Nag may come and Dr. Gopal Das Nag may go but the final commissioner will remain for ever.

একথা জানা আছে বলেই এর বিরোধিতা করলাম।

The motion of Dr. Gopal Das Nag that the West Bengal Appropriat Bill, 1977, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3, Schedule and preamble

The question that Clauses 1 to 3, schedule and preamble do stand part the Bill, was then put and agreed to.

Dr. Gopal Das Nag : Sir, I beg to move that the West Bengal Appropr tion Bill, 1977, as settled in the Assembly be passed.

The motion was then put and a division taken with the following result

AYES—128

Abdul Rauf Ansari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri
Aich, Shri Triptimay
Anwar Ali, Shri Sk.
Bandopadhayay Shri Shib Sankar
Bandyopadhyay, Shri Sukumar
Banerjee, Shri Mrityunjoy
Banerjee Shri Nandalal
Bapuli, Shri Satya Ranjan
Bar, Shri Ram Krishna
Basu, Shri Durgadas
Bera, Shri Rabindra Nath
Bharati, Shri Ananta Kumar
Bhattacharya, Shri Keshab Chanc
Bhattacharyya, Shri Pradip
Bijali, Dr. Bhupen
Biswas, Shri Kartic Chandra
Bose, Shri, Lakshmi Kanta
Chakravarty, Shri Bhabataran
Chattaraj, Shri Suniti
Chatterjee, Shri Debabrata
Chatterjee, Shri Kanti Ranjan
Chatterjee, Shri Tapan
Chowdhary, Shri Abdul Karim
Das, Shri Barid Baran
Das Shri Jagadish Chandra
Das, Shri Rajani
De, Shri Asamanja

)e, Prof. Chandra Kr.
)eshmukh, Shri Netai
)oloi, Shri Rajani Kanta
)olui, Shri Hari Sadhan
)utta, Shri Adya Charan
:kramul Haque Biswas, Shri
)ayen, Shri Lalit
)hiasuddin Ahmed, Shri
)hosh, Shri Lalit Kumar
)hosh, Shri Prafulla Kanti
)hosh Moulik, Shri Sunil Mohon
)oswami, Shri Sambhu Narayan
)urung, Shri Gajendra
)yan Singh, Shri Sohanpal
Iabibur Rahaman, Shri
Ialder, Shri Harendra Nath
Ialder, Shri Manoranjan
Iembrom, Shri Benjamin
Iembram, Shri Kamala Kanta
Kar, Shri Sunil
Khan, Shri Gurupada
Khan, Shri Nasiruddin
Khan, Shri Samsul Alam, Shri
Lohar, Shri Gour Chandra
M. Shaukat Ali, Shri
Mahanto, Shri Madan Mohan
Mahato, Shri Satadal
Mahato, Shri Sitaram
Maiti, Shri Braja Kishore
Maji, Shri Saktipada
Mal, Shri Dhanapati
Mandal, Shri Arabinda
Mandal, Shri Gopal
Mandal, Shri Nrisinha Kumar
Mandal, Shri Probhakar
Mandal, Shri Santosh Kumar
Mazumdar, Shri Indrajit
Md. Safiullah, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Mira Rani
Mohammad Dedar Baksh, Shri
Mojumdar, Shri Jyotirmoy
Mondal, Shri Aftabuddin
Moslehuddin Ahmed, Shri
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Shankar
Mukherjee, Shri Mrigendra
Mukherjee, Shri Subrata
Mukhopadhyay, Shri Mahadeb
Mundle, Shri Sudhendu
Nag, Dr. Gopal Das
Naskar, Shri Arabinda
Naskar, Shri Ardhendu Sekhar
Nurunnesa Sattar, Shrimati
Palit, Shri Pradip Kumar
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon
Patra, Shri Kashinath
Paul, Shri Bhawani
Poddar, Shri Deokinandan
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Ananda Gopal
Roy, Shri Bireswar
Roy, Shri Debendra Nath
Roy, Srimati Ila
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishna Pada
Roy, Shri Madhu Sudan
Saha, Shri Dwija Pada
Saha, Shri Nirad Kumar
Santra, Shri Sanatan
Saren, Shrimati Amala
Saren, Shri Dasarathi
Sarkar, Dr. Kanai Lal
Sarkar, Shri Nil Kamal
Sarker, Shri Jogesh Chandra
Sen, Dr. Anupam
Sen, Shri Bholanath
Sen, Shri Sisir Kumar
Sen Gupta, Shri Kumar Dipti
Shamsuddin Ahmed, Shri

Singha, Shri Lal Bahadur
Singha, Shri Satyanarayan
Singhababu, Shri Phani Bhusan
Singha Roy, Shri Probodh Kumar
Sinha, Shri Atish Chandra
Sinha, Shri Panchanan
Sinha Roy, Shri Bhawani Prosad
Tewary, Shri Sudhanshu Sekhar
Tirkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra
Wilson-de Roze, Shri George Albert

NOES—12

Ali Ansar, Shri
Bhattacharyya, Shri Harasankar
Chakrabarti, Shri Biswanath
Das, Shri Bimal
Dhar, Shri Sachindra Kumar
Ghosh, Shri Sisir Kumar
Mondal, Shri Anil Krishna
Mukhopadhyaya, Shri Girija Bhusa
Oraon, Shri Prem
Panda, Shri Bhupal Chandra
Roy, Shri Aswini Kumar
Sinha, Shri Nirmal Krishna

The Ayes being 128 and the Noes 12 the motion was carried.

Adjournment

The house was then adjourned at 5-50 p.m. till 1 p.m. on Wednesday, th 30th March 1977, at Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 30th March, 1977, at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 11 Ministers, 3 Ministers of State, 1 Deputy Minister and 166 Members.

[1-00—1-15 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take Oath)

OBITUARY

Mr. Speaker : Honourable members, before I take up the business of the House, I would like to refer to the death of Shri Santosh Kumar Basu, a former Minister of undivided Bengal. Shri Basu died on Sunday last at the age of 88. Born in the year 1889 at Ranaghat in the district of Nadia, Shri Basu received his early education at Ranaghat. On completion of his school education he was admitted at first to the St. Xavier's College, Calcutta, moved to the Ripon College (now Surendranath College), Calcutta sometime after, and took his B.A. degree therefrom. After passing the M. A. Examination from the Presidency College, Calcutta, he obtained the Law Degree from the University of Calcutta.

While at Ripon College, Shri Basu came into close contact with Surendra Nath Banerjee and joined the Swadeshi Movement.

He joined the Bar of the Calcutta High Court in 1914 and soon established himself as a successful criminal lawyer.

His association with the Calcutta Corporation began in 1924 when he was entrusted with responsible work under the dynamic leadership of its first Mayor, Deshabandhu Chittaranjan Das. After the death of Deshabandhu, Shri Basu was elected Leader of the Congress Party in the Corporation. In 1931 he was elected Deputy Mayor and two years later became the Mayor.

For sometime Shri Basu was Swarajist Member of the Bengal Legislative Council. He was appointed Minister of Public Health, Local Self-Government and Civil Defence in Mr. Fazlul Haque's third coalition Ministry from December, 1941 to March, 1943.

Shri Basu was appointed Deputy High Commissioner for India in Pakistan at Dacca from 1948 to 1950.

He was a member of the Board of Secondary Education, West Bengal in 1953 and 1954.

Shri Basu was also a Member of the Rajya Sabha for two terms.

In the death of Shri Basu the country has lost a first rate politician and an able administrator.

I would now request the honourable members to rise in their seats and observe silence for two minutes as a mark of respect to the departed soul.

(Members rose in their seats and observed silence for two minutes)

Thank you, Ladies and Gentlemen.

Secretary will please send the message of condolence to the bereaved family.

(Including Adjournment)

1-50—2-00 p.m.]

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker : I have received 19 notices of calling attention on various subjects out of which I have selected the notice of Shri Md. Safiullah and three others on the subject of forged university circular to postpone M. B. B. S. examination.

The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : On the 1st April, Sir.

Mr. Speaker : The remaining notices are taken as read and laid on the table.

Financial stringency of certain Higher Secondary Schools in introducing 12—class course—from Shri Md. Safiullah and another,

Preservation of fish—from Shri Md. Safiullah and another,

T. R. work in rural areas—from Shri Md. Safiullah and another,

Commissioning of new Santaldih Unit—from Shri Md. Safiullah and another,

Forged University circular to postpone M.B.B.S. examination—from Shri Md. Safiullah and three others,

Financial assistance to re-construct dilapidated primary schools—from Shri Md. Safiullah and another,

Release of D.V.C. water of BORO crop—from Shri Md. Safiullah and another,

Water crisis in Darjeeling Town and other villages—from Shri Md. Safiullah and three others,

Power crisis in Calcutta and neighbourhood—from Shri Md. Safiullah and three others,

Repair of derelict tubewells—from Shri Md. Safiullah and another,

Measure to eradicate chicken pox—from Shri Md. Safiullah and another,

Spraying of insectiside—from Shri Md. Safiullah and another,

Control of filaria—from Shri Md. Safiullah and another,

Financial relief for fishermen and weavers—from Shri Kashinath Misra and two others,

Relief measures for drought-hit areas—from Shri Kashinath Misra and six others,

Rise in price of essential commodities—from Shri Md. Dedar Baksh and two others,

Sanction of grants to unrecognised educational institutions—from Shri Kashinath Misra and two others,

Attack on congress workers—from Shri Md. Dedar Baksh and another, and

Accumulation of unattended work in Writers Buildings—from Shri Md. Dedar Baksh.

Mr. Speaker : Honourable members, there is some difficulty in the electricity circuits. You know that there are three circuits in the Assembly House and only one is functioning and it can go on only for 10 or 15 minutes. If we continue the House beyond that the entire transformer may burst. So to repair the same and to make it in order I adjourn the House for half an hour. I think within that period it will be all right.

(At this stage the House was accordingly adjourned for half an hour)

(After Adjournment)

[2-00—2-10 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা কথা রাখতে চাইছি। আমরা আজকে দেখলাম, বিধানসভা ভবনে ১৯৬২ সাল থেকে এখানে আছি, ১৯৬২ থেকে ১৯৬৭ সাল পর্যন্ত এম এল এ, ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত এম এল সি আবার ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত। এইরকম অবস্থা আমি কোনও দিন দেখিনি যে বিধানসভা লাইটের অভাবে অচল হয়ে যায়। এটা কেন হচ্ছে এটা একটু হিসাব-নিকাশ করে দেখুন। ঘণ্টার পর ঘণ্টা এইরকমভাবে বিধানসভা অচল হয়ে থাকছে এবং যার ফলে কাজকর্মের অসুবিধা হচ্ছে। এটা কেন্দ্র থেকে তলে তলে কিছু হচ্ছে না তো ? আপনি আজকে বিধানসভার অধ্যক্ষ, আপনার দৃষ্টি আকর্ষণ করা ছাড়া আর কোন উপায় নেই, সেই জন্যই আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker : I call upon the Hon'ble Shri Bholanath Sen to explain the position.

শ্রীভোলানাথ সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে কণ্ট্যাক্ট সুইচ আছে, সেই কণ্টাক্ট সুইচের একটা তার মেকানিক্যাল ফেলিয়োরের জন্য পুড়ে গেছে। এটা বদলাতে হবে এবং বদলাতে আনুমানিক দু' ঘণ্টা সময় লাগবে এবং লোকজন কাজ আরম্ভ করে দিয়েছে। আমার ধারণা দু' ঘণ্টার মধ্যে এটা করা যাবে। এ্যাডিশন্যাল চীফ ইঞ্জিনিয়ার আসছেন এবং ফর্মার চীফ ইঞ্জিনিয়ার যিনি ছিলেন তাঁকেও খবর দেওয়া হয়েছে, তিনিও যাতে আসেন। কারণ এখন তিনি অন্য ডিপার্টমেণ্টে কাজ করছেন।

(গোলমাল)

শ্রীআবদুল বারি বিশ্বাস : এখানকার ইঞ্জিনিয়ার আছেন, মেকানিক আছেন, তারা জানবেন না এই ধরনের ব্যবহার কখনও হয়নি। যান্ত্রিক গোলযোগ হলে আমাদের বিধান-সভার মেকানিক আছেন, সেই মেকানিক খবর রাখলো না, বিধানসভার কাজ অচল হয়ে গেল। তারপর মন্ত্রী মহাশয় খবর পেলেন, এখানে এ্যাডিশন্যাল চীফ ইঞ্জিনিয়ারকে ডাকলেন এবং দু' ঘণ্টা সময় চাইতে হল। আমার কথা হচ্ছে বিধানসভার মেকানিক কেন আগে জানতে পারলো না যে এখানে একটা মেকানিক্যাল গণ্ডগোল থাকতে পারে।

(গোলমাল)

Mr. Speaker : Mr. Biswas, when I have called the Hon'ble Minister to explain the matter, it is common courtesy that he should be allowed to speak.

(Noise)

Mr. Speaker : Honourable members, please take your seats. I have not given permission to any other honourable members to speak. I have given the floor to Mr. Bholanath Sen. He is explaining the matter. Let him finish. He has the right to be heard. After he has finished, other honourable members may speak.

শ্রীভোলানাথ সেন : মিঃ স্পীকার স্যার, এখানে যে ইলেকট্রিক্যাল ষ্টাফ আছে, এ্যাসিষ্ট্যাণ্ট ইঞ্জিনিয়ার এ্যাণ্ড আদার্স, তারা সবাই কাজ করছেন। আমি আরও সিনিয়ার ম্যান ডেকেছি।—তাদের থাকার কথা নয়, তবু ডেকেছি এই কারণে যাতে কাজটার মধ্যে কোনও গলদ না থাকে। এখানকার ষ্টাফ অলরেডি কাজ করছে, দু' ঘণ্টার মধ্যে তারা এই ফল্ট টেম্পোরারিভাবে মেরামত করতে পারবে। পার্মানেণ্টলি করতে গেলে পরে করতে হবে। টেম্পোরারীভাবে যাতে ঠিকমত হয়, যাতে কোনরকম ভুল না হয় সেইজন্য আরো সিনিয়র ম্যানকে আনা হয়েছে এবং এখানে যাঁরা আছেন তাঁরাও কাজ করছেন। আমি বলছি দু' ঘণ্টার মধ্যে এটা হয়ে যাবে। এটা এ্যাকসিডেণ্টাল হ্যাপেনিং। একটা এ্যাকসিডেণ্ট হয়ে গেছে, এটার জন্য কেউ দোষী নয়, কেউ দায়ী নয়।

[2-10—4-10 p.m.]

(Including Adjournment)

Mr. Speaker : It is an accidental failure. So no one is responsible for it and there is no sabotage as has been suggested by Mr. Biswas. So I accept the statement made by the Hon'ble Minister, and I adjourn the House for two hours.

(At this stage the House was adjourned for two hours)

(After Adjournment)

Mr. Speaker : Mention Cases will not be taken up to-day because we are already late by several hours. The Mention Cases already submitted to me will be taken up to-morrow.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক : সাধারণ রীতি অনুযায়ী যে-সমস্ত বিধানসভার সদস্য এবং প্রাক্তন সভ্য মারা যান তাঁদের জন্য শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। আমাদের বর্ধমান জেলার একজন স্বাধীনতা সংগ্রামী এবং বিধানসভার প্রাক্তন সভ্য যিনি ১৯৪৬ সালে কালনা-কাটোয়া-আসানসোল কেন্দ্র থেকে এবং ১৯৫২ সালে মন্তেশ্বর থেকে নির্বাচিত হয়েছিলেন সেই শ্রীঅন্নদাপ্রসাদ মণ্ডল মহাশয় গত ৮ই মার্চ তারিখে মারা গেছেন। কিন্তু তার জন্য কোন শোকপ্রস্তাব গ্রহণ করা হয়নি। আমি আশা করেছিলাম শ্রীসন্তোষ বসু মহাশয়ের সঙ্গে এটা গ্রহণ করা হবে। কিন্তু তা হল না। সেজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করলাম।

Mr. Speaker : I am greatful to you because you have brought it to our notice. It was not known to us whether he died or not. Perhaps is no newspaper it has been published so far. I will be happy if you give details of his political life. If you give the authentic news of his death certainly due respect will be paid to him.

Shri Puranjoy Pramanik : লাইব্রেরিতে সব আছে।

Mr. Speaker : I shall be happy if you give the date of his death in writing. Obituary reference will be made to-morrow. Thank you for the information you have given to me.

শ্রীঅজিত পাঁজা : স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে আপনার কাছে নিবেদন করছি আজকের স্টেটসম্যানের ৩-এর পাতায় যে খবর বেরিয়েছে তার ব্যানার লাইন হচ্ছে Speaker asks Minister to be present in the House. আপনি যখন বলছিলেন তখন আমি শুনেছিলাম। কিন্তু তার ভেতরে পুরো নিউজ পড়লে যেটা দেখা যাচ্ছে তাতে বোঝা যাচ্ছে আমার একটা দপ্তর যেটা পাইপ ওয়াটার সাপ্লাই মফস্বল বা গ্রামে পাইপ দিয়ে জল সরবরাহ করে। এই দপ্তর সম্পর্কে শ্রীকিরণ্ময় ডিহিদার আসানসোল এলাকার সম্বন্ধে একটা প্রশ্ন করেছিলেন। আমি এখানে উপস্থিত ছিলাম, তার উত্তর দিয়েছি। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় শ্রীডিহিদার যে কথা বলেছেন সেটা কাগজে দেওয়া হয়েছে, আমার উত্তরটা কাগজে স্থান পেল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাগজে এইভাবে দেওয়া হয়েছে ৩-এর পাতাতে—

[4-10—4-20 p.m.]

"The Speaker, Mr. Apurbalal Mazumdar said in the West Bengal Assembly on Tuesday that the Minister should be present in the House to listen to members when they referred to important matters which concerned the Government. "He said to the irate members I know you have reasons to feel aggrieved, I am repeating my earlier request to Ministers to be in the House". The members were annoyed that while they were trying to draw the Government's attention to such matters as lack of drinking water in the districts there was no Minister to listen to them. Apparently they were not satisfied with the presence of only the Minister for Parliamentary Affairs."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে উপস্থিত ছিলাম এবং তার পরের লাইনে বলছে—

"Mr. Niranjan Dihidar (C.P.I.) said people in the Asansol area were suffering from scarcity of drinking water and at least one lakh people had been affected. He claimed that a can of water was being sold for a rupee there He was supported by Shri Sukumar Banerjee of the Congress."

বলেই কাগজ এখানে থেমে গেল, আমি যে উত্তরটা দিয়েছিলাম সেটা জনসাধারণকে জানান হল না। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে এবং নম্রতার সঙ্গে জানাচ্ছি জনসাধারণ নিশ্চয়ই মাননীয় সদস্যরা যেটা বলেন সেটা জানবেন, সেই সঙ্গে সঙ্গে আমরা দায়িত্ব যতটুকু পালন করেছি জনসাধারণের প্রতি এবং এই হাউসের প্রতি সেটুকু খবরের কাগজে স্থান পেলে জনসাধারণ প্রকৃত চিত্র পেতেন। আমার অনুরোধ আপনার মাধ্যমে প্রেসকে যে, যদি কোন নিউজ আইটেম দেওয়া হয় তাহলে তাঁরা যেন সমস্ত জিনিসটা দেন, এপক্ষ এবং ওপক্ষ কি বলেছেন সমস্ত নিউজটা তাহলে জনসাধারণের কাছে উপস্থাপিত করা যায়।

Mr. Speaker: I would also request the members of the Press that balanced views of both the sides whether it is from the Opposition or from the members of the Treasury Bench be published by the Press so that the people can have balanced views of all sides. If view of only one side i. e. views of the individual member are given and the reply of the Hon'ble Minister is not given then people will not get a correct picture. So my humble request to all the members of the Press who are present here and who are not present here that they will look into the matter and give a balanced view. Allegations or complaints that have been made by the individual members as well as the replies of the Hon'ble Minister should be properly represented in the Press that is my humble request to the Press. For the interest of democracy, I think, a faithful account of business that has been transacted in the House will be reflected in the Press, that is my earnest request to the Press.

Shri Ramdas Banerjee: Mr. Speaker Sir, I would say that this is not the first occasion that this is happening—previously also this was also not done by the Press.

Mr. Speaker: However, I would again say that as the speech, complaint or allegation of individual members will be published in the news item by the

Press, the replies of the Hon'ble Minister should also be there. One-sided picture is not correct but a faithful account of the entire business that is transacted or has been transacted in the House should be published by the Press.

Shri Rathin Talukdar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক যুবকংগ্রেস, পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক ছাত্র-পরিষদের পক্ষ থেকে কয়েক হাজার যুবছাত্র আপনার সঙ্গে সাক্ষাৎ করবার জন্য আসছিল।

Mr. Speaker : Mr. Talukdar, if you want to mention any matter you first come to me and seek my permission. However, I allow you to mention your case.

শ্রীরথীন তালুকদার : মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ গণতন্ত্রী যুবকংগ্রেস এবং পশ্চিমবঙ্গ গণতন্ত্রী ছাত্র পরিষদের পক্ষ থেকে আপনার সঙ্গে সাক্ষাৎ করবার জন্য কয়েক হাজার যুব এবং ছাত্র এখানে আসছিলেন কিন্তু পুলিশ তাদের পথে বাধা দিয়েছে। আমি আপনার অনুমতি নিয়ে তাঁদের দাবী অতি সংক্ষেপে আপনার কাছে পেশ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের পূর্বে জনগণের কাছে ৫ বছরের জন্য যে রায় বা প্রতিশ্রুতি নেওয়া হয়েছিল তার শর্ত অনুযায়ী নির্বাচনের সময় উত্তীর্ণ হয়ে গেছে। সেইজন্য আমরা দাবী করছি পশ্চিমবাংলার সাধারণ মানুষের স্বার্থে এবং বিগত নির্বাচনে সাধারণ মানুষের রায়ের অনুকূলে অবিলম্বে বিধানসভা ভেঙে দেওয়া হোক এবং পশ্চিমবাংলার মানুষের স্বার্থে সাধারণ নির্বাচনের দিন ঘোষণা করা হোক। আমরা মনে করি ভারতবর্ষের কোটি কোটি জাগ্রত জনসাধারণ সকলে মিলে গত লোকসভার সাধারণ নির্বাচনে যে রায় দিয়েছে তার প্রতি সম্মান প্রদর্শন করে অবিলম্বে পশ্চিমবাংলার মন্ত্রিসভার পদত্যাগ করে চলে যাওয়া উচিত। তাঁরা যে স্মারকলিপি দিয়েছেন সেটি আমি আপনার কাছে পেশ করছি।

(নয়েজ)

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রথীন তালুকদার যে বক্তব্য এখানে রাখলেন সেই প্রসঙ্গে আমি দুটি কথা আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। ১৯৭২ সালের সাধারণ নির্বাচনের পর পশ্চিমবাংলার বিধানসভা গঠিত হয় এবং সেই গঠিত হবার পর আজ পর্যন্ত এমন কোন ঘটনা ঘটেনি যার জন্য তিনি বলতে পারেন এখনই বিধানসভা ভেঙে দেওয়া উচিত। কাজেই আমি মনে করি তাঁর বক্তব্য সম্পূর্ণ উদ্দেশ্য-প্রণোদিত।

Mr. Speaker : Mr. Biswas, you know that just now I rebuked Mr. Talukdar who stood up to speak without taking my permission. I said that he could only speak after taking my permission and Mr. Talukdar apologised before the House. In this case, I have not given you the permission to speak.

শ্রীআবদুল বারি বিশ্বাস : স্যার, আমি এইজন্য আপনার কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি। আপনি দয়া করে আমাকে এই ব্যাপারে দু' মিনিট বলার সুযোগ দিন। মাননীয় সদস্য রথীন তালুকদার মহাশয় আজকে এখানে এই বক্তব্য রাখলেন কিন্তু তাঁর মনে রাখা উচিত ১৯৭২ সালের সাধারণ নির্বাচনে তিনিও আমাদের সঙ্গে জনতার রায় নিয়ে এখানে এসেছেন।

Mr. Speaker : I have not given you the permission but still you are continuing.

শ্রীআবদুল বারি বিশ্বাস : স্যার, আমি আপনার কাছে ক্ষমা চেয়ে এই ব্যাপারে শুধু দু' মিনিট বলব। মাননীয় সদস্য রথীনবাবু যে ভাষায় এখানে কথা বললেন তাতে আমি খুব দুঃখিত হয়েছি।

Mr. Speaker : It is too late now, you ask for my permission on any other occasion and I will give you permission.

শ্রীআবদুল বারি বিশ্বাস : স্যার, ব্যাপারটা খুবই জরুরী কাজেই এই ব্যাপারে আপনি দয়া করে আজকেই আমাকে দু' মিনিট বলতে দিন।

Mr. Speaker : Please take your seat Mr. Biswas. I would had given you permission but I find that sometimes you stand up and start speaking without taking my permission and go on continuing your speech inspite of my request to take your seat. I find that sometimes you do not like to pay due respect to the Chair. Please do not do that.

Shri Abdul Bari Biswas : স্যার আমি আপনার কাছে দু' মিনিট সময় আজকে চেয়ে নিচ্ছি। দয়া করে আপনি আমাকে সেই সময়টা দিন।

Mr. Speaker : Two minutes only.

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য রথীনবাবু আজকে এখানে এই বক্তব্য রাখলেন কিন্তু পশ্চিমবাংলার মানুষ জানে ১৯৭২ সালের সাধারণ নির্বাচনে নির্বাচিত হবার পর আমাদের মত তিনিও এই বিধানসভায় নির্বাচিত হয়ে এসেছেন এবং জনতার রায়ে এই বিধানসভা গঠিত হয়েছে। কেন্দ্রীয় সরকার কনস্টিটিউশন এ্যামেণ্ড করে বিধানসভার লাইফকে ৫ বছরের জায়গায় ৬ বছর করেছেন এবং লোকসভা সেই আইন পাশ করেছে। লোকসভায় যে সদস্যরা ছিলেন তাঁরাও জনসাধারণের দ্বারা নির্বাচিত প্রতিনিধি। কাজেই আজকেই বিধানসভা ভাঙার প্রশ্ন কোথা থেকে আসছে? ১৯৭৭ সালের নির্বাচনের রায় জনতা সরকারের পক্ষে গেছে কিন্তু ১৯৭২ সালের নির্বাচনের রায় হয়েছিল কংগ্রেসের পক্ষে। আমি মনে করি আজকে রথীনবাবু যে বক্তব্য রাখলেন সেটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত, এর মধ্যে সারবত্তা কিছু নেই। বাইরে থেকে কিছু লোক দাবী করতে পারে কিন্তু আমি মনে করি বিধানসভা আজকেই ভেঙে দেবার কোন কারণ ঘটেনি। ১৯৭২ সালের নির্বাচনে নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা গঠিত সরকার ১৯৭৮ সাল পর্যন্ত থাকবে।

[4-20—4-30 p.m.]

LEGISLATION

The Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1977

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to introduce the Shri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1977.

(Secretary then read the title of the Bill)

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1977, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে এই প্রসঙ্গে আমি হাউসের সামনে কয়েকটি কথা রাখতে চাই। আপনার বোধহয় স্মরণ আছে যে আজ থেকে চার বছর আগে আমরা এই হাউসের সকলের সম্মতি নিয়ে কামারপুকুর কলেজ যেটার নাম হচ্ছে শ্রীরামকৃষ্ণ সারদা মহাবিদ্যাপীঠ-এর পরিচালন ব্যবস্থা সরকার হাতে নেন। মোটামুটি তার কারণ ছিল এই যে, কামারপুকুর শিক্ষা সংসদ বলে একটা ট্রাস্ট গঠিত হয়েছিল সেই ট্রাস্ট বডি ম্যানেজিং এজেন্সীর মত এই কলেজ এবং আরও কিছু কিছু শিক্ষা-প্রতিষ্ঠান পরিচালনা করতেন। তাদের পরিচালনার ফলে দেখা দিয়েছিল যে অনেক টাকা-পয়সা ঠিকমত ব্যবহার হয়নি এবং পরিচালন ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি দেখা দিয়েছিল। এই প্রসঙ্গে সেই সময় সরকারের পক্ষ থেকে একটা অনুসন্ধানের ব্যবস্থা করা হয় এবং বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকেও অনুসন্ধান করা হয়। বর্ধমান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তারা অনুসন্ধান করে তৎকালীন পরিচালন সমিতি অর্থাৎ গভর্নিং বডি অব দ্যাট কলেজ তাদের তারা সুপারসিড করার নির্দেশ দেন। কিন্তু আদালতে সেটি আনা হয় এবং ইনজাংসান করা হয়। এইরকম পরিপ্রেক্ষিতে সরকার সেই কলেজের পরিচালন ব্যবস্থা গ্রহণ করেন। সেই মর্মে ১৯৭৩ সালে আমরা একটি বিল এই হাউসে এনেছিলাম এবং সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছিল। তবে তাতে বলা ছিল যে এই পরিচালন ব্যবস্থা দুই বছরের জন্য। কিন্তু দুই বছর অতিক্রান্ত হওয়ার পরেও আমরা দেখি পরিচালন ব্যবস্থায় এখনও কিছু ত্রুটি রয়ে গেছে। আমরা সেইজন্য আজ থেকে দুই বছর আগে সে আইনের মেয়াদকাল বাড়িয়েছিলাম এবং আজকে এখানে এসেছি আপনাদের সামনে আরও দুই বছরের জন্য এই আইনের মেয়াদকাল বাড়ানোর জন্য---এটাই আমাদের লক্ষ্য। আমরা ইতিমধ্যে কিছু কিছু কমিটির দ্বারা অনুসন্ধান করিয়েছি এবং আমাদের আগে যে ধারণার বশবর্তী হয়ে ঐ মহাবিদ্যাপীঠের পরিচালন ব্যবস্থা নিয়েছিলাম সেই ধারণা আরও দৃঢ়ভূত হয়েছে। একটা অসুবিধা দেখা দিয়েছে আমরা আগের আইনে এ্যাডমিনিস্ট্রেটার করার ব্যবস্থা রেখেছিলাম সেটা আমাদের এবারেও রাখতে হচ্ছে কিন্তু ইতিমধ্যে মাননীয় সদস্যরা তাঁরা জানেন যে কিছু মুদ্রিত প্রচারপত্র আমাদের হাতে এসেছে তার মধ্যে কিছু কিছু দুর্নীতির অভিযোগ আছে সেগুলি নিশ্চয় অনুসন্ধানসাপেক্ষ সেটা আমরা সমর্থন করি না। সেইজন্য কোন কোন ক্ষেত্রে এ্যাডমিনিস্ট্রেটার যিনি ছিলেন মহকুমা শাসক তাকেও দায়ী করা হয়েছে। সেইজন্য আমাদের ইচ্ছা এবারে যখন এ্যাডমিনিস্ট্রেটার করবো এস ডি ও-কে না করে অন্য কাউকে করতে পারি, আমাদের চিন্তা এ্যাড-হক কমিটি করে দেব। আমরা সেই মর্মে আপনার কাছে এই প্রতিশ্রুতি দিচ্ছি যে যথাশীঘ্র সম্ভব দরকার হলে আগেকার যে আইন তা অদল-বদল করে যাতে এ্যাড-হক কমিটি করা যায় সেই ব্যবস্থা আমরা গ্রহণ করবো। এই কথাগুলি বলে আপনার মাধ্যমে সদস্যদের কাছে এই বিলটার সমর্থনের জন্য আবেদন জানাচ্ছি।

শ্রীমতী ইলা মিত্র : অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় শ্রীরামকৃষ্ণ সারদা মহাবিদ্যাপীঠ সংশোধনী বিল, ১৯৭৭, যেটা এখানে এনেছেন এবং দু' বৎসরের জন্য তার লাইফ এক্সটেনশনের জন্য উপস্থিত করেছেন তাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি। তিনি বলেছেন, এখানে অনেকেই এই মহাবিদ্যাপীঠটি টেক ওভার করার জন্য বলেছিলেন। কিন্তু শিক্ষামন্ত্রী মহাশয় আর একটা

বললেন না যে পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয় এবং কলেজের শিক্ষক সমিতির পক্ষ থেকে ৮ হাজার অধ্যাপক তাঁরা আপনার কাছে বারবার ডেপুটেশন এবং বারবার দাবী করেছেন যে এই মহাবিদ্যালয়ের পরিচালনার ভার আপনারা গ্রহণ করুন। সেই অনুযায়ী—আমার কাছে এখানে লিস্ট আছে, যে কতবার ডেপুটেশন হয়েছে, হাংগার স্ট্রাইক হয়েছে, ম্যাস ডেপুটেশন হয়েছে, এর ফিরিস্তি পড়তে গেলে অনেক সময় লাগবে, এইভাবে হাজার হাজার মানুষের মিটি হয়েছে। সেখানে এই ব্যবস্থা চলেছে—কোনরকম কারণ না দেখিয়েই ১৪ জন অধ্যাপক এবং একজন লাইব্রেরিয়ানকে ছাঁটাই করা হয়েছিল। তাছাড়া শিক্ষামন্ত্রী মহাশয় নিজেই তো বললেন যে টাকা-পয়সা ইত্যাদির ইরেগুলারেটিস ছিল এবং তারপর ভিজিলেন্স কমিশন হয়েছে, নানারকম তার রিপোর্ট উপস্থিত হয়েছে, আমি সেদিকে যাচ্ছি না, কাজেই '৭২ সালে যে টেক ওভার গভর্ণমেণ্ট করেছিলেন সেটা খুব সঙ্গত কাজ করেছিলেন কিন্তু সেই সময় আমরা বলেছিলাম যে দু' বৎসরের জন্য টেক ওভার করবেন না, এটা আপনারা স্পনসর্ড কলেজ করে নিন, একেবারে টেক ওভার করে নিন। আপনারা দু' বৎসরের জন্য এক্সটেনশন দিলেন, আবার '৭৫ সালে দু' বৎসরের জন্য এক্সটেশন দিলেন এবং তার লাইফ ফুরিয়ে যাচ্ছে বলে আপনারা আবার দু' বৎসর দিচ্ছেন। কিন্তু আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে জানাতে চাই যে, দু' বৎসরের জন্য কেন করছেন, পার্মানেণ্টলি কেন টেক ওভার করছেন না, কেন এই কলেজটিকে স্পনসর্ড কলেজ হিসাবে আপনারা গ্রহণ করছেন না এটা আমার মাথায় কিছুতেই আসছে না। আমরা মনে করি একটা অনুন্নত অঞ্চলের ছাত্র এবং শিক্ষকদের স্বার্থে এই কলেজকে স্পনসর্ড কলেজ করে নেওয়া উচিত। এবং এর আগেও আমরা বারবার বলেছি যে ট্রাস্ট কলেজগুলি সম্পর্কে আপনারা একটা সিদ্ধান্ত গ্রহণ করুন। কারণ এই ট্রাস্টগুলি কিভাবে পরিচালিত হয় সে সম্বন্ধে আপনার কতখানি ধ্যান-ধারণা আছে তা আমার জানা নেই, তারা ইউনিভার্সিটির কোন রুলস মানে না, ষ্টেট গভর্ণমেণ্টের কোন রুলস্ মানে না গভর্ণিং বডি সেখানে ইউনিভার্সিটির আইন অনুযায়ী তৈরি হয় না, সিলেকসন অব টিচার্সের বেলায় সেখানে কোন নিয়মের বালাই নেই, টিচার্সদের পে সম্পর্কে কোন নিয়মের বালাই নেই, তাছাড়া লিভ রুল সম্পর্কে কোনরকম নিয়ম-কানুনের ব্যাপার নেই। কাজেই এই ধরনের আন-ডিমোক্র্যাটিক অর্গানাইজেশনগুলির ট্রাস্ট কলেজ সম্পর্কে আপনারা অবিলম্বে সিদ্ধান্ত গ্রহণ করুন এবং সেইগুলিকে ন্যাশনালাইজ করুন। আমি এই প্রসঙ্গেই এটাকে ন্যাশনালাইজ করার কথা বলতে গিয়ে অন্যান্য সম্পর্কেও বললাম। যেমন ধরুন সুরেন্দ্রনাথ কলেজ, আপনি তো জানেন যে সুরেন্দ্রনাথ কলেজে কি ঘটনা ঘটেছিল এবং ইউনিভার্সিটি থেকে যখন সেখানে তদন্ত করতে যাওয়া হল, তাদের এমনি ক্ষমতা যে ইউনিভার্সিটি এনকোয়ারি কমিটিকে তারা ঢুকতে পর্যন্ত দিলো না। যাই হোক, ইউনিভার্সিটি শেষ পর্যন্ত সেখানে একজন এ্যাডমিনিস্ট্রেটার বসিয়েছেন এইরকম কলকাতায় এবং বিভিন্ন স্থানে এখনো বহু ট্রাস্ট কলেজ আছে। সেখানে কোনরকম নিয়ম-কানুন নেই, পার্মানেণ্ট শিক্ষকদের কোনমাত্র কারণ না দেখিয়ে ছাঁটাই করা হয়। যার জন্য আমরা বলেছিলাম আপনারা সার্ভিস কমিশন করুন।

শিক্ষকদের জন্য সেটা করা হয়েছে, সম্মতি এসেছে কিনা জানি না। যাই হোক, একথা বলেই আপনাদের কাছে বলছি যে, এটা স্পনসর্ড কলেজ করে নিন এবং আপনার কাছে আমি অনুরোধ করেছিলাম যে, এ্যাডমিনিস্ট্রেটার সম্পর্কে আমাদের এখানে অনেক মাননীয় সদস্যরা বলেছেন, এখনো সেই সম্পর্কে কিছু কিছু ত্রুটি আছে, সেই ত্রুটির কথা যখন মাননীয়

সদস্যরা তুলেছেন এবং আপনিও এগ্রি করেছেন যে একটা কমিটি পরিচালনার জন্য এ্যাড-হক কমিটি হিসাবে করে দেবেন এবং আমি আশা করবো এই এ্যাড-হক কমিটি তাড়াতাড়ি করে দেবেন।

সঙ্গে সঙ্গে একথাও বলছি যে আপনারা একেবারে টেক ওভার করার জন্য চিন্তা করুন এবং ক্যাবিনেটে সিদ্ধান্ত করুন। একথা বলে এই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি।

[4-30—4-40 p.m.]

শ্রীতুহিন সামন্ত ঃ অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, আজকের এই বিলটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সেজন্য আমি মনে করি এটা আধ ঘণ্টার পরিবর্তে দয়া করে আরও কিছু সময় বাড়িয়ে দিন, আমাদেরও কিছু বলার আছে, এই কলেজ মাননীয় সদস্যদের পুঙ্খানুপুঙ্খরূপে জানা দরকার।

মিঃ স্পীকার ঃ Mr. Samanta, there is no point of order involved in it. I call upon Shri Pradyot Kumar Mahanti.

শ্রীপ্রদ্যোৎকুমার মোহান্তি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অধ্যাপক মৃত্যুঞ্জয় ব্যানার্জী শিক্ষামন্ত্রী মহাশয়, আমার অনেক কাজ সুবিধা করে দিয়েছেন তাঁর প্রারম্ভিক ভাষণে। যে কলেজটির কথা হচ্ছে সেখানে খুব দুর্নীতি চলছিল, তার জন্য সেই দুর্নীতি বন্ধ করবার জন্য, সরকার ১৯৭৩ সালে সিক্সথ্ এপ্রিল থেকে এই কলেজের ম্যানেজমেণ্ট টেক ওভার করেছেন। সঙ্গে সঙ্গে একটা কথা বলেছেন এই বিধানসভার কয়েকজন মাননীয় সদস্য---ওঁদের দলের ৪২ জন সদস্য একটা মেমোরেণ্ডাম দিয়ে বলেছিলেন---যে কারণে টেক ওভার করলেন ম্যানেজমেণ্ট। সেখানে দুর্নীতি ছিল, যদিও যাদের সম্বন্ধে বলা হয়েছে দুর্নীতি করছিলেন, সেটা আমি বিশ্বাস করি না, তবু যদি তর্কের খাতিরে ধরেও নিই যে, দুর্নীতি ছিল, এটা বলি যেখানে পাঁচ জনে মিলে দুর্নীতি করছিলেন আজকে ম্যানেজমেণ্ট, এ্যাডমিনিস্ট্রেশন একা মিলে সেই দুর্নীতি করছেন। তাহলে কি আমি ধরে নেব ওরিজিন্যাল এ্যাক্টের সেকশন ফোর এবং সেকশন ফাইভ এই যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন, এই কলেজের টু এণ্ড থ্রী এটা দিয়ে এই দুর্নীতি হতে পারবে, দু' বছরের জায়গায় চার বছর হয়ে গেলেই চলবে না, গভর্ণমেণ্ট টেক ওভার করার পরেও যদি আবার দুর্নীতি চলে তাহলে সেখানে আবার দু' বছর টেক ওভার করে দুর্নীতি করবে? কেন যে এটা আনা হয়েছে, আমি এর অর্থ খুঁজে পাচ্ছি না। মাননীয়া সদস্যা ইলা মিত্র গণতন্ত্রের কথা বলেছেন, আবার পরিপূর্ণভাবে সমর্থনও করেছেন যে আরও দু' বছরের জন্য নেওয়া হোক। আপনারা জানেন উনি যে কলেজে কাজ করেন, সেই কলেজের ম্যানেজমেণ্ট যদি টেক ওভার করেন তো উনি বলবেন সেটা অত্যন্ত অগণতান্ত্রিক কাজ হয়েছে। আমরা একথা বলি না। নিশ্চয়ই যদি দুর্নীতি করে ম্যানেজমেণ্ট টেক ওভার করতে পারেন ফর দি টাইম বিয়িং, ফর বেটার এ্যাডমিনিস্ট্রেশন, for eradication of corruption কিন্তু যদি দেখা যায় ম্যানেজমেণ্ট টেক ওভার করার পরেও আর্থিক চরম দুর্গতি হচ্ছে, শিক্ষার মান দিনের পর দিন অবনতি হচ্ছে, বিধানসভার ৪২ জন সদস্য দিনের পর দিন স্মারকলিপি শিক্ষামন্ত্রীর কাছে দিচ্ছেন, শিক্ষকদের সেখানে কিভাবে নেওয়া হচ্ছে তার ঠিক নেই, ছাত্ররা আরও বেশী পারসেণ্টেজে ফেল করছে, টিচাররা ক্লাশে যাচ্ছে না, সরকার থেকে লক্ষ লক্ষ টাকা দেওয়া হচ্ছে সেই টাকা বরবাদ হয়ে যাচ্ছে,

তা সত্ত্বেও অপদার্থ সরকারের অপদার্থ শিক্ষামন্ত্রীর চার বছরের মধ্যে এ্যাড-হক কমিটির ব্যবস্থা নর্মাল কোর্সে করতে পারলেন না, আরও দু' বছরের জন্য সেটা টেক ওভার করতে চাইছেন, এটার অর্থ আমি বুঝতে পারি না। আমি এটার জবাব প্রকাশ্যে বিধানসভায় চাইছি যে কতদিনের মধ্যে তিনি কলেজে নর্মালভাবে একডিং টু দি রুলস লেইড ডাউন বাই দি ইউনিভার্সিটি স্ট্যাটুট কলেজে গভর্ণিং বডি তেরী করে দেবেন, কত পারসেণ্ট ছেলে পাশ করত, কতজন শিক্ষক ছিল, কি রকমে নিয়োগ হত, এখন কি রকমে হচ্ছে। একটা এ্যাড-হক কমিটি করে দিন, সরকারের মনোনীত একজন ব্যক্তির উপর ম্যানেজমেণ্ট দিলে, তিনি এস ডি ও, ডি এম যেই হোন, একজন লোকের উপর শিক্ষামন্ত্রী কেন দায়িত্ব দিচ্ছেন, একজন লোকের উপর দিলে কি হয়, সেটা তো নির্বাচন দেখিয়ে দিল। তারপরেও যদি মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর চক্ষু উন্মীলিত না হয়, এতগুলি বিধানসভার সদস্য মিলে চক্ষু উন্মীলন করতে পারব না। এই বিলে সময় দরকার হলে সিক্সথ এপ্রিলের পর দু'তিন মাস সময় এক্সটেণ্ড করে দিন, সেটা সকলে মিলে সমর্থন দিই কিন্তু নর্ম্যাল কোর্সে যাতে কলেজ চলতে পারে সেই ব্যবস্থা করবেন। এ্যাড-হক কমিটি করে দিয়ে সমস্ত দুর্নীতি এনকোয়ারি করুন এবং দোষী ব্যক্তিকে শাস্তি দিন, কলেজ যাতে ঠিকভাবে চলে, আর্থিক অবস্থার যাতে উন্নতি হয়, সেই প্রতিশ্রুতি দিয়ে বিল মুভ করুন। এই বলে বক্তব্য শেষ করছি।

শ্রীতুহিনকুমার সামন্ত ঃ

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা শিক্ষামন্ত্রীর কাছে এ বিষয়ে কিছু বক্তব্য শুনতে চাই তিনি তাঁর সর্বশেষ বক্তব্য রাখবেন---এই সম্পর্কে। এই কলেজ সম্বন্ধে আমাদের অনেক অভিযোগ আছে---এটা একটি গুরুত্বপূর্ণ বিষয়। এই কলেজটির ব্যাপারে ভীষণ অরাজকতা চলছে। কলেজের টাকা-পয়সা তছরুপ হচ্ছে, পড়াশোনা কিছুই হচ্ছে না, প্রফেসারদের অকারণে তাড়িয়ে দেওয়া হচ্ছে।

Mr. Speaker : If the Hon'ble Minister wants to say, I have no objection.

শ্রীবলাইলাল শেঠ ঃ

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ব্যাপারে বিলটি এসেছে---এটি খুবই গুরুত্বপূর্ণ। দীর্ঘদিন ধরে এখানে অরাজকতা চলছে। আমাদের বলবার জন্য আরো কিছু সময় দিন---অনেক মাননীয় সদস্যের অনেক কিছু বলবার আছে। আমাদের যে অধিকার আছে, সেই অধিকারের দাবী নিয়ে বলবো---আমাদের সময় দিতে হবে---আমরা অনেক কিছু বলতে চাই---অনেক কিছু আমাদের বলবার আছে।

Mr. Speaker : Hon'ble Minister may give the reply if he likes.

শ্রীতুহিনকুমার সামন্ত ঃ

স্যার, আমাদের জন্য কিছু সময় দেওয়া হোক। আমরা অনেক আছি ঐ কলেজের প্রাক্তন ছাত্র। আমরা কলেজের অবস্থাটা জানি। কলেজ এখন কী অবস্থায় গিয়ে পৌঁছোবে। আপনি দয়া করে এ সম্বন্ধে কিছু বলবার সময় দিন, পারমিশন দিন।

Mr. Speaker : Mr. Samanta, you know that the Business Advisory Committee has allotted only half-an-hour for discussion of this Bill. The recommendation of the Business Advisory Committee was placed before the

House. The House also agreed to and odopted the recommendation of the Business Advisory Committee that the time for discussion of this Bill should be half-an-hour.

শ্রীঅসমঞ্জ দে ঃ

স্যার অতীতে এমন অনেক ঘটনা অনেক ক্ষেত্রে ঘটেছে হাউসের advisory কমিটির সুপারিশ থাকা সত্ত্বেও honourable member-দের opinion নিয়ে time extend করা হয়েছে। তাই আপনাকে অনুরোধ জানাবো—মাননীয় সদস্য যাঁরা এই সম্পর্কে হাউসে বক্তব্য রাখতে ইচ্ছুক তাঁদের এই আলোচনায় সুযোগ দেয়ার জন্য হাউসের সদস্যদের opinion seek করা হোক।

Mr. Speaker : If it is the desire of the honourable members that they want to participate in the discussion of this Bill, with the sense of the House, I extend the time by half-an-hour. I think honourable members will be satisfied with half-an-hour.

শ্রীতুহীনকুমার সামন্ত ঃ

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মাননীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাই—তিনি এর আগে যখন কলেজটিকে গ্রহণ করেছিলেন, তখন আমরা তাঁর পলিসি সমর্থন করেছিলাম। তাঁর টেক ওভার করবার পিছনে পলিসি ছিল কলেজ পরিচালনার ক্ষেত্রে যে দুর্নীতি ও ত্রুটি ছিল—সেটা দুর করে কলেজটিকে সুষ্ঠুভাবে পরিচালনা করা—সেখানে যাতে পঠন-পাঠনের সুস্থ পরিবেশ গড়ে ওঠে, যাতে ছাত্রছাত্রীরা শান্তিতে পড়াশোনা করতে পারে, শিক্ষকরা নিশ্চিন্তে অধ্যাপনায় মনোনিবেশ করতে পারে—সেখানে যাতে সব দিকে ডেভেলপমেণ্ট হয় এবং সেই অঞ্চলের আরামবাগের সমস্ত ছাত্রসমাজকে নতুন পথ দেখাতে পারে।

[4-40—4-50 p.m.]

আমরা তারপর লক্ষ্য করলাম সরকারী তরফ থেকে একজন এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হলো—এস ডি ওকে। কিন্তু এস ডি ওকে নিয়োগ করার ফলে দুর্নীতি, দলাদলি, ব্যাভিচার চলতে থাকলো। সেখানে এ্যাডমিনিস্ট্রেটর কিছু শিক্ষককে নিয়ে ছাত্র পরিষদের কর্মীদের উপর অত্যাচার, হামলা চালালো এবং যারা অধ্যাপক কংগ্রেস সমর্থক তাদের একের পর এক তাড়িয়ে দেওয়া হলো, একের পর এক নির্যাতন করা হলো। এই হলো একদিকের অবস্থা, আর একদিকে অর্থনৈতিক অবস্থা। আমার বক্তৃতার পরে আমি মেমোরেণ্ডাম জমা দেবো। আমরা লক্ষ্য করলাম সরকারের তরফ থেকে লক্ষ লক্ষ টাকা কলেজকে দিলেন। সেই টাকা তছরূপ করে কিছু লোক তারা হোস্টেল করার নাম করে কলেজের পাশে বাড়ী তৈরী করে বসে গেলো এবং কলেজকে তারা ব্যবসা ক্ষেত্রে পরিণত করলো। আমরা লক্ষ্য করলাম যেখানে পর্যাপ্ত শিক্ষক আছেন অনাবশ্যকভাবে সেখানে পার্ট টাইম শিক্ষক নিয়োগ করা হলো। তাঁরা ক্যাশ করতেন না, তাঁরা রেমুনারেশন গ্রহণ করার চেষ্টা করতে লাগলেন। শুধু তাই নয়, অনাবশ্যকভাবে অনেক শিক্ষক এবং স্টাফ নিয়োগ করা হল। এত কর্মচারীর প্রয়োজন নেই, তবু তাদের মাস মাইনে গোনা হল। কলেজের ভাণ্ডার শূন্য হল। অনেক স্টাফ নিয়োগ করা হল অনাবশ্যকভাবে, আমি তার হিসাব দিচ্ছি ঃ—শ্রীবিষ্ণু মুখোপাধ্যায়, শ্রীবিশ্বনাথ সরকার,

শ্রীসুনীল চৌধুরী, শ্রীঅরুণ রায়, শ্রীহাসানুজ্জমান, শ্রীপ্রদীপ দে। কলেজের পরিচালনভার সরকার নিলেন। আশা করেছিলাম কলেজের রেজিস্টার রেগুলারলি মেনটেন হবে। যাঁরা ছুটি নিচ্ছেন, তাঁদের লিভ রেজিস্টার মেনটেন হবে। এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ হওয়ার পর লক্ষ্য করলাম সুষ্ঠু পরিচালন ব্যবস্থা চলে না। আমরা লক্ষ্য করলাম বেআইনীভাবে প্রমোশন হয়ে যায়। যাদের প্রমোশন দেওয়া যায় না, বেআইনী প্রমোশন দেওয়া হয়েছে আমি তাদের নাম তুলে ধরছি—শ্রীগোপিকারমণ চট্টোপাধ্যায়, শ্রীমুক্তাভূষণ পান, শ্রীবিমানবিহারী মুখোপাধ্যায় আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন ৬০ টাকার বিল ভাঙাতে ১৬০ টাকা খরচ হয়ে যায়, চন্দননগর থেকে যেয়ে এস ডি ওর সই নেবার জন্য। এইভাবে লক্ষ লক্ষ টাকা খরচ করলেন এই দুষ্ট চক্র। এ্যাডমিনিস্ট্রেটর নির্বাক। তিনি দর্শক হয়ে থাকলেন। ছাত্র পরিষদের কর্মীদের, কংগ্রেস মনোভাবাপন্ন শিক্ষকদের উপর অত্যাচার করা হতে লাগলো। ক্রমে ক্রমে দলাদলি বাড়তে লাগলো। তারপর কি লক্ষ্য করলাম পাশের পারসেণ্টেজ কমছে। কলেজ যখন সরকার গ্রহণ করেন তারপর থেকে দেখলাম পাশের পারসেণ্টেজ নেমে গেলো। ২/৪ জন মাত্র পাশ করে। আমরা দেখেছি ১৯৭৬ সালের এই কলেজকে অধিগ্রহণের আগে দেখা যেতো পি-ইউ ই পরীক্ষাতে প্রতি বছরই এই কলেজের একাধিক ছাত্র স্ট্যাণ্ড করেছেন এবং কোন কোন বৎসর ফার্স্ট-সেকেণ্ডও হয়েছে। ডিগ্রী পরীক্ষাতেও ফল ভাল ছিল। ১৯৭৬ সালে ইউ ই আর্টসে ৭৮ জন ছাত্র পরীক্ষা দেয়—প্রথম বিভাগে নিল, দ্বিতীয় বিভাগে ৫ জন, তৃতীয় বিভাগে ২৫ জন এবং বাকি ফেল না হয় কম্পার্টমেণ্ট্যাল। কি ডিগ্রী, কি ইউ ই সবতেই একই অবস্থা। শিক্ষামন্ত্রী কলেজের পরিচালনা টেক ওভার করুন। আমরা তাঁর হাতকে শক্ত করতে চাই। কিন্তু কলেজের পরিচালনা একজন এ্যাডমিনিস্ট্রেটর, একজন আমলার হাতে দিয়ে শুধুমাত্র রাজনীতি করতে দিলে কলেজের শিক্ষাব্যবস্থা উন্নতি হবে না, মানের উন্নতি হবে না, অশান্তি থাকবে। সেখানে কোন ডেভেলপমেণ্ট হবে না। আমরা এটা চাই না। সেই কারণে মাননীয় শিক্ষামন্ত্রীকে দাবী করেছিলাম টেক ওভারের। একটু চিন্তা করে যদি টেক ওভার করতেন, পরিচালনার জন্য একটা কমিটি করে দিন। এই দায়িত্ব সেই কমিটির হাতে দিন। এই দাবী জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Before I call upon Shri Balailal Sheth I call upon the Finance Minister, Hon'ble Dr. Gopal Das Nag, to make an important announcement under Rule 346.

শ্রীগোপালদাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৫/৩/৭৭ তারিখ থেকে পশ্চিমবাংলার তহশীলদার, তহশীল মোহরার এবং তহশীলদার পিওনদের পক্ষ থেকে অনশন ধর্মঘট চালিয়ে যাওয়া হচ্ছে রাজভবনের উল্টোদিকে। এদের দাবী-দাওয়া সরকার সহানুভূতির সঙ্গে বিবেচনা করেছেন এবং সেই সিদ্ধান্তের কথা তাঁদের জানিয়ে দেওয়া হয়েছে এবং সেই সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে তাঁরা জানিয়ে দিয়েছেন যে এই সিদ্ধান্ত ঘোষণা হবার পর তাঁরা অনশন ধর্মঘট প্রত্যাহার করবেন এবং কাজে যোগদান করবেন। আমি আপনার অনুমতি নিয়ে এই ঘোষণাটি হাউসের সামনে পেশ করছি।

About 15000 Tehasildars, Tehasil Mohurrirs and Tehasil Peons are on hunger strike for realization of their demands for more remunerations.

The State Government after considering their demands sympathetically have decided to increase their remuneration in the following manner with effect from 1st Pous 1383 B. S. Tehasil Blocks will be re-organised on the basis of a demand of Rs. 15000/- from Land Revenue and different cesses per Tehasil Block.

	Present remuneration	*Revised Rate*	*Benefit*
Tehasildars	Rs. 57·50	Rs. 90·00	Rs. 32·50 per month
Tehasil Mohurrirs engaged (for 4 months)	Rs. 52·50	Rs. 75·00	Rs. 22·50 per month
Tehasils Peons	Rs. 37·50	Rs. 60·00	Rs. 22·50 per month

The Secretary of West Bengal Tehasildar Kalyan Samity have already informed the Government that the proposed revision is acceptable to them and they will withdraw their hunger strike and all other agitations immediately after announcement of the Government's decision.

I take this opportunity to thank the members of the House who have helped the Government in bringing about this amicable settlement.

I have got another announcement to make. For the last few days a few members of the House have been raising the issue of revision of remuneration of the Panchayat employees about which I told the House previously that it was under consideration of the Government.

I have the pleasure to announce that Government have decided to revise the remuneration of the Panchayat employees in the following manner. This will be given effect from 1st March, 1977.

Present system is this. Defadar and Chowkidars—whatever the Government contributes towards their remuneration an equal amount should come from the Panchayat fund. Though it may be so that in most of the cases they do not get equal remuneration from the Panchayat fund. But the system is this. I will expect that Panchayats will try to match the Government's revised contribution henceforth.

Dafadars (about 3000 in number)—present rate of Government contribution is Rs. 32·50 paise. This will be raised to Rs. 55·00 per month.

Chowkidars (about 21000 in number)—present rate of Government contribution towards remuneration is Rs. 27·50 paise per month. It will be raised to Rs. 55·00 per month.

Panchayat Clerks (about 3000 in number) may be in a sense called State Government employees because they do not get anything from the Panchayat fund. Their demand for revision of pay scale is under consideration of the Government. In the meantime they will be given a booster of Rs. 25/- per head per month which will be adjusted at the time of revision of pay scale. In addition to this they will get the additional D.A. of Rs. 24/- p.m. which has been given to State Government employees.

শ্রীঅজিতকুমার বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তহশীল মোহরাররা সরকারী কর্মচারী-দের মধ্যে ক্লাশ থ্রি-র যে সুযোগ-সুবিধা এবং মর্যাদা সেটা তারা চেয়েছিল এবং তহশীল পিওনরা ক্লাস ফোরের যে সুযোগ-সুবিধা এবং মর্যাদা সেটা তারা চেয়েছিল। তা আপনারা দেন নি। এটা তো আপনি বললেন না। আপনি যা দিয়েছেন তা ভাল কথা—কিন্তু যা তারা চেয়েছে সেটা বলা উচিত ছিল।

[4-50—5-00 p.m.]

ডাঃ গোপালদাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ল্যাণ্ড এণ্ড ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্টের মন্ত্রী মহাশয় তাঁকে সামনে রেখে ওঁরা অনশন ভঙ্গ করবেন। আমি আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করছি অনশনকারীদের সামনে গিয়ে তাঁদের অনশন ভঙ্গ করতে সাহায্য করুন।

The Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill 1977.

শ্রীবলাইলাল শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি শ্রীরামকৃষ্ণ সারদা বিদ্যা মহাপীঠ (এ্যামেণ্ডমেণ্ট) বিল মাননীয় শিক্ষামন্ত্রী এখানে এনেছেন—সেই বিল আনার আগে তাঁকে আমরা কিছু বিবেচনা করার জন্য অনুরোধ জানিয়েছিলাম—যে-কোন কারণেই হোক তিনি সময় পান নি —আজকে যে বিল আনা হয়েছে তাতে পরিষ্কার উল্লেখ করা হয়েছে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এবং দুর্নীতি দমনের জন্য সরকার বিল আনতে বাধ্য হয়েছেন। জনৈকা সদস্যা উল্লেখ করেছেন যে ওখানে বিভিন্ন সময়ে ইউনিভার্সিটির নিয়ম-কানুন না মেনে একটা দুষ্টচক্র চলছিল—সেটা দমন করার কাজে এটা লাগানো হয়েছে। কিন্তু সেই দুষ্টচক্র হাজার গুণ বেড়ে গেছে। আগে ৫/৬ জন মিলে করত, এখন যাকে এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছে তিনি করছেন। তিনি কি রকম দুর্নীতি করছেন তার প্রমাণ সমস্ত খাতাপত্র সিজ করলেই বোঝা যাবে। স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন আমরা যখন ৪২ জন সদস্য ডেপুটেশন দিয়েছিলাম তারপর সেই কাগজ রাইটার্স বিল্ডিংস থেকে ঐ কলেজের দুর্নীতিগ্রস্তদের পক্ষে চলে গেল এবং রাতারাতি কলেজে বসে সমস্ত কিছু কাগজপত্র বদলানো কারবার শুরু হয়ে গেল—এই রকম কারবার চলতে থাকল। সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হল এ্যাডমিনিস্টেটর সাহেব সই করতে চাইলেন না। খোঁজ নিয়ে জানা গেল তার শ্যালিকা অমলা ভট্টাচার্যকে পার্ট টাইমার হিসাবে নিয়োগ করা হয়নি বলে—যেই পার্ট টাইমার হিসাবে নিয়োগ করা হল অমনি এ্যাডমিনিস্ট্রেটর চোখ বুজে সই করে দিলেন। ওয়ার্ক লোড যা তাতে দরকার নেই—কিন্তু সেখানে অকারণে অনেক জন পার্ট টাইম প্রফেসর—স্বজনপ্রীতির নমুনা দেখানো হয়েছে কিভাবে সেটা আপনার কাছে বলছি। আগে যে পরিচালন ব্যবস্থায় দুর্নীতি ছিল সেখানে দুর্নীতির জন্য ভেগ এফ আই আর হয়েছে—যেমন বিল্ডিং সম্বন্ধে যা বলা হয়েছে সেটা তদন্ত করলেই দেখা যাবে। আমাদের জনপ্রিয় সরকার এত দুঃখ-কষ্টের মধ্যেও এই কলেজটিকে ১৯৭৩/৭৪ সাল থেকে ১৯৭৬/৭৭ সাল পর্যন্ত ২ লক্ষ ৪২ হাজার টাকা দিয়েছেন। ১৯৬৭ সাল থেকে দীর্ঘ ৫ বছর সরকারের পক্ষ থেকেই এই কলেজকে কোনরকম টাকা দেওয়া হয়নি। কাজেই এই ২ লক্ষ ৪২ হাজার টাকা কিভাবে খরচ হয়েছে এটা তদন্ত করা দরকার। প্রয়োজন হলে এ্যাডমিনিস্ট্রেটর বদল হবে এমন ভেগ কথা নয়—আমরা ৭ দিনের মধ্যে অবিলম্বে

তদন্ত চাই। কারণ লক্ষ লক্ষ টাকা দুর্নীতির অভিযোগ আছে। আজকে মন্ত্রী মহাশয়ের সদিচ্ছা থাকা সত্ত্বেও আমলা চক্রের যে দুর্নীতি চলছে সেটা তাঁর কাছে রিপোর্টেড হয়নি। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমরা অনুরোধ করছি আপনি ৭ দিনের মধ্যে তদন্ত করার ব্যবস্থা করুন এবং যে এ্যামেণ্ডমেণ্ট বিল এনেছেন তাকে সমর্থন করছি।

শ্রীঅসমঞ্জ দে : মিঃ স্পীকার, স্যার, আজকে এই রকম একটা বিলের উপর আলোচনা প্রসঙ্গে নিশ্চয় এই কথা স্বীকার করতে হয় যে, এই কলেজ পশ্চিমবাংলার মধ্যে একটা সর্বাধিক আদর্শস্থানীয় শিক্ষা-প্রতিষ্ঠান—এই প্রতিষ্ঠানে দুর্নীতি, কিছু অব্যবস্থা ঘটেছিল যার প্রতিবাদে আমরা সোচ্চার হয়েছিলাম। সরকার আমাদের আহ্বানে সাড়া দিয়ে পরিচালনভার গ্রহণ করার উদ্দেশ্যে শিক্ষামন্ত্রী ১৯৭৩ সালে বিল পেশ করেছিলেন এবং সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়েছিল। কিন্তু এই কথা অত্যন্ত ক্ষোভের সঙ্গে আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে জানাতে হয় যে, দুর্নীতি দূর করবার উদ্দেশ্য নিয়ে প্রশাসনের সাথে যে পরিচালন ভার গ্রহণ করা হয়েছিল সেই উদ্দেশ্য পুরোপুরিভাবে ব্যর্থ হয়েছে, বরঞ্চ দুর্নীতি সেই প্রশাসনের মধ্যে জগদ্দল পাথরের মত চেপে বসেছে; আমি স্যার, অত্যন্ত দায়িত্বসহকারে বলতে পারি আজকে সেই কলেজে বিশেষ একটি বামপন্থী রাজনৈতিক দলের খোঁয়াড়ে পরিণত হয়েছে।

আমি স্যার, অত্যন্ত দায়িত্বসহকারে বলতে পারি যে, এ্যাডমিনিস্ট্রেটার সেখানে আছে কিন্তু একটা বামপন্থী রাজনৈতিক দলের এজেন্সীর দ্বারা সেটা পরিচালিত হচ্ছে। লক্ষ লক্ষ টাকা এই সরকার এই কলেজে পরিচালনার স্বার্থে অনুদান হিসাবে দিয়েছেন। আমরা দেখেছি, শিক্ষার পরিবেশ সেখানে গড়ে ওঠেনি, শৃঙ্খলাপূর্ণ পরিবেশও সেখানে গড়ে ওঠেনি, বরং দেখেছি প্রয়োজনের অতিরিক্ত—শিক্ষকের ক্ষেত্রে, লাইব্রেরীর ক্ষেত্রে, অফিসের ক্ষেত্রে অতিরিক্ত নিয়োগ করা হয়েছে। সেখানে কোন নিয়ম-কানুন মানা হয়নি এমন কি বিজ্ঞাপন পর্যন্ত দেওয়া হয়নি। এ্যাডমিনিস্ট্রেটরের শ্যালিকাকে পর্যন্ত কোন বিজ্ঞাপন না দিয়ে গোপন সুড়ঙ্গপথে নিয়োগ করে সেই কলেজ পরিচালনা করা হচ্ছে। স্যার, যে কলেজ একদিন পশ্চিমবঙ্গের ইতিহাসে শ্রেষ্ঠ স্থান দখল করেছিল—রেজাল্ট বেরুলে দেখা যেত যে কলেজ প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান দখল করে আছে, সেই কলেজের গত বছরের রেজাল্ট দেখলে দেখতে পাবেন একটি ছেলেও সেখান থেকে প্রথম বিভাগে পাশ করতে পারে নি। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, সেখান থেকে দুর্নীতি দূর হয়নি। একটি রাজনৈতিক দলের খোঁয়াড় হিসাবে সেই কলেজ যাতে চলতে না পারে বা একটি রাজনৈতিক দলের এজেন্সী নিয়ে সেই কলেজ যাতে চলতে না পারে সেটা আজকে সরকারকে দেখতে হবে। স্যার, এ্যাডমিনিস্ট্রেটারের মাথায় হাত বুলিয়ে এবং সাধারণ কংগ্রেসী মনোভাবাপন্ন শিক্ষক ও ছাত্রদের উপর অত্যাচারের স্ট্রীম রোলার চালিয়ে এই কলেজ যাতে খেয়ালখুশীমতন তারা চালাতে না পারে তার জন্য আমি দাবী করবো, অবিলম্বে শিক্ষাবিদদের নিয়ে চিন্তা করে এ্যাডমিনিস্ট্রেটর নয়, একটি এ্যাড-হক কমিটি করে দেওয়া হোক। আর দুর্নীতি দূর করার জন্য একটি তদন্ত কমিশন বসিয়ে তাঁর রিপোর্ট এক মাসের ভেতরে বা আগামী অধিবেশনে যাতে এই বিধান-সভায় পেশ করা যায় তার ব্যবস্থা করা হোক। স্যার, এই প্রতিষ্ঠানটি বাংলার একটি জাতীয় প্রতিষ্ঠান এবং আদর্শস্থানীয় প্রতিষ্ঠান। এইরকম প্রতিষ্ঠান যাতে কলঙ্কিত না হয় সেটা সরকারকে দেখতে হবে। পরিশেষে স্যার, আবার বলছি, একটি রাজনৈতিক দল তাদের চিন্তা এবং উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য এই শিক্ষা-প্রতিষ্ঠানটি যাতে ব্যবহার করতে

না পায়েন তার জন্য একটি তদন্ত কমিশন বসিয়ে তার রিপোর্ট হাউসে প্লেস করা হোক এবং শিক্ষাবিদদের নিয়ে অবিলম্বে একটি এ্যাড-হক কমিটি গঠন করে, এ্যাডমিনিস্ট্রেটরকে অপসারিত করে এই কলেজ পরিচালনার দায়িত্বভার তাদের হাতে দেওয়া হোক।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই শ্রীরামকৃষ্ণ সারদা বিদ্যা মহাপীঠ (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৭৭—এটা নিয়ে এত উত্তেজনার সঞ্চার হচ্ছে দেখে আমি আশ্চর্য হচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কলেজটি যখন অধিগ্রহণ করা হয় তখন পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় অধ্যাপক সমিতির একটা সুস্পষ্ট দাবী ছিল, এই সরকারের কাছে যে, এটা অধিগ্রহণ করা হোক। সেটা ছিল সমিতির ৮ হাজার শিক্ষকের সম্মিলিত দাবী। তার কারণ ছিল, ব্যাপক দুর্নীতি। সেই দুর্নীতি দমনের জন্য বর্ধমান বিশ্ববিদ্যালয় যখন তার নিয়ম-কানুনের মাধ্যমে ঠেকাতে পারলো না, হাইকোর্টের শরণাপন্ন হল কলেজ কর্তৃপক্ষ তখন সরকার বাধ্য হয়ে এই উচ্চশিক্ষিত অধ্যাপকদের দাবী পূরণ করতে অগ্রসর হয়েছিলেন এবং সে জন্য এই সরকার ধন্যবাদার্হ হয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, তারপর এ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত হল। এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগের পর আমি যতদূর জানি এই কলেজে ফাইনানসিয়াল ইরেগুলারিটিস নিয়ে ব্যাপক তদন্ত হয়েছিল এবং আমি যতদূর জানি ৭ লক্ষ টাকার ভেতরে প্রায় ৫ লক্ষ টাকা তছরূপ হয়েছে এইরকম একটা হিসাব পাওয়া গিয়েছে এবং সমস্ত বিষয়টা এখন এনফোর্সমেণ্ট ব্রাঞ্চের হাতে আছে। এই এনফোর্সমেণ্টের ব্রাঞ্চের হাতে থাকা অবস্থাতে নিশ্চয় পুরানো মালিকদের হাতে কলেজটি ফিরিয়ে দেওয়া যায় না। কারণ তাহলে পরে সেই কাগজপত্র, প্রমাণ বা সাক্ষীসাবুদ বিলুপ্ত হবে এবং জনস্বার্থে যে ব্যাপক তদন্তের ব্যবস্থা সেই তদন্তের উদ্দেশ্য ব্যাহত হবে। সুতরাং কলেজটিকে এখন সরকারী পরিচালনায় থাকতেই হবে যতদিন না ঐ তদন্ত কমপ্লিট হয়। আমি তাই এই প্রস্তাব সমর্থন করছি।

[5-00—5-10 p.m.]

তবে এই প্রসঙ্গে এ্যাডমিনিস্ট্রেটর যিনি নিযুক্ত হয়েছেন তার কাজকর্মে নিশ্চয়ই ত্রুটি আছে এবং এখানে মাননীয় সদস্যরা যখন সেগুলিকে উপস্থিত করেছেন, মাননীয় শিক্ষামন্ত্রী নিশ্চয়ই সে বিষয়ে অবহিত হবেন। কথা হচ্ছে, মাননীয় শিক্ষামন্ত্রী আজকে প্রথম ভূমিকায় ঘোষণা করেছেন যে তিনি একটি কমিটি করবেন। প্রয়োজন হলে করবেন ঠিকই, কিন্তু নিশ্চয়ই এই আলোচনার মধ্য দিয়ে উনি প্রয়োজন অনুভব করেছেন। সুতরাং আমি আশা করবো যে সদস্যদের মিলিত ইচ্ছা, তাদের যে কনটেনশন সেই অনুযায়ী অবিলম্বে একটা এ্যাড-হক কমিটির ঘোষণা করবেন এবং সেই এ্যাড-হক কমিটির মাধ্যমে কলেজের প্রশাসন পরিচালনা করবেন। সুতরাং এই নিয়ে বিশেষ আর বাদানুবাদ না করে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিতর্কে যোগদানকারী সকল সদস্যকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। তাদের সঙ্গে আমার মতের কোন পার্থক্য নেই। আমি খানিকটা অনুমান করেছিলাম তাই এই বিলটি উত্থাপন করার সময় বলেছি, যে ছাপা প্রচারপত্রটি আমার হাতে এসেছে। ২/৩ দিন আগে, যার কোন ডেট নেই এবং যার কোন প্রিণ্টার এবং পাবলিশারের নাম নেই। তা সত্ত্বেও তাতে যেসব অভিযোগগুলি আছে আমি নিশ্চয়ই

সেগুলি অনুসন্ধান করবো। শ্রীযুক্ত ইলা মিত্র মহোদয়াকে বিশেষভাবে ধন্যবাদ দিই তিনি ওয়ার্ক পুলার কথা বলেছেন। সত্যিই সহৃদয় সদস্যগণ এই ব্যাপারটায় উদ্যোগী হয়ে এই সরকারের নোটিশে এনেছিলেন এবং সেখানকার দুর্নীতি কি, এই ব্যাপারে যথেষ্ট সহযোগিতা করেছেন। তবে একটা জিনিস বুঝতে পারি না, আমি নীতিগতভাবে এ্যাড-হক কমিটি নিশ্চয়ই নিয়োগ করতে রাজি আছি। তবে মাননীয় সদস্যগণ, যাঁরা এ্যাড-হক কমিটির পক্ষপাতি তাঁরা কেন কিছুদিন আগে লক্ষ্য করে এই ধরনের একটা এ্যামেণ্ডমেণ্ট দেননি? কারণ আমাদের অরিজিন্যাল আইনে যে কথা আছে সেখানে এ্যাডমিনিস্ট্রেটরের কথা আছে। আমাকে কোন কমিটি নিয়োগ করতে হলে তার জন্য আইনকে আবার সংশোধন করতে হবে। আমি নিশ্চয়ই তার জন্য ব্যবস্থা অবলম্বন করবো এবং আমি কোন দুর্নীতিকে সমর্থন করি না। সেটা কোন এ্যাডমিনিস্ট্রেটর করুক বা কোন লেক্চারার করুক বা কোন প্রিন্সিপাল করুক বা কোন বিশেষ দলের বড় নেতৃস্থানীয় ব্যক্তি ট্রাস্টি বডির হোক, যে দল আমাদের বিরোধী প্রদ্যোৎ মহান্তীর হোক বা অন্য কারো হোক। নিশ্চয়ই প্রদ্যোৎবাবু জানেন, যে ট্রাস্টি বডি এই কলেজটি আরম্ভ করেছিলেন এবং কলেজটি দুর্নীতির মূলে কে ছিলেন, সেই ট্রাষ্টি বডির চেয়ারম্যান কে? আমি নামটা এখানে উত্থাপন করতে চাই না। কারণ নীতিগত-ভাবে সকলের মন্তব্যকে আমি সমর্থন করি এবং নিশ্চয়ই সেই অনুযায়ী যেটুকু ব্যবস্থা অবলম্বন করতে পারি সেটা আমি করবো।

The motion of shri Mrityunjoy Banerjee that the Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1977, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 3 and preamble

The question that Clauses 1 to 3 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সাধারণত রাজ্যপালের ভাষণের উপর একটু অপেক্ষাকৃত দীর্ঘ বক্তৃতা করি। কিন্তু আজকে আমার সেই ইচ্ছা নেই। আমি অনুপস্থিত ছিলাম না, আমি রাজ্যপালের ভাষণের সময় উপস্থিত ছিলাম, তারপর আমি চলে গিয়েছিলাম দিল্লী। আপনাদের ভাষণগুলো শুনিনি। আমি প্রথমে বলতে চাই যে, বিস্তৃত আলোচনা আমার দলের বন্ধুরা পরে করবেন, এই ক'দিন ধরে। আমি বিস্তৃত আলোচনায় যাবো না। তবে আমি খুব দুঃখিত যে রাজ্যপালের ভাষণ আরম্ভ হয়েছে সংবিধানের ৪২তম সংশোধনের উল্লেখ দিয়ে। কারণ তিনি বলছেন যে এটা আমাকে সুযোগ দিয়েছে, পর পর ৬বার এই সিক্সথ ইয়ার ইন সাকসেশন, আমাকে ভাষণ দেবার সুযোগ দিয়েছেন। যদি সংবিধান যে সংশোধন হয়েছে তার ভিতর একটা কোন সংশোধন ভারতবর্ষের সবচেয়ে বেশী সংখ্যক মানুষকে ক্ষুব্ধ করে থাকে, তা হল এই সংশোধন যে পাঁচ বছরের জায়গায় ৬ বছর পরে আইনসভার

নির্বাচন হবে বা লোকসভার নির্বাচন হবে। কারণ সমস্ত ভোটার এতে এ্যাফেক্টেট হচ্ছে, সে যে-কোন দলের হোক, যে-কোন মতের হোক, যে-কোন ভাষার হোক, যে-কোন শ্রেণীর হোক, প্রায় ৪০ কোটি মানুষ তাদের একটা অধিকার এখানে খর্ব করে দেওয়া হয়েছে। আমি বহুবার এই আইনসভায় বলেছি এটা আমার মত এবং আমার দলেরও মত যে আমাদের দেশে গণতন্ত্র যেটা সংসদীয় গণতন্ত্র তার অনেক সীমাবদ্ধতা আছে, আমাদের লোকেদের এটুকু অধিকার আছে যে পাঁচ বছর অন্তর বা তার আগেও ভোট দিয়ে মতামত প্রকাশ করতে পারে আইনসভা সম্বন্ধে বা লোকসভা সম্বন্ধে, গভর্ণমেণ্ট সম্বন্ধে, আর সভা-সমিতি করতে সংগঠন করতে পারে, আন্দোলন করতে পারে, ধর্মঘট করতে পারে, এই কটা অধিকার আছে। যদিও বহু আইনে এই অধিকারের উপর বিভিন্ন বাধানিষেধ আরোপিত আছে, কিন্তু এটা সংবিধান অনুসারে এবং আমাদের দেশের ব্যবস্থা অনুসারে এই দুটো গণতান্ত্রিক অধিকার আমাদের দেশের মানুষের আছে। তার ভিতর এই যে পাঁচ বছর অন্তর একটা মতামত দেবার অধিকার, সেই অধিকারটুকু যে খর্ব করা হ'ল, এই সংশোধনের ভিতর দিয়ে সেটা সবচেয়ে বেশী সংখ্যক মানুষকে এ্যাফেক্ট করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যখন এই আইনসভাতে সংবিধান সংশোধন বিলের অনুমোদন প্রস্তাব এসেছিল তখন আমার বক্তব্যে আমি বলেছিলাম যে ধারার বিরোধী আমরা কম্যুনিস্ট পার্টি---লোকসভায় সংশোধন এনেছিল, ভোটাভুটি করেছেন, হেরে গেছি, তার ভিতর অন্যতম ছিল এই ধারা। সেই জন্য আমি খুব দুঃখিত, সবচেয়ে আনপপুলার যে ধারা, সেটা দিয়ে রাজ্যপালের ভাষণ আরম্ভ করবার জন্য মন্ত্রিসভার পরামর্শ দিয়েছেন এবং সেই বক্তব্য রাখা হয়েছে। তবে আমাকে একটা সুযোগ দিচ্ছেন এই কথা বলবার একটা সাজেশন এখানে রাখবার যে পাঁচ বছর অতিক্রান্ত হয়েছে যতগুলো আইনসভায় আমাদের এখানকার আইনসভার সম্বন্ধে বলতে চাই, পাঁচ বছর পেরিয়ে গেছে সুতরাং নতুন নির্বাচন হওয়া উচিত।

[5-10—5-20 p.m.]

কিন্তু আমাদের পার্টি কখনোই রাষ্ট্রপতির শাসন চায় না। আমরা সর্বদা রাষ্ট্রপতি শাসনের বিরোধী। গণতন্ত্র মানে হচ্ছে জনসাধারণের সমর্থন বা কনফিডেন্স যদি কোন গভর্ণমেণ্ট লুস করে তাহলে জনসাধারণ সেটা প্রকাশ করবে এবং জনসাধারণ আবার একটা আইনসভা করবে। রাষ্ট্রপতি শাসন মানে কি, কেন্দ্র থেকে, দিল্লী থেকে রাজ্য শাসন হবে। যদিও সংবিধানে সে ব্যবস্থা আছে। কিন্তু আমরা কখনোই রাষ্ট্রপতি শাসনের পক্ষে নই। কারণ আমরা বিভিন্ন রাজ্যের স্বায়ত্তশাসনের অধিকার চাই। কিন্তু এই ৪২তম সংশোধন রাজ্যের স্বায়ত্তশাসনের অধিকারকে বহুদিক দিয়ে খর্ব করা হয়েছে। আমাদের সংবিধানে রাষ্ট্রপতির শাসনের মধ্যে দিয়ে আমাদের রাজ্যের স্বায়ত্তশাসনের অধিকারকে গুরুতররূপে খর্ব করা হয়েছে। সুতরাং আমরা রাষ্ট্রপতি শাসনের পক্ষে নই। অথচ আমরা চাই ৫ বছর অতিক্রান্ত হয়ে গেছে, সুতরাং জনসাধারণকে অধিকার দেওয়া উচিত তাদের মতামত প্রকাশ করার এবং তারা তাদের মতামত প্রকাশ করুক, আমাদের আইনসভা সম্পর্কে, গভর্ণমেণ্ট সম্পর্কে তারা তাদের মতামত প্রকাশ করুক। সেটা কি করে হতে পারে রাষ্ট্রপতি শাসন না করে, এবং ফ্রেস ইলেকশন না করে কি করে হতে পারে? সেই জন্য আমাদের প্রস্তাব হচ্ছে যে, বর্তমান মন্ত্রিসভা নিজেরা গভর্ণরকে অনুরোধ করুন যে, আমাদের রাজ্যে ফ্রেস ইলেকশন করা হোক, নতুন নির্বাচন আমাদের

রাজ্যে হোক। তারা যদি এটা করেন তাহলে এটা তাদের কাছে সম্মানের হবে এবং এটা তাদের কাছে গণতান্ত্রিক মনোভাব প্রকাশ করা হবে। তাহলে আর যে কেউ জোরজুলুম করে আমাদের ওপর এটা করবে না। আমরা নিজেরাই ভেবেছি যে ৫ বছর হয়ে গেছে এখন মানুষের মতামত দেওয়ার অধিকার আছে, আমরা তাই এটা করছি। সুতরাং এই প্রস্তাব আমি আমার পার্টির পক্ষ থেকে রাখছি, শুধু আইনসভার ভিতরে আমাদের যে পার্টি আছে সেই পার্টির পক্ষ থেকেই নয়, আইনসভার বাইরেও আমাদের যে পার্টি আছে সমগ্র পার্টির পক্ষ থেকে আমি এই প্রস্তাব রাখছি যে, জনসাধারণকে তাদের ভোটাধিকার প্রয়োগ করবার সুযোগ দেওয়া হোক। ফ্রেস ইলেকশন করা হোক এবং সেটা আপনারা গ্রহণ করে গভর্ণরকে, ভারত সরকারকে বলুন যে, আমরা চাই ফ্রেস ইলেকশন হোক। আপনি জানেন সংবিধানে এমন অনেক প্রভিশন আছে যে, গভর্ণমেণ্ট নিজেরা যদি বলেন যে আমরা ইলেকশন চাই তাহলে সেই ইলেকশন সেণ্ট্রাল গভর্ণমেণ্ট অর্গানাইজ করতে পারেন। আপনাদের মনে থাকতে পারে যে, ১৯৭১ সালে তামিলনাড়ুর ইলেকশন ডিউ ছিল না, তাদের ডিউ ছিল '৭২ সালে···(শ্রীআবদুস সাত্তার : রাষ্ট্রপতির শাসন হয়েছিল সেখানে।) না, রাষ্ট্রপতির শাসন হয়নি, ডি এম কে গভর্ণমেণ্ট ছিল। তারা প্রোপোজ করেছিল আমরা আগেই ইলেকশন চাই এবং ইলেকশন হয়েছিল এবং প্রেসিডেণ্টস রুল না করেই করেছিল। প্রেসিডেণ্টস রুল না করেই তামিলনাড়ুতে ইলেকশন হয়েছিল। কারণ তাদের গভর্ণমেণ্ট রেকমেণ্ড করেছিল যে, ফ্রেস ইলেকসন হোক। সুতরাং গভর্ণমেণ্ট যদি রেকমেণ্ড করে ফ্রেস ইলেকশন হোক, তাহলে হতে পারে। তা না হলে অন্য পন্থায় হতে পারে, সংবিধান সংশোধন করে হতে পারে এবং আরো কি কি ভাবে সেটা হতে পারে আমি আপাতত সেটার মধ্যে আর যাচ্ছি না। আর অন্যান্য ক্ষেত্রে বেশী কিছু বলতে চাই না, ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত বহু বলেছি, আপনারা প্রসিডিংস খুললেই দেখতে পাবেন। যখন আমরা আপনাদের সঙ্গে এক ব্লকে, মোর্চায় ছিলাম তখনো বলেছি, তারপরও বলেছি। বহু বিষয়ে সমালোচনা করেছি, বহু বিষয়ে সাজেশন দিয়েছি। কিন্তু কোন ফল হয়নি। রাজনীতিতে এই ঘটনা ঘটে, যাঁরা যখন বিপুল সংখ্যাধিক্য এবং সমর্থন পান তখন তাঁরা ভুলে যান যে তাঁদের একটা ভীতি আছে এবং পূর্বের প্রতিশ্রুতি যেটা তাঁরা দিয়ে এসেছেন সেটাও তাঁরা ভুলে যান। তা না হলে বিপুল সংখ্যাগরিষ্ঠ মানে বিপুলভাবে সংখ্যালঘিষ্ঠ সংখ্যায় পরিণত হতে পারে এবং সেই ঘটনা লোকসভার ক্ষেত্রে ঘটেছে ৪-এর চেয়ে বেশী ছিল সেটা এখন ৪-এর চেয়ে কমে গেছে। কিন্তু বিপুল সিট পেলে মাথাটা এত গরম হয়ে যায় যে সেটা মনে থাকে না। আমি এর আগে বহুবার বলেছি যে আপনারা সংসদীয় গণতন্ত্রের রীতিনীতি মানেন না এবং তাকে রক্ষা করতে চান না। আমি তখন বলেছিলাম আপনারা আজকে ট্রেজারি বেঞ্চে আছেন এমন দিন হতে পারে যেদিন আপনারা বিরোধী দলে যাবেন। আপনারা অপোজিশন লিডারকে বলতে দেন না। আমি ছিলাম না, কিন্তু শুনলাম যে ডেপুটি লিডার, অপোজিশন যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন এমন অবস্থা সৃষ্টি হয়েছিল যে আপনাকে প্রোটেকশন দিতে হয়েছিল। সংসদীয় গণতন্ত্রের নিয়ম হচ্ছে আইন-কানুন আনার আগে বিরোধী দলের সঙ্গে পরামর্শ করতে হয়। ডাঃ রায়ের সময় একটা আইন হয়েছিল অপোজিশন লিডারের স্টেটাস একজন মন্ত্রীর সমান। আমি অপোজিশন লিডার হয়ে মুখ্যমন্ত্রীকে লিখেছিলাম আমি অপোজিশন লিডারের মাইনে চাই না, গাড়ী, স্টেনো, পিওন চাই না, তবে চাই আপনারা তাঁর সঙ্গে কনসাল্ট করবেন এবং তাঁরও আপনাদের কাছে

এ্যাপ্রোচ করার সুযোগ থাকবে। আমি জানতাম বাকী সমস্ত সুযোগ পাব ঐগুলি ছাড়া। আমি গাড়ী, মাইনে, পিওন চাইলে পেতাম। কিন্তু পার্লামেণ্টারী ডেমোক্র্যাসির জন্য যেটা সবচেয়ে বেশী দরকার সেটা চাইলে পাব না। কিন্তু তবুও আমি লিখিতভাবে রেকর্ড করে রেখেছিলাম ফার্স্ট চিঠি দিয়ে। আজ আপনারা সংখ্যাগরিষ্ঠ আছেন। কিন্তু এমন কিছু লেখাপড়া কি আছে দেশের মানুষ আপনাদের বণ্ডেড স্লেভ চিরকালই আপনাদের দলকে জিতিয়ে যাবেন। অতএব আজ যে রীতিনীতি আপনারা লঙ্ঘন করেছেন ভবিষ্যতে অন্য কেউ যখন এটা করবে তখন তার বাদ-প্রতিবাদ করা যাবে না। সুতরাং যদি পার্লামেণ্টারী ডেমোক্র্যাসিকে আমাদের দেশে রাখতে চান তাহলে তার আইনকানুন মানতে হবে। কিন্তু বহুবার বলা সত্ত্বেও তা মানেন নি, অপোজিশন লিডারের ন্যূনতম মর্যাদা দেননি। যা হোক সংখ্যায় পরিবর্তন হতে বেশী সময় লাগে না। আমি খুব বেশী বলব না। রাজ্যপালের ভাষণে যতসব এ্যাচিভমেণ্টের কথা আছে তার কোনটা আংশিক সত্য, কোনটা বিকৃত, কোনটা খালি সংখ্যায় বাস্তবে নেই এইসব সম্বন্ধে বলতে পারতাম। কিন্তু কোন লাভ নেই বলে সেই ডিটেলস-এ যাবো না। দুই পক্ষের বহু সদস্য সে সব বলবেন এবং কংগ্রেস দলের অনেকেই বলবেন এ্যাকচ্যুয়ালি কি হয়েছে না হয়েছে। কিন্তু আমি বলতে চাই যে গভর্ণমেণ্ট ও আইনসভা বাস্তবে বুঝতে পারে না তার পক্ষে সুশাসন করা সম্ভব নয়।

[5-20—5-30 p.m.]

আজকে খবরের কাগজে পড়লাম শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন যে, আমি বুঝতে পারিনি যে এত বিক্ষোভ হয়েছে, এত অন্যায় হয়েছে, আমি জানতাম না, আই ওয়াজ নট ইনফর্মড। কিন্তু আমি জানি যে আমাদের পার্টি লিখিতভাবে এবং দেখা করে জানিয়েছেন, মেমোরেণ্ডাম দিয়ে জানিয়েছেন, অনেক কংগ্রেসের লোক জানিয়েছে যে এই রকম ঘটনা ঘটছে, কিন্তু তিনি বিশ্বাস করেন নি। আমি বলছি আপনাদের এই কথা যে আপনারা যেসব কথা লিখেছেন, শেষকালে নামকোওয়াস্তে একটুখানি সমলোচনা করেছেন, করে অশ্বত্থামা হত ইতি গজ করে দিয়েছেন। ইতি গজ করে রক্ষা হবে না—ইতি গজ করে যুধিষ্ঠিরকে নরক দর্শন করতে হয়েছিল। এই যে কমপ্লাসেন্স, দারুণ করেছেন, সব ব্যাপারে যা করেছেন তার তুলনা নেই, এর আগে এইরকম ঘটনা ঘটেছিল, আমি বিস্তারিতভাবে আলোচনা করতে যাচ্ছি না, আমি শুধু এইটুকু বলতে চাই মাটিতে কান পেতে একটু শুনুন মাটিতে কোন শব্দ হচ্ছে কিনা। মাটির নিচ থেকে কোন শব্দ হচ্ছে কিনা একটু শুনবেন। খালি মোটরে চেপে চেপে, এয়ার কণ্ডিসানে থেকে থেকে, নিজেদের মধ্যে ঝগড়া, নিজেদের মধ্যে মেশামেশির ভেতর দিয়ে আপনাদের সেই ক্ষমতা নষ্ট হয়ে গেছে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় ঘুরে এসে বললেন আমি সব শুনেছি, জেনেছি, এখানে বলেছেন তা নয়, আমাদের ব্যক্তিগতভাবে বলেছেন, কিন্তু নির্বাচনের পর তিনি কি সেকথা বলবেন যে সব জানতে পেরেছিলেন, সব বুঝতে পেরেছিলেন? জানবার এবং বুঝবার ক্ষমতা অনেক কমে গেছে। এটা খুব স্বাভাবিক যে যাঁরা শাসনে থাকেন তাঁরা যদি যথেষ্ট সেল্‌ফকণ্ট্রোল না করেন, তাঁরা যদি যথেষ্ট পরিমাণে নিজেদের সেল্‌ফ ক্রিটিক্যাল এ্যাটিচিউড না রাখেন, নম্রতা না রাখেন তাহলে তাঁদের পক্ষে তা জানা সম্ভব নয়। আমি বাসে-ট্রামে চাপি, আমি সেকেণ্ড ক্লাস ট্রেনে চাপি, তবুও আমি সব জানি না, কিছুটা জানতে পারি আমি মন্ত্রী যেহেতু নই। আমি হেঁটে হেঁটে

অনেক গরীবের ঘরে যাই, তবুও সব কথা তারা আমাদের মন খুলে বলে না। আপনাকে কেন বলবে আপনাদের ভেতর যদি সেই নম্রতা না থাকে। আপনাকে জানতে হবে, তা না হলে শাসন করবেন কি করে? আপনারা হয়ত বলবেন বিশ্বনাথবাবু সুযোগ পেয়েছেন বলে লম্বা-চওড়া উপদেশ দিচ্ছেন। সেই উপদেশ না নিতে পারেন। একটা কথা আছে—ভগবান যাকে ধ্বংস করেন তার আগে তাকে দুর্মতি দেন, তা না হলে ধ্বংস হবে না। তবে এটুকু বলব যে কয়দিন আছেন আমার উপদেশ মেনে যদি আপনারা আইনসভার আবার নির্বাচনের ব্যবস্থা করেন তাহলে লোকের কিছু সমর্থন পাবেন। আর যে কয়দিন আছেন সেই কয়দিন যদি জোর করে চালিয়ে যাব এই মনোভাব রাখেন তাহলে সেটা মানুষ পছন্দ করবে না। যে কয়দিন আছেন সেই কয়দিনে কতটা প্রতিশ্রুতি পালন করতে পারবেন তার চেষ্টা করুন, একটু পুণ্য সঞ্চয় হোক, সে পুণ্য প্রোপাগাণ্ডার পুণ্য নয়, সে পুণ্য বইয়ে ছাপানো পুণ্য নয়, সে পুণ্য আইনসভার কাজে হাত ওঠানোর পুণ্য নয়, আইনসভায় হাত উঠলেও জনসাধারণের হাত না উঠতে পারে। সেজন্য মোটামুটিভাবে বলে যাচ্ছি শ্রমিকের যে অসন্তোষ এই হাউস থেকে বোনাস, সি ডি এস এই সমস্ত সংশোধনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে গভর্ণমেণ্ট থেকে অনুমোদন চাওয়া হোক, বন্ধ কারখানাগুলি খোলানো হোক এবং যেখানে ছাঁটাই হয়েছে সেই ছাঁটাই শ্রমিকদের নেওয়ানোর ব্যবস্থা করা হোক।

প্রভাবশালী মালিক অসন্তুষ্ট হবে সেই ভয়ে তাকে অগ্রাধিকার না দিয়ে সেখানে শ্রমিকের অধিকারকে অগ্রাধিকার দিন। তারপর, এখানে বহুবার বলেছি, এই যে গ্রামের কৃষকরা তাদের পণ্যের ন্যায্যমূল্য পাচ্ছে না তার কি হবে? তাদের জন্য সেই ব্যবস্থা করুন এবং তাদের আরও অন্যান্য রকম সাহায্য দিন। অনেকে হয়ত ভাবছেন ভূমিসংস্কার করবার জন্য জোতদাররা আপনাদের উপর চটে গেছে এবং সেইজন্য আপনাদের ভোট কমে গেছে। কিন্তু আসল কথা তা নয়। আপনারা যেভাবে চলেছেন তাতে কোন পক্ষই আপনাদের উপর সন্তুষ্ট নয়। আপনারা নাইদার হিয়ার নর দেয়ার। আমি আপনাদের বলছি আপনারা অন্তত একপক্ষ যারা সংখ্যায় বেশী তাদের সন্তুষ্ট করুন, যাদের পক্ষে জাষ্টিস করা দরকার সেটা আপনারা করুন। এই জিনিস যদি আপনারা না করতে পারেন তাহলে সোস্যাল জাষ্টিস হবে না, সোস্যাল পরিবর্তন হবে না। আমি মনে করি তাদের পক্ষ হয়ে আপনাদের দাঁড়ানো দরকার এবং এটা ক্যারি আউট করা দরকার। আমি আপনাদের বলছি আপনারা একটা একটা করে ধরে ধরে দেখুন আরও কি কি করা যায়। আপনারা ওই একটা আইন করেছেন খাজনা ডবল এবং তিনগুণ।

শ্রীগোপালদাস নাগ: সেটা তো উঠে গেছে।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: এই তো সবে উঠল। আমরা দেখেছি যেখানে জল পায় না সেখানেও সেচের কর নেওয়া হচ্ছে। আপনারা মার খেয়ে এটা তুললেন, কিন্তু আগে তুললে ভাল করতেন। তারপর, ক্ষেতমজুরদের সম্বন্ধে আপনারা বড় বড় কথা বলেছেন। আমি আশা করি আমাদের অর্থমন্ত্রী নিশ্চয়ই স্বীকার করবেন বহু ক্ষেতমজুর দু' টাকা/আড়াই টাকা মজুরী পায় না। তাদের ক্ষেত্রে একটা দয়া-দাক্ষিণ্যের ব্যাপার, এটা তাদের অধিকার। অন্যান্য দেশে বেকারভাতা আছে, কিন্তু আমাদের দেশে সেই ভাতা দেবার ক্ষমতা নেই। আপনারা তাহলে তাদের কিছুটা কাজ দেবার ব্যবস্থা করুন এবং তার জন্য যদি কিছু টাকা

খরচ হয় সেটা আপনারা করুন। তারপর, সরকারী কর্মচারীদের ব্যাপারে এখনও দেখছি তাদের ৬৯ টাকা এখনও তফাৎ রয়েছে কেন্দ্রীয় সরকারের ভাতার সঙ্গে। আপনাদের মনে রাখা উচিত আমাদের চেয়ে যারা গরীব রাজ্য তারা কিন্তু তাদের কর্মচারীদের কেন্দ্রীয় সরকারের হারে ভাতা দিচ্ছে। আমি চিফ মিনিষ্টারকে একবার বলেছিলাম, কেরালা গভর্ণমেণ্ট যাদের পয়সা আমাদের চেয়ে কম তাঁরা যদি কর্মচারীদের জন্য এটা করতে পারেন তাহলে আপনারা কেন এটা করতে পারবেন না? চিফ মিনিষ্টার তখন বলেছিলেন, আমরা কেরালা সরকারকে চিঠি দিয়েছি, সকলে মিলে বসে একটা কিছু করব। কিন্তু দেখলাম আজ পর্যন্ত আপনারা কিছুই করেন নি। দুটো মহার্ঘভাতার মধ্যে এখনও তফাৎ রয়েছে। তাদের জন্য এসব তো কিছুই করেন নি তার উপর দেখছি তারা কেউ হয়ত সিজ ওয়ার্ক করেছে, কেউ কেউ মাস্ লিভ নিয়েছে তাদের দাবীর সমর্থনে আর আপনারা তাদের প্রতি শাস্তি দিয়েছেন। আমরা দেখেছি তাদের মধ্যে কিছু কিছু লোককে চাকুরি থেকে বরখাস্ত করা হয়েছে, তাদের এফিসিয়েন্সী বার ক্রস করতে দেওয়া হয়নি, তাদের পেনশন দেওয়া হয়নি, তাদের সাসপেনশন রাখা হয়েছে। তারপর, ১৯৭৪ সালের সেই যে দুটি সার্কুলার সে সম্বন্ধে আমরা বহুবার বলেছি চিফ মিনিষ্টারের কাছে ডেপুটেশন দিয়েছি, অর্থমন্ত্রীকে বহুবার বলেছি যে, এটা নিয়ে আপনারা কেন রগড়াচ্ছেন? তাদের ট্রেড ইউনিয়ন করতে দেবেন না এটা কেমন কথা? একজন কর্মচারী সহি করে মাস্ লিভ নিয়েছে তার জন্য তার প্রতি চরম শাস্তি দেব এটা ঠিক কথা নয়। তারা ভোট দিয়েছে কিনা সেটা বড় কথা নয়, তাদের প্রতি ন্যায় বিচার করা উচিত এটাই হচ্ছে বড় কথা। তারপর দেখছি অসংখ্য লোককে আপনারা মিসায় বন্দী করে রেখেছেন। এই যে বিনাবিচারে ব্যাপকভাবে লোককে বন্দী করে রাখা এটা অন্যায়। ইংরেজরা এটা করত এবং তার জন্য তাদের উপর লোকেরা ক্ষেপত। বিনাবিচারে বন্দী স্বাধীন ভারতে কিছুদিন হয়েছিল এবং আমিও ১৯৪৮ সালে বন্দী হয়েছিলাম। তারপর অবশ্য সেটা বন্ধ হয়ে যায়।

[5-30—5-40 p.m.]

'৫০-৫১ সাল থেকে এটা ঘটেনি। নতুন সংবিধান হবার পর কিন্তু এই আবার যে, একটা ভয়ঙ্কর বিনাবিচারে বন্দী করে রাখা—তার জন্য সংশোধন হয়েছে, মিসা আইন তিন-বার, তাতে মানুষের কোন অধিকার নেই, তাকে আমি কি কারণে বিনাবিচারে বন্দী করেছি, সেটা জানাতে বাধ্য নই—জানাবো না, এবং কোর্টের কাছেও দেওয়া যাবে না, কারো কাছে মুভ করা যাবে না। মানুষকে হাতে-পায়ে বেঁধে মারা। আমি একটি কথা বলি এই জরুরী পরিস্থিতির মধ্যে নানান কাণ্ড ঘটল, প্রেস সম্বন্ধে বলুন, মানুষের ব্যক্তিস্বাধীনতা বলুন —ভোটে এটাকে ইস্যু করলো অপোজিশান—যে আমরা গণতন্ত্রের জন্য লড়ছি। সেদিন হঠাৎ আমার মাথার মধ্যে চমকের মত এল '৩০-৩১ সালের কথা। আমি ভাবলাম ১৯৩০-৩১-৩২ সালে তখন জিনিসপত্রের দাম কমে গেল, চাষীদের দারুণ বিক্ষোভ, একমন ধান বিক্রি করে দিয়ে ১ বিঘার খাজনা দেওয়া যাচ্ছে না, মহাজনের কাছে জমি চলে যাচ্ছে, জমিদারদের কাছে জমি চলে যাচ্ছে। বৃটিশরা বললো মহাত্মা গান্ধীর জন্য এটা হয়েছে, গান্ধীর আন্দোলনের জন্য তোমাদের এই সর্বনাশ হয়েছে, কিন্তু আমার চোখে আমি দেখলাম আমি তখন বাচ্চা ছেলে, অনেক চাষীর মধ্যে থেকে তাদের বাড়ীতে থেকে ভিক্ষা করে করে

খেয়ে তাদের বাড়ীতে থেকে তাদের আন্দোলন পরিচালনা করেছি, তারা হাজারে হাজারে আইন অমান্য করে মার খেয়েছে, জেলে গিয়েছে, আমি তখন ভাবলাম কি জন্যে লড়ছে—ফ্রিডম এবং ডেমোক্র্যাসির প্রশ্ন আমাদের দেশের মানুষের কাছে কখনই ছোট নয়। তারা খেতে চায়, পরতে চায়, তারা শিক্ষা চায়, স্বাস্থ্য চায়, তারা আশ্রয় চায়, তারা সব কিছুই চায়, ভদ্রভাবে মানুষের মত বাঁচতে চায়—ডোণ্ট থিংক কখনও মনে করবেন না যে আমাদের দেশের মানুষ অশিক্ষিত হোক গরীব হোক যাই হোক না কেন স্বাধীনতা এবং গণতন্ত্র সম্বন্ধে তারা যে-কোন ত্যাগ স্বীকার করতে প্রস্তুত। কেউ যদি নাসিকা কুঞ্চিত করে, উপরে বসে থাকে, কোন উচ্চশিক্ষিত লোক কিম্বা প্রভাবপ্রতিপত্তিশালী লোক বা ধনী লোক মনে করেন যে, আমাদের দেশের গরীব অশিক্ষিত মানুষ তারা খাওয়া-পরা সম্বন্ধে কেয়ার করে, তেলের দামের জন্য বিক্ষোভ করে কিন্তু দে ডণ্ট কেয়ার ফর দি ফ্রিডম অব দি কানট্রি অর ফর ডেমোক্র্যাসি—খুব ভুল—আমার বিদ্যুৎ চমকের মত মাথায় চলে গেল সেই ১৯৩০-৩১-৩২ সালের কথা, কেন তারা লড়েছিল, কেন মরেছিল—শুধু কি খাওয়া-পরার জন্য? হয়ত ভেবেছিল দেশ স্বাধীন হলে আমাদের আর্থিক অবস্থা ভাল হবে কিন্তু সে তো অনেক পরের কথা। তারা নিজেদের স্বাধীনতা ও অত্যাচারের বিরুদ্ধে লড়েছিল—তারা গরীব অশিক্ষিত মানুষ। সেই জিনিস এবার সারা উত্তর-ভারতে পূর্ব-ভারতে বেশীরভাগ জায়গায় পশ্চিম-ভারতের বেশীর ভাগ জায়গায় দেখলাম—এবং আমি এই কথাটা বলতে চাই, যে বিনাবিচারে হাজার হাজার যুবককে গ্রেপ্তার করলেন খুব অন্যায় করেছেন, এবং মামলার নাম করে ৪/৫ বছর আণ্ডার ট্রায়াল করে ঝুলিয়ে রাখলেন, এবং কৃষক-শ্রমিকদের উপরে হাজার হাজার মিথ্যা মামলা জোতদার-মহাজনরা ঘুষ দিয়ে পুলিশকে দিয়ে করাচ্ছে—এই সমস্ত জিনিসে যে অসন্তোষ সৃষ্টি হচ্ছে—কে ভাবছে পুলিশের কথা, এটা কি দারোগার দোষ—যে গভর্ণমেণ্টের মাথায় বসে আছে—(আপনারা কি করছিলেন: জনৈক কংগ্রেস সদস্য) এ লিটল মডেস্টি ইজ নাউ নেসেসারি। এখন যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে, আমাদের আপনাদেরও তাই একটু বিনয় থাকা দরকার।

আমি সেই জোরেই বলছি যে আমাদের বাইরে একটা বিচারক আছে। আমরা আইনসভায় আইন করি, কিন্তু আইনসভার বাইরে একটা বিচারক আছে এবং তার কাছে যদি যেতে হয় তাহলে একটু মাথা নত করে যেতে হবে। আমি নির্বাচনের কোন রিভিউ এখানে করছি না, নির্বাচনের রিভিউ আমি আমার পার্টির মধ্যে করবো এবং আমি আমার জনসাধারণের মধ্যে গিয়ে নির্বাচনের রিভিউ করবো। রাজ্যপালের বক্তৃতা এমন ওবেশনস নয় যে নির্বাচনের রিভিউ করবো, রাজ্যপালের বক্তৃতায় যে সমস্ত কথা বলা হয়েছে হেন করেছি, তেন করেছি, সেটার উপরেই বলছি। বাঘ মেরেছি, সিংহ মেরেছি, গণ্ডার মেরেছি, ভাণ্ডার লুঠেছি, তার উপরে বলছি যে অনেক বড় বড় কাজ বাকী আছে, করেন নি, অনেক মন্দ কাজ করা হয়েছে। এই সময়ের মধ্যে যেটুকু পারেন করে যান। রাজবন্দীদের মুক্তি দেন। মিসা আইন যতদিন আপনাদের হাতে আছে, সেণ্ট্রাল গভর্ণমেণ্ট যদি রদ করে দেন তাহলে আপনারা কি করবেন? যতদিন আপনাদের হাতে আছে আপনারা দেখান যে এটা আমাদের হাতে ছিল তবুও আমরা মিসা আইনের বন্দীদের মুক্ত করে দিয়েছি। আর যারা ৫ বছর ৬ বছর ধরে জেলে থেকে অসৎ ব্যবহার পেলো—এটা আমার একটা সেণ্টিমেণ্টের ব্যাপার, আমি আগের বারও বলেছিলাম এই হাউসে খুব কম লোকই আছে, আমার জ্যেষ্ঠ ভ্রাতা শ্রীঅজয় মুখার্জীকে দেখছি না, যাঁরা ইংরাজ আমল থেকে নির্যাতিত হয়েছেন, সুতরাং

জেলখানায় যে রাজবন্দীদের অধিকার সেই প্রশ্নটা আপনাদের অনেকের কাছেই রিয়াল নয়, বাস্তব নয়। যতীন দাস মারা গিয়েছেন এবং আরো কত লোক জেলখানায় লড়াই করেছে রাজবন্দীদের মর্যাদার জন্য, আমি যখন মুখ্যমন্ত্রীকে বলেছিলাম যে এটা কি ব্যাপার, রাজবন্দীদের রাজবন্দী বলে বিবেচনা করবেন না? এতগুলি লোক মারা যাবার পর ১৯৪৯ সালে ডাঃ রায় যে কম্প্রোমাইজ করেছিলেন, এগ্রিমেণ্ট করেছিলেন, করে তিনি জেল কোড চেঞ্জ করেছিলেন, তাঁর মৃত্যুর পর প্রফুল্লচন্দ্র সেন তাকে আরো একটু খারাপের দিকে ঘুরিয়েছেন বটে তবুও তিনি তা রেখে দিয়েছিলেন, আপনি তাও মানবেন না? জেলখানায় অসৎ ব্যবহার রাজবন্দীদের সাথে এটা কি কথা? বন্দীর সঙ্গে ব্যবহার বলে একটা কথাই আছে যে বন্দীর সঙ্গে আপনি কি ব্যবহার করবেন? সে চুরি করে আসেনি, চামারি করে আসেনি, সে জালিয়াতি করে আসেনি, সে রেপ করে আসেনি, আপনার সঙ্গে রাজনৈতিক মতবিরোধ হয়েছে, তাতে হয়তো কেউ আন্দোলন করেছে, কেউ করেনি, আপনি তাকে বন্দী করে নিয়ে এসেছেন। আপনি যে মতের লোকই হোন না কেন তার সঙ্গে আপনি কি ব্যবহার করবেন? আপনি কি তার প্রতি মানুষের মত ব্যবহার করবেন না? কিন্তু আমি খুব দুঃখের সঙ্গে বলছি সি এম মানতে চাননি আমার সেই কথা। আমি বলেছিলাম যে দেখ, তোমরা কখনো সাফার করনি তাই তোমরা এটা বোঝ না, আমরা জেল খেটেছি ইংরাজ আমলে এবং আমরা যারা জেল খেটেছি তোমাদের আমলে আমরা জানি হাউ দিস পলিটিক্যাল প্রিজনার্সচেরিস দিস রাইটস্, হিউম্যান রাইট্স্ তার সঙ্গে মানুষের মত ব্যবহার কর, চোর-ডাকাতের মত ব্যবহার কোর না, কুকুর-শেয়ালর মত ব্যবহার কোর না। আমি জানি না আমাদের সেশন কতদিন চলবে, আমাকে এখন চলে যেতে হবে, আমি এখানে থাকবো না, দিল্লী যাচ্ছি আমাদের মিটিং আছে। আমি অনেকগুলি কথা মোটামুটি বললাম, তার ভিতর একটা কথা বললাম যে জেলে কি হয় তার জন্য একটা তদন্ত বসান এই হাউস থেকে একটা কমিটি করে যে কি ধরনের ব্যবহার বন্দীদের প্রতি করা হয় এবং এই ব্যবহারকে পরিবর্তন করার চেষ্টা করুন, রাজবন্দীদের মুক্ত করুন, গণতান্ত্রিক অধিকার মানুষের যেখানে যতটুকু অপহৃত হয়েছে সেই গণতান্ত্রিক অধিকার মানুষকে ফিরিয়ে দিন। মানুষ এটা খুব ফিল করে, খেতে না পেলে সে যে-রকম ফিল করে তার চেয়েও বেশী ফিল করে যদি তার ডিমোক্র্যাটিক রাইট কেড়ে নেওয়া হয় এবং তা প্রমাণ হয়ে গিয়েছে আজকে পার্লামেণ্টের ইলেকশনের মধ্যে দিয়ে। সুতরাং আমি আপনাদের কাছে এই অনুরোধ করে রাজ্যপাল যে বক্তৃতা করেছেন যা খুব অসন্তোষজনক এবং তা প্রত্যাখ্যান করা উচিত, আমরা এই মত প্রকাশ করে আমাদের দল এই রাজ্যপালের ভাষণকে গ্রহণ করলাম না। এই কথা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

আবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সম্মানীয় মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশগ্রহণ করে আমি আপনার মাধ্যমে দু'-চারটি কথা নিবেদন করতে চাই। বিরোধী পক্ষের নেতা শ্রীবিশ্বনাথ মুখার্জী কতকগুলি কথা বলে গিয়েছেন যে কথাগুলি সম্যক উপলব্ধি করে আমাদের কিছু কিছু বক্তব্য রাখা দরকার।

[5-40—5-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে যখন সাধারণ নির্বাচন হয়, সেই নির্বাচনে আমরা সকল পার্টির লোকই নির্বাচনে অংশগ্রহণ করেছিলাম, এবং আমাদের কংগ্রেস দল

নির্বাচনে অংশগ্রহণ করে। কংগ্রেস দলই অধিক সংখ্যক প্রতিনিধি পেয়েছিল এবং পেয়ে ১৯৭২ সালে সরকার গঠন করে এবং সেই গণতান্ত্রিক উপায়ে রচিত যে সরকার গঠিত হবার পর তার যে ৫ বছর আয়ু ছিল, তা লোকসভা একটা আইনের মারফত ৬ বছর করেছে। ইতিমধ্যে ১৯৭৭ সালে লোকসভার সাধারণ নির্বাচন হয়ে গেছে এবং এই নির্বাচনের রায় ঘোষিত হবার পর দেখা গেছে, সেই রায় জনতা সরকারের দিকে গেছে। এটা বাস্তব সত্য কথা। জনতার রায় জনগণকে মাথা পেতে নিতে হয়, জনতার রায় সরকারকে মাথা পেতে নিতে হয়, জনপ্রতিনিধিদের মাথা পেতে নিতে হয়। প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী নির্বাচনের ফলাফল ঘোষিত হবার আগে বলেছিলেন যদি আমার দল সংখ্যালঘিষ্ঠ হয়, তাহলে সংখ্যাগরিষ্ঠ যে দল তাহারা গঠিত সরকারের প্রতি সম্মান দেখাবে। নির্বাচনের ফল ঘোষিত হবার পর যখন দিকে দিকে কংগ্রেসের বিপর্যয় হল এবং জনতা পার্টি চারদিকে নির্বাচনে জয়যুক্ত হল, তখন জনতা সরকার গঠিত হবার পর তদানীন্তন সময়ে শ্রীমতী ইন্দিরা গান্ধী সেই সরকারকে সমর্থন করেছে এবং সেই সমর্থন আজও অব্যাহত আছে। আমাদের কংগ্রেস দলও লোকসভার অভ্যন্তরে দাঁড়িয়ে বলছে যে জনতা সরকার যদি ভাল কাজ করে তাকে সমর্থন করবে এবং মন্দ কাজ করলে নিশ্চিতভাবে লোকসভার প্রতিনিধি হিসাবে ভারতবর্ষের মানুষের পক্ষ থেকে, তাঁদের সমালোচনা করবে, সেখানে এই বক্তব্য রাখা হয়েছে। এখন কথা হচ্ছে ১৯৭২ সালে সরকার গঠিত হবার পর যে লোকসভার আয়ুষ্কাল বাড়ল তা এখনও আছে। এখন ইচ্ছা করলে তাঁদের মেজরিটি মেম্বারস আছে, এই মেয়াদ কমিয়ে দিতে পারেন, আবার বাড়িয়েও দিতে পারেন। স্যার, বিধানসভা ভাঙার প্রশ্নে আসছি। যে প্রশ্ন মানুষের মনে এসেছে, আমি মনে করি, একটা লোকায়ত্ত সরকার আর একটা জনগণের প্রতিনিধিত্বমূলক সরকারকে অন্যায়ভাবে নিজে কেন্দ্রের সরকারের ক্ষমতায় থেকে ভেঙে দেওয়ার মত প্রবণতা দেখাবে না এবং সেইরকম নজীর ভারতবর্ষে স্থাপন করা সংসদীয় গণতন্ত্রের প্রতি বিপজ্জনক হবে বলে আমার বিশ্বাস। অতএব আজকে যে কথা বললাম, বিধানসভার ভাঙার প্রবণতা বিধানসভার বাইরে থেকে আসে, তাহলে আমি বলব, যারা এ-বিষয়ে অতিশয় আক্রান্ত হচ্ছে, তাদের বলব বিধানসভা থেকে পদত্যাগ করুন এবং সততা প্রমাণ করুন জনসাধারণের সামনে বেরিয়ে গিয়ে তাঁদের সঙ্গে মিলেমিশে এই ধ্বনিকে সোচ্চার করুন। এই বিধানসভায় অধিকারে থেকে, অধিকারের সুযোগ ভোগ করব, বিধানসভার সমস্ত অধিকার ব্যবহার করব সেই সঙ্গে জনতার কিছু অংশ কি বলছে না বলছে সেই উক্তি, সেই মনোভাব জারির যে চেষ্টা সেটা ছাড়ুন। আমার মনে হয় আজকে যে জনতা সরকার এসেছে এবং যিনি প্রধানমন্ত্রী মোরারজী দেশাই, যিনি বহুদিনের ত্যাগ স্বীকার করেছেন, তিনিও সেকথা মনে রেখে দেশ শাসন করছেন এবং আমাদের শাসনভার গ্রহণ করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের বিধানসভার বিরোধী পক্ষের মাননীয় নেতা যে কতকগুলি গঠনমূলক বক্তব্য এখানে রেখেছেন তা আমার মনে হয়, সবদিক দিয়ে বিবেচনার যোগ্য। তিনি যেসব কথাবার্তা বললেন---বন্ধ কারখানাগুলি অবিলম্বে খোলা,---খেটে-খাওয়া মানুষ খেতমজুরদের উপযুক্ত মজুরী দেওয়া,---মিসা বন্দীদের অবিলম্বে মুক্তি দেওয়া ইত্যাদি নানা কথা তিনি বলেছেন। এগুলি নিশ্চয়ই খেটে-খাওয়া সাধারণ মানুষের স্বার্থের অনুকূল---এটা সম্বন্ধে সরকারের ভেবেচিন্তে দেখা উচিত। আজ ১৯৭৭ সালে নির্বাচনে কংগ্রেসের বিপর্যয়---দিকে দিকে সেই ধ্বনি আকাশে-বাতাসে ভরিয়ে তুলবার চেষ্টা হচ্ছে। সব

মানুষ সব সময় সব জিনিস ঠিক ঠিকভাবে বুঝতে চাইবে না---অসত্যকেই সত্য বলে মনে হ পারে। ১৯৭২ সালে কংগ্রেস ক্ষমতায় আসবার পরে কি কিছুই তাঁরা দেশের স্বা করেন নি? আজ সি এফ ডি, আর এস পি বন্ধুরা কি তা অস্বীকার করেন? আমাদের কৃষিমন্ত্রী বিদ্যুৎমন্ত্রী উপস্থিত আছেন, আজকে তাঁদের বক্তব্য এখানে রাখা উচিত। হয়ত পরে তাঁর স্ব- বক্তব্য রাখবেন। ১৯৭২ সালের পর এই রাজ্যে কি পরিমাণ সেচের সুযোগ ছিল কৃষিতে, কি পরিমাণ ফসল তখন উৎপন্ন হতো---এ সবকিছু আমাদের সকলকে ভেবে দেখতে হবে। আমাদে আত্মপ্রত্যয় নিয়ে বলতে হবে---এই সময়ে গ্রামে গ্রামে বিদ্যুৎ গিয়েছে, আর এল আ হয়েছে, ক্লাসটার প্রোগ্রাম হয়েছে, প্রচুর ফসল জমিতে বৃদ্ধি পেয়েছে। এইসব ব্যবস্থ মানুষের ক্ষতি করবার জন্য নিশ্চয়ই হয় নি। গ্রামের খেটে-খাওয়া মেহনতী মানুষের কল্যাণে জন্য, তাদের দু'বেলা দু'মুঠো অন্নের সংস্থানের জন্য করা হয়েছে। আমাদের রাজ্যে যেভা কৃষি উন্নয়নের কাজ এগিয়ে চলেছে, তাতে আগামীতে আমরা আমাদের রাজ্যকে খাদ্যে স্বয়ম্ভ করে তুলতে পারবো। আমাদের কেন্দ্রীয় মন্ত্রী---বাবুজী অত্যন্ত শ্রদ্ধাভাজন ব্যক্তি সকলের, তি ইন্দিরা সরকারের কৃষিমন্ত্রী ছিলেন। তাঁর আমলে দিকে দিকে ভারতবর্ষময় কৃষির অভাবনী উন্নতি হয়েছে, সেচের ব্যবস্থাও বিশেষভাবে সম্প্রসারিত হয়েছে। এসব কথাও আমাদে সকলকে ভাবতে হবে, ভুলে গেলে চলবে না। মুদ্রাস্ফীতির জগদ্দল পাথর যা আমাদের উপ চাপিয়ে দেওয়া হয়েছিল, সেটাকে রোধ করবার জন্য ইন্দিরার কেন্দ্রীয় সরকার যেসব ব্যবস্থা গ্রহণ করেছিলেন, তা সামগ্রিকভাবে সার্থক রূপায়ণ না হয়ে থাকলেও একটা বিরাট অং রূপায়িত হয়েছে যার দ্বারা আজকে আমরা বলতে পারি যে মুদ্রাস্ফীতি ভারতবর্ষের বুকে বহু পরিমাণে চেক্‌ড্‌ হয়ে গিয়েছে। এটা অস্বীকার করলে চলবে না---এসব কথাও আমাদে ভেবে দেখতে হবে।

এই প্রসঙ্গে আরো দু'-একটা বক্তব্য আমি রাখতে চাই। আমাদের স্বাস্থ্যমন্ত্রী এখন এখা নেই। ১৯৭২ সালের পরে যেসব ব্লকে আগে কখনো প্রাইমারী হেল্‌থ সেণ্টার, সাবসিডিয়ার হেল্‌থ সেণ্টার, সাব-সেণ্টার ইত্যাদি ছিল না সেইসব স্থানে আমাদের স্বাস্থ্যমন্ত্রী এইসব হেল্‌ সেণ্টারের ব্যবস্থা করেছেন। সকল পক্ষের এম এল এরা এটা নিশ্চয়ই স্বীকার করবেন সর্বত্র হাসপাতালের ব্যবস্থা করা হয়েছে। হয়ত সেখানে ডাক্তারের অভাব আছে, ওষুধের কমতি আছে ঠিকই, কিন্তু স্বাস্থ্যমন্ত্রীর দরদ আছে, সাহস আছে। '৭২ সালে ক্ষমতায় আসবার পরে অনেক উন্নয়নমূলক কাজ আমাদের কংগ্রেস সরকার করেছেন। আর আজকে নির্বাচনে কংগ্রেসের বিপর্য হয়েছে বলে, হেরে গেছে বলে আমাদের অত বিরূপ সমালোচনা করা মোটেই উচিত হবে না কারণ বাস্তবের সঙ্গে তার সঙ্গতি নেই। আজকে আমাদের কত কাজ, কত দিক থেকে হয়েছে সেসব বিচার-বিবেচনা করে দেখার প্রয়োজন আছে। আমরা বেকারদের সব ক্ষেত্রে হয়ত চাকরী বা কাজের সংস্থান করে দিতে পারিনি ঠিক কথা---কিন্তু এটা সত্য যে পশ্চিমবঙ্গ সরকার চাকরীতে নিয়োগের ব্যাপারে একটা সুষ্ঠু নীতি নির্ধারণ করেছেন। গ্রামের আদিবাসী, হরিজন, হাড়ি, ডোম মুণ্ডা---তারা চাকরী পাচ্ছে '৪৭ সালের পরে '৬২ সাল পর্যন্ত বেষ্টার উইচ সাহেব বলবেন---তাদে কয়টা লোক চাকরী পেয়েছিলেন? তা হয়নি।

[5-50—6-00 p.m.]

আপনি হয়তো বলবেন সেইখানে দলাদলি করা হয়েছে। ৫ ভাগের ক্ষেত্রে কোনরক ব্যতিক্রম ঘটে থাকলেও থাকতে পারে। কিন্তু এটা সত্য সেই গ্রামের ছেলেদের চাকরি

পাওয়ার কোন সম্ভাবনা ছিল না। এই সরকারের আমলে যে চাকরি দেওয়ার নীতি নিরূপিত হয়েছিল তাতেই তারা পেয়েছিল। আজকে এই সমস্ত জিনিসগুলো পশ্চিমবাংলার মানুষের কাছে তুলে ধরতে চাই। আজকে পশ্চিমবঙ্গের মানুষ ১৯৭৭ সালে লোকসভার নির্বাচনে যে রায় দিয়েছেন নিশ্চয় সে রায় আমাদের বিরুদ্ধে গিয়েছে। এটা অস্বীকার করবার উপায় নেই। সেই জনতার রায় মাথা পেতে নিয়েছি। শ্রীমতী ইন্দিরা গান্ধী ১৯৭৭ সালে নির্বাচন না করলে পারতেন। কিন্তু জনগণের আস্থা নেওয়ার জন্য নিজেই নির্বাচনের ডাক দিয়েছিলেন। আজকে তাঁর সরকারের পতন হয়েছে। আজকে জনতার রায়কে মাথা পেতে নিয়েছি। আজকে যদি পশ্চিমবঙ্গ বিধানসভার নির্বাচন হয়, আমরা সেই যুক্তফ্রন্টের সময় জনতার উদ্বেলতা দেখেছি, আমরা সেদিন দেখেছি ময়দানের মিটিং সেদিন দেখেছি দিকে দিকে কংগ্রেসের বিপর্যয়, আবার ৫ বছর যেতে না যেতেই ১৯৭২ সালে আসতে-না-আসতেই এমন এক পরিবেশ হল ভারতের এই অঙ্গরাজ্য পশ্চিমবঙ্গে দিকে দিকে অন্যান্য রাজনৈতিক দলের বিপর্যয়, কংগ্রেস ক্ষমতায় সমুপস্থিত। এই জনতার কথা যেন সবাই মনে রাখেন অন্যায়ের পথে যেন কেউ না যান। পুলিশ এবং জুলুমের পথে কেউ যেন না যান। তাহলে জনগণ কাউকে ক্ষমা করবে না---একথা আমি বিশ্বাস করি। জনগণ সচেতন হয়েছেন। জনতা হিসাব-নিকাশ করে আগামী দিনে জনতার রায় দেবার জন্য এগিয়ে যাবেন। বিশ্বনাথ মুখার্জী মহাশয় একটা কথা বলেছেন। আমি জানি কেন্দ্রে জনতার সরকার হয়েছে। এই সরকার থাকবে কিনা সন্দেহ দেখা যাচ্ছে। মানুষের মনে সন্দেহ দেখা যাচ্ছে, বিধানসভা ভেঙে দেওয়া হবে। আজকে রাজ্য সরকারের কর্মচারীদের যে ২৪ টাকা করে বৃদ্ধি করে দিয়েছেন এতে কোন কর্মচারী সুখী নয়। আজকে কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের হারে মহার্ঘভাতা দেওয়া উচিত। সি পি আই নেতৃত্বাধীন কেরল সরকার, মহারাষ্ট্র, হরিয়ানা, পাঞ্জাব ইত্যাদি বহু সরকার বোধহয় করেছেন। এই রাজ্যের সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের হারে সুযোগ-সুবিধা দেওয়া উচিত আমি বিশ্বনাথ মুখার্জীর কথাই বলবো। এই সম্পর্কে চেষ্টা হওয়া উচিত। রাজ্য মন্ত্রিসভাকে অনুরোধ করবো আমাদের সরকার অবিলম্বে তাদের ক্যাবিনেট মিটিং ডেকে কেন্দ্রীয় সরকারের হারে রাজ্য সরকারী কর্মচারীদের ডি এ দেওয়ার ব্যবস্থা হয়। এই প্রসঙ্গে একটা কথা তুলে ধরতে চাই আমাদের প্রাক্তন পুলিশমন্ত্রী আজকে তিনি এখানে পদত্যাগ করে চলে গিয়েছেন। কিন্তু খবরের কাগজে বিবৃতি দেখেছিলাম তিনি কতকগুলো পুলিশের বিরুদ্ধে অভিযোগ করেছেন। আমি জানি না, কোন জেলায় কোন ঘটনা ঘটেছে। কিন্তু একথা বলব পুলিশমন্ত্রী যেকথা বলে গিয়েছেন সেটা সত্যি কি সত্য নয় জানি না। কিন্তু একটা কথা বলবো, আমাদের মুর্শিদাবাদে কিছু কিছু নাগরিককে নির্বাচনের আগের দিন এবং নির্বাচনের দিন ধরা হয়েছিল। নির্বাচনের আগের দিন রাত্রিবেলা দড়ি দিয়ে কিছু লোককে ধরে নিয়ে যায়। এতে করে অনেক জনগণ ক্ষেপে গিয়েছিল এবং জনগণের রায় কংগ্রেসের বিরুদ্ধে চলে গিয়েছে।

আমরা কিন্তু এই জিনিসগুলি হিসাব করে দেখতে চাই। এই পুলিশ কোথা থেকে গেল কার সূত্রে কার সহযোগিতা নিল কার রায়ে সেখানে গেল, কে এই রাজনীতি করতে বলেছিল সেগুলি জানা দরকার। আজকে নির্বাচনের আগে দিকে দিকে এই হামলা হুমকি হয়েছিল যার ফলে সুষ্ঠু অবাধ নির্বাচনের এগুলি নিশ্চিতভাবে অন্তরায় হয়েছিল। এবং সেই অন্তরায় সৃষ্টি করেছিল আমাদের মুর্শিদাবাদ জেলাতেও। উপসংহারে বলতে চাই রাজ্যপালের এই

ভাষণের বিতর্কে অংশগ্রহণ করে যে এই ভাষণ সময়োচিত হয়েছে রাজ্যপালের ভাষণ প্রশংসার যোগ্য। আমি তাকে সমর্থন করছি স্বাগত জানাচ্ছি। এবং সেই সঙ্গে সঙ্গে জনগণ দিকে দিকে যে রায় দিয়েছে সেই জনগণের কাছে হাতজোড় করে প্রার্থনা করে এই কথা বলতে চাই যে যদি আমাদের কোন ভুল হয়ে থাকে তাহলে তাঁরা যেন আমাদের ক্ষমা করেন। নিশ্চয় আমরা আমাদের ভুল সংশোধন করে নেবো এবং আগামী দিনে ভারতবর্ষ গড়ার দায়িত্ব নিতে চেষ্টা করবো। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ আমাদের কাছে রেখেছেন সেই ভাষণের আমি মৌলিক বিরোধিতা করছি। কারণ আমি মনে করি রাজ্যপালের ভাষণে নৈতিক এবং রাজনৈতিক কোন ভিত্তিই এতে নেই। আমি জানি এই কথা বললে মাননীয় কংগ্রেস বন্ধুরা হয়তো একটু উষ্মা প্রকাশ করবেন, হয়তো ক্ষিপ্ত হতে পারেন। আমি বলতে পারি যে এক ঐতিহাসিক নির্বাচন হয়ে গেল এবং যে বিরাট রায় হয়ে গেল এবং পশ্চিমবাংলায় সেই রায়ের ফলে ৪২টি আসনের মধ্যে কংগ্রেসের ৩৯টি আসনে পরাজয় হোল প্রতি ক্ষেত্রে বিপুল ভোটের ব্যবধানে সেই নির্বাচনের রায় হচ্ছে একটা রক্তপাতহীন নিঃশব্দ বিপ্লব ছাড়া আর কিছুই নয়। সেই গণবিপ্লব সেই গণ-উচ্ছ্বাস প্রকাশের পটভূমিকায় এই সরকারের নৈতিক দিক থেকে পদত্যাগ করা একান্ত প্রয়োজন। মাননীয় সদস্য বন্ধু বিশ্বনাথ মুখার্জী যে প্রস্তাব রেখেছেন আমি তার সঙ্গে কিন্তু এক মত হতে পারছি না। বিশেষ করে তিনি বলেছেন যে এই সরকার নিজেরা গিয়ে রাজ্যপালকে বলুন যে আমরা নির্বাচন চাই। কিন্তু একথা স্পষ্ট করে বলছেন না যে—অবশ্য আমার শুনতে যদি ভুল হয় তাহলে আমাকে তাঁর দলের পক্ষ থেকে সংশোধন করে দেবেন—যে এই সরকার পদত্যাগ করছে এবং নির্বাচনের ডাক দিচ্ছে। এই নির্বাচনের আগে কতকগুলি মৌল প্রশ্ন দেশের কাছে ছিল। এটা সাধারণ অর্থে নির্বাচন ছিল না। দেশের সামনে কতকগুলি মৌল প্রশ্ন ছিল যে ৪২তম সংবিধান সংশোধন মানুষ গ্রহণ করে কি করে না, দেশের সামনে প্রশ্ন ছিল পার্লামেণ্টের সার্বভৌমত্য আছে কিনা, সংবিধান থেকে পার্লামেণ্টের ক্ষমতা আছে কিনা, দেশের সংবিধানের মৌল বৈশিষ্ট্য বেসিক স্ট্রাকচার ধ্বংস করবার পার্লামেণ্টের অধিকার আছে কিনা, সংখ্যাধিক্যের জোরে, ব্রুট মেজরিটির জোরে যা ইচ্ছা তাই করবার পার্লামেণ্টের ক্ষমতা আছে কিনা, একটা দলকে বা একটা দলের গভর্ণমেণ্টকে বা একটা দলের নেতা বা নেত্রীকে সংবিধান দ্বারা আদালতের ঊর্ধ্বে রাখা যায় কিনা। প্রশ্ন ছিল দেশ এবং দল এক কিনা, দেশ বলতে দল বোঝায় কিনা, দল বলতে দেশ বোঝায় কিনা। প্রশ্ন ছিল দেশে আইনের শাসন থাকবে কি থাকবে না। আপনার নিশ্চয় মনে আছে নির্বাচনের প্রাক্কালে আইনমন্ত্রী বলেছিলেন সুপ্রীম কোর্ট ইজ নট দি সুপ্রীম পার্লামেণ্ট ইজ দি সুপ্রীম অথরিটি, পার্লামেণ্ট দেশের গভর্ণিং বডি। পার্লামেণ্টের উপর যারা বসে আছে তারাই দেশের সুপ্রীম—দেশের জনগণ নয়। স্যার, আপনার মনে আছে এই বিধানসভায় দু'বার দুটি বড় বিতর্ক হয়ে গেছে। আমি খুব বিনয়ের সঙ্গে বলছি যেভাবে কংগ্রেস সদস্যরা আমার কথা শুনেছিলেন আগ্রহসহকারে তার জন্য আমি তাঁদের কৃতজ্ঞতা জানিয়েছিলাম এবং আজও আবার নতুন করে এই ভাষণের উপর বক্তৃতা দেবার সময় আপনারা যে সহনশীলতার পরিচয় দিচ্ছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। কালকেই এই বিধানসভার মাননীয় সদস্য ছোটভাইয়ের মত

অনুযোগ করেছিলেন যখন আমি স্বাধিকারের প্রশ্ন তুলেছিলাম। আমি এই সভায় সুস্পষ্ট-ভাবে জানাচ্ছি, জানি আপনারা জানেন কিনা, আমাদের ৫ জনকে দল থেকে বার করার জন্য প্রস্তাব হয়েছিল---আমাদের নেতা শ্রদ্ধেয় বিজয়সিং নাহার এই হাউসের অন্যতম সদস্য ডঃ শান্তি দাশগুপ্ত, রামদাস ব্যানার্জী। অভিযোগ ছিল যে আমরা রাজ্যসভার নির্বাচনে দলের মনোনীত প্রার্থীকে নাকি ভোট দিই নি।

[6-00---6-10 p.m.]

ভোট কে কাকে দিচ্ছে কি না দিচ্ছে এটা হল সম্পূর্ণ সিক্রেট, গোপনীয় জিনিস---এটা কি করে যেদিন ভোট গণনা করা হল সেদিন জানা গেল? আমি জানি না সেই অনুমানের ভিত্তিতে শো-কজ নোটিশ, সাসপেনশন, পরবর্তীকালে এক্সপানশান এবং আমার প্রশ্ন হল ১৯৭৫ সালের ২৬শে জুন রাত্রে জরুরী অবস্থা জারী হল, ২৭শে জুন আমার বিরুদ্ধে শো-কজ কারণ দেখাবার জন্য নোটিশ এল। আমি নিজে ২রা জুলাই ৭ দিনের মধ্যে যে জবাব দিয়েছিলাম এই বিধানসভা চলাকালে মাননীয় সদস্যদের আশ্বাস দিচ্ছি যদি কেউ জবাব পেয়ে না থাকেন তাহলে তাদের কাছে দেব। আজকে দেশের সামনে যে মৌল প্রশ্ন উঠেছে, প্রত্যেকটি প্রশ্নের ইঙ্গিত আমার এই সামান্য পত্রে ছিল। আমি চেয়েছিলাম দলের মধ্যে কংগ্রেসের বিবেকবান ন্যায়পরায়ণ নির্ভীক সদস্য যাঁরা আছেন তাঁরা সোচ্চার হোন, তাঁরা বিদ্রোহ করুন। আজকে আমি আপনাদের কাছে বলছি নির্বাচনের রায় হয়ে গেল, এই সরকার কোন্ যুক্তিতে থাকবেন? আমি দেখেছি কংগ্রেস দলের নেতা এবং মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন এই সরকার সাংবিধানিক রীতি অনুযায়ী ১৯৭৮ সালের মার্চ পর্যন্ত চলবে। আপনার মাধ্যমে আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, কংগ্রেস দলের সকল নেতা, ট্রেজারি বেঞ্চের সকল সদস্যের কাছে যে এই ৪২তম সংবিধান সংশোধনী বিল বা অ্যাক্ট এটা যে শুধু নস্যাৎ হয়েছে, সারা ভারতের মানুষ প্রত্যাখ্যান করেছেন, ধিক্কার দিয়েছেন তাই নয়, এখানে এই আইন প্রণয়নের ক্ষেত্রে পশ্চিমবাংলা কংগ্রেস সরকারের একটা বিশেষ ভূমিকা ছিল---এই বিধানসভার নেতা মাননীয় মুখ্যমন্ত্রীর একটা বিশেষ ভূমিকা ছিল। আপনারা জানেন স্বরণ সিং কমিটির অন্যতম বিশিষ্ট শক্তিমান সদস্য হলেন আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী। আপনারা এও জানেন সংবিধান সংশোধন সমর্থন করে এর অনুকূলে দলের মতকে নেবার জন্য, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের মত গ্রহণ করবার জন্য তিনি বিভিন্ন রাজ্যে সভাসমিতি করেছিলেন এককভাবে। সংবিধান সংশোধন করতে গিয়ে যখন গোটা দেশের মানুষ প্রত্যাখ্যান করে ইতিহাসের আঁস্তাকুড়ে তাদের নিক্ষেপ করল তখন গণতন্ত্রের প্রতি শ্রদ্ধাভাজন ব্যক্তি হিসাবে মুখ্যমন্ত্রীর পদত্যাগপত্র দাখিল করা উচিত একটি নজীর সৃষ্টি করতে---দেশের কাছে চ্যালেঞ্জ এসেছিল ১৯৭৭ সালের ১৬ই মার্চের নির্বাচন, আর একটি চ্যালেঞ্জ এসেছিল ১২ই জুন ১৯৭৫ সালের এলাহাবাদ হাইকোর্টের প্রধানমন্ত্রীর নির্বাচনী রায়---তখনও বলেছিলাম এটা রক্তপাতহীন নিঃশব্দ বিপ্লব। সাধারণ মানুষ যেদিন এলাহাবাদ হাইকোর্টের রায়ের খবর জানতে পারলেন তখন স্তম্ভিত হয়ে গিয়েছিলেন---ভাবতে পারেন নি যে দেশের আদালতের একজন বিচারক প্রধানমন্ত্রীর নির্বাচন নাকচ করতে পারেন, প্রধানমন্ত্রী এবং দেশের নাগরিককে দাঁড়িপাল্লার সামনে নিক্তিতে ওজন করতে পারেন---এও এক নিঃশব্দ বিপ্লব হয়েছিল। সেই বিপ্লবের পটভূমিকায় সেদিনের প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রীমতী গান্ধী যদি সেই

মানের প্রতি সম্মান, শ্রদ্ধা দেখিয়ে পদত্যাগ করতেন তাহলে ভারতবর্ষের ইতিহাসে গণতন্ত্রের একটি উজ্জ্বল নজীর সৃষ্টি হত। যে-কোন কারণেই হোক, যাঁর পরামর্শেই হোক সেই পথে তিনি যাননি, আজকেও সেইরকম নজীর হল। এই নজীরের পটভূমিকাতে আমি মাননীয় কংগ্রেস সদস্যদের অনুরোধ করব যে অভিজ্ঞতা থেকে দেখেছেন স্তাবকতা বা তোষামোদ কখনও দেশকে বা দলকে এগিয়ে নিয়ে যেতে পারে না। পারিষদতন্ত্র বুলডোজার নয়, দল একটা বুলডোজার নয় যে ইচ্ছামত চালিয়ে যাবে---দল হচ্ছে মানুষ তৈরীর কারখানা, দল হচ্ছে নির্ভীক মানুষ তৈরীর কারখানা, নির্ভীক জনমত তৈরীর কারখানা। দল সংবেদনশীল মানুষ তৈরী করবে, সাহসী মানুষ তৈরী করবে, অন্যায়ের বিরুদ্ধে, অসাম্যের বিরুদ্ধে, মিথ্যার বিরুদ্ধে, অবিচারের বিরুদ্ধে, উৎপীড়নের বিরুদ্ধে লড়াই করবে। দল একটা লিমিটেড কোম্পানী নয় যে সেখানে বোর্ড অব ডাইরেক্টরস থাকবে, তার ম্যানেজিং ডাইরেক্টর থাকবে, বাকি সদস্যরা বেতনভুক কর্মচারী---তা কখনই নয়। দলের মধ্যে সত্যিকারে নৈতিকতার স্থান থাকা দরকার পলিটিক্যাল পার্টির জন্য পলিটিক্যাল কমপালশান, মরাল কমপালশানের ভিত্তিতে চলে। পলিটিক্যাল কমপালশান, মরাল কমপালশানকে বাদ দিয়ে একটা রাজনৈতিক দল কনষ্টিটিউশন্যাল নাইসিটিসের উপর দাঁড়াবে, যেহেতু এই সরকার ৬ বছর চালাতে পারে এই বিধানসভা, অতএব এই সরকার ১৯৭৮ সালের মার্চ পর্যন্ত চলতে পারে কোন যুক্তিতে? যদি আপনাদের কোন ইলিউশান থাকে---মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস এখানে নেই, তিনি এইমাত্র বক্তৃতা করে গেলেন---সংবিধানের ধারাগুলি পড়ে দেখবেন---সংবিধানের যে মারণাস্ত্র তৈরী করেছিলেন আপনারা, এটাই আপনাদের এগেনস্টে পাশুপত অস্ত্র হিসাবে ব্যবহৃত হতে পারবে---হবে। আপনারা জেনে রাখুন সংবিধানের শেষ ধারা সেকশান ৫৯ অব দি কনষ্টিটিউশন (এ্যামেণ্ডমেণ্ট) এ্যাক্ট, মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে আমি পড়ে দিচ্ছি---

Section 59(1)—If any difficulty arises in giving effect to the provisions of the Constitution, as amended by this Act, (including any difficulty in relation to transition from the provision of the Constitution as they stood immediately before the date of the President's assent to this Act to the provisions of the Constitution as amended by this Act), President may, by order, make such provisions including any adaptation or modification of any provision of the Constitution, at appear to him to be necessary or expedient for the purpose of removing the difficulty.

চিন্তা করে দেখুন—মেক এনি সাচ প্রভিসান—আগেকার যে সংবিধান ছিল, যার খোল-নলচে পাল্টানো হল, যাকে ধ্বংস করা হল তাতে ছিল আর্টিকেল ৩৯২—তাতে এই রকম পাওয়ার দেওয়া ছিল না। আজকে সংবিধানে যে পাওয়ার দেওয়া হয়েছে তাতে আজকে রাষ্ট্রপতি, তিনি সাসপেণ্ড করতে পারেন যে কোন প্রভিসানকে কনষ্টিটিউসানাল ডিফিকালটিস এড়িয়ে যাবার জন্য। ৬ বছর বিধানসভার মেয়াদ করার ক্ষমতা পার্লামেণ্টের ছিল। পার্লামেণ্ট তার ধার করা আয়ুষ্কালের উপর দাঁড়িয়ে আইন করেছিলেন। পার্লামেণ্টের আয়ুষ্কাল বাড়াবার অধিকার পার্লামেণ্টের ছিল না, সেখানে একবছর তার আয়ুষ্কাল বাড়ানো হল।

Parliament continued on borrowed existence.

সেই পার্লামেণ্টের আইন করে বলে দিল সেকসান থার্টি অব দি কনষ্টীটিউসান (এ্যামেণ্ডমেণ্ট) এ্যাক্ট অব ১৯৭৬—ফর্টি সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট, সেখানে সেকসান থার্টিতে বলে দেওয়া হল বিধানসভার মেয়াদ ৫ বছরের জায়গায় বাড়িয়ে ৬ বছর করা হল। এই সংবিধানের ৫৯ ধারা অনুযায়ী প্রেসিডেণ্ট একটা প্রভিসান করে দিতে পারেন এটা সাসপেণ্ড করে, নোটিফিকেসান করে একটা সাসপেনসান অর্ডার দিয়ে দিতে পারেন। একটা প্রভিসান করে বলে দিতে পারেন যে, সেকসান থার্টিতে যে ৬ বছর করা হয়েছে—এক বছর বাড়ানো হয়েছে সেটা আর কার্যকরী হবে না—তাহলে এই বিধানসভা থাকতে পারে? দ্বিতীয়তঃ কি আমরা দেখছি? আমি কিন্তু নিজে একথা বলি না যে কোন অগণতান্ত্রিক উপায়ে কোন সাংবিধানিক সরকারকে ভেঙে ফেলা হোক। কিন্তু আমি এই প্রসঙ্গে মাননীয় কংগ্রেসী সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই ১৯৬৭ সালের ঘটনার কথা। সেদিন প্রথম যুক্তফ্রণ্ট সরকারের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা ছিল। আমরা দেখেছি সেদিন রাজ্যপাল ধর্মবীর সমস্ত ধর্মবোধ জলাঞ্জলি দিয়ে দাবী করেছিলেন মন্ত্রিসভার কাছে যে, এখনই বিধানসভা ডাকা হোক। মন্ত্রিসভা সেদিন সিদ্ধান্ত নিয়ে বলেছিলেন, 'আমরা ১৮ দিন সময় চাই' ১৮ বছরের কংগ্রেসী শাসন পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের মানুষ সইতে পেরেছিলেন নীরবে কিন্তু ১৮ দিনের বিলম্বও ধর্মবীর সহ্য করতে পারেন নি। তিনি বললেন, না, এখনই বিধানসভা ডাকতে হবে।' সমকালীন রাজনৈতিক পর্যবেক্ষকরা জানেন, সেদিন রাজ্যপালের বাসভবনে সংবিধান এবং নানান কেতাব নিয়ে গিয়ে আমি নিজে তাঁকে জিজ্ঞাসা করেছিলাম, আপনি বলুন, আপনি কোন আইনবলে এই যুক্তফ্রণ্ট মন্ত্রিসভাকে অঙ্গুলীহেলন করে নির্দেশ দিতে পারেন যে, বিধানসভা এখনই ডাকা হোক? আমি বলেছিলাম, আপনার কোন এক্তিয়ার নেই। সেদিন তিনি সেকথায় কর্ণপাত করেন নি। তিনি মন্ত্রীসভাকে খারিজ করে দিয়ে নিজে সেদিন পি ডি এফ মন্ত্রিসভাকে শপথ গ্রহণ করিয়েছিলেন। তারপর তামিলনাড়ুতে এ্যাবসোলিউট মেজরিটি ছিল, কিন্তু তা সত্ত্বেও তামিলনাড়ু গভর্ণমেণ্ট চলে গেল কেন? এইচ এন বহুগুণা, মুখ্যমন্ত্রী ছিলেন উত্তরপ্রদেশের, সেখানে কংগ্রেসের এ্যাবসোলিউট মেজরিটি ছিল, সেখানে কোন্ অপরাধে তাঁকে চলে যেতে হল? কোন্ অপরাধে শ্রীমতী নন্দিনী শতপথিকে উড়িষ্যার মুখ্যমন্ত্রীর পদ থেকে চলে যেতে হল? সেখানেও তো কংগ্রেসের এ্যাবসোলিউট মেজরিটি ছিল। কিভাবে যেতে হয়েছিল তাঁদের? আমরা কিন্তু সে পথে যেতে চাই না। এইভাবে যে আইন লঙ্ঘন করা হয়েছে সেখানে সরকার আইন অনুযায়ী অতীতের নজীর টেনে বা তার ভিত্তিতে এ কাজ করতে পারেন, কিন্তু আমি সরাসরি বলছি সেকশান ৫৯ অব দি এ্যাক্ট, ফর্টি সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট এ্যাক্টের এই ক্ষমতা প্রয়োগ করে এবং নোটিফিকেসান—যে নোটিফিকেসানগুলির বলে এই সংবিধান সংশোধন আইনকে কার্যকরী করা হয়েছে বিভিন্ন তারিখে, এক একটা নোটিফিকেসান করে সেই আইনগুলিকে তাঁরা ফিরিয়ে নিতে পারেন। আমি চাইবো কংগ্রেস সদস্যরা তার উত্তর দেবেন, আমি বলছি যে, আপনারা জানেন, জেনারেল ক্লাসেস এ্যাক্ট সেকসান ২১, সেটা সেণ্ট্রাল এ্যাক্ট, সেখানে বলা হয়েছে,

Power to make, to include, power to add, to amend, vary, rescind order, rules, by-laws—Whereby any Central Act of regulation the power of issue notification, order, rules, by-laws conferred then, that power includes the power exercisable in like manner and subject like sanctions and conditions, if any, act to amend, vary, rescind any regulation, notification, order, by-law so issued.....

[6-10—6-20 p.m.]

তাহলে যে নোটিফিকেশানবলে এই সংবিধান সংশোধন আইনকে কেন্দ্রীয় সরকার এই নতুন জনতা সরকার ক্ষমতার আসার আগে চালু করেছিলেন, নুতন সরকার একটা করে যদি নোটিফিকেশান কাগজে দিয়ে দেন এবং গেজেটে, আমরা সেই নোটিফিকেশান রেসিণ্ড করে নিচ্ছি সেণ্ট্রাল এ্যাক্ট অনুযায়ী হবে, তাহলে কোথায় আর এই সরকারের অস্তিত্ব থাকে। তার থেকে অনেক বড় গুরুত্বপূর্ণ প্রশ্ন আছে। আমরা কি করেছি? আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে মাননীয় কংগ্রেস সদস্যদের কাছে জিজ্ঞাসা করছি, আমি বেশীদিন অতীতের কথায় যেতে চাই না, কোন অভিযোগের কথায় যেতে চাই না, আমি শুধু এই কথা বলতে চাই যে, গত ৮ মাস যাবৎ পশ্চিমবাংলার বুকে আমরা কি দেখেছি? আমরা দেখেছি পরিবর্তনপন্থী ও পরিবর্তন-বিরোধীদের লড়াই। এই হাউসের একজন শক্তিশালী মাননীয় সদস্য লক্ষ্মীকান্ত বসু বলেছেন যে, কত লক্ষ টাকা ব্যয় হয়েছে। তার আনুমানিক হিসাব ছিল ১৬ থেকে ১৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে শুধু দিল্লী যাওয়া-আসায় মন্ত্রিসভায় মুখ্যমন্ত্রীকে বদল করার জন্য। তারই সরকার, তারই দলের লোকের মধ্যে এই জিনিস হয়েছে। ৮ মাসের মধ্যে প্রাক্তন প্রধানমন্ত্রী কোন সিদ্ধান্ত দিয়েছিলেন? আজকে ৮ মাসের মধ্যে কত জনহিতকর কাজ পিছিয়ে গেল শুধু এই মারামারি ও দলাদলির জন্য। আর একটা মারাত্মক জিনিস দেখেছি যে, মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ পদে আসীন একজন মন্ত্রী, পুলিশ বিভাগের মন্ত্রী, যিনি দিল্লী থেকে পুলিশ দপ্তর নিজে নিয়ে এলেন, মুখ্যমন্ত্রীর পুলিশ দপ্তর, স্বরাষ্ট্র দপ্তর কেড়ে নিয়ে তাকে দেওয়া হল। মুখ্যমন্ত্রীর নিজের যে দপ্তর সাধারণ প্রশাসনের দায়িত্ব সেটার উপর কর্তৃত্ব দেবার জন্য ৬ জনের একটা কমিটি হল। সেই পুলিশমন্ত্রী মহোদয় বিবৃতি দিলেন রিগিংয়ের অভিযোগ করে, নির্বাচনে কারচুপির ভয়াবহ অভিযোগ দিয়ে তিনি পদত্যাগ করে চলে গেলেন। এটা ভারতবর্ষের ইতিহাসে কখনও হয়েছে? আর একজন মাননীয় মন্ত্রিসভার সদস্য তিনি অভিযোগ করেছেন যে, একাধিক মন্ত্রী রিগিংয়ের সঙ্গে জড়িত ছিলেন যা আমরা কাগজে পড়েছি। আমরা দেখেছি যে, জনতা পার্টির পূর্বাঞ্চলের নেতা, সর্বভারতীয় নেতা, শ্রদ্ধেয় প্রফুল্লচন্দ্র সেন একটা বিবৃতিতে বলেছেন যে, আজকে এই যে নির্বাচন হয়েছে—এটা আমার কথা নয়, এই হাউসের একজন প্রাক্তন মুখ্যমন্ত্রী, একজন জনশ্রদ্ধেয় নেতা, তিনি সমস্ত দায়িত্ব নিয়ে বলেছেন যে, রিগিংয়ের সময় নির্বাচনী কারচুপিতে জড়িত ছিলেন মুখ্যমন্ত্রী, মুখ্যসচিব, উচ্চপদস্থ একজন অফিসার ও একজন কেন্দ্রীয় মন্ত্রী। আমি জিজ্ঞাসা করছি এই রকম অভিযোগ ভারতবর্ষের কোন একটা রাজ্যে কখনও ঘটেছে? এই অভিযোগের তদন্ত কে করবে বিচার বিভাগীয় তদন্ত? বিচার বিভাগীয় তদন্ত মুখ্যমন্ত্রী করতে পারেন যেখানে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এই ধরনের অভিযোগ উঠেছে? আর আমরা দেখেছি ভারতবর্ষে নির্বাচনের পরে ৪০টি কেন্দ্রে রিপোর্ট হল এবং তার মধ্যে ৩৩টি রিপোলিং সেণ্টার হল পশ্চিমবঙ্গে। তাহলে এটা প্রমাণিত হয়ে গেল ইলেকশান কমিশনারের ভারডিক্টে। এই নির্বাচন কারচুপির বিচার বিভাগীয় তদন্ত যদি মহামান্য হাইকোর্টের একজন সিটিং জাজকে দিয়ে করানো হয় তাহলে মন্ত্রিসভায় মুখ্যমন্ত্রিরূপে এই ইনকোয়ারী করতে দিতে পারেন না। মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে যখন অভিযোগ তখন তদন্ত করবেন বিচার বিভাগীয় কমিশন, হাইকোর্টের বিচারপতি, সেই কমিশনের বিচারের সাপেক্ষে তাহলে মুখ্যমন্ত্রীকে পদত্যাগ করতে হয়। আপনারা জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীর পদত্যাগ মানে মন্ত্রিসভার পদত্যাগ। এই নির্বাচনের রায়ের পরে হয়ত বলবেন যে, আমাদের কনষ্টিটিউশনাল রাইট আছে। আমি বলছি, এই বিধানসভাতে

এপ্রিল মাসে এবং গত নভেম্বর মাসে যখন সংবিধান সংশোধন হল, আমি দু'বার বক্তৃতায় বলেছিলাম কংগ্রেস বন্ধুদের কাছে আবেদন রেখে যে আপনারা কবি কালিদাসের মত যে ডালে বসে আশ্রয় পেয়েছেন সেই গাছের ডালই কাটছেন। আমি বলেছিলাম যে, এই সংবিধান সংশোধন প্রস্তাব একটা আইসবার্গের মত ভাসমান, হিমবাহের নাকের ডগার মত যেটা জলের উপর ভেসে থাকে। এর অতি ক্ষুদ্র অংশটা জলের উপর ভেসে থাকে কিন্তু তার তলদেশের যে বিরাট পরিব্যাপ্ত গোপন অংশটা রয়ে গেল সেই বিরাট গোপন অংশটা জাতীয় তরণীকে ভরাডুবি করে দেবে এবং দেশেরও ভরাডুবি হয়ে যাবে। কাজেই আপনারা এটা রাখুন, আপনারা প্রতিবাদ করুন, আপনারা বিদ্রোহ করুন। কনষ্টিটিউশনাল প্রোপাইটি, কনষ্টিটিউশনাল স্যাংশান, কনষ্টিটিউশনাল ডিসেন্সি সমস্ত কিছুকে বুর্জোয়া মার্কা জিনিস বলে আপনারা বর্জন করলেন। আজকে পলিটিক্যাল কমপালশান, এথিক্যাল কমপালশান, মরাল কমপালশান-এর দিকে পিঠ ফিরিয়ে বলবেন যে, না আমরা কনষ্টিটিউশনাল নাইসিটিজ ঐগুলি মেনে চলবো।

এই বুর্জোয়া সংবিধানের কথা, ফুলস্টপ, সেমিকোলন, এ্যাণ্ড এবং তার এর মানে কি এইসব ব্যাখ্যা নিয়ে থাকবে? এটা তো কোন পলিটিক্যাল পার্টির কথা নয় পলিটিক্যাল পার্টিকে তার এথিক্সের উপর এবং পলিটিক্যাল খিওরির উপর তাকে দাঁড়াতে হবে। আমি সেই জন্য বলবো পলিটিক্যাল সভরেন এবং লিগ্যাল সভরেনের মধ্যে কনফ্রণ্টেশন হয়। পলিটিক্যাল সভরেন হ'ল আমাদের দেশের জনতা, জনগণ

Where ultimate sovereignty rests with the people for Legal sovereign is the Parliament and the Government or the State Legislature and the State Government. In the event of a conflict or confrontation between legal sovereign and political sovereign, the constitutional deadlock and crisis can only be solved or resolved by an appeal to the voters, to the electorate, the ultimate architect of the Constitution.

জনগণের কাছে ভোট চাইতে হবে। নির্বাচনের রায় নিতে হবে। ঠিক একই কথা লোকনায়ক জয়প্রকাশজী বলেছেন, কত বড় কথা তিনি বলেছেন, যেদিন জনতা পার্টি বিশাল মেজরিটি নিয়ে পার্লামেণ্টে শপথ নিল সেণ্ট্রাল হলে, পার্লামেণ্ট হলে, সেই মহান নেতা লোকনায়ক বললেন, আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি, এই রাজশক্তি, গণশক্তি এবং জনশক্তির মধ্যে সংঘাত আসতে পারে। সুতরাং সাবধান তিনিও করে দিচ্ছেন জনতা পার্টিকে। আজ জনতার রায় হচ্ছে—এটা হ'ল পিপল্‌স ভোট, পিপল্‌স ভাডিক্ট—গণশক্তি। এই গণশক্তির কাছে আবার আবেদন করতে হবে। চলুন নির্বাচনে আমরা যাই। বিশ্বনাথবাবু বললেন আপনারা, গভর্ণরের কাছে যান এবং গিয়ে বলুন যে, আমরা এ্যাসেমব্লির নির্বাচন চাই। আমার জিজ্ঞাসা মাননীয় বিশ্বনাথবাবুর কাছে তাহলে কি

Till such elections are held will the government continue as caretaker government and will it leave scope again for such rigged elections ?

আমরা কি নিজেদের হাত-পা বেঁধে জলে সাঁতার কাটতে নাববো ? কখনও হতে পারে না এই জিনিস There cannot be any caretaker government and the government must resign.

গভর্ণমেণ্ট যদি রিজাইন না করেন, তাহলে জানুন, জেনে রাখুন পলিটিক্যাল কমপালশনের জোরে দেশে রাজনৈতিক আন্দোলন হবে। দুর্বার গতিতে হবে। আমি জানি, অনেক কংগ্রেসী সদস্য আছেন, যাঁরা গণতন্ত্রে বিশ্বাসী, সেই হৃদয়বান কংগ্রেসী মাননীয় সদস্যদের বলছি,

আপনারা জনতার রায়কে অশ্রদ্ধা দেখাবেন না। আপনারা শ্রদ্ধার সঙ্গে প্রণম্যচিত্তে মেনে নিন। কেরালায় কি হয়েছিল ১৯৬৯ সালে? কেরালায় অবিভক্ত কম্যুনিষ্ট পার্টির শাসন চলছিল। নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা তাদের ছিল। সেখানে ভায়লেন্সের ঘটনার উল্লেখ হয়েছিল। জন-আন্দোলন হয়েছিল। সেদিন কিন্তু ভারতবর্ষের কংগ্রেসের সভানেত্রী ছিলেন মাননীয়া শ্রীমতী ইন্দিরা গান্ধী, ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন স্বর্গত পণ্ডিত জওহরলাল নেহরু। কংগ্রেস প্রেসিডেণ্ট হিসাবে শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রস্তাব দিয়েছিলেন যে, কেরালার গভর্ণমেণ্টকে ভেঙ্গে দিয়ে সেখানে রাজ্যপালের শাসন চালু করা হোক। কিসের জোরে? না, জন-আন্দোলনের জন্যে হচ্ছে। আন্দোলন হচ্ছে, হাজার হাজার লোক জেলে যাচ্ছে। তাহলে আজকে বাংলাদেশের সাধারণ মানুষ যদি মনে করে যে, জনতার রায় হ'ল,—৪২টি আসনের মধ্যে ৩৯টি আসনে পরাজিত হয়েছে কংগ্রেস, তবু এই সরকার এটা নতমস্তকে মেনে নিচ্ছে না, তবুও এই সরকার ১৯৭৮ সালের মার্চ পর্যন্ত ক্ষমতা আঁকড়ে রাখতে চাইছে—জনসাধারণের উপায় থাকবে না, গণতান্ত্রিকভাবে, সত্যাগ্রহের পথে, অহিংস আন্দোলনের পথে নাবার? যেমন করে কেরালাতে আন্দোলন হয়েছিল? যার নেতৃত্ব দিয়েছিলেন সেদিন শ্রীমতী ইন্দিরা গান্ধী। আপনারা কি চান, মাননীয় কংগ্রেসী সদস্যরা, মাননীয় ট্রেজারী বেঞ্চের সদস্যরা, পশ্চিমবাংলার মানুষ সেই পথে যাক? সেই পথে গেলে কিন্তু অগণতান্ত্রিক হবে না। কারণ পলিটিক্যাল সভার্ণ তার দায়িত্ব পালন করতে এগিয়ে আসবেই আসবে। তাছাড়া আমি আর একটা প্রশ্নের প্রতি ট্রেজারী বেঞ্চের মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি, আমাদের সংবিধান, এই সংবিধানের ৩৫৬ ধারার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। এই সংবিধানের ধারায় বলা হয়েছে

If the President, on receipt of a report from the Governor of a State or otherwise, is satisfied that a situation has arisen in which the government of the State cannot be carried on in accordance with the provisions of this Constitutions, the President may by Proclamation—

a) assume to himself all or any of the functions of the Government of the State and all or any of the powers vested in or exercisable by the Governor or any body or authority in the State other than the Legislature of the State ;

b) declare that the powers of the legislature of the State shall be exercisable by or under the authority of Parliament ;

তাহলে আজকে রাজ্য একটা রিপোর্ট দিতে পারেন।

[6-20—6-30 p.m.]

তাহলে আজকে রাজ্যপাল মাননীয় শ্রী এ এল ডায়াস একটা রিপোর্ট দিতে পারেন—যাঁর এ্যাড্রেসের ওপর আমি আলোচনা করছি—যে, এই রাজ্য সরকার,

Government of the State cannot be carried on in accordance of the provisions of the Constitution.

কেন, না আমরা দেখছি মন্ত্রিসভার মধ্যে বিভেদ। আমরা দেখছি পুলিশমন্ত্রী, একজন দায়িত্বশীল মন্ত্রী, প্রবীণমন্ত্রী গুরুত্বপূর্ণ অভিযোগ করে পদত্যাগ করে চলে গেছেন। আমরা দেখছি মন্ত্রিসভার মধ্যে দ্বিধাবিভাজন রয়ে গেছে, তাঁরা ঐক্যমত হয়ে কাজ করতে পারছেন না।

রা দেখছি যে, দেশের মধ্যে দারুণ অসন্তোষ দেখা দিয়েছে। পশ্চিমবাংলায় ৮ মাস ধরে এই নিস আমরা দেখছি। এর ভিত্তিতে তিনি রিপোর্ট দেবেন।

overnor, a reasonable man as he is, if he sends a report to the President and ys that the situation abstaining in the State is such that the Government nnot be carried on accordance with the provisions of the constitution.

(গণ্ডগোল)

টারাপ্ট করে কোন লাভ হবে না,

you want to inturrupt, you will be adding ginger to my speech,

ননীয় অধ্যক্ষ মহাশয়, যে মাননীয় সদস্য এইভাবে ইণ্টারাপ্ট করছেন—তিনি ভাবছেন নি ইণ্টারাপ্ট করে আমার আলোচনার মোড় ঘুরিয়ে দিতে পারবেন, তাহলে আমি তাঁকে নব যে, তিনি তা পারবেন না, আলোচনার মোড় ঘোরাতে পারবেন না।

e will be adding ginger to my speech,

তরাং সেটা করে কোন লাভ নেই। তাতে শুধুই তিক্ততা বাড়বে। আমি কখনো আপনাদের ক্তৃতায় বাধা দিই না। আমি তো ভেবেছিলাম এর বিরুদ্ধে আপনারাই সোচ্চার হবেন। আমি তা ভেবেছিলাম যে, যেখানে একজন কংগ্রেসী মন্ত্রী অভিযোগ করছেন এবং যেখানে আমরা খছি যে, অভিযোগ হচ্ছে কোন এক কংগ্রেসী মন্ত্রীর সামনেই রিগিং হয়েছে নির্বাচনে এবং যখানে আপনারা দেখছেন ইলেকশন কমিশন নিজেই জনতার সরকারের পক্ষে রায় ঘোষিত ওয়ার পূর্বেই বলেছে কারচুপি হয়েছে। ইলেকশন কমিশন নির্বাচনের রায় ঘোষিত হওয়ার াগেই বলেছেন কারচুপি হয়েছে এবং হাজার হাজার ভোটপত্র বাতিল হয়েছে। এর চেয়ে র্মান্তিক ঘটনা আর কিছু হতে পারে না। এই নির্বাচনের রায়ের ভিত্তিতে এই সরকারের ার একদিনও গদিতে থাকার অধিকার নেই এবং যদি সরকার অন্যায়ভাবে গদি আগলে াকেন তাহলে দেশের সর্বনাশ হয়ে যাবে। আপনারা বলছেন আপনাদের নেত্রীর পরাজয় াপনাদের ডিসেস্টার। কিন্তু নির্বাচনের পটভূমিতে এই পশ্চিমবঙ্গ সরকার যদি জোর করে াদি আগলে থাকেন তাহলে তা হবে,

That will be nothing short of national calamity.

াদি আগলে থাকলে সেটা হবে ক্যালামিটি এবং আপনারা সেই পথে যাবার চেষ্টা করবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই বিধানসভার ইতিহাসে দেখেছি যে নির্বাচনের আগে যখন প্রশ্ন এসেছে, আমরা প্রশ্ন তুলেছি

(গণ্ডগোল)

এখানে মাননীয় প্রদীপ পালিত আমার বিরুদ্ধে কঠোর মন্তব্য করলেন। আমার তার প্রতি কোন বৈরীতা আসবে না, কারণ রাজনীতিতে ঘাতপ্রতিঘাত, দ্বন্দ্ব-সংঘাত আসবেই। আজকে উনি আমার বিরোধিতা করছেন, কিন্তু কে বলতে পারে জোর করে যে, রাজনীতি কোথায় গিয়ে দাঁড়াবে। কটুকথা বললে কিছু এসে যাবে না, ইতিহাসের চাপে, চক্রের গতিতে সেটা অন্য জায়গায় যাবে। স্মরণ করিয়ে দিচ্ছি আপনাদের আমি একদিন বলেছিলাম, এই হাউসেই বলেছিলাম যে, মানুষের জীবন নাগরদোলার মত, ওপরে থাকলে নীচে নামতে হবেই এবং নাগরদোলার ব্যাস বড় যত হবে, যিনি যত ওপরে উঠবেন তাকে তত নীচে

নামতে হবে। রাজনীতিতে এ জিনিস হবে। রাজনীতিতে অপমান আছে আবার ফুলের মালাও আছে। জিন্দাবাদ আছে, নিন্দাবাদও আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু আমাদের মাননীয় বন্ধু সদস্য যারা অধীর হচ্ছেন তাদের বলব যে, আমি জানি সভা মানে হচ্ছে সভ্য মানুষের সমাবেশ। আমি জানি বলেই আমি কখনোই তাদের বক্তৃতায় ইণ্টারাপ্ট করি না। সুতরাং আশা করি ওরা একটু সহনশীলতা দেখাবেন। কারণ আমার বক্তৃতার পরে আপনারা যা ইচ্ছে তাই সমালোচনা করুন তাতে কিছু এসে যাবে না,
Fine words, sweet words will not butter parsnips and hard words will not break my bones.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু যারা সংবেদনশীল কংগ্রেসী আছেন তাদের স্মরণ করিয়ে দিতে চাই, আমি ২রা জুলাই ১৯৭৫ যে চিঠি দিয়েছিলাম তার একটা জায়গা—
The whole atmosphere is sickening and suffocating today. The party members are stripped of all their cherished democratic rights. The party has been turned into an oppressive bulldozer driven by power drunk and ambitious careerists. There has been a crack down on all forms of political criticism. Voices of dissent have been stilled. Even slights breath of dissidents is not tolerated. The whole party and its proclaimed ideal of socialist democracy have been sought to be forced into a procrastrian frame of insane power philosophy unrelated to public good. The eerie quiet of the graveyard and the prison has descended on the country and party. The whole climate is vitiated by all pervading fear psychosis.....

আমি ভয়ের পরিচয় দিইনি। যখন সবে জরুরী অবস্থা হয়েছিল তখন আমি এইকথা বলেছিলাম। হয়ত দলের নেতা সেই চিঠি দেখান নি। উচিত ছিল, সমস্ত পরিষদীয় দলের কাছে আলোচনা করা এবং তারপর যদি শাস্তি দিতেন তাহলে আমি সেটা গ্রহণ করতাম এবং তখন পরাজয় মেনে নিয়ে চলে আসতাম। শুধু তাই নয় লিখলাম—

what sort of political morality is there in our party and public life if dissenting opinions are not only ruthlessly gagged but punished by expulsions, arbitrarily motivated suspensious and detention behind prison bars ? Those who would express contrary opinions are expelled or suspended from party in shameful way disregarding democratic norms and values. Party today is wholly power-oriented and not value or service-oriented. Power is increasingly torn away from the party workers, sympathisers and the people and is being used against them. Power is being used as a weapon of blackmail as well. You call it democracy ? It is modern Machiavellianism. Leader invested with Godlike infallibility is surrounded by sycophants and flunkeys. In the din of their nauseous flatteries goodness in politics is drowned. Members of the party are asked today to obey orders and not to question them. Is this democracy ?

আমি তখন বলেছিলাম—

dissent is quoted as treason today. Must there be no competition of ideas,

e-struggle for opinion in a political party, more so when it professes nocratic socialism ? Does freedom mean freedom for those who hold nions favourable to the ruling gods, the supporters of the governing icus ? Does not this term imply freedom to them differently ? Leaden ap of autocracy has come to reign on the head of our basic ideology l the cherished values for which the party had fought and bled.....

শেষে বলেছিলাম—

nd five of us have been suspended. This is just the beginning. Today it ur turn no doubt but the similar fate awaits others as well. The purge-gon will not be satisfied with only few sacrifices. It would not relent but for more. These are the testing times. Please do not play the role of re on-lookers. At such moments one needs to be reminded of the orgettable words of Netaji Subhas Chandra Bose : "Forget not that greatest ne is to compromise with injustice and wrong. Remember that the highest ie is to battle against inequity, no matter what the cost may be". There ie moments in individual's life when one must assert that our rights and rties cannot be bartered away and must not hesitate to pay the full price of h assertion. Harmful truth is better than useful lie in the ultimate analysis history is a stern judge and it, forgives none. You may be burning the ils and ideas today which you were taught to worship with religious ipulousness and worship creeds which you all learnt to loathe and burn in the t at the behest of a tyrant with clay fest but you cannot force all to fall in with you. Truth and good will persists even in the midst of untruth. The ip of democracy and human values will remain as a flame in the hearts of the nbers of the party and the people even in the darkest hour, It may flicker, might become at times dim and obscure but I daresay it will never be inguished.

মি শ্রীপ্রদীপ পালিতকে বলছি আমি সেদিন লিখেছিলাম কংগ্রেসের মধ্যে গণতন্ত্র, স্বাধীনতা গণতান্ত্রিক উচ্চমূল্যের আদর্শের দীপশিখা নিভে যাচ্ছে---যাকে তাঁরা নিভতে দেবেন না। রাং সেই প্রত্যাশা আমি হারাই নি এবং আমার সেই বিশ্বাস নষ্ট হয়নি। আমি সেদিন কবির সেই ঐতিহাসিক সভ্যতায় সঙ্কটের শেষ কথা যেটা উপনিষদের বাণী—"অধর্মে নৈধতে ৎ ততো ভদ্রাণি পশ্যতি ততঃ সপৎনাম জয়তি সমূ সুস্তি বিনস্যতি" একদিন সমস্ত সমূলে ষ্ট হবে এবং ন্যায়ের পথ যদি পরিত্যাগ করেন তাহলে সর্বনাশ হবে। তাই কংগ্রেসের াদের কাছে আবেদন আপনারা চাপ সৃষ্টি করুন দলের নেতার কাছে, নির্বাচনের রায় য়া হোক এবং বিধানসভা ভেঙে দেওয়া হোক। আপনারা উষ্মা প্রকাশ করবেন না। নারা দলের মধ্যে চাপ সৃষ্টি করে সরকারকে পদত্যাগ করতে বাধ্য করুন, না হলে চমবঙ্গে দুর্বার জন-আন্দোলন হবে এবং তা অহিংস পথে হবে যে-রকম আন্দোলন কনায়ক জয়প্রকাশনারায়ণ ১৯৭৪ সালে বিহারে করেছিলেন। সেই আন্দোলনের ধারা চমবাংলায় আসবে। পশ্চিমবাংলার বিপ্লবী ও সংগ্রামী মানুষ এটা সহ্য করবে না। তাই তার রায় মেনে নিয়ে পদত্যাগ করুন এবং বিধানসভা ভেঙে দিয়ে জনগণের রায় নিন।

[6-30—6-40 p.m.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের বিরোধী দলের মাননীয় নেতা শ্রীবিশ্বনাথ মুখার্জী এবং পরবর্তীকালে দলত্যাগী সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয়ের বক্তৃতা শোনার সুযোগ আজ আমার হয়েছে।

Shri Kashi Kanta Maitra : I was never.

Shri Ramdas Banerjee : You are talking untruth.

(তুমুল হট্টগোল)

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যারা দলের মধ্যে থেকে যে মুখ্যমন্ত্রীকে ব্রিফ করছে সেই মুখ্যমন্ত্রীর হাতকে কামড়ায় সেই বেইমান বিশ্বাসঘাতকদের আমরা ঘৃণা করি। দল থেকে আমরা পদত্যাগ করিনি, আমরা দলের ভেতরে থেকে দলের আদর্শকে, সমাজতন্ত্র, গণতন্ত্র, জাতীয়তা বোধের আদর্শকে তুলে ধরতে চাই। তার জন্য গদার আঘাতে আমাদের টুকরো করার চেষ্টা করা হয়েছিল। আমরা মাথা নিচু করিনি। তাই ডাঃ জয়নাল আবেদিনকে জানিয়ে রাখছি জীবনের শেষদিন পর্যন্ত জনগণের একজন সেবক হিসাবে লড়াই করে যাব। কিন্তু তাঁর অহঙ্কার এখনও চূর্ণ হয়নি। জেনে রাখুন এই অহঙ্কার সমূলে বিনাশ করবে আপনাদের। কংগ্রেস দলের সদস্যরা এই ধরনের নোংরা, কুৎসিত মন্তব্যকে স্তব্ধ করুন।

Shri Ramdas Banerjee : He has said 'dalatyagi'. This must be withdrawn.

Dr. Jainal Abedin :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের প্রবীণ বৃদ্ধ সদস্যকে থামান আমি আপনাকে I did not interrupt you, but you have interrupted me on a number of occasions.

Shri Ramdas Banerjee : He must withdraw the word 'dalatyagi'. We are not 'dalatyagi'. Kindly ask him to withdraw the word.

Dr. Zainal Abedin : Mr. Ramdas Banerjee, you should not interrupt me. I did not interrupt you.

Shri Ramdas Banerjee : He must withdraw that word.

Mr. Speaker : Mr. Banerjee, you will have enough time to give a fitting reply, either today, or tomorrow. Please do not be excited.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে যে নির্বাচন হয়েছিল আমি ঐ উত্তেজিত মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করি কংগ্রেসের যে ম্যানিফেস্টো ছিল, যে প্লেজ ছিল সেই প্লেজের তাঁরা অংশীদার ছিলেন কিনা? আজকে এপক্ষ থেকে ওপক্ষে পরিবর্তন যখন হল, একাধিকবার দেখার সুযোগ আমার হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে আমি ১৯৬২ সাল থেকে এসেছি, কাশীকান্ত মৈত্র মহাশয়কে আমি একাধিকবার একাধিক দলকে বসতে দেখেছি। অস্বীকার করতে পারেন এটা? রামদাস ব্যানার্জী মহাশয় আমার অনেক পরে এসেছেন, আজকে সেই অভিজ্ঞতা তাঁর নেই। কিন্তু এখানে যারা বারবার ভোল পাল্টায়, একটা দলে অংশ নিয়ে একটা দলের প্রোমাইজকে প্লেজ করে লয়্যালটি দিয়ে নির্বাচিত হয়ে তারই বিরোধিতা করে, তাদের কি বলব রামদাস ব্যানার্জী মহাশয় কি দয়া করে বলে দেবেন?

এর সঙ্গে আপনাদের একটু অভিনন্দন প্রাপ্য আছে কারণ আপনারা নিজেদের কংগ্রেসী বলে পরিচয় দেন এবং গর্ব করে সেকথা বলেন। আপনাদের অভিনন্দন জানালেও একথা বলি ওই মুখ, ওই হাত দিয়ে কাস্তে, হাতুড়ি, তারার সঙ্গে যোগসাজস করে বাংলার বুকে যখন ছুরি মারতে উদ্যত হয়েছিলেন তখন আপনাদের লজ্জা হয়নি, তখন আপনাদের গান্ধীবাদে বাধেনি? যারা হিংসার পূজারী, যারা বাংলাদেশের উন্নতি, অগ্রগতি পিছিয়ে দিয়েছে তাদের সঙ্গে আপনারা হাত মিলিয়েছেন বলে আপনাদের অভিনন্দন জানাই। বাংলাদেশে যারা লুঠতরাজ করেছে, বাংলায় যারা জঙ্গলের রাজত্ব প্রবর্তন করেছে, সেই রাজত্বের যারা প্রবক্তা, যারা এতদিন নেপথ্যে ছিল, মানুষের সামনে উপস্থিত হতে পারেনি আজকে তারাই আপনাদের আশ্রয়ী এবং আপনারাও বুক স্ফীত করে, তাদের সাহায্য করে জনসাধারণের সামনে তাদের প্রতিষ্ঠিত করতে চান। কিন্তু আপনারা একথা জানেন না খাল কেটে কুমীর আনলে তাতে রামদাস ব্যানার্জীও বাদ যাবেন না। মনে রাখবেন এটা ইতিহাসের প্রবচন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বক্তব্য রাখা হয়েছে তার যে দুটি মূল কথা তার একটি হল এই নির্বাচনে সারা ভারতবর্ষে কংগ্রেস পরাজিত হয়েছে। আমরা জনসাধারণের রায় মাথা পেতে নিয়েছি, তাঁরা সংখ্যাধিক্য পেয়েছেন। তবে আমরাও গৌরবের সঙ্গে মাথা উঁচু করে বলি এতদিন পর কংগ্রেস বিরোধী দলের আসনে বসবার মর্যাদা পেয়েছেন। আপনারা আমাদের মুছে দিতে পারেন নি এবং জানি না কত রামদাস-বাবু লাগবে আমাদের মুছে দিতে। তবে আমি রামদাসবাবুকে জিজ্ঞাসা করি একবার তাকিয়ে দেখবেন অন্ধ্রের রেজাল্টের দিকে, একবার তাকিয়ে দেখবেন কর্ণাটকের রেজাল্টের দিকে? আপনারা বিধানসভায় এই মন্ত্রিসভার পদত্যাগ দাবী করেছেন। ভারতবর্ষে এই নির্বাচন পৃথকভাবে হয়েছে। তবে একটি মাত্র রাজ্য কেরালা সেখানে পার্লামেণ্টের সঙ্গেই বিধানসভার নির্বাচন হয়েছে। আপনাদের জিজ্ঞাসা করি একবার তাকিয়ে দেখবেন সেখানে আপনারা কোথায়? আজকে অনেক উষ্মা, অনেক উত্তেজনা আপনারা প্রকাশ করেছেন এবং আমি জানি সেই শক্তি, সেই গায়ের জোর আপনাদের আছে। কিন্তু জিজ্ঞাসা করি সাউথে কি হয়েছে? সেখানে আপনারা কোথায়? তারা কি ভারতীয় নয়? একই সংবিধান কি তাদের পক্ষে প্রযোজ্য নয়? যারা বাংলাকে একবার হত্যা করেছিল, বাংলাকে যারা সর্বনাশের পথে নিয়েছিল, বাংলার লক্ষ্মী যাদের জন্য বাংলা ছেড়ে পালিয়েছিল তাদের আবার প্রতিষ্ঠিত করতে আপনারা এত ব্যগ্র কেন? আমি জানতে পারি কি কোন্ স্বার্থে, কোন্ প্ররোচনায়, কোন্ আগ্রহে আপনারা তাদের সাহায্য করছেন? নির্বাচন হয়েছে এবারে লোকসভায়, কিন্তু কোন্ নৈতিক দায়িত্ব, কোন্ নৈতিক অধিকার, কোন আইনের বৈধতা আছে এই বিধানসভাকে, এই মন্ত্রিসভাকে পদত্যাগ করাবে? আপনারা ভ্রষ্টাচারে নিমগ্ন তাই ইস্যুটা গুলিয়ে ফেলেছেন। সেখানে নির্বাচন হয়েছিল ন্যাশনাল লেভেলে এবং বিধানসভার নির্বাচন একই সঙ্গে হয়েছিল। সেখানকার পার্সেনটেজ অব এডুকেশন এ্যাণ্ড পপুলেশন আপনারা দেখেছেন এবং সেখানে কি রায় হয়েছে সেটাও দেখেছেন। আমাদের দুর্ভাগ্য এই রাজ্যে একই সঙ্গে বিধানসভার এবং লোকসভার নির্বাচন হয়নি।

[6-40—6-50 p.m.]

আজকে জিজ্ঞাসা করি যে, ন্যাশনাল ইস্যুতে পার্লামেণ্টের নির্বাচন হয়েছিল—বিচার হল রামের আর রহিমের ফাঁসি দেবার অধিকার—এই যুক্তি কোন্ উর্বর মস্তিষ্কে আসে? এটা কি তাদের উৎসাহ দেওয়া যারা বাংলাকে একবার ধ্বংস করেছে, তাদেরই আবার যে-কোন প্রকারে প্রতিষ্ঠিত করতে হবে—এই অপকৌশল এই অপচেষ্টা আপনাদের কেন? আমি জিজ্ঞাসা করি রামদাস-

বাবুকে আপনারা কি দলত্যাগ করেন নি? কি করেছিলেন আপনারা এখান থেকে ওখানে যেতে যে ব্যবধান সেটা কোন প্রক্রিয়াতে সমাধান করেছেন। আপনাদের কি নৈতিক দায়িত্ব ছিল না যদি পার্টি বাই মেজরাটি আপনাদের দোষী সাব্যস্ত করে থাকে আপনাদের কি নৈতিক দায়িত্ব ছিল না? আজকে এই হাউসের অন্যতম সদস্য দেখিয়ে দিয়েছেন এই দলের নীতি তিনি মানেন না, এই দলের নীতির প্রতি তিনি সন্তুষ্ট নন তাই তিনি পদত্যাগ করেছেন। কিন্তু আপনারা ত্যাগ করেন নি কোন্ রাজনৈতিক স্বার্থে—না ঐ অপশক্তিকে আবার পুনঃপ্রতিষ্ঠা করবার জন্য একটা ষড়যন্ত্রে আপনারা লিপ্ত আছেন। আমরা মনে করি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দেশে যে রুল অফ ল, যে সংবিধান আছে—সংবিধানের যে ধারাগুলি সম্বন্ধে আপনারা উল্লেখ করলেন—আমি সংবিধানবিশারদ নই, আমাদের দলের যাঁরা সংবিধান বোঝেন তাঁরা বলবেন, কিন্তু যদি প্রেসিডেণ্টের এই এক্তিয়ার আছে কি নেই—সেকশানের নির্দেশ আছে ৪২তম সংশোধনে—তাহলে এটা করতে আপনাদের দ্বিধা কেন? আজকে কান্নার স্বরে বিধানসভায় আহ্বান জানাচ্ছেন কেন—আবার ধমকী দিতে চান—আপনারা বললেন বাংলায় দুর্বার আন্দোলন গড়ে তুলব—সে ক্ষমতা আপনাদের আছে কিন্তু '৬৭-৭১ সালের ইতিহাস বাংলা ভোলে নি, বাঙালী ভোলে নি। আজকে আবার যদি সেই অপচেষ্টা করেন, সেই পথে আপনারা বাঁচবেন বলে মনে করে থাকেন তা বাঁচবেন না। কারণ বিভীষণরা কখনও কোথাও শ্রদ্ধা পায়নি। আজকে এই হুঁশিয়ারী, এই সতর্ক আপনাদের জানিয়ে দিতে চাই রামদাসবাবু। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা বললেন রাজ্যপালের ভাষণে এত প্রশস্তি দেওয়া আছে সেই প্রশস্তিতে আমরা নাকি সেল্‌ফ কমপ্লাসেন্সিতে ভুগছি। স্যার, আমাদের '৭১-৭২ সালে পরপর দুইবার নির্বাচন হয়েছিল—আপনি জানেন, তাতে ঐ বিরোধী পক্ষ আমাদের সঙ্গে একই প্রতিশ্রুতি দিয়েছিলেন জনতার সামনে, পশ্চিমবঙ্গের মানুষের কাছে একই প্রতিশ্রুতি দিয়েছিলেন। তারপর '৭২ সালে আমরা এই বিধানসভায় এসেছিলাম তখন বিরোধী পক্ষের অস্তিত্ব ছিল না—যাদের প্রকৃত বিরোধী পক্ষের অস্তিত্ব থাকার কথা—আজও তাদের মেজরিটি বিধানসভায় পদার্পণ করেন নি, পিপ্‌লের কাছে তারা বিশ্বাসঘাতকতা করেছেন। কিন্তু পরবর্তীকালে যে-কোন কারণেই হোক আমাদের মধ্যে বিশ্বনাথবাবুদের দলের সঙ্গে আমাদের ছাড়াছাড়ি হয়ে যায়। বিশ্বনাথবাবুর দল মনে করেছেন যে, তাঁদের বিরোধী দলের ভূমিকা পালন করা উচিত। কিন্তু বিধানসভায় প্রবেশ করবার সময় তাঁরা মনে করেছিলেন কংগ্রেসের সঙ্গে থেকে কিছু সুযোগ-সুবিধা আদায় করবেন। আজকে এই বিধানসভায় প্রবেশের অধিকারের জন্য জনতার সামনে কংগ্রেসের সঙ্গে একই সুরে কথা বলা প্রয়োজন মনে করেছিলেন। আমরা মানছি সব সময় এক সঙ্গে সব দল চলে না। আজকে জিজ্ঞাসা করতে পারি কি আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম তার ইভ্যালুয়েশান করবার কি চেষ্টা করেছেন? তার কত পারসেণ্ট আমরা ইমপ্লিমেণ্ট করেছি। আমরা নিজেরা বারবার আপনাদের সামনে পুস্তিকা বিতরণ করেছি—তাতে আমরা দেখিয়ে দিয়েছি যে শতকরা ৭৫ পারসেণ্ট অল সেক্টারে আমরা ইমপ্লিমেণ্ট করেছি এবং অল ইমপরটেণ্ট সেক্টারে শতকরা ১০০ ভাগই আমরা ইমপ্লিমেণ্ট করেছি। আমরা '৭১-৭২ সালে পশ্চিমবঙ্গের মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম তা পালন করবার চেষ্টা করেছি।

সীমিত সঙ্গতি আছে বারবার আপনাদের তা বলেছি। আমাদের আর্থিক সীমিত সঙ্গতি, আমাদের আরো আরো দিক দিয়েও শক্তি সীমিত তথাপি রাজ্য সরকারের তরফ থেকে একটা

জিনিস আজকে আপনারা বুকে হাত দিয়ে বলুন আন্তরিকতার অভাব দেখেছেন কিনা, আপনারা আন্তরিকতার অভাব দেখেছেন কি? একথা আমরা গোড়ায় বলেছিলাম উইকার সেকশনকে উন্নত না করলে সমাজের আমূল পরিবর্তন করা যাবে না এবং আজকে এখানে লেবার ল'—লেবার কথাটার ইঙ্গিত দিয়েছেন, ভারতবর্ষে শুধু নয়, আই এল ও অর্থাৎ ইণ্টার-ন্যাশনাল লেবার অর্গানাইজেশনের যতগুলি মেম্বার কাণ্ট্রি আছে, আর কোথায়ও প্রোগ্রেসিভ লেবার ল' আছে কি যেটা পশ্চিমবাংলায় আমাদের লেবার দপ্তর প্রবর্তন করেছে শ্রমিকদের স্বার্থে? অনেকে ক্ষেত-মজুরের কথা বলেছেন অনেক জায়গায় আমরা ইমপ্লিমেণ্ট করতে পারিনি। এগ্রিকালচারাল প্রাইস, কমোডিটি প্রাইস আমাদের নিয়ন্ত্রণে নেই। এটা তো জানেন এগ্রিকালচারাল প্রাইসের এক জায়গায় ডিজাস্টার হয়ে গেলে, আর এক জায়গায় জয়মাল্য পড়ে গেল। আজকে কাশীকান্তবাবু কি রামদাসবাবুর মত উষ্মার সূচনা দিয়ে এগ্রিকালচারের বিষয় আলোচনা করলে ভুল হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো গভীরে যেতে হবে, এই নির্বাচনের বিশ্লেষণে আজকে দেখতে হবে যে, কোথায় আমাদের ব্যর্থতা, কি কারণে? ভারতবর্ষ বিরাট দেশ ২২টি অঙ্গরাজ্য, ৬০ কোটি মানুষ, কেন্দ্রীয় শাসিত অঞ্চল, বিভিন্ন ভাষা। আমি এক জায়গায় পড়ছিলাম, জানতাম না, ৬০০-র উপর ডায়ালেক্ট আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং আমরাও দেখেছি এইরকম অপকৌশল সেণ্টারে চলে। কাশীবাবুর দেখে আজন্ম বিধানসভার আইন কোন্ দেশে চলে? ঐ যারা রক্তাক্ত, হিংসাত্মক আন্দোলন গড়ে তুলেছিল তাদের পরম শত্রু, পরম সমালোচক, আজকে কিসের আহ্বানে, কিসের প্রলোভনে তাদের মিত্র হয়ে, তাদের একাগ্র সৈনিক হয়ে, তাদের প্রচার, তাদের প্রবক্তার ভূমিকা নেন এই ষড়যন্ত্র আমরা তো জানি না। আমাদের জানা নেই, অধ্যক্ষ মহাশয়। কাশীবাবুর যদি এই পরিবর্তন, ভোল পাল্টানো সম্ভব হয় তাহলে ভারতবর্ষের সাধারণ মানুষ ভুল বুঝতে পারে এটাও অসম্ভব নয় কিন্তু তা সত্ত্বেও আমরা রায় মেনে নিয়েছি। এখানে আমি পার্টি কংগ্রেসের নিম্নতম সদস্য হিসাবে গৌরব বোধ করি যে, আমরা কোথায়ও বাধা দিইনি। পশ্চিমবাংলায় যে নির্বাচনের কথা বললেন, এখানে নাকি ৩৫টি কেন্দ্রে পুনরায় নির্বাচনের আদেশ দেওয়া হয়েছিল আজকে তাতেও তো আমরা কোন আপত্তি করিনি, এটা আমাদের ক্রেডিট। নির্বাচনে রাজ্য সরকারের ভূমিকা কী? আজকে ইলেকশন কমিশন, তার জন্য পৃথক আইন, পৃথক ব্যবস্থা রিপ্রেজেণ্টেশন অব পিপিলস্ এ্যাক্ট আছে। তার বিধান, তার নিয়ম, তার হুকুম, তার আদেশ, সেইমত নির্বাচন পরিচালিত হয়। আজকে একই প্রকার অভিযোগ কোথায়ও কোথায়ও শোনা যাচ্ছে, এটা তো একতরফা নয়, এই তরফ থেকে কাল কি পরশু—স্যার, আমি তো হাউসে নিয়মিত আসতে পারি না, আমি শুনেছিলাম, আরো বহু মাননীয় সদস্য অনেকগুলি অভিযোগ করেছেন তার কি জবাব দেবেন? ভুল হয়েছে অধ্যক্ষ মহাশয়, আজকে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে সামগ্রিকভাবে সব বিষয় সমানভাবে তুলনা করলে ভুল হবে। এর বৈশিষ্ট্য আছে সেটা এই যে, যুক্তফ্রণ্টের মত একটা বিধ্বংসী শক্তিকে রাজত্ব করবার সুযোগ দিয়েছিল এবং যার অংশীদার কাশীকান্তবাবুর মত লোক ছিলেন, যিনি এখন রামদাসবাবুর দলে আছেন, তাদের এক সময় সুযোগ হয়েছিল পশ্চিমবাংলার এ্যাডমিনিস্ট্রেটিভ মেশিনারিকে ধ্বংস করে দেওয়ার, প্রশাসনকে দলীয় স্বার্থে লাগাবার একটা প্রবণতা, একটা ফিল্ড সৃষ্টি করতে গিয়েছিলেন এটা তো আজকে অস্বীকার করা যায় না। আজকে সেইজন্য অনেক জায়গায় আমরা দেখেছি অনেকগুলি ঘটনা ঘটেছে

তার ব্যাখ্যা দেওয়া যায় না, যার বেনিফিট, যার ফসল কুড়িয়েছেন ঐ রামদাসবাবুর দল কিম্বা তার লোকেরা এটা তো অস্বীকার করা যায় না।

[6-50—7-00 p.m.]

মাননীয় বিশ্বনাথবাবু একটা প্রশ্ন তুলেছেন, তিনি বলেছেন আমাদের আহ্বান জানাতে, আমরা যেন স্বেচ্ছায় পদত্যাগ করি। আমাদের সংবিধানেতো একথা বলা ছিল না—১৪ এবং ১৫ ধারায়, আমি পড়ে শোনাচ্ছি,. যেখানে যেখানে প্রয়োজন আমরা সংশোধন করব এবং সংবিধানের অন্যতম ধারা হচ্ছে রাজ্য এবং পার্লামেণ্টে—বিধানসভা এবং লোকসভার আয়ুষ্কাল পাঁচ বছর থেকে ছয় বছর হবে। মাননীয় রামদাসবাবুকে খুব সমঝদার মানুষ বলে জানি। আমি তাঁকে জিজ্ঞাসা করতে পারি কি পৃথিবীতে সবচেয়ে যেখানে মানুষ বেশী বাস করে, সেইসব দেশ কি আপনি জানেন? সেখানে নির্বাচন হয়েছে বলে কি আপনি জানেন? সেখানে অর্থনীতিক উন্নতি ব্যাহত হয়েছে বলে কি আপনি জানেন? কিম্বা এমন কোন্ দেশ আপনি জানেন। রাষ্ট্রসংঘে ১৪৪টি মেম্বার ছিল, বাই দিস টাইম কিছু বেড়েছে বলে আমার ধারণা। অনেক দেশ আছে, অনেক রাষ্ট্র আছে যেখানে নির্বাচন হচ্ছে কোথাও ৫ বছরে, কোথাও ৬ বছরে, কোথাও ৪ বছরে। এই এক বছরের বিপর্যয়ে আপনি কি দাবী করতে পারেন, আপনার দলকে জিজ্ঞাসা করুন, কেননা আপনার মাথায় এসব সূক্ষ্ম জিনিস ঢুকবে বলে আমি বিশ্বাস করি না। এই ছয় বছর করার জন্যই কংগ্রেস দলের এই বিপুল বিপর্যয় এসে গেল? আজকে জিজ্ঞাসা করি এখানে অর্থনীতিক অগ্রগতি কিম্বা উইকার সেকশনের অগ্রগতি অপেক্ষাকৃত কম হয়েছে কিনা। কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মতে গরীব দেশ যেখানে পশ্চিমবাংলা আরও বেশী গরীব, সেখানে প্ল্যানিং কমিশন বলে দিয়েছিলেন অনেক বেশী মানুষ দারিদ্র্যসীমার নীচে বাস করে, আজকে নির্বাচনের কার্যকাল, অর্থাৎ ডিউরেশন অব দি হাউস কতদিন হবে সেটা নিয়ে মতভেদ থাকতে পারে, এটা নিয়ে বিতর্ক থাকতে পারে, এই যে স্ট্যাট্যুট এটা সংবিধানের অন্তর্গত, পার্ট অব দি রুল অব ল, সংবিধানের আজকে অংশ, ৬ বছর হয়ে গেছে। সেই বৈধ সরকারকে যারা ভাঙতে চেষ্টা করে, হুংকার দেয়, জোরে শোনায় যুবশক্তি উঠছে, তাদের হুঁশিয়ার করে দিই, বহু বিভীষণের পরিণতি আর একবার ভেবে দেখবার চেষ্টা করুন। বিশ্বাসঘাতকতার ষড়যন্ত্র কখনও স্থায়ী হয় না, মিথ্যা প্রশ্রয় পায় না। আপনারা যদি সেই অপকৌশল করে থাকেন, আপনারা জয়যুক্ত হবেন না। আজকে আমরা মাথা পেতে নিতাম তার সঙ্গে যদি বিধানসভারও নির্বাচন হতো, লোকসভার সঙ্গে বিধানসভার নির্বাচন হয়েছে কেরালায়। সেটার সম্বন্ধে কাশীবাবু নীরব। জিজ্ঞাসা করতে পারি কি দেখতে পেয়েছেন না শুনতে পেয়েছেন, আজকে আর একটা রাজ্যে সেখানে কেন হল না জানি না। কিন্তু আজকে যে নির্বাচন হয়েছে, তার ফলাফলের ভিত্তিতে যদি রায় মেনে না নিতাম তাহলে সেখানে গণ-আন্দোলনের অবকাশ থাকত। আজকে আপনারা কিছু শক্তি পেয়েছেন আমরা জানি, কোথা থেকে পেয়েছেন সেও জানি, বাংলার জনগণ জানে। চারদিকে কি ঘটছে মানুষ দেখতে পায় না? কিন্তু দুর্বল দেশে সেই জিনিসের চমক দেখেছি, বাংলার মানুষ নিজের মেরিটে বিচার করবে। আপনারা যখন দাবি করবেন বিধানসভার প্রার্থী হিসাবে, আমরাও দাবী করব বিধানসভার প্রার্থী হিসাবে। কিন্তু জিজ্ঞাসা করতে পারি কি কাশীবাবু কি সেই রহস্য ফাঁস করবেন?

মরা দেখেছি এখানে ১৯৬২ সাল থেকে, তিনি অনেকগুলি ব্লকে বসেছেন। আপনার নেক বক্তব্য বুঝি, ধৈর্য ধরে শুনি, কারণ আপনার বক্তব্যে পরস্পরবিরোধিতা থাকে অল্প য়ের মধ্যেই পেয়েছি। ১৯৬৯ সালে বিধানসভায় কাশীকান্তবাবু বিধানসভায় একটা বক্তৃতা রেছিলেন, আমি কংগ্রেস দলের চীফ হুইপ হিসাবে তাঁকে সময় দিয়েছিলাম, সেই বক্তৃতা জকে পেলাম না, পরস্পরবিরোধী শোনবার সুযোগ, তা সত্ত্বেও আজকে জিজ্ঞাসা করি ংলার ভবিষ্যৎ মাননীয় মুখ্যমন্ত্রী আপনি জানেন পরিকল্পিত অর্থনীতি বাংলার কোথাও কছে না। আমাদের পার্শ্ববর্তী রাজ্য, অঙ্গরাজ্য মহারাষ্ট্র তার পরিকল্পনা যেখানে ২,২০০ াটি টাকা, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী চেষ্টা করে প্ল্যানিং কমিশনের সঙ্গে দ্বন্দ্ব করে জ্যের পরিকল্পনা ১২০০ কোটি করলেন।

কিন্তু কাশীকান্তবাবু, আপনি যখন যুক্তফ্রন্টের শরিক ছিলেন '৬৭-৬৮ ও '৬৯ সালে, াশীবাবু কি ভুলে গেলেন বাংলাকে জবাই করবার কী ষড়যন্ত্র আপনারা তখন করেছিলেন? ংলার তৃতীয় পরিকল্পনায় ছিল ৩০৫ কোটি টাকা, চতুর্থ পরিকল্পনায় হবার কথা ছিল ০৫ কোটি টাকা, সেখানে কোন্ রহস্যে বাংলার পরিকল্পনা খাতে বরাদ্দ হয়েছিল মাত্র ৩২২ াটি টাকা? জিজ্ঞাসা করতে পারি কি রামদাসবাবুকে? এত তথ্য বোধহয় তাঁর জানা নেই। র জানা থাকলেও তা দিতে পারবেন না। আবার আপনারা সেই ষড়যন্ত্রে লিপ্ত হয়েছেন। ময়িক স্বার্থজনিত জয়ে উত্তেজনা দেখা দেওয়া স্বাভাবিক, তাতে মাথা গরম হয়ে যাওয়াও ভাবিক। তাতে বুদ্ধি বিভ্রমও হয়ে যেতে পারে। আজকে সেই সতর্কবাণী আপনাদের নাতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাশীবাবু আবিষ্কার করেছেন যে মন্ত্রিসভায় আমাদের ক্যমত নেই। ১৯৭২ সালের পর একই সঙ্গে তাঁর সঙ্গে মন্ত্রিসভার বৈঠকে বসবার সুযোগ াধিকবার আমার হয়েছিল, আপনি কি বলতে পারেন মন্ত্রিসভার সিদ্ধান্তে আমাদের দ্বিমত য়ছে? আমি স্যার গর্বের সঙ্গে আপনার মাধ্যমে কাশীবাবুকে জানিয়ে দিতে চাই, যদি নি তাঁর অতীত অভিজ্ঞতার কথা ভুলে গিয়ে থাকেন---যে মন্ত্রিসভার সিদ্ধান্ত একমতে হয়। সম্বন্ধে কোন দ্বিমত নেই যে সেখানে ডিসকাশান বা আলোচনার অবকাশ আছে। গণতন্ত্রের অধিকার সেই অধিকার মন্ত্রিসভারও আছে। কিন্তু আমাদের পুরো সিদ্ধান্ত একমতে হয়। জকে তিনি মুখ্যমন্ত্রী সিদ্ধার্থবাবুকে এ্যাটাক করলে জয়নাল আবেদিন নীরব থাকবেন না। জেই সেই প্রলোভন আপনি সম্বরণ করে চলবেন, সংযত হবেন। আর রামদাসবাবু যেন ৫ উৎসাহ প্রকাশ না করেন। আজকে আপনাকে সেই কথা জানিয়ে দিতে চাই। কাশীবাবু, পনাকে আমি ইণ্টারাপ্ট করি নি---

Shri Kashikanta Maitra : On a point of order, Sir,

াবিনেটে মন্ত্রগুপ্তির শপথ আছে। সুতরাং ক্যাবিনেটে কি হয়েছে না হয়েছে ঐ বক্তা এখানে বলতে পারেন না। তিনি আমাকে প্রোভোক করতে পারেন না। আমি এগুলি াতে ঘৃণা করি। স্যার, ব্যক্তিগতভাবে উনি আমাকে আক্রমণ করছেন?

ডাঃ জয়নাল আবেদিন : স্যার, উনি বলেছেন আমরা মন্ত্রিসভার সিদ্ধান্তে একমত , এটা উনি কোথায় পেলেন? আমরা যে একমত সে কথাটা কি আমরা বলতে পারি ? কোথায় আমাদের ভায়োলেশন অব মন্ত্রগুপ্তি হয়েছে? আমি তো আর তাঁর মত আইনজ ! আমি তাঁকে হুঁশিয়ার করে দিতে চাই। এ সেন্স আমাদের আছে। আপনি

যেটা চ্যালেঞ্জ করেছেন যে আমরা একমত নই, আমি বলবো আমরা একমত, কোথায় ভায়োলেশন অব মন্ত্রগুপ্তি শপথ আপনি বলে দিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে উনি আইনের সুযোগ নিয়ে অপব্যাখ্যা করছেন, অপপ্রচার করতে চেষ্টা করছেন। এই অপপ্রচার করা উচিত নয় এই কথাটা মাননীয় কাশীকান্তবাবুকে বলতে চাই। তাঁর বক্তৃতার সারমর্ম হলো—তোমরা মন্ত্রিসভা থেকে পদত্যাগ করো। তা না হলে অন্য উপায় আছে সেটা হলো প্রেসিডেণ্টকে দিয়ে সেকশন ৫৯ অনুসারে নোটিফিকেশন জারী করে দিয়ে তোমাদের আয়ুষ্কাল ৫ বছর করে দিতে পারি। সেটা যদি সম্ভব থাকে তো চেষ্টা করে দেখুন না। আমি কাশীকান্তবাবুকে আহ্বান জানাচ্ছি—সে শক্তি থাকলে প্রয়োগ করুন না? তাতে যদি জনতার সমর্থন থাকে তো করুন না। আর যদি জনতার রায়কে সম্মান দিতে হয় তাহলে আরো কিছুকাল অপেক্ষা করতে আপনারা বাধ্য। টিল মার্চ ১৯৭৮। তার আগে আপনাদের কোন অধিকার নেই এই মন্ত্রিসভা ভেঙে দেবার। ওকথা উচ্চারণ করবারও কোন অধিকার নেই। তবে যদি আপনারা গণ-আন্দোলন সংগঠিত করতে চান, সেটা অবশ্যই আপনারা করতে পারেন। কারণ যাদের সঙ্গে আপনারা হাত মিলিয়েছেন, তারাও তাই চায় এবং অতীতে এই ভুলের সুযোগ ওরা নিয়েছে। কিন্তু আমার ধারণা ছিল আগুনে হাত দিলে আঙুল পোড়ে সেটা তাঁরা জানেন—এখন দেখছি কাশীবাবুদের আঙুল এতই পুড়ে গেছে যে, তাদের সে অনুভূতি আর নেই—নষ্ট হয়ে গেছে, তাই কিছুই তারা বুঝতে পারছেন না। এই ধারণা আমার ছিল না। আজকে যাদের নিয়ে তারা গণ-আন্দোলন সংগঠন করতে চাচ্ছেন, বাংলার জনসাধারণ তার উপযুক্ত জবাব দেবে। ভারতের সংবিধানের বাইরে যাবেন না, আইনের বাইরে যাবেন না। একদিন বাংলার মাটি আপনারা লাল করেছিলেন অপবুদ্ধি বা ভ্রষ্টবুদ্ধি দ্বারা পরিচালিত হয়ে। আবার সেই অপকৌশল করতে যাবেন না—এই হুঁশিয়ারী আপনাদের আমি দিতে চাই।

আইনের যে কথাগুলি বলেছেন তার জবাব এঁরা দেবেন। ওঁরা বলেছেন তামিলনাড়ুর কথা। আপনি তো স্যার শুনেছেন ওঁরা তামিলনাড়ু ও উত্তরপ্রদেশের তুলনা দিয়েছেন। তামিলনাড়ুর নির্বাচনের ফলাফল কী কাশীবাবু দেখেছেন। আজকে ভাল হতো যদি তামিলনাড়ুর রেজাল্ট পশ্চিমবাংলায় হতো। তাহলে কাশীবাবুদের এই উচ্চস্বর ও অপকৌশল আগেই পরাভূত হতো।

[7-00—7-10 p.m.]

দেখেছেন কি তামিলনাড়ুতে কি ফল হয়েছে? আপনারা তো দেখেছেন নির্বাচনের আগে তামিলনাড়ুতে কি হয়েছিল? আপনারা দেখেছেন সাকারিয়া কমিশনের রিপোর্ট। সেখানে বৈধতা, নৈতিক প্রশ্ন পাঠিয়েছেন বলে তো দেখিনি বা শুনিনি। আজকে তামিলনাড়ুর তুলনা দিলেন। এত বড় মেজরিটি সরকারকে অপসারণ করা হয়েছিল এই বলে একটা তুলনা দিলেন। ইন্দিরা গান্ধীর সরকার যদি কোন অপকর্ম করে থাকে, অন্যায় করে থাকে তামিলনাড়ুতে, তাহলে তামিলনাড়ুর মানুষ তার জবাব দিয়ে দিয়েছে। তাহলে এখানে যা ঘটেছে তা হয় আপনাদের অসত্য প্রতিশ্রুতি, না হলে আপনাদের ষড়যন্ত্র। আপনাদের কারো কোন প্রভাব আছে বাংলার এই পরিণতির জন্য। এই পরিণতি চিরস্থায়ী নয়। আপনি নিজে বলেছেন নাগরদোলার কথা। আপনি মনে করেছেন আপনি উপরতলায় আছেন, নীচে কখনও নামবেন না। আপনাকে অনেকবার উপর-নীচ করতে আমরা দেখেছি।

আপনাকে উপরে উঠতে দেখেছি, আপনাকে নীচে থাকতে দেখেছি। আপনি যখন উপরে উঠেন তখন দেখি একটা অপশক্তির হাত ধরে ওঠেন। ভুল করেন, আবার ছুটে আসেন কংগ্রেসের কাছে। আমার মনে কোন সন্দেহ নেই এই বিষয়ে, আপনি নিজে বিবেচনা করুন। যে অপশক্তি বাংলাকে ধ্বংস করে, বাংলার মানুষের শান্তি নষ্ট করে, বাংলার প্রগতি ধ্বংস করে, তাদের সাথে আপনি যাবেন? মানুষ কি চায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানুষ চায় না কি স্বাধীনতা? আমি তো আপনার সঙ্গে একমত স্বাধীনতা চাই। মানুষ কি শান্তি চায় না? আমি একমত আপনার সঙ্গে যে মানুষ শান্তি চায়। মানুষ কি অন্ন, বস্ত্রের সংস্থান চায় না? আমি আপনার সঙ্গে একমত মানুষ তা চায়। বাংলা কিন্তু পিছিয়ে আছে। এখন সহযোগিতা দরকার, ষড়যন্ত্রের প্রয়োজন নেই। কিন্তু অযথা ষড়যন্ত্রে লিপ্ত হবেন না। কাশীবাবু আপনি অতীতে যে ভুল করেছেন সেই ভুল সংশোধনের চেষ্টা করুন। আপনি ৫৯ ক্লজের কথা বলেছেন, প্রেসিডেন্সিয়াল অর্ডারের কথা বলেছেন, বহুগুণা সরকারের কথা বলেছেন। আপনি তো তখন কংগ্রেসে ছিলেন। আমি তো জানি না, আপনার সঙ্গে পাশাপাশি বসেছি, কোনদিন আলোচনা শুনিনি, আপনি প্রতিবাদ কিছু করেছিলেন কি? তাহলে কি বুঝবো কাশীবাবু আপনি আপনার নৈতিক ভিত্তি ধ্বংস করে সুবিধাবাদের আশ্রয় গ্রহণ করেছেন। ভাবতে বড় কষ্ট হয়। অতীতে দেখেছি আপনার বক্তব্য, আপনার আচরণ। আপনার যে পরিবর্তন সবগুলি সুবিধাবাদের সঙ্গে মেলে। আপনার বক্তৃতা শুনতে ভাল লাগলেও, আপনার আচরণ দেখলে কষ্ট হয়। আপনি কি সেই দিকে যাচ্ছেন, সেই সুবিধাবাদের দিকে? আপনি তো প্রতিবাদ করেন নি বহুগুণার সময় কংগ্রেসে ছিলেন আপনি কি প্রতিবাদ করেছিলেন? আপনি কি চিঠি লিখেছিলেন কংগ্রেস হাইকমাণ্ডের কাছে। আমি তো শুনিনি।

শ্রীকাশীকান্ত মৈত্র: উনি হাউসের ডিবেটের সমস্ত প্রিন্সিপিল লঙ্ঘন করছেন। উনি জানেন না, আমরা এদিকে যারা আছি, শ্রদ্ধেয় শ্রীবিজয়সিং নাহার, শ্রীরামদাস ব্যানার্জী, শান্তি দাশগুপ্ত এবং আমি দিনের পর দিন সভা-সমিতি করেছি এবং বহুগুণা সাহেবকে যখন সরানো হয়েছে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে যখন চক্রান্ত হয়েছে আমরা সভা করেছি যে কেন পরিবর্তন হবে যদিও মুখ্যমন্ত্রীর সঙ্গে আমাদের মতপার্থক্য ছিল। পরিবর্তন-পন্থীদের বিরুদ্ধে আমরা বক্তৃতা করেছি। এটা ডাঃ জয়নাল আবেদিন ভুলে গেলেন। তার পাশে বসবার অবকাশ আমার ছিল না, প্রয়োজনও হয়নি।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাঝে মাঝে কাশীবাবু বাধা দিচ্ছেন। আমার পা-টা খারাপ আমি দাঁড়াতে পারছি না। না হলে এটা রিপিট করতে হয়। একদিন পা-টা ভাল হবে। পার্লামেণ্টারী রীতিনীতি শিখুন---

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনার কাছে শিখতে যাবো না।

ডাঃ জয়নাল আবেদিন: তাই শিখতে হবে।

(শ্রীরামদাস ব্যানার্জী রোজ টু স্পীক।)

(গোলমাল এবং বাধাদান।)

মিঃ স্পীকার: I request both of you not to be excited. Let each party express its opinion democratically and in a descent way.

শ্রী [illegible] আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু শেষ কথা কাশীবাবুর বক্তৃতার উত্তরে বলতে চাই যে বাংলার মানুষ কিন্তু খুব বুদ্ধিমান বাংলার মানুষকে সাধারণভাবে বিচার করলে খুব ভুল হবে। এখানে শুধু যদি অপকৌশল হয় সরকারকে পদচ্যুত করা এ বিধানসভা ভেঙে দেওয়া তো এর জবাব কিন্তু বাংলার মানুষ বারবার দিয়েছে। সেই পরিণামের দিকে দৃষ্টি রাখবেন। স্মরণশক্তি ক্ষীণ হওয়া উচিত নয়। ১৯৬৭ সালে একবার নির্বাচন হয়েছে, ১৯৬৯ সালে একবার নির্বাচন হয়েছে, ১৯৭১ সালে একবার নির্বাচন হয়েছে, ১৯৭২ সালে একবার নির্বাচন হয়েছে। ছয় বছর পরে কেন বছরে বছরে নির্বাচন হয়েছিল। কিন্তু তাতে কি বাংলার অগ্রগতি হয়েছিল? সুতরাং মানুষকে ভ্রান্তপথে পরিচালনা করবেন না। আজকে যারা হিংসায় বিশ্বাসী এইরকম দেশদ্রোহীদের সঙ্গে হাত মেলায় বাংলার প্রগতিকে, উন্নতিকে ধ্বংস করে দেয়—তাদের কিন্তু এই প্রচেষ্টা থাকবে না এটা জেনে রেখে দেবেন। এবং তাতে আপনারাও রেহাই পাবেন না এই সতর্কবাণী আমি করে গেলাম। মাননীয় বিশ্বনাথবাবুকে দুটি কথা বলতে চাই। আমি তাঁর বক্তৃতা শুনে খুব আনন্দ পেলাম। এতদিন পরে বিশ্বনাথবাবু এই প্রথম ভগবানের নাম নিলেন। তাকে আমি অভিনন্দন জানাই। ভারতবর্ষ মূলত ধর্মপ্রাণ, ভারতবর্ষের মানুষ মূলত ধর্মে বিশ্বাস করে। আজকে তিনি কিছু হিতোপদেশ দেবার চেষ্টা করেছেন। আমি জিজ্ঞাসা করতে পারি কি যখন পার্লামেণ্টের নির্বাচন ঘোষণা হয় আপনারা যখন আমাদের সঙ্গে সিট ভাগাভাগিতে আসেন তখন তিনি একথা তো বলেন নি—না কি একথা বলার অবকাশ ছিল না? আমাদের দলের অনেকে মনে করেন যে এদের সঙ্গে হাত মিলিয়ে আমরা স্বখাত সলিলে ডুবে গেছি। কোথাও কোথাও কিছু কিছু পরিবর্তন হয়েছে। আজকে রাজনীতির ধারা কোথায় নিয়ে যাবে জানি না—তখন কিন্তু যদি এই পরামর্শটা দিতেন তাহলে ভাল হোত। সময়ে পরামর্শটা দিলে ভাল হোত। কিন্তু কেন জানি না—একটা আবার দিল্লী কনফারেন্স হবে। বস্তুত আইনে ক্ষমতা যাচ্ছে না বৈধ সরকার এদের নৈতিক ভিত্তি আছে—আজকে তবে আর যে হোক গভর্ণরের কাছে গিয়ে আপনারা পদত্যাগপত্র দাখিল করুন। এই হিতোপদেশ বাণী তিনি এখানে বিতরণ করলেন। কিন্তু তার আগে আপনারা একটু দেখান না? আপনারা যখন আমাদের সঙ্গে এসেছিলেন এবং এখানে এসে বিরোধী দলের ভূমিকা নিয়েছিলেন—একটু দেখান না, আমাদের যে পরিণতি সেই পরিণতি আপনাদেরও তো হয়েছে—আপনাদের তো আরও কোথায় কোথায় আছে—আপনারা একটু এগিয়ে এসে দেখান যে ভাই আমরা বড় ভয়ানক ফাঁদে পড়ে গেছি আমাদের লোক পরিত্যাগ করেছে—আমরা এখন চললাম। একটু নৈতিক মূল্যবোধ দেখান না? তাহলে দেখা যাবে। মুশকিল হচ্ছে স্যার, সবাই পরের মুখে ঝাল খেতে চায়—কাশীবাবুরও সেই প্রবৃত্তি এবং বিশ্বনাথবাবুরও সেই প্রবৃত্তি। দুইটি ফল আপনি জানেন যাতে রসনা বঞ্চিত হয় না—কিন্তু উপভোগটা প্রকট হয়ে যায়। আজকে তাই আমাদের কাশীবাবু, বিশ্বনাথবাবু আমাদের হিতোপদেশ দিচ্ছেন। এদের আদর্শগত বিরোধ রয়েছে প্রবল বিরোধ রয়েছে—কিন্তু জানি না কেন এ বিষয়ে তারা একমত। এতে হয়তো ওদের দু'-একটি সিট বাড়বে। কিন্তু কংগ্রেস তাতে কোন বাধা দেবে না। গণতান্ত্রিক পার্টি তাঁদের যদি যেতে ইচ্ছা থাকে যান না, আমরা কোনই বাধা দেবো না। কৌশল পার্টি বলে আপনারা পরিচিত আপনারা যে-কোন সময় যে-কোনরকম কৌশল অবলম্বন করতে পারেন। আমরা তাতে বিচলিত নই, গণতন্ত্রকে যখন আমরা মাথা পেতে স্বীকার করে নিয়েছি তখন জনতার রায় মাথা পেতে

নিতে কোথায়ও আমাদের অমর্যাদা নেই এবং বারবার তা আমরা মাথা পেতে নেবো। কৌশল অবলম্বন করবো না। কংগ্রেসের টিকিটে জিতে আর একটা দলে নাম লেখাবো না---কংগ্রেসের টিকিটে গিয়ে কংগ্রেসের সর্বনাশ করবো না। বাংলার ভাল করবো বলে জয়ী হয়ে বাংলাকে ধ্বংস করে যারা তাদের সঙ্গে হাত মেলাবো না।

[7-10—7-20 p.m.]

আজকে আত্মপক্ষ আপনাদের স্মরণ করা উচিত বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভর্ণমেণ্ট এমপ্লয়ীদের সম্বন্ধে উনি বলেছেন। আপনি দেখেছেন এই সরকার আসার পরে সিক্সথ ফাইন্যান্স কমিশনের কাছে আমাদের মেমোরাণ্ডাম-এর সাপোর্টে রেখেছি, এটাই আমাদের মুখ্য দাবী ছিল। আপনাদের তো ৭ জন আছে, আপনারা এটা দয়া করে দেখবেন কি—আমরা এই দাবীতে সোচ্চার। আপনারা তো ভারত সরকারের কাছে তুলতে পারছেন না, একটি কথাও তো ভারত সরকারকে বলেন নি। আমরা ভারত সরকারের কাছে নিবেদন রেখেছি স্টেট গভর্ণমেণ্ট এমপ্লয়ীদের তারতম্য সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এমপ্লয়ীদের এমোলি-উমেণ্টসের সঙ্গে—সেটা আমরা দূর করতে চাই, সে বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এখানে ঘোষণা করেছেন, আপনারা সাহায্য করুন, সে সম্বন্ধে বক্তব্য রাখুন। নতুন সরকার কেন্দ্রে গঠন করার পরে নয়, সি এফ ডি দল গঠন করার পরে নয়, রাজ্য সরকারের এই বক্তব্য দীর্ঘদিনের —ফাইন্যান্স কমিশনের কাছে যখন বক্তব্য রেখেছিলাম, তখনকার এই বক্তব্য। আপনাদের সহযোগিতা চাইছি, আপনারা সহযোগিতা করবেন। রামদাসবাবু যেভাবে মাথা নাড়ছেন তাতে আশা করছি আমরা সহযোগিতা পাব। আজকে একটি জিনিস এখানে বলেছেন লেবার আনরেষ্ট অনেক জায়গায় দেখা দিয়েছে। আমি সরকারী পরিচালনাধীনে কিছু কারবার চালাচ্ছি, আমার অভিজ্ঞতা হয়েছে। হঠাৎ বুঝিনি—১৯৭১/৭২ সালে যখন নির্বাচন হল তখন আমরা জানতাম অন্যরকম শক্তি, অন্যরকম হাত, রেকর্ড আছে—ব্রুত অল অন এ সাডেন অপচেষ্টা হচ্ছে, সাক্সেসফুল হয়নি। হরশঙ্করবাবু এখানে নেই, ওঁরা পাবলিক সেক্টরের এক্সপ্যানশন চান—আমাদের এগ্রিকালচার স্যাচুরেশনে এসেছে। এমপ্লয়মেণ্ট বাড়াতে গেলে ইণ্ডাস্ট্রিয়্যাল সেক্টর—লার্জ এ্যাণ্ড মিডিয়াম সেক্টর বাড়িয়ে আমাদের এমপ্লয়মেণ্ট বাড়াতে হবে। এখানে লেবার আনরেষ্টে উস্কানি দেবেন না, এটা আপনাদের অনুরোধ করি। রামদাসবাবুর লেবার ফ্রণ্টে এখনও বোধহয় পরিচয় নেই। (ভয়েস: উনি একজিকিউটিভ কমিটিতে আছেন)। রামদাসবাবু একজিকিউটিভ কমিটির মেম্বার হলে সি এফ ডি সেখানে কি করে থাকে? পুরো কণ্ট্রাডিকশন মেনে নিচ্ছেন।

শ্রীঅজিতকুমার বসু: মিঃ স্পীকার, স্যার, উনি এইরকম বক্তৃতা দিয়ে ব্যক্তিগত আক্রমণ করছেন।

ডাঃ জয়নাল আবেদিন: উনি যদি এটাকে ব্যক্তিগত আক্রমণ মনে করে থাকেন তাহলে আমি দুঃখিত—স্যার, এগুলি কোন আক্রমণ নয়। স্যার, দিস ইজ নট আনপার্লামেণ্টারি, আই ক্যান কোট হানড্রেডস অব প্রিসিডেণ্টস ফ্রম দিস হাউস এ্যাজ ওয়েল এ্যাজ ফ্রম দি হাউস অব কমনস, এইগুলি চলে। যাক যেকথা বলছিলাম—এগ্রিকালচারাল প্রাইস কমিশনের কথা বলেছেন। আপনারা নিজেরা দাবী করবেন এত দিতে হবে, আর ওদিকে নির্দিষ্ট দরে সরবরাহ করতে হবে অত্যাবশ্যক পণ্য এই দাবী করছেন, আবার উল্টোদিকে আপনারা বলছেন

প্রোকিওরমেণ্ট প্রাইস বাড়াতে হবে—এই যে বিরাট কণ্ট্রাডিকশন এটা দয়া করে বিরোধী দলের নেতা বুঝিয়ে দেবেন কি? রাজ্য সরকারের করণীয় কি সেটা আমরা বারবার সুপারিশ করেছি—জুটের ক্ষেত্রে সোচ্চার হয়ে বলেন নি যে জুট চাষীদের অন্যায় করা হচ্ছে? গমের ক্ষেত্রে রাজ্য সরকার এসেনসিয়্যাল কমোডিটিজ করপোরেশনকে দিয়ে সাপোর্ট প্রাইস দিয়ে গম কেনবার চেষ্টা করেন নি? আপনাদের কাছে আমরা সহযোগিতা চাইছি। এগ্রিকালচারাল প্রাইস কমিশন বিভিন্ন কমোডিটির প্রাইস রিভাইস করে তাহলে আপনারা বলুন এখানে দাবী করবেন না, অল্প দামে জিনিস বিক্রী করতে হবে—এখানে আপনাদের কণ্ট্রাডিকশন হবে। তা যদি হয় তাহলে ডিফারেন্স অব প্রাইস সাবসিডি আসবে কোথা থেকে সে হিসাব আপনাদের বলে দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শেষ কথা বলতে চাই, যারা বিধানসভা ভেঙে দেবার প্রবক্তা, যারা মন্ত্রিসভার পদত্যাগ দাবী করে অসার হুমকী দেয় গণ-আন্দোলন সংঘটিত হবে, হিংসা বইবে ইত্যাদি ইত্যাদি তাদের আমি হুঁশিয়ার করে দিতে চাই ইতিহাস পড়তে শিখুন, বাংলার অতীতকে দেখুন, বাংলার নির্বাচনের পরিণাম দেখুন, আপনাদের নিজেদের নৈতিক মানকে আর একবার যাচাই করে নিন যে কতখানি শক্ত। আজকে যদি কেউ এই অপকৌশল করবার চেষ্টা করেন তাদেব আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে সতর্ক করে দিতে চাই এবং বলতে চাই মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায়ের পরিচালনাধীন যে সরকার সেই সরকার সংবিধানসম্মত বৈধ সরকার এবং বৈধ নির্বাচনের আগে পদত্যাগ দাবী করে কোন ষড়যন্ত্র করা অন্যায়, অবৈধ, অগণতান্ত্রিক, বাংলার মানুষ এর উচিত জবাব দেবে। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ।

Shri Ramdas Banerjee : Sir, a copy of the speech may kindly be supplied to me.

Mr. Speaker : I shall see that a copy is supplied to you as early as possible.

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, to-day we are debating on Governor's Address but Mr. Zainal Abedin is debating on personal attack. I think as a Minister sitting on the Treasury Bench he should be more practical in giving his reply. He forgets those days when he was sitting on this side. To-day he is sitting on the Treasury Bench and he thinks that he is a very big man. However, Sir, I hope he will rectify himself in future. Sir, the debate on Governor's Address to-day is a very very peculiar thing because that Address itself is not worth while going through. But still I am compelled to say a few points when I am here. You are aware that in spite of 42nd Amendment of the Constitution the Lok Sabha election was held and people have given their mandate. Election has proved that people have given their verdict against the 42nd Amendment. Now, Sir, if this be the truth which everybody accepts then I think the Government should resign immediately. It is no use of hanging on to the power. If you hang on to power then if not to-day, to-morrow you have to go in a most disgraceful manner. So, it will be better if you go in a respectful manner,

[7-20—7-30 p.m.]

Now Sir, let us see Page 4 of the Governor's Address. He says "My Government has recently set up the West Bengal Tea Development Corporation". I have heard about this and I requested the Labour Minister to let me know who are the members of this Corporation because I represent large number of tea gardens in Dooars in West Bengal. So I think no member of this Corporation represents such a huge number of tea gardens. Uptil now I am not aware of this i.e. the names of the members of this Corporation. Then again, I have heard that there is an Apex Body. Of course, it is not mentioned in the Governor's Address. Some time back I have got this information from Mr. Nag, the Labour Minister. But may I know who are the members of this Apex Body in West Bengal ? We should know about these things. I would say, Sir, that this Government is doing favouritism, nepotism and some other very bad things. Can they deny this fact that I represent majority of the tea gardens ? Then let us see Page 7, Serial No. 16, here the Governor says that "my Government has revised the rates of minimum wages payable to agricultural labourers". Is it in paper or in practice ? We also hear about it in this House but up till now the condition of agricultural labourers has not improved. They get Rs. 8 and some paise for some months. Agricultural labourers are required for only three months in a year. Sir, for the remaining nine months will they eat grass ? The Government is not considering this thing, Sir. In fact, how the big land holders do not engage agricultural labourers and so, all are starving. I am just going through this book to see what the Government has done for them but I find that they are being deprived all these years. Now Page 17, Para 37—he says that the Government has set up the West Bengal Scheduled Castes Development and Finance Corporation. I do not know what is its function and what it is doing. None of the scheduled caste people sees that it is functioning there. Sir, I would say that it is only in paper and nothing else. Hon'ble Chief Minister is here and that is why I am particularly mentioning about it. I think even the Hon'ble Chief Minister knows that no work has been done by this Corporation. Regarding scheduled tribes what the Government has done, nothing. Schedule tribes do not deserve anything according to the present Government. The Government says that free education, free books and some other facilities are provided to them. But are they getting all these things ? I know Bengali books are coming but actually tribal community is mostly Hindi-speaking people. Do they get Hindi books ?

The Government has assured two years back that they are going to print Hindi books but up till now they have not printed those books. I will now give you the prices of books. For class II it costs Rs. 15/-, for class III it costs Rs. 20/-, for class IV the cost is Rs. 27/- and for class V the cost is Rs. 37/-. From where are these poor people going to pay ? Coming to the higher education Sir, we find that they get Rs. 30/- as book grant whereas they have got to pay Rs. 150 to Rs. 200 for the books. How are they going to afford

this? How do you expect them to go to the schools? Regarding boarding facilities you are giving them Rs. 30/- a month? Can any school boarding afford it? Sir, this is what the Government has done although they assured to uplift the tribal community first and foremost. But, Sir, without education how are you going to uplift them. Right from the time I came to this House, I am speaking for the uplift of the tribal community—mainly for their education. But you know Sir, what the government has given to them. Then, Sir, the government is giving them a sum of Rs. 500/- for a building—a room for the whole family consisting of father, son, daughter and husband. Everything is there in this room including the kitchen. This is the picture, Sir. Even the tea garden labourers have got better accommodations. To-day, government is giving them such accommodations but our demand was not that. I repeatedly expressed that if the government has no money and if it cannot afford to pay more, that is a separate matter. But I requested the government not to build such quarters within Rs. 500/-. Sir, it is a disgrace on the part of the government as well as the people who are occupying these pig sheds. Then, Sir, regarding the uplift of this community, I heard in the last meeting of the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes of this Assembly that the Minister has said that for the Scheduled Tribes something will be done in line with the West Bengal Scheduled Castes Development and Finance Corporation and a Bill will be coming in the Assembly for this. But it did not come. Then, when the Committee urged the Minister for doing this he said that the Scheduled Tribes people are enjoying the facilities of the LAMP. Sir, you know that everybody can become a member of the LAMP and it is not particularly for the Scheduled Tribes people. So this is the picture, Sir. Very fine things are written in the Governor's Address and very find things are said in the Assembly that achievements for the Scheduled Tribes people are so good that we have to sing alleluia to this Government. But, actually nothing has been done, Sir. Coming to the question of appointments of the Scheduled Tribes people, Sir, you will be surprised to know the position. Even in the last Budget Session I also expressed this that this Government is saying that there are so many vacancies for scheduled castes and scheduled tribes people and that circulars are going to the employment exchanges sending the names. But what I hear is this that in Calcutta they might have got some appointments but the position is different in the districts. There is no scheduled tribe candidate eligible for appointment there in the districts and they have not got appointments.

[7-30—7-40 p.m.]

Hence our scheduled caste people are not getting this benefit. It is a very peculiar thing. So many scheduled castes boys who are graduates are sitting idle though they have registered their names in the Employment Exchange. The tribal people also are getting nothing. I know three scheduled castes girls who

are studying in Beleghata, Calcutta. Just before the examination they were attacked with small pox and they could not appear for the examination. I spoke to the Director in this connection so that if any concession could be made for them—of course they had received the money for that year—but unfortunately there was no concession made to these people. If I get the full amount—although I might be a bright student—if by nature I am sick then on that occasion I or a member of the scheduled caste community will have the right of any further grant forfeited. It is a very sorry case that actually they speak high but the things are not done. Now, Sir, I am just coming to the last portion of Page 26, Para 57. Sir, this is a very simple thing for this Cabinet—which has been discredited by the people—to make the highest person of west Bengal to address this House with all these things. Para 57 reads, "However, during the last few years there has been visible evidence of growth and stability. By no means have all our problems been solved. The time ahead is full of many challenges. Government is fully aware that the forces of disruption and chaos are waiting to raise their ugly head..." When the head of the State is expressing this thing in the House then it is a very very sorrowful thing. Which are the heads ugly ? I find that the Chief Minister is not here and also the Home Minister is not here. Who are the ugly heads ? One Shri Narayan Chakraborty was assaulted on the 15th March at mid night while he was returning home after attending the election organisation metting. He was attacked by about 10/12 congressi goondas and these people severely injured him and he was admitted in the local Sagar Dutta Hospital at Baranagar. Inspite of specific diary made by him naming the culprits there was nothing done by the police. Not only that, these people were threatening this injured man and his friends that if they give evidence they would be assaulted in the same way. Is this rule, Sir ? Similarly, during the election one M. P. was assaulted in Calcutta.

He has given the name of the culprit but nothing has been done up till now. This Government is up to all sorts of mischief and still they are blaming others. Sir, in this House you have heard halla gulla regarding assaults and other things but have the Government taken note of that ?

Sir, one very peculiar thing is that the Chief Minister always says—I wish he were here—that he has taken over from what he calls a bankrupt government. From whom did he take the bankrupt government ? Who was the government from whom he had taken over ? Sir, he forgets that in 1971 the Congress was in power with Mr. Ajoy Mukherjee as the Chief Minister and Ajoy Mukherjee was compelled to resign and the money was there in the hands of Shri Siddhartha Sankar Ray. He came from the Centre as the Minister for West Bengal affairs. What did he do with that money ? Similarly in 1972 the budget was passed by the Centre—the U. F. Government did not pass the budget. What happened to that money ? Who was enjoying that money to make the Hon'ble Siddhartha Sankar Ray take over as bankrupt government ? Sir, anything and everything is said because the Congress is in a brute

majority. They are trying to pass everything away. But the nation and the people of West Bengal will never forget it. With these things all sorts of bluffology is going on, and these poor members do not know anything, do not know the history of this House but of course they believe it. Sir, I say and boldly, can the Ministry object to it or defend itself, that there is regular fight going on inside the Ministry and at the same time this Minister wants that Minister to resign and that Minister wants this Minister to resign. There are many such pieces of news in the papers and we are finding that people are going about and asking the Chief Minister to resign and Arun Moitra to resign. All these things are going on. Is there any peace and tranquility amongst you ? The head of the State organisation is being asked to resign, people are going to the Chief Minister and asking him to dismiss so many Ministers. All these things are going on and still Dr. Zainal Abedin says that there is nothing wrong, we are all right in front of these members but all wrong at the back of them. That is whole trouble. So I hope that this Ministry immediately recommends to the Governor to dissolve this House and they themselves should resign without any power and there should be election immediately. Sir, I am afraid I cannot support this piece of paper, the address of the Governor, because there are all sorts of rigmarole in it. This speech could have been given by you in the Maidan and not by the Governor to address this House. Sir, I oppose this with full responsibility.

[7-40—7-50 p.m.]

শ্রীঅজিতকুমার বসু : মিঃ স্পীকার, স্যার, আমার বক্তব্য রাখার মুডও নেই, সময়ও নেই। আমি পাঁচ মিনিটের মধ্যে দু'-চারটে কথা রাখতে চাই। ডাঃ আবেদিন যে সমস্ত কথা বললেন তাতে আমার দু'-একটা কথা বলার নিশ্চয়ই দরকার আছে। কথা হচ্ছে উচ্চস্বরে বারবার চিৎকার করে বলতে চাই যেটা ভাল হবে সেটা সমর্থন করব, যেটা খারাপ হবে তার বিরোধিতা করব। এই সেদিনও আমরা বিধানসভায় ৫ বছরের ক্যুজ রাখবার জন্য বলেছি ডিভিশন কল করেছি। যে কথাটা উনি বারবার মনে করিয়ে দেন সেটা হচ্ছে, ছিল বেটারা আমাদের সঙ্গে, সব বিরোধী হয়ে গেল, বেটাদের কথার ঠিক নেই। আমরা গোড়া থেকেই বিরোধী। তার কারণ হচ্ছে ১৭ দফা দাবি যার উপর আমাদের একটা মিটমাট হয়েছিল যে আমরা মিলেমিশে কাজ করব, সেই ১৭ দফার ধারেকাছে আপনারা কেউ যাননি। আমরা যত গরীব মানুষের কথা নিয়ে বলেছি, ভাগচাষীদের উপর পুলিশ জুলুম করছে, জবরদস্তি করছে বলছি, আমাদের কথা ওঁরা শোনেননি, পুলিশের রিপোর্টের উপর নির্ভর করেছেন। কাজেই আপনারা যখন ১৭ দফার ধারেকাছে এলেন না তখন আপনাদের সঙ্গে সম্পর্ক ছেদ করা ছাড়া অন্য কোন উপায় ছিল না। আমরা সেদিন বলেছিলাম আপনাদের ২১৭তে আমাদের অবদান আছে, ৩৬টা ছেড়ে দেবেন, আপনাদেরও নিশ্চয়ই অবদান আছে, কাজেই এই সমস্ত কথা বলে কোন লাভ নেই। মোটামুটি এই কথা বলতে চাই গভর্ণরস স্পীচ যেটা হয়েছে, যেটা বিশ্বনাথবাবু বলেছেন, তার সাধারণ মানুষের বাস্তব জীবনের সাথে মিল নেই। মুখ্যমন্ত্রী মহাশয় বাইরে বলেছেন, খবরের কাগজে দেখেছি, গভর্ণরস

স্পীচে দেশে যে অবস্থা আছে স্টেট গভর্ণমেণ্টস অবজারভেশান অন দি সিচুয়েসান অবটেনিং ইন দি কাণ্ট্রি এই সিচুয়েশান সব প্রকাশ করে ফেলেছে। কালকেই কংগ্রেস বেঞ্চ থেকে বলা হল খরার বছরে আগে যে ষ্টেট রিলিফ করা হত তাও তো নেই। তাহলে আপনারা সিচুয়েশন অবটেনিং ইন দি কাণ্ট্রি বলতে কি বোঝেন আমরা এই এই করেছি, আমরা নিজেদের ঢাক নিজেরা বাজাচ্ছি, তোমরা জয়ধ্বনি দাও। এই যদি আপনারা চান তাহলে নিশ্চয়ই আপনাদের সঙ্গে একমত হবে না। আমরা বলতে চাই দেশে যে বাস্তব পরিস্থিতি তার সঙ্গে এটা মিলছে না। আপনারা এগ্রিকালচারে কিছু ভাল কাজ করেছেন সেটা আমরা বলেছি, কিন্তু কি করছেন না সেটাও বলেছি, তা একবারও শোনেন নি। দ্বিতীয় কথা হচ্ছে মোটামুটি অনেক ভাল ভাল আইন এই সরকার পাশ করেছেন গ্রামের গরীব মানুষের জন্য, চাষীদের জন্য, আমরা সেটা জানি। কিন্তু আইন পাশ করা আর সেটাকে কার্যকরী করা আকাশ-পাতাল তফাৎ আছে। একটু আগে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে বলছিলাম যে, আপনার হাত দিয়ে ক্ষেতমজুরদের জন্য একটা ভাল আইন পাশ হয়েছে। কিন্তু একটা ইনস্পেক্টর ঢুকিয়ে দিয়েছেন বলকে, তাকে কোন পাওয়ার দেননি। তারা ক্ষেতমজুরদের কি করবে? আমরা ২/৩টি কেস দিয়েছি, কিছুই করতে পারেনি। আপনারা আইন করেছেন গরীব মানুষকে লিগ্যাল এইড দেবেন বলে। এম এল এ-দের সার্টিফাই করতে হয় যে তার মাসে ৫০ টাকার বেশী আয় নয়। এমনই ব্যাপার যে, আমার মত একজন এম এল এ আজ পর্যন্ত ১টার বেশী কেস দিতে পারিনি। কাজেই এই জিনিসগুলি বুঝবেন। ঋণ মকুব করছেন, ঋণ মকুবের দরখাস্ত পড়ে থাকে, ইমপ্লিমেণ্টেড হয় না। কাজেই আইন হচ্ছে সাপোর্ট করি, কিন্তু সেগুলি ইমপ্লিমেণ্টেড হচ্ছে না। আমরা সেজন্য আপনাদের ভাল তো বলব না, আপনারা ইমপ্লিমেণ্টেসান চান কিনা আমার সন্দেহ আছে। কাজেই গরীব মানুষের জন্য কথা বলে কিছু আইন পাশ করা সেটা সবচেয়ে বড় জিনিস নয়। আমি সেদিন বাউড়ি বাড়ীর একজন মহিলাকে জিজ্ঞাসা করলাম, বাছা, কাকে ভোট দেবে, বলল আমরা সব পাল্টে দেব। তারা আইন-টাইনের ধার ধারে না, তারা দেখছে তাদের জীবনধারণ সবদিক থেকে দুঃসহ হয়ে উঠেছে, তারা বলছে সব পাল্টে দেব। এইগুলি আপনারা বুঝবেন। মোটামুটিভাবে এই রাজ্যের সাধারণ মানুষের জীবনযাত্রা কতটা ব্যাহত হচ্ছে সবদিক থেকে তার চিত্র এর মধ্যে নেই, স্টেট গভর্ণমেণ্টের ভিউ-এ দেশের বাস্তব পরিস্থিতির কথা বলা হয়নি। সেজন্য এই রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে পারছি না, বিরোধিতা করছি।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ

মাননীয় স্পীকার মহাশয়, মহামান্য রাজ্যপাল যে উৎকৃষ্ট ভাষণ এখানে দিয়েছেন তাকে সমর্থন করে আমি দু'-একটা কথা বলতে চাই। কিছু আগে মাননীয় সদস্য বেস্টারউইচ যে বক্তৃতা করলেন তাতে দেখলাম আমাদের দেশে যে বিরাট উন্নতি হয়েছে, কৃষিক্ষেত্রে উন্নতি হয়েছে, শিল্পক্ষেত্রে উন্নতি হয়েছে এবং যে কথা রাজ্যপালের ভাষণে রয়েছে সে সম্বন্ধে তিনি কিছু না বলে ছোট ছোট কতগুলো ব্যাপার নিয়ে তিনি তাঁর বক্তব্য পেশ করলেন। আমরা সকলেই জানি বিগত ৩ বছরে আমাদের পশ্চিমবাংলায় যে উন্নতি হয়েছে সেটা অন্যান্য বছরের চেয়ে অনেক বেশী। আমরা সকলেই জানি আমাদের দেশের এই উন্নতি ইউনাইটেড ফ্রণ্ট গভর্ণমেণ্টের রেকর্ডকেও ছাপিয়ে গেছে। এই যে বিরাট উন্নতি হয়েছে তার কথা ভুলে গিয়ে তিনি নানা কথা বললেন এবং টি ডেভেলপমেণ্ট কর্পোরেশনে নেপোটিজম হয়েছে সেকথা

বললেন। তিনি নেপোটিজমের কথা বললেন, কিন্তু কোথায় কোথায় নেপোটিজম হয়েছে সেকথা বললেন না। এ্যাপয়েন্টমেণ্টের ক্ষেত্রে নেপোটিজম হয়েছে, না কোথায় হয়েছে সেকথা তিনি বললেন না। তাঁর বক্তব্যের মধ্যে কোন যুক্তি নেই কাজেই শুধু নেপোটিজম, নেপোটিজম বলে চীৎকার করে কিছু লাভ হবে না। তারপর তিনি বললেন গ্রামাঞ্চলে এগ্রিকালচার লেবাররা বহুক্ষেত্রে বেকার হয়ে থাকে। একথা ঠিক যে, এই এগ্রিকালচার লেবাররা বছরে ৩ মাস কাজ পায় এবং তারপর তারা বেকার হয়ে থাকে। আমি বেস্টারউইচ সাহেবকে জিজ্ঞাসা করি তাঁরা যখন শাসন ব্যবস্থায় ছিলেন তখন তাঁরা এই এগ্রিকালচার লেবারদের বেকারত্ব ঘোচাবার জন্য কি ব্যবস্থা করেছিলেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই রায় মন্ত্রিসভা যে সমস্ত মানুষগুলো বছরে অনেকসময় বেকার হয়ে থাকে তাদের মঙ্গলের কথা চিন্তা করে অনেক কাজ করেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন আমাদের এ্যাডিশন্যাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রাম আছে, সেল্‌ফ এমপ্লয়মেণ্ট প্রোগ্রাম আছে এবং ফুড ফর ওয়ার্ক প্রোগ্রাম যা আছে তার মাধ্যমে মানুষকে কাজ দেবার একটা চেষ্টা করা হয়েছে। সেল্‌ফ এমপ্লয়মেণ্ট প্রোগ্রামে বহু মানুষকে গ্রামাঞ্চলে কাজ দেওয়া হয়েছে একথা অস্বীকার করার কোন উপায় নেই। আমরা স্বীকার করি বিরাট কিছু একটা করা যায়নি, কিন্তু গ্রামাঞ্চলের মানুষদের যখন কৃষিক্ষেত্রে কাজ থাকে না তখন তারা যাতে নানারকম ডেভেলপমেণ্ট কাজের মাধ্যমে কাজ পেতে পারে তার চেষ্টা করা হয় এবং তারা কাজও পাচ্ছে। আমাদের ঝাড়গ্রামে অনেক লোক আগে কাজ পেত না কিন্তু এখন দেখছি এই সরকারের চেষ্টায় আমাদের ওখানকার লোকেরা বছরে ৯/১০ মাস কাজ পাচ্ছে।

[7-50—8-00 p.m.]

অবশ্য তাদের মজুরি অনেক সময়ে উপযুক্ত হয়নি কিন্তু তারা তো খেতে পাচ্ছে। যুক্তফ্রণ্ট সরকার এই সম্বন্ধে কিছুই করতে পারেননি। এই জনতা সরকার বলেছেন আগামী দশ বছরের মধ্যে সমস্তরকম বেকারত্ব ঘুচিয়ে দেবেন। বড় প্রমিস নিয়ে তারা জনগণের কাছে এসেছেন। কিন্তু তাদের প্রমিসের মধ্যে কি প্রোগ্রামের ভিত্তি তারা এই বেকার মানুষের বেকারত্ব ঘুচিয়ে দেবেন সেরকম কোন প্রোগ্রাম দেননি। কত টাকার পরিকল্পনা, কি কি পরিকল্পনা তা একটাও তুলে ধরেননি, শুধু একটা হোক্ক তুলেছেন মানুষকে বিভ্রান্ত করবার জন্য। কোন প্রোগ্রাম তারা দেননি। কিন্তু আমাদের এই রায় মন্ত্রিসভা তারা প্রোগ্রাম দিয়ে মানুষকে দুঃখ-কষ্ট থেকে দূর করবার জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন, এই কথা না বললে আজ সত্যকে অপলাপ করা হয়। আমাদের মাননীয় সদস্য বেস্টারউইচ সাহেব তাঁর বক্তৃতায় বলেছেন সিডুউল কাস্ট সিডুউল ট্রাইব যে কর্পোরেশন হয়েছে তাতে কিছুই কাজ হচ্ছে না। অত্যন্ত তাজ্জব কথা। এই সরকারই প্রথম চিন্তা করলো নতুন আইনের মাধ্যমে বিশেষ করে ট্রাইবেল ওয়েলফেয়ার আইনের মাধ্যমে যারা সবচেয়ে অবহেলিত মানুষ তাদের মঙ্গলের জন্য কাজ করতে। ট্রাইবেলরা সব চাইতে অবহেলিত মানুষ। আমি জিজ্ঞাসা করি বেস্টারউইচ সাহেব নিজে ট্রাইবেল হয়ে তিনি তাদের মঙ্গলের জন্য কি চিন্তা করেছেন, কি সাজেশান দিয়েছেন। তিনি কিছুই করেন নি, বরং আমাদের সরকারের শাসনব্যবস্থায় ট্রাইবেলদের মঙ্গলের জন্য কিছু কিছু পরিকল্পনা করা হয়েছে, যদিও এটা পর্যাপ্ত নয়। কিন্তু একটা অনেস্ট এফোর্ট নেওয়া হয়েছে এ বিষয়ে অস্বীকার করার উপায় নেই। কর্পোরেশন করে তাদের জীবিকা দেওয়ার জন্য একটা চেষ্টা হয়েছে, হয়তো অনেক ক্ষেত্রে প্রচেষ্টা কৃতকার্য হতে পারেনি। কিন্তু একটা অনেস্ট এফোর্ট

হয়েছে, তাতে আগামী দিনে যেসব ত্রুটি আছে তা দূর করে আরও ভাল কাজ করা যাবে। কিন্তু এইসব কথা না বলে তিনি বললেন কিছুই হয়নি। এইরকম বক্তব্য আমি মনে করি বিধানসভায় না রাখাই ভাল। এ্যাপয়েণ্টমেণ্ট সম্বন্ধে যা বললেন এটা ঠিক নয়। আজকে ৫ পি সি এবং ১৫ পি সি যে কোটা আছে তা পুরোপুরি মানা হচ্ছে এই কথা আপনি নিশ্চয় অস্বীকার করতে পারবেন না। আজকে নির্বাচনে জনতা সরকার আসার পর কিছু কিছু গুণ্ডা প্রকৃতির লোক মাথা তুলে দাঁড়াচ্ছে এই কথা অস্বীকার করার উপায় নেই। অনেক গুণ্ডা আজকে দেখা যাচ্ছে গ্রামাঞ্চলে নতুন করে দাঙ্গা-হাঙ্গামা আরম্ভ করছে। এই নির্বাচনের রায় ঘোষণার পরই আমার বাড়িতে বোমা ফাটিয়েছে। একথা ঠিকই নির্বাচনে হারজিত হবেই, কিন্তু সেখানে বোমা মারার কি দরকার। ডায়মণ্ডহারবারে একজন খুন হয়ে গেছে। আমাদের ঝাড়গ্রাম মহকুমাতে তিনজন কংগ্রেস কর্মীকে পেটানো হয়েছে। নির্বাচনের সুযোগ নিয়ে যদি গুণ্ডারা মাথা তুলে দাঁড়ায় তার জন্য গভর্ণরের স্পীচে তার প্রতিবাদ করা হয় তাহলে কি অন্যায় করা হয়েছে। এই অশুভ শক্তিগুলি আবার জাগছে তার বিরুদ্ধে পশ্চিমবঙ্গের মানুষকে সজাগ করার জন্য গভর্ণর যদি বলে থাকেন তা হলে কি অন্যায় করা হচ্ছে।

মাননীয় স্পীকার মহাশয়, আমি বলবো শেষে যে আমাদের গভর্ণরের স্পীচ যেটা, সেটা প্রকৃত একটা ব্লু প্রিণ্ট অব ডেভেলপমেণ্ট, প্রতিটা ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এগিয়ে গিয়েছে। কি শিল্পক্ষেত্রে, কি স্বাস্থ্যক্ষেত্রে, কি কৃষিক্ষেত্রে, যে অভাবনীয় উন্নতি হয়েছে সেটা আমাদের ডেভেলপমেণ্টের ইতিহাসে একটা রেকর্ড সৃষ্টি করেছে। এটাতে আমরা গর্ববোধ করছি এবং এ সরকার যদি আরো দেশে থাকতে পারে তাহলে আমি বলবো পশ্চিমবঙ্গের যে অভাব-অনটন, দুর্দশা, সেটা লাঘবের পথে একটা বিরাট পদক্ষেপ নেবে এই বিষয় কোন সন্দেহ নেই। এই কথা বলে মাননীয় স্পীকার মহাশয়, আপনি যে লালবাতি জ্বেলেছেন তার জন্য আমি আর আপনাকে ইণ্টারাপ্ট করতে চাইনা, আপনার নির্দেশ মাথায় নিয়ে আমি, গভর্ণর যে সুষ্ঠু স্পীচ দিয়েছেন, তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরোজ রায় ঃ স্পীকার, স্যার, আমি কয়েকটি কথা বলতে চাই, বিশেষ করে আবেদিন সাহেব এই বয়সে যে এত উত্তেজিত হতে পারেন তা জানতাম না, তিনি উত্তেজিত হয়ে শেষ পর্যন্ত বলে ফেললেন যে বিশ্বনাথবাবুরা যখন আমাদের সঙ্গে সিট এ্যাডজাষ্টমেণ্টে এসেছিলেন তখন এই সমস্ত সাজেশনগুলি দিতে কি হয়েছিল। সাজেশন জানিয়ে দেওয়া হয়েছে। এই যে গভর্ণরের স্পীচটা বের হবার পরে আপনাদের দিক থেকে সাজেশন আসেনি? খাজনা করেছিলেন তিন গুণ, হঠাৎ কমিয়ে দিলেন কেন? কাজেই অবজেকটিভ কণ্ডিশনটা বুঝবেন। আমরা যখন এখানে তহশীলদারদের বেতন বাড়াবার জন্য বলেছি, চৌকীদার, দফাদারদের জন্যে বলেছি তখন ওখান থেকে আপনারা আমাদের ঠাট্টা-বিদ্রূপ করেননি? আজকে তো বাড়িয়ে দিলেন নোয়িং দি অবজেকটিভ কণ্ডিশন। লোকে যে ভোট দেয়নি, বহু প্রশ্ন উঠেছে, আমি সেই সমস্তর মধ্যে যেতে চাই না, ডিমোক্র্যাসির প্রশ্ন আছে, কিন্তু গ্রামাঞ্চলে যেখানে সবচেয়ে বেশী মানুষের সংখ্যা, যেখানে ক্ষেতমজুর, প্রান্তিক চাষী থেকে আরম্ভ করে গরীব কৃষকরা বাস করে, আমিও গ্রামে গ্রামে ঘুরি, দেখেছি এবং আজকে আমাদের ঝাড়গ্রামের বন্ধু মল্লদেব যে কথা বললেন, তাঁকে জিজ্ঞাসা করুন তো ঝাড়গ্রামে আপনারা একটা ভোটও পাননি কেন এটা হল ফরেষ্ট ল্যাণ্ডের ব্যাপার যে কথা আমি এখানে বারবার বলেছি। যুক্তফ্রণ্টের সময় একটা সাজেশন ছিল যে, ১৯৬৯ সাল পর্যন্ত যে সমস্ত প্রাইভেট ফরেষ্টের ধারে যে সমস্ত ডাঙ্গা-ডহর

জমি ছিল সেই সমস্ত জায়গায় যারা বাস করছে সেই পর্যন্ত রেখে দিয়ে তারপর সেখানে যারা গিয়েছে তাদের তুলুন। শোনেননি সে কথা। যখন জরুরী আইন এলো এই জরুরী আইনের সুযোগ নিয়ে, অন্য কিছু ভাল কাজ ছেড়ে দিয়ে তাদের ঘর ভাঙলেন, জমি থেকে উচ্ছেদ করলেন, সেই শোধ নিয়েছে মানুষ। সেইজন্য আপনাদের মাথায় এসেছে যে জঙ্গলের আইন এ'খানে পরিবর্তন করা দরকার। সাজেশন দিচ্ছি, করুন। এইগুলি শুধু ভোটে জিতবার জন্য নয়, সাধারণ মানুষ যারা সংখ্যাধিক্য তাদের অর্থনৈতিক জীবনের উন্নতি হবে সেইজন্য এটাকে বলেছিলাম। এই যে গভর্ণরের এ্যাড্রেস এটা খুব কমপ্লেসেণ্ট, এটা ক্রিটিক্যাল নয়। অনেক গণতন্ত্রের কথা এখানে হল দু'পক্ষ থেকেই। যদি গণতান্ত্রিক চিন্তাধারার থেকে আসতো তাহলে কাজ হতো এবং নিশ্চয়ই কাজ হয়েছে। যে কাজগুলি করেছেন সেখানে গভর্ণর বলে গিয়েছেন লাইনে লাইনে মাই গভর্ণমেণ্ট হ্যাড ডান ইট, মাই গভর্ণমেণ্ট হ্যাড ডান দ্যাট, কিন্তু কোনটা করতে পারেননি সেটার ফল কি হল? ২৩ তারিখে যেটা প্লেস করলেন, ২১ তারিখে রিপোর্ট পেয়ে গিয়েছিলেন যে বাংলাদেশের গ্রামের মানুষ কি দিয়েছে, শুধু কলকাতার লোকগুলি নয়।

[8-00—8-10 p.m.]

কলকাতার লোকেরা অনেকে ডেমোক্র্যাসীর উপর দাঁড়িয়ে ভোট দিয়েছে। গ্রামের অতি দরিদ্র ক্ষেতমজুর জঙ্গলের ইস্যুতে পরিবর্তিত হয়ে গেল। সেজন্যই এটুকু বলছিলাম কমপ্লেসেণ্ট না হয়ে এতবড় ঘটনা থেকে শিক্ষা নেওয়া উচিত ছিল, একটু ক্রিটিক্যাল হওয়া উচিত ছিল। আমি সেদিক থেকে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম আমাদের বেঞ্চ থেকে, এটা যদি গ্রহণ না করেন তবে আমরাও ওটা গ্রহণ করতে পারছি না। কিন্তু সেদিক থেকে কয়েকটি সাজেশন বিশ্বনাথবাবুর মত করে দিচ্ছি। আপনি চটে যেতে পারেন, ভ্যানিটিতে লাগতে পারে, আপনার আত্ম-গরিমাতে লাগতে পারে। বাংলাদেশের মানুষের পক্ষে যে কষ্ট, প্র্যাক্‌টিক্যাল কণ্ডিশন তাদের সেটা বুঝা উচিত ছিল। কর সম্বন্ধে এত করে চীৎকার করলাম, তখন গ্রাহ্য করলেন না। তা এখন দেড়গুণ করে দিলেন। বাস্তবিকই কেউ শেখে দেখেশুনে এবং পড়ে আর কেউ শেখে ঠেকে। আপনারা ঠেকে শিখছেন। প্র্যাকটিক্যাল কণ্ডিশনের কথা বলা হয়েছিল, তখন শিখতে চাননি। মাথা গরম হয়েছিল যা করেছেন তাতে বাংলাদেশের মানুষ ঠেকে শিখিয়ে দিয়েছে। এত আত্মগরিমা ভাল নয়। দুই-একটা জিনিস এখানে রাখব। গ্রামের বন্ধু এখানে অনেকে আছেন। প্রশ্ন উঠেছিল গ্রামের মহাজনদের ঋণ মকুব করুন। এর পর ব্যাঙ্ক থেকে টাকা দেওয়ার যে প্রশ্ন সেটা প্র্যাকটিক্যালি ইমপ্লিমেণ্ট করলেন না। গ্রামে রি-এ্যাকশন হল। ভাল আইন হল কিন্তু প্রয়োগ করা হল না। মাঝখানে মহাজন এবং কৃষকদের মধ্যে দ্বন্দ্ব হল, তাদের বেকায়দায় ফেলে দেওয়া হল। ২০ দফা কর্মসূচীর মধ্যে ছিল বেতন ইস্যু—৬ টাকা, সেই বেতন ইস্যুতে ক্ষেতমজুররা মুভ করল, ধনী কৃষকদের জেলে পুরতে লাগল, সেখানে তাদের শেল্টার দেননি। মানুষের মনে রি-এ্যাকশন হল, উল্টো কাজ হল। যে সমস্ত জমি জল পায়নি, সেখানেও কর, বর্ধমানের সদস্য ঘাড় নেড়ে স্বীকার করতে চাইছেন, আপনারা প্রচণ্ড সেচকর বসিয়ে দিলেন, আপনারা প্র্যাকটিক্যাল হয়ে সেচকর সম্বন্ধে যে আইন আছে তার ব্যবস্থা নিলে ভাল হয়। আমি আবেদিন সাহেবকে তথ্য দেব। কর আদায় সম্বন্ধে আপনারা নির্দেশ দিলেন ভোটের দিন। কি নির্দেশ দিলেন এভাবে আদায় করো না। কিন্তু তার আগে গ্রামে দরজায় দরজায় নীলাম করে নিয়ে যাচ্ছে, এই করলে কৃষকরা ভোট দেবে না। বলতে পারেন এটা করেননি?

আপনাদের দরকার ছিল কোটি কোটি টাকা ইনকাম ট্যাক্স যারা বাকী রেখেছে সেখানে আদায় করা, কিন্তু তাদের গায়ে তো হাত দেওয়া প্রয়োজন হয়নি? যারা দরিদ্র তাদের উপর, কৃষকদের উপর সেই শেষ দিনেও ফিফ্‌টিন্থ তারিখেও অত্যাচার হয়েছে, সেটা জানেন আপনারা? সেদিক থেকে গ্রামের গরীব যাদের ঋণ দেবার ক্ষমতা নাই, তাদের কি মকুব করলেন? আপনারা উল্টো করলেন। তাদের ঘটিবাটি, লাঙ্গল সমস্ত ক্রোক করলেন। বোনাস ইত্যাদি সম্বন্ধে বিশ্বনাথবাবু বলে গেছেন। আমি আপনার কাছে আরও কয়েকটি জিনিস রাখতে চাই। একটা কথা স্মরণ করিয়ে দিই খাদ্য সম্পর্কে।

এখানে খাদ্য সম্পর্কে আলোচনার সময় আমরা খাদ্যশস্যের পাইকারী ব্যবসা রাষ্ট্রীয়করণের কথা আমরা বলেছি। ডাঃ জয়নাল সাহের নিশ্চয়ই খোঁজ রাখেন—১৬ তারিখে পশ্চিমবঙ্গের ছোট ছোট সহরে—যেখানে লোকের চাল কিনে খেতে হয়। ১৫ তারিখে যে চালের দাম ছিল দু'টাকা কেজি—১৬ তারিখে সেই চালের দাম বেড়ে হলো আড়াই টাকা। আর ওদিকে সরষের তেলের দাম মহাজনরা বাড়িয়ে দিল ১৩ টাকায়। সেদিন লোকে কি বলেছিল? আড়াই টাকা দামের চালের ভাত খেতে আর ১৩ টাকা দরের সরষের তেল গায়ে মেখে---আমরা ঐ গাই-বাছুরে ভোট দেব না? তা কি হতে পারে? এই হচ্ছে practical ঘটনা। আর আপনারা বলছেন বাংলা-দেশের লোক ভুল পথে গিয়েছে! এগুলি একটু বিচার-বিবেচনা করে দেখবেন। আমরাও বুঝি ভবিষ্যৎ কোনদিকে যাচ্ছে---। আপনাদের সাধারণ মানুষের জন্য এতটুকু দরদ নাই। আপনাদের মন্ত্রীর আসনে বসে ঠাট্টা-বিদ্রূপ করতে লজ্জা হয় না? এতবড় বিপর্যয়ের পরেও ঠাট্টা-বিদ্রূপ সরকারের মন্ত্রীর কি করে আসে—তা জানি না। আজকে একটু সোবার বক্তৃতা দেওয়া আপনার উচিত ছিল—কোনরূপ ঠাট্টা-বিদ্রূপ না করে। অব্‌জেকটিভ কণ্ডিসনের সঙ্গে এর মিল নেই। আরো একটু critical হওয়া উচিত ছিল। এটা আপনারা জনসাধারণের কাছে প্রচার করতে পারতেন—হ্যাঁ, আমরা practical হয়েছি। কোথায় দুর্বলতা ছিল—এই স্বীকৃতি দিতে হয়। তাহলে মানুষের নেতা হওয়া যায়। আমি এই suggestions দিলাম। বলুন আপনারা কিছু কিছু প্র্যাকটিক্যাল হয়েছেন—কিছু কিছু এগোচ্ছেন। এসব যা বললাম—তা একটু ভেবে দেখবেন। যাদের জমি বনাঞ্চল থেকে কেড়ে নিয়েছেন, তাদের বাড়ীঘর সেখানে ভেঙ্গে দিয়েছেন, তাদের জন্য বিকল্প ব্যবস্থা করুন। গ্রামের দুর্বল শ্রেণীর মানুষদের যদি আপনারা সাহায্য করতে পারেন, তাদের পাশে গিয়ে দাঁড়াতে পারেন যেমন খাজনা তিনগুণের জায়গায় এখন দেড়গুণ করেছেন, তাহলে গ্রামের দরিদ্র মানুষ আবার আপনাদের কথা ভাববে। গ্রামের মানুষের আবার rethinking সুরু হয়েছে। সেটা যদি আপনারা করেন তাহলে আমরা আপনাদের সমর্থন করবো। তা না হলে সমর্থন করতে পারছি না।

শ্রীমহবুবুল হক :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে, তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। তবে সেটা সমর্থন করছি আজকের এই ভাঙা হাটে। সেই ভাঙা হাটে দাঁড়িয়ে আমি এখন কী বলবো—সে একটু চিন্তার বিষয়। তবু সংক্ষেপে আমার কিছু মন্তব্য রাখবার চেষ্টা করবো। আজকেও আগের দিন যে বিতর্ক হয়েছে—তাতে দেখা যাচ্ছে—একপক্ষ বলছেন—কাজ হয়েছে; আর একপক্ষ বলছেন—কাজ হয়নি। রাজ্যপালের ভাষণে কিছুই নেই। এটা অবশ্য প্রত্যেক লোকের স্বীকার করা উচিত যে ভুল

হয়েছে। তবে আজকে গত পাঁচ বছরে পশ্চিমবঙ্গে কৃষির ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতি হয়েছে, সেচের ক্ষেত্রেও অগ্রগতি হয়েছে। আমাদের স্বাস্থ্যের দিকেও যথেষ্ট অগ্রগতি হয়েছে, ভূমি বণ্টনের ব্যাপারে, গৃহহীনদের গৃহনির্মাণ করে দেবার ব্যাপারেও অগ্রগতি হয়েছে। সমবায়ের ব্যাপারেও কিছু কিছু অগ্রগতি হয়েছে—আমরা দেখতে পাচ্ছি। কিন্তু রাস্তাঘাটের উন্নয়নের ব্যাপারে কোন উল্লেখযোগ্য অগ্রগতি সরকার দেখাতে পারেন নি।

[8-10—8-15 p.m.]

আশা করবো আগামী দিনে নিশ্চয় আমাদের মাননীয় পূর্তবিভাগের মন্ত্রী মহাশয় রাস্তাঘাটের দিকে নজর দেবেন। এই সমস্ত অগ্রগতি অনেক হয়েছে, অনেক কিছু হয়েছে। রাজ্যপালের ভাষণে যেটা নেই, তার সত্যি আরও করা উচিত ছিল। যেগুলো করা উচিত ছিল্ল হয়নি, সেগুলো যেন এবার হয়। সেচকর বৃদ্ধি করা হয়েছিল, সেটা কমানো হয়েছে। জমির খাজনা কমানো হয়েছে। আরও অনেক করা হয়েছে। গ্রামাঞ্চলে পানীয় জলের অভাব সদস্যরা বলেছেন। আশা করবো পানীয় জলের অভাব দূর হবে। গ্রামের লোকেরা পানীয় জল পাবে। ছোট ছোট রাস্তা, কালভার্ট, ব্রিজ নিশ্চয় হয়েছে। আমি মাদ্রাসা বোর্ডের সঙ্গে যুক্ত। সেখানে বেতন ধার্য করার জন্য আমরা বারবার আবেদন জানিয়েছি মাননীয় মুখ্যমন্ত্রী এবং অফিসারবৃন্দকে। তাঁরা শুনেছেন। রাজ্যপালের ভাষণে সিনিয়র মাদ্রাসা বা স্কুলের বেতন ধার্যের কথা থাকবে আশা করেছিলাম তারা যাতে পায় আশা করবো সে বিষয়ে ব্যবস্থা করা হবে। নিশ্চয় সরকার ব্যবস্থা করবেন। আজকে বিশ্বনাথবাবু বা কাশীকান্তবাবুর বক্তৃতা শুনছিলাম একটা আধ্যাত্মিক মনোভাব নিয়ে। সকলেই বলছেন ভুল হচ্ছে। যুগ-যুগান্ত ধরে যদি লেখা হত একদিকে ভুল আর একদিকে ঠিক তাহলে বোধহয় ভাল হত। কারণ তাহলে আর এতো ভুল হতো না। আবার অনেকে মনে করে স্রষ্টিকর্তা ইচ্ছে করেই এই ভুল করাচ্ছেন। আজকে একথা বলতে চাই যে, অনেকে বলছেন এই মন্ত্রিসভার সদস্যরা কিছুই জানেন না,আবার অনেকে বলছেন বিরোধী দলের লোকেরা কিছু জানেন না। যারা বিরোধী দলে আছেন তাঁরা মন্ত্রিসভায় ছিলেন তখন ভুল করেছেন, আবার যাঁরা এখন মন্ত্রী তাঁরাও এককালে বিরোধী দলে ছিলেন। কিন্তু তাঁরা নাকি এখন ভুল করে যাচ্ছেন। এই ভুল সমাধানের উপায় কোথায়? কোথায় গিয়ে ঠেকবে? সেইজন্য চিন্তা করছিলাম। অনেকে নানারকম কথা বলেছেন। আমাদের এখানে অনেক জ্ঞানী গুণীষী, অনেক বড় কবি, আমাদের চেয়ে অনেক বেশি জ্ঞানবান ব্যক্তি অনেক কথা বলে গিয়েছেন। কেউ তো আমরা তাদের কথায় কর্ণপাত করছি না। অতএব সমাধান নেই। আজকে যাঁরা বলছেন আমরা ঠিক তাঁরাও আবার ভুল করছেন। আজকে বিশ্বনাথবাবু এবং কাশীকান্তবাবু বলছিলেন আশার আলোর কথা, জনতা পার্টি এসেছে। তাঁরা দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। অনেক কিছুর সঙ্গে তাঁরা তুলনা করেছেন। এইসব কথা শুনে আধ্যাত্মিকতার কথা মনে পড়ে যাচ্ছিল। রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 8.15 p. m. till 1 p. m. on Thursday, the 31st March, 1977, at the "Assembly House", Calcutta.

আপনাদের দরকার ছিল কোটি কোটি টাকা ইনকাম ট্যাক্স যারা বাকী রেখেছে সেখানে আদায় করা, কিন্তু তাদের গায়ে তো হাত দেওয়া প্রয়োজন হয়নি? যারা দরিদ্র তাদের উপর, কৃষকদের উপর সেই শেষ দিনেও ফিফ্‌টিন্থ তারিখেও অত্যাচার হয়েছে, সেটা জানেন আপনারা? সেদিক থেকে গ্রামের গরীব যাদের ঋণ দেবার ক্ষমতা নাই, তাদের কি মকুব করলেন? আপনারা উল্টো করলেন। তাদের ঘটিবাটি, লাঙ্গল সমস্ত ক্রোক করলেন। বোনাস ইত্যাদি সম্বন্ধে বিশ্বনাথবাবু বলে গেছেন। আমি আপনার কাছে আরও কয়েকটি জিনিস রাখতে চাই। একটা কথা স্মরণ করিয়ে দিই খাদ্য সম্পর্কে।

এখানে খাদ্য সম্পর্কে আলোচনার সময় আমরা খাদ্যশস্যের পাইকারী ব্যবসা রাষ্ট্রীয়করণের কথা আমরা বলেছি। ডাঃ জয়নাল সাহের নিশ্চয়ই খোঁজ রাখেন—১৬ তারিখে পশ্চিমবঙ্গের ছোট ছোট সহরে—যেখানে লোকের চাল কিনে খেতে হয়। ১৫ তারিখে যে চালের দাম ছিল দু'টাকা কেজি—১৬ তারিখে সেই চালের দাম বেড়ে হলো আড়াই টাকা। আর ওদিকে সরষের তেলের দাম মহাজনরা বাড়িয়ে দিল ১৩ টাকায়। সেদিন লোকে কি বলেছিল? আড়াই টাকা দামের চালের ভাত খেতে আর ১৩ টাকা দরের সরষের তেল গায়ে মেখে---আমরা ঐ গাই-বাছুরে ভোট দেব না? তা কি হতে পারে? এই হচ্ছে practical ঘটনা। আর আপনারা বলছেন বাংলা-দেশের লোক ভুল পথে গিয়েছে! এগুলি একটু বিচার-বিবেচনা করে দেখবেন। আমরাও বুঝি ভবিষ্যৎ কোনদিকে যাচ্ছে---। আপনাদের সাধারণ মানুষের জন্য এতটুকু দরদ নাই। আপনাদের মন্ত্রীর আসনে বসে ঠাট্টা-বিদ্রূপ করতে লজ্জা হয় না? এতবড় বিপর্যয়ের পরেও ঠাট্টা-বিদ্রূপ সরকারের মন্ত্রীর কি করে আসে—তা জানি না। আজকে একটু সোবার বক্তৃতা দেওয়া আপনার উচিত ছিল—কোনরূপ ঠাট্টা-বিদ্রূপ না করে। অব্‌জেকটিভ কণ্ডিসনের সঙ্গে এর মিল নেই। আরো একটু critical হওয়া উচিত ছিল। এটা আপনারা জনসাধারণের কাছে প্রচার করতে পারতেন—হ্যাঁ, আমরা practical হয়েছি। কোথায় দুর্বলতা ছিল—এই স্বীকৃতি দিতে হয়। তাহলে মানুষের নেতা হওয়া যায়। আমি এই suggestions দিলাম। বলুন আপনারা কিছু কিছু প্র্যাকটিক্যাল হয়েছেন—কিছু কিছু এগোচ্ছেন। এসব যা বললাম—তা একটু ভেবে দেখবেন। যাদের জমি বনাঞ্চল থেকে কেড়ে নিয়েছেন, তাদের বাড়ীঘর সেখানে ভেঙ্গে দিয়েছেন, তাদের জন্য বিকল্প ব্যবস্থা করুন। গ্রামের দুর্বল শ্রেণীর মানুষদের যদি আপনারা সাহায্য করতে পারেন, তাদের পাশে গিয়ে দাঁড়াতে পারেন যেমন খাজনা তিনগুণের জায়গায় এখন দেড়গুণ করেছেন, তাহলে গ্রামের দরিদ্র মানুষ আবার আপনাদের কথা ভাববে। গ্রামের মানুষের আবার rethinking সুরু হয়েছে। সেটা যদি আপনারা করেন তাহলে আমরা আপনাদের সমর্থন করবো। তা না হলে সমর্থন করতে পারছি না।

শ্রীমহবুবুল হক :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে, তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। তবে সেটা সমর্থন করছি আজকের এই ভাঙা হাটে। সেই ভাঙা হাটে দাঁড়িয়ে আমি এখন কী বলবো—সে একটু চিন্তার বিষয়। তবু সংক্ষেপে আমার কিছু মন্তব্য রাখবার চেষ্টা করবো। আজকেও আগের দিন যে বিতর্ক হয়েছে—তাতে দেখা যাচ্ছে—একপক্ষ বলছেন—কাজ হয়েছে; আর একপক্ষ বলছেন—কাজ হয়নি। রাজ্যপালের ভাষণে কিছুই নেই। এটা অবশ্য প্রত্যেক লোকের স্বীকার করা উচিত যে ভুল

(ক) হুগলী জেলার ডানকুনি ডেয়ারি কেন্দ্রটিতে কতজন বেকার যুবকের কর্মসংস্থা হবে ;

(খ) ঐ সংস্থায় চাকুরীর জন্য ইতিমধ্যে কতজন বেকার যুবক দরখাস্ত জমা দিয়েছেন এবং

(গ) এই প্রকল্পটির কাজ সম্পূর্ণ হলে এই কেন্দ্র থেকে দৈনিক কত লিটার দুধ সংগ্রহ করা যাবে বলে আশা করা যায় ?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য : (ক) প্রায় তিনশত জন যুবকের কর্মসংস্থান হবে।

(খ) সরকারীভাবে এখনও কোনও দরখাস্ত করা হয়নি।

(গ) প্রতিদিন ৪ (চার) লক্ষ লিটার দুধ সরবরাহ করা যাবে।

শ্রীগণেশচন্দ্র হাটুই : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ৩০০ জন বেকার যুবকের কর্মসংস্থান হবে—এর মধ্যে কতগুলি টেকনিক্যাল, আর কতগুলি নন-টেকনিক্যাল এটা দয়া করে মন্ত্রী মহাশয় বলবেন কি ?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য : ঠিক পরিসংখ্যান দিয়ে আমি এখন বলতে পারছি না। তবে টেকনিক্যাল আর নন-টেকনিক্যাল পোষ্টের সংখ্যা ৫০ শতাংশ ৫০ শতাংশই থাকবে।

শ্রীগণেশচন্দ্র হাটুই : আজকে সকালে রেডিওতে শুনলাম ক্যাবিনেট সাব-কমিটি ভেঙে দেওয়া হয়েছে। ক্যাবিনেট সাব-কমিটি যে ভেঙে দেওয়া হল তাহলে এই বেকার যুবকদের কি পদ্ধতিতে চাকরি দেওয়া হবে সেটা মন্ত্রী মহাশয় বলবেন কি ?

মিঃ স্পীকার : সাব-কমিটির সঙ্গে এর কোন যোগ নেই।

শ্রীগণেশচন্দ্র হাটুই : ৩০০ জন বেকার যুবকের কর্মসংস্থান হবে—কি পদ্ধতিতে তাদের চাকরি দেওয়া হবে সেটা বলবেন কি ? ইতিমধ্যে আমি জানি নন-অফিসিয়্যালি বহু দরখাস্ত আপনার অফিসে জমা পড়ছে সেগুলি সম্পর্কে আপনি কি বিবেচনা করবেন ?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য : এই সম্পর্কে এখন কিছু বলা সম্ভব নয়। কারণ ডেয়ারি চালু হওয়া সম্পর্কে যখন ঠিক হবে তখন লোক নিয়োগের প্রশ্ন আসবে। চালু হবার কথা আগে ঠিক হোক তারপর কিভাবে লোক নিয়োগ হবে সেটা সরকারীভাবে ঘোষণা করা হবে।

শ্রীগণেশচন্দ্র হাটুই : এটা চালু হতে আর কতদিন বাকি আছে মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য : সঠিক তারিখ বলতে পারব না, তবে সম্ভবত ৩ মাস লাগবে। কারণ এই ডেয়ারি একটি নতুন পদ্ধতিতে চলবে। এতে কতকগুলি মেশিন আনার প্রয়োজন আছে, সেই মেশিন আমাদের দেশে তৈরী হয় না। সেই মেশিন আনার জন্য বিদেশে জানানো হয়েছে, সেখান থেকে মেশিন আসার কথা আছে। এই মেশিনগুলি আসার পরে ডেয়ারি চালু হবে, তাই আমার মনে হয় দেরী হবে।

শ্রীমহম্মদ সফিউল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডানকুনি ডেয়ারি প্ল্যাণ্টটি আমার কেন্দ্রে অবস্থিত। এই ডানকুনি ডেয়ারি ডেভেলপমেণ্ট প্ল্যাণ্টটি ১৯৭৬ সালের মধ্যে কমপ্লিট করার

কথা ছিল, কিন্তু সেটা হয়নি, এখন ১৯৭৭ সাল—আপনি বলছেন আরো ৩ মাস লাগবে। এর জন্য তো একটা টাইম ফিক্সড হয়েছিল যে টাইমের মধ্যে এটা কমপ্লিট হয়ে যাবে। এর জন্য আর কত সময় লাগবে মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, ঐ মাসের মধ্যেই এটা কমপ্লিট হয়ে যাবে তো?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য ঃ এইরকমভাবে টাইম জানানো সম্ভব নয়—মাননীয় সদস্য মহাশয় বললেন তিনি ঐ এলাকার—তিনি নিশ্চয় এটা দেখে এসেছেন—কনস্ট্রাকসন আমাদের সমস্ত কিছু হয়ে গেছে, বাইরের মেশিনের জন্য আমাদের অপেক্ষা করতে হচ্ছে এবং এই মেশিন ভারতবর্ষে তৈরী হয় না, বিদেশ থেকে আনতে হয়। ইণ্ডিয়ান ডেয়ারি ডেভেলপমেণ্ট কর্পোরেশনের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার অনেকদিন থেকে যোগাযোগ করে আসছেন যত তাড়াতাড়ি সম্ভব এই মেশিন সাপ্লাই আসে। এখন আমরা শুধুমাত্র মেশিনের জন্য অপেক্ষা করছি। আমি যতদূর জানি বিদেশে এই মেশিনের অর্ডার দেওয়া হয়েছে, এগুলি আসতে যতদিন সময় লাগবে ততদিন পর্যন্ত অপেক্ষা করতে হবে।

শ্রীগোবিন্দ চ্যাটার্জী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন আগে ডেয়ারি চালু হবে তারপরে লোক নিয়োগ হবে, না ডেয়ারি চালু করার জন্য লোক নিয়োগ হবে এবং ডেয়ারি চালু করবার জন্য কত লোক লাগবে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য ঃ মাননীয় সদস্য মহাশয় আমার একটু আগের জবাব নিশ্চয় দয়া করে শুনেছেন—আমি বলেছি ৩০০ জন যুবকের কর্মসংস্থান হবে। সাইমালটেনিয়াসলি এটা হবে। মাননীয় সদস্য মহাশয় যে বললেন ডেয়ারি চালু হলে লোক নিয়োগ হবে, না ডেয়ারি চালু করার জন্য লোক নিয়োগ হবে—আগে তালটা পড়বে তারপরে তো ধপ করে শব্দ হবে—তালটা না পড়লে শব্দ হবে কি করে? স্পেয়ার হেড টিমের ব্যাপার—যে প্রসিডিওর আছে সেইভাবে নিয়োগ হবে।

[1-10—1-20 p.m.]

শ্রীখান নাসিরুদ্দিন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই প্রকল্পের জন্য কত টাকা মোট খরচ হবে এবং এ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য ঃ আমি এখনই ঠিক সেটা বলতে পারছি না, তবে প্রায় তিন কোটি টাকার মতন খরচ হবে।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ যেখানে ৩/৪ কোটি টাকা খরচ করে পূর্বাঞ্চলের মধ্যে সর্ববৃহৎ প্রকল্প হচ্ছে সেখানে কর্মসংস্থান এত কম কেন? আমরা জানি, সেণ্ট্রাল ডেয়ারি বা দুর্গাপুরে অনেক বেশী লোকের কর্মসংস্থান হয়েছে। সেই পরিপ্রেক্ষিতে এই প্রজেক্টে তিনশো লোকের কর্মসংস্থান হবে কেন, সেখানে তো হাজার লোকের হওয়া উচিত—এ সম্পর্কে মন্ত্রী মহাশয়ের কাছে কোন তথ্য আছে কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য ঃ এখানে যেটা বলা হয়েছে যে তিনশো যুবকের কর্মসংস্থান হবে সেটা ইনসাইড দি প্ল্যাণ্ট—ফ্যাক্টরির মধ্যে তাদের চাকরি হবে। দুর্গাপুর বা সেণ্ট্রাল ডেয়ারিতে যে পদ্ধতিতে মিল্ক প্রসেসিং হয় এখানে সে পদ্ধতিতে হবে না। এটা অনেকটা

হাইলি মেকানাইজড ফ্যাক্টরি---অটোমেটিক প্রসেসে এটাতে হবে, যাঁর জন্য এখানে যাঁরা চাকরি করবেন তাঁদের ওয়েল ট্রেণ্ড হতে হবে। তবে ডিস্ট্রিবিউসানের জন্য যে ছেলেদের চাকরি হবে সেটা ধরলে মাননীয় সদস্য মহাশয় বুঝতে পারবেন চাকরির সংস্থান অনেক বেড়ে যাবে। সুতরাং ফ্যাক্টরির মধ্যে ছাড়াও ফ্যাক্টরির বাইরে অসংখ্য লোকের চাকরি হবে এটাতে কোন সন্দেহ নেই।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ আপনার ডিপার্টমেণ্ট থেকে জানতে পারলাম যে, কিছু ছেলেকে ট্রেনিং দেবার জন্য আপনারা ওখানে পাঠিয়েছেন অথচ এটা আমার এলাকাতে হওয়া সত্ত্বেও আমরা কিছু জানতে পারলাম না। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ট্রেনিং দেবার জন্য ছেলেদের আপনারা পাঠিয়েছেন একথা সত্য কিনা?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য ঃ এ সম্পর্কে আমার কাছে কোন তথ্য নেই, আমি ব্যক্তিগতভাবে এটা জানি না। তবে সম্ভবত এটা হতে পারে যে হয়ত কোন জায়গা থেকে কোন লোককে ট্রেনিং দেবার জন্য পাঠানো হয়েছে। কিন্তু এই ডেয়ারিতে লোক নিয়োগ করে তাদের ট্রেনিংয়ের জন্য পাঠানো হয়েছে এটা ঠিক নয়।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, এই যে প্রকল্পটি হচ্ছে এটি হাইলি মেকানাইজড। আমার প্রশ্ন, আমাদের দেশে যখন বেকার সমস্যা এত তীব্র আকারে রয়েছে তখন সেখানে এমন কি প্রয়োজন হল যার জন্য এইরকম হাইলি মেকানিক্যাল প্রজেক্ট করতে হল? তাছাড়া বিদেশ থেকে জিনিসপত্র আনারই বা কি প্রয়োজন হল সে সম্বন্ধে জানাবেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্য মহাশয়কে অনুরোধ করবো এটা একটু বোঝার জন্য। ব্যাপারটা হচ্ছে, এই ধরনের ডিজাইন এটা পশ্চিমবাংলা সরকার যে করে দিয়েছেন তার বেসিসে যে এটা হয়েছে তা নয়। এটা হচ্ছে, ইণ্ডিয়ান ডেয়ারি ডেভেলপমেণ্ট কর্পোরেশন তারা দিল্লী, বোম্বাই, কোলকাতা এবং মাদ্রাজে এই ধরনের কয়েকটি বড় বড় ডেয়ারি তৈরি করছেন। এর অনেকটা টাকাই তাদের দেয়। সুতরাং পশ্চিমবঙ্গ সরকারের একক সিদ্ধান্তের উপর এগিয়ে যাওয়া সম্ভব হয়নি। এই একই ধরনের জিনিস অন্যান্য জায়গাতেও হয়েছে। বোম্বেতে অলরেডি কাজ শুরু হয়ে গিয়েছে, মাদ্রাজেও কাজ শুরু হয়ে গিয়েছে, দিল্লীতেও কাজ শুরু হয়েছে এবং আমরা আশা করছি কোলকাতাতেও কিছুদিনের মধ্যে কাজ শুরু হবে। পরিশেষে আবার বলছি, এটা আমাদের ডিজাইনের উপর যে নির্ভর করছে এটা ঠিক নয়।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। শ্রমদপ্তরের রাষ্ট্রমন্ত্রী মহাশয়, এটাকে আপনি বিবেচনা করে দেখবেন, আমার মনে হয়, আমাদের দেশে বিশেষ করে পশ্চিমবঙ্গে অর্ধ বেকার এবং বেকারের সংখ্যা প্রায় ৪০ লক্ষের কাছাকাছি সেখানে এগুলিকে লেবার ইনটেনসিভ করার জন্য ডেয়ারি প্রসেসিংটা আপনার দপ্তর থেকে সেইভাবে যাতে ওরিয়েণ্টেড হয় তার জন্য চেষ্টা করবেন। তা যদি না হয় তাহলে এই সমস্ত বড় বড় ডেয়ারি প্রজেক্ট করা হলেও এটাতে বেকারদের কর্মসংস্থান কতটুকু আমরা করতে পারবো?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য ঃ আমি আগেই বলেছি যে ইনসাইড দি প্ল্যাণ্ট কাজ করার জন্য কিছু টেকনিক্যাল লোকের দরকার আছে, সেই সংখ্যাটা কম। কিন্তু মিল্ক প্রসেসিং করার পর যখন মার্কেটিংয়ে যাবে, মিল্ক জেনারেট করা হবে সেটার জন্য অর্থাৎ মিল্ক কালেকশন করা এবং মিল্ক ডিসট্রিবিউশন করা সেখানে কিন্তু গ্রামাঞ্চলে অসংখ্য ছেলের কর্মসংস্থান হবে। কারণ আমি মাননীয় সদস্যদের কাছে বলেছি যে বিভিন্ন গ্রামে আমাদের ছোট ছোট কো-অপারেটিভ করার কথা চিন্তা করা হচ্ছে। যে কো-অপারেটিভের কথা বেলডাঙায় হয়েছে, মুর্শিদাবাদের কোন বন্ধু থাকলে স্বীকার করবেন। সেখানে ঐ ডেয়ারির মাধ্যমে বহু লোকের চাকুরী হচ্ছে। প্ল্যাণ্টে হচ্ছে না কিন্তু সেখান থেকে মিল্ক কালেকশনের জন্য এবং মিল্ক ডিসট্রিবিউশনের জন্য অসংখ্য লোক কাজ করছে। ডানকুনি ডেয়ারিকেও সেইভাবে সাজানোর চেষ্টা করা হচ্ছে। সেজন্য আপনারা যা চিন্তা করছেন তা করার কোন কারণ নেই। এখানে বেকার ছেলেদের যথেষ্ট পরিমাণ চাকুরী হবে এবং তারা বাড়ীতে বসে কাজ করতে পারবে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আমার প্রশ্নটা হচ্ছে, এই যে ডানকুনিতে ডেয়ারি প্রজেক্ট হচ্ছে, এর ডিসট্রিবিউশনের যে এরিয়া আছে সেটা কিভাবে পরিকল্পনা করা হয়েছে? অর্থাৎ এখানে যে দুধ কালেকটেড হবে বা প্রসেস্‌ড হবে সেটা কিভাবে কোন্ এলাকায় নিয়ে যাওয়া হবে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য ঃ এটা তাহলে আমাকে ডিটেলসে যেতে হয়। আমি শর্ট করে বলছি। আমাদের এখন যে সিস্টেম আছে তাতে সেণ্ট্রাল ডেয়ারির যে মিল্ক ডিসট্রিবিউশন হচ্ছে তাতে গ্রেটার ক্যালকাটা দুধের সমস্যা আমরা কভার করতে পারছি না। রিসেণ্টলি ৬ মাস আগে আমরা শ্রীরামপুর, চন্দননগরে কয়েকটি ডিপো খুলেছি তার মাধ্যমে দেওয়া হচ্ছে। মাদার ডেয়ারি হবার পর হুগলী জেলার সমস্ত ইণ্ডাস্ট্রিয়াল জোন-এর দ্বারা কভার করতে পারবো। হাওড়া জেলার যে অংশটায় আমরা সাপ্লাই দিচ্ছি, তার বাইরে যে অংশটা আছে তাতেও আমরা সাপ্লাই দিতে পারবো এবং এটাকে টেনে নিয়ে যেতে পারবো আপ-টু বর্ধমান পর্যন্ত। বর্ধমানে নতুন ডেয়ারি হচ্ছে, সেখানে বর্ধমান এবং দুর্গাপুরের মাঝখানে যে গ্যাপ থেকে যাচ্ছে সেটা ফিল আপ করতে পারা যাবে। এইভাবে সিস্টেম চালু করার কথা চিন্তা করা হয়েছে এবং সেইভাবে আমাদের মেসিনারি সাজানো হচ্ছে। সেখানে এনিম্যাল হাসব্যাণ্ড্রি আর্টিফিসিয়াল ইনসিমিনেশন ভেটিরিন্যারি এইড দিয়ে কাজ শুরু করছি এবং তার ইনফ্রাস্ট্রাক্চার তৈরী করতে আরম্ভ করেছি। এটাকে আরো কিছু প্রসেস করা যায় কিনা, কিভাবে করা যায় সেটা বিবেচনা করা হচ্ছে।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রী মহাশয়কে একটু জিজ্ঞাসা করছি যে, আপনি একটা যন্ত্রপাতি তৈরী করছেন এবং ডিসট্রিবিউশনের দিকে ভাবছেন। কিন্তু যন্ত্রগুলি বসে থাকবে যদি না গরু এবং দুধ তৈরী করা হয় গ্রামাঞ্চলে—এটা আমাদের মেইন সমস্যা। আপনি কি কালেক্ট করবেন, কি প্রসেস করবেন আর কি ডিসট্রিবিউট করবেন, ইভেন এ বিগ মেশিন ওণ্ট ডু দ্যাট। আমি তাই আপনার কাছে জানতে চাচ্ছি, আপনি এ্যাসুরেন্স দিলেন, আপনি বলুন যে, দুধ তৈরী করবার উপযুক্ত দৈনিক ৪ লক্ষ লিটার দুধ প্রসেস হবে সেটা গ্রামাঞ্চলে তৈরী করবার উপযুক্ত ব্যবস্থা করে তারপর

৩ কোটি টাকা খরচ করছেন, অথবা ৩ কোটি টাকা পড়ে থাকবে যতদিন গরু তৈরী হবে ২০/২৫ বছর ধরে। এটা আমি জানতে চাই।

[1-20—1-30 p.m.]

শ্রীপ্রদীপ ভট্টাচার্য : আমি মাননীয় সদস্যকে অনুরোধ করবো, যদি উনি সময় পান তাহলে একবার দয়া করে মাটিগাড়া ভিজিট করে আসবেন। সেই প্ল্যাণ্ট হবার সময়ও এইরকম অনেক কথা উঠেছিল, আজকে দার্জিলিংয়ের বিস্তীর্ণ অঞ্চলের মানুষের এই মাটিগাড়া হবার ফলে ইনকাম অনেক বেড়ে গেছে। এবং এই ক্ষেত্রে সেইরকম সন্দেহ করার কোন কারণ নেই কারণ এর ইনফ্রাস্ট্রাকচার অলরেডি হয়ে গেছে।

শ্রীনন্দলাল শুরুং : মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, মাটিগাড়া ডেয়ারিতে চার লক্ষ টাকা লস হয়েছে, এটা সম্বন্ধে গভর্ণমেণ্ট কিছু করছেন কি, যে কেন এই টাকা লস হয়েছে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য : না, আমার কাছে এই ধরনের কোনি খবর নেই এবং এই ব্যাপারে আমার কিছু বলার নেই।

উপ-স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিকীকরণ

*২। (অনুমোদিত প্রশ্ন নং * ১৫) **শ্রীগণেশচন্দ্র হাটুই :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার জাঙ্গীপাড়া ব্লকে অবস্থিত মুণ্ডলিকা ও গুটি উপ-স্বাস্থ্যকেন্দ্রে ও চণ্ডীতলা ব্লক (১)-এ অবস্থিত ভটপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রে এখনও বিদ্যুৎ কানেকশন না দেওয়ায় উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলির রোগীরা ভীষণ কষ্টভোগ করিতেছেন;

(খ) সত্য হইলে, এই অসুবিধা দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন এবং

(গ) ঐ উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলি কবে নাগাদ বৈদ্যুতিকীকরণ হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীঅজিতকুমার পাঁজা : (ক) ও (খ) ১৯৭৬ সালের আগষ্ট মাসে গুটি ও ভটপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতিকীকরণ মঞ্জুর করা হয়েছে এবং ঐ কাজগুলির জন্য টেণ্ডার ডাকা হয়েছে। মুণ্ডলিকা উপ-স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতিকীকরণের কাজ শীঘ্রই মঞ্জুর করা হবে। বিদ্যুতের অভাবে রোগীদের যে অসুবিধা হচ্ছে, তা শীঘ্র দূরীভূত হবে বলে আশা করা যায়।

(গ) ১৯৭৭-৭৮ সালের মাঝামাঝি নাগাদ ঐ কাজগুলি শেষ হবে বলে আশা করা যায়।

শ্রীগণেশচন্দ্র হাটুই : মন্ত্রী মহাশয় বললেন যে মঞ্জুর হয়েছে এবং টেণ্ডার ডাকা হয়েছে। এখন সমস্যা দেখা দিয়েছে যে সেই উপ-স্বাস্থ্যকেন্দ্রে যে বিদ্যুৎ দেবেন, তার যে স্টাফ কোয়ার্টার আছে তাতে যেসব কর্মচারী থাকেন তাদের ওয়্যারিং করার জন্য টাকা দিতে বলা হয়েছে, এটা কি সত্য?

শ্রীঅজিতকুমার পাঁজা : এইরকম কোন নিয়ম নেই ওয়্যারিং করার জন্য স্টাফকে টাকা দিতে হবে। তবে গেজেটেড অফিসার, যেমন ডাক্তার তাদের বিদ্যুতের জন্য ১০ পার্সেণ্ট করে দিতে হয়। ওয়্যারিং করতে হবে বলে ষ্টাফকে টাকা দিতে হবে, এইরকম কোন নিয়ম নেই।

শ্রীগণেশচন্দ্র হাটুই : তাহলে ক্লাস ফোর, ক্লাস থ্রি স্টাফ যারা আছেন তাঁদের কি বিদ্যুতের চার্জ দিতে হবে?

শ্রীঅজিতকুমার পাঁজা : বিদ্যুতের চার্জের একটা গ্রেডিং আছে, সেই গ্রেডিংয়ের বাইরে হলে তাদের কাছ থেকে নেওয়া হবে। এর ডিটেলস যদি জানতে চান তাহলে আপনাকে জানাতে পারি।

শ্রীগণেশচন্দ্র হাটুই : মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৭৬ সালে মঞ্জুর হয়েছে এবং ঐ কাজগুলির জন্য টেণ্ডার ডাকা হয়েছে, এই কাজগুলি হতে কতদিন সময় লাগবে?

শ্রীঅজিতকুমার পাঁজা : এই কাজগুলো পি ডবলিউ ডি ডিপার্টমেণ্ট করছে, তারা বলছেন যত তাড়াতাড়ি পারেন করে দেবেন।

শ্রীমহঃ সফিউল্লা : ভটপুর সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টারের কম্পাউণ্ডের ভিতরে ইলেকট্রিক পোস্ট আছে, কিন্তু সেই উপ-স্বাস্থ্যকেন্দ্রে ইলেকট্রিক নেই, এই ব্যাপারে আমি চিঠি দিয়েছি, গণেশচন্দ্র হাটুই মহাশয় দিয়েছেন এবং সেখান থেকে মাস পিটিশন করা হয়েছে, তথাপি পি ডবলিউ ডি থেকে ইলেকট্রিফিকেশন সেখানে করা হয়নি। সেইজন্য আমরা একটা টাইম চাইছি, এই ধরনের টাইম দিতে পারেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা : আমার পক্ষে সময় দেওয়া সম্ভব নয়, এটা পি ডবলিউ ডি করছেন, তারা যত শীঘ্র সম্ভব কমপ্লিট করবার চেষ্টা করছেন।

শ্রীকাশীনাথ মিশ্র : মন্ত্রী মহাশয় জানাবেন কি, স্বাধীনতার পর থেকে '৭১ সাল পর্যন্ত কতগুলো হেল্‌থ সেণ্টার ইলেকট্রিফায়েড হয়েছে আর ১৯৭২ সাল থেকে আজ পর্যন্ত কতগুলো হেল্‌থ সেণ্টার ইলেকট্রিফায়েড হয়েছে এবং তার জন্য কত টাকা ব্যয় হয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজা : এখানে আমার কাছে যে রেকর্ড আছে তাতে দেখছি ১৯৭১ সালের শেষ পর্যন্ত ৮০টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ ছিল, আর ৪৩টি উপ-স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ ছিল, টোটাল ১২৩। আর '৭২ সাল থেকে ৭৭ সালের গতকাল পর্যন্ত এই হিসাবটি হচ্ছে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ২৪৪টি এবং উপ-স্বাস্থ্যকেন্দ্র ২৪৫টি, মোট ৪৮৯।

শ্রীকাশীনাথ মিশ্র : এগুলি করতে ১৯৭২ সাল থেকে আজ পর্যন্ত মোট কত টাকা ব্যয় হয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজা : আমার কাছে এখন পরিষ্কার হিসাব নেই, এ্যাপ্রক্সিমেট দেওয়া রয়েছে। এ্যাপ্রক্সিমেট গত ৫ বছরে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিকীকরণের জন্য ২ কোটি ২৫ লক্ষ টাকার মত খরচ হয়েছে।

শ্রীমহঃ দেদার বক্স : ভগবানগোলা কেন্দ্রের নসিবপুরের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির ওয়ারিংয়ের কাজ শেষ হয়েছে, কিন্তু কানেকসন দেওয়া হচ্ছে না। এইরকম অনেক স্বাস্থ্যকেন্দ্র পশ্চিমবঙ্গে আছে এবং এইসব স্বাস্থ্যকেন্দ্রের রোগীদের বিদ্যুতের অভাবে অসুবিধা হচ্ছে। এর জন্য মাননীয় মন্ত্রিমহাশয় কি ব্যবস্থা অবলম্বন করছেন?

শ্রীঅজিতকুমার পাঁজা : অনেকগুলি আছে কিনা জানি না। তবে আপনার এলাকার স্বাস্থ্যকেন্দ্রটির ওয়ারিংয়ের কাজ সম্পূর্ণ হয়ে গেছে, পি ডবলু ডিপার্টমেণ্ট এটা করেছেন। এখন বৈদ্যুতিক লাইন আনার কাজ বিদ্যুৎ বিভাগের। তারাও তাড়াতাড়ি কাজ করছে। তবে স্বাস্থ্যকেন্দ্রগুলিতে পি ডবলু ডি কনস্ট্রাকসন বোর্ড যে দ্রুতগতিতে কাজ করছে তার সঙ্গে তাল ফেলে অন্য বিভাগগুলির কাজ করা সম্ভব হয়নি। আমরা একটা লিষ্ট করেছি এবং যার মধ্যে আপনার এলাকার স্বাস্থ্যকেন্দ্রটিও আছে—যাতে এইসব জায়গায় সামনের বর্ষার আগেই বিদ্যুৎ গিয়ে পেঁছিতে পারে।

শ্রীশরৎচন্দ্র দাস : মাননীয় মন্ত্রিমহাশয় অনুসন্ধান করে দেখবেন কি, যখন আপনি প্রথম নির্দেশ পাঠালেন সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ৩ মাসের মধ্যে বিদ্যুৎ পেঁছে দিতে হবে এবং সেই অনুযায়ী পশ্চিমবঙ্গের প্রায় ৯০ ভাগ স্বাস্থ্যকেন্দ্রে ৩ মাসের মধ্যে বৈদ্যুতিকীকরণ হয়, কিন্তু বাকি স্বাস্থ্যকেন্দ্রগুলির জন্য বহু আবেদন-নিবেদন করা সত্ত্বেও সেগুলিতে হচ্ছে না কেন, তিন মাসের মধ্যে ৯০ ভাগ কাজ হয়ে গেল অথচ ৩ বছরের মধ্যে বাকি ১০ ভাগ কাজ হচ্ছে না কেন?

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ-বিষয়ে মাননীয় সদস্যকে জানাতে চাই যে, ৩ মাসের মধ্যে যেটা হয়েছিল তাতে মুখ্যমন্ত্রীর নির্দেশে স্বাস্থ্যদপ্তর ক্যাস প্রোগ্রামে ইলেকট্রিফিকেসন অফ রুরাল হেল্‌থ সেণ্টারস-এর জন্য বেশ কিছু টাকা পেয়েছিল এবং তখন যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র ইলেকট্রিক লাইন থেকে ৩ কিলোমিটারের মধ্যে সেগুলিকে আমরা প্রথম প্রায়রিটি হিসাবে নিয়েছিলাম এবং সেগুলির কাজ সম্পূর্ণ করতে পেরেছি। যেগুলি ৩ কি:মি: বাইরে সেগুলির জন্য বিদ্যুৎ বিভাগের কাছে এস্টিমেট চাওয়া হয়েছে। তবে এটা খুবই ব্যয়সাপেক্ষ। তথাপি এখন পর্যন্ত আমরা ২ কোটি ২৫ লক্ষ টাকা খরচ করতে পেরেছি।

শ্রীশরৎচন্দ্র দাস : যে স্বাস্থ্যকেন্দ্রগুলির ৩ কি:মি: মধ্যে বৈদ্যুতিক লাইন নেই সেগুলির সংখ্যা কত? আমরা জানি ৯০% কাজ হয়ে গেছে, আর ১০% বাকি আছে। এই যেটা বাকি আছে এর সংখ্যা কত?

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় সদস্যকে ধন্যবাদ যে, তিনি নিজের প্রশ্নের উত্তর নিজেই দিয়ে দিয়েছেন যে, ৯০% হয়ে গেছে আর ১০% বাকি আছে।

[1-30—1-40 p. m.]

শ্রীনরেশচন্দ্র চাকী : এরকম ধরনের উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ওয়্যারিং হয়েছে এবং সেখানে তাড়াতাড়ি বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আমি জানতে চাই ন'পাড়া উপ-স্বাস্থ্যকেন্দ্রের কোয়ার্টার মাইলের মধ্যে বিদ্যুতের ব্যবস্থা থাকা সত্ত্বেও ওয়্যারিং হবার পরেও ১ বছর চলে গেল কিন্তু আজ পর্যন্ত হয়নি কেন?

শ্রীঅজিত পাঁজা : এইরকম বিশেষ জায়গার পক্ষে বলা সম্ভব নয়—নোটিশ চাই। ৩ কিমির মধ্যে আছে বিদ্যুৎ হয়নি কারণ সেখান দিয়ে হাইটেনশন লাইন গেছে, সাব-স্টেশন করে টানতে হবে।

মিঃ স্পীকার : প্রশ্নটা হুগলী জেলা সম্বন্ধে—এ সম্বন্ধে যদি কোন প্রশ্ন করার থাকে করুন—অন্যরকম প্রশ্ন আমি এ্যালাউ করব না।

শ্রীতুহিন সামন্ত : এই দুটি হাসপাতালে বিদ্যুৎ চালু হলে সেখানকার অপারেশন থিয়েটারগুলিকে এয়ার-কণ্ডিশনড্ করার কোন প্রস্তাব আছে কি?

শ্রীঅজিত পাঁজা : যেগুলি প্রায়োরিটি অব নিউ তার উপর ভিত্তি করে স্বাস্থ্য দপ্তর কাজ করে। আমাদের আগে সেখানে প্ল্যান হচ্ছে ডাইওগনিস্টিক ফ্যাসিলিটিসের ব্যবস্থা করা। অর্থাৎ এক্স-রে, প্যাথোলজি, বায়ো-কেমিস্ট্রির ব্যবস্থা করা। ১০ শয্যাবিশিষ্ট যেখানে যেখানে ১০ মিমি x-Ray plant নিয়ে যাবার পরিকল্পনা আছে।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 24 notices of Calling Attention on various subjects out of which I have selected the notice of Shri Md. Safiullah and another on the subject of power crisis in Calcutta and neighbourhood.

The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : On the 4th April.

Mr. Speaker : The remaining notices are taken as read and laid on the table.

1. Scarcity of drinking water in the different parts of West Bengal from Shri Kashinath Misra and two others.
2. Draught-hit areas of West Bengal –from Shri Kashinath Misra and 4 others.
3. Cattle lifting in the border areas of West Bengal—from Shri Md. Dedar Baksh and another.
4. Condition of the Muraripukur Bustee areas of Manicktala—from Shri Md. Safiullah and another.
5. Load shedding in the State—from Shri Md. Dedar Baksh and two others.
6. Un-recognised schools of West Bengal –from Shri Md. Dedar Baksh and two others.
7. Filaria control measures—from Shri Md. Safiullah.
8. Spraying of insecticide—from Shri Md. Safiullah.
9. Violence in rural areas—from Shri Md. Safiullah and another.
10. Alleged irregularities in junior Clerkship Examination conducted by Calcutta Corporation—from Shri Md. Safiullah and another.
11. Traffic in girls—from Shri Md. Safiullah and another.

12. Increase in venereal disease at Barasat—from Shri Md. Safiullah and another.
13. Preservation of fish—from Shri Md. Safiullah.
14. Burating of gas cylinder at Ramesh Dutta Street, Calcutta—from Shri Md. Safiullah and another.
15. Load shedding in Vidhan Sabha Building—from Shri Md. Safiullah and another.
16. T. B. work in rural Bengal—from Shri Md. Safiullah and another.
17. Repair of derelict tubewells and resinking them—from Shri Md. Safiullah and another.
18. Commissioning of New Santaldih Unit—from Shri Md. Safiullah and another.
19. Financial stringency in certain Higher Secondary Schools converted into Junior Colleges—from Shri Md. Safiullah and another.
20. Power crisis in Calcutta and neighbourhood—from Shri Md. Safiullah and another.
21. Fly-over near Sealdah Railway Station—from Shri Md. Safiullah and another.
22. Hired Lorry system of Calcutta Corporation—from Shri Md. Safiullah and two others.
23. Re-construction of dilapidated primary school promises—from Shri Md. Safiullah and two others.
24. Release of D.V.C. water for BORO crop—from Shri Md. Safiullah and three others.

Mr. Speaker : Now mention cases. I now call upon Shri Birendra Bijoy Malladeb.

(Shri Abdul Bari Biswas rose to speak)

Mr. Speaker : Mr. Biswas, I have not called you. Please take your seat.

Mention cases

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসকে ঝাড়গ্রাম মহকুমার খরা পরিস্থিতির কথা জানাচ্ছি। স্যার, আপনি শুনে অত্যন্ত দুঃখিত হবেন যে, গত আশ্বিন মাস থেকে এ পর্যন্ত ঝাড়গ্রাম মহকুমায় কোন জায়গায় বৃষ্টি হয়নি। বৃষ্টি না হওয়ার ফলে ওখানকার কুয়ো, পুকুর সমস্ত শুকিয়ে গেছে। বীনপুর থানার গ্রামাঞ্চলে বেলপাহাড়ীতে সমস্ত পুকুরগুলি শুকিয়ে গেছে, একটা অসহনীয় পরিস্থিতির সৃষ্টি হয়েছে। মানুষ জল খেতে পাচ্ছে না, কৃষিকার্য ব্যাহত হচ্ছে। এর জন্য আমি সরকারের আছে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি এই খরা পরিস্থিতির মোকাবিলা করার জন্য অবিলম্বে বেশী পরিমাণে টি আর-এর কাজ আরম্ভ করা হোক, যাতে আরো বেশী কুয়ো করা যায় তার ব্যবস্থা করা হোক। এই দিকে আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীগিয়াসুদ্দিন আমেদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ইলেকশানের সময় নদীয়া জেলায় কৃষ্ণনগর সাব-ডিভিসানের বিভিন্ন গ্রামে ঘুরেছি। গ্রামের লোকদের একটা প্রধান ক্ষোভ রেশন কার্ড নেই, বদলি এবং নতুন রেশন কার্ড দেওয়া হচ্ছে না। এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ আমরা নানাভাবে করেছি, কিন্তু এর প্রতিকার হয়নি। খাদ্য বিভাগের কর্মচারীদের আমরা বললেই তাঁরা এই জিনিসটা নিয়ে টালবাহানা করে থাকেন। গ্রামে যে রেশন দেওয়া হয় তা অত্যন্ত কম, নগণ্য বললেই হয়। গ্রামের গরীব মানুষ যারা তারা নানাভাবে দরখাস্ত করেও রেশন কার্ড পায় না, এই বিষয়ে বহুবার তাঁর দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও কোনও ফল হয়নি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব গ্রামের গরীব মানুষদের অবিলম্বে রেশন কার্ড দেওয়ার ব্যবস্থা করুন।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের নিকট একটা আবেদন রাখতে চাই। মিঃ স্পীকার, স্যার, উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে এখন যেভাবে পঠনপাঠন হচ্ছে, শিক্ষক নিয়োগ হয়েছে সেই বিষয়ে রাজ্য সরকারের কাজকর্মে উচ্চ শিক্ষিত শ্রেণী ভয়ানক দুঃখিত হয়ে আছে। মিঃ স্পীকার, স্যার, গত বছর মে মাসে ৫টা করে টাকা নিয়ে প্রায় লাখখানেক, কেউ কেউ বলেন দেড় লক্ষ, আবার কেউ কেউ বলেন ৮০ হাজার লোক দরখাস্ত করেছেন। কবে ইণ্টারভিউ হবে, কবে সিলেকটেড হবে, কবে এমপ্ল্যানেল্ড হবে, কবে চাকরি পাবে দীর্ঘদিন তাঁরা অপেক্ষা করে আছেন। টাকা মাত্র ৫টা কিন্তু এর পিছনে আশার পরিমাণ অনেক বেশী। নানারকম গুজব—কেউ বলছেন ৫০০ টাকা থেকে হাজার টাকা স্কেল, আবার কেউ বলছেন ৪০০ টাকা থেকে ৮০০ স্কেল, একটা স্কেল ঘোষণা করতে হবে। এই ধরনের এ্যাড-হক এ্যাপয়েণ্টমেণ্ট, টেম্পোর‍্যারি বলা যায় না, তার উপর ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা ছেড়ে দেওয়া আছে। আমি তাই আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, তাঁর কাছে আবেদন রাখছি. দেড় লক্ষ কি ২ লক্ষ যারা এম-এ, বি-এ (অনার্স) আপনার কাছে দরখাস্ত করেছেন ৫ টাকা জমা দিয়ে, তাঁরা যে অপেক্ষা করেছেন, তাঁরা এ্যাপয়েণ্টমেণ্ট পাবেন কিনা, কি অবস্থায় ব্যাপারটা আছে সে সম্বন্ধে আপনি একটা ষ্টেটমেণ্ট করুন।

[1-40—1-50 p.m.]

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য হরশঙ্করবাবু বললেন কয়েকজন লোক উচ্চশিক্ষা বিভাগের উপর চটে আছে। আমাদের দেশের উচ্চ শিক্ষিত, মধ্য শিক্ষিত, এবং অর্ধ শিক্ষিত লোক শিক্ষা বিভাগের উপর চটে আছে, না তামাম সরকারের উপর চটেছিলেন সেটা আমরা গত নির্বাচনে টের পেয়েছি। তবে উনি যেটা বললেন সেটা আমি জানি। স্কেলের ব্যাপারটা খুব শক্ত জিনিস, তবে আমার মনে হয় এর সমাধান হয়ে গেছে এবং আগামী মাসে এদের নিয়োগের প্রস্তুতিপর্ব শুরু হবে। এদের সংখ্যা ৪৮ হাজারের মত, তবে আসল আবেদনকারীর সংখ্যা কিছু কম হতে পারে কারণ একজন হয়ত দুটি জেলা থেকে আবেদন করেছেন।

শ্রীসুধীর বেরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন হাওড়া জেলে গুলি চালিয়ে অনেকগুলো বন্দীর প্রাণনাশ করা হয়েছে এবং এই বিষয় নিয়ে পশ্চিমবাংলায় নানা আলোড়ন সৃষ্টি হয়েছে। বহু চিন্তাশীল মানুষ এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। মৈত্রেয়ী দেবী, সত্যজিৎ রায়, পান্নালাল দাশগুপ্ত এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন এবং আমরাও প্রতিবাদ জানিয়েছি। জেলের মধ্যে যে বন্দীরা থাকে তাদের নিরাপত্তার দায়িত্ব সরকারের। কাজেই সেখানে যদি গুলি চালিয়ে প্রাণনাশ করা

হয় তাহলে তার দায়িত্ব সরকারকেই নিতে হবে। সরকার আমাদের দাবী ঠেকাতে না পেরে শেষ পর্যন্ত একটা জুডিশিয়াল কমিটি করেন জাস্টিস শর্মাসরকারকে নিয়ে। কিন্তু দুঃখের সঙ্গে বলছি সেই কমিটির রিপোর্ট অন্যান্য কমিটির রিপোর্টের মতই চেপে যাওয়া হয়েছে। আমরা মনে করি জেলের মধ্যে গুলি চালাবার অধিকার কোন সভ্য সরকারের নেই। আমাদের বক্তব্য হচ্ছে যদিও কোথাও গুলি চলে থাকে তাহলে তার পূর্ণাঙ্গ তদন্ত হওয়া দরকার এবং তার রিপোর্ট আমাদের কাছে প্রকাশ করা দরকার। আপনি জানেন হিজলী জেলে গুলি চালাবার জন্য একদিন বিশ্বকবি তাঁর নাইট উপাধি ত্যাগ করেছিলেন। আমাদের এই সভ্য দেশে জেলের মধ্যে গুলি চালানো হয়, তার জন্য তদন্ত করা হয়, তার রিপোর্টও তৈরী হয় কিন্তু দুঃখের কথা সেই রিপোর্ট কখনও দিনের আলো দেখে না। আমরা সমস্ত গুলি চালাবার ঘটনার তদন্ত চাই এবং তার রিপোর্ট বিধানসভায় পেশ করা হোক এটাও চাই।

শ্রীনাসিরুদ্দিন খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় গমের দাম ৪০ টাকার নীচে নেমে গেছে। আমাদের দেশে গমের উৎপাদন এ্যাভারেজে ৭ মনের বেশী হবে না বলে মনে হয়। একবিঘা জমিতে গমের আবাদ করতে গেলে ৩০০ টাকার নীচে হয় না। কাজেই দেখা যাচ্ছে গমের দাম যদি ৪০টাকা হয় এবং ৭ মন এ্যাভারেজে গম হয় তাহলে উৎপাদন করতে গিয়ে যে খরচ পড়ছে সেটা উঠে আসছে না। এই অবস্থা হলে আমাদের দেশে গম তৈরী করবার প্রবণতা হ্রাস পাবে। আমি এগ্রিকালচার মিনিষ্টারকে অনুরোধ করছি একটি সরকারী সংস্থা দিয়ে উচ্চ দামে গম কেনার কথা চিন্তা করুন।

শ্রীঅনন্তকুমার ভারতী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অবশ্য কিছু বলার ছিল না কিন্তু আমাদের ওখানে মশার তাণ্ডবের জন্য কিছু বলতে বাধ্য হচ্ছি। আজকে মশার জন্য লোকে অতিষ্ট হয়ে উঠেছে। আমাদের বেলেঘাটা-মানিকতলা অঞ্চলে একটা সার্কুলার ক্যানেল আছে সে সম্বন্ধে আমি বারবার গণিসাহেবের দৃষ্টি আকর্ষণ করেছি এই খালটি পরিষ্কার করবার জন্য। স্যার, অরবিন্দ সেতু অবধি কাজটুকু হয়ে বাকী পড়ে আছে। বেলেঘাটা মেন রোডের উপর যে খাল আছে ঐ পুল থেকে আরম্ভ করে আপার সার্কুলার রোড পর্যন্ত এখানে মশার ব্রিডিং গ্রাউণ্ড হয়েছে। এই খালে যেমন কচুরিপানা তেমনি কাদা ভর্তি হয়ে আছে। আমার মনে হয় মাছের চাষের জন্য যেমন সরকার ব্রিডিং সেণ্টার করেছেন তেমনি এই খালটিও সরকার যেন মশার ব্রিডিং গ্রাউণ্ড তৈরী করেছেন। আজকে ছেলেমেয়েরা মশার উৎপাতের জন্য পড়াশুনা করতে পারে না সে এক ভয়াবহ অবস্থা সৃষ্টি হয়েছে। আমি দীর্ঘদিন ধরে বারবার বলে আসছি কিন্তু আজ পর্যন্ত কোন এ্যাকশন নেওয়া হয়নি। যারা এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার আছেন ক্যানেল ডিভিশনে তাদের বলেছি যে হপ্তায় যদি একবার করে গঙ্গার জল ছাড়া হয় তাহলে টোটাল ময়লা ধুয়ে বেরিয়ে গেলে মশার উপদ্রব কমতে পারে। ক্যালকাটা করপোরেশনের ৩৪, ৫৯ নম্বর ব্লকের মাঝখানে যে খাল আছে তার অবস্থা ভয়াবহ। আমি একটা সাজেশান দিয়েছিলেম যে এই জায়গাটা যদি পরিষ্কার করে মাছচাষ করবার জন্য স্থানীয় লোকের ভিতর ডিস্ট্রিবিউশান করে দেন তাহলে কিছু রেভিনিউ আসে, কিন্তু আজ পর্যন্ত কোন কথাই শোনা হল না। স্যার, আপনার বোধহয় মনে আছে দীর্ঘদিন ধরে আমি বারবার মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করেছি কিন্তু পরিষ্কার করা তো দূরে থাকুক দিনের পর দিন ময়লা জমে যাচ্ছে। আমি মন্ত্রীর কাছে এবং চীফ ইঞ্জিনিয়ার এবং এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারদের কাছে বারবার বলেছি কিন্তু আজ পর্যন্ত কিছুই করা হলো না। সেজন্য আজকে মন্ত্রিসভা এবং আপনার কাছে আবেদন করছি যে কলকাতাবাসীদের আপনি মশার হাত থেকে মুক্তি দেবার ব্যবস্থা করুন।

শ্রীরথীন ভালুকদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত পশ্চিমবাংলায় ভয়াবহ দুর্নীতি সম্বন্ধে দু'-চারটে কথা বলতে চাই। আমি ১৯৭২ সাল থেকে এই পবিত্র বিধানসভার পশ্চিমবাংলায় প্রশাসনিক দুর্নীতি এবং সর্বস্তরের ব্যাপক দুর্নীতির কথা বারবার এখানে উত্থাপন করেছি। ১৯৭৩ সালে আমি বলেছি আমাদের এই অকট্রয় ডিপার্টমেণ্টে অর্থাৎ চুঙ্গিকর বিভাগে পুকুরচুরি নয় সাগরচুরি হচ্ছে। এবং আমরা এর প্রতিবাদে কার্জন পার্কে অনশন পর্যন্ত করেছিলাম। স্যার, আমরা নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়েছিলাম জনগণের কাছে যে আমরা দুর্নীতিমুক্ত প্রশাসন চালু করব। কিন্তু অত্যন্ত দুঃখের কথা আজকে খোদ রাইটার্স বিল্ডিং থেকে আরম্ভ করে ডি এম অফিস, এস পি অফিস সর্বত্র দুর্নীতি চলছে। সেই সময়কার কথা আমাদের কেউ শোনে নি। তার পরবর্তীকালে ওয়াংচু কমিটি হয়েছিল তখন আমরা ভেবেছিলাম হয়ত দুর্নীতির একটা সুরাহা হবে। কিন্তু আমরা দেখলাম যে ওয়াংচু কমিটির রিপোর্টের ভিত্তিতে একজন মন্ত্রী মন্ত্রিসভা থেকে চলে গেলেন বটে কিন্তু জুট করপোরেশনের চেয়ারম্যান করে তাকে আবার বসিয়ে রাখা হল। এতে প্রশাসনিক থেকে দুর্নীতি দূর হওয়ার পরিবর্তে আরও বিস্তার লাভ করলো। স্যার, আজকে আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে যে প্রশাসনিক ক্ষেত্রে দুর্নীতি চরম আকার ধারণ করেছে। এবং দুর্নীতি আগের চেয়ে ১০/১২ গুণ বেড়ে গিয়েছে। আমরা দুর্নীতিমুক্ত প্রশাসন করব বলে বলেছিলাম কিন্তু এই পাঁচ বছরে দুর্নীতি বেড়েই চলেছে।

[1-50—2-00 p.m.]

এইসব দুর্নীতির সঙ্গে জড়িত আছেন আই এ এস অফিসাররা, জড়িত আছেন আই পি এস অফিসাররা এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটরা। সম্প্রতি দু'জন আই এ এস জেলা-শাসক এবং একজন আই পি এস, পুলিশ সুপার, তাদের বিরুদ্ধে প্রাথমিক তদন্তের পর কমিশনের তরফ থেকে চার্জসিট দেওয়া হয়েছে। জানি না তার কি ফল হয়েছে কিন্তু সেই জেলাশাসকরা ও এস পি এখনো কাজ চালিয়ে যাচ্ছেন। এই বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা পৌরসংস্থা এখন সরকারী পরিচালনাধীন আছে। ১২ই মার্চ হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ডে বেরিয়েছে, সেখানে দেখবেন যে উৎকোচ গ্রহণ করে বড় বড় চাকরী দেওয়া হচ্ছে, বহু জায়গায় সিনিয়ারকে সুপারসিড করে চাকরী দেওয়া হয়েছে, এইসব কাগজে দেওয়া আছে। তাই আমি বলতে চাই আজকে সারা ভারতবর্ষের মানুষ এদের বিরুদ্ধে তাদের রায় জানিয়ে দিয়েছে, তাদের দীর্ঘদিনের দুর্নীতির মুখোশ খুলে দিয়েছে। এদের আর এখানে বসে থাকবার কোন অধিকার নেই। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছ থেকে এর উপর একটা পূর্ণাঙ্গ বিবৃতি দাবি করছি।

শ্রীতৃপ্তিময় আইচ : অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্ধমান জেলার হীরাপুর কেন্দ্রে নির্বাচনের সময় ঘুরে অত্যন্ত দুঃখিত হয়েছিলাম। আমাদের পশ্চিমবঙ্গ সরকার নির্বাচনের পর প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, গ্রামে গ্রামে জলের ব্যবস্থা করবেন। আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এবং পাবলিক হেল্‌থ ডিপার্টমেণ্টের ভারপ্রাপ্ত মন্ত্রী তিনি আমাদের এলাকার একজন জনপ্রিয় মন্ত্রী এবং তাকে প্রত্যেকেই শ্রদ্ধা করে কিন্তু আমি জানি না এটা কোন প্রশাসনের ত্রুটি কি না। সেই এলাকায় হরিজন, মুচি ইত্যাদি সম্প্রদায় বাস করে, সেখানে জলের জন্য কোন কুয়া কাটা হয়নি। এমন কি কল্যাণীশ্বরের মধ্যে দিয়েও সেখানে জল যায় না। সেখানে যেসব কুয়া, পুকুর ছিল

তা সব এই সময় শুকিয়ে গিয়েছে। মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি যে, এইসব গ্রামবাসীদের জলকষ্ট থেকে উদ্ধার করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে যেন তিনি সত্বর নির্দেশ পাঠান। এই সঙ্গে আর একটি বিষয় জানাতে চাই যে, কোল ইণ্ডিয়া ভারত সরকারের পরিচালনাধীনে আছে, কোলিয়ারীতে সেখানে পর্যাপ্ত জল নষ্ট হয়ে যায় অথচ যেখানে এইসব দরিদ্র গ্রামবাসীরা জল পায় না, স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যদি এই কোল ইণ্ডিয়াকে চিঠি দিয়ে এই সমস্ত গ্রামবাসীরা যাতে জল পায় তার ব্যবস্থা করেন তাহলে এইসব দরিদ্র লোকেরা প্রাণে বাঁচতে পারবে।

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য হীরাপুরের কথা বললেন। এই কোল ইণ্ডিয়া প্রাইভেট লিঃ, এখানে দুটি ভাগ আছে। হীরাপুর প্রকল্পটি দ্বিতীয় পর্যায়ের মধ্যে পড়ে। মাননীয় সদস্য আমাকে অনুরোধ করলেন এবং ঐ এলাকার আর একজন এম এল এ আমাকে বলেছেন, প্রথম প্রকল্পটি সাব-প্ল্যাণ্ট করে বারবনী, হীরাপুর এবং আসানসোল মিউনিসিপ্যালিটিতে দেওয়া হবে। তবে এটা করতে সময় লাগবে। ঐ এরিয়াতে জল এখনো আসেনি কারণ ওখানে পাইপ দিয়ে ওয়াটার সাপ্লাইর কাজ কমপ্লিট করতে হবে এবং এটা স্টেজ বাই স্টেজ করতে হবে। এতে আরো ৫ বৎসর সময় লাগবে কমপ্লিট করতে। হীরাপুরে কুয়া বা টিউবওয়েল করার সুবিধা নেই কারণ ওটা কোল্ড বেল্ট এলাকা বলে। এখানে পাইপ ওয়াটার সাপ্লাই করতে হবে এবং ফেজ করে করতে হবে। এই জলসরবরাহের কাজ ইতিমধ্যেই শুরু করে দিয়েছি। তবে এই কোল ইণ্ডিয়া প্রাইভেট লিমিটেড আমাদের সংস্থার অন্তর্ভুক্ত নয়, উনি যখন বলেছেন তখন নিশ্চয়ই আমরা ভারত সরকার এই বিষয়ে যাতে দৃষ্টি আকর্ষণ করে সেজন্য চিঠি দেবো।

শ্রীশেখ দৌলত আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি একটি বিষয়ের প্রতি আকর্ষণ করতে চাই। ডায়মণ্ডহারবার সুন্দরবনের গেটওয়ে। সেখানে যে ডায়মণ্ডহারবার মহকুমা হাসপাতাল আছে সেখানে আগে ছিল ৩৮টি সীট। আমাদের স্বাস্থ্যমন্ত্রীর আন্তরিকতায়, সরকারের আন্তরিকতায় সেখানে ১২৫টি সীট হয়েছে। কিন্তু উনি জানেন সেখানে যতবার আমাদের স্বাস্থ্যমন্ত্রী গিয়েছেন, সেখানে কি পরিমাণ রোগী আসে, যদিও সীট হচ্ছে ১২৫ সেখানে রোগী সাড়ে চারশো থেকে পাঁচশো শুয়ে পড়ে আছে। সেজন্য আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করে হাসপাতাল সম্প্রসারণের জন্য আবেদন জানিয়েছিলাম, আমাদের আবেদনে সাড়া দিয়ে স্থানীয় একজন দাতা এক লক্ষ টাকা দান করবার প্রতিশ্রুতি দিয়েছেন এবং ১৯৭৪ সালে ডিসেম্বর মাসে এক লক্ষ টাকার প্রথম কিস্তি ২৪ হাজার টাকা দিয়েছেন এই হাসপাতাল ভবন সম্প্রসারণের জন্য। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে আরও ৭৫টি বাড়িয়ে শয্যাসংখ্যা ২০০ করে দিয়েছেন। এই ৭৫টির কাজ কবে চালু হবে? অন্যদিকে যিনি এক লক্ষ টাকা দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং প্রতিশ্রুতি অনুযায়ী ২৪ হাজার টাকা প্রথম কিস্তি দেওয়া হলেও সেই হাসপাতালের কাজ এখনও শুরু হল না। এতে করে বিলম্বিতলয়েই কি আমাদের কাজ চলবে? সেজন্য আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যেখানে রোগীর এত ভীড়—আপনি নিশ্চয়ই জানেন ডায়মণ্ডহারবার মহকুমা আমাদের মালদা জেলার সমান। একটা মহকুমার সাবডিভিশনাল হসপিটালের যদি এই দুরবস্থা হয়, তাহলে নিশ্চয়ই দক্ষিণ সুন্দরবনের রোগী

যারা সাগর থেকে আসে, তাদের প্রপার ট্রিটমেণ্ট হচ্ছে। সেজন্য হাসপাতালে আরও শয্যাসংখ্যা বাড়ানো দরকার। আমাদের ওখানে সরিষা প্রাইমারী হেল্‌থ সেণ্টারে দু'জন রিটায়ার্ড ডাক্তার আছেন, একজন মেডিক্যাল হসপিটালে বছরে ৬ মাস রোগী হয়ে থাকেন, আর একজন আছেন লেডি ডাক্তার এম ও, তিনিও এজমা রোগী। এই অবস্থায় বলতে পারেন কি বিলম্বিতলয়ে চিকিৎসায় রোগীদের প্রাণ কোথায় ঠেলে দেবেন।

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডায়মণ্ডহারবার মহকুমা হাসপাতালের শয্যাসংখ্যা ছিল ৩৪, গত পাঁচ বছরে হয়েছে ১২৫, নতুন ভবন করা হয়েছে। আমাদের ক্যাবিনেট থেকে ডিসিশন হয়েছে, সবাই জানেন, মহকুমা হাসপাতালে ২৫০ বেড করা হবে এবং জেলা হাসপাতালের প্রত্যেকটিতে করা হবে ৫০০ বেড। ডায়মণ্ডহারবার মহকুমা হাসপাতালে শয্যাসংখ্যা বাড়িয়ে যাতে ২৫০ করা যায় তার জন্য চেষ্টা করছি। কিন্তু এক লক্ষ টাকায় এই কাজ হয় না, এক লক্ষ টাকা একজন দাতা দিয়েছেন। আপনি জানেন এই বেড বাড়াতে ডায়মণ্ডহারবার হাসপাতালের প্রায় ৩০ লক্ষ টাকার মত প্রয়োজন। তবে যেখানে যেখানে যে টাকা আছে তা সংগ্রহ করতে হবে, সেইভাবে গ্রামাঞ্চলে তা ব্যবহার করছি। আমি আশা করি পি ডবলিউ ডি ডিপার্টমেণ্ট প্রাথমিক পর্যায়ে আরও ৭৫ শয্যা বাড়াচ্ছেন, তার ব্যবস্থা যাতে তাড়াতাড়ি হয় তা শুরু করতে বলা হয়েছে। আর উনি যে অন্য কথা মেনশন করলেন যে ডাক্তার অসুস্থ হয়ে থাকছেন, তাতে এটা বলি ডাক্তার হয়ে তাঁর যে অসুখ হবে না, তিনি অসুস্থ হবেন না একথা বলতে পারি না। বছরে ছয় মাস করে অসুস্থ থাকেন কিনা খোঁজ করে আপনাকে জানাব।

শ্রীনরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় শিক্ষামন্ত্রী নিশ্চয়ই জানেন যে, আজকে মার্চ মাসে বিভিন্ন ডি আই অফিসে মাস্টার মহাশয় কেমন হয়রাণি হচ্ছে। কোথাও বলা হচ্ছে ম্যানেজিং কমিটির লাইফ শেষ হয়ে যাওয়ায় টাকা পাওয়া যাবে না। আপনি জানেন গ্রাণ্ট-ইন-এইডের টাকা বিভিন্ন হায়ার সেকেণ্ডারী স্কুলে মার্চ মাসে দেওয়া হয় এবং তা দিয়ে বিদ্যালয়ের বছরের মাইনে হয়। আজকে ডি আই অফিস থেকে বলা হচ্ছে ম্যানেজিং কমিটির লাইফ শেষ হয়ে গেছে, তাই টাকা পাওয়া যাবে না, কোথাও বলা হচ্ছে দিদিমণি, মাস্টারমশায়দের এ্যাপ্রোভ্যাল আসেনি তাই টাকা পাওয়া যাবে না, কোথাও বলা হচ্ছে দরখাস্ত আসেনি, টাকা পাওয়া যাবে না। এইভাবে পশ্চিমবাংলার বিভিন্ন ডি আই অফিস থেকে বলা হচ্ছে আর তাতে ভুগছে দুর্ভাগ্যগ্রস্ত হাজার হাজার শিক্ষকবৃন্দ।

[2-00—2-10 p.m.]

আমি মাননীয় অধ্যক্ষ মহাশয় একটা স্পেসিফিক উদাহরণ দিচ্ছি—নদীয়া জেলায় ডি আই অফিস—সেখানে কী অরাজকতা ও দুর্নীতি চলছে। সে সম্বন্ধে মাননীয় শিক্ষামন্ত্রী দয়া করে একটু খোঁজ নিলে বিস্তারিত জানতে পারবেন। একজন হেডমাষ্টার ও হেডমিষ্ট্রেস ৬০ বছরের অধিক বয়স—একজন অফিসের কেরাণী—টেবিলের উপর পা তুলে দিয়ে তাদের বলছে—আর কেন—আপনাদের তো লাইফ শেষ হয়ে গেছে, এক্সটেনশন এ্যাপ্রোভ্যাল হয়নি। সেই এ্যাপ্রোভ্যাল কে দেবে? সেটা তো ডি আই অফিসের ডিউটি অথচ এই এ্যাপ্রোভ্যাল না

হলে টাকা পাওয়া যাবে না। কিন্তু ডি আই অফিসে দু'শো টাকা ঘুষ দিলে সঙ্গে সঙ্গে গ্র্যান্ট-ইন-এইড বা অন্য যা কিছু সব এ্যাপ্রুভড্ হয়ে যাচ্ছে, না দিলে হচ্ছে না। নদীয়া ডি আই অফিস দুর্নীতির একটা ঘাঁটি হয়েছে। ট্রেনে যেতে-আসতে টিচারদের অনেক কমপ্লেন শুনি—তাঁরা বলেন, মশায় আর এত অপমান সহ্য করা যায় না। তাই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানাবো অবিলম্বে এ সম্বন্ধে তদন্ত করে যথাযথ ব্যবস্থা অবলম্বন করুন। অনেক শিক্ষকের মাইনে হবে না। যাতে আগামী ৩০শে এপ্রিলের মধ্যে এইসব স্কুলের টিচারদের মাইনের টাকা পৌঁছতে পারে তার জন্য মন্ত্রিমশায় যেন ব্যবস্থা করেন।

(গোলমাল)

(Several members rose to speak)

Mr. Speaker : I cannot enforce any honourable Minister to stand up and give reply. You must know that the Speaker has not got the right to compel any Minister to give a reply. It is upto the Minister to give a reply or not. So, please do not take the time of other honourable members.

শ্রীমহম্মদ সফিউল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা জরুরী বিষয়ের প্রতি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি :

শ্রীনরেশচন্দ্র চাকী : টাকা না পাওয়ার দরুন ১৫ জন টিচার অনশনে রয়েছেন। আমরা স্যার অবহেলিত ও অপমানিত। আজকে ৩১শে মার্চ—টাকা ল্যাপ্স করে গেল ম্যানেজিং কমিটির দোষে। এখন সেই টাকা তাদের দেওয়া হবে কিনা—মন্ত্রিমশায়ের কাছে সেটা জানতে চাই।

Mr. Speaker : Mr. Chaki, you know what you have stated. The Hon'ble Minister is here and he has heard everything. After hearing everything if he chooses not to speak on the subject I cannot compel the Hon'ble Minister to stand up and speak. If you were in my position you could have realised this. I am the servant of the House and I cannot compel any Minister to give a reply.

(গোলমাল)

(Several members rose to speak)

(Noise)

Mr. Speaker : Please take your seats. Mr. Biswas, on a number of occasions I find that inspite of repeated request you do not take your seat. May be, it is just now not possible for the Hon'ble Minister to give answer. I, on behalf of the House and on behalf of the members who are agitated over the issue, request the Hon'ble Minister to give another date to give reply on the point that has been raised. I can make request but it is upto to him to give reply.

শ্রীসত্যরঞ্জন বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, নরেশবাবুর আপত্তি ছিল একটি জেলার ডি আই সম্বন্ধে। আমি জানি না অন্য জেলার ডি আই সম্বন্ধে কমপ্লেন আছে

ছিলো। তবে স্পেসিফিক অভিযোগ যদি দেওয়া হয় তাহলে আমাদের যতদূর সম্ভব অফিসিয়্যালী বা নন-অফিসিয়্যালী মেসিনারী দিয়ে তদন্ত করে দেখবো।

শ্রীমহম্মদ সফিউল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘদিন ধরে হুগলী জেলার মধ্যে প্রবাহিত সরস্বতী নদী সংস্কারের জন্য একটা সরস্বতী পরিকল্পনা ছিল। কিন্তু আমি জানি না কি অজ্ঞাত কারণে সেই নদী সংস্কার হচ্ছে না। একদিন এই নদী খুব ঐতিহ্যমণ্ডিত ছিল এবং সরস্বতী নদীর তীরে চণ্ডী মন্দির অবস্থিত। সেই নদীর সংস্কার হলে হাওড়া জেলার ডোমজুড়, হুগলী জেলার চণ্ডীতলা এবং সিঙ্গুর এবং তার সন্নিহিত অঞ্চলের হাজার হাজার চাষী উপকৃত হবে। কারণ তারা এই জলের উপর নির্ভরশীল। তাছাড়া, সরস্বতী নদীর একটা লক গেট করা হয়েছে মাধবপুরে, কিন্তু সেটা হওয়া উচিত কালিপুরে। সেটা ওখানে হওয়ায় এটা অসম্পূর্ণ হয়ে আছে। ইরিগেশনের একদল লোক বলছেন এটা সেচখাল, আবার ইরিগেশনের আর একদল আমলা বলছেন এটা নিকাশী খাল। এই সেচ এবং নিকাশী খালের দ্বন্দ্বের মধ্যে এই পরিকল্পনা ধানচাল হতে বসেছে। মাননীয় মন্ত্রী মহাশয় উপস্থিত হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহাকরণে মিটিং হয়েছিল। ডোমজুড়ের এম এল এ শ্রীঅজিত বসু এবং আমি উপস্থিত ছিলাম। ইঞ্জিনীয়াররাও উপস্থিত ছিলেন। আজকে হাজার হাজার চাষী জলের জন্য হাহাকার করছে। অথচ পরিকল্পনা থাকা সত্ত্বেও পরিকল্পনা কার্যকরী হচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই পরিকল্পনা কি অবস্থায় আছে হাউসে ষ্টেটমেণ্ট দিয়ে জানান এবং কবে নাগাদ কার্যকরী হবে আমাদের জানান।

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টা মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে এবং আপনার অনুমতি নিয়ে সেটা হল রাজ্য সরকার সম্ভবত ১৯৭৩ সালের ১৭ই মে মহাবিদ্রোহী সন্ন্যাসী স্বামী বিবেকানন্দের যে জন্মভিটা পড়ে আছে ১৭ নং গৌরহরি মুখার্জী লেনে—এই বাড়িটি অধিগ্রহণ করে সেখানে একটা বিরাট স্মৃতিসৌধ করার পরিকল্পনা করেছিলেন। তারপর প্রায় চার বছর অতিক্রান্ত হলো, কিন্তু কিছু হল না। স্বামীজী এই বাড়িতে ভূমিষ্ঠ হয়েছিলেন। এই বাড়িটি প্রায় দুশো বছরের পুরানো জরাজীর্ণ অবস্থায় পড়ে আছে। রাজ্য সরকার পরিকল্পনা করেছিলেন ১৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিয়ে বর্তমান যারা অকোপেণ্টস দিয়ে নিয়ে নেওয়া হবে। এই সিদ্ধান্ত সত্ত্বেও এখনও তা নেওয়া হয়নি। কথা ছিল নিয়ে নেওয়ার পর দায়িত্ব দেওয়া হবে রামকৃষ্ণ মিশনকে। তাঁরা এখানে স্মৃতিসৌধ করবেন এবং তার রক্ষণাবেক্ষণ করবেন। নেতাজী সুভাষচন্দ্র মহাত্মা গান্ধী সম্বন্ধে বলেছিলেন, জাতির জনক।

[2-10—2-20 p.m.]

Mahatma Gandhi the father of the Nation. Swamiji is the grand father of the Indian nation.

তাঁর প্রতি আমাদের জাতির বিরাট কর্তব্য ও নৈতিক দায়িত্ব রয়েছে, নিশ্চয় সেদিকে সরকার দৃষ্টি দেবেন। এই রামকৃষ্ণ ইনস্টিটিউটটি নিয়ে রামকৃষ্ণ মিশনের হাতে দিয়ে দিন এবং সেখানে যদি আরও বেশী টাকার দরকার হয় তা দিয়ে দেওয়া হোক। এখানে শিক্ষামন্ত্রী রয়েছেন আমি জানি রামকৃষ্ণ মিশনের প্রতি তাঁর যথেষ্ট শ্রদ্ধা আছে। আমি অনুরোধ করবো

তিনি যদি কিছু এ বিষয়ে বলতে পারেন। আমরা খুশী হবো তিনি যদি এখানে এ বিষয়ে কিছু আলোকপাত করেন এবং বাংলার মানুষও তাতে খুব খুশী হবে।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার পল্লী অঞ্চলের একটা নিদারুণ অবস্থার কথা আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর কাছে তুলে ধরছি। এই সরকার গঠিত হবার পর পশ্চিমবাংলার বিভিন্ন পল্লী অঞ্চলে বছরে ৩০টি ২০টি ১০টি গত পাঁচ বছরে টিউবওয়েল দেওয়া হয়েছে। দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আজকে অবস্থা যেভাবে চলেছে তাতে বিভিন্ন দপ্তর থেকে টিউবওয়েল যে পাওয়া যেত পূর্বতন সরকার থেকে তা পাওয়া যাচ্ছে না। যার ফলে আমার নিজস্ব এলাকা জামালপুর এলাকা সেখানে ৩৫টি টিউবওয়েল অকেজো হয়ে পড়ে আছে। মাত্র ৬০/৭০টি টিউবওয়েল বিভিন্ন পল্লী অঞ্চলে দিতে গেলে কি অবস্থা হয় তা আপনি বুঝতে পারছেন। তাই আজকে বিভিন্ন পল্লী অঞ্চলে ভীষণ জলের অভাব দেখা দিয়েছে। এবং এর আগের সরকার যেভাবে টিউবওয়েল সরবরাহ করতো তাও করা হচ্ছে না। তাই আজকে পল্লী অঞ্চলে একটা ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে। এখানে কৃষিমন্ত্রী রয়েছেন আমি তাঁকে অনুরোধ করবো তিনি যেন এ বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করেন এবং যাতে আরও পানীয় জলের ব্যবস্থা করা হয় তার চেষ্টা করেন। সম্প্রতি খবরের কাগজে দেখলাম কলকাতা শহরে ১০০০টি টিউবওয়েল সরবরাহ করার ব্যবস্থা নেওয়া হয়েছে। তাহলে শুধু কলকাতার লোক জলপান করলে পল্লী অঞ্চলের লোক বাঁচতে পারবে না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করবো যে সমস্ত ব্লকে পাইপ লাইন দিয়ে জলসরবরাহ করার স্কীম নেওয়া হয়েছিল সেটা কি হোল। আমি জানি বর্ধমানের ৪টি এলাকায় এইরকম স্কীম নেওয়া হয়েছিল গলসী, মন্তেশ্বর, মেমারী, ওসকরা ও জামালপুরে। ১৯৬৬ সালে প্রফুল্ল সেন সরকারের সময় এটা মঞ্জুর করা হয়েছিল। কিন্তু আজ ১৯৭৭ সাল হয়ে গেল আজ পর্যন্ত তার কোন ব্যবস্থাই হোল না কেবল জমি এ্যাকয়ার করে ফেলে রেখে দেওয়া হয়েছে। এইদিকে আমি স্বাস্থ্যমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পল্লী অঞ্চলে যে ভয়ানক পানীয় জলের অবস্থা দেখা দিয়েছে আশা করি মন্ত্রী মহাশয়রা নিশ্চয় এইদিকে লক্ষ্য করবেন।

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরঞ্জয়বাবু যে কথা বললেন সেটা নিশ্চয় ঠিক যে পানীয় জলের অভাব হয়েছে। কারণ যে টিউবওয়েল সরকার থেকে দেওয়া হয় তার শতকরা ১৫টি টিউবওয়েল নষ্ট হয়ে থাকে। তা আবার ভাল করার ব্যবস্থা করা হয়। এ বছর বর্তমানে অর্থাৎ ১৯৭৬/৭৭—আমি আপনাদের হিসাব দিচ্ছি কি কাজ হয়েছে—রিপ-বোর টিউবওয়েল প্রতি ব্লকে নিউ সিংকিং ১০ আর রিসিংকিং ২০টি। আগামী বছর কতটা দিতে পারবো সেটা পরে বলবো। তাতে রিগবোর টিউবওয়েলও ৬০, ম্যাশনারী ওয়েলস ছিল ২০, অর্ডিনারি টিউবওয়েলস ছিল ২৫০, রিসিংকিং ছিল ৫৪০। আমরা ডি এম কে ফাণ্ড এ্যালট করেছি ৭ লক্ষ ৫৮ হাজার টাকা, আর ড্রটের জন্য ম্যাশনারী ওয়েলস দিয়েছি ১০০, রিনো-ভেশন অব ওয়েলস-এর জন্য ৪০, এছাড়া এ্যাডিশন্যাল মেনটিনেন্স অব ওয়েলস ইত্যাদি আছে। আমার কাছে যে রিপোর্ট এসেছে তাতে দেখছি ৩৩ ব্লক আছে। আমাদের টিউবওয়েল স্যাংশন ছিল ২৫০টি, কমপ্লিটেড হয়েছে ২৫১টি, আরো কিছু হবে। রিসিংকিং-এর জন্য ৫০০ স্যাংশণ ছিল, আর কমপ্লিট হয়েছে ৫৪১টি। আর কনস্ট্রাকশন অব ওয়েলস স্যাংশন ছিল ২০, কমপ্লিটেড হয়েছে ৯টি। রিনোভেশন স্যাংশন ছিল ১৬০, কমপ্লিটেড হয়েছে ৪৭টি—কিছুদিন আগে আমি এই রিপোর্ট পেয়েছি। আমি অলরেডি

আমাদের অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি যে, ব্যাপকহারে পানীয় জলের ব্যবস্থা করতে হবে এবং এটা নিয়ে আমরা নিশ্চয় উদ্বিগ্ন আছি এবং সব কিছু ফাণ্ডের টাকা পাওয়ার উপর নির্ভর করছে।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা বাঁকুড়া জেলার অধিবাসীরা স্বাধীনতার পর থেকে বঞ্চিত, লাঞ্ছিত, অবমানিত, অবহেলিত এবং আজও সেই অপমান আমাদের উপর করা হচ্ছে। মাননীয় পূর্তমন্ত্রী এখানে উপস্থিত আছেন, রাজগ্রাম সেতু করে দেব মিটিং করে এই কথা বলে আসার তাঁর কি দরকার ছিল—তাঁর ডিপার্টমেণ্টের বোরিং করে রাজগ্রাম সেতুর প্ল্যান এস্টিমেটস করার কি দরকার ছিল, যদি আজ পর্যন্ত এই রাজগ্রাম সেতুর কাজ সম্পূর্ণ না হয়? রাস্তা থেকে আরম্ভ করে বাঁকুড়া জেলার অধিবাসীদের বিভিন্নভাবে বঞ্চিত করা হয়েছে। সারা পশ্চিমবাংলার জেলাগুলির হিসাব করে দেখলেই বোঝা যাবে যে, বাঁকুড়া জেলায় কত কিলোমিটার রাস্তা হয়েছে—এখন পর্যন্ত বাঁকুড়া জেলার ইন্দাস থানায় ৩ কিলোমিটারের বেশী রাস্তা হয়নি। যে কথা তিনি ঘোষণা করে এসেছিলেন সেই কাজ কেন অসমাপ্ত রইল, কেনই বা টাকা খরচ করে বোরিং করা হল, এস্টিমেট করা হল? মাননীয় পূর্তমন্ত্রী বলেছিলেন প্রতিটি বিধানসভা কেন্দ্রে রাস্তা হবে। স্যার, ১৯৭২ সাল থেকে হিসাব করা হোক যে কি পরিমাণ টাকা বাঁকুড়া জেলার জন্য বরাদ্দ করা হয়েছিল এবং কি পরিমাণ টাকা ভাতার কেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছে—এর একটা হিসাব করা দরকার। আমরা বঞ্চিত হয়েছি, আমাদের টাকা তুলে নিয়ে যাওয়া হয়েছে। আমরা কেন ডিপ্রাইভড হব? ইন্দাস থানাকে বঞ্চিত করা হয়েছে? আমাদের সরকার বলে থাকেন রাস্তার সমবণ্টন হবে। রাজগ্রাম সেতু কেন হল না পূর্তমন্ত্রীকে এর উত্তর দিতে হবে। নির্বাচন হলে ২০ হাজার অধিবাসী ভোট দেবে না, বয়কট করবে আমাকে বলেছেন। অবিলম্বে আমরা প্রতিকার দাবী করছি।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বঞ্চিত বাঁকুড়া জেলা আজ খরা-কবলিত হওয়ায় সেখানে কি নিদারুণ জলকষ্ট দেখা দিয়েছে সে সম্বন্ধে কয়েকটি কথা আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে রাখতে গিয়ে প্রথমেই বলতে চাই যে, অবিলম্বে যদি জলকষ্ট নিবারণের জন্য যুদ্ধকালীন অবস্থার মত এর মোকাবিলা না করা যায় তাহলে বাঁকুড়া জেলার মানুষই শুধু নয়, তার সঙ্গে সেখানকার গরু, মোষ ইত্যাদির অবস্থা অত্যন্ত খারাপ হবে। স্যার, এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি। ওন্দা ব্লকের আমলাতোড়া, কুচিশোল এই দুই গ্রামে কুয়োর জল নেই, পুকুরেও জল নেই। বহুনাড়া গ্রামে যে বহু পুরানো সিদ্ধেশ্বরের মন্দির আছে সেখানে বাইরে থেকে প্রচুর যাত্রী যায় কিন্তু তারা সেখানে গিয়ে আজকে কোন জল পাচ্ছে না। কল্যাণী অঞ্চলের কথা এই হাউসে বারবার বলা হয়েছে। স্যার, শুধু ওন্দা থানা নয়, বাঁকুড়ার ব্লক ওয়ানে জগদল্লা অঞ্চলে যে হাই স্কুল আছে সেখানকার মেয়েরা আজ জল পাচ্ছে না। এইরকম বাঁকুড়া ব্লক টুতে এবং শালতোড়া, মেজিয়া, ছাতনা, গঙ্গাজলঘাঁটি, বড়হোড়া, সোনামুখির কিয়দংশ ইত্যাদি জায়গায় দারুণ জলকষ্ট দেখা দিয়েছে। স্যার, সাত্তার সাহেব অনেক টিউবওয়েল হয়েছে বলে এখানে রিপোর্ট দিলেন কিন্তু আমরা জানি, বাঁকুড়া জেলার বিশেষ করে সদর মহকুমায় সেখানে টিউবওয়েল হয়নি। আর হলেও সে টিউবওয়েল থাকে না। আমরা এই বিধানসভায়, ডিস্ট্রিক্ট প্লানিং কমিটিতে এবং বিভিন্ন-

ভাবে মন্ত্রিসভার কাছে বলেছি যে, বাঁকুড়া জেলার জলকষ্ট দূর করতে হলে সেখানে কমপক্ষে ৬ ফুট ডায়ামিটারের কুয়ো তৈরী করা দরকার। ৪ ফুটের কুয়োতে জল থাকে না। স্যার, এই-রকম একটা দুর্বিষহ অবস্থায় চলেছে। সেখানে ট্রাকে করে সব জায়গায় জল দেওয়া যায় না, তাই আমার প্রস্তাব, এখনই প্রতি ব্লকে অন্ততঃপক্ষে ৫০টি করে ৬ ফুট ডায়ামিটারের কুয়ো তৈরী করার ব্যবস্থা করা হোক। এইরকম একটা কুয়ো খুঁড়তে আমরা জানি, ২০ দিনের বেশী সময় লাগে না। পরিশেষে আমি আবার দাবী করছি, যেখানে মানুষ এবং গরু, মোষ ইত্যাদি তীব্র জলকষ্টে পড়েছে সেখানে এই জলকষ্ট দূর করার জন্য যুদ্ধকালীন অবস্থার মত এই সমস্যার মোকাবিলা করে ব্যবস্থা গ্রহণ করা হোক।

[2-20—2-30 p.m.]

শ্রীমহম্মদ দেদার বক্স : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার অমঞ্জুরিকৃত প্রাথমিক বিদ্যালয়, জুনিয়ার হাইস্কুল, হাইস্কুল, জুনিয়ার হাই মাদ্রাসা, হাই মাদ্রাসা ইত্যাদির মঞ্জুরির প্রতি আপনার মাধ্যমে শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এখানে যে সমস্ত মাননীয় সদস্যরা আছেন এবং বাইরে যাঁরা আছেন তাঁরা সকলেই নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন যে, এই অনুমোদনের ব্যাপারটা ১৯৭৩ সালে আমি যখন কমিটিতে ছিলাম, তারপরে আর হয়েছে বলে মনে পড়ে না। আজকে এই সমস্ত স্কুলের শিক্ষক, ছাত্রদের কি দুর্ভোগ চলেছে সেকথা সকলেই জানেন। তারা পরীক্ষার ব্যাপারে রেকগনিশান পাচ্ছে না। আগে যে নিয়ম ছিল তা কঠোর করা হয়েছে। ফলে এই সমস্ত স্কুলের কি অবস্থা চলেছে তা সকলেই বুঝতে পারছেন। স্যার, এই প্রসঙ্গে বলি, আমাদের মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন যে, ১০ বছরের মধ্যে বেকার সমস্যার সমাধান করা হবে। আমরা সকলেই জানি, আমাদের দেশ বেকার সমস্যায় জর্জরিত। এত যেখানে বেকার এবং যেখানে বলা হচ্ছে ১০ বছরের মধ্যে বেকার সমস্যার সমাধান করা হবে সেখানে আমার প্রস্তাব, প্রত্যেক কনষ্টিটিউন্সীতে অন্ততঃ-পক্ষে ১০টি করে প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করার অর্ডার এখনই দেওয়া হোক। আমার বিশ্বাস এখানে যাঁরা উপস্থিত আছেন, এবং বাইরেও যাঁরা আছেন তাঁরা সকলেই আমার প্রস্তাব সমর্থন করবেন।

তাই আপনার মাধ্যমে প্রাথমিক স্কুল, জুনিয়র হাই এবং জুনিয়র হাই মাদ্রাসা, স্যার, ২৫ টাকা ফি দিয়ে কয়েক বছর হল দরখাস্ত করেছে, আনুমানিক ২৩/২৪ শত স্কুল, এগুলি যাতে মঞ্জুরি পায় এবং এর একটা নির্দিষ্ট নির্দেশ যাতে তাড়াতাড়ি দেওয়া হয় এই আবেদন আপনার মাধ্যমে রেখে পুনরায় আমাদের শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেদার বক্স সাহেব যে কথা বলেছেন এটাকে খুব সাধারণ মেনশান হিসাবে নেবেন না। আমি সমস্ত সদস্যদের পক্ষ থেকে বলছি যে পশ্চিমবাংলায় এটা একটা অদ্ভুত অবস্থার সৃষ্টি হয়েছে। হাজারেরও বেশী হাইস্কুল তারা স্পেশ্যাল পারমিশান নিয়ে পরীক্ষা দিচ্ছে এবং স্কুলগুলি চলছে। শিক্ষক আছে, বাড়ী আছে, সবকিছু আছে কিন্তু তারা জানে না তাদের ফেট কি হবে। প্রাইমারী স্কুল অসংখ্য তারা বছরের পর বছর দরখাস্ত করে বসে আছে। এ ব্যাপারে ইনস্পেকশন হচ্ছে বারবার কিন্তু কিছুই হয়নি। জুনিয়র স্কুলেরও এইরকম অবস্থা। গভর্ণমেণ্ট একটা ফেজে এইরকম বলুন যে আমাদের টাকা

নেই দেব কি করে, বা অনেকদিন লাগবে তার জন্য একটা নোটিফিকেশন করতে হবে। কিন্তু হঠাৎ তারা স্কুল নেবেন না স্যার, আমি জানি, ১৯৭৩ সালের একটা হাইস্কুলের অনুমোদন আজও পায়নি। প্রাইমারী স্কুলের অবস্থা অত্যন্ত খারাপ এবং কি হবে বোঝা যাচ্ছে না। হাজার হাজার ছাত্র, ১০ হাজারেরও বেশী প্রপোরশন, শত শত শিক্ষক এই সমস্ত স্কুলের সঙ্গে জড়িত আছেন। আমি বলছি, এটা শুধু শিক্ষামন্ত্রীর সমস্যা নয়, এটা সমস্ত মন্ত্রিসভার ব্যাপার। আগামী ২/৩ মাসের মধ্যে ৫/৬ কোটি টাকা লাগবে। কাজেই এই টাকা যে-কোনরকমভাবে জোগাড় করে তাকে ব্যবস্থা করতে হবে। একটা প্রসেস চলছিল, হঠাৎ যদি শিক্ষা বিভাগ একটা আদর্শ দাঁড় করিয়ে বলে যে এইরকম না হলে আমরা অনুমোদন দেব না—স্যার, আদর্শের কথা কে বলবে? আদর্শের কথা মধ্যশিক্ষা পর্ষদ বলবে। সরকারী শিক্ষা দপ্তর বা অন্যান্য বিভাগে কি আদর্শ হয়ে আছে? আজকে স্কুলগুলির অনুমোদন কি ডিনাই করবে? আমি সেজন্য আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে বলি এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, এই ব্যাপারে সরকার নির্দিষ্টভাবে কিছু বলুন। এতগুলি স্কুল এইরকম আন-এ্যাপ্রুভ অবস্থায় পড়ে আছে, তাদের ফেট কি হবে তারা জানে না। কাজেই এই বিষয়ে কিছু বলুন।

শ্রীনাসিরুদ্দিন খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। কাজেই এই ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে কিছু বলতে বলুন।

শ্রীকাশীকান্ত মৈত্র : এই ব্যাপারে সরকারের একটা পলিসি ডিসিশান নেওয়া উচিত।

মিঃ স্পীকার : It is impossible for the Hon'ble Minister to give any reply.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রশ্নটা এখানে উঠেছে, সেটা হচ্ছে নতুন প্রাইমারী স্কুল, জুনিয়র হাইস্কুল এবং হাইস্কুল অনুমোদনের কথা। এটার জন্য আমরাও চিন্তিত। সত্যি অনেকগুলি স্কুল তৈরী হয়েছে। আবেদন করেছে, অনুসন্ধান হয়েছে কিন্তু অনুমোদন দেওয়া যাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন যাচ্ছে না তার কারণ আপনি জানেন। তার কারণ হচ্ছে টাকা। আমরা ডেভেলপমেণ্ট বলতে সাধারণভাবে বুঝতাম যে নূতন স্কুল তৈরী, পুরাতন স্কুলের উন্নতি ইত্যাদি। কিন্তু গত কয়েক বছর ধরে শিক্ষাখাতে ব্যয়ের মাত্রা বেড়েছে এবং সেই বৃদ্ধির অধিকাংশ শিক্ষকদের বেতন, বেতনের হার বৃদ্ধি ইত্যাদি ব্যয় হয়েছে। আপনি জানেন যে, গত বছর পে-ইনক্রিজ, ডিয়ারনেস এলাউন্স বাবদে আমরা প্রায় ১২ কোটি টাকা অতিরিক্ত খরচ করেছি। এবারে ডি-এ বাড়াবার ফলে শিক্ষা বিভাগ এবং শিক্ষা-সংক্রান্ত যেসব কর্মী আছে তাদের জন্য প্রায় ১২ কোটি টাকা লাগবে। কাজেই মোট এই ২৪ কোটি টাকায় যদি আমরা নতুন স্কুল করতে পারতাম তাহলে বোধ হয় যে-কয়টি বাকী আছে সবকয়টির অনুমোদন দেওয়া যেত।

[2-30—2-40 p.m.]

তবুও এত অসুবিধা সত্ত্বেও আমরা নিশ্চয়ই চিন্তা করছি যে যতটা সম্ভব প্রয়োজনভিত্তিক আমরা নতুন স্কুল কয়েক মাসের মধ্যে অনুমোদন দেবার ব্যবস্থা করবো।

শ্রীসিন মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষয়ে আগেও আমি অনেকবার বলেছি এবং অনেক সদস্যও এই বিষয়ে বলেছেন কিন্তু উত্তর না পাওয়ার জন্য আবার আমি দৃষ্টি আকর্ষণ করছি

আপনার মাধ্যমে সমগ্র মন্ত্রিসভার। বিগত দু'-তিন বছর আগে সমগ্র পশ্চিমবাংলা থেকে নকশাল-পন্থী নামে বহু যুবককে কারাগারে বন্দী করে রাখা হয়েছে বিচারের অজুহাতে। কিন্তু এখনও পর্যন্ত মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাদের বিচারের জন্য আদালতে হাজির করা হল না, কেবল তাদের বন্দী করে রাখা হয়েছে। কাজেই আজকে আমি অনুরোধ করছি মন্ত্রিসভাকে, তাদের ছেড়ে দেওয়া হোক এবং তারা জেলখানায় থেকে সংশোধন কিছু হয়েছে। সেইসব ছেলেকে জেল থেকে ছেড়ে বাপমায়ের কাছে ফিরিয়ে দেওয়া হোক। ইতিপূর্বে কয়েক হাজার ছেলেকে জেলখানার পাগলা ঘণ্টি বাজিয়ে মেরে ফেলা হয়েছে, এইরকম প্রচুর ঘটনা ঘটেছে। কাজেই এই বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অবিলম্বে এইসব নকশালপন্থী ছেলেদের ছেড়ে দেওয়া হয় তার ব্যবস্থা করার জন্য।

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শীস মহম্মদ মহাশয় যা উল্লেখ করলেন আমিও সেই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, এইসব ছেলেদের অবস্থা কি, এই-সবগুলো বিচার করার দরকার ছিল। কারণ বহু ছেলে এর মধ্যে আছে যাদের আমি ব্যক্তিগত-ভাবে জানি তারা খুব ভাল ছেলে এবং উচ্চ আদর্শের ছেলে। আমার সরকারের কাছে অনুরোধ করছি তাদের অবিলম্বে ছেড়ে দেওয়া হোক।

প্রঃ চন্দ্রকুমার দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বিগত তিন বছর আগে চুঁচুড়া এ জি হাসপাতালকে পুনর্নির্মাণ করার প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হ'ল না। স্বাস্থ্যমন্ত্রীর কাছে বারবার এই বিষয়ে বলা সত্ত্বেও কোন ফল হয়নি, এই হাসপাতালের ভাগ্যে কি আছে জানি না। তাঁকে আবার জানাচ্ছি তিন বছর আগে যে বাড়ির বর্ণনা দিয়েছিলাম, সেটা আরও ভেঙে পড়ছে, জানালা-দরজা নেই, ইলেকট্রিক নেই। সেখানে আগের একজন সুপারিণ্টেণ্ডেণ্ট তিনি একজন মস্ত পাগল এবং বর্তমানে যিনি সুপারিণ্টেডেণ্ট হিসাবে এসেছেন, তাঁকে ডাক্তার বলে অবিহিত করা যায় না। এইরকম একটা ভয়াবহ অবস্থা এ জি হাসপাতালে চলছে। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে এই হাসপাতালকে পরিবর্তন করা হবে এবং ইনফেকশাস ডিজিজ হসপিটাল করা হবে। এই বাড়ির মালিক বাড়িটি বিক্রি করে দিতে প্রস্তুত আছেন। আমি খবর পেয়েছি যে এই হসপিটাল-সংক্রান্ত সমস্ত রিপোর্ট প্রস্তুত আছে তথাপি এই মর্মে কোন কিছু জানতে পারছি না। তাই আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, এই অবস্থা থেকে এই হসপিটালকে বাঁচান, তার ফলে চুঁচুড়ার মানুষ, হুগলী জেলার মানুষ আপনাকে আশীর্বাদ জানাবে।

শ্রীনন্দলাল শুক্লং ঃ স্পীকার স্যার, আপনি জানেন আমাদের দার্জিলিং ডিষ্ট্রিক্টে গত বছর থেকে খাবার জল নেই। আপনি আরো ভাল করে জানেন যে আমাদের দার্জিলিং ডিষ্ট্রিক্ট প্লেন ল্যাণ্ড নয়, প্লেন হলে জমি থেকে জল তোলবার ব্যবস্থা করা যেত বা নদী থেকে জল পেতে পারতাম। আমাদের ডিষ্ট্রিক্টে একমাত্র স্প্রিং ওয়াটার পাওয়া যায়। কিন্তু গত বছর থেকে এই স্প্রিং ওয়াটারও পাওয়া যাচ্ছে না। কারণ স্যার, আপনার মাধ্যমে আমি জানাচ্ছি যে, গভর্ণমেণ্টের ফরেষ্ট কর্পোরেশন সব গাছ কেটে ফেলছে। ফরেষ্ট কর্পোরেশনের রিজার্ভ ফরেষ্ট অ্যাক্ট অনুযায়ী ঠিক ছিল কত একরে গাছ টাকা হবে এবং কত একরে প্ল্যাণ্টেশন করা হবে। কিন্তু তারা এখন ওখানে সব গাছ কেটে ফেলছে। এর ফলে স্প্রিং ওয়াটার পাওয়া যাচ্ছে না। ওদের অ্যাক্ট অনুযায়ী ঠিক ছিল যে ছোট ছোট গাছ কাটা হবে

না, শুধু বড় গাছ কাটা হবে। কিন্তু সব গাছই লাষ্ট ইয়ার থেকে কেটে ফেলছে। এর ফলে আমাদের জল পেতে খুবই অসুবিধা হচ্ছে। তারপর স্যার, দার্জিলিং-এ ফরেষ্ট কর্পোরেশনের ৩ লক্ষ টাকা ইনকাম হয় বলা হচ্ছে। কিন্তু আমরা জানি অন্তত ১০ লক্ষ টাকা ইনকাম হয়। এই টাকাটা কোথায় যায়? সুতরাং এ-বিষয়ে গভর্ণমেণ্টকে একটা এনকোয়ারী কমিশন করতে হবে। আই উড রিকোয়েষ্ট দি গভর্ণমেণ্ট টু সেট আপ এ্যন এনকোয়ারী কমিশন, আদারওয়াইজ আই উইল টেক ল' ইন মাই ওন হ্যাণ্ড। আমি কি করব, সেটা পরে বলব। আমি ফরেষ্ট মিনিষ্টারের সঙ্গে দেখা করেছিলাম, তাঁকে চিঠি দিয়েছিলাম এবং তিনি তার উত্তর দিয়েছেন, তিনি বলেছেন ওখানে ফরেষ্ট ডিপার্টমেণ্ট যা করছে ঠিকই করছে। অথচ সেখানকার লোকে জল খেতে পাচ্ছে না, লোক মারা যাচ্ছে। যদি গভর্ণমেণ্ট কোন এ্যাকশন না নেয় তাহলে আমাদের নিজেদের হাতে আইন তুলে নিয়ে আমাদের কাজ করতে হবে, এটা গভর্ণমেণ্টের কাছে আমি বলছি। সুতরাং গভর্ণমেণ্টকে এ্যাকশন নিতেই হবে, আই উড এগেন সে দ্যাট গভর্ণমেণ্ট মাষ্ট টেকেন এ্যাকশন ইন দিস ম্যাটার। তারপর আমাদের চীফ মিনিষ্টার বলেছিলেন যে আমাদের ওয়েষ্ট বেঙ্গল থেকে টিম্বার বাইরে যাবে না। কিন্তু এখন ওয়েষ্ট বেঙ্গল থেকে সব টিম্বারই বাইরে চলে যাচ্ছে। যেভাবে দার্জিলিং জেলায় গাছ কাটা হচ্ছে তাতে আফটার টেন ইয়ার্স উই উইল নট গেট স্প্রিং ওয়াটার। আপনি জানেন স্যার, ১৯৭৬ সালে ফাইনান্স ডিপার্টমেণ্ট থেকে একটা অর্ডার হয়েছিল দার্জিলিং স্কুল বোর্ডের পে রিভিশন সম্বন্ধে এবং ডিয়ারনেস এ্যালাউন্স সম্বন্ধে---ফিনান্স ডিপার্টমেণ্টের মেমো নং ২৯৫৪, ডেটেড ৭ই আগষ্ট, ১৯৭৬। কিন্তু এখন পর্যন্ত সেটার সম্বন্ধে কিছুই করা হয়নি। দার্জিলিং-এ যখন প্রাইম মিনিষ্টার গিয়েছিলেন তখন দার্জিলিং মিউনিসিপ্যালিটিকে ১৭ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। ওখানে একটা রক্‌বিল ট্যাঙ্ক বলে ট্যাঙ্ক আছে, ওটার এখন যে অবস্থা তাতে যে-কোন মুহূর্তে পড়ে যাবে। ওটার ব্যাপারে আমি দার্জিলিং মিউনিসিপ্যালিটির এ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসারকে বলেছি। তা তিনি বলছেন আমাদের টাকা নেই, তাই হচ্ছে না। তাহলে ঐ ১৭ লক্ষ টাকা কোথায় গেল, এটার সম্বন্ধেও এনকোয়ারী করতে হবে। এগুলি যদি না হয় তাহলে দার্জিলিং-এর লোক কি করে বাঁচবে? এডুকেশন ডিপার্টমেণ্টে প্রাইমারী সেকশনের জন্য টিচারদের ইণ্টারভিউ ১৯৭৪-এ হয়েছে এবং তাতে আমাদেরও কোটা আছে, কিন্তু তা আমরা আজ পর্যন্ত পাচ্ছি না।

So I would again say that Government must set up ane nquiry commission, otherwise I will take law in my our hand. Thank you.

[2-40—2-50 p. m.]

শ্রীগোবিন্দ চ্যাটার্জী: স্যার, একটা দুঃখজনক বিষয়ের প্রতি সভার ও মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় সংখ্যালঘু মুসলমান সম্প্রদায়ের আনুপাতিক হার ২০% কিন্তু পশ্চিমবাংলার বিভিন্ন বেসরকারী শিল্প-প্রতিষ্ঠানে এই সম্প্রদায়ের প্রতি চাকুরীর ব্যাপারে বৈষম্য করা হচ্ছে। শুধু মুসলমান এই কারণে যদি চাকুরী দেওয়া না হয় তাহলে রাষ্ট্রের যে সেকুলার চরিত্র সেটা ক্ষুণ্ণ হয় এ বিষয়ে

Bangur Bros-এর মত একটি Company, Hooghly Fort William Company-র Steel Wire & Rope Div., Sree Ram Sing Manufacturing Company, Hastings Mill Ltd.-এর Chair & Phelt (ফেল্ট) Div. ইত্যাদি

জায়গায় মুসলমান সম্প্রদায়ের ছেলেদের চাকরী দেওয়া হচ্ছে না এবং বেসরকারীভাবে বলা হচ্ছে হিন্দু না হলে মুসলমানদের এখানে চাকরী দেওয়া যাবে না। আমাদের মন্ত্রিসভা সঙ্গতভাবে দাবী করেন যে তাঁরা ধর্মনিরপেক্ষতার আদর্শে বিশ্বাসী; সুতরাং তাঁরা এটা দেখবেন এইরকমভাবে বহু বাণিজ্যিক প্রতিষ্ঠানে এ-বিষয়ে ভীষণভাবে বৈষম্য করা হচ্ছে। আশা করব যথাযথ গুরুত্ব দিয়ে বিষয়টি বিবেচনা করা হবে। এ-বিষয়ে একচেটিয়া কোম্পানী-গুলির যে ভূমিকা তার পেছনে একটা রাজনৈতিক উদ্দেশ্য আছে বলে মনে হয় যাতে করে এই রাজ্যের মধ্যে একটা অশান্তির সৃষ্টি করা যায়।

শ্রীআবদুল বারি বিশ্বাস: স্যার, পরশুদিন মেনশনের সময় আপনার মাধ্যমে বিধান-সভার প্রাক্তন সভ্যদের মাসিক পেনশনের ব্যবস্থা করার দিকে দৃষ্টি আকর্ষণ করেছিলাম। বিধানসভার সদস্য কংগ্রেস দলের, আর এস পি দলের, সি পি আই দলের বক্তব্য যে এই বিষয়ে একটি আইন প্রণয়ন করা হোক যার মধ্য দিয়ে বিধানসভায় প্রাক্তন সভ্যরা একটা মাসিক পেনশন পাবেন। কিন্তু দুঃখের বিষয় এখনও পর্যন্ত এইরকম আইন করার কোনরকম সংবাদ এই বিধানসভা চলাকালীন সময়ে হবে কিনা এ-বিষয়ে নিশ্চিত আভাস পাচ্ছি না। আপনি বিধানসভার অধ্যক্ষ, আপনার কাছে আমাদের বক্তব্য উপস্থাপিত করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে একটা কথা জানিয়ে রাখতে চাই, এই কথাটি আমি বলছি বলে আপনি ভাববেন না যে আমি বিধানসভার সদস্য হিসাবে বিধানসভায় কথা বলার অধিকার পেয়েছি বলে বলছি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার সদস্য হিসাবে অধিকার পেয়ে এখানে কথা বলার যে সুযোগ জনতা আমাকে দিয়েছেন সেই সুযোগের মাধ্যমে ন্যায়বিচার পাবার জন্য এটা বলছি। আজকে আনন্দবাজার পত্রিকায় পাঁচটি তির্যক দেখেছি, এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ না করে পারছি না। এই তির্যকে যে আভাস দেওয়া হয়েছে, আমার অনুমান যদি সত্য হয় তাহলে তা হচ্ছে একটি জীর্ণশীর্ণকায় মানুষ, তার উপর বেকারী, তার উপর দ্রব্যমূল্য বৃদ্ধি, তার উপর কর, তার উপর এম এল এ'র পেনশন, এইরকম ধরনের তির্যক দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাশাপাশি আর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে আপনি জানেন জীর্ণশীর্ণকায় মানুষটির উপর যেমন করের বোঝা, দ্রব্যমূল্য বৃদ্ধির বোঝা এবং বেকারীর বোঝা রয়েছে সেইরকম মানুষ আমাদের মধ্যে বিধানসভায় একদিন ছিলেন যিনি সেইরকম জীর্ণশীর্ণ অবস্থায় মৃত্যুবরণ করেছেন। এইরকম কমলকৃষ্ণ রায়, এক্স এম এল এ, মিনিষ্টার ছিলেন তিনি, বাঁকুড়া থেকে তিনি এসেছিলেন, এখানে বাঁকুড়ার সদস্যরা আছেন, তাঁরা সাক্ষী দেবেন, তির্যকে যে আভাস-ইঙ্গিত দেওয়া হয়েছে তার চেয়েও শোচনীয় অবস্থায় পড়ে তাঁকে মৃত্যুবরণ করতে হয়েছিল। এইরকম রসিকলাল বিশ্বাস, তিনি এসেছিলেন অবিভক্ত বাংলার একজন বিধানসভার সদস্য হিসাবে যশোর থেকে। এঁদের কথা আপনি নিশ্চয়ই জানেন আমার থেকে ভালভাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বিরাট মণ্ডল বলে একজন এম এল এ ছিলেন অবিভক্ত বাংলার বিধানসভার সদস্য হিসাবে। যোগেন মণ্ডল এই বিধানসভায় নির্বাচিত হয়ে তিনি একদিন মন্ত্রী হয়েছিলেন। একথা আর পুনরাবৃত্তি করতে চাই না। আজকে আমাদের শ্রদ্ধেয় নেতা অজয়দা কালকে বিধানসভার সদস্য না থাকলে অপরের দ্বারস্থ হতে হবে। আজকে প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেন যিনি জনতা পার্টির চেয়ারম্যান, লোকসভার সদস্য হয়েছেন যিনি, আমরা তাঁকে শ্রদ্ধা জানাই, এইরকম লোকদের অপরের সাহায্য না নিয়ে সামাজিক ন্যায়বিচার পাওয়ার অধিকার আছে। প্রফুল্ল ঘোষ মহাশয়

বিনি প্রাক্তন মুখ্যমন্ত্রী ছিলেন এই রাজ্যের, তিনি সারা জীবন ধরে ত্যাগী মানুষ, জীবনে আমাদের প্রতিষ্ঠিত করবার জন্য, ন্যায়বিচার পাবার জন্য, রাজনৈতিক স্বাধীনতা অর্জনের জন্য, দারিদ্র্য, বেকারী দূর করার জন্য বৃটিশের বিরুদ্ধে লড়াই করেছিলেন, আজকে সেইরকম মহান নেতারা বিধানসভার সদস্য না থাকলে কালকে তাঁদের অপরের দ্বারস্থ হতে হবে। আপনারা যেন এই দৃষ্টিকোণ থেকে এটাকে না দেখেন যে আমরা বিধানসভার সদস্যের অধিকার নিয়ে এই দাবি আদায় করে ব্যক্তিগত স্বার্থকে চরিতার্থ করতে চাইছি। আজকে গেনফুল অকুপেশন হিসাবে এটাকে যেন কেউ ভাববেন না, এটাকে সামাজিক ন্যায়বিচারের দিক দিয়ে দেখুন। আজকে যে-সমস্ত তরুণ সদস্য সমাজের সেবা করবার জন্য বিধানসভায় এসেছেন কালকে যখন তাঁরা বিধানসভার সদস্য থাকবেন না তখন সেই সমস্ত তরুণ যুবকরা সমাজের ন্যায়বিচার পেয়ে সততার সঙ্গে সমাজের সেবা করার অধিকার তাঁদের আছে এবং সততার সঙ্গে তাঁদের সংসারকে মেনটেন করার অধিকার তাঁদের আছে।

[2-50—3-00 p.m.]

সাহসিকতার সঙ্গে সেই দাবী সোচ্চার করা দরকার। আমি জানি না বিধানসভার সদস্যরা এর বিরোধিতা করছেন কিনা। তবে যদি কেউ বিরোধিতা করেন তাহলে তাঁদের বলব স্বাধীনতার সময় যাঁরা বিধানসভার সদস্য হয়ে এসেছিলেন তাঁদের সকলের ৫তলা বাড়ী নেই এবং তাঁদের সকলের আয়ের বিকল্প ব্যবস্থা নাও থাকতে পারে। সেইজন্য আমি যে দাবী করেছি তাতে আমি একথা বলবার চেষ্টা করেছি, "এই বিধানসভা সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করিতেছে যে, রাজ্য বিধানসভার প্রাক্তন সদস্যদের প্রত্যেককে মাসিক অন্যূন ৩০০ টাকা এবং উর্ধ্বপক্ষে ৫০০ টাকা হিসেবে পেনশন দেবার জন্য উপযুক্ত আইন বর্তমান বিধানসভার অধিবেশনেই প্রণয়নের ব্যবস্থা করা হউক।" মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মর্মে একটা রেজলিউশন ১৮৫ ধারামতে আমি দিয়েছি এবং ১৮৮ ধারামতে আপনাকে তার রায় দিতে হবে, আপনার সিদ্ধান্ত জানাতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিধানসভার প্রত্যেকটি সদস্যদের কাছে বলছি আপনারা সকলেই জানেন আমরা পলিটিক্যাল সাফারারদের স্বীকৃতি দিয়েছি। আপনারা এটাও জানেন যাঁদের রোজগারের বিকল্প ব্যবস্থা আছে, যাঁদের মিন্স অব সাবসিস্‌টেন্স আছে তাঁরা সেটা ফোরগো করেছেন অর্থাৎ তাঁরা পলিটিক্যাল সাফারার্স পেনশন নেন না। সরকার তাঁদের সামাজিক ন্যায়বিচার দেবার ব্যবস্থা করেন নি এটা নয়। আমরা তাঁদের সামাজিক ন্যায়বিচার দেবার ব্যবস্থা করেছি এবং তাতে দেখেছি কেউ সেটা নিয়েছেন এবং কেউ সেটা নেন নি। আমরা বিধানসভার প্রাক্তন সদস্যদের যে পেনশন দেবার ব্যবস্থা করতে চাই তাতে যাঁদের সেই পেনশন নেবার দরকার নেই তাঁরা সেই পেনশন নেবেন এই দুর্বলতা থাকা উচিত নয়। আগামী দিনে যাঁরা আসবেন তাঁদের কথা আমাদের ভাবা উচিত ঠিকই। কিন্তু যাঁরা চলে গেছেন তাঁদের কথা ভাববার দায়িত্ব তাঁরা আমাদের উপর ছেড়ে দিয়েছেন এবং সেইজন্যই আমি আপনার মাধ্যমে এটা দিয়েছি। আমি আশা করব আপনি নিশ্চয়ই এটা সার্কুলেশনের জন্য দেবেন। তবে আমি প্রত্যেকটি বিধানসভার সদস্যকে বলছি আপনারা আজকে চিন্তা করুন যাঁরা একদিন বিধানসভার সদস্য হিসেবে এখানে এসেছিলেন তাঁরা আজকে তাঁদের নাগরিক জীবন কিভাবে চালাবেন সেটা আপনারা চিন্তা করে দেখুন। আগামী দিনে যাঁরা আসবেন তাঁদের কথাও আমাদের চিন্তা করতে হবে। আমি যে রেজলিউশন

দিয়েছি তাতে আমি আশা করছি এই পবিত্র বিধানসভার প্রত্যেকটি দলের নেতাদের মতামত নিয়ে মুখ্যমন্ত্রীর দ্বারা গঠিত মন্ত্রিসভা সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করবার জন্য চেষ্টা করবেন। আমাদের এখানে কংগ্রেস সরকার রয়েছে এবং আমাদের ইমেজ এখনও ভাঙেনি। অবশ্য আমরা জানি জনতার রায় আমাদের বিরুদ্ধে গেছে। আমি সি পি আই, আর এস পি, সি এফ ডি এবং জনতা পার্টির সদস্যদের কাছে বলছি তাঁরা সকলেই জানেন আমাদের শ্রদ্ধেয় নেতা বাবুজী যখন কেন্দ্রীয় সরকারের মন্ত্রী ছিলেন তখন তাঁর আমলেই আমাদের লোকসভা মেম্বারদের এই পেনশনের ব্যবস্থা করেছেন। আজকে আপনারা বিরোধী দলের আসনে বসেছেন বলেই এর বিরোধিতা করবেন এটা কোন কথা নয়। আমি সি এফ ডি-র নেতা এবং মেম্বারদের কাছে অনুরোধ করছি তাঁরা আমার কথাটা অনুধাবন করুন। আমি মনে করি এই ব্যাপারটা নিয়ে দু'-পক্ষ একসঙ্গে বসে নীতিগতভাবে আলোচনা করলে ভাল হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করবার জন্য আমি আপনার কাছে দাবী জানিয়েছি। আপনি এই সম্বন্ধে সদস্যদের মতামত সংগ্রহ করুন এবং এই সিদ্ধান্তের অনুকূলে যদি তাঁদের মত থাকে তাহলে আপনি আমাদের আলোচনা করবার সুযোগ দিন এবং মেম্বাররাও আলোচনায় অংশগ্রহণ করুন এবং আমাদের চীফ হুইপের মারফত এটা আপনি মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দেবার ব্যবস্থা করুন। এই বিধানসভা চলাকালীনই এই আইন আনতে হবে এবং এটা প্রণয়ন করতে হবে। আমি মনে করি এটা করলে একটা সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করবার ব্যবস্থা করা হবে এবং আগামী দিনে যাঁরা আসবেন তাঁরাও এটা নিয়ে চিন্তা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দয়া করে এই ব্যাপারে মাননীয় সদস্যদের মতামত নিন যে এটা আমাদের এখানে আলোচনায় আসবে কিনা এবং এই ব্যাপারে একটা সিডিউল্ড ডেট করুন।

Mr. Speaker : There is no such procedure. You have tabled a motion under Rule 185. The matter is under my consideration. It will be placed before the Business Advisory Committee and if the Committee thinks that it should be discussed on the floor of the House, it will allot time, and if we get time certainly the motion will come here for discussion when the members will get ample opportunity to express their minds on this matter. But at present I cannot say anything because the matter will have to be examined and placed before the Business Advisory Committee.

Discussion on Governor's Address

Mr. Speaker : Now, we take up discussion on Governor's address. I call upon Shri Girija Mukherjee.

শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে পশ্চিমবাংলার কোনরকম উন্নতির ইঙ্গিত দেখতে পেলাম না। আমি গত বছরের ভাষণের সঙ্গে এই বছরের ভাষণ মিলিয়ে দেখছিলাম তাতে দেখলাম যে, ঐ একই কথা যে আমরা কি কি করেছি তার ফিরিস্তি, আমরা কি কি করব তার ফিরিস্তি কিন্তু কি কি করতে পারিনি তার কোন ফিরিস্তি নেই। কোনরকম আত্মসমালোচনা বা আত্মসমীক্ষা এই ভাষণের মধ্যে নেই। পাঁচ বছর বিধানসভা কেটে গেল আমরা কি করেছি, কি করতে পারিনি, কেন করতে পারিনি এই ভাষণের মধ্যে সেটা দেখতে পেলাম না। তাই স্বভাবতই আমার মনে হয় এই ভাষণ সেই গড্ডালিকাপ্রবাহের মত তাই আমি এই ভাষণের বিরোধিতা করছি। এই ভাষণের

মধ্যে কত কারখানা নতুন হয়েছে তার ফিরিস্তি দেওয়া হয়েছে, কত নতুন লোক নিয়োগ করা হয়েছে তারও ফিরিস্তি দেওয়া হয়েছে কিন্তু কত শ্রমিক ছাঁটাই করা হয়েছে তার কোন উল্লেখ নেই। আজকে শ্রমিক অঞ্চলের লোক জানে যে যত লোক নতুন নিয়োগ করা হয়েছে তার চেয়ে বেশী সংখ্যক লোক চাকরী খুইয়েছে। আমরা জানি এটা লেবার ডিপার্টমেণ্টের লোকও জানেন। কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে তার কোন উল্লেখ নেই, এটা অত্যন্ত দুঃখজনক ব্যাপার। স্যার, এই সরকারের শ্রমনীতি পশ্চিমবাংলার সর্বনাশ এনেছে। আমরা দেখছি পশ্চিমবাংলার শ্রমদপ্তর আজকে চটকল বিশেষজ্ঞ দপ্তর হয়ে দাঁড়িয়েছে। তাঁদের রেকমেণ্ডশন দিচ্ছে যে, শতকরা ৭০ ভাগ প্রডাকশন তাঁদের করতে হবে।

[3-00—3-10 p.m.]

তাঁরা রেকমেণ্ডেশন দিচ্ছেন যে, ঘণ্টায় ৩ হাজার গজ কাপড় স্পিনিং মেশিন দিয়ে পাশ করাতে হবে। তাঁরা রেকমেণ্ডেশন দিচ্ছেন যে, একটা সেলাই কলের শ্রমিককে ৮ ঘণ্টায় সাড়ে সাত শো বোরা সেলাই করতে হবে। আমি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে জিজ্ঞাসা করছি এই যে শ্রমদপ্তরে এক একটা ভদ্রলোক বসে আছেন, কেউ এর মধ্যে বাদ নেই, তাঁরা চটকল বিশেষজ্ঞ হলেন কবে থেকে, তাঁদের এই অধিকার কে দিলো যে, তাঁরা বলবেন চটকলের শ্রমিক কত পরিমাণ কাজ করবেন, কতখানি তাদের পক্ষে কাজ করা সম্ভব এই সম্পর্কে তাঁরা রেকমণ্ডেশন দেন? তাঁরা দিয়েছেন। সাধারণভাবে এই সমস্ত রেকমেণ্ডেশন—যেহেতু তাঁদের পেটে ডুবুরী নামিয়ে দিলে চটকল বিশেষজ্ঞ তাঁদের মধ্যে পাওয়া যাবে না, এইরকম কোন অফিসারের চটকল সম্পর্কে অভিজ্ঞতা নেই। মালিকরা যা বলেছে, যা চেয়েছে, লেবার দপ্তর সেটাই রেকমেণ্ডেশন হিসাবে দিয়ে দিয়েছে। আমার সামনে শুক্লাজী বসে আছেন ওঁকেও জিজ্ঞাসা করবেন আমার সঙ্গে ও এই বিষয় একমত হবেন যে, লেবার দপ্তরের এই চটকল সম্পর্কে কোন অভিজ্ঞতা না থাকা সত্ত্বেও কেলভীন জুটমিলে দিয়ে দিলেন তাঁর রেকমেণ্ডেশন। কি রেকমেণ্ডেশন দিলেন? হেসিয়ানে ৭০ পার্সেণ্ট প্রডাকশন চাই, প্যাকিং-এ ৮০ পার্সেণ্ট, বলকিং-এ ৬০ পার্সেণ্ট চাই। আর কি বললেন? ৩ হাজার গজ ল্যাপিং-এ পাশ করাতে হবে। আর কি বললেন? একটা স্যুইং মেশিনম্যানকে সাড়ে সাতশো ব্যাগ সেলাই করতে হবে। এই বলার অধিকার তাঁদের কে দিয়েছে, কটা চটকল তাঁরা দেখেছেন, কতখানি অভিজ্ঞতা তাঁদের আছে? কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অধিকার তাঁরা পেয়েছেন, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের শ্রমনীতির ক্ষেত্রে। পশ্চিমবঙ্গ সরকারের শ্রমনীতি আজকে তাঁদের এই জায়গায় নিয়ে যেতে বাধ্য করেছে। তারা যে রেকমেণ্ডেশন দিয়েছে, তার মধ্যে পরস্পরবিরোধী রেকমণ্ডেশনও আছে, কোন জায়গায় ৭০ পার্সেণ্ট, কোন জায়গায় ৬০ পার্সেণ্ট, বিভিন্নরকম রেকমেণ্ডেশন আছে কারণ কেউই কিছু জানেন না। শুধু তাই নয়, এই রেকমেণ্ডেশন দেবার ব্যবস্থায় দেখতে পাচ্ছি যে, একটা মালিক ইচ্ছা করলেই চটকলটাকে লক-আউট করে দিতে পারে। কোন কারণ না থাকা সত্ত্বেও—কোন মারপিট নেই, কোন কিছু নেই, তিনি এই পরিমাণ প্রডাকশন চান, এই প্রডাকশন ওয়ার্কাররা দিতে রাজী নয়, দেওয়া সম্ভব নয়, মালিকরা লক-আউট করে দিলেন। এখন লক-আউট যখন করলেন তখন শ্রমদপ্তর ডাকলেন, আমরাও গেলাম, মালিকরাও গেলেন, মালিকরা যা বললেন সেটা লিষ্ট করে রেকমেণ্ডেশন দিয়ে দেওয়া হল এবং আমি দেখেছি যে শ্রমদপ্তর রেকমেণ্ডেশন দিয়েছেন। শেওড়াফুলীতে রেকমেণ্ডেশন দিয়েছেন ৫টা করে এক একটা স্কোয়ার্ডে থাকবে। কাজ হয় না,

এখন ৭টা করে কাজ করছে, সেখানে ৫টা করে দিয়েছেন। এখন এই যদি শ্রমদপ্তরের অবস্থা হয় তাহলে আমরা আছি কোথায়? সেইজন্য আমি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে নিবেদন করবো যে, এখন নির্দেশ দেওয়া হোক শ্রমদপ্তরকে এই যে ইমার্জেন্সি পিরিয়ডে শ্রমিক শ্রেণী এবং শ্রমিকদের আন্দোলন করার যে দুর্বলতা সৃষ্টি হয়েছিল সেই দুর্বলতার সুযোগ নিয়ে মালিকরা লক-আউট করে এবং শ্রমদপ্তরকে দিয়ে রেকমণ্ডেশন করিয়ে নিয়েছিল সেই সমস্ত রেকমেণ্ডেশন উইথড্র করা হোক। ইমার্জেন্সির সময় ইমার্জেন্সির সুযোগে মালিকরা এই অত্যাচার করে এই রেকমণ্ডেশন আদায় করে নিয়েছে। আজ ইমার্জেন্সি নেই, আজকে উইথড্র করে নেওয়া হোক। আমরা আজকে আন্দোলনের পথে আসতে রাজী আছি, দেখি মালিকরা কিভাবে কতটা কাজ করতে পারে।

আমি বলছি এই ইমার্জেন্সির সময়ে লক-আউট করে যতগুলি রেকমেণ্ডেশন আদায় করা হয়েছে, অর্থাৎ নন-ভাইওলেণ্টলি কমপেলন করে যে রিকমেণ্ডেশন মালিকরা আদায় করেছে, সেই সমস্ত উইথড্র করা হোক। কারণ এই রেকমেণ্ডেশন অনুযায়ী কাজ হচ্ছে না। সেভেণ্টি ফাইভ পারসেণ্ট প্রডাকশন হচ্ছে না।

শ্রীগোপালদাস নাগ : যে উক্তি উনি করে গেলেন সে সম্বন্ধে একটু বলি। কোন রেকমেণ্ডেশন লেবার ডিপার্টমেণ্ট করেনি। চিরাচরিত প্রথায় উভয় পক্ষের কথা শুনে ভার্চুয়েলি এগ্রিমেণ্ট হয়, ট্যাসিট এগ্রিমেণ্ট হয়। সেই রেকমেণ্ডেশন মেনে নিয়ে গেছলেন, আজকে পরিবর্তিত অবস্থায় বলছেন—সমস্ত নাকচ করে দেবেন, সমস্ত চুক্তি নাকচ করে দেবেন। যা বলবেন র‍্যাশন্যালি বলুন। আজকের আনন্দবাজার পড়ুন।

শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায় : আজকে ডিউরেস করে বাধ্য করেছেন লক-আউট করতে, আমি বলছি সেটা উইথড্র করা হোক। কটন টেক্সটাইল—চারটি কারখানা—মোহিনী মিল, শ্রীদুর্গা—শ্রীদুর্গা মাঝে বন্ধ হয়ে গেছল, আই আর সি আই টাকা দিল, সেই টাকা খরচ হয়ে গেছে, নিউ গুজরাট বন্ধ হয়ে গেছে, ময়ূরাক্ষী বন্ধ হয়ে গেছে। এই কারখানাগুলি প্রথমে সিক হল যেখানে ১৪টি কারখানা টেক ওভার হয়ে গেল গভর্ণমেণ্ট দ্বারা সেখানে কেন বাংলা সরকার এইগুলি টেক ওভার করার জন্য রেকমেণ্ডেশন করলেন না? শুধু তাই নয়, যখন মোহিনী মিল বে-আইনীভাবে লক-আউট হল, ইণ্ডিয়া গভর্ণমেণ্ট থেকে এন্‌কুয়ারি করা হল, করে বলে দিলেন এই লক-আউট বে-আইনী, প্রত্যেককে পুরোপুরি টাকা দিতে হবে। বাংলা সরকার তখন চুপচাপ থেকে গেলেন, শ্রমদপ্তর থেকে তখন একটা দালাল ইউনিয়নের সঙ্গে এগ্রিমেণ্ট করলেন এই বলে যে, ৬ মাসের মাইনা চায় না। এইভাবে শ্রমদপ্তর লক-আউটের বোঝা চাপিয়ে জোর করে তাদের দিয়ে এগ্রিমেণ্ট করিয়ে নিলেন। এটা ইমার্জেন্সির যুগে সম্ভব হয়েছিল। অতএব শ্রমিকরা তাদের স্বার্থবোধ থেকেই হোক, কিছু পরিমাণে ভয়েই হোক আন্দোলন করতে চায়নি বা পারেনি। ইস্টার্ণ স্পিনিং মিল লক-আউট করে ৩০০ জনকে ইস্তফা দিতে বাধ্য করল। এইভাবে পশ্চিম-বাংলায় মিল লক-আউট করে ৩০০ জনকে ইস্তফা দিতে বাধ্য করল। এইভাবে পশ্চিমবাংলায় হাজার হাজার শ্রমিক ছাঁটাই হয়েছে। এই সম্পর্কে মাননীয় রাজ্যপালের বক্তৃতায় কোন উল্লেখ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও যদি বলতে যাই তো আসুন ইঞ্জিনীয়ারিং-এ, হিন্দ্ মোটরে প্রডাকশন লেভেল প্রায় সমান হয়ে এসেছে, এখনও লে-অফ্ চলছে। সপ্তাহে তিন দিন করে লে-অফ চলছে, এটা খুব দুঃখজনক, আশ্চার্যজনক সেই লে-অফের কোন ক্ষতিপূরণ তারা পাচ্ছে

না। একটা এতবড় কারখানা বে-আইনীভাবে লে-অফ করে চলেছেন উইদাউট কম্পেনসেশন, তার প্রডাকশন ঠিকই একসময়ে কম হয়েছিল, এখন এর প্রডাকশন প্রায় পুরোপুরি হয়ে গেছে কিন্তু শ্রমিকদের উপর কাজের বোঝা বাড়িয়েই চলেছে। প্রথমে সমস্ত শ্রমিকদের সপ্তাহে তিনদিন করে লে-অফ করে রেখেছিল। ব্রেথওয়েট কারখানায় বছর হয়ে গেল এখনও সাসপেণ্ড হয়ে পড়ে আছে। সবচেয়ে বড় কথা মাননীয় শ্রমমন্ত্রী বললেন ১৯৭৪ সালে যখন ইঞ্জিনীয়ারিং-এ দাবী-দাওয়ার প্রশ্ন উঠছিল, তিনি বলেছিলেন ১৯৭৫ সালের ডিসেম্বর পর্যন্ত এগ্রিমেণ্ট আছে।

[3-10—3-50 p.m.]

তারপর ইঞ্জিনীয়ারিং শিল্পের কথা বিচার করা হবে কথা ছিল। কিন্তু ইমার্জেন্সির আবহাওয়ায় সে প্রশ্ন আর উঠলো না। ইঞ্জিনীয়ারিং শিল্প-কারখানার মালিকদের অবস্থার অনেক উন্নতি হয়েছে; তারা যথেষ্ট লাভ করেছে। তা সত্ত্বেও এই ইঞ্জিনীয়ারিং শিল্প-শ্রমিকদের মাইনে ভাতা ইত্যাদি বাড়াবার কোন ব্যবস্থা করা আজ পর্যন্ত সম্ভব হলো না।

তারপর ই এস আই, সেখানে শ্রমিকদের অসুখ-বিসুখ হলেও ছুটি তাদের দেওয়া হবে না—জোর করে। টাইফয়েডে ভুগছে যে শ্রমিক—তাকে ষ্ট্রেচারে করে স্পেশ্যালিস্টের কাছে যেতে হবে। ইমার্জেন্সির যুগে নতুন করে এই ব্যবস্থা চালু করা হয়েছে—যখন শ্রমিক হাত-পা বাঁধা অবস্থায় ছিল। তাই আমার দুঃখ রাজ্যপালের ভাষণের সম্বন্ধে কিছু ইঙ্গিত থাকা উচিত ছিল। কিন্তু কোন ইঙ্গিতই নেই। একটা উজ্জ্বল ভবিষ্যতের ইঙ্গিত দেওয়া হয়েছে—সেটা উজ্জ্বল কি অন্ধকার ভবিষ্যৎ কে জানে।

আর একটা কথা বলতে চাই—এই যুগে বেশ কিছু বিশেষ বিশেষ নামকরা ডাক্তারদের ছাঁটাই করা হয়েছে—ডাক্তার সরোজ চক্রবর্তী—এ্যাসিস্টেণ্ট প্রফেসর, সার্জারী ছিলেন—তাঁকে ছাঁটাই করা হয়েছে। কোন কারণ না দেখিয়ে। তার ফলে তিনি হাইকোর্ট থেকে ইনজাংশন পেয়েছেন—এখন কাজ না করে বাড়ী বসে মাইনে পাচ্ছেন। কারণ হাইকোর্টের কেস অত তাড়াতাড়ি মিটবে না। তারপর কে ব্যানার্জী, প্রফেসর অব প্যাথলজি, আর জি কর—তাঁকে ছাঁটাই করা হয়েছে। কেন? না, টেকনোক্র্যাট-ব্যুরোক্র্যাট সংগ্রামে তিনি অংশগ্রহণ করেছিলেন। অবশ্য তার কাজে গাফিলতির প্রশ্ন বিন্দুমাত্র নেই। তারপর সুজিত দাস—এ্যাসিস্টেণ্ট সেক্রেটারি, হেল্থ সারভিসেস তাঁকে ছাঁটাই করা হয়েছে। আজকে সরকারের চিন্তা করা উচিত এঁদেরকে কাজে ফিরিয়ে নেবার জন্য। পরশুদিন ফেয়ার্লি প্লেসের এক বন্ধু বললেন—আপনাদের ভোট দেইনি, ভোট দিলে আর চাকরী ফিরে পেতাম না। এই কথা যাতে আর শুনতে না হয় তার জন্য বলি যে, অন্যায়গুলো আপনারা করেছেন—এখনো সময় আছে, তা সংশোধন করে যান। কতদিন আর ক্ষমতায় থাকতে পারবেন জানি না। তারপরে আর ফিরে আসতে পারবেন কি না ঠিক নেই। মানুষের সামনে একটা ভাল জেসচার দিয়ে যান।

আর একটা কথা এখানে বলতে চাই সে হলো একটা অপমানকর সার্কুলার সম্পর্কে—তার নম্বর হলো—৫০০৯৭ ডেটেড্ ২১-৫-৭৪। সেই সার্কুলারকে অবিলম্বে স্ক্র্যাপ করতে হবে। এই সার্কুলারে আছে—ষ্ট্রাইকে অংশগ্রহণকারীদের প্রোমোশন হবে না, এফিসিয়েন্সি বার ক্রস করতে দেওয়া হবে না, কোন ইনক্রিমেন্ট হবে না। যারা ছুটি নিয়েছে সেই সময় তারাও ঐ সার্কুলারের আওতায় আসবে। যারা দু'বছর হয়েছে এফিসিয়েন্সি বার ক্রস করবার কথা

আপনাদের সরকারের কাছে তারা ইনএফিসিয়েন্সি কাজেই ই বি ক্রস করতে পারবেন না বা করতে দেওয়া হবে না, তিনিও এই সার্কুলারে আটকে পড়ে গেলেন। আজকে এই সার্কুলার যদি আপনারা স্ক্র্যাপ না করাতে পারেন, আমাদের মন্ত্রিসভার যদি সেই শুভবুদ্ধির উদয় না হয়, তাহলে আমি বলবো—সত্যিই আপনাদের ভবিষ্যৎ অন্ধকার।

এই অগণিত সরকারী কর্মচারী তাদের সাহায্য ব্যতিরেকে আপনাদের সরকার কখনও কর্মক্ষম সরকার হতে পারে না। খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটছে আপনাদের সরকার। তাদের ইনক্রিমেণ্ট চালু করুন। এক কথায় ৫০০৯—এফ গলেগি ২১-৫-৭৪ এই সার্কুলার স্ক্র্যাপ করুন। এই আবেদন জানিয়ে এবং আপনাদের শুভবুদ্ধির কাছে এই কথা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the house was adjourned for 30 minutes)

(After recess)

শ্রীভোলানাথ সেন : মিঃ স্পীকার স্যার, কাশীবাবুর বক্তৃতা আমি খানিকটা শুনেছিলাম শেষের দিকে। তারপর ট্রান্সক্রিপ্ড কপি নিয়ে আমি পুরোটাই পড়েছি। তাতে আমি একটু অবাক হয়ে গেলাম যখন তিনি আইনের প্রশ্নগুলি তুলেছেন। তিনি বলেছেন যে, সেকসান ৫৯ অফ দি কনস্টিটিউশন (44th Amendment Bill) 1976, এমন ক্ষমতা দেওয়া হয়েছে যে, প্রেসিডেণ্ট অর্ডার দিয়ে তিনি তাঁর নোটিফিকেশন উইথড্র করতে পারেন এবং আর এক জায়গায় বলেছেন জেনারেল ক্লুজেস এ্যাক্টে এই জেনারেল পাওয়ার দেওয়া আছে যিনি নোটিফিকেশন করবেন তিনি নোটিফিকেশন উইথড্র করতে পারেন। এটা সবাই জানেন যিনি আইন পড়েছেন, জেনারেল ক্লুজেস এ্যাক্টে আছে আনলেস আদারওয়াইজ ইনটেণ্ডেড এই জিনিস ঘটবে। আর সেকেণ্ড থিং জেনারেল ক্লুজেস এ্যাক্ট কনস্টিটিউশনের বেলায় এ্যাপলাই করে না। সেকশন ৫৯-এ যে পাওয়ার দেওয়া হয়েছে এটা ঠিক সেটা আরটিকেল ৩৯২-এর থেকে একটু তফাৎ। ১৯৩৫ কনষ্টিটিউশন এ্যাক্ট বা গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া এ্যাক্ট রিমুভাল অফ ডিফিক্যালটি ক্লুজেস সম্বন্ধে জাস্টিস সারকারিয়া যেকথা বলেছেন সেটা একটু পড়ে শোনাচ্ছি তাহলে বোঝা যাবে কাশীবাবু যেকথা বলেছেন সেটা ঠিক নয়। জাস্টিস সারকারিয়া বলছেন,

"Now let us turn to clause 7 of the Regulations. It will be seen that the power given by it is not uncontrolled or unfettered. It is strictly circumscribed, and its use is conditioned and restricted. The existence or arising of a 'difficulty' is the sine qua non for the exercise of the power. If this condition precedent is not satisfied as an objective effect, the power under this clause cannot be invoked at all. Again the 'difficulty' contemplated by the clause must be a 'difficulty' arising in giving effect to the provisions of the Act and no difficulty arising aliunde, or an extreneous difficulty. Further, the Central Government can exercise the power under the clause only to the extent it is necessary for applying or giving effect to the Act and and no further. It may slightly tinker with the Act to round off angularities and to smoothen the joints or remove minor obscurities to make it workable, but it cannot change, disfigure or do violence to the basic structure and primary features of the Act. In no case can it, under the guise of removing a difficulty, change the scheme of essential portion of the Act."

[3-50—4-00 p.m.]

সেকশন ৫৯-এ যে ল্যাঙ্গোয়েজ আছে সেটা পড়লে ঐ একই জিনিস মনে হবে।
"If any difficulty arises in giving effect to the provisions of the Constitution as amended by this Act (including any difficulty in relation to the transition from the provisions of the Constitution as they stood immediately before the date of President's assent to this Act to the provisions of the Constitution as amended by this Act,) the President may, by order, make such provisions, including any adaptation or modification of any provision of the Constitution as appear to him to be necessary or expedient for the purpose of removing the difficulties." What is the difficulty ? The difficulty arising in giving effect to the provisions of the Act. Now, the basic amendment"
বেসিক এমেণ্ডমেণ্ট যেটা সেটা হচ্ছে ৫ বছরের জায়গায় ৬ বছর হয়েছে। কনষ্টিটিউশন সম্বন্ধে কোন ডিফিকালটি নেই। পলিটিক্যাল রিজন যদি হয় তাহলেও তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। তার সঙ্গে giving effect to this constitution or amendment of the constitution.
তার সঙ্গেও কোন সম্পর্ক নেই। এটা আমার কথা নয়, জাস্টিস সারকারিয়া সুপ্রীম কোর্টে বসে বলেছিলেন। কনষ্টিটিউশন মেকিং পাওয়ার দেওয়া নেই প্রেসিডেণ্টকে। সামান্য একটু ক্ল্যারিফিকেশন যে এটা কি করে কাজে লাগানো যাবে। সেকশন ৫৯-এ নেই, কনষ্টিটিউশনের আছে, সেকশন ৩৭২তে। সেকশন ৫৯-এ শুধু ৫ বছরের জায়গায় ৬ বছর হোল। সেটা প্রেসিডেণ্ট বললে ৬ বছরের জায়গায় ৫ বছর হয়ে যাবে—এ ক্ষমতা প্রেসিডেণ্টের নেই। আমি একটু অবাক হয়ে গেলাম আজ কেন ছয় বছর করা হোল। কিন্তু ঐ ৪৪তম এমেণ্ডমেণ্ট সেটাকে অমান্য করবার অধিকার কার আছে ? সেণ্টারে ইলেকশন হয়েছে নিশ্চয় মানতে হবে—মানুষ যাকে ভোট দিয়েছে—মানুষের কথা শুনতে হবে। কিন্তু সেই মানুষই ১৯৭১ সালে একটা রায় দিয়েছিল, সেই মানুষই বলেছিল ১৯৭১ সালে যে, সংবিধান পরিবর্তন করতে হবে—কংগ্রেসের ম্যানিফেস্টোতে তা ছিল এবং সেই সংবিধান পরিবর্তন যখন হোল তখন কংগ্রেস এই লোকসভা ভাঙার আগে পর্যন্ত যারা ছিল এবং হাউসে যারা ছিল তখন তাদের সাথে সবাই ছিলেন, এবং সবাই মিলে সেই সংশোধনকে স্বীকার করে নিয়েছিল, মেনে নিয়েছিল।

সেটা জনতার রায়, সেটা দেশবাসীর রায়। সংসদীয় সরকার যদি থাকে, যদি গণতন্ত্র থাকে তাহলে সেই সংসদীয় গণতন্ত্রের মাধ্যমে ৪৪ তম এ্যামেণ্ডমেণ্ট বিল আমাদের ভারতবাসী তারা পাশ করেছিল। সেই ভারতবাসী তাঁরা কিন্তু বলেন নি যে ৬ বছর থেকে ৫ বছর করে দাও। বিগত লোকসভায় যাঁরা ছিলেন তাঁরাও কিন্তু কেউ বলেন নি যে, ৬ বছরের জায়গায় ৫ বছর করে দাও, যাঁরা জেলে ছিলেন না তারাও বলেন নি, যাঁরা মন্ত্রী ছিলেন না তাঁরাও বলেন নি যে, ৬ বছরের জায়গায় ৫ বছর করে দাও। আজকে পরিবর্তন নিশ্চয় হয়েছে—রাজনৈতিক ক্ষেত্রে পরিবর্তনের চিত্র কি ? না, জনতা ফ্রণ্ট যাকে জনতা পার্টি বলা হয়েছে, সেখানে জনসংঘের একটা ম্যানিফেস্টো ছিল, কংগ্রেস(ও)র একটা ম্যানিফেস্টো ছিল, বি এল ডি'র একটা ম্যানিফেস্টো ছিল, এস এস পি'র একটা ম্যানিফেস্টো ছিল, সি এফ ডি'র একটা ম্যানিফেস্টো ছিল, সি পি এমের একটা ম্যানিফেস্টো ছিল, আকালী দলের একটা ম্যানিফেস্টো ছিল—আজকে সেণ্টারে একটা কোয়ালিশন গভর্ণমেণ্ট আছে—এটা ভোটের জোটে হয়েছে, কোয়ালিশন গভর্ণমেণ্ট জোট দিয়েছে—এদের কোন্ ম্যানিফেস্টো

ভারতবাসী বলেছে আমরা মেনে নিচ্ছি? কোন্ ম্যানিফেস্টো আমি জিজ্ঞাসা করতে চাই —ভারতবর্ষের মানুষ কোন্ ম্যানিফেস্টো তারা মেনে নিয়েছে? কোন ম্যানিফেস্টো তারা মেনে নেয়নি। তাদের মতামত বা বিক্ষোভ যেটা একসেস হয়েছে সেই একসেসের বিরুদ্ধে জানিয়েছে, এটা আজ নয় ৭/৮ মাস আগেই—আপনারা জানেন যে, যখন নানারকম কথা উঠল—এটা লুকনো খবর নয়—সঞ্জয় গান্ধীর আবির্ভাবের পর আমাদের দেশের মধ্যে গোলমাল দেখা দিল তার সঙ্গে কংগ্রেস সংগঠনের কোন যোগ ছিল না এবং সেই মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ রায়ের পক্ষে মানুষ তখন জেগে উঠেছিল—কিন্তু কংগ্রেসের বিরুদ্ধে যদি হত তাহলে সিদ্ধার্থ রায়ের পিছনে এসে তারা দাড়াত না, হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ আমি দেখেছি দার্জিলিং, জলপাইগুড়ি, শিলিগুড়ি, বাঁকুড়া, কলকাতা ইত্যাদি বহু জায়গায়—কারণ কি? এ্যাণ্টি-ডেমোক্রাটিক নীতি তারা চায় নি। তারা কিন্তু সেখানে কংগ্রেসকে বাধা দেয়নি, তারা কংগ্রেসের বিরুদ্ধে যায়নি। মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় কংগ্রেসের মন্ত্রী, কংগ্রেসের টিকিটেই তিনি দাঁড়িয়েছিলেন। কিন্তু তবুও যখন কংগ্রেসের নীতি-বহির্ভূত কাজ হয়েছিল তখন তার পাশেই মানুষ এসে দাঁড়িয়েছিল। আজকে আমি অবাক হয়ে যাচ্ছি যে সমস্ত মাননীয় নেতারা বক্তৃতা দিয়েছেন অন্যান্য দল থেকে তাঁরা মন্ত্রিসভা গঠন করার সময় এক একজন এক একটি কথা বলেছেন। তাহলে কি আমরা বলব তোমরা সবাই রিজাইন কর? কখনই নয়। মতবিরোধ তো থাকতেই পারে। মিনিস্ট্রি তৈরী করবার সময় একটু দেরী হয়েছিল বলে মানুষ কি বলবে তোমরা রিজাইন কর, আলোচনা করতে সময় লেগেছিল বলে মানুষ কি তাই বলবে? কি কারণে আজকে আমরা বলব ৬ বছর থেকে ৫ বছর করা হোক? কেন্দ্রীয় নেতারা, কেন্দ্রীয় সরকার তাঁরা কি বলেছেন? তাঁরা বলেন নি। কিন্তু আমাদের মধ্যে কেউ কেউ হঠাৎ লাফিয়ে উঠেছেন কি করে আমাদের পরিচয় দিল্লী জানবে—দেখ, আমরা বলেছি ৬ বছরের জায়গায় ৫ বছর করব। ঠিক আছে আমরা বলেছি কংগ্রেস রিজাইন কর—কংগ্রেস রিজাইন করবে কেন? মানুষ যখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর পিছনে এসে দাঁড়িয়েছিল সঞ্জয় গান্ধীর ব্যাপার নিয়ে, তখন তারা কার পিছনে দাঁড়িয়েছিল? কংগ্রেসের পিছনেই দাঁড়িয়েছিল।

[4-00—4-10 p.m.]

কার বিরুদ্ধে দাঁড়িয়েছিল? একসেস যেটা হয়েছিল তার বিরুদ্ধে দাঁড়িয়েছিল। সেই এক্সসেসের বিরুদ্ধে ভোট চলে গিয়েছিল। আজকে একটা অদ্ভুত জিনিস দেখতে পাচ্ছি—জনসংঘ। আজকে যাঁরা নিজেদের কংগ্রেস ফর ডেমোক্র্যাসী বলেন এখানে বিধানসভায় তাঁরা হয়ত কোন আপত্তি করবেন না জনসংঘের সঙ্গে কথা বলতে, কোন আপিত্তি করবেন না কঙ্গোর সঙ্গে, বি এল ডি'র সঙ্গে, এস এস পি'র সঙ্গে, আকালী দলের সঙ্গে এবং সি পি এমের সঙ্গে কথা বলতে। কি নীতি আছে? কি নীতি আমরা দেখতে পাচ্ছি? সুবিধাবাদী নীতি ছাড়া নীতি কোথায়? ১৯৬৭ সনে যুক্তফ্রণ্ট গভর্ণমেণ্ট পড়ে গিয়েছিল, ১৯৬৯ সনে যুক্তফ্রণ্ট গভর্ণমেণ্ট পড়ে গিয়েছিল এবং তারপর আমরা দেখেছি ঐ যুক্তফ্রণ্টের কেউ কেউ কংগ্রেসে চলে এসেছিলেন। তাঁরা এসেছিলেন, কারণ, পদাধিকার চাই। কেউ কেউ চলে এলেন কারণ ওদিককার ক্ষমতা চলে গিয়েছে। এসব বেদনার কথা, এসব নীতির কথা নয়। মানুষের আশা-আকাঙ্ক্ষার কথা কেউ বুঝলেন না। মানুষের আশা-আকাঙ্ক্ষা ছিল এই যে, তাঁরা চান দেশের উন্নতি হোক, কিন্তু তাঁরা চান না গণতান্ত্রিক পদ্ধতিতে যে সরকার গঠিত হয়েছে তাকে অগণতান্ত্রিক উপায়ে সরিয়ে দেওয়া

হোক। তারই প্রতিরোধের জন্য গ্রামে-গঞ্জে মানুষ কথা বলেছে। মানুষ বিরক্ত হয়েছে, বোঝেনি কার জন্য সে ভোট দিচ্ছে। নেতিবাচক ভোট, এটা অস্বীকার করবার কোন উপায় নেই। জিজ্ঞাসা করুন লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষকে যে, কোন্ নীতি অনুসারে তোমরা ভোট দিয়েছ, কোন্ ম্যানিফেষ্টো অনুসারে তোমরা ভোট দিয়েছ, কোয়ালিশন গভর্ণমেণ্ট কোন্ ম্যানিফেষ্টোতে বিশ্বাসী, বলবে, আমরা তা জানি না। অথচ আমরা এখানে চিৎকার করছি এই বলে যে, বিধানসভার মেয়াদ ৬ বছরের জায়গায় ৫ বছর করা হোক কারণ মানুষ রায় দিয়েছে, সুতরাং তোমরা রিজাইন কর। কিন্তু কেন রায় দিয়েছে? তাহলে উত্তর পাওয়া যাবে, ও আমরা বলতে পারবো না। এস এস পি'র জন্যও আমরা বলতে পারবো না। কংগ্রেসের জন্যও আমরা বলতে পারবো না। বি এল ডি'র জন্যও আমরা বলতে পারবো না, সি পি এমের জন্যও আমরা বলতে পারবো না। কিন্তু তোমরা রিজাইন কর। কেন? এই কি গণতন্ত্র? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গত কয়েকদিন ধরেই গভর্ণমেণ্টের বিরুদ্ধে যাঁরা বক্তৃতা করলেন তাঁদের বক্তব্য শুনলাম। আমার মনে হয় তাঁদের কেউই এই বইটি পড়ে দেখেন নি কারণ পড়লে এই জাতীয় বক্তৃতা হত না। ওয়েষ্ট বেঙ্গল ইন নাইনটিন সেভেনটি টু টু নাইনটিন সেভেনটিসিক্স, এই বইটি থেকে আমি কয়েকটি উদাহরণ দেব, সব বলব না, কারণ বইটি পাওয়া যায়, ইচ্ছা করলে সকলেই পেতে পারেন। আমাদের এখানে মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬৬/৬৭ সালে প্ল্যান এ্যালোকেশন ছিল ৭৬ কোটি টাকা আর একচুয়্যাল খরচ হয়েছিল ৫৩ কোটি টাকা। ১৯৬৭/৬৮তে প্ল্যান এ্যালোকেশন ছিল ৬৯ কোটি টাকা, খরচ হল ৫১ কোটি টাকা। ১৯৬৮/৬৯ সালে এ্যালোকেশন ছিল ৫৩ কোটি টাকা, খরচ হল ৫৭ কোটি টাকা। ১৯৬৯/৭০ সালে ৫৫ কোটি টাকা এ্যালোকেশন ছিল, খরচ হল ৪৫ কোটি টাকা। ১৯৭০/৭১ সালে এ্যালোকেশন ছিল ৫১ কোটি টাকা, খরচ হল ৬৬ কোটি টাকা। ১৯৭২ সালে এই সরকার এল। তখন ৭৩ কোটি টাকা এ্যালোকেশন, খরচ হল ৮৯ কোটি টাকা। ১৯৭৩/৭৪ সালে এ্যালোকেশন ছিল ৯১ কোটি টাকা, খরচ হল ১০৭ কোটি টাকা। ১৯৭৪/৭৫ সালে ১৪৯ কোটি টাকা এ্যালোকেশন খরচ হল ১৪৯ কোটি টাকা। ১৯৭৫/৭৬ সালে এ্যালোকেশন ছিল ১৭০ কোটি টাকা, খরচ হল ১৯৮ কোটি টাকা। ১৯৭৬/৭৭ সালে এ্যালোকেশন ছিল ২৩২ কোটি টাকা খরচ হল প্রায় ২৭০ কোটি টাকা—আমি ঠিক ফিগারটি বলতে পারছি না এবং এবারে আরো বেশী। এই টাকা আকাশ থেকে পড়ে না, আর নোট ছাপার অধিকারও আমাদের নেই। তাহলে এই টাকা কোথা থেকে এল? মানুষ দিয়েছে। আপনারা জানেন, জিনিসপত্র কেনাবেচা না হলে সেলস ট্যাক্স আসে না। সেলস ট্যাক্সের অবস্থাটা দেখুন। ১৯৬৬/৬৭ সালে ৪৮ কোটি টাকা, ১৯৬৭/৬৮ সালে ৫২ কোটি টাকা, ১৯৬৮/৬৯ সালে ৫৬ কোটি টাকা, ১৯৬৯/৭০ সালে ৬৩ কোটি টাকা, ১৯৭০/৭১ সালে ৬৭ কোটি টাকা, ১৯৭১/৭২ সালে ৭৪ কোটি টাকা, তারপর ১৯৭২/৭৩ সালে আমাদের এই সরকার এল, তখন হল ৯১ কোটি টাকা, ১৯৭৩/৭৪ সালে ১০১ কোটি টাকা, ১৯৭৪/৭৫ সালে ১২৫ কোটি টাকা, ১৯৭৫/৭৬ সালে ১৫৪ কোটি টাকা, ১৯৭৬/৭৭ সালে ১৭৭ কোটি টাকা।

১৯৭৬/৭৭ সালে ১৭৭ কোটি টাকা, কত টাকার বিক্রি হলে তবে ১৭৭ কোটি হচ্ছে, লোকে কেনাবেচা বেশী করেছে। নিশ্চয়ই করবার কি কিছুই নেই, অনেক আছে। দারিদ্র্য কি চলে গেছে? না যায়নি। আজকে প্রধানমন্ত্রী বলেছেন ১০ বছর সময় দাও, আমি বেকারী ঘোচাবো। আমি বলে দিচ্ছি যে কোন সরকার যদি ঠিকমত চলে তাহলে বেকারী দূর করতে

পারে। এখানে সি পি এম আসুক, আর এস পি আসুক, এরা আসুক সমস্ত কাজ বন্ধ হয়ে যাক, খুনোখুনি চলুক, কাজ বন্ধ হয়ে যাক, দেশের মঙ্গল এতে হবে না। মোরারজী দেশাই বলেছেন দুটো ইলেকশনের সময় দাও—কি অন্যায় হয়েছে? আপনারা দেখবেন বাজেট এস্টিমেট ১৯৭৬/৭৭ সাল, তাতে দেখছি ৩০৪ কোটি টাকা—আমাদের এখানের এই বইটা পড়ে দেখবেন, এই কলকাতা শহরে রায় মন্ত্রিসভার সময়ে খুন-জখম কমে গেছে, সারা ভারতবর্ষের যে-কোন শহরের চেয়ে কেন সারা পৃথিবীতে বছরে যা খুন হয়, আমাদের বাংলাদেশে তা হয় না। এখানে গ্রামে গ্রামে কি কাজ হয়নি, হেল্থ সেণ্টার কি হয়নি, ওয়াটার সাপ্লাই কি হয়নি, কিছু হয়েছে—এটা হচ্ছে ওটা হচ্ছে, হয়নি কি? কিন্তু রাতারাতি সব কিছু করে দেওয়া যায় না। আজকে কোয়ালিশন গভর্ণমেণ্ট তাঁরা বলছেন ১০ বছর অপেক্ষা কর। আজকে গভর্ণর্স স্পিচে এই কথা বলা হয়েছে "I welcome you to this First Session of the New Year and offer you my warm felicitations. The extension of the life of the Legislative Assembly as a result of the 42nd Amendment of the Constitution gives me the opportunity of addressing you for the sixth year in succession. The 42nd Amendment is a Major step towards achieving National objectives. We should remind ourselves of the 'Fundamental Duties' enshrined in our Constitution, specially the duty to safeguard public property and to abjure violence as also to protect and improve the natural environment including forests, lakes, rivers and wild life, and to have compassion for living creatures."

What is wrong? Do we want violence?

আমরা কি চাই ১৯৬৭ সালে যেভাবে মন্ত্রিসভা হয়েছিল, ১৯৬৯ সালে যেভাবে মন্ত্রিসভা হয়েছিল এবং যে কাজ করেছিল সেই কাজ চলুক? আমরা কি জানি না জনতা পার্টির কত ক্যাডার ছিল, একদম ছিল না বললেই চলে, সি পি আই এমই একমাত্র জনতার মানুষকে জয়ী করেছে এবং তারা চাইছে ক্ষমতায় আসতে। আমরা কি জানি না তাদের কর্মপদ্ধতি কি? আমরা কি দেখিনি? আমরা কি চাই ভায়োলেন্স? দেশে অরাজকতা আসুক? কোন দায়িত্বশীল মন্ত্রী, কখনও কোথাও বলেছেন বলে শুনিনি যে, অরাজকতা চলুক, খুনোখুনি চলুক। যদি কোথাও কেউ সেটা বাধা দেয় তাহলে সেটা অন্যায় হয়েছে।

[4-10—4-20 p.m.]

এই ৪২তম এ্যামেণ্ডমেণ্টে যদি বলে দেওয়া থাকে তাহলে অন্যায় করেছি? বলা হয়েছে যে, এভরি বডি উইল গেট লীগ্যাল হেল্প—এটা কি অন্যায় করেছি? বলা হয়েছে যে, এভরি ওয়ার্কার উইল হ্যাভ এ রাইট টু ডিসপার্স অন দি ফ্লোর লেভেল এ্যাবাউট পার্টিসিপেশন, অন্যায় করেছি? আজকে দরিদ্র দেশে যেখানে শোষণ চলছে, অন্যায় হচ্ছে, সেখানে যদি বলি The State shall take steps by suitable legislation or in any other way to secure the participation of workers in the management of undertakings, establishments or other organisations engaged in any industry...The State shall secure that the operation of the legal system promotes justice on a basis of equal opportunity and shall, in particular provide free legal aid, by suitable legislation or schemes or in any other way to ensure that opportunities for securing justice are not denied to any citizen by reason of economic or other disabilities.....

অন্যায় করেছি? কোথায় অন্যায় করেছি? কেউ কেউ বলেছেন যে, অন্যায় করেছি। আবার কেউ কেউ বলেছেন যে, আর্টিকেল ২২৬ চেঞ্জ করা হয়েছে। আর্টিকেল ২২৬—কোর্টে কে যায়? যারা প্রান্তিক চাষী, যারা ভূমিহীন চাষী, তাদের ভেষ্টেড ল্যাণ্ড আমরা দিতে পারিনি, যেটুকু ছিল দিয়েছি। কিন্তু কেন দিতে পারিনি? ইনজাংশন হয়েছে। কে ইনজাংশন নিয়েছে? বড়লোকেরা, পয়সাওয়ালা লোকেরা, পেটি-বুর্জোয়া টকিং এ্যাবাউট প্রোলেটারিয়েট, তারা নিয়েছে। পয়সা দিয়ে ষ্ট্যাম্প কিনে এক্সপার্টি অর্ডার করেছে—এই হচ্ছে ট্রুথ। তাদের পিছনে আমরা যদি জেহাদ ঘোষণা করি তাহলে কি অন্যায় করেছি? মানুষ খেতে পাচ্ছে না, যে প্রান্তিক চাষী, যার জমি নেই, তাকে জমি দিয়েছি। যে বর্গাদার চিরকাল ফসল তৈরী করছে, আর একটা মানুষ বছরের পর বছর জমির মালিক বলে, ওনার বলে তাকে ঠকিয়ে যাচ্ছে, ৫০ ভাগ দেবে না, ৭৫ ভাগ দেবে না, আইন অনুসারে দেবে না, তাকে তাড়িয়ে দিচ্ছে। চেষ্টা করছি তাকে জমি দিতে কিন্তু ইনজাংশনের জন্য পারছি না। কার কাছ থেকে দেব? জোতদারের কাছ থেকে। কিসের মাধ্যমে? ২২৬-এর মাধ্যমে। যখনই চেষ্টা করেছি বস্তি সরিয়ে দিয়ে বসবাস করার ব্যবস্থা করতে তখনই একটার পর একটা ইনজাংশন হয়েছে, সরকার দখল নিতে পারছে না। এইরকম অবস্থা দেখা দিয়েছে। কাজেই সেখানে আমরা কি অন্যায় করেছি? যে দেশ গরীব সেই দেশের লাক্সারি করবার ক্ষমতা আছে? মানুষকে যদি ঘর করে দিতে হয়, বস্তী ভেঙে যদি ঘরবাড়ী করে দিতে হয় তাহলে নিশ্চয়ই জমিতে হাত পড়বে। জমি আমরা সৃষ্টি করিনি, জমি আমাদের পূর্বপুরুষরাও সৃষ্টি করেন নি, জমি সৃষ্টি করেছেন ঈশ্বর। আমরা কি অধিকারে, কি ক্ষমতায় তাকে আটকে রাখছি? একটা ইনজাংশন হচ্ছে, যখন সেটা ভ্যাকেটেড হল তখন দেখা গেল সে মরে গেছে। এই ভ্যাকেটের অর্থ কি? ৫ বছর সে ফসল আদায় করে নিল, ৫ বছর সে লাভ করে নিল। মানুষ কি এর বিরুদ্ধে ভোট দিয়েছে? মানুষ কি বলেছে যে, ঐ উকীল, ব্যারিস্টারকে পয়সা দাও, ঐ বড়লোকের হাতিয়ার রেখে দাও, আর আমরা না খেয়ে থাকবো? মানুষ কি এই ভেবে ভোট দিয়েছে? যে কাজ আমরা করেছি একটার পর একটা ইন্দিরা গান্ধীর নেতৃত্বে, এই যে ২০ দফা কর্মসূচী, সেই ২০ দফা কর্মসূচী সম্পর্কে মানুষ কি বলেছে যে, এটা আমরা চাই না। মানুষ কি ভোট দিয়েছে তার বিরুদ্ধে? মানুষ কি ভোট দিয়েছে আমাদের প্রোগ্রামের বিরুদ্ধে? না। মানুষ বরং বলেছে এই ২০ দফা কর্মসূচীর বিরুদ্ধে যে কাজ হয়েছে তার বিরুদ্ধে ভোট দিয়েছে।

২০ দফা কর্মসূচী রূপায়ণের পথে যে জিনিস বাধা হচ্ছে তার বিরুদ্ধে ভোট দিয়েছে। ইনস্টেবিলিটি যদি দেশে আসে, তার বিরুদ্ধে ভোট দিয়েছে। গণতান্ত্রিক পদ্ধতিতে যিনি মুখ্যমন্ত্রী হয়েছেন, তাকে সরানো চলবে না, তার বিরুদ্ধে ভোট দিয়েছে। যদি কনষ্টিটিউশনে কোন ক্ষমতা না থাকে এবং কোন মানুষ যদি সেই ক্ষমতা আঁকড়ে থাকে বা ক্ষমতা নিয়ে নাড়াচাড়া করে তাহলে তার বিরুদ্ধে ভোট দিয়েছে। একস্ট্রা কনষ্টিটিউশনাল পাওয়ারের বিরুদ্ধে ভোট দিয়েছে। খবরের কাগজে ডিবেট ছাপা হয়েছে—অস্বীকার করবার উপায় নেই, সেই ডিবেট কেউ অস্বীকার করেনি, আমরা দেখলাম ইন্দিরা গান্ধী নিজে স্বীকার করেছেন, তিনি বলেছেন আমি জানি না, কেন যে একসেস হয় তাও বুঝতে পারি না। আমলাতন্ত্র আজকে নাচছে, কেননা আজকে সরকারের গণ্ডগোল হলেই আমলারা নাচবেই এবং এই আমলাতন্ত্র যদি দেখে বিধানসভা আজকে টলমল করছে, হৈ-চৈ হচ্ছে—খবরের কাগজে যদি এটা দেখে তাহলে তারা নাচবে। তাতে মরবে কে? মরবে ঐ কোটি কোটি মানুষ, যারা ২০ দফা কর্মসূচী চায়। মধ্যবিত্ত মানুষ ভোট

দিয়েছে ৬০০০ টাকার জায়গায় ৮০০০ টাকা পর্যন্ত ইনকাম ট্যাক্স রিলিফ্ দেওয়ার জন্য? এর বিরুদ্ধে তারা ভোট দেয়নি। কংগ্রেস কর্মসূচী দিয়ে পরিচিত, ইজম্ দিয়ে পরিচিত নয়। এই কর্মসূচীর দোষ কোথায়? কর্মসূচী রূপায়ণের দোষ। কোন সরকার কখনই বলতে পারে না যে, আমরা আমাদের সমস্ত কর্মসূচী সম্পূর্ণরূপে রূপায়ণ করেছি। তাহলে এত চিৎকার কেন? হ্যাঁ বলতে পারেন যে, সমস্ত সিক্ ইণ্ডাস্ট্রিজ এখনো খোলা হয়নি। বলতে পারেন কোথাও প্রফিট হয়েছে, হয়তো সেখানে বোনাস দেওয়া উচিত ছিল। কিন্তু এ্যাট দি সেম টাইম দুর্গাপুরে ৪০% অফ্ দি ক্যাপাসিটি প্রডিউস হতো, আজকে সেখানে ৯০% অফ্ দি ক্যাপাসিটি প্রডিউস হচ্ছে, মানুষ কি তার বিরুদ্ধে ভোট দিয়েছে? যে জমিতে আগে একবার ফসল হত, আজকে সেখানে তিনবার ফসল হচ্ছে, মানুষ কি তার বিরুদ্ধে ভোট দিয়েছে? আজকে কি লোকে ভোট দিয়েছে একটা হেল্থ সেণ্টারের জায়গায় ২/৩টি প্রাইমারী হেল্থ সেণ্টার হয়েছে, তার বিরুদ্ধে ভোট দিয়েছে? লোকে গ্রামে ইলেকট্রিসিটি যাচ্ছে বলে তার বিরুদ্ধে কি ভোট দিয়েছে? একটার জায়গায় ১০টা বাড়ীতে, হাসপাতালে, স্যালো টিউবওয়েলে, ডিপ টিউবওয়েলে ইলেকট্রিসিটি যাচ্ছে বলে তার বিরুদ্ধে কি ভোট দিয়েছে? মানুষের কাজ করবার জন্য যে ডিষ্ট্রীক্ট প্ল্যানিং কমিশন হয়েছে—এ সি পি আই হয়েছে, তার বিরুদ্ধে কি মানুষ ভোট দিয়েছে? আমি একটা প্রশ্ন করতে চাই যে, কোন্ পার্টির বিরুদ্ধে এই ভোট? মানুষ কোন্ কাজের বিরুদ্ধে ভোট দিয়েছে? একমাত্র যে কাজের বিরুদ্ধে ভোট দিয়েছে, সেটা হচ্ছে অংকগ্রেসী কাজের বিরুদ্ধে এবং সেই অকংগ্রেসী কাজ যদি কিছু হয়ে থাকে তাহলে তার জন্য কিছু মানুষ দায়ী এবং তাদের সঙ্গে আমলাতন্ত্র দায়ী। কিন্তু তার জন্য কংগ্রেস কী দায়ী? সেই সঙ্গে মানুষের কংগ্রেস সম্পর্কে ক্ষোভ আসতে পারে, নিশ্চয়ই আসতে পারে। আমাদের দেশে শান্তি ছিল চাষ হয়েছে, আমাদের দেশের মানুষ জমি পেয়েছে, ফার্টিলাইজার পেয়েছে। হ্যাঁ, জিনিসের দাম বেড়েছে, ঠিক কথা তেলের দাম বেড়েছে, অন্যান্য আরো দু'-একটি জিনিসের দাম বেড়েছে। চালের দাম হয়ত আরো ২ আনা কমতে পারত। কিন্তু ভাবতে হবে তেলের দাম যদি বেড়ে থাকে তাহলে সেটা কার দোষে বেড়েছে? দোষ কি সোসালিষ্টদের? দোষ কি কংগ্রেসের? না, দোষ ঐ পুঁজিপতিদের, না, যারা পুঁজিপতিদের মাথায় তুলে আজকে তাদের পকেটে ঢোকবার চেষ্টা করছে তাদের, কাদের দোষ? মানুষ কমলনাথকে চায় না। পশ্চিমবাংলার কংগ্রেসী মানুষ কমলনাথকে চায় না। এটা জানা দরকার। আমরা কি শুধু ক্ষমতার রাজনীতির জন্য দেশটাকে জলাঞ্জলি দেব? কোটি কোটি মানুষকে জলাঞ্জলি দেব? আমাদের দেশের কি অবস্থা হয়েছিল ১৯৬৭ সালে? কি অবস্থা হয়েছিল ১৯৭১ সালে? সেটা কি আমাদের কারো মনে নেই? তারপর গ্রামে, বস্তিতে, দুঃস্থ সমাজে মানুষের মধ্যে বিশ্বাস জন্মেছিল যে, এই কংগ্রেস পারে এবং এই কংগ্রেস পারবে। কিন্তু মনে আঘাত লেগেছিল —কেন মনে আঘাত লেগেছিল, না, তারা হঠাৎ দেখল যে, সমস্ত যন্ত্র নষ্ট হয়ে যাচ্ছে, সমস্ত যন্ত্র টলমল করছে। তারা প্রথমে জানতও না যে, দিল্লীতে কি হচ্ছে, বাংলাদেশের মানুষ যখন জানতে পারল তখন সব টলমল করছে। তারা ভাবল কি হবে, আবার কি হবে এদেশের?

[4-20—4-30 p.m.]

এর বিরুদ্ধেই তাই ভোট এস এস পি কংগ্রেসের জন্য নয় অথচ যে কংগ্রেসকে সি পি এম তাড়াল সেই কংগ্রেসই আজকে সি পি এমের সঙ্গে হাত দিয়ে চলছে। দেশ কাকে ভোট দিয়েছে—কংগ্রেস না সি পি এম, পি এল ডি? আমি জানতে চাই কোন্

ট্রেড ইউনিয়ন আজকে বলছে আমি জনতার ট্রেড ইউনিয়ন, আমি বি এল ডি বা জনসংঘের ট্রেড ইউনিয়ন? আমি জানতে চাই কোন্ মুসলমান বলবে আমি জনসংঘের লোক। এই ভোট অন্যায়, বিশৃংখলা এবং বিশ্বাসহানির বিরুদ্ধে ভোট। এই বিধানসভায় যতই গালাগালি দিন যেখানে বাতি গেছে, আলো গেছে, যে জীবনে চিন্তা করতে পারেনি তার উপর একটা ছাড় থাকবে সে কি এর বিরুদ্ধে বলছে? কো-অপারেটিভ ডিপার্টমেণ্ট, কো-অপারেটিভ সেক্টার্স কবে কাপড় দিচ্ছে তার বিরুদ্ধে ভোট? এই পুকুর কাটা হচ্ছে তার বিরুদ্ধে ভোট? গ্রামে গ্রামে যে স্ট্যাটুটরি রেশনকার্ড হচ্ছে তার বিরুদ্ধে ভোট? কিসের জন্য এই ভোট সেটা বলে দিন। এমন কি আমাদের লোকসভায় যাঁরা আছেন, এখানে আজ নেই, তাঁরা পর্যন্ত একথা বলেন নি। ভোট কাকে দিয়েছো—রামবাবুকে, কাশীবাবুকে নিশ্চয় নয়—ইনডিভিজুয়েলকে —না। আমরা কি জানতাম কোন কোন পার্টি নিয়ে কোয়ালিশন হবে, তাও নয়। কংগ্রেসের নীতিবিরোধী বা সংবিধানের নীতিবিরোধী বা কংগ্রেসের গরীবী হটানো নীতিবিরোধী রায় এটা নয়। আমরা বলেছি সেক্যুলারিজম এণ্ড সোসিয়ালিজম এনেছি। সেক্যুলারিজম বা সোসিয়ালিজমের বিরুদ্ধে রায় এটা নয়। আজ এটা বিচার করার সময় এসেছে। মানুষের এই রায়ের বিশ্লেষণ আজ করতে হবে। এটা করতে গিয়ে দেখবেন কংগ্রেসের নীতি বা সংবিধানের নীতিবিরোধী কাজ হয়েছে ফলে তার বিরুদ্ধে ভোট। আমাদের দেশের শতকরা ৭০ জন মানুষ চায় না দারিদ্র্য থাকুক। তাই তার বিরুদ্ধে ভোট দেয়। সুতরাং আমরা যতদিন কংগ্রেসের নীতি পালন করে যাব, আমরা যতদিন দরিদ্র মানুষের সেবা করে যাব, আমরা যতদিন সোসিয়ালিজম প্রতিষ্ঠা করবার চেষ্টা করে যাব, আমাদের সংবিধান অনুসারে আমরা যতদিন কাজ করতে পারব ততদিন সি পি এমকে ডেকে এনে দেশের ভণ্ডুল করব না। দেশের ভণ্ডুল আগে তো দু'বার হয়েছিল, দেশকে পিছিয়ে দেবার ব্যাপারে সাকসেসফুল হয়েছিল। আবার কেন সেই চেষ্টা? যথেষ্ট হয়েছে, আজ পর্যন্ত কোন ক্রেডিট পায়নি, কোন এ্যাচিভমেণ্ট হয়নি। এ্যাচিভমেণ্ট নিশ্চয়ই হতে পারে, অনেক জ্ঞানী-গুণী লোক আছে, এ্যাচিভমেণ্ট হোক, তখন বিচার করবে। আজকে কংগ্রেসের এ্যাচিভমেণ্টের দোষটা কোথায়, নীতির দোষটা কোথায়, আমাদের কর্মসূচীর দোষ কোথায়, ২০ দফা কর্মসূচীর দোষটা কোথায়? এমনকি ৫ দফা কর্মসূচী নিয়ে এক্সেস সম্বন্ধে বলেছেন, কিন্তু বলেন নি যে ফ্যামিলি প্ল্যানিং বন্ধ করুন। কেন্দ্রে কোন মন্ত্রী বলেন নি যে ফ্যামিলি প্ল্যানিং বন্ধ করে দিন, বরং বলেছেন এক্সেস বন্ধ করুন। ভারতবর্ষের মানুষ যারা চিরকাল পদদলিত ছিল বৃটিশ শাসনে তারা আর ঐ জাতীয় জিনিস চায় না, অর্থাৎ কিনা এক্সেস চায় না। তারা চায় শান্তিপূর্ণ জীবন যেখানে থাকবে ঘরের লক্ষ্মী, যেখানে থাকবে আনন্দ, যেখানে বাঁচবার অপরচুনিটি থাকবে। আমরা সেই কাজ করতে নেমেছি, যতদিন সেই কাজ করে যাব ততদিন আর যে যাই বলুন না কেন পথ আমাদের ঘুরবে না, সেই পথ আমাদের চলবে যে পথ দরিদ্রতম মানুষের পথ। এই কথা বলে গভর্ণর স্পীচের জন্য থ্যাংকস দিয়ে যে রেজলিউশন এসেছে তাকে সাপোর্ট করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরামদাস ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যখন ১৯৭২ সালে এই সভায় ফিরে আসি নিশ্চয়ই আমি কংগ্রেসের যে প্লেজ ছিল তাতে সই করেছিলাম। কি ছিল সেই প্লেজ, কি লেখা ছিল তাতে—তাতে লেখা ছিল গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্রবাদ। আমি বিশ্বাস করেছিলাম সেই আদর্শ, সেই প্লেজে আমি সই করেছিলাম, বসেছিলাম সরকারী দলের

একজন সদস্য হিসাবে। ওখান থেকে সরে এসেছি নিষ্ঠুর পরিহাসে। কেন সরে এলাম—মনে আছে আমার ১৯৭৫ সালের সেই ২৬শে জুন তারিখে যখন এমারজেন্সি ডিক্লেয়ার করা হল তারই প্রথম প্রত্যুষে নির্বাচন হল রাজ্যসভার। রাজ্যসভায় ভোটাভুটি হল গোপন ব্যালটে, কে কাকে ভোট দিল নিশ্চয়ই তা জানতে পারেনি। হঠাৎ সন্ধ্যাবেলা, কোন খবর আমাকে দেওয়া হল না, কোন শো-কজ নোটিশ আমাকে দেওয়া হল না, রেডিওতে এ্যানাউন্সড হল, তার পরের দিন খবরের কাগজে প্রকাশিত হল রামদাস ব্যানার্জীসহ আরো ৪ জন বিশিষ্ট কংগ্রেস নেতা কংগ্রেস থেকে বহিষ্কৃত। জরুরী অবস্থার এই প্রতিফলন আমরা দেখতে পেলাম। ভোলা-বাবু গণতন্ত্রের কথা বলে গেলেন, তিনি একজন বিখ্যাত আইনবিদ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও একজন বিখ্যাত আইনবিদ, এটা কোন্ আইনে আছে আমাদের দয়া করে বলে দেবেন।

(তুমুল হট্টগোল)

আমার কণ্ঠস্বর দাবিয়ে রাখতে পারবেন না। ১৯৭১ সালে এই কণ্ঠস্বর ছিল সারা বর্ধমান জেলার কণ্ঠস্বর, আবার এই ১৯৭৭ সালে আমাদের একক কণ্ঠস্বর হবে সারা পশ্চিমবাংলার কণ্ঠস্বর, এই কণ্ঠস্বর কংগ্রেস ফর ডেমোক্র্যাসির জন্য, কংগ্রেস ফর ভ্যাসেক্টমির জন্য নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন বিখ্যাত আইনবিদ, আপনি জানেন কোন লোককে যদি সাজা দিতে হয় তাহলে তার দোষ প্রমাণিত হওয়া দরকার। মানুষকে তার দোষের বিচার না করে সাজা দিতে পারেন না। গোপন ব্যালটে গোপনভাবে ভোট দেওয়া হল। আমার বিরুদ্ধে অভিযোগ আনলেন তাঁরা কংগ্রেসের যে ক্যানডিডেট ছিল তাঁকে আমরা ভোট দিইনি। এই হল এমারজেন্সির রেজাল্ট। তারপর কি দেখলাম আমরা—নিরপরাধী খবরের কাগজের প্রতিনিধিদের একে একে ধরে নিয়ে গিয়ে জেলে ঢুকিয়ে দেওয়া হল। বিভিন্ন কলজের ছাত্রদের কারাগারে নিক্ষেপ করা হল। পাঞ্জাব থেকে এনে জেলমন্ত্রীকে বলা হল কারাগারে হত্যা কর বাংলার যুবকদের। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই বাঙ্গালী যুবকরা আর জীবনে ফেরেনি। একের পর এক হত্যা করলেন জেলের মধ্যে। জরুরী অবস্থায় এই সরকার পেপারের কণ্ঠস্বর রুদ্ধ করলেন, রেডিও বন্ধ হয়ে গেল, মানুষের স্বাধীন মতপ্রকাশের আর কোন সুযোগ রইল না।

[4-30—4-40 p.m.]

আমরা বেরিয়ে গেলাম কাজেই আমাদের বক্তৃতা আর প্রকাশিত হল না। কোথায় ছিলাম আমরা এবং কোথায় গেলাম আমরা। মহামতি গোর্কি বলেছিলেন,

"Fear is the ruin of us all. A man afraid rots like briches in the marsh."

সমস্ত পৃথিবী তাকিয়ে দেখল ভারতবর্ষে আসমুদ্র হিমাচল কি অবস্থা হল। আমাদের দেশে যে ভীতি এবং বীভৎসরাজ সৃষ্টি হয়েছিল তারই পরিপ্রেক্ষিতে জন্ম নিল সি এফ ডি পার্টি। I am fighting as a member of the Congress for Democracy to establish democracy in the country. We are fighting for the freedom of the people and for the freedom of the press. Let me quote here, "Mahatma Gandhi, the father of the Nation, taught us to be fearless and face the most powerful foreign ruler with love and without bitterness. He represented the spirit of defiance against injustice and oppression. He stood for the dignity of the individual and self respect. Masses in action were his irrepressible power." This was the lesson we got from Mahatma Gandhi.

কংগ্রেসের নেতা ছিলেন পণ্ডিত জওহরলাল নেহরু এবং তিনি ছিলেন গণতন্ত্রের একনিষ্ঠ পূজারী। কিন্তু দুঃখের সঙ্গে দেখলাম তাঁর সাধের গণতন্ত্রকে গলা টিপে হত্যা করা হল। আমি যদি বলি The Ministry has said through our Hon'ble Governor that the extension of the life of the Legislative Assembly as a result of the 42nd Amendment of the Constitution gives me the opportunity of addressing you for the sixth year in succession. I must say that the 42nd Amendment of the Constitution is the production of emergency. If there is no emergency in the country, 42nd Amendment cannot exist. Freedom from fear is the first essential to make India strong. The involvement of masses was lacking to complete the unfinished economic revolution. Programmes were announced but the instruments were not created to implement them and powerful forces were unleashed to see that they were sidetracked and not implemented. The Congress for Democracy thought fit to demand for the immediate withdrawal of the Emergency. We also thought fit to demand for the repeal of MISA. আমরা সাধারণ মানুষের কাছে বলেছিলাম আমরা যদি কোনদিন পাওয়ারে আসি তাহলে এই ৪২তম এ্যামেণ্ডমেণ্ট যেটা হল তাকে বাতিল করে দেব। আমরা বলেছিলাম যে সমস্ত অগণতান্ত্রিক কাজ এই সরকার করেছে সেই সমস্ত কাজ আমরা দূর করে দেব এবং তার প্রতিবিধান করব। আমি জিজ্ঞাসা করি কোন্ গণতান্ত্রিক নীতিতে এই সরকার এখনও কায়েম হয়ে আছে। আমি জিজ্ঞাসা করি কোন্ গণতান্ত্রিক নীতিতে এই সরকার তার আরও এক বছর পরমায়ু আছে বলে চিৎকার করে দাবী করছেন? আমরা যে প্লেজের ভিত্তিতে সই করেছিলাম তাতে আমরা জনসাধারণকে বলেছিলাম আমরা সমস্তরকম অগণতান্ত্রিক কাজ দূর করব। আমরা এ্যাসেম্বলীর বাইরে যেকথা বলেছি, এ্যাসেম্বলীর ভেতরেও সেকথা বলব। আমরা মনে করি এই গণতান্ত্রিক সরকারের আর এক মুহূর্তও এখানে থাকা উচিত নয়, এঁরা থাকতে পারেন না। সরকার অনেক বড় বড় কাজের কথা বলেছেন। আমরা জানি পশ্চিমবাংলার জনসাধারণকে তাঁরা অনেক প্রতিশ্রুতি দিয়েছিলেন। আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন বেঙ্গলী ল্যাঙ্গোয়েজকে যথারীতি মর্যাদা দেবেন। আমি আপনাদের কাছে জিজ্ঞাসা করি সেই মর্যাদা আপনারা দিয়েছেন কি? আমি আপনাদের কাছে এ্যাসিওরেন্স কমিটির রিপোর্ট পড়ে শোনাচ্ছি।

"The Committee considered the report and was dissatisfied to learn that no appreciable progress was made in implementation of the assurance for introduction of Bengali language in official work. The previous Committee recommended for fixing of a deadline after which the use of any language other than Bengali should not be entertained in certain definite categories of official correspondence. From the report submitted by the department no action appears to have been taken on the line suggested by that Committee. The Committee, therefore, takes a serious view of the same and directs that appropriate measure should be taken on the recommendation of the previous Committee and a report in this regard be submitted to the next Committee."

এই হচ্ছে আমাদের প্রতিশ্রুতির ফল। আপনারা বলেছিলেন যে আপনারা পুরুলিয়ায় ষ্টীল প্লাণ্ট করবেন, আপনারা বলেছিলেন সিমেণ্ট ফ্যাক্টরি করবেন, আপনারা বলেছিলেন আলন্দায় সিমেণ্ট ফ্যাক্টরি তৈরী করবেন, কিন্তু কিছুই করেন নি। আপনারা অনেক রুগ্নশিল্পকে সবল

করেছেন, আপনারা অনেক বন্ধ কারখানাকে খুলেছেন কিন্তু ঢাকেশ্বরী কটন মিল কেন খোলা হলো না জানতে পারি কি? এ্যালুমিনিয়াম কর্পোরেশন কেন খোলা হলো না জানতে পারি কি? সেন র‍্যালেতে আপনারা প্রচুর টাকা দিলেন। যে-সমস্ত কর্মী ওখানে কাজ করছিল তাদের সকলকে জয়েণ্ট করতে দেওয়া হলো না কি কারণে তার কৈফিয়ৎ আপনাদের দিতে হবে। আসানসোল-রাণীগঞ্জের রুরাল ওয়াটার সাপ্লাই স্কীমের সেকেণ্ড ফেজের কাজ শুরু করার কিছুই হয়নি। সমস্ত প্রতিশ্রুতি আপনাদের জলে চলে গেছে। শুধু অসত্য এবং অসার কথার ফুলঝুরি, তা দিয়ে লোককে বিভ্রান্ত করেছেন। আপনাদের সমস্ত কার্যকলাপ আজ জনসাধারণের কাছে ধরা পড়ে গেছে। আজ এই গভর্ণরের ভাষণে শুধু কর্পোরেশন তৈরীর কথা। জনসাধারণ যাকে বলে চোর্পোরেশন। আপনারা কর্পোরেশ করে কাকে বসিয়েছেন—দুর্নীতিগ্রস্ত বন্ধুবান্ধব, আত্মীয়-স্বজনদের। একটা উদাহরণ দিচ্ছি—এই বিধানসভারই একজন সদস্য ছিলেন তিনি মন্ত্রিসভারও সদস্য ছিলেন এমন একজন ভদ্রলোক যাকে ওয়াংচু কমিটি দোষী সাব্যস্ত করলো তাকে নিয়ে বসালেন চেয়ারম্যান করে জুট কর্পোরেশনে। এইরকম বহু দৃষ্টান্ত আছে। হিসাব দিতে গেলে ঠাঁই পাওয়া যাবে না। এদের সর্বাঙ্গে ঘা, মলম দেব কোথায়। আমি তাই বলছি বড়বাবুর বড় চুরি—তা দোষের নয়। বড়বাবুদের কিছু হয় না, ছোট ছোট এম এল এদের ফাইল দেখানো হয় বলা হয় তোমাদের ফাইল আমাদের কাছে আছে। স্যার, এরা গণতন্ত্রকে হত্যা করেছে, এরা নিরাপরাধ বহু যুবককে পশ্চিমবাংলার জেলে হত্যা করেছে। এরা গণতন্ত্রকে হত্যা করে ক্ষান্ত হয়, মনুষত্বকে হত্যা করেছে। এখানে আমার বন্ধু জয়নাল আবেদিন বললেন আমরা সি পি এমের সঙ্গে হাত মিলিয়েছি কেন? আমি তাকে বলছি সি পি এম মানুষকে হত্যা করেছে আর আপনারা মনুষত্বকে হত্যা করেছেন। আপনারা গণতন্ত্রকে হত্যা করেছেন। দেশবাসীর যে ঐতিহ্য, ভারতীয় যে ঐতিহ্য, যে ঐতিহ্যের তুলনা পণ্ডিত জওহরলাল নেহরু করে গেছেন, স্বামী বিবেকানন্দ করে গেছেন, সেই ঐতিহ্যকে আপনারা টুঁটি টিপে হত্যা করেছেন, আপনারা হত্যাকারী, আপনারা ষড়যন্ত্রকারী, আপনারা অসত্য ভাষার ফুলঝুরি সাজিয়ে মানুষকে ধোঁকা দিয়ে আপনারা ঐ আসনে বসে আছেন। মনে রাখুন একটা উক্তি করে যাচ্ছি আপনাদের কাছে, ইতিহাসের কথা ভুলবেন না, দেওয়ালের লিখন ভুলবেন না। মানুষ তখনই নিজেকে বিচার করতে পারে যারা শিল্পী গুণী-জ্ঞানী তাদের কথা যদি আপনারা শোনেন। আমরা সবাই যে বন্ধুকে অতি মহান বলে জানি আর তারই নাতি সিদ্ধার্থশঙ্কর রায় (গোলমাল)

(Noise)

Mr. Speaker : Honourable members, please allow his to proceed.

যখন পশ্চিমবাংলার ভারপ্রাপ্ত কেন্দ্রীয় মন্ত্রী কয়েকশত নরহত্যা করেছেন। পুলিশপুষ্ট প্রতিরোধবাহিনী করে এই নারকীয় হত্যাকাণ্ড ঘটিয়েছেন আজ পর্যন্ত তার কোন তদন্ত হয়নি।

[4-40—4-50 p.m.]

এই নারকীয় ঘটনার কোন তদন্ত হয়নি। নকশালপন্থীদের যেভাবে হত্যা করা হয়েছে তা হিটলারের কনসেনট্রেশন ক্যাম্পের চেয়ে কোন অংশেই কম নয়, কম যদি হয়ও তাহলেও কোয়ালিটি একই। খালি অসত্য কথায় ফুলঝুরি ঝরতে থাকে ওঁর মুখে, আজ অবধি যে-সমস্ত প্রতিশ্রুতি দিয়েছেন জনসাধারণের কাছে তার একটাও পালন করেন নি। পশ্চিমবঙ্গে অনেক মুখ্যমন্ত্রীকে দেখেছি কিন্তু এইরকম অসত্য ভাষণ দিতে কোন মুখ্যমন্ত্রীকে দেখিনি। রাজনীতির টান সামান্যক্ষণের জন্য মোহসৃষ্টি করে ঠিকই কিন্তু তারপরে লোকচক্ষে হেয় হয়,

তার প্রতি কারো আস্থা থাকে না। যে রাজ্যে এইরকম অবস্থা, যে রাজ্যে রাত থেকে সকাল হলে নিজের নাড়ী পরীক্ষা করে দেখতে হয়, এই যদি অবস্থা হয়, এই যদি হয় পশ্চিমবঙ্গের পরিস্থিতি তাহলে পশ্চিমবঙ্গের মানুষ কাদের দিকে তাকিয়ে আজকে বাঁচবে বলতে পারেন? তাই আজ আমরা ডিমাণ্ড করছি, আমাদের রাইট আছে, আমরা বাইরে যেকথা বলেছি, এই অগণতান্ত্রিক পদ্ধতিতে যে সরকার কায়েম হয়ে আছে তা কিছুতেই থাকতে পারে না। আমি আজ এই এ্যাসেম্বলী হাউসের মধ্যে বলছি এই সরকার, এই অগণতান্ত্রিক সরকারকে এক মুহূর্ত এখানে থাকতে দেওয়া যেতে পারে না। আমি চার্জ আনছি এই সরকারের নামে যে এই সরকার অসত্য ভাষণের জন্য দায়ী, এই সরকার দুর্নীতির অভিযোগে অভিযুক্ত, এই সরকার হত্যার অভিযোগে অভিযুক্ত, এই সরকার গণতন্ত্র ধ্বংসকারী, এই সরকার শেষে--সর্বশেষ নয়, বিবেকানন্দ, দেশবন্ধু, সুভাষচন্দ্র, ডাঃ বিধানচন্দ্র রায় প্রমুখের মত বাংলার মহান মানুষের মুখে কলঙ্কলেপনকারী, এই রিগিংবাজ সরকার এক মুহূর্ত এখানে থাকতে পারে না। আমি আরো কয়েকটি কথা বলতে চাই, অধ্যক্ষ মহাশয়, আমাকে আর দু'-এক মিনিট সময় দেবেন, আমার উপর ডাঃ জয়নাল আবেদিন অনেকগুলি অভিযোগ এনেছিলেন, আমি বিনয়ের সঙ্গে তাঁকে বলছি তাঁর কোন অভিযোগ আমি প্রতিবাদ করতে যাবো না অকথ্য এবং আনপার্লামেণ্টারি ওয়ার্ড দিয়ে শুধু তাঁকে বলবো বৃদ্ধ আমি হয়েছি, আমার বয়স ৫৩ বছর হচ্ছে, তাঁর মত আমি হয়তো বাচাল শিশু না হতে পারি, তাঁর মত আমি হয়তো ভ্যাসেকটমির ডাক্তার না হতে পারি, কিন্তু বিনয়ের সঙ্গে বলছি যে ভাষা তিনি প্রয়োগ করেছেন, যেভাবে দোষারোপ তিনি আমাদের প্রতি করেছেন আমরা তার প্রতিবাদ করছি, আমরা দলত্যাগী নই। দলত্যাগী যদি আমরা হই তাহলে ১৯৬৯ সালে, অধ্যক্ষ মহাশয়, উনি যখন এই সরকারে এসেছিলেন, যে কংগ্রেসে সই করে এসেছিলেন তা অতুল্য ঘোষের কংগ্রেসে সই করে এসেছিলেন, তিনি অতুল্য ঘোষের কংগ্রেসের নেতাকে প্রত্যাখ্যান করে, রেড্ডীকে ভোট না দিয়ে গিরিকে ভোট দিয়েছিলেন, জানতে পারি কি এই দলের যাঁরা নেতা তাঁরা কি কংগ্রেস ছেড়ে আসে নি? তিনি কি দলত্যাগী ছিলেন না? সেদিন যাঁরা কংগ্রেসের সদস্য ছিলেন, ১৯৬৯ সালে তাঁরা যখন সেই কংগ্রেসকে শেষ করে ইন্দিরা গান্ধীর পিছনে পিছনে চলে এলেন একটু স্বার্থের লোভে, তখন তাঁরা দলত্যাগী হয়ে আসেন নি? আমি যদি দলত্যাগী হই, কাশীকান্ত মৈত্র যদি দলত্যাগী হন, তাহলে আপনারা প্রত্যেকেই দলত্যাগী। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, I appeal to you to see that when a speaker from this side speaks he is not interrupted and that peace is maintained in the House.

Mr. Speaker : Mr. Besterwitch, I think peace in the House is being perfectly maintained. There will be some excitement when fighting speeches are going on between the opposition and the ruling party. When the opposition attacks the ruling party and the ruling party attacks the opposition, naturally there will be some excitement. But that does not mean that we are going beyond propriety ; we are maintaining propriety in the House well.

শ্রীসচ্চিদানন্দ সাহু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমি আমার বক্তব্য রাখতে চাইছি। আমি এতক্ষণ এখানে বক্তৃতা শুনছিলাম। অধ্যক্ষ মহাশয়,

নির্বাচনে পরাজয় আছে আপনি জানেন। পরাজয় জয়েরই নামান্তর। আমরা যারা কংগ্রেস করি, কংগ্রেস কর্মী এটা বিশ্বাস করি। বিশ্বাস করি এই কারণে যে আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। গণতন্ত্রে বিশ্বাস করি বলেই আজকের এই নির্বাচন হয়েছে এবং এই নির্বাচনের মাধ্যমে জনমানসের রায় প্রকাশ পেয়েছে। কাজেই নির্বাচনের মধ্য দিয়ে গণতন্ত্রের প্রতিষ্ঠা এবং সেই রায় আমরা মেনে নিয়েছি। গণতন্ত্রে পরিষ্কার বিশ্বাস করে কংগ্রেস, কংগ্রেস কর্মী হিসাবে আমিও বিশ্বাস রাখি। গত ১৯৬৯ সালে, '৭১ সালে কংগ্রেস পরাজিত হয়েছিল, গঠিত হয়েছিল পশ্চিমবাংলায় যুক্তফ্রন্ট সরকার। সেদিন মানুষ বুঝতে পারেনি, নির্বাচনে এবারেও তেমনি বিপর্যয় এসেছে। হয়তো লোকসভার নির্বাচনে পরাজিত হয়েছি, কিন্তু কংগ্রেস কর্মী হিসাবে আমার এই জাতীয় বিশ্বাস আছে, এই নির্বাচনে পরাজয়ের মধ্য দিয়ে শিক্ষা গ্রহণ করে পরবর্তী নির্বাচনে কংগ্রেস আবার জয়যুক্ত হবে। আমরা এই বিশ্বাস নিয়ে কাজ করছি। আমি এতক্ষণ সি পি আই বন্ধুদের কথা শুনছিলাম, তাঁরা বলছিলেন আমাদের কোন উন্নতি হয়নি, কোন উন্নতি তাঁরা দেখতে পাচ্ছেন না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার কাছে বলতে চাই রাজ্যপালের ভাষণে কি দেখতে তাঁরা পেলেন না সরকারের অধীনে কি উন্নতি হয়েছে? শ্রমিকদের কি কোন উন্নতি হয়নি? শ্রমিক জীবনের কি উন্নতি হয়নি? জরুরী অবস্থার মধ্যে কি শ্রমিকদের অধিকার মালিকের সঙ্গে সমানভাবে প্রতিষ্ঠিত হয়নি? তাঁরা কি বলতে চাইছেন আজকে শ্রমিক শ্রেণীর কোন উন্নতি হয়নি? কোন্ শ্রমিকের কথা বলতে চাইছেন? কলকারখানার শ্রমিকদের জীবনের কি উন্নতি হয়নি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি-শ্রমিক যারা দিনের পর দিন বঞ্চিত ছিল, গ্রামীণ জীবনে যে মানুষের অভাব ছিল, সেই শ্রমিকদের, মানুষদের তো এই সরকার প্রতিষ্ঠা করেছেন, এই শ্রমিকদের মজুরী বৃদ্ধি করেছেন। অথচ আজকে বলছেন শ্রমদপ্তরে কোন কাজ হয়নি। পশ্চিমবাংলায় এইরকম দক্ষ শ্রমমন্ত্রী অতীতে আর এসেছেন কিনা সন্দেহ। যে সুন্দরভাবে, সুষ্ঠুভাবে তিনি পশ্চিমবাংলার বুকে শ্রমদপ্তর পরিচালনা করেছেন তাতে আমি জিজ্ঞাসা করি কোন কাজ কি হয়নি? ভূমিহীন মানুষ যাদের কোন বাস্তু নেই, আদিবাসী, তফশিলী, সেই মানুষের জন্য কি কিছুই করেন নি? কোন্ মানুষ বলতে পারে যে কংগ্রেস সরকার মানুষের স্বার্থে কাজ করেন নি? আমরা তর্কের খাতিরে যত কথাই বলি না কেন, মানুষ নিশ্চিতভাবে জানে কংগ্রেস কাজ করেছে এবং কংগ্রেসের এই সরকার নিষ্ঠার সঙ্গে কাজ করার চেষ্টা করেছে। অনেকে বলেছেন এই সরকারের মধ্যে দুর্নীতি আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্নীতির কথা কি রাজ্যপালের ভাষণের মধ্যে পাননি? এই দুর্নীতি দূর করার জন্যই সরকার চেষ্টা করেছেন। জেলায় জেলায়, মানুষ জানে, দুর্নীতির বিষয়ে যাতে জানাতে পারে, তার জন্য সেখানে কমিটি করে দেওয়া হয়েছে। কাজেই এই সরকার দুর্নীতির বিরুদ্ধে সংগ্রাম করতে বদ্ধপরিকর। আজকে এঁরা বলছেন অফিসারদের ক্ষেত্রে দুর্নীতি আছে, তা দূর করার জন্য ব্যবস্থাও আছে রাজ্যপালের ভাষণে। কাজেই যত কথাই এই সরকারের বিরুদ্ধে বলছেন যে কিছুই করেনি, সেকথা কোন মানুষ বিশ্বাস করে না। কোন গরীব মানুষ, কোন মেহনতি মানুষ বিশ্বাস করে না, করবে না, গ্রামীণ জীবনে শ্রমিক বিশ্বাস করবে না, কোন ছাত্র বিশ্বাস করবে না। রাজনীতিতে জয়-পরাজয় আছেই, নির্বাচন জয়পরাজয় থাকবেই। এটা পরিষ্কার যে গণতন্ত্রে আমরা বিশ্বাস রাখি। রাজ্যপালের ভাষণে এই জিনিস রাখা হয়েছে। আমাদের দেশের উন্নয়নের কথা যে এই সরকার চিন্তা করছেন, সেই চিন্তা অতীতে কোন সরকার কোনকালে করেছেন

কিনা সন্দেহ। বিরোধী পক্ষের লোকেরাও একথা বলতে পারবেন না যে অতীতের কোন সরকার করেছেন। এই সরকার যে উন্নয়ন করে গেছেন, উন্নতির যে সোপান তৈরী করে গেছেন, অন্য কোন সরকার অতীতে তা করতে পারেন নি। এই সরকার গ্রামীণ জীবনে যে অর্থনৈতিক বুনিয়াদ গড়ে তুলেছেন একথা কি অস্বীকার করতে পারেন। প্রত্যেকটি ক্ষেত্রে গ্রামীণ জীবনে অগ্রগতি হয়েছে, পশুপালন থেকে আরম্ভ করে, পুকুর কাটা থেকে আরম্ভ করে, গ্রামীণ জীবন থেকে শুরু করে, সমবায় থেকে শুরু করে, শ্রমিক জীবন থেকে শুরু করে প্রত্যেকটি দিকেই এই সরকার চেষ্টা করছেন। প্রত্যেকটি ক্ষেত্রে যতটা অভাব আছে, হয়তো সবটুকু দূর করতে পারেন নি কিন্তু কংগ্রেস সরকার যে কাজ করেছেন, অতীতে কোন দল কোন সরকার করেছেন কিনা আমি জানতে চাইছি। রাজ্যপালের ভাষণকে সমর্থন করে, যে সমাজতন্ত্রে বিশ্বাস করি, সেই সমাজতন্ত্রকে রূপায়িত করার জন্য গরীব মানুষকে এগিয়ে নেবার জন্য, আগামী নির্বাচনে কংগ্রেস জয়যুক্ত হবে একথা বিশ্বাস করে, রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্, বন্দে মাতরম্।

[4-50—5-00 p.m.]

শ্রীভূপালচন্দ্র পাণ্ডা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপরে নানা বিষয়ে বিতর্কের সৃষ্টি হয়েছে। তবে আমাদের পার্টির পক্ষ থেকে আমাদের দলপতি বিশ্বনাথবাবু বা রাজ্যপালের কাছে মুখ্যমন্ত্রীকে সুপারিশ করার জন্য পূর্ণ নির্বাচনের রেকমেণ্ড করার জন্য আবেদন জানিয়েছিলেন সেটাকে খানিকটা ভুল বোঝা হয়েছে। আমি সেই বিষয়টা প্রথমে বলে নিতে চাই। কারণ মন্ত্রী মহাশয় জয়নাল আবেদিন সাহেব এই বিষয়ে একটু কটাক্ষ করেছেন। আমি বিনীতভাবে অনুরোধ করবো কটাক্ষ করার আগে একটু ভেবে দেখতে। আপনাদের মেনে নেওয়া উচিত প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যাকে আপনারা শ্রদ্ধা করেন এবং যাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করে আসছেন তিনি কিভাবে পদক্ষেপ নিয়েছেন। প্রাক্তন প্রধানমন্ত্রীর উপদেশ বা তাঁর কার্যকলাপ অনুসরণ করা উচিত ছিল। আমরা মনে করি সংবিধানে ক্ষমতাপ্রাপ্ত হয়েও তিনি যে নির্বাচনে অবতীর্ণ হলেন তার মূল ভিত্তি করে। জনসাধারণের রায় তিনি চেয়েছিলেন। সুতরাং সেইদিকে আমাদের গতিকে লক্ষ্য রেখে আমরা মন্ত্রিসভাকে অনুরোধ করেছিলাম নির্বাচনের সুপারিশ করতে। এই আবেদন জানানো হয়েছিল যে রাজ্যপালের নিকটে সেই সুপারিশ করুন। এখানে কারো প্রতি কটাক্ষ করার জন্য নয়। আসলে গণতন্ত্রের যে ধারা সেই ধারাকে অব্যাহত রাখার জন্য এবং প্রাক্তন প্রধানমন্ত্রী যে পথ অনুসরণ করেছেন সেই পথ অনুসরণ করার জন্য এই আবেদন রাখা হয়েছিল। ভুল বোঝার কোন অবকাশ নেই। অন্যদিকে আমাদের কংগ্রেস ফর ডেমোক্রেসীর তরফ থেকে এখানে যেসব বক্তব্য রাখা হয়েছে বিশেষ করে মাননীয় মৈত্রমশাই যেকথা বলেছেন যে এখানে রাজ্যপালের শাসন রেখে নির্বাচন করা হোক, আমরা সে বিষয়ে প্রতিবাদ করেছি। কারণ আমরা মনে করি রাজ্যপালের শাসন রেখে এখানকার নির্বাচন করা উচিত নয়। সেটা সংবিধান বহির্ভূতভাবে হবে বলে মনে করি। তাই সংবিধানকে মেনে নিয়ে এই মন্ত্রিসভার কাছে সুপারিশ করি রাজ্যপালের কাছে অন্তর্বর্তীকালীন অবস্থা বলে অধিকারগত প্রশ্ন থাকলেও, সংবিধানে থাকলেও, বর্তমান সারা ভারতবর্ষব্যাপী যেভাবে জনসাধারণ ভোটের মাধ্যমে নতুন পরিবর্তনের দিকে মতামত প্রকাশ করেছেন। আমাদের বিধানসভার উচিত হবে এই মন্ত্রিসভা সেইভাবে পূর্ণ নির্বাচন করবার

জন্য সুপারিশ করার। কাজেই আমাদের দলপতি বা আমাদের তরফ থেকে মাননীয়া গীতা মুখার্জী যে সুপারিশ করেছিলেন বা তাদের কাছে আবেদন জানিয়েছিলেন সে বিষয়ে কটাক্ষ করা অনুচিত। বরং বিশেষভাবে অনুরোধ করা উচিত বলে এই মন্ত্রিসভার কাছে আবেদন রাখছি। দ্বিতীয় কথা আমি অন্য বিষয়ে যেতে চাই না, আমি একটা বিষয় আপনার কাছে রাখবো। রাজ্যপালের ভাষণের মাধ্যমে আপনারা বলেছেন যা তাতে আছে একটা কমপ্লায়েন্সের ভাব এর মধ্যে ফুটে উঠেছে যা করেছি এইরকম কেউ করতে পারে না। সমস্ত দিক থেকে অগ্রগতির পথে চলেছি। সুতরাং আমাদের কোন ত্রুটি নেই। আমার বক্তব্য হচ্ছে নিশ্চয় এই বিগত ৫ বছরের মধ্যে আমাদের কোন ত্রুটি হয়নি বা ত্রুটি নেই এইরকম কোন দাবী করাটা কি যুক্তি? তার মধ্যে কোন কাজে ত্রুটি আছে কি নেই তার কোন অনুসন্ধান হয়েছে কি? এবং সেই সংশোধনের ফলে যে ত্রুটি কিছু কিছু ইতিমধ্যে বিধানসভায় যেসব জিনিস আলোচিত হয়েছে সেগুলি এর মধ্যে থাকলে ভাল হোত। কিন্তু তার কোনও উল্লেখ এর মধ্যে থাকলো না। আমার মূল বক্তব্য হচ্ছে রাজ্যপালের ভাষণটি সম্পূর্ণ আত্মপ্রশস্তিপূর্ণ। এই ভাষণ কমপ্লাসেন্সি। আমাদের এই কার্যকালের মধ্যে যে সমস্ত আইনকানুন জনগণের মঙ্গলের স্বার্থে, দেশবাসীর মঙ্গলের স্বার্থে করা হয়েছে সেগুলি যথাযথ প্রযোজ্য হয়েছে কিনা সেগুলি এই ভাষণের মধ্যে থাকা উচিত ছিল। আমাদের সেচব্যবস্থার প্রকৃত উন্নতি হয়েছে এ বিষয়ে কোন সন্দেহ নেই, নিশ্চয় আগের থেকে উন্নতি হয়েছে। সরকার খাদ্যশস্য ও অন্যান্য শস্যের উৎপাদন বৃদ্ধির জন্য সম্ভাব্য সবরকম ব্যবস্থা গ্রহণ করেছেন। সব কিছুই ব্যবস্থা করা হয়েছে বলে তার কয়েক ছত্র পরে সেই স্টাগাঙার শেষে বলছেন যেটা ১৭ নং দফায় রয়েছে যে কংসাবতী ও ময়ূরাক্ষী থেকে খরিফ মরশুমে কেবল আংশিকভাবে সেচের জল দেওয়া গিয়েছিল এবং ডি ভি সি থেকে বোরো ধানের জল দেওয়া যাবে না ঘোষণা করা হয়েছে। একেই বলে সম্ভাব্য সবরকম উন্নতির ব্যবস্থা হয়েছে বলে সেই সঙ্গে এইসব কথা বলছেন। অর্থাৎ প্রকৃতির যদি কোন বিপর্যয় ঘটে তাহলে ফসলহানি ঘটবে, তার কোন প্রতিবিধান করতে পারবেন না। সেচের বিশেষ উন্নতি করেছেন বলে দাবী করেন। কিন্তু সেই দাবী যথার্থ কিনা সেটা ভেবে দেখুন। তাই আমি বলছি একদিকে দেখতে পাচ্ছি এই ভাষণের মধ্যে কেবল আত্মপ্রশস্তি ফুটে উঠেছে—কিন্তু এর মধ্যে যেগুলি পারেন নি সেগুলিও থাকা দরকার ছিল। প্রকৃতির আক্রমণ প্রাকৃতিক বিপর্যয় ঘটলে তা থেকে অব্যাহিত পাবার কোন সংস্থান আপনারা করতে পারেন নি এ সম্বন্ধে আপনাদের স্বীকারোক্তি থাকা উচিত ছিল। এদিক থেকে রাজ্যপালের ভাষণে প্রকৃত চিত্র যথার্থ ফুটে উঠেনি। সব দিক ঠিকভাবে রক্ষা করা হয় নি। ক্ষুদ্র-সেচের মাধ্যমে কিছু উন্নতি হয়েছে, অনেক জমি সেচের আওতায় আনা হয়েছে সন্দেহ নেই। কিন্তু তার মানে শতকরা ৩০ ভাগের কম জমিতে জল দিতে পারছেন না, সেচের গ্যারাণ্টি দিতে পারছেন না একথা অস্বীকার করা যায় না। সুতরাং যেমন আমরা কাজে এগিয়ে গিয়েছি তেমনি অনেক কাজ যে করতে পারি নি সেটার উল্লেখ না থাকলে ভাষণটি ঠিক বলা চলে না সেই দিকে লক্ষ্য করার জন্য আমি অনুরোধ করবো। কৃষি-চাষের কাজে সার বীজ কীটনাশক দ্রব্য সরবরাহ করার কাজ সুশৃঙখল করা হয়েছে। কিন্তু আমি বলতে চাই কৃষিঋণের ব্যবস্থা আমরা করতে পেরেছি কি? প্রত্যেক জায়গায় ব্যাঙ্ক কিংবা প্রান্তিক চাষী, গরীব চাষীদের প্রয়োজনমত ঋণের ব্যবস্থা করতে পেরেছি কি? প্রত্যেক জায়গায় আমরা ব্যাঙ্কের শাখা খুলতে পেরেছি কি? এখনও দেশে মহাজন মালিকদের উপর নির্ভর করতে

হয়। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে বলতে চাই গ্রামের মানুষদের যে এতো জমি দিয়েছেন এই যে উদ্বৃত্ত জমি বণ্টন করেছেন সেইসব মানুষ কি সেইসব জমি চাষ করতে পারে? তথ্য নিয়ে দেখুন সেই সব জমি তারা ব্যবসায়ী চাষীদের বণ্টন করে দিচ্ছে চাষ করতে না পেরে। তারা যে চাষ করবে সরকার থেকে এমন কোন ব্যবস্থা করা হয় নি। তাদের গরু লাঙ্গল যন্ত্রপাতি এইসব জিনিসের ব্যবস্থা করতে পেরেছেন কি? যে প্রয়োজনমত তাদের বীজ দরকার, অর্থের দরকার, সেই অর্থের সংস্থান করা বিশেষ প্রয়োজন তা কি আপনারা করতে পেরেছেন? ঋণের ব্যাপারে এখনও পর্যন্ত গ্রামের সমস্ত মানুষ বিশেষ দরিদ্র কৃষিজীবী মানুষ তাদের এখনও ঋণ দেবার ঠিকমত ব্যবস্থা করা হয় নি।

[5-00—5-10 p.m.]

সার, বীজ, কীটনাশক ঔষধ ইত্যাদি সরবরাহের ব্যবস্থা হয়েছে, কিছু কিছু যাচ্ছে। কিন্তু তার মূল্য কি পরিমাণ—তার মূল্য কি হারে ক্রমবর্ধমান, এই জিনিস লক্ষ্য করে চাষের থেকে তার প্রকৃত খরচ বেশী বেড়ে যাচ্ছে, আর কৃষিজাত পণ্যের বাজার দর আজকে কোথায় এসে দাঁড়িয়েছে—সুতরাং চাষ যদি লাভজনক না হয় তাহলে কিভাবে চাষ চলতে পারে? কখনই চলতে পারে না। সুতরাং এইদিক থেকে কৃষিজাত পণ্যের ন্যায্য দরের গ্যারাণ্টি যদি না থাকে, চাষের খরচ যদি দিন দিন বাড়তে থাকে তাহলে আজকে যে জমি বণ্টন করেছেন ভমিহীনদের মধ্যে, প্রান্তিক চাষীদের মধ্যে সেই জমি তাদের হাতে থাকতে পারে না, আবার জমি কেন্দ্রীকরণ হবে, আবার ব্যবসাদারদের হাতে জমি জড়ো হবে, দারিদ্র্যের সেই অন্ধকারে আবার তারা ভুগবে। সুতরাং এদিক থেকে কিছু বিবেচনা করার প্রয়োজনীয়তা আছে। দ্বিতীয়ত মন্ত্রী মহাশয় আইন করেছেন এই কথা ঠিক। নিশ্চয় সকলেই সেই আইনকে অভিনন্দন জানিয়েছেন, সমর্থন দিয়েছেন। গ্রামীণ ঋণত্রাণ আইন ১৯৭৫ সালে তৈরী হয়েছে। দু' বছরের জন্য ঋণের সুদ বাড়বে না এইভাবে আইনের ধারা রয়েছে। কিন্তু ইতিমধ্যেই ঐ গ্রামীণ ঋণত্রাণ আইন তাকে কার্যকরী করবার জন্য প্রয়োজনীয় যে সমস্ত রুলস এণ্ড রেগুলেশন দরকার, সেগুলি কি তৈরী হয়েছে? সেই আইন হয়ে আছে অথচ সেটাকে কার্যকরী করা হচ্ছে না। কার্যকরী করতে গিয়ে আজকে কি ঘটনা ঘটছে? জে এল আর ওর উপর দায়িত্বভার দেওয়া রয়েছে। এই সম্পর্কে যে অব্যাহতি দেওয়ার কথা—আমি বলব ৯৫ থেকে ৯৯ ভাগ চাষীদের যে রেহাই দেওয়ার কথা, তাকে আইনগতভাবে বাধ্য করা হচ্ছে যে তুমি কিছুটা ছেড়ে দাও, কিছুটা দাও অর্থাৎ আংশিক ঋণদানে তাদের বাধ্য করা হচ্ছে। এই হচ্ছে বাস্তব অবস্থা। জে এল আর ও অফিসে এই সমস্ত কেসগুলি উঠেছে, তার ফয়সালা হচ্ছে। আপনার আইন কার্যকরী হচ্ছে না, আইনের উদ্দেশ্য পর্যন্ত ব্যর্থ হয়ে যাচ্ছে। সেই সঙ্গে সঙ্গে আমি বলব গ্রামীণ ঋণত্রাণের ব্যবস্থা যেমন হয়েছে ঠিক তেমনিভাবে আইনগতভাবে ভাগচাষী, গরীব চাষী তারা নিজেদের ফসলের গ্যারাণ্টি দিয়ে অগ্রিম ঋণ পেতে পারেন সেই আইনও আছে—কিন্তু সেই আইন কি কার্যকরী হচ্ছে? সেদিক থেকে সমবায় সমিতি, গ্রামীণ ঋণদাণ ব্যাঙ্ক তারা গরীব চাষীদের সাহায্য করছে? আসলে সেটা হচ্ছে না, এটা বিশেষভাবে আমি বলতে চাই। সুতরাং মহাজনদের কবল থেকে চাষীদের মুক্ত করার জন্য আইন পাশ করেছি বটে, কিন্তু নতুন কায়দায় আবার মহাজনী আইন চলছে সাব-কবলা

বা অন্য কায়দায় এইভাবে মহাজনী ঋণ বেড়েই চলেছে। শুধু তাই নয়, সেই সঙ্গে আমি আর একটি কথা বলতে চাই আমাদের রাজ্যপালের ভাষণের মধ্যে রয়েছে সম্পদ বৃদ্ধির জন্য এবং বন থেকে আয় বাড়াবার জন্য এবং বন থেকে স্থানীয় অধিবাসীরা যাতে সুযোগ-সুবিধা পেতে পারে তার ব্যবস্থা করা হচ্ছে। এই কথা বলতে গিয়ে রাজ্যপালের ভাষণে রয়েছে ১০ হাজার একরের বেশী বনভূমির অবাধ দখল থেকে মুক্ত করা হয়েছে। এই অবাধ দখল বলতে—বনের পার্শ্ববর্তী অঞ্চলে যে সমস্ত আদিবাসী কিম্বা তফশিলী গরীব ভাইরা বসবাস করত তাদের উচ্ছেদ করা হয়েছে এবং তার জায়গায় কোন পরিবারকে কাজের জায়গা, চাষের জায়গা দেওয়া হয়নি, এমন কি তাদের যে ঘরবাড়ী ছিল সেই ঘরবাড়ী থেকে উচ্ছেদ করে দেওয়া হয়েছে।

শুধু তাই নয়, সেই বিষয়গুলি নিয়ে বিগত দু'-তিন মাস আগে সরকারের কাছে বা ঐ বনদপ্তরের কাছে স্থানীয় প্রতিনিধিরা কিছু ব্যবস্থা নিতে বলেছিলেন। তাঁরা বলেছিলেন, সাময়িকভাবে এই উচ্ছেদ বন্ধ করা হোক এবং যে জায়গাটি বন বলে দীর্ঘদিন ধরে রেকর্ড করা ছিল—যে জায়গাগুলি চাষবাস করার জন্য উন্নত করা হয়েছে সেখানে আবার বনসঞ্চারের জন্য যে ব্যবস্থা করা হচ্ছে তা বন্ধ করা হোক। সরকার সেখানে আশ্বাস দিয়েছিলেন কিন্তু সেই আশ্বাস কার্যকরী হয়নি। সরকার আশ্বাস দিয়েছিলেন যে, এইরকম বে-আইনী বা জবরদস্তি উচ্ছেদ সেটা করা হবে না কিন্তু দেখা যাচ্ছে তাদের চাষ করতে দেওয়া হয়নি; তারপর বনের ধারে যেখানে তাদের বাড়ীঘর রয়েছে সেখান থেকে তাদের উৎখাত করবার জন্য তাদের ঘরগুলি রেখে তার পাশ দিয়ে এমনভাবে পরিখা খনন করা হয়েছে যে সেগুলি পার হয়ে তাদের আর গরুবাছুর নিয়ে ঘরে ঢোকা বা বেরুনোর কোন উপায় থাকছে না। এইভাবে উচ্ছেদ করবো না বলেও প্রকারান্তরে তাদের উচ্ছেদের চেষ্টা চলেছে। তারপর স্যার, বন-সম্পদ সৃষ্টির নামে বনের পাহারাদারদের একটা বড় ঘুষের ব্যবস্থা করা হয়েছে। স্যার, রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে বলেছেন, আদিবাসী এবং তফশীলভুক্ত গরিব ভাইরা যাতে বনজ সম্পদ আহরণ করতে পারে তার ব্যবস্থা করা হচ্ছে এবং তার জন্য একটা কর্পোরেশন করা হচ্ছে যাতে সেই বনজ সম্পদ নিয়ে বিভিন্ন শিল্প গড়ে তোলা যায়। স্যার, রাজ্যপালের ভাষণে একদিকে আমরা দেখছি আদিবাসী এবং তফশীল ভাইদের জন্য এইসব কথা বলা হচ্ছে, অপরদিকে ঐ তফশীলভুক্ত ও আদিবাসী গরিব ভাইদের যাদের অন্য কিছু আর করার উপায় নেই, যারা বন থেকে জ্বালানী কাঠ, পাতা কিম্বা ঝাঁটি কাঠি সংগ্রহ করতো যেটা ফ্রি ছিল বা বনের পাশে যে সমস্ত জায়গাতে চাষবাস করা যায় না, সেখানে তারা যে গরুবাছুর চরাতো সেগুলি বন্ধ করে দেওয়া হয়েছে। সেখানে তাদের উপর অনেক বেশী ট্যাক্স জারি করা হচ্ছে। শুধু ট্যাক্স নয় জঙ্গলের পাহারাদারদের ঘুষের বহরও প্রতিদিন বেড়ে চলেছে। তারপর স্যার, কর্মসংস্থানের কথা বলি। বিশেষ কর্মনিয়োগ কর্মসূচী এবং গ্রামীণ উৎপাদন কর্মসূচীর নামে বিভিন্নভাবে আরো একটি ব্যবস্থাপনা করা হচ্ছে যাতে টেষ্ট রিলিফকে অন্য কায়দায় করা যায়। কিন্তু স্যার, আসলে দেখা যাচ্ছে সেখানে সরকার যে নিম্নতম মজুরি ধার্য করেছেন—৬·৬৩ পয়সা, তার পরিবর্তে এখানে তিন টাকা করে দেওয়া হচ্ছে একশো সি এফ মাটি কাটার জন্য। স্যার, সরকার যেখানে কর্মনিয়োগের ব্যবস্থা করেছেন সেখানেও নিম্নতম মজুরির রেট মানবার কোন দায়িত্ব সরকারের নেই। এইভাবে সরকার নিজের তৈরি আইন নিজে ভাঙবার ব্যবস্থা করেছেন। দেশের ঐ গরিব অংশের বাঁচার কোন সুরাহা

যদি না হয় তাহলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করা যায় না। তাই বলি, এই ভাষণ আত্ম-প্রসাদপূর্ণ, এই ভাষণকে আমরা সমর্থন করতে পারছি না। স্যার, আমার বলবার সময় ফুরিয়ে যাওয়ায় সংক্ষেপে এই কয়েকটি কথা বলে যে প্রস্তাব রেখেছি সেই প্রস্তাবকে নিশ্চয় মন্ত্রিসভা গ্রহণ করবেন এই আশা করে আমি শেষ করছি।

[5-10—5-20 p.m.]

শ্রীনরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ-সূচক প্রস্তাব এসেছে আমি সেই প্রস্তাবকে সমর্থন করে দু'-একটা কথা বলতে চাই। আমি এই ধন্যবাদসূচক প্রস্তাব সমর্থন করি। তার কারণ আমি মনে করি ১৯৭২ সালে এই সরকার বিধানসভায় যখন কাজ শুরু করেছিল তখন পশ্চিমবাংলার যে দেউলিয়া অবস্থা ছিল, গত কয়েক বছরে সেই দেউলিয়া অবস্থা কাটিয়ে বর্তমানে পশ্চিমবাংলাকে এক অর্থনৈতিক স্থিতিশীলতায় এনে পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে এবং সেজন্য আমি মাননীয় রাজ্যপালের ভাষণে যে বক্তব্য সেই বক্তব্যের ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন করি। আমি সমর্থন করি এইজন্য যে শুধু অর্থনৈতিক স্থিতিশীলতা ফিরে এসেছে তাই নয়, রাজনৈতিক স্থিতিশীলতাও ফিরে এসেছে। ১৯৭২ সালে যখন যাত্রা শুরু করেছিলাম সেই সময় যে রাজনৈতিক খুনখারাপি, অরাজকতা চলছিল, সেই অরাজকতা আজকে দেশ থেকে দূর হয়ে যায় নি? আমি তাই এই প্রস্তাবকে সমর্থন করি। মাননীয় রামদাসবাবু অনেক কথা বলেছেন। তিনি বললেন, ১৯৭২ সালে গণতান্ত্রিক সমাজতন্ত্রে বিশ্বাস করে তিনি কংগ্রেসের টিকিটে নির্বাচিত হয়েছিলেন। আজকে সেই কংগ্রেস গণতন্ত্র এবং সমাজতন্ত্রকে হত্যা করেছে বলে তিনি এই দল ত্যাগ করে অন্য দলে গেছেন। তিনি আবার বলছেন যে তিনি দলত্যাগী নন। আমি মাননীয় সদস্যর কাছে জানতে চাই যে, তিনি কি ১৯৭২ সালে সাঁইবাড়ীর উদাহরণ দিয়ে পশ্চিমবাংলার দিক-দিগন্তরে সি পি এমের বিরুদ্ধে কথা বলে ভোট দাবী করেন নি? আপনি কি সেই ইন্দিরা গান্ধীর নামে জিন্দাবাদ দিয়ে ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে পশ্চিমবাংলার মানুষের কাছে, আপনার কেন্দ্রের মানুষের কাছে ভোট দাবী করেন নি? আজকে আপনি সেই খুনী সি পি এমের সঙ্গে হাত মিলিয়ে বলছেন যে কংগ্রেস গণতন্ত্রকে শেষ করেছে। কোথায় গণতন্ত্রকে শেষ করলো? গণতন্ত্র শেষ হলে ভোট কি করে হল? আমি রামদাসবাবুকে বলবো যে জরুরী অবস্থা জারী কি গণতন্ত্র হত্যা করার সামিল? এই সম্পর্কে কি আমাদের সংবিধানে বিধান নেই? আজকে বাহির আক্রমণের বিরুদ্ধে জরুরী অবস্থা জারী হতে পারে। অন্তবর্তী-কালীন জরুরী অবস্থা জারী হতে পারে। যদি দেশের মধ্যে একটা বিশৃঙখলতার আশঙ্কা থাকে এবং এটা সাংবিধানিক ব্যবস্থা এবং এগুলি প্রয়োজন ছিল বলে আজকে জরুরী অবস্থা জারী করা হয়েছে বলে আমি মনে করি। আজকে তিনি বলছেন যে তিনি দলত্যাগী নন। তিনি বলেছেন, কংগ্রেস আজকে গণতন্ত্রকে হত্যা করেছে। আমি তার কাছে জানতে চাই—তিনি গান্ধীবাদীতে বিশ্বাস করেন, আমি জানি তিনি গান্ধীকে শ্রদ্ধা করেন—কাজেই আমি তার কাছে জানতে চাই যে তিনি আজকে যে দলের সঙ্গে হাত মিলিয়েছেন সেই খুনী সি পি এম, সেই জনসঙ্ঘ, সেই আর এস এস—আমি জানতে চাই আজকে ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে তাদের যে রাজনৈতিক আদর্শ, গান্ধীজীর হত্যাকারী যে নাথুরাম গডসে, তার ফটো আর এস এসের অফিস থেকে, জনসংঘের অফিস থেকে সরিয়ে নিতে রাজী আছেন কি না? আমি রামদাস-বাবুর কাছে জানতে চাই যে আজকে সি পি এম এবং আর এস এস এবং জনসংঘ ভারতবর্ষের

মাটিতে দাঁড়িয়ে বলেছেন যে ভারতবর্ষের জাতির জনক মহাত্মা গান্ধীকে যে হত্যা করেছে তার আমি নিন্দা করি? আমি রামদাসবাবুর কাছে জানতে চাই, তা যদি না করে তাহলে আমি বলবো আজকে গান্ধীজীর নাম করে কোন বক্তৃতা করার কোন অধিকার তার নেই। আজকে একথা ঠিক যে আমরা হেরেছি। জনতার রায় আমরা মাথা পেতে নিয়েছি। কিন্তু কেন হেরেছি? আমরা পরিষ্কারভাবে বলতে চাই, আমাদের ভোলাবাবুও বলেছেন, আমিও বলতে চাই যে, কংগ্রেসের ২০ দফার বিরুদ্ধে রায় নয়, কংগ্রেস গণতন্ত্রকে সুরক্ষিত করার জন্য ভারতবর্ষের নিপীড়িত, লাঞ্ছিত, বঞ্চিত মানুষের জন্য যে কর্মসূচী গ্রহণ করেছে তার বিরুদ্ধে এই রায় নয়, এই রায় কংগ্রেসের কতগুলি ব্যর্থতার জন্য। আমি মনে করি যে, কতকগুলি অবাঞ্ছিত ব্যক্তি রাতারাতি দেশের কর্ণধার হবার জন্য কংগ্রেসে ভর করে, কংগ্রেসকে পকেটে পুরে আজকে ভারতবর্ষের মানুষের মধ্যে জুলুম চালিয়েছে, সেই বিশেষ বিশেষ ব্যক্তির বিরুদ্ধে এই রায়। কংগ্রেসকে শোধন করবার জন্য এই রায় সেটা ভুলে গেলে চলবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে এই কথা বলতে চাই বিধানসভার বন্ধুদের যে এই রায় কংগ্রেসের বিরুদ্ধে নয় এবং কংগ্রেসের ২০ দফা কর্মসূচীর বিরুদ্ধেও এই রায় নয় বলে আমি মনে করি। আমি জিজ্ঞাসা করি যে এই ২০ দফা কি ভারতবর্ষের গরীব মানুষের জন্য নয়? তাই, আমি মনে করি আজকে ভেঙে পড়লে চলবে না। আজকে পদত্যাগ করার কোন প্রশ্ন নেই। আজকে যতক্ষণ পর্যন্ত সংবিধান সংশোধন হচ্ছে, যতক্ষণ পর্যন্ত সংশোধিত হয়ে ৬ বছরের জায়গায় ৫ বছর হচ্ছে, ততক্ষণ পর্যন্ত এই বিধানসভার পদত্যাগ করার কোন প্রশ্ন আসে বলে আমি মনে করি না। তারা যদি সংবিধান সংশোধন করে ৫ বছর বলে দেয় তাহলে নিশ্চয়ই আমরা পদত্যাগ করবো এবং কংগ্রেস সরকার পদত্যাগ করবে। তার আগে পদত্যাগ করার কোন প্রশ্ন আছে বলে আমি মনে করি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর দু'-একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। এই কথাগুলি বলার সঙ্গে সঙ্গে আমি সরকারের কাছে দু'-একটি প্রস্তাব রাখতে চাই। আজকে ভারতবর্ষ হচ্ছে কৃষিভিত্তিক দেশ। আজকে সরকারকে অনুরোধ করবো যে আপনারা এমনভাবে প্রস্তাব গ্রহণ করুন যাতে আগামী ২ বছরের মধ্যে পশ্চিমবাংলার প্রতিটি চাষযোগ্য জমিকে সেচের আওতায় আনা যায়। যদি প্রয়োজন হয় কম প্রয়োজনীয় জিনিসের উপর গুরুত্ব কমিয়ে দিয়ে বা কম প্রয়োজনীয় জিনিসে টাকা খরচ করা ২ বছর বন্ধ রাখুন। ২ বছর বন্ধ রেখে সমস্ত জমিকে সেচের আওতায় আনার চেষ্টা করুন। আমি প্রস্তাব দিচ্ছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে পশ্চিমবাংলা সরকার আজকে গ্রামে, গঞ্জে, বিদ্যুৎ পৌঁছে দিয়ে, আজকে ঘরে ঘরে কুটিরশিল্প করে দিয়ে, আজকে পশ্চিমবাংলার গ্রামের চেহারা ফেরান এবং সমস্যার সমাধান করুন। আমি বিশ্বাস করি পশ্চিমবাংলা সরকার আজকে সমস্ত জমিকে ২ বছরের মধ্যে সেচের আওতায় এনে গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়ে, কুটিরশিল্প গড়ে তোলার কাজ নতুনভাবে আরম্ভ করেন তাহলে আজকে যাঁরা কংগ্রেসকে পদত্যাগ করার জন্য বলছেন, আগামী নির্বাচনে পশ্চিমবাংলার মানুষ রায় দিয়ে তাদেরকে অবাক করে দেবেন এবং অবাক করে দিয়ে আবার প্রমাণ করে দেবেন যে কংগ্রেস অবাঞ্ছিত নয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৩শে মার্চ, পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল যে ভাষণ আমাদের কাছে রেখেছেন সেই ভাষণের উপর প্রবীণ শ্রদ্ধাস্পদ সদস্য অজয়কুমার মুখোপাধ্যায় একটা প্রস্তাব রেখেছেন, এই গভর্ণমেণ্টের যে ভাষণ সেটা উৎকৃষ্ট

ভাষণ, এই বিধানসভা সর্বসম্মতিক্রমে যেন সেই ভাষণের প্রশংসা করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি বহুকাল এই বিধানসভার সদস্য—বিরোধী দলের গুরুত্বপূর্ণ পদে ছিলেন এবং আজকে অধ্যক্ষ হিসাবে সর্বোপরি গুরুত্বপূর্ণ আসনে আছেন। রাজ্যপালের ভাষণে কি থাকে, সংবিধানের ১৭৪ ধারা অনুযায়ী যে ভাষণ রাখেন সেই ভাষণের মধ্যে দুটি জিনিস থাকে। একটা তার অর্থনৈতিক দিক, আর একটা তার রাজনৈতিক দিক। আমি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী আইনজ্ঞ সিদ্ধার্থশঙ্কর রায়ের মত নিজেকে

I do not consider myself like constitutional Pandit,

আমি এ্যাডভোকেট কাশীকান্ত মৈত্রের মত কনষ্টীটিউশনাল পণ্ডিত বলে মনে করি না, ভোলানাথ সেনের মত নিজেকে কনষ্টীটিউশনাল পণ্ডিত বলে নিজেকে মনে করি না। সাধারণ আইনের ছাত্র আমি, আপনি বহুদিন আইন পরিচালনা করেছেন, আইনের চর্চা করেছেন, আইনের ব্যাখ্যা করেছেন, আমি এখানে মনে করি আপনার পদতলে বসে আইন শিক্ষা করার অনেক কিছু আছে। সেই আইনের কচকচির মধ্যে আমি যেতে চাই না, আমি প্রথমে অর্থনৈতিক দিক থেকে বলবো যে রাজ্যপালের ভাষণের মধ্যে আশা করেছিলাম যে ৭২ সালের মার্চ মাসে এই বিধানসভার অধিবেশনে যে ভাষণ তিনি রেখেছিলেন, পশ্চিমবাংলার যে চিত্র, আজকে '৭৭ সালের ২০শে মার্চ এই বিধানসভায় তাঁর বক্তৃতা করার কথা ছিল না। রেফারী যেমন এক্সট্রা টাইম দিয়ে খেলায়, পাঁচ বছর মেয়াদ ছিল, ছয় বছর মেয়াদে এক্সট্রা টাইম রেফারীর কাছ থেকে নিয়ে আমরা খেলাচ্ছি। এই খেলাতে গিয়ে আজকে তাঁর ভাষণের মধ্যে কি পেলাম? কি চিত্র থাকছে তার মধ্যে? অর্থনৈতিক বিচার কি দিয়ে হবে? একটা রাজ্যে অর্থনৈতিক বিচার হবে যে আমাদের এই পশ্চিমবাংলার মানুষ কতটা অর্থনৈতিক স্বাধীনতা ভোগ করছে, আমাদের পশ্চিমবাংলার দরিদ্রতম মানুষ কতটা সুযোগ-সুবিধা ভোগ করেছে। আমাদের পশ্চিমবাংলার গ্রামে বাস করা নিম্নতম মানুষ এই সরকারের কাছ থেকে কি উপকৃত হয়েছে? আগামী ১৯৭৭-৭৮ সালে সরকারের কাছ থেকে কি উপকার পাবে? কি দেখলাম রাজ্যপালের ভাষণের মধ্যে,

the crux of the problems of West Bengal is proverty.

[5-20—5-30 p.m.]

কত দরিদ্র আছে আমাদের পশ্চিমবাংলায়, তার হিসাব কোথায়? ১৯৭২ সালে কত ছিল? ১৯৭৭ সালে কত হলো? ১৯৭২ সালে কত নিরক্ষর ছিল, আর এখন কত হলো? বাড়ল, কি কমল, কোথায় সেই চিত্র? আজকের কৃষকরা কি বলতে পারছে যে, '৭২ সালে যে দাম পেতাম, আজকে তার চেয়ে ন্যায্য দাম পাচ্ছি। আজকে কি তারা বলতে পারছে যে, '৭২ সালের আগে যে পীড়ন হত কর আদায়ের জন্য, খাজনা আদায়ের জন্য, আজকে সেই অত্যাচার, সেই অবিচারের হাত থেকে মুক্ত হতে পেরেছি? ১৯৭৭/৭৮ সালের যে অর্থনৈতিক চিত্র, সেটা একটা ব্লীক এ্যাণ্ড ব্যারেন চিত্র। অথচ এই ভাষণ যদি আমরা পড়ি তাহলে মনে হবে West Bengal is flooded with milk and honey under the leadership of West Bengal's chief Minister Siddhartha Sankar Ray.

আজকে এই বিধানসভার শীততাপ-নিয়ন্ত্রিত কক্ষে সংবিধানের কচকচি করতে পারি এবং সেটা খুব ভাল লাগে, সুন্দর লাগে। এই বিধানসভার বাইরেও আমরা সংবিধানের কচকচি করেছিলাম। যে সংবিধান রচনা করেছিলেন সারা দেশের শীর্ষস্থানীয় নেতৃত্ব, যাদের ভূমিকা আমরা

অস্বীকার করতে পারি না। আর আজকে যে ৪২তম সংবিধানের সংশোধন হলো, যাঁর বলে আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এক্সট্রা টাইম খেলা করছেন—তিনি ঐ র‍্যাটিফিকেশনের সময় দৃপ্তকণ্ঠে ঘোষণা করেছিলেন যে, এই সংবিধান সংশোধন ভারতবর্ষের যুগান্তকারী পরিবর্তন আনবে। আমরা এই সংশোধনকে বলি না সংশোধন It is a scrapping, not amendment. এই মন্ত্রিসভারই একজন সদস্য শ্রীভোলানাথ সেন মহাশয় আজকেও এই বিধানসভার শীততাপ-নিয়ন্ত্রিত কক্ষে সেই ৪২তম এ্যামেণ্ডমেণ্টকে সাপোর্ট করছেন, গর্বের সঙ্গে, দম্ভের সঙ্গে। লজ্জা হয়, দুঃখ হয় যে, এই ভারতবর্ষের ৩০ বছরের ট্রাডিশন ভঙ্গ করে আজকে অকংগ্রেসী সরকার হয়েছে কেন্দ্রে। কংগ্রেসের সঙ্গে যুক্ত আছি যতদিন রাজনীতি করছি, ততদিন। রাজনীতি যখন করতাম না তখনও কংগ্রেসরই সেবক ছিলাম। তাই আজকে কষ্ট হয়, দুঃখ হয় এই অকংগ্রেসী সরকারের শরিক হতে। আজকে জনসাধারণ মহাত্মা গান্ধী, পণ্ডিত নেহরু, বল্লভভাই প্যাটেল, মৌলানা আজাদের সৃষ্টি কংগ্রেসকে কেন ধুলোয় লুটিয়ে দিল? আমাদের দম্ভ, জনসাধারণকে উপেক্ষা, অত্যাচার, শোষণ, জনসাধারণকে এই পথে যেতে বাধ্য করেছে। ১৯৬৬/৬৭ সালে, তখনও আপনারা অনেকেই অনেক গুরুত্বপূর্ণ পদে ছিলেন, কিন্তু তা সত্ত্বেও ঐ দম্ভ, ঐ উপেক্ষা এই বিধানসভায় কংগ্রেসকে পরাজিত করেছিল। শিক্ষা হলো না, আবার সেই পথে গেলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বিনয় এবং নম্রতা আসে দুটো সময়—যখন কোন জাতি বা কোন দল যুদ্ধজয় করে তখন, আর যখন পরাজিত হয় তখন। ভোটযুদ্ধে যুদ্ধজয় করে এসে যখন সরকার গঠন করে কোন দল তখন তার গুরুদায়িত্ব তাকে বিনয়নম্র করে। আর পরাজিত হলে আত্মসমালোচনা তাকে বিনয়নম্র করে। কিন্তু আমরা কি দেখলাম? বিজয়ীকে কি বিনয়নম্র করেছিল? যিনি জয়ী হয়ে এলেন, ভবিষ্যতের হাল ধরলেন, তাকে আমরা কি ভাবে দেখলাম? মোরারজী দেশাইকে আমরা চাই আর না চাই, ভারতবর্ষের জনসাধারণ চেয়েছে। তিনি বললেন আমি ভগবানকে বিশ্বাস করি। কিন্তু ভগবানকে দেখতে পাচ্ছি না, তবে ভারতবর্ষের জনসাধারণকে সবসময় দেখতে পাচ্ছি। কি বললেন অস্থায়ী রাষ্ট্রপতি শ্রীজাত্তি? বললেন জনসাধারণই ক্ষমতার উৎস।

আজ আমরা পরাজিত হয়েছি—নিশ্চয়ই সেই পরাজয় আনন্দের সঙ্গে গ্রহণ করব দুঃখ করব না, সঙ্গে সঙ্গে দম্ভ করব না। সমীক্ষা করে দেখব কি ভুলত্রুটি এবং সেই ভুলত্রুটি সংশোধন করে জনসাধারণের মনে আস্থা স্থাপন করি। বর্ষীয়ান নেতা শ্রদ্ধেয় পি সি সেনকে বলেছিলেন জনসাধারণ থুথুর মতন নিক্ষেপ করেছে কংগ্রেসকে, আজ জনসাধারণ তাঁদের তাই করেছে। সুতরাং আজ যদি জনসাধারণের দুঃখ-দুর্দশার কথা, অত্যাচারের কথা, শোষণের কথা অনুভব করেন এবং বলতে পারেন তোমাদের দুঃখকষ্টে আমরা দুঃখিত তাহলে আপনারা আবার আশীর্বাদ পাবেন। তাই আজ জনসাধারণ বলছে আমরা বাক্-স্বাধীনতা চাই যে বাক্-স্বাধীনতা আপনারা করেছিলেন। পণ্ডিত নেহরু ভারতবর্ষের প্রধানমন্ত্রী, সংখ্যাগরিষ্ঠ দলের নেতা তাঁকে যখন দেশদ্রোহী কম্যুনিষ্ট পার্টিকে বেআইনী ঘোষণা করতে বলা হল তিনি তখন লোকসভায় কিছু বললেন না। তিনি বললেন এশিয়ার মধ্যে গণতন্ত্র টিপটিপ করে জলছে সেই গণতন্ত্রকে আমরা হাঁটতে শেখাবো, দৌড়াতে শেখাবো, তাকে হত্যা করব না এবং কম্যুনিষ্ট পার্টি দেশদ্রোহী হতে পারে, কিন্তু আমি কোন রাজনৈতিক দলকে বেআইনী বলে ঘোষণা করব না। সেই গণতন্ত্রকে হত্যা করলেন যিনি তিনি এখন আর আমাদের প্রধানমন্ত্রী নেই। ইনি ভারতবর্ষের অনেক গুরুত্বপূর্ণ কাজ করেছেন, অনেক সাহস দেখিয়েছেন, সঙ্গে সঙ্গে ভারতবর্ষে

গণতন্ত্রের হত্যাকারিনী বলে পরিচিত হয়েছেন। যে বিচারালয় সুপ্রিম তার সম্বন্ধে তিনি কি নতুন থিয়োরী করলেন। তিনি কিরকম কনষ্টিটিউশন্যাল পণ্ডিত তা বিচার করব না, তাঁর অভিজ্ঞতা বিচার করব না—বিচার করব তাঁর মতবাদ। কিন্তু ফাণ্ডামেণ্টাল প্রিন্সিপাল অব দি জুডিসিয়ারি কি? একটা লোক জনসংঘ. কি আর এস এস কি সি পি এম সেটা আইনের ৪ পাতায় বিচার হবে না। বিচার হবে সেই ৪ পাতায় কি লেখা আছে সেই অনুযায়ী। অর্থাৎ মতবাদ বিচার হবে না বিচারকার্যের। কিন্তু কি ডেঞ্জারাস থিয়োরী তিনি আবিষ্কার করলেন কমিটেড জুডিসিয়ারি এখানকার মুখ্যমন্ত্রী বিচার করে দেখবেন. কে তাঁর পক্ষে রায় দেবেন তাঁকেই তিনি সুপারিশ করবেন। অর্থাৎ বিচারের মাপকাঠি কি হবে সেটা তিনিই বিচার করবেন। এইভাবে বিচারালয়ের স্বাধীনতা চলে গেল। একজন চাষী ফসল ফলিয়েছে ২০ মণ, লেভি করলেন ২৫ মণ। সে কিছু বলতে পারবে না কারণ সে কোর্টে যেতে পারবে না। কিন্তু সে বলছে ২০ মণ ধরে করলে আমি তা সরকারকে দিতে পারব। অর্থাৎ সাধারণ মানুষের কোর্টে যাওয়ার অধিকারকে খর্ব করলেন।

[5-30—5-40 p.m.]

বড়বাবুর হুকুমে একজন সরকারী কর্মচারীর চাকরি চলে গেল, সে কোর্টে গিয়ে দাঁড়াতে পারবে না। সেই সংবিধানকে ভোলা সেন মহাশয় ডিফেণ্ড করছেন দাঁড়িয়ে এবং বলছেন সি পি এমকে আমরা নাকি সঙ্গে নিয়েছি। খুব সুন্দর কথা, সাংঘাতিক কথা, খারাপ লোক আমরা দেখেছি ১৯৬৯ সালে, আমরা দেখেছি ১৯৬৭ সালে, ১৯৭০ সালে, ১৯৭১ সালে কি তাণ্ডব নৃত্য সি পি এমের এই বিধানসভায়। আর জয়নাল আবেদিন মহাশয়, সিদ্ধার্থ রায় মহাশয় যার সঙ্গে গাঁটছড়া বাঁধলেন ১৯৭১ সালে তা হচ্ছে কমিউনিষ্ট পার্টি অব ইণ্ডিয়া, সি পি আই, বিশ্বনাথবাবু যার নেতা। কি চিত্র দেখলাম মেদিনীপুর জেলায়। আপনারা দেখেছেন বর্ধমান জেলায় সি পি এমের তাণ্ডব, আমরা দেখলাম মেদিনীপুর জেলায় সি পি আইয়ের তাণ্ডব। তফাৎ কোথায়—ডিগ্রীর উনিশ আর বিশ। কেন সঙ্গে নিয়েছিলেন? ভুলে গেলেন জয়নাল আবেদিন সাহেব মনীষী মানবেন্দ্র রায়ের কথা—বলেছিলেন,

As a non-communist if you marry a communist you must be cautions that she will not bore in your house at night for her party.

ভুলে গেলেন জয়নাল আবেদিন সাহেব কুমারমঙ্গলমের ১৯৬৯ সালের ইউনিট এণ্ড স্ট্রাগল, আপনার ঘরে বোর করবার জন্য এই দলকে সঙ্গে নিয়ে আছে এই পরিণতি। যে হোমোজিনিয়াস পার্টি থাকা উচিত ছিল এ্যাডমিনিষ্ট্রেশন চালাবার জন্য, যে একক প্রতিনিধিত্ব দল থাকা উচিত ছিল শাসন চালাতে গেলে, যে দল বড়াই করে দুর্নীতিকে দূর করবেন, গরীবী হঠাবেন, সুস্থ প্রশাসন দেবেন, সেই প্রশাসন দিতে পারলেন না কেন? বিকজ অব দি বোরিং ইন ইওর পার্টি তারা ঢুকল। জয়নাল আবেদিন সাহেব, এদের পরিত্যাগ করুন। আজকে প্রফুল্ল সেনের মত গান্ধীবাদী লোক সি পি এমকে কেন হাতে নিয়ে চলেছে। মাননীয় প্রফুল্ল সেনের যে এলাকা মেদিনীপুর জেলার ঘাটাল-চন্দ্রকোণা, সেখানে আমি চার্জে ছিলাম তাঁর নির্বাচন পরিচালনা করবার জন্য। দেখলাম একটা রিক্সার সামনে একটা কংগ্রেসের পতাকা আর একটা সি পি আইয়ের পতাকা দিয়ে কতকগুলি ছেলে যাচ্ছে, বলছে প্রফুল্ল সেনের মাথার সাদা টুপিটা খুলে নিয়ে লাল টুপিটা পরিয়ে দাও। আমি সেই বন্ধুটিকে ডেকে বললাম, ভাই, সি পি এমের

সঙ্গে কি প্যাক্ট করেছি যে তাকে নিয়ে গভর্ণমেণ্ট করব? গভর্ণমেণ্ট করবার জন্য প্যাক্ট করিনি, প্যাক্ট করেছি এই ৪২তম সংবিধান থাকবে কি থাকবে না, মানুষের ব্যক্তিগত স্বাধীনতা থাকবে কি থাকবে না তার জন্য। মনে আছে আবেদিন সাহেব, ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত এই বিধানসভার সদস্য পঙ্কজ ব্যানার্জী মহাশয় ঘরে যেতে পারেন নি কার জন্য? যেতে পারেন নি সেই সি পি এমের দৌরাত্ম্যের জন্য। আজকে ক্যালকাটার মেয়র প্রশান্ত শূর বাড়ী যেতে পারছেন না। তাঁকে বাড়ীতে ফিরিয়ে দেওয়ার দায়িত্ব আপনার, ভারত সরকারের। ভারতবর্ষের নাগরিকত্ব যতদিন থাকবে, পঙ্কজ ব্যানার্জীর যে অধিকার থাকবে, প্রশান্ত শূরেরও সেই অধিকার থাকবে। সেইজন্য হাত মিলিয়েছি ব্যক্তিগত স্বাধীনতা রক্ষা করার জন্য, বিচারালয়ের স্বাধীনতা রক্ষা করার জন্য, সাধারণ মানুষের কোর্টে যাওয়ার অধিকার রক্ষার জন্য, সংবাদপত্রের স্বাধীনতা রক্ষা করার জন্য। মনে করুন জয়নাল আবেদিন সাহেব, দেশ স্বাধীন হয়ে গেল, পার্লামেণ্টের মধ্যে, বিধানসভার মধ্যে যে প্রসিডিংস হয় সেই প্রসিডিংস বের করার অধিকার ছিল না। শ্রীমতী ইন্দিরা গান্ধীর স্বামী ফিরোজ গান্ধীর পরিচিত সেই এ্যাক্ট, সেই এ্যাক্টের বলে বিধানসভার, লোকসভার প্রসিডিংস বাইরে বেরুবার অধিকার পেল। সেই অধিকার চলে গেল ইমার্জেন্সির দ্বারা। ভোলা সেন মহাশয় বলছিলেন কংগ্রেসের বিরুদ্ধে রায় দেয়নি। ভোলা সেন মহাশয় বলছিলেন কোন পার্টির যে ইস্তাহার তাকে ভোট দেয়নি, আমি একমত। মানুষের ব্যক্তিগত স্বাধীনতা হরণ করেছে, সংবাদপত্রের স্বাধীনতা হরণ করেছে তার বিরুদ্ধে ভোট দিয়েছে, অনাচার অত্যাচার দমন যারা করেছে তার বিরুদ্ধে ভোট দিয়েছে।

সেই ভোট আমাদের মাথা পেতে নিতে হয়। আমরা সেটা মাথা পেতে নিয়েছি, আপনারাও মাথা পেতে নিন। সেই টেকনিক্যালি—টিস অব দি কন্সটিটিউশনকে বন্ধ না করে, কাশীবাবু যে বক্তব্য রেখেছেন তাকে রিফিউট না করে বাই হার্স ওয়ার্ডস্, আসুন, যদি দেরীও হয়ে থাকে তাহলেও আমরা জনসাধারণের কাছে যাই এবং তাদের কাছে গিয়ে বলি সিদ্ধার্থশঙ্কর রায়ের জনপ্রিয় সরকার যে সমস্ত কাজ করেছে তাতে তারা সন্তুষ্ট কিনা এবং তিনি এই ৪২তম সংশোধন সাপোর্ট করে ভাল কাজ করেছেন কিনা? আমরা যাঁরা রুল অব ল' বিশ্বাস করি তাঁরা জানি এই বিধানসভার সম্পূর্ণ অধিকার আছে ১৯৭৮ সাল পর্যন্ত যাওয়া। কিন্তু আজকে যাঁরা বিবেকের কথা তুলছেন তাঁদের আমি জিজ্ঞাসা করি সি পি এমের হাত ধরে ক্ষমতায় যাবার জন্য যখন চেষ্টা করা হয়েছিল তখন সেই বিবেক কোথায় ছিল? ১৯৬৯ সালে সি পি এমের হাত ধরে ইন্দিরা গান্ধীকে প্রধানমন্ত্রীর পদে প্রতিষ্ঠিত করবার জন্য যখন চেষ্টা করা হয়েছিল তখন কোথায় ছিল বিবেকের ডাক জয়নাল আবেদিন সাহেব? পদত্যাগ করুন এবং জনসাধারণের কাছে আপনারা যান। আমাদের প্রধানমন্ত্রী বলেছেন,

We are against toppling of any government constitutionally formed/and constitutionally run, but I cannot help if they topple themselves.

আপনারা টপলিং হয়ে যাবার আগে কেন্দ্রীয় সরকারকে কোন অগণতান্ত্রিক পথে চলবার জন্য বাধ্য করবেন না এই আমার অনুরোধ। আসুন আমরা জনসাধারণের কাছে যাই এবং প্রমাণ করি আমরা যে নীতি অবলম্বন করেছি, আমরা যে পথ অবলম্বন করেছি সেই পথ জনসাধারণ চায় তাহলে আপনারা আবার সরকারে ফিরে আসবেন, আপনারা আবার মন্ত্রী হবেন, সিদ্ধার্থশঙ্কর রায় আবার মুখ্যমন্ত্রী হবেন। সিদ্ধার্থশঙ্কর রায় সম্বন্ধে বলছি,

He is the tallest man in this Assembly—Shri Siddhartha Sankar Ray—but now

after the parliamentary election it is proved that he is the tallest rigging master in the world.

ভাবুন তো কি সাংঘাতিক চার্জ একটা স্বাধীন ষ্টেটের মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে। একজন মুখ্যমন্ত্রী তাঁর মুখ্যসচিবকে নিয়ে, ঊর্ধ্বতন পুলিশ অফিসারদের নিয়ে রাইটার্স বিল্ডিংস-এ বসে চক্রান্ত করেছেন, কি সাংঘাতিক চার্জ চিন্তা করুন। আমি একথা সত্য বলে বলছি না, আবার অসত্য বলেও বলছি না। তবে তাঁকে এনকোয়ারী কমিশনের সামনে প্রমাণ করতে হবে যে একথা মিথ্যা। পুরীর হোটেলে বসে একথা বললে হবে না যে, দিস ইজ ওয়াইল্ড এলিগেশন। আপনাদের পুলিশমন্ত্রী বলেছেন, রিগিং হয়েছে, পঞ্চায়েতমন্ত্রী বলেছেন রিগিং হয়েছে, কাজেই আপনাকে এনকোয়ারী কমিশনের সামনে প্রমাণ করতে হবে যে রিগিং হয়নি।

ডাঃ জয়নাল আবেদিন : সি পি এম করেছে।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি : সি পি এম যদি করে তাহলে তাদের বিরুদ্ধে চার্জ আনা হোক। সি পি আই করুক, সিদ্ধার্থশঙ্কর রায় করুক, সংগঠন কংগ্রেস করুক বা যেই করুক না কেন আমার দাবী হচ্ছে এনকোয়ারী কমিশনের কাছে তার বিচার হবে। স্যার, আপনি একবার চিন্তা করে দেখুন কোথায় রামমোহন রায়, আর কোথায় এই সিদ্ধার্থশঙ্কর রায়। রামমোহন রায় বাঙালীকে নিয়ে গিয়েছিলেন হিমালয়ের উচ্চশৃঙ্গে, আর সিদ্ধার্থশঙ্কর রায় বাঙালীকে নিয়ে এসেছেন উইচিবির উপরে। আমরা সিদ্ধার্থশঙ্কর রায়ের মুখ্যমন্ত্রিত্বে গর্ব অনুভব করেছিলাম যেদিন আমরা দেখেছিলাম সেণ্টারের এক্সট্রা কন্সটিটিউশন্যাল পাওয়ারের কাছে তিনি মাথা নত করেন নি। দমদম বিমানবন্দরে যেদিন দেখলাম তিনি সেণ্টারের কাছে মাথা নত করেন নি সেদিন গর্বে বুক ভরে উঠেছিল। কিন্তু তারপর যেদিন দেখলাম এক্সট্রা কন্সটিটিউশন্যাল পাওয়ার সেণ্টারের চাপে মুখ্যমন্ত্রী সমস্ত কথা ছেড়ে দিয়ে মুখ্যমন্ত্রীকে সমস্ত দপ্তর ভাগ করে দিতে হল, নাবালকত্ব স্বীকার করতে হল তখন লজ্জায় মাথা নীচু হয়ে গেল, বাঙালী বলে ভাবতে তখন লজ্জা হল। আমরা দেখলাম ৬জনের কমিটি বসল, এক্সট্রা কন্সটিটিউশন্যাল পাওয়ার সেণ্টারের উপর নির্ভর করে। আমরা ভাবলাম রামমোহন রায় বাঙালীকে নিয়েছিল হিমালয়ের উচ্চ শিখরে, আর সিদ্ধার্থশঙ্কর রায় বাঙালীকে নিয়ে এলেন উইচিবির উপরে। আসুন, আমরা সমস্ত রকম দলাদলি ভুলে যাই এবং পশ্চিমবাংলায় অহিংসার বিপ্লব গড়ে তুলি। আমরা যদি পশ্চিমবাংলায় হিংসার রাজত্বের অবসান চাই তাহলে আজকে সি পি এমকে ছাড়তে হবে, সি পি আইকে ছাড়তে হবে এবং প্রকৃত কংগ্রেস মনোভাবাপন্ন অহিংসায় দীক্ষিত জনসাধারণকে নিয়ে এই পশ্চিমবাংলায় রাজনীতি করতে হবে। আমাদের আহ্বান থাকল এই ব্যাপারে যদি আমাদের সেনাপতিত্ব দেন তাহলে তা গ্রহণ করব এবং সৈনিক হিসেবে যদি আহ্বান করেন তাহলে সঙ্গে যেতে রাজী আছি। আমরা হিংসার রাজনীতি দূর করতে এবং অহিংসায় দীক্ষা গ্রহণ করতে রাজী আছি। আমার অনুরোধ রইল আপনারা গণতন্ত্র, ব্যক্তিস্বাধীনতা, বিচার বিভাগের স্বাধীনতা, সংবাদ-পত্রের স্বাধীনতা হরণ করবেন না। সমস্ত লজ্জা বিসর্জন দিয়ে, বিবেক বিসর্জন দিয়ে যে নীতিকে জনতা বিসর্জন দিয়েছে তাকে আর ডিফেণ্ড করবেন না কারণ বাইরে তার কোন মূল্য নেই। এই সাবধান বাণী উচ্চারণ করে আমি এই ভাষণকে নিন্দা করছি। এটা কোনমতেই উৎকৃষ্ট ভাষণ হতে পারে না। এটা নিকৃষ্টতম ভাষণ একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p.m.]

ডাঃ গোপালদাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দাঁড়িয়ে কাজী নজরুল ইসলামের একটি কবিতার লাইন মনে পড়ছে—কালের চক্র বক্র গতিতে ফিরিছে অবিরত··· আজ সে সম্রাট কাল সে বন্দী।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে নির্বাচনের ফলাফল দেখে ওদের উৎফুল্ল হওয়ার যথেষ্ট কারণ আছে কিন্তু আমরা দুঃখিত এই বিষয়ে কোন সন্দেহ নেই। আমি খুব দৃঢ়তার সঙ্গে বলছি যে, আমরা গর্বিত—আমরা গর্বিত এইজন্য যে, গত ৩০ বছর ধরে ভারতবর্ষের বুকে কংগ্রেসের নেতৃত্বে যে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে, কংগ্রেসের পরিচর্যায় যে গণতন্ত্রের বৃক্ষ ফলে-ফুলে বিকশিত হয়েছে, প্রকাশিত হয়েছে সেই গণতন্ত্র যে কত দৃঢ়, কত শক্তিশালী তা এই নির্বাচন প্রমাণ করে দিয়েছে। মাননীয় সদস্য প্রদ্যোৎ মহান্তি মহাশয় বলছিলেন কংগ্রেসের নেতৃত্ব গণতন্ত্রকে হত্যা করেছে। কিন্তু যদি জিজ্ঞাসা করি তিনি পৃথিবীর সমস্ত দেশে এই নির্বাচনের ফলাফলের পরে যে প্রতিক্রিয়া দেখা দিয়েছে কি গণতান্ত্রিক দেশ, কি নায়কতন্ত্র রাষ্ট্র সেই সমস্ত রাষ্ট্রের এই নির্বাচনী পটভূমিকায় ভারতবর্ষের গণতন্ত্র সম্বন্ধে যে মন্তব্যগুলি প্রকাশিত হয়েছে, যে আলোচনাগুলি চলছে সে সম্বন্ধে তিনি কি কোন খোঁজ রাখেন? আজ সারা বিশ্ব এই দরিদ্র ভারতবর্ষ, নিঃস্ব ভারতবর্ষ, যে ভারতবর্ষের ৭০ ভাগ মানুষ অনাহারে দিন কাটায়, পরণে কাপড় নেই, মাথার উপরে আচ্ছাদন নেই তাদের এই গণতান্ত্রিক ভূমিকা, তাদের এই সার্থক গণতন্ত্রের সচেতনতায় শুধু মুগ্ধ নয়, বিস্মিত। শ্রদ্ধার সঙ্গে এই গণতান্ত্রিক শক্তিকে এবং ব্যবস্থাকে শ্রেষ্ঠ মর্যাদার আসন দিতে পেরেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসের নেতৃত্বে, কংগ্রেসের প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে, কংগ্রেসের আদর্শ প্রচারের মাধ্যমে ভারতবর্ষের মানুষের মধ্যে তার অধিকার সম্বন্ধে যে সচেতনতা এসেছে সে বিষয়ে দ্বিধা বা সঙ্কোচ রাখার কোন কারণ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভারতবর্ষের মানুষের প্রতি আমরা শ্রদ্ধাসহকারে এই কথা জানাতে বাধ্য যে, সার্থক গণতান্ত্রিক চেতনার পরিচয় তাঁরা দিয়েছেন নির্বাচনের মাধ্যমে। নির্বাচন ব্যবস্থার মাধ্যমে পুরানো শাসনব্যবস্থার যে পরিবর্তন করে দেওয়া যায় সমস্ত প্রশাসনিক ব্যবস্থার উর্ধ্বে উঠে সেই প্রশাসনকে পরিবর্তন করে দেওয়া যায় এবং সেই ব্যবস্থা যে ভারতবর্ষে প্রচলিত আছে সে কথা আজকে প্রমাণিত হয়েছে এবং প্রমাণের মাধ্যমে বিরোধী পক্ষের যে সমস্ত প্ররোচনামূলক অভিযোগ সেগুলি নস্যাৎ হয়ে যায়। স্যার, আজকে যদি কংগ্রেস গণতন্ত্রকে ধ্বংস করতো তাহলে আমরা এই নির্বাচনে এইরকম একটা প্রচণ্ড ওলট-পালট লক্ষ্য করতাম না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যদি ভারতবর্ষের বুক থেকে সত্যি সত্যিই গণতন্ত্রকে উচ্ছেদ করার জন্য ২০ মাসব্যাপী কোন সুপরিকল্পিত কার্যসূচী রূপায়িত হতো তাহলে জয়প্রকাশ ঘোষিত যে সর্বাত্মক বিপ্লব, যা প্রথম প্রকাশিত হল, সেই নির্বাচনে একটা বিরাট ওলটপালট আমরা দেখতে পেতাম না। তাও, অন্ততপক্ষে, কংগ্রেসের সমর্থক হন, কংগ্রেসের নিন্দুক হন, কংগ্রেসের সমালোচক হন, কংগ্রেসের বিরুদ্ধ মনোভাবাপন্ন মানুষ হন, তাকে শ্রদ্ধার সঙ্গে স্বীকার করতেই হবে ভারতবর্ষ আর কিছু ক'রে না থাকুক কংগ্রেস সার্থকভাবে গণতন্ত্রকে প্রতিষ্ঠা করেছে। সার্থকভাবে গণতন্ত্রকে সযত্নে লালন-পালন করেছে এবং সার্থকভাবে গণতন্ত্র ভারতবর্ষে প্রতিষ্ঠিত হয়েছে, এটাই অন্যতম প্রধান, মুখ্য অবদান কংগ্রেসের, ভারতবর্ষের মানুষের

কাছে। সুতরাং আজকে কংগ্রেসের নিন্দা নয়, যে গণতান্ত্রিক পদ্ধতির মাধ্যমে কংগ্রেস সরকারের পতন ঘটিয়ে বিরোধী সরকার কেন্দ্রে প্রতিষ্ঠিত হয়েছে সেই গণতন্ত্রের প্রতিষ্ঠাতা, ধারক, পালক এবং লালনকর্তা হিসাবে কংগ্রেসের জয়গান করাই বিরোধীপক্ষের উচিত। কিন্তু তারা তা না করে, যতটুকু ন্যূনতম শ্রদ্ধা কংগ্রেসের প্রতি এবং এই গণতন্ত্রের প্রতি দেখানো উচিত ছিল সেটুকু দেখাতে তাদের ত্রুটি হয়েছে একথা অস্বীকার করবার উপায় নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল কাশীকান্ত মৈত্র মহাশয় দু'টি কথা তুলেছিলেন, একটা পলিটিক্যাল কমপালশন এবং আর একটা মরাল কমপালশন, যে আমাদের দেশে পলিটিক্যাল কমপালশন এবং মরাল কমপালশন আমাদের বাধ্য করছে এই বিধানসভা ভেঙে দিয়ে জনসাধারণের কাছে আবার যেতে নির্বাচন উপলক্ষ করে। আমি তো পলিটিক্যাল বা মরাল কমপালশনের কোন হদিস দেখতে পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবিধান নির্দেশ দেয় যে নির্বাচিত বিধানসভা কতদিন পর্যন্ত আইন-মাফিক কাজ করবে। পরিবর্তিত সংবিধান, যেটা দেশের নির্বাচিত মানুষের অধিকাংশ সদস্যর সমর্থন নিয়ে, শতকরা ৬০ ভাগের বেশী প্রতিনিধির সমর্থন নিয়ে যে সংবিধান সংশোধিত হয়েছে, তাতে আয়ুষ্কাল লোকসভার এবং বিধানসভার ৬ বৎসর হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৬ বৎসর যে লোকসভার আয়ুষ্কাল বর্ধিত হয়েছে, ষষ্ঠ বৎসরে—আজকে যারা কংগ্রেসের বিরোধী দল সরকারের কর্ণধার, তাদের অনেকেই লোকসভার সদস্য ছিলেন এবং সবাই জেলের মধ্যে ছিলেন না, অনেকেই জেলের বাইরে ছিলেন এবং লোকসভার অধিবেশনে ৬ বৎসরের সংশোধনীতে যোগ দিয়েছিলেন। আমি শুধু কাশীকান্তবাবুকে জিজ্ঞাসা করছি সেদিন কি তাঁরা সেই পলিটিক্যাল কমপালশন অনুভব করেছিলেন যে, এই লোকসভা, তার বয়স, তার আয়ুষ্কাল বৃদ্ধি করছে সুতরাং এই লোকসভায় আমাদের সদস্য থাকা উচিত নয়, আমি সদস্যপদ ত্যাগ করে চলে যাই? করেন নি এবং করা উচিতও নয়। সংবিধানের বিধি ব্যবস্থামাফিক যদি কোন সভার আয়ুষ্কাল বৃদ্ধি হয়ে থাকে, ন্যায়সঙ্গতভাবে, তাহলে সেই সভা জীবিত অবস্থায় ততদিন পর্যন্ত থাকবে এটাই সাংবিধানিক নিয়ম, এটাই গণতান্ত্রিক ব্যবস্থা। সেই অনুযায়ী কোন পলিটিক্যাল কমপালশন আমাদের নেই এই মন্ত্রিসভা বা বিধানসভা ভেঙে দিয়ে মন্ত্রিসভার পদত্যাগপত্র রাজ্যপালের কাছে দিয়ে তাঁকে উপদেশ দেওয়া যে আপনি আবার নির্বাচনের ডাক দিন। মরাল কমপালশনের কথা বলেছেন, কোন নৈতিক কমপালশনও নেই। নৈতিক কমপালশন উঠতো যদি আমরা ম্যানিপুলেশন করে, ম্যানুভারিং করে, এখানে সংখ্যাগরিষ্ঠতা না থাকা সত্ত্বেও একটা তৈরী করা সংখ্যাগরিষ্ঠতার জোরে এই সরকারে বজায় থাকতাম এবং এই সরকার পরিচালনার ব্যবস্থা করতাম, যেটা তিনি নজীর তুলেছেন যে যেটা তাঁরা করতে চেয়েছিলেন সেই ম্যানুভারিং, তখনকার রাজ্যপালকে বুঝাবার চেষ্টা করেছেলেন যে আমাদের সংখ্যাগরিষ্ঠতা ভেঙে যায়নি, আমাদের এখন ২০ দিন সময় দিন আবার আমরা বিধানসভা ডাকবো, সেদিন যে অবস্থা ছিল, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সেই অবস্থা নেই, বিপুল সংখ্যাগরিষ্ঠতা এই কংগ্রেস সরকারের পিছনে আছে। সুতরাং কোন মরাল কমপালশনও আমি দেখতে পাচ্ছি না যাতে করে তিনি দাবী করতে পারেন যে আমাদের উচিত এই বিধানসভা ভেঙে দেওয়া। আমরা জানি একদিন এই বিধানসভার আয়ুষ্কাল শেষ হবে এবং সেইদিন আবার আমাদের নির্বাচনে যেতে হবে এবং সেদিন জনসাধারণ যে রায় দেবে সেই রায় আমরা মাথা পেতে নেবো। আজকের রায়ও আমরা মাথা পেতে নিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি কথা আমি কয়েকদিন আগে বলেছিলাম, বোধহয় কাশীকান্তবাবু সেই সময় উপস্থিত ছিলেন না,

যে আমাদের স্মরণ করিয়ে দেওয়ার প্রয়োজন নেই যে দেশে একটা পরিবর্তন এসেছে। আমি সেইদিন বলেছিলাম যে,

we must adjust with the changing time

আজও আমি বলছি

we must adjust with the changing time

এবং সেই এ্যাডজাষ্ট আমরা করছি। কারণ কেন্দ্র এবং প্রাদেশিক সরকারের মধ্যে একটা সম্বন্ধ থাকা দরকার। দেশে গণতন্ত্র আছে এবং যেভাবে প্রতিষ্ঠিত হয়েছে তাতে আমরা আশা রাখবো যে, বর্তমান কেন্দ্রীয় সরকারের নেতৃত্বে গণতন্ত্র ধ্বংস হয়ে যাবে না, যদিও এর আশঙ্কা আছে এবং সেকথায় আমি পরে আসছি, তাহলে এই কথাটা স্বাভাবিকভাবেই আসতে পারে যে, সব সময় কেন্দ্রে এবং প্রদেশে একই রাজনৈতিক এবং একই মতের দলের সরকার গঠিত নাও হতে পারে। তাহলে যখনি কেন্দ্রে এবং প্রদেশে বিভিন্ন দলের সরকার হবে তখনি প্রাদেশিক সরকারকে ভেঙে দিতে হবে? এবং ভেঙে দিয়ে সেখানে যতক্ষণ না পর্যন্ত কেন্দ্রের অনুরূপ সরকার প্রতিষ্ঠিত হচ্ছে ততদিন পর্যন্ত নির্বাচনের অভিনয় করা হবে? সুতরাং আমরা ধরে নিতে পারি যে, গণতন্ত্র ভারতবর্ষে প্রতিষ্ঠিত হয়েছে, যে গণতন্ত্র এমন এক গণতন্ত্র যার মাধ্যমে কেন্দ্রে একধরনের সরকার এবং বিভিন্ন প্রদেশে বিভিন্ন ধরনের সরকার প্রতিষ্ঠিত হতে পারে কিন্তু কেন্দ্র এবং রাজ্যগুলি সঙ্গে কি সম্বন্ধ হবে তা সংবিধানে পরিষ্কারভাবে লিখিত আছে সেই অনুযায়ী আমরা পরস্পরের সঙ্গে যোগসূত্র বজায় রেখে চলি এবং সেই অনুযায়ী দেশের শাসনব্যবস্থা পরিচালিত হয়। সুতরাং আজকে যে পরিবর্তন কেন্দ্রে এসেছে সে সম্বন্ধে আমরা সম্পূর্ণ সচেতন এবং সজাগ এবং সেই পরিবর্তন সম্বন্ধে আমরা চিন্তাও করি এবং সেই অবস্থায় যে পরিবর্তন আনা প্রয়োজন আছে সেটা আমরা সব সময়ে মনে রাখি।

[5-50—6-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিন পরিষ্কারভাবে বলেছিলাম যে, নিশ্চিত আমরা এই পরিবর্তিত সময়েও নিজেদের এ্যাডজাস্ট করে নেব। সঙ্গে সঙ্গে একথাও বলি যে, আমাদের আনচেঞ্জ প্রিন্সিপল্ আছে, সেগুলি দৃঢ়ভাবে মনে রেখে চলব। সেই আনচেঞ্জিং প্রিন্সিপল্ কি? গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা এবং সমাজতন্ত্র, এই আদর্শে আমরা অবিচলিত থাকব, এই আদর্শ থেকে কোনদিন বিচ্যুত হব না। আমাদের যা-কিছু কাজ-কারবার, যা-কিছু নীতি, কর্মসূচী, যা-কিছু বক্তব্য, এই তিনটি নীতির উপর ভিত্তি করে তৈরী হবে এবং এই মূল নীতিকে কেন্দ্র করেই আমরা এগিয়ে যাব এবং এগিয়ে যাবার চেষ্টা করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বনাথবাবু কয়েকটা কথা বলেছিলেন এবং আমাদের উপদেশ দিয়েছিলেন, সেগুলি আমরা করছি, কি করছি না সেটা পরের কথা, তিনি আমাদের বলেছিলেন নির্বাচনে কংগ্রেসের এই-রকম একটা পরাজয়ের কারণ অনুসন্ধান করতে গিয়ে তিনি বুঝাবার চেষ্টা করেছিলেন—কতগুলি ঘটনা সম্বন্ধে আমরা সচেতন ছিলাম না। আমরা নাকি মাটিতে কান পেতে শুনবার চেষ্টা করি নি। শুনেছি কি শুনি নি, সেটা বলছি না কিন্তু একটা কথা তাঁকে বলব আমরা পশ্চিম-বাংলার মাটিতে পা রেখে দাঁড়িয়ে আছি এবং এটা পরিষ্কার বলছি যে, পশ্চিমবাংলার মাটির সঙ্গে আমাদের সংযোগ আছে, নাড়ীর সংযোগ আছে। একথা আমি বিশ্বনাথবাবুকে স্মরণ করিয়ে দিতে চাইছি। তিনি নির্যাতিত দেশসেবক, আমি তাঁকে শ্রদ্ধা করি, যদিও তাঁর

মতের সঙ্গে মিল নেই, আমি তাঁকে কোনরকম হেনস্থা করার জন্য, কোন অন্যায় কথা বলে, তাঁর মনে আঘাত করার অভিপ্রায় আমার নাই। যদিও আজকে এখানে উপস্থিত নেই, তাঁর অবগতির জন্য এটা বলছি যে, তিনি যে কথা বলেছিলেন সেটা তিনি প্রমাণ করুন। তিনি বলেছিলেন করের জ্বালায় জর্জরিত হয়ে কৃষকসমাজ কংগ্রেসের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছে। বিশ্বনাথবাবুর অজানা নয়—কারা খাজনা দেয়, আর কারা দেয় না। ইকনমিক রিভিউতে বেরিয়েছে, লেবার ইন ওয়েষ্ট বেঙ্গলেও আছে—আমাদের জমিওয়ালা কাল্টিভেটার, জমি আছে এইরকম চাষীর সংখ্যা কত। তাদের সংখ্যা এবারের পুস্তিকায় বেরিয়েছে '৩৯·৬০ লক্ষ, প্রায় ৪০ লক্ষ জমিওয়ালা কৃষক। এর মধ্যে খাজনা দেবার এসেসী কত? ২৫ হাজার। কত শতাংশ? আমি বলতে পারলাম না।

ঐ ৪০ লক্ষ লোকের মধ্যে মাত্র ২৫ হাজার এগ্রিকালচারাস ইনকাম ট্যাক্স এ্যাসেসি যাদের কাছ থেকে খাজনা আদায় করা হয়—বা যারা খাজনা দেয়। অর্থাৎ যারা ৩ হাজার টাকার উপর আয় করে। আমি ধরে নিতে পারি—যে জমির খাজনা দেয়, সেই জমির মালিকের সংখ্যা খুব বেশী হলে ১ লক্ষ। এই ১ লক্ষ মানুষের মধ্যে কিছু মানুষ—কিছু বেশী দেয়—কিছু মানুষ কিছু কম দেয়। কিন্তু এই একলক্ষ মানুষ যদি বিক্ষুব্ধ হয়—তার মানে এই নয়—যে সমস্ত কৃষক শ্রেণী—কংগ্রেসের উপর বিক্ষুব্ধ হয়েছে খাজনার চাপে। তিনি সেদিন বলেছিলেন—চটকলের শ্রমিক, কাপড়ের কলের শ্রমিক, ইঞ্জিনীয়ারিং শ্রমিক—সবাই বিক্ষুব্ধ। আমি তাঁকে স্মরণ করে দিতে চাই—তার পার্টির কাছে বোধহয় খবর নেই—১৯৭২-৭৩ সালে যখন এই সরকার প্রতিষ্ঠিত হয়—তখন কনজিউমার প্রাইস ইনডেক্স ফর ইণ্ডাসট্রিয়াল ওয়ার্কস ইন ক্যালকাটা ছিল—১৯৭ সেই বছর। আর ১৯৭৬-৭৭ সালের প্রথম ছয়মাসের এ্যাভারেজে এ দেখা যায়—সেটা বেড়ে হয়ে ২৯২। তখন শ্রমিকদের বেতন কত ছিল? চটকল শ্রমিকের বেতন ছিল ১৯৭২-৭৩ সালে আমরা যখন এই গভর্ণমেণ্টে ১৮১ টাকা মাসে। আজ তার বেতন কত? ৩৬১·৩০ টাকা। কাপড়কলের শ্রমিকের বেতন যেখানে ছিল ১৬৯ টাকা, আজকে হয়েছে ৩৫০ টাকার বেশী। ইঞ্জিনীয়ারিং শিল্পে সেদিন শ্রমিকের বেতন ছিল ১৯৯ টাকা, আজ হয়েছে ৩৭৭·৩৫ পয়সা। শতকরা ৮০ ভাগ ইনডেক্স বৃদ্ধি পেয়েছে, আর বেতন বৃদ্ধি পেয়েছে—একশো ভাগের বেশী। তার মানে রুরাল ওয়েজ শ্রমিকদের যা বৃদ্ধি পেয়েছে, মূল্যবৃদ্ধি যা হয়েছে জিনিসপত্রের তার উর্দ্ধে। সেদিন আমি যা বলেছি আজও তাই বলছি—১৯৭৫-৭৬ সালে ম্যান-ডেজ লস্টের সংখ্যা কমেছে। লে-অফের সংখ্যা অর্ধেকেরও কম হয়েছে এই লে-অফ সাড়ে তিন লক্ষের জায়গায় এখন ৮৪ হাজারে পৌঁচেছে। এর থেকে বোঝা যায় পার্টিসিপেশন ইন ম্যানেজমেণ্টের ফলে শ্রমিকসমাজ আজ অসন্তুষ্ট বা অতৃপ্ত নয়। সি ডি এস পশ্চিমবঙ্গ সরকারের হাতে ছিল না। বিশ্বনাথবাবু জানেন সি ডি এস ও বোনাস আইন পশ্চিমবঙ্গ সরকারের সম্মতি ও পরামর্শ নিয়ে হয়নি। এবার সর্বভারতীয় আইন যেমন পাস হয়েছে—পশ্চিমবঙ্গেও সর্বত্র প্রচলিত হয়েছে—এতে আমাদের কোন হাত ছিল না। সি ডি এস ও বোনাস সম্পর্কে আপনি জানেন স্যার কয়েকজন সদস্য প্রস্তাব দিয়েছেন। আগামী সোমবারে সেই সম্পর্কে আলোচনা হবে। সেই সময়ে সকলের মনোভাব পরিষ্কারভাবে জানা যাবে।

বিশ্বনাথবাবু বলেছিলেন—ল্যাণ্ডলেস লেবারদের জন্য তোমরা কিছু করো নি। আমাদের পশ্চিমবঙ্গ হচ্ছে একমাত্র প্রদেশ—যেখানে সরকারীভাবে ভূমিহীন শ্রমিকদের জন্য সর্বোচ্চ মজুরীর হার ধার্য করা হয়েছে। আমি বারবার অভিযোগ করেছি অতীতে যে এটা কেবলমাত্র

আইনে প্রচলিত করলে হবে না, কেবল সরকারী ইন্সপেক্টর এ সম্পর্কে নিয়োগ করলে হবে না। আমাদের প্রত্যেকটি শ্রমিকদরদী মানুষকে এর দায়িত্ব নিতে হবে—যাতে আইনটা ঠিক ঠিক প্রতিপালিত ও প্রযোজ্য হয়—আইন যাতে কাজে রূপায়িত হয়। সে সম্বন্ধে ব্যবস্থা করা এবং দেখা

[6-00—6-10 p.m.]

আমি শ্রীবিশ্বনাথ মুখার্জী মহাশয়কে কি জিজ্ঞাসা করতে পারি যে, তিনি এবং তার দলের মাননীয় সদস্যরা গোটা পশ্চিমবাংলার কটা জেলায় আন্দোলন পরিচালনা করেছেন এই ভূমিহীন কৃষকদের ন্যায্য মজুরী দেওয়ার জন্য। একটা জেলায় আমার ইন্সপেক্টর হুগলী জেলার অন্তর্গত একটি থানায় আন্দোলন পরিচালনা করে ন্যূনতম মজুরী পাইয়ে দেওয়ার একটা চুক্তি করেছিলেন। সেই আন্দোলনের সহায়ক হওয়া ছাড়া কম্যুনিষ্ট পার্টির সদস্য হিসাবে বিশ্বনাথবাবু এবং তার সহকর্মীরা পশ্চিমবাংলার কোথায় আন্দোলন করেছেন যে আন্দোলনে সরকার সহানুভূতি দেখান নি, সহযোগিতা করেন নি, সমর্থন করেন নি। সেটা পরিষ্কারভাবে বলা উচিত। আমি যতদূর জানি কোথাও তারা আন্দোলন করেন নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিশ্বনাথবাবু অভিযোগ করেছেন যে, বিনা বিচারে বন্দী করে রেখেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি কাদের রাজবন্দী বলবো। মানুষ খুন হলো বড় রাস্তার উপরে, হাইকোর্টের জজ খুন হল, কারখানার শ্রমিক খুন হল, ক্ষেতমজুর খুন হল, বিদ্যালয়ের ছাত্র খুন হল, বিদ্যালয়ের প্রধান শিক্ষক খুন হল, সাধারণ ব্যবসায়ী চাকুরিজীবী খুন হল প্রকাশ্য দিবালোকে। রাজনীতির নামে রাজনৈতিক আদর্শের নামে মানুষ খুন হল, কিন্তু সাক্ষী পাওয়া গেলো না। মানুষ ভয়ে সাক্ষী দিলো না। তাহলে এই খুন চলতে থাকবে? কোর্ট-কাছারিতে বিচার হবে, কিন্তু ভয়ে মানুষ সাক্ষী দিতে এলো না। এইরকম অবস্থা গোটা পশ্চিমবাংলায়, এক-আধটা নয়, অনেক ঘটেছে। ১৯৬৭-১৯৭১ সাল পর্যন্ত এইরকম বহু ঘটেছে। আমরা জানি এটা শুধু কলকাতায় নয়, কলকাতার বাইরে সুদূর গ্রামাঞ্চলেও এইরকম হয়েছে। শীষমহম্মদ সাহেবের মুর্শিদাবাদে হয়েছে, সুধীরবাবুর মেদিনীপুরে হয়েছে, বেস্টারউইচ সাহেবের জলপাইগুড়িতে হয়েছে। একথা সকলেই জানেন। এও তো হয়েছে রাজনীতির নামে। এই যে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে ঘোষিত হয়েছে মানুষ খুন, এই খুনের বিচার সম্ভব নয়। মানুষ ভয়ে বোবা হয়ে গিয়েছে। বিচারকদের সামনে হলপ করে বলতে রাজী নয় যে, খুন হয়েছে কে করেছে, তার নাম বলতে রাজী নয়। সেই খুনের আসামীকে পুলিশ ধরলো দেশে শান্তিরক্ষার জন্য, দেশের মঙ্গলের জন্য, কিন্তু আদালতে সাক্ষী পাওয়া গেলো না। সাক্ষী দিতে কেউ এগিয়ে আসছে না—ভয়ে। যদি বিচার হয় তবে বিচারের নামে প্রহসন হবে। আবার সে বের হয়ে যাবে মানুষের মাঝে আবার, ডবল উৎসাহ নিয়ে মানুষ খুন করতে থাকবে। এই বিচারের প্রহসন করার দরকার আছে কি? যখন সুনিশ্চিতভাবে সরকার জানে এই লোকটাই খুন করেছে, একে ছেড়ে দিলে আরও অশান্তি ডেকে আনবে, মানুষের অশান্তির সংসারে আরও বিভীষিকা ডেকে আনবে একে যদি ধরে রাখা হয় তাকে কি রাজনৈতিক বন্দীর মর্যাদা দেবে? তাকে কি বলবো রাজনৈতিক বন্দী না দেশদ্রোহী, স্বজাতিদ্রোহী। সে কি রাজনৈতিক বন্দীর মর্যাদা পাবে—একথা তাঁকে বিবেচনা করতে হবে।

তারা রাজবন্দীদের মর্যাদা পাবে এইটাই কি হবে—এই কথা তাঁকে বিবেচনা করতে হবে। তিনি বলেছিলেন গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে দিন। মানুষের কোন গণতান্ত্রিক অধিকার খর্ব

করা হয়নি। জরুরী অবস্থার নানারকম অভিযোগ তিনি তুলেছিলেন—দেশের সাধারণ মানুষ তাই জন্য নাকি বিক্ষুব্ধ হয়েছেন এমন কি ভারতবর্ষের নানা জায়গায় নাকি এই অবস্থা হয়েছে। জরুরী অবস্থায় দেখলাম অ্যাবোলিশন অব দি বণ্ডেড লেবার। স্বাধীনতার ২৯ বছর পরেও ক্রীতদাস শ্রমিক প্রথা চালু ছিল। এটা লজ্জার কথা। কিন্তু গৌরবের কথা যে, সরকার আইন করে এই ক্রীতদাস প্রথা অবসান করেছেন। ক্রীতদাস রাখা অপরাধমূলক কাজ বলে ঘোষিত হয়েছে এবং সেই অনুযায়ী ভারতবর্ষের প্রতি প্রান্তে সরকারী কর্মচারীরা ব্যবস্থা অবলম্বন করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভাগচাষী ন্যায্য অধিকার পেল, দরিদ্র কৃষক ঋণের ভার থেকে মুক্তি পেল, শ্রমিক ম্যানেজমেণ্টে পার্টিসিপেট করবার অধিকার পেল, দরিদ্র মানুষ বড়লোকের হাত থেকে মুক্তি পাবার জন্য আইনের ব্যবস্থা ও সাহায্য পেল। যে ২২৬ ধারার অধিকারবলে যারা দেশের অগ্রগতির পথকে ব্যাহত করবার সুযোগ পেয়েছিল সেটা অনেক পরিমাণে সঙ্কুচিত হোল। সেচের আওতায় আরও অধিক জমি নিয়ে আসা হোল যেটা ভূপাল পাণ্ডা মহাশয় বলেছেন। ভূমিহীনদের ভূমি দেওয়া হোল, বাস্তহীনদের বাস্ত দেবার ব্যবস্থা হোল। দেশের ৭০ ভাগ মানুষ যাদের কথা এখানে বাপুজী বলেছিলেন যে, দেশের ৭০ ভাগ ভানুষ খেতে পায় না, পরণে কাপড় নেই, মাথা গুঁজবার আচ্ছাদন নেই—সেই ৭০ ভাগ মানুষের জন্য ঋণের ব্যবস্থা হোল তাদের আচ্ছাদন করে দেবার ব্যবস্থা হোল। যে ক্রীতদাস শ্রমিক রেখে পয়সা না দিয়ে যারা সেই শ্রমের বিনিময়ে মুনাফা লুটছিল তাদের অসুবিধা হোল, যারা মহাজন ঐ মহাজনী ব্যবস্থা চালু রেখে কৃষকদের শোষণ করে চলছিল তাদের বিপদ বাড়লো। সেই শহরের মধ্যবিত্ত পরিবার যারা জমিচাষের ধার ধারেন না, যারা বিভিন্ন নোংরা পথে জমি পেয়েছে তারা কৃষককে বললো, এই তুই আমার জমি চাষ করবি আর আমার ঘরে সমস্ত ফসল তুলে দিবি। ফসলের সিংহ অংশ থাকবে তার আর যে কৃষক সে পাবে সামান্য অংশ এবং অর্ধাহারে-অনাহারে সে তার পুত্র-পরিবারকে নিয়ে দিন কাটাবে। আজকে ঐ জমিওয়ালা মধ্যবিত্ত শ্রেণীর লোক ক্ষতিগ্রস্ত হোল, ঐ শ্রেণীর মানুষ দলবদ্ধ হোল, জোট বাঁধলো এবং সেই জোট বেঁধে দেশের মধ্যে একটা পরিবর্তন আনবার ষড়যন্ত্র করবার চেষ্টা করলো। দুঃখের বিষয় যে, তাদের সেই ষড়যন্ত্র সার্থক হোল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত আশ্চর্যের বিষয় যে, যে জোট এলো ভারতবর্ষে তাদের সম্বন্ধে বলি। তিনটি মূল নীতি আছে যে, নীতি সম্বন্ধে কাশীবাবুরও আপত্তি নেই, শান্তি দাশগুপ্ত মহাশয়ের আপত্তি নেই রামদাস ব্যানার্জী মহাশয়ের আপত্তি নেই, এমন কি বেস্টারউইচ সাহেবেরও আপত্তি নেই। সেটা হচ্ছে গণতন্ত্র, সমাজতন্ত্র এবং ধর্মনিরপেক্ষতা। এমন জোট হোল যে, জোটের সমস্ত শরিক এবং সমস্ত শরিকের মানুষ কেউ ঐ একটা নীতি মানেন তো দুটো মানেন না, কেউ দুটো মানেন তো একটা মানেন না।

[6-10—6-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা কি সত্য নয় যে এই জোটের শরিক হিসাবে আমরা পশ্চিমবাংলায় কাদের দেখলাম? যারা আদর্শগতভাবে গণতন্ত্রের মৌল নীতি বিশ্বাস করে না, যাদের কাছে গণতন্ত্র দলের স্বার্থসিদ্ধির একটা উপায়মাত্র, যাদের চিন্তা, কর্মপদ্ধতি গণতান্ত্রিক আদর্শের পরিপন্থী, যারা পবিত্র সংবিধানকে ভিতর থেকে ধ্বংস করবার জন্য প্রতিজ্ঞা নিয়েছিল—গণতান্ত্রিক অধিকার ভোগ করার কোন নৈতিক অধিকার কি তাদের আছে, এই কথা আমি বেষ্টারউইচ সাহেবকে জিজ্ঞাসা করছি? আমি পরিষ্কারভাবে বলতে

চাই সি পি এম সম্বন্ধে উক্তি করছি। ওরা একদিন অঙ্গীকার করেছিল, পশ্চিমবাংলার দেওয়া দেওয়ালে লিখে দিয়েছিল গণতন্ত্র ভাঙতে গেলে গণতন্ত্রের ভিতরে প্রবেশ করতে হবে। আজ আমরা দেখলাম এই জোট কংগ্রেস প্রতিষ্ঠিত গণতন্ত্রের সুযোগ নিয়ে গণতন্ত্রকে ভাঙবার জন কংগ্রেসকে পরাজিত করে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের অন্যতম আশ্রয়স্থল হল, অন্যত ভরসার স্থল হল—মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাশীকান্তবাবু, প্রদ্যুৎবাবু, বেষ্টারউইচ সাহেব প্রমুখে আমি স্মরণ করিয়ে দিই সেই ইংরাজী কথা "লিওপার্ড নেভার চেঞ্জেস ইটস ষ্ট্রাইপস", সুতর সাবধান হোন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি দেশে যখন গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়ে তখন পরিবর্তন হবেই। পরিবর্তন যদি না হয় তাহলে বুঝব যে, দেশে গণতন্ত্র ছিল না। সুতরা পরিবর্তন দুর্ভাগ্য-সূচনা করে না। পরিবর্তন যারা গণতন্ত্রের পূজারী তাদের মনে উৎসাহ সঞ্চা করে, তাদের হতাশ করে না। তাই কংগ্রেসের পরাজয়ে কংগ্রেসীদের হতাশ করেনি, আমাদে মধ্যে নতুন উৎসাহ সঞ্চার করেছে, মানুষকে সজীবতা দিচ্ছে গণতান্ত্রিক অধিকার সম্পর্কে সচেতনতা—দেশে গণতন্ত্রকে বাঁচিয়ে রাখবার জন্য তাদের যে অতন্দ্র প্রহরীর মত চিন্তা এ আমরা শ্রদ্ধা জানাই এবং সংগে সংগে এই আশ্বাস পাই যে এটা একটা নতুন ওয়াচডগের ম কাজ করবে—কাউকে অব্যাহতি দেবে না। যিনি সত্যিকারের গণতন্ত্রের স্বার্থক পূজারী হবেন ন যিনি ধর্মনিরপেক্ষতায় বিশ্বাসী হবেন না, যিনি সমাজতন্ত্রের আদর্শে বিশ্বাসী হবেন না, তাঁ পরিত্রাণ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য শেষ করার আগে আমি আমার সি পি আই বন্ধুদের আজকের সংবাদপত্র থেকে, শ্রীজয়প্রকাশ নারায়ণজীর কারাবাসকালীন যে ডায়ে প্রকাশিত হচ্ছে, তার ছোট্ট অংশ উদ্ধৃত করে পড়ে শোনাব—তাদের অত্যন্ত আনন্দিত হবা উৎফুল্ল হবার কারণ নেই—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা প্রদ্যোৎবাবুকে স্মর করিয়ে দেব জয়প্রকাশজী ঘোষণা করেছিলেন সর্বাত্মক বিপ্লব—যে সর্বাত্মক বিপ্লব আমরা বিশ্ব করি। শান্তিপূর্ণ পথে সর্বাত্মক বিপ্লব, সর্বোদয় বিপ্লব প্রত্যেক গান্ধীবাদীই বিশ্বাস করে। কি বিশ্বাস করে না সি পি আই বন্ধুরা—বিশ্বাস করতেন? মার্কসবাদী কম্যুনিষ্ট বন্ধুরা বিশ্বা করতেন না। বেষ্টারউইচ সাহেবের দল? তাই সেদিন জয়প্রকাশ নারায়ণজীকে গ্রহণ করে পারেন নি। কিন্তু আমি জানিয়ে দিতে চাই, যে সর্বাত্মক বিপ্লবের কথা জয়প্রকাশজী বলেছিলে তিনি কি নিজে আজ সত্যিই আশান্বিত যে পরিবর্তন ভারতবর্ষে হয়েছে? কেন্দ্রে যে সরক তিনি প্রতিষ্ঠিত করে গেলেন, আশীর্বাদ দিয়ে গেলেন, তারা কি সেই সর্বাত্মক বিপ্লবের উপযো আয়োজন? তা যদি হত তাহলে তিনি তাদের গান্ধীঘাটে টেনে নিয়ে গিয়ে গান্ধীজীর সমাধিস্থ নতুন করে শপথবাক্য উচ্চারণ করাতেন না এবং লোকসভার কেন্দ্রীয় হলে আর একব তাঁদের স্মরণ করিয়ে দিতেন না যে, সাধারণ মানুষের সংগে সরকারের সম্বন্ধ কি হওয়া উচিত মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগুলি তিনি করেছেন তাঁর সহজাত বিশ্বাস থেকে, তাঁর দীর্ঘদিনে সহজাত অভিজ্ঞতা থেকে। তিনি জানেন, এমন লোকদের এনেছি যাদের মধ্যে কেউ কে গণতন্ত্রে বিশ্বাসী নয়, এমন লোকদের এনেছি যাদের অধিকাংশই গান্ধীজীর আদর্শে বিশ্বা নয়, যাদের কিছু সংখ্যক ধর্মনিরপেক্ষতায় বিশ্বাসী নয় এবং যাদের অনেকেই সমাজতন্ত্রবাদে আদর্শকে বৃদ্ধাঙ্গুষ্ঠি দেখাতেই অভ্যস্ত। তাই তাঁর প্রয়োজন হয়েছিল গান্ধীঘাটে সবাইকে টেনে নি গিয়ে শপথবাক্য পাঠ করাতে এবং প্রয়োজন হয়েছিল নেতা নির্বাচনের পরই নেতা এ সমস্ত সদস্যকে স্মরণ করিয়ে দিতে, দেশের সাধারণ মানুষ কি চায় এবং দেশের সাধা মানুষের প্রতি সরকারের দৃষ্টিভঙ্গী কি হওয়া উচিত। তাই আমি বলি, এই সর্বাত্মক বিপ্লব

আসে তাহলে অন্ততঃপক্ষে কংগ্রেসীদের পক্ষ থেকে তার সংগে সহযোগিতা করার আশ্বাস আমি দিতে পারি। সর্বাত্মক বিপ্লব এক কেন্দ্রীয় সরকারের নেতৃত্বে শান্তিপূর্ণভাবে যদি এই ভারতবর্ষের বুকে ঘটে তাহলে সর্বাগ্রে সেই বিপ্লবের সৈনিক কেন্দ্রীয় সরকারের নেতৃত্বে এই পশ্চিমবঙ্গ সরকার হবে এই প্রতিশ্রুতি আমি দিতে পারি। সংগে সংগে একথাও বলি, যদি সর্বাত্মক বিপ্লবের নামে যে মৌল নীতিগুলি আমরা প্রতিষ্ঠিত করেছি ভারতবর্ষের বুকে—গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা এবং সমাজতন্ত্র, তা যদি কোনরকমে ক্ষুণ্ণ হয় তাহলে পশ্চিমবঙ্গের কংগ্রেস, পশ্চিমবঙ্গের সাধারণ সংগ্রামী মানুষ, সমাজবাদের আদর্শে বিশ্বাসী মানুষ, তাদের সকলকে নিয়ে আমরা প্রতিরোধ করার জন্য সর্বস্ব পণ করে লড়াই করবো এই প্রতিশ্রুতিও দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শেষ করার আগে আমাদের মাননীয় সি পি আইয়ের বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই জয়প্রকাশজীর সেই কয়েকটি কথা। "আমার দৃঢ় বিশ্বাস ইন্দিরাজী, তাঁর দলের ছদ্মবেশী কমিউনিষ্টরা এবং সি পি আই এবং এদের সকলের আড়ালে সোভিয়েট চরেরা একটি বিস্তারিত পরিকল্পনা তৈরি করেছিল। পরিকল্পনাটি হচ্ছে, ২৫শে জুনের আগে পর্যন্ত আমাদের দেশে যে গণতান্ত্রিক কাঠামোটি ছিল সেটা বদলে একনায়কতন্ত্রের প্রতিষ্ঠা। প্রধানমন্ত্রী, কংগ্রেস দলে কমিউনিষ্টদের খড়ের পুতুল আর কমিউনিষ্ট এই তিন দলের কাছেই গণতন্ত্র একটি অবাঞ্ছিত ব্যাপার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শেষ করার আগে সি পি আই বন্ধুদের কানে কানে একটি কথা বলতে চাই, যে কথা দ্বিতীয়ভাগের সেই রাখাল জেলখানায় যাবার আগে তার মাসির কানে কানে বলেছিল, "মাসি, তুমিই আমার মৃত্যুর কারণ!"

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। স্যার, একটু আগে আমাদের নেতা ডাঃ গোপালদাস নাগ মহাশয় বিস্তারিতভাবে আজকের রাজনৈতিক পরিস্থিতি এবং আগামীদিনের যে ইংগিত সে সম্পর্কে বলেছেন। স্যার, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেই বিতর্কে অংশগ্রহণ করে আমি শুধু বলতে চাই যে, ১৯৬৯ থেকে ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে অরাজকতা এবং বিভীষিকার রাজত্ব চলেছিল, তারপর ১৯৭২ সাল থেকে আমাদের প্রিয় নেতা শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে পশ্চিমবঙ্গ এগিয়ে চলেছে এবং আগামীদিনে আমাদের লক্ষ্য সমাজবাদে পৌঁছানো।

[6-20—6-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা আমি পরিষ্কার করে বলতে চাই যে ভারতবর্ষের শতকরা ৭০ থেকে ৮০ জন মানুষ অর্থনৈতিক এবং সামাজিক কল্যাণে প্রতিষ্ঠিত। তাই আজকে আমরা দেখতে পাই পশ্চিমবঙ্গ সরকার ভূমিসংস্কার আইনে একটার পর একটা বলিষ্ঠ পদক্ষেপ করে গেছেন। পশ্চিমবঙ্গে যেসব কৃষক, যেসব শ্রমিক, যারা দীর্ঘদিন ধরে জমিতে খেটেছিল, মাটিকে তারা মা বলে এবং সেই মাটিতে তাদের সর্বান্তঃকরণ পড়েছিল। দিনের শেষে দীর্ঘশ্বাস ফেলে যারা চলে যেত, মাটির সংগে যাদের কোন সম্পর্ক থাকতো না, এই সরকার সেইসব চাষীকে এবং তাদের বংশপরম্পরায় অধিকার দিয়ে গেছে এবং তাদের মুখে আজকে হাসি ফুটেছে। যেসমস্ত উদ্বৃত্ত জমি ছিল পশ্চিমবাংলায়, জমিদার, জোতদাররা সেই সমস্ত জমি বিভিন্নভাবে আটকে রেখেছে, পশ্চিমবাংলার বঞ্চিত মানুষগুলির কাছে, ভূমিহীন মানুষগুলির কাছে সেইসব জমি বণ্টন করে তাদের অর্থনৈতিক এবং সামাজিক প্রতিষ্ঠা করা হয়েছে। পশ্চিমবাংলায়

যেসব বাস্তুহীন ছিল, যাদের মাথা গুঁজবার কোন ঠাঁই ছিল না, আজকে ২০ দফা অর্থনৈতিক কর্মসূচীতে সেই বাস্তুহীন মানুষগুলিকে, ভূমিহীন মানুষগুলিকে ঠাঁই দেওয়া হয়েছে। আজকে আমরা দেখতে পাচ্ছি যে পশ্চিমবাংলায় কিভাবে সেচের উন্নতি হতে চলেছে। আজকে ব্যাঙ্ক জাতীয়করণের সময় এই প্রদ্যোৎবাবুর দলই বিরোধিতা করেছিলেন। আজকে ব্যাঙ্ক জাতীয়করণের মাধ্যমে আমরা দেখতে পাচ্ছি যে চাষী, মধ্যবিত্ত, ছোট ছোট ব্যবসায়ী, বেকারদের ঋণ দিয়ে, এ্যাডিশনাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রামের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে আমি শুধু এইকথা বলতে চাই যে প্রদ্যোৎবাবু তার বক্তব্যের মধ্যে একটা কথা বলেছেন যে কথার উত্তর আমি দিতে চাই। উনি রিগিংয়ের কথা বলেছেন। আমি একটা প্রশ্ন করতে চাই যে ভারতবর্ষে এই যে গণতান্ত্রিক নির্বাচন হল, সুষ্ঠুভাবে নির্বাচন হল, এই নির্বাচনের চিত্র দেখলে আমরা পরিষ্কার বুঝতে পারি যে আমরা কংগ্রেস থেকে মাত্র ৩টি সিট পেয়েছি। আমরা দেখেছি যে মায়া রায় নির্বাচনে হেরে গেছেন। আমরা দেখেছি যে সি পি আইয়ের হিরেন মুখার্জীর মত পার্লামেণ্টেরীয়ান তিনি নির্বাচনে হেরে গেছেন। আমরা দেখেছি যে রায়বেরিলিতে আমাদের শ্রদ্ধেয় প্রধানমন্ত্রী হেরে গেছে—নিশ্চয়ই রিগিং হয়েছে। এই রিগিং হয়েছে কিভাবে? আমার বিশ্বাস রিগিং হয়েছে ওদের ষড়যন্ত্রে, ওদের পক্ষে এবং সেই রিগিংকে ওরা ঢাকবার জন্য উল্টোভাবে চাপ সৃষ্টি করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিষ্কারভাবে এই বক্তব্য রাখতে চাই যে রিগিং ওরা করেছেন এবং সেই রিগিংকে ঢাকবার জন্য কংগ্রেসের ঘাড়ে দোষ চাপিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই, প্রদ্যোৎবাবু বলে গেলেন যে ৩০ বছর কংগ্রেসের রাজত্ব ছিল, দুঃখ করে বলে গেছেন কেন্দ্রে অকংগ্রেসী রাজত্ব হয়েছে—আমি প্রদ্যোৎবাবুকে জিজ্ঞাসা করছি, আপনারা তো গান্ধীবাদী লোক, একটা কথা বলতে পারেন যে জনসংঘের সংগে আপনাদের মিলন হল কি করে? জনসংঘের যে নীতি আর আপনাদের যে নীতি—এই দুটো কি এক? জনসংঘের সংগে সি পি এমের সংগে এই যে আঁতাত, এই আঁতাত আপনাদের ক্ষমতালোভী করে তুলেছে। কোন অশুভ জোট কোনদিনই টিকতে পারে না, পারেনি। এই কথা তাকে স্মরণ করিয়ে দিয়ে আজকে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীমহঃ দেদার বক্স : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে কিছু বক্তব্য রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে আমাদের সরকার কৃষি, সমবায়, ভূমিসংস্কার এবং শিক্ষার ক্ষেত্রে, স্বাস্থ্যের ক্ষেত্রে, অন্যান্য কর্মসংস্থানের ব্যাপারে এবং আদিবাসী তপশিলী ভাইদের উন্নয়নকল্পে যে সমস্ত কাজ করেছেন এবং ভূতপূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের অবশিষ্ট সমস্যা সমাধানে যে সচেষ্ট হয়েছেন, এই সমস্ত বিভিন্ন কারণে আমি এই ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি। আমার হয়তো এইসব ব্যাপারে বিবরণ দেওয়া সম্ভব নয়, সে সময় আমার নেই। সেইজন্য বলছি আমাদের বিরোধী পক্ষের নেতা বিশ্বনাথবাবু যে কথাগুলো বলেছেন সেইগুলো আমার মনে হয় অগণতান্ত্রিক। কারণ সংবিধান অনুযায়ী শাসন চলছে এবং সংবিধান অনুযায়ী যদি চলে তাহলে নিশ্চয়ই আমাদের যে সময় সেটা ঠিক থাকবে। কিন্তু গণতান্ত্রিক উপায়ে সরকার যে কেন্দ্রে গঠিত হয়েছে, তারা যদি অগণতান্ত্রিক পদ্ধতিতে কিছু করেন তাহলে আমার মনে হয় এবং আমি বিশ্বাস করি যে তিনি করবেন না, কিন্তু আমি বলবো বিশ্বনাথবাবু

যে কথা বলছেন মন্ত্রিসভার পদত্যাগ করার জন্য গভর্ণরের কাছে সুপারিশ করা, যে আমরা পদত্যাগ করছি, কিন্তু আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, এই কংগ্রেসের সঙ্গে আঁতাত করে ৩৬ জন সদস্য নিয়ে ১৯৭২ সালে এসেছিলেন, তা না হলে হয়তো কি হত বলা যায় না—আজকে খবরের কাগজে একটা কার্টুন বেরিয়েছে ১৬ তারিখের নির্বাচনের পরে খুঁজে পাওয়া যাচ্ছে না সি পি আই অফিস, এইরকম একটা কার্টুন বেরিয়েছে, নিশ্চয়ই আপনারা দেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি বলি, তাদের পদত্যাগ করা উচিত ছিল, নিজে যদি আচরি ধর্ম অপরে শিখায়, এটাই করা উচিত ছিল। উপরন্তু আমি বলি সি এফ ডি দলের নেতা কাশীবাবু আইনজ্ঞ লোক এবং তিনি ভাল বক্তৃতা দেন, কিন্তু তিনি সেইজন্য দলত্যাগ করে, পরে যে নির্বাচনের পথের কথা বলেছেন, যে দরকার হলে সত্যাগ্রহ আন্দোলন জোরদার করা হবে। কিন্তু আমার মনে হয় যদি তিনি গণতন্ত্রে বিশ্বাস করেন তাহলে এটা তিনি বলতে পারেন না, কারণ যেটা গণতান্ত্রিক সরকার, এখানে আমরা ওভারহোয়েলমিং মেজরিটি—নিশ্চয় তিনি বললেন যে কেন্দ্রে গণতান্ত্রিক সরকার গঠিত হয়েছে, সেটা তাঁরা দেখবেন এবং যাঁরা পার্লামেণ্টে গেছেন, তাঁরা নিশ্চয়ই চিন্তা করবেন। তিনি যদি গণতান্ত্রিক সরকারকে অগণতান্ত্রিক উপায়ে পরিবর্তন করতে চান তাহলে নিশ্চয়ই সেটা গণতন্ত্রের বিশ্বাসযোগ্য হবে না। এবং জনসাধারণ পুনরায় ভেবে রায় দেবে। আমাদের হয়তো লোকসভার নির্বাচনে হার হয়েছে সেটা গণতন্ত্রের নিয়ম, কারও হার, কারও জিত। গণতান্ত্রিক নিয়মে বিশ্বাস করলে, যেটা জনসাধারণের রায়, সেটা মেনে নিতে হবে। সেইজন্য আমি বলছি এই সংবিধান যতক্ষণ থাকবে, যতক্ষণ পরিবর্তন করা না হচ্ছে ততক্ষণ এইকথা বলা ঠিক নয়। কারণ যখন সেই পরিবর্তন করার আগে—যখন লোকসভার মেয়াদ এক বছর বাড়িয়ে দেওয়া হয়েছিল—নিশ্চয়ই কংগ্রেস সদস্য ছাড়া অন্যান্য দলের সদস্যও ছিলেন বা নেতারা ছিলেন, তারা তখন কেন ইস্তফা দেননি? সুতরাং আমি মনে করি না, এটা বলার কোন স্বার্থকতা আছে। আমাদের কৃষিভিত্তিক দেশ, আমাদের সমস্যা দুটো, খাদ্য এবং কর্মসংস্থান। পশ্চিমবাংলায় কেন, ভারতবর্ষের সমগ্র অঞ্চল বেকার সমস্যায় জর্জরিত এবং আমাদের মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন ১০ বছরের মধ্যে বেকার সমস্যা মুছে যাবে কিন্তু সকলকে পছন্দমত কাজ দেওয়া যাবে না, কিন্তু বেকার থাকবে না, ভাল কথা। কিন্তু পশ্চিমবাংলায় যারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে শিক্ষিত বেকার, যাঁরা নাম রেজিষ্ট্রেশন করেছেন এবং আধা-বেকার এবং পূর্ণ বেকার, গ্রামে এবং শহরে এই বিষয়ে সুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় একটা বিবরণ দিয়েছেন। কিন্তু তাতে দেখা যাচ্ছে এক কোটি টাকা যদি এক বছরে কিস্তি অনুযায়ী হয়, তাহলে ভাল কথা, যদি জনসাধারণের উপকার হয় ভাল হবে, কিন্তু তাই বলে আমি বলবো যে এই অগণতান্ত্রিক পদ্ধতিতে তারা কিছু করবেন না। যেকথা সি পি আই দলের নেতা এবং বেষ্টারউইচ সাহেব বলেছেন, সেটা সুফল হবে না। কারণ বেষ্টারউইচ সাহেব বলেছেন যে শিডিউল্ড কাষ্টের জন্য কিছু করা হয়নি, চা-বাগানের শ্রমিকদের জন্য কিছু করা হয়নি। কিন্তু নিশ্চয়ই চা-বাগান শ্রমিকদের জন্য একটা কর্পোরেশন গঠন করা হয়েছে। শিডিউল্ড-কাষ্ট এবং ট্রাইবসদের জন্য আইন করা হয়েছে, তাদের চাকুরির জন্য। তাদের অর্থনৈতিক উন্নয়নের জন্য ফাইন্যান্স এ্যাণ্ড ডেভেলপমেণ্ট কর্পোরেশন গঠন করা হয়েছে, বন্ধ রুগ্ন শিল্পগুলোর পুনর্জীবন ঘটিয়ে গতিসম্পন্ন করা হয়েছে। কৃষিতে, সেচে, সারে, কীটনাশক ঔষধ এবং অন্যান্য বিষয়ে উন্নতি করা হয়েছে। এমন কি কৃষিঋণ পর্যন্ত মকুব করা

হয়েছে। এইজন্য পুনরায় রাজ্যপালের ভাষণের উপর আনীত ধন্যবাদসূচক প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-30—6-40 p.m.]

শ্রীশিশিরকুমার ঘোষ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করে কিছু বক্তব্য রাখতে চাই। সংবিধানের ৪২তম সংশোধনের যে ধারা লোকসভা এবং বিধানসভার আয়ু ৬ বছর করে দিয়েছে, কমিউনিষ্ট পার্টি লোকসভায় এবং বিধানসভায় বারবার সেই ধারার বিরুদ্ধে প্রতিবাদ করেছিল। অতএব আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় ভোলানাথ সেন যে অভিযোগ করলেন যে, সেই সময় সকলেই সমর্থন করেছিল, ঘটনাটা আদৌ তা নয়। তাছাড়া কেবলমাত্র লোকসভার আয়ু বা বিধানসভার আয়ু যে বাড়িয়ে ৬ বছর করা হয়েছে তাই নয়—পশ্চিমবাংলার মানুষের কাছে একটা প্রশ্ন ছিল যে, ১৯৭২ সালে যে নির্বাচন হয়েছে তারপর আর নির্বাচন হবে কিনা, শুধু এই প্রশ্নই ওঠেনি যে, বিধানসভার নির্বাচন '৭৬ সালে হলো না কেন। এই প্রশ্ন এইজন্যই উঠেছিল যে, আমরা দেখছি পৌরসভা এবং পঞ্চায়েতগুলির বছরের পর বছর নির্বাচন হচ্ছে না। গ্রামের মানুষ তাদের প্রতিনিধি নির্বাচন করবার সুযোগ পাচ্ছে না, পৌর এলাকার মানুষ তাদের প্রতিনিধিদের নির্বাচিত করবার সুযোগ পাচ্ছে না এবং আমরা এও দেখেছি যে-সমস্ত পৌরসভায় নির্বাচিত বোর্ড ছিল সে সমস্ত নির্বাচিত বোর্ডকে খারিজ করে দিয়ে একজিকিউটিভ অফিসার বা এ্যাডমিনিষ্ট্রেটরের মাধ্যমে সেই সমস্ত পৌরসভা পরিচালনা করা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন কলকাতা কর্পোরেশনেরও এই একই অবস্থা। অতএব স্বাভাবিকভাবেই মানুষের কাছে প্রশ্ন ছিল যে, আমাদের এই অধিকারও থাকবে কিনা? স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানগুলিতে আমরা আমাদের প্রতিনিধি নির্বাচিত করবার সুযোগ পাব কিনা? বছরের পর বছর আমরা এই বিধানসভায় ঐ প্রতিষ্ঠানগুলিতে নির্বাচনের দাবী করা সত্ত্বেও মন্ত্রিসভা আমাদের কথায় কর্ণপাত করলেন না। যার ফলে পৌরসভাগুলির মানুষকে তাদের অধিকার দেওয়া হলো না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানসভা ভেঙে দিয়ে এই মন্ত্রিসভা আগামী নির্বাচন পর্যন্ত কেয়ারটেকার গভর্ণমেণ্ট হিসাবে কাজ পরিচালনা করুন, এই সুপারিশ আমাদের দলের নেতা শ্রীবিশ্বনাথ মুখার্জী করলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর জবাবে কংগ্রেস দল থেকে যে-সমস্ত প্রশ্ন উঠেছে সেগুলি অপ্রাসঙ্গিক। বিশেষভাবে আজকে শ্রমমন্ত্রী গোপালদাস নাগ মহাশয় বললেন রাখালের গল্প। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যখন কাগজে দেখলাম যে, জয়প্রকাশ নারায়ণ তাঁর ডাইরী কাগজে বের করবেন তখন আমরা ভেবেছিলাম যে, হয়ত কিছু কিছু সাধারণ মানুষ বা বুদ্ধিজীবী বা আগে যাঁরা জয়প্রকাশ নারায়ণের সাথে একসাথে কাজ করেছেন এবং যাঁদের কিছুটা জয়প্রকাশের নেতৃত্বের প্রতি আস্থা আছে তাঁরা হয়ত সেটা পড়বেন। জয়প্রকাশ নারায়ণ যে সর্বাত্মক বিপ্লবের কথা বলেছিলেন, সেই সর্বাত্মক বিপ্লবের কথা কমিউনিষ্ট পার্টি সবসময় বলে আসছে। এখনও কমিউনিষ্ট পার্টি সেটাই চায়, বিপ্লব, তাও আবার হতে হবে সর্বাত্মক। কিন্তু জয়প্রকাশজীর নোট পড়ে আমাদের গোপালদাস নাগ মহাশয় আমাদের রাখালের গল্পের কথা শুনিয়ে গেলেন আমার মনে হয় গোপালদাস নাগ মহাশয়ের প্রথম দিকের বক্তৃতার সঙ্গে পরবর্তীকালের কনক্লুশনের কোন মিল নেই।

তাঁরা কি বললেন সেটা আমাদের জানা আছে। জয়প্রকাশজী কি চান সেটা আমাদের জানা, কি তাঁর অভিযোগ সেটা আমাদের জানা আছে এবং এই অভিযোগ যেখানে তিনি করেছিলেন তাঁরাও এটা স্বীকার করেছিলেন। এটা নিশ্চয় শ্রমমন্ত্রীর দেখা উচিত ছিল। তাই আজ যে বিষয়ের তিনি অবতারণা করলেন তা তাঁর না করলেই ভাল ছিল এবং এর কনক্লুশনে তিনি নিজে বিশ্বাস করেন না। তিনি পরিষ্কারভাবে বললেন শিল্পাঞ্চলে শ্রমিকরা তৃপ্ত। কিন্তু তা নয় এবং একথা শিল্পাঞ্চলের কংগ্রেস এম এল এ-রাও নিশ্চয় স্বীকার করবেন না। শ্রমিকদের বোনাস অধিকার যা তারা বছরের পর বছর ধরে সংগ্রাম করে আদায় করেছে সেই অধিকার চলে গেল এবং তারপর তারা বিক্ষোভে ফেটে পড়ে মুখ বুজে প্রতিবাদ জানাল। এর পরেও যদি বলতে হয় তারা তৃপ্ত তাহলে সত্যের অপলাপ হয়। মুদ্রাস্ফীতির নাম করে সি ডি এস কাটা হল। শ্রমিকরা যার নাম দিল ইন্দিরা ফাণ্ড। তাদের মাইনে কম কেন জিজ্ঞাসা করলে বলে "ইন্দিরা ফাণ্ডমে কাট লিয়া।" বাধ্যতামূলক সঞ্চয় করে তাদের মাইনে কাটা হল। এর তীব্র বিরোধিতা আইনসভা, লোকসভায় করা সত্ত্বেও বোনাস ও সি ডি এস আইন চালু করা হল। এই পরিণতিতে শ্রমিকরা তৃপ্ত হতে পারে না। তিনি বললেন আমাদের কাছে যে হিসেব আছে তাতে দেখা যাচ্ছে শ্রমিক ছাঁটাই হয়নি। শ্রমিক আন্দোলন যাঁরা করেন তাঁরা বলবেন না যে চটকল থেকে শ্রমিক ছাঁটাই হয়নি। কোন চটকল থেকে কত শ্রমিক ছাঁটাই হয়েছে একথা বারবার এখানে বলা হয়েছে। শ্রমদপ্তর এককভাবে মালিকদের সঙ্গে পরামর্শ করে যেসব সুপারিশ করেছেন তার ফলে হাজার হাজার শ্রমিক ছাঁটাই হয়েছে। তারা কি পারমানেণ্ট বদলী? কিন্তু সেই শ্রমিক যদি ক্যাজুয়েল হয় তার হিসাব শ্রমদপ্তর রাখেন না। কাজেই তাঁদের যে সুপারিশ তার ফলে হাজার হাজার চটকল শ্রমিক কাজের বাইরে আছে। আপনি জানেন খড়দহ জুটমিলের ৬ হাজার শ্রমিক ২ বছরের উপর বেকার। সেখানকার মালিক কেডিয়া সম্পর্কে বিভিন্ন কমিশন তাঁদের রায়ে বলেছেন কেডিয়ার পক্ষে এই মিল চালানো সম্ভব নয়। বারবার ডেপুটেশন গেছে এবং তারপর শ্রমমন্ত্রী বললেন ৭ দিনের মধ্যে এই মিল খুলব। কিন্তু তা আজও খুলল না। এই প্রতিশ্রুতি ভঙ্গ করার প্রতিফলন হিসেবে ঐ অঞ্চলের শ্রমিকরা তা ভোটের বাক্সের মাধ্যমে দিয়েছে।

[6-40—6-50 p.m.]

এটা অস্বীকার করার কোন কারণ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পেয়েছি যে একের পর এক এই ১৯ মাসের মধ্যে যে জিনিস আগে বন্ধ হয়ে গিয়েছিল সেই জিনিস চালু হয়েছে, কারখানার মধ্যে পুলিশ লেলিয়ে দিয়ে শ্রমিক আন্দোলনকে চুরমার করে দেওয়া হয়েছে। আমরা দাবি করেছি পুলিশের এই অত্যাচার বন্ধ করা হোক, কিন্তু তা হয়নি। বলা হয়েছে অত্যাচার করছিল। কি অত্যাচার তারা করেছিল? তারা কোন ঘেরাও করেনি, মারপিট করেনি, ধ্বংসাত্মক কাজ করেনি। আমি একটা উদাহরণ দিই—টিটাগড় জুটমিলের শ্রমিকরা তাদের মেশিন চালাচ্ছে, স্পিনাররা তাদের স্পিন চালাচ্ছে, হঠাৎ এমন সময় বাইরে থেকে অন্য মিলের শ্রমিকরা এসে বলল তোমরা চলে যাও, আমরা এখানে কাজ করব। কি অধিকারে, না এ আমাদের কোম্পানী, এ কোম্পানীর ম্যানেজমেণ্ট অন্য মালিকের হাতে গেছে, ওরা তোমাদের অন্য জায়গায় প্রোভাইড করবে, আমরা এখানে কাজ করব। পুলিশ এনে জোর করে সরিয়ে দেওয়া হয়েছে। গভর্ণমেণ্টের কাছে ছুটে গেছি, গভর্ণমেণ্ট বলেছে জানি না। তারপর

যখন সমস্ত ঘটনা বারবার বলা হয়েছে তখন এই সরকার ঐ মালিকের পক্ষে একতরফাভাবে সুপারিশ পাঠিয়ে দিয়েছে যার জন্য একটা মিল বন্ধ হয়ে গেল। এই ঘটনা ঘটবার পরও আমাদের স্বীকার করতে হবে যে শ্রমিক পরিতৃপ্ত? তারপর এম্পায়ার জুটমিলের মালিক হরতালের বিরোধিতা করেছে। যখন সমস্ত লিডারশিপ ছাঁটাই করেছে তখন তার বিরুদ্ধে শ্রমিকরা স্বতঃস্ফূর্তভাবে হরতাল করেছে, তার বিরুদ্ধে পুলিশ লেলিয়ে দেওয়া হয়েছে। শ্রমদপ্তরের কাছে আবেদন-নিবেদন করা হয়েছে, কিন্তু শ্রমদপ্তর হস্তক্ষেপ করেন নি। পুলিশ জোর-জবরদস্তি হরতাল ভাঙার কাজে লেগেছে। তবুও কি আমাদের স্বীকার করতে হবে শ্রমিক শ্রেণী পরিতৃপ্ত? নিশ্চয়ই আমাদের স্বীকার করতে হবে এই ১৯ মাস আগে শ্রমমন্ত্রী মহাশয় যথেষ্ট কাজ করেছেন, তিনি শ্রম-আন্দোলনে পুলিশকে যেতে দেননি। কিন্তু এই ১৯ মাস তিনি কি করেছেন? শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে গিয়ে বলেছি যে মালিক এইভাবে অত্যাচার করছে, আপনি শ্রমিকদের রক্ষা করুন শ্রমমন্ত্রী আমাদের কথায় কান দেননি। এই কান না দেওয়ার কারণ তিনি নিজে আজ যে বক্তৃতা দিলেন সেই বক্তৃতায় তিনি বিশ্বাস করেন যে শ্রমিক পরিতৃপ্ত। শ্রমিক পরিতৃপ্ত নয়, বিক্ষুব্ধ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ব্যুকের গিরিজা মুখোপাধ্যায় মহাশয় শ্রম আন্দোলন সম্পর্কে অনেক কিছু বলেছেন, আমি এই সম্পর্কে আর বিশেষ কিছু বলতে চাই না, অন্যান্য যে-সমস্ত বিষয়গুলি আছে সেই বিষয়গুলির দু'-একটা সম্পর্কে বলব। আমি বলতে চাই এ্যাডিশনাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রামের কথা। কে দায়ী এই টাকা নষ্ট হওয়ার জন্য? কিভাবে টাকাগুলি এ্যালট করা হল, এই টাকাগুলি যেভাবে এ্যালট করা হল সেই এ্যালটেড মানি একবারে দেওয়া হল না, তাদের কিস্তিতে কিস্তিতে দেওয়া হল। ব্যবসা কিস্তিতে কিস্তিতে হয় না, যার জন্য এই সমস্ত টাকা সিডমানি, মার্জিন মানি ডুবল, ডুবল ব্যাঙ্ক, ডুবে গেল ব্যাঙ্কের টাকা।

আমরা বহু খবর জানি পরবর্তীকালে সেই সমস্ত বেকার ছেলেরা আবার নতুন করে বেকার হল এবং ওই টাকার দায়ে তাদের ব্যাঙ্কের হ্যারাসমেণ্ট ভোগ করতে হচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিমবাংলায় ১৯৭৫ সালে 'গ্রামীণ কৃষিঋণ' বলে একটা আইন পাশ করা হয়েছিল। গ্রামীণ কৃষিঋণ মানে হচ্ছে মহাজনদের কাছ থেকে যে ঋণ নিয়ে ছিল সেটা কোথাও মকুব হল এবং কোথাও রিলিফ পেল। আইনটি খুবই ভাল আইন সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু এই আইন হবার সংগে সংগে যে গ্যাপ রইল তাকে পূরণ করবার জন্য যে রাস্তা সেটা কিন্তু নেওয়া হল না। এর জন্য দরকার ছিল গ্রামীণ ব্যাংক থেকে তাদের টাকা দেবার ব্যবস্থা করা। এমন ব্যবস্থা করা উচিত ছিল যাতে গ্রামের চাষীরা আরও বেশী করে চাষবাস করতে পারে। এর জন্য দরকার ছিল চাষীদের আরও বেশী করে প্রোটেকশন দেওয়া যাতে তাদের আর মহাজনদের কাছে যেতে না হয়। কিন্তু সেই ব্যবস্থা না করবার জন্য এই আইনের যথাযোগ্য সুযোগ-সুবিধা চাষীরা পেল না। তারপর, সরকারী কর্মচারীদের সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে এবং বারবার বলা হয়েছে পশ্চিমবাংলার সরকারী কর্মচারীদের মাগ্‌গীভাতা কেন্দ্রীয় হারে হওয়া উচিত। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা পশ্চিমবাংলার সরকারী কর্মচারীদের জন্য কেন্দ্রীয় হারে ভাতার দাবী যেটা করছি সেই দাবী আমরা পশ্চিমবাংলার প্রাইমারী এবং সেকেণ্ডারী টিচারদের ক্ষেত্রেও করছি। আজকে এখানকার কর্মচারীদের বাড়িভাড়া, চিকিৎসাভাতা বেড়েছে এবং তাদের ডি-এ ২৪ টাকা বেড়েছে। কিন্তু শিক্ষকরা ডি-এ ২৪ টাকা পেলেও তাঁরা কিন্তু বাড়িভাড়া এবং চিকিৎসাভাতা যেটা বাড়ল সেটা পাচ্ছেন না। আমরা মনে করি শিক্ষকদেরও এই বাড়িভাড়া এবং চিকিৎসা-

ভাতা দেওয়া উচিত এবং এই যে এ্যানোম্যালি সৃষ্টি করা হয়েছে সেটা দূর করা উচিত। পরিশেষে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণ সমর্থন করে আমি এখানে ভারতবর্ষের প্রধানমন্ত্রীর একটি সুন্দর উক্তি এখানে শোনাতে চাই। তিনি বলেছেন তাঁরা ভারতবর্ষের কোন রাজ্যের বিধানসভা ভাঙার বিপক্ষে, তবে তাঁরা যদি নিজের ঝগড়াঝাঁটি করে ভেঙে দেয় সেটা আলাদা কথা। আমরা দেখতে চাই প্রধানমন্ত্রী তাঁর এই কথা রাখতে পারেন কিনা এবং রাখেন কিনা। এখানে কথা উঠেছে সংবিধানের ৪২তম সংশোধন সম্বন্ধে। কংগ্রেসের কিছু দলছুট সদস্য যাঁরা এক সময় এই ৪২তম সংশোধনের সময় স্বপক্ষে ছিলেন তাঁরা এখন উল্টো সুর গাইছেন। আমি এই সমস্ত কথার মধ্যে না গিয়ে আইনগত দিকটা দেখাতে চাই। সংবিধানের এই সংশোধন সংসদের উভয়পক্ষ এবং রাজ্য বিধানমণ্ডলীর উভয় পক্ষের দুই-তৃতীয়াংশ সদস্যের মতামত নিয়ে হয়েছে। এই সংশোধন ভাল হয়েছে কি মন্দ হয়েছে সেই রায় জনগণ দিয়েছে এবং তাঁদের সেই রায় আমরা মাথা পেতে নিয়েছি, আমরা মাথা পেতে নিতে বাধ্য। এই সংবিধান সংশোধন করবার যে প্রসেস আছে, টেকনিক্যাল দিক আছে সেটা গ্রহণ না করে বর্তমান কেন্দ্রীয় সরকার যদি বিধানসভা ভেঙে দেয় তাহলে প্রধানমন্ত্রীর কথার সত্যতা থাকে না। বিশ্বনাথবাবু বলেছেন আমরা বাঘ মেরেছি, গণ্ডার মেরেছি। ভাল কথা। আমি তাঁকে জিজ্ঞাসা করছি তিনি আমাদের পার্টির সংগে সহযোগিতা করে কি মেরেছেন শেয়াল মেরেছেন?

[6-50—7-00 p.m.]

আজকে তাদের দলের লোককে অণুবীক্ষণ যন্ত্র দিয়ে দেখতে হচ্ছে কেন, ২০শে মার্চের পর একথাটা কি বলবেন। আজকে ৪২তম সংশোধন এবং এর অনেকগুলি টেকনিক্যাল দিক আছে। কেন্দ্রীয় সরকার কিভাবে তার মোকবিলা করবেন তা আমরা দেখবো। স্যার, আমরা ঔদ্ধত্য প্রকৃতির নই, আমরা উদ্ধত নই, আমরা মানুষের বিনীত সেবক। এই তো সেদিন জনতা সরকার হয়েছে, দিকে দিকে যেভাবে তাণ্ডব শুরু হয়েছে—কংগ্রেসের যেমন মস্তান ছিল আমরা তার নিন্দা করেছি, আর আজকে জনতা পার্টির নাম করে আজ ফোরসফুল রেজিগনেশান, অমুক জায়গায় হামলা করো—ডাকাত ধরলে সাম্প্রদায়িক দাঙ্গা বাঁধাও। এটা কি শুভলক্ষণ? এগুলির কে বিচার করবে, নিশ্চয় জনসাধারণ এর বিচার করবে। আজকে অনেকে বলছেন কংগ্রেস ধুয়েমুছে গেছে, আমি বলি দক্ষিণ ভারতের রায় দেখুন, কেরালার রায় দেখুন—এরা কি হাত গুণছেন, বামপন্থী পার্টিরা কি জ্যোতিষচর্চা করছেন যে পশ্চিম-বাংলা থেকে কংগ্রেসকে ধুয়েমুছে দেবেন। আমরা সেই জ্যোতিষে বিশ্বাস করি না। আমরা বিশ্বাস করি মানুষকে। আমরা বিশ্বাস করি সেই মানুষকে যাঁদের পাশে আমরা দাঁড়িয়ে আছি। যদি আমরা তাঁদের পাশে দাঁড়িয়ে থাকতে না পারি তাহলে তাঁরা আমাদের মুছে দেবেন। কিন্তু যদি আমরা তাঁদের সুখ-দুঃখের অংশীদার হয়ে থাকতে পারি, তাঁদের সুখ-দুঃখের কথা বিধানসভায় তুলে ধরে প্রতিকার করতে পারি তাহলে তাঁরা আমাদের কখনই মুছে দেবে না। কংগ্রেস ফর ডিফেকশান যারা এখানে আছেন তারা বারবার আমাদের বিধানসভা ত্যাগ করার কথা বলছেন আমি তাঁদের বলি আপনারা আগে রিজাইন করুন তারপর আমাদের বলবেন।

আপনারা নিজেরা বিধানসভার সব সুযোগ-সুবিধা নেবেন আর মুখে বলবেন আপনারা পদত্যাগ করুন এ জিনিস চলতে পারে না। ৪২তম সংশোধনে তার কয়েকটি ভাল জিনিস আছে, তা সংশোধন করে আপনারা কি রাখবেন না রাখবেন জানি না। সব থেকে ভাল জিনিস যা আছে বনভূমির বনজন্তু সংরক্ষণ। যার জন্য আমরা আন্দোলন করেছি। পশ্চিমবঙ্গে বনভূমি প্রসারের জন্য এবং সংরক্ষণের জন্য ব্যবস্থা না করলে বনভূমি উজাড় হয়ে খরা এবং বন্যার তাণ্ডবে সব শেষ হয়ে যাবে। আশা করি ৪২তম সংশোধনে এই ভাল জিনিসটা তাঁরা রাখবেন এই অনুরোধ জানিয়ে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহরেন্দ্রনাথ হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে সমর্থন করে আমি গুটিকয়েক কথা বলতে চাই। মাননীয় রাজ্যপালের যে প্রগতিশীল ভাষণ সেই ভাষণে গ্রামবাংলার জর্জরিত মানুষ তাদের জীবনধারণের মানের যে উন্নত পরিচয় দিতে আরম্ভ করেছে তার পরিপ্রেক্ষিতে এই ভাষণকে আমি সমর্থন করছি। গৃহহীনরা যেভাবে গৃহ পাচ্ছে, ভূমিহীনরা যেভাবে ভূমি পাচ্ছে, তপশিলী এবং উপজাতিরা যেভাবে উপকৃত হচ্ছেন তার জন্য এই ভাষণকে সমর্থন করছি। আজকে আমরা লক্ষ্য করছি ভারতবর্ষের বুকে যে অকংগ্রেসী সরকার এসেছেন সেই সরকার গরীব মানুষের জন্য আমাদের প্রধানমন্ত্রী যে ২০ দফা কর্মসূচী গ্রহণ করেছিলেন তার পরিপ্রেক্ষিতে গ্রামবাংলা তথা ভারতবর্ষের প্রতিটি গরীব লোকেদের উপকারের জন্য সেই পথ ধরবেন কিনা আমরা সেইটাই লক্ষ্য করবো। মাননীয় বন্ধুরা গণতন্ত্রের হত্যার কথা বলছেন সেই বন্ধুদের কাছে আমি সেই প্রস্তাবটা বিবেচনা করতে আমি অনুরোধ করছি। কাশ্মীরে কি বর্তমানে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে?

আজকে আমরা লক্ষ্য করবো সেই ব্যাঙ্ক কিভাবে পশ্চিমবাংলার মানুষের উপকারে এসেছে। আজকে যাঁরা গণতন্ত্রের হত্যার কথা বলছেন সেই বন্ধুদের আমি আমার প্রস্তাবটা বিবেচনা করতে অনুরোধ করছি। কাশ্মীরে কি বর্তমানে গণতন্ত্র প্রতিষ্ঠা হয়েছে, কাশ্মীরে কি এইভাবে গণতন্ত্রকে হত্যা করা হচ্ছে না? ত্রিপুরায় যেভাবে গণতন্ত্র প্রতিষ্ঠিত হতে চলেছে কাশ্মীরে কি সেইভাবে গণতন্ত্রকে প্রতিষ্ঠা করা হয়েছে? আজকে আমরা মুখে বড় বড় গণতন্ত্রের কথা আউড়াচ্ছি। আজকে পশ্চিমবঙ্গ বিগত '৭২ সালের পর যে উন্নতির শিখরে উঠেছে তার প্রতি কি তাকিয়ে দেখতে বলতে পারি না শীস মহম্মদ সাহেবকে এখনি যিনি কটাক্ষ করলেন? তিনি কি ভুলে গিয়েছেন আমার কেন্দ্র থেকে কিভাবে জমির ধান কেটে নিয়ে গিয়ে গণতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন? আমরা প্রস্তুত আছি এসব মোকাবিলা করার জন্য। আমরা কি বলতে পারি না আজকে গণতন্ত্র প্রতিষ্ঠা করার জন্যই কি প্রিয়রঞ্জন দাশমুন্সীর বাড়ীতে বোমা পড়েছিল, আমার বাড়ী আক্রান্ত হয়েছিল? এই জনই কি গণতন্ত্র? আজকে যাঁরা গণতন্ত্রের টিকি ধরে গণতন্ত্রের বুলি আউড়াচ্ছেন তাঁদের কি একথা ভাল লাগবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে গণতন্ত্র গণতন্ত্র করে যাঁরা চিৎকার করছেন তাঁরা কি সেদিন সাঁইবাড়ীর হত্যাকাণ্ডে লিপ্ত ছিলেন না? আজকে যাঁরা গণতন্ত্র গণতন্ত্র বলে চিৎকার করছেন, আজকে মেনশনে যিনি বললেন নকশালদের ছেড়ে দিতে হবে, তাঁরা কি নকশাল তৈরি করেন নি ১৯৬৭-৬৯ সালে? আজকে তাঁদের মুখে গণতন্ত্রের বুলি। যাই হোক, রাজ্যপাল যে উৎকৃষ্ট ভাষণ দিয়েছেন সেই ভাষণের পরিপ্রেক্ষিতে আজকে গ্রামবাংলার দিকে শীস মহম্মদ সাহেবকে নিয়ে গিয়ে

দেখাতে চাই—আমি চ্যালেঞ্জ করছি শীস মহম্মদ সাহেবকে প্রতিটি ব্লকে ব্লকে গিয়ে দেখুন যে সেখানে কি স্যালো টিউবওয়েল হয়নি, সেখানে কি ডিপ টিউবওয়েল হয়নি, সেখানে কি কৃষি উৎপাদন হয়নি, সেখানে কি ফসলের হার বাড়েনি, সেখানে কি গম উৎপাদন হয়নি? শীস মহম্মদ সাহেব চিন্তা করে দেখুন গ্রামের তপশিলী সম্প্রদায়, যে তপশিলী সম্প্রদায়কে আপনারা এতদিন ঘৃণাভরে দেখেছিলেন, সেই তপশিলী সম্প্রদায় কি ব্যাঙ্ক থেকে লোন পায়নি? সেই তপশিলী সম্প্রদায়, চাঁড়াল সম্প্রদায়, ব্যাঙ্ক থেকে লোন পেয়ে তাদের জীবনধারণের মানকে উন্নত করতে পারেনি? আজকে চিন্তা করতে হবে, শুধু বিধানসভায় এসে চিৎকার করে বাজীমাৎ করলে চলবে না, গ্রামবাংলার দিকে তাকিয়ে দেখে চিন্তা করতে হবে। তাই রাজ্যপাল যে উৎকৃষ্ট ভাষণ দিয়েছেন সেই ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রদীপ পালিত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ-জ্ঞাপক প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানাতে গিয়ে এই বিধানসভাতে কিছু নতুন নতুন জিনিস দেখছি। নতুন জিনিস দেখছি যে এতদিন আমরা ভূতের মুখে রামনাম কথাটা শুনে এসেছি, এখন দেখছি রামের মুখে ভূতের নাম। অর্থাৎ এই দিল্লীতে যে ভূতরূপী শক্তির সৃষ্টি হয়েছে আমাদের পশ্চিমবাংলার বিধানসভায় রাম অর্থাৎ রামদাস ব্যানার্জী মহাশয় তাদের প্রশংসায় পঞ্চমুখ হয়ে গিয়েছেন। অর্থাৎ তাঁরা কংগ্রেস ফর ডিফেকশন, অর্থাৎ সি এফ ডিতে যোগ দিলেন। তাঁরা গণতন্ত্রের কথা বলে চিৎকার করছেন। এখানে বলছেন যে বিধান-সভা ৬ বৎসরের জায়গায় ৫ বৎসর করা হোক, সেই রামের মুখে ভূতের নাম আমরা শুনছি। আমরা দেখতে পাচ্ছি যে তাঁরা হঠাৎ গণতন্ত্রের কথা বলছেন, কেন বলছেন তা বুঝতে পারছি না। যে নির্বাচন ১৬ই মার্চ লোকসভার হয়ে গেল সেই সময়, আমার মনে হয়, কোন কোন কেন্দ্রে ভোটাররা বোধহয় ডবল ব্যালট পেপারে ছাপ মেরেছিল, একটা লোকসভার প্রার্থীকে ভোট দেবার জন্য ছাপ মেরেছে আর একটা সুধীর বেরা কংগ্রেস থেকে বের হয়ে সি এফ ডিতে যোগ দিন বলে, মেদিনীপুর, তাঁর কেন্দ্রের লোকেরা ভোট দিয়েছে। কলকাতায় ভোটাররা লোকসভা কেন্দ্রে একজনকে ভোট দিয়েছে, আর একটা ব্যালট পেপার, আলাদা, ফেলেছে কিনা যে রথীন তালুকদার ১৫ তারিখে কংগ্রেস থেকে বেরিয়ে গিয়ে সি এফ ডিতে যোগ দিয়েছে গণতন্ত্রকে রক্ষা করার জন্য। দেশের জনগণ এইভাবে ভোট দিয়েছে কিনা সেই বিষয় তাঁদের কাছে আমার প্রশ্ন রয়েছে। আজকে জনগণের রায়ের কথা বলছেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যাঁরা আজকে কংগ্রেস ফর ডিফেকটার অর্থাৎ সি এফ ডিতে যোগ দিয়েছে, তাঁরা '৭২ সালে যখন নির্বাচিত হয়েছিলেন তাঁদের কাছে প্রশ্ন করি যে কংগ্রেস সেই সময় যে বিরাট সংখ্যাধিক্য নিয়ে জয়লাভ করেছিল সেই জয়লাভ করার পরে মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির যে ২০ জন লোকসভার সদস্য হয়েছিলেন তাঁরা কি সেই সংখ্যাধিক্যে আসার পর পদত্যাগ করবার জন্য এগিয়ে গিয়েছিলেন?

[7-00—7-10 p.m.]

এগিয়ে যাননি, অর্থাৎ ১৯৭৭ সালে লোকসভার যে নির্বাচন হল তার জন্য বিধানসভার সদস্যরা কিসের জন্য পদত্যাগ করবে? বিধানসভা কেন ভেঙে দিতে হবে, সেই প্রশ্ন আমি তাঁদের কাছে রাখছি। ১৯৭২ সালের মত নির্বাচনে লোকসভায় অধিক সংখ্যক সদস্যপদে

থেকে, এই সমস্ত লোকগুলিকে যদি পদত্যাগ করার কথা না বলে থাকতে পারে, তাহলে ১৯৭৭ সালের লোকসভার নির্বাচনে তা হবে না কেন? এই নির্বাচনে তো বিধানসভার নির্বাচন হতে পারবে বলে কোন ঘোষণা করেনি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যেকথা বললেন তাতে রামের মুখে ভূতের নাম—এই রামদাস বন্দ্যোপাধ্যায়ের কথা কি আমরা ভুলে গেছি? কিম্বা কয়েকদিন আগে সুধীর বেরা, রথীন তালুকদার বিরোধী পক্ষকে যেকথা বলেছিলেন সেগুলি কি আমরা ভুলে গেছি। তাঁরা প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে প্রতিক্রিয়াশীল ব্যক্তি বলে মাঠে-ময়দানে চিৎকার করে বেড়ান নি? শীস মহম্মদ সাহেব, বেষ্টারউইচ সাহেব যখন যুক্তফ্রণ্ট সরকার তৈরী হয়েছিল তখন মাঠে-ময়দানে একথা কি চিৎকার করে বেড়ান নি যে পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ বেকারীর জন্য দায়ী হচ্ছে শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়? আজকে সেই সমস্ত কথা কি ভুলে গেছেন? আমি তা জানতে চাচ্ছি। তাঁরা কি মোরারজী দেশাইকে গালাগালি করেননি, সেকথা কি ভুলে গেছেন? সেই পুরানো অতীত দিনের কথা কি তাঁরা ভুলে গেছেন? তাঁরা নতুন জামা পরে চলবার চেষ্টা করছেন। কাশীবাবুর মুখোশ অনেক-রকম। যখন যে রকম সময়, সেইরকম মুখোশ পরে চলবার চেষ্টা করছেন। দুঃখ হচ্ছে আমাদের সি পি আই ভাইদের জন্য, যাদের আমরা চামচে পার্টি অব ইণ্ডিয়া বলে থাকি, তাঁদের পূর্ণরূপ এখন দেখতে পাচ্ছি, তাঁরা ওদের সংগে যাবার জন্য চং-বং করে চেঁচামেচি আরম্ভ করে দিয়েছেন। আজকে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানাতে গিয়ে আমার ওদের বক্তব্যগুলি খুব লাগছে, আজকে ১৯৭২ সালের পরে কংগ্রেস সরকার বেকারী দূরীকরণের জন্য যে ব্যবস্থা গ্রহণ করেছেন তাঁদের চাকুরি দেবার জন্য যে ব্যবস্থা নিয়েছেন, নিজেদের পায়ে দাঁড় করাবার জন্য যে ব্যবস্থা নিয়েছিলেন দিল্লী সরকার, সেই ব্যবস্থার কথা কি এঁরা ভুলে গেছেন? মোরারজী দেশাই যখন কংগ্রেসে ছিলেন, সেই সময় জগজীবনবাবুও কংগ্রেসে ছিলেন, সেই সময় তাঁদের পারফরমেন্স জনসাধারণের সামনে তাঁদের যে মেকী রূপ নিয়ে আসে, সেটা তাঁরা ডিনাই করে যাবার চেষ্টা করছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিষ্কার করে আজকে বলতে চাই, আমি কারও কারও চোখে ওঁদের চশমা দেখতে পাচ্ছি, আমি মনে করি এই চশমার লেন্স পরিবর্তন দরকার তা না হলে সঠিকভাবে পশ্চিমবাংলার জিনিস দেখতে পাচ্ছেন না। পশ্চিমবাংলার অবস্থা সম্বন্ধে তাঁরা একটা ধোঁয়াটে অবস্থার মধ্যে পড়ে আছেন। তাই আমি আশা করব, মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে যে জিনিস আছে, যদি চোখ থাকে ঠিকভাবে দেখতে পাবেন, চশমার লেন্স পরিবর্তন করুন, আর চোখে যাঁদের চশমা নেই তাঁরা নতুন চশমা নেবার ব্যবস্থা করুন যার পরিপ্রেক্ষিতে নতুন পশ্চিমবাংলাকে দেখতে পারবেন।

শ্রীনিতাইপদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ সেদিন শুনেছি, বাড়ীতে গিয়ে পড়েছি। কিন্তু গ্রামের আদিবাসী, ক্ষেতমজুর, দরিদ্র কৃষক, প্রান্তিক কৃষক, কুটির-শিল্পী, মৎস্যজীবী, শ্রমজীবী মানুষের দুঃখ-দুর্দশার জীবনের যে করুণ কাহিনী, তার সংগে এই ভাষণের কোন মিল নেই। অসংখ্য মানুষ গ্রামে-গঞ্জে, শহরে যারা বেকার, যাদের কোন কাজ নেই, তাদের কর্মসংস্থানের কোন ইংগিত বা কোন আশার আলো আমরা এই ভাষণের মধ্যে দেখতে পাইনি। তাই আজকে দুঃখের সঙ্গে বলছি, এই ভাষণ আমরা সমর্থন করতে পারছি না। তাহলে কি হতাশ হবার পরিস্থিতি হয়েছে? রাজনীতিতে হতাশ হবার কিছু নেই,

ভারতবর্ষের রাজনীতিতে যাই ঘটুক, ভারতবর্ষের দক্ষিণ প্রান্তে একটি রাষ্ট্র কেরালার দিকে তাকিয়ে দেখুন, সেখানে অচ্যুত মেননের সরকার, যুক্তফ্রন্ট সরকার, তার কর্মসূচীকে ন্যায়নিষ্ঠ-ভাবে রূপায়িত করেছে, এবং তারা ২০ দফা অর্থনৈতিক কর্মসূচীকে ন্যায়নিষ্ঠভাবে সঠিকভাবে কার্যে রূপায়িত করেছে। যারফলে কেরালার শিক্ষিত নাগরিকরা যুক্তফ্রন্ট সরকারকে পুনরায় বিপুলভাবে জয়যুক্ত করেছেন এবং তার সাথে সাথে পার্লামেণ্টের নির্বাচনে ২০টি আসনের মধ্যে ২০টি আসনই যুক্তফ্রন্টকে উপহার দিয়েছেন। কাজেই জনগণকে দেয় প্রতিশ্রুতি যদি যথাযথ-ভাবে ন্যায়নিষ্ঠভাবে পালন করা হয়, তাহলে জনগণও তা সময়মত স্মরণ করে থাকেন। তার প্রমাণ ঐ কেরালা। আজকে পুনরায় সেখানে পূর্বের যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে। গোপাল-দাসবাবুর ও ভোলানাথবাবুর ভাষণ আমি শুনেছি—তাঁরা এখন নেই—অন্য যাঁরা উপস্থিত আছেন তাঁদের একটি কথা স্মরণ করতে বলি সি পি আই ও কংগ্রেস যে সরকার গঠন করেছে—আমরা আশা করেছিলাম—আমরা ন্যায়নিষ্ঠভাবে সঠিকভাবে সেই কর্মসূচী পালন করবো—মেহনতি ক্ষেতমজুর ও অন্যান্য দরিদ্র মানুষদেরও একটা জীবন—সেকথা আমরা মনে করি না। পাঁচ বছরের মধ্যে সকলকে দারুণভাবে উন্নত করা যায়—অন্ততঃ কতকগুলি ক্ষেত্রে আমরা তাদের অগ্রগতির দিকে নিয়ে যেতে পারি। তবে আমরা এটাও মনে করি না যে আপনারা কিছুই করেন নি। আমাদের শ্রদ্ধেয় গোপালদা বলেছেন—কৃষিক্ষেত্রে ও অন্যান্য কতকগুলি ক্ষেত্রে বেশ কাজকর্ম হয়েছে। যদি সেই পি ডি-এর কার্যধারাকে ছেঁড়া কাগজের টুকরো মনে না করে ন্যায়নিষ্ঠভাবে পালন করা হতো এবং পরিশেষে ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচীকেও যদি আপনারা ন্যায়নিষ্ঠভাবে পালন করতে পারতেন, তাহলে শ্রদ্ধার সঙ্গে কেরালার মানুষের মতন পশ্চিমবঙ্গের মানুষও আপনাদের স্মরণ করতেন। এই যে ২০ দফা কর্মসূচী আপনাদের রয়েছে তার অন্ততঃ ১১ দফা ক্ষেতমজুর, মেহনতি মানুষ, কৃষকদের উন্নতির জন্য কাজে লাগানো যেতে পারে। এর মধ্যে ক্ষেতমজুরের কথাও আছে। অবশ্য গোপালদাস নাগ মহাশয় বললেন—তাদের জন্য অনেক কিছু করেছেন। তিনি বললেন পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশী মজুরী তাঁরা এদের জন্য ধার্য্য করেছেন। তিনি বুকে হাত দিয়ে বললেন না যে ঐ ৮-১০ পয়সা হারে মজুরী ঐ গ্রামের ৩৫ ভাগ ক্ষেতমজুরের কতজন পেয়েছে। এই ৮-১০ পয়সার মজুরীর ব্যাপারটা হাইকোর্ট পর্যন্ত গড়িয়েছে শেষ পর্যন্ত। আমি গোপালদাস নাগ মহাশয়কে বলে দিতে চাই আমাদের যারা ভারতীয় নেতৃত্ব, আমাদের যতটুকু ক্ষমতা আছে তাই দিয়ে ক্ষেতমজুর যাতে ন্যায্য মজুরী পায় সেজন্য তাদের সংগঠিত করে তুলেছেন। মেদিনীপুর ও নদীয়ার বিভিন্ন অঞ্চলে ক্ষেতমজুররা যাতে অন্ততঃ ৬-৬৩ পয়সা ন্যূনতম মজুরী পায় তার জন্য আমরা চেষ্টা করছি। সাত্তার সাহেব জানেন—মুর্শিদাবাদ জেলার অনেক ক্ষেতমজুর আমাদের নদীয়া জেলার বিভিন্ন জায়গায় এসে অনেক কম মজুরীতে কাজ করছে—দু' টাকা, তিন টাকা রোজ নিতে বাধ্য হচ্ছে। আমরা সারা বছর এই ক্ষেতমজুরদের কাজ দিতে পারছি না। এর জন্যও আমাদের ভাবতে হবে। গ্রামের দরিদ্র মানুষ আদিবাসী ক্ষেতমজুর, যাদের কোন সম্বল নেই, কোন অবলম্বন নেই, তাদের আজকে মাসের মধ্যে ১৫ দিন না খেয়ে থাকাটা অভ্যাসে দাঁড়িয়ে গেছে।

[7-10—7-20 p.m.]

এইরকম সমস্ত অগণিত মানুষ তারা আশার আলো দেখেছিল। তারা আশা করেছিল প্রধানমন্ত্রীর ২০ দফা কর্মসূচীর মাধ্যমে ঘরবাড়ী হবে। কিছু ঘরবাড়ী হয়েছে ঠিকই। কিন্তু তা অত্যন্ত নগণ্য। সেই ঘর পাঁচশো টাকার পরিবর্তে সাড়ে বারশো টাকায় করলে ভাল করবেন।

কেরালাতে এইরকম করেছে। অনেকগুলো করেছে। সুন্দর সুন্দর বাড়ী সেখানে হয়েছে কংগ্রেস এবং সি পি আই এক জাট হয়ে। এখানেও তা করা যায়। সেইজন্য আমি মনে করি ক্ষেতমজুররা যাতে সারা বছর কাজ পায় এবং তার মজুরী ৬-৩৩ টাকা করে পায় তার ব্যবস্থা করা উচিত। আমি জানি বেশিটার উপর হাইকোর্টের ইনজাংশন রয়েছে। এই ব্যবস্থা যদি ডাঃ গোপালদাস নাগ মহাশয় করেন তাহলে খুশী হবো। এখনও করার সময় আছে। মন্ত্রিসভার দু'-তিনজন সদস্য আছেন। তাঁদের বলি সবচেয়ে দুর্বল যে শ্রেণী, অত্যাচারিত, উৎপীড়িত সর্বহারা মানুষ তাদের দিকে দেখুন। তাঁরা যাতে ন্যায্য মজুরী পায় সেদিকে নজর দিন। আজকে গোপালদাস নাগের বক্তৃতায় আত্ম-সমালোচনার কথা শুনলাম, হ্যাঁ, আত্ম-সমালোচনার দরকার আছে এবং তার সময় হয়েছে। সাত্তার সাহেবকে এটা করতে হবে, গুরুপদদাকে করতে হবে। ২০ দফা ঠিকভাবে চলবে তার উপর ৫ দফা চাপিয়ে ২০ দফার দফারফা না করলে এইরকম পরিস্থিতির সৃষ্টি হতো না। তাহলে ভারতবর্ষ অন্যভাবে ভাবতো, অন্যভাবে দৃষ্টি দিতো। কিন্তু সেভাবে হয়নি। তাই আজকে ভাবতে হবে। ডাঃ গোপালদাস নাগ বলেছেন খাজনার কথা, তিনি বিশ্বনাথদাকে কটাক্ষ করেছেন। তবে তিনি নিজেই কেন খাজনার হার এবং ওয়াটার ট্যাক্স পরিবর্তন করে দিলেন? এটা তিনি নিজেই দিয়েছেন। তিনি নিজের খাজনার পরিবর্তন করেছেন। অথচ আমরা সেদিন বারবার গুরুপদ খান মহাশয়কে একথা বলেছিলাম। এখানে আছেন ভূপালচন্দ্র পাণ্ডা। বারবার সংশোধনী দিয়ে তিনি বলেছিলেন খাজনা না বাড়াবার জন্য আজকে সেটা করলেন, কিন্তু অনেক লেটে হল। ভাল হয়েছে আপনারা বুঝেছেন। সেই সাথে দাবী করবো মন্ত্রিসভার সদস্যদের কাছে আপনারা ভালভাবে দেখুন এই খাজনা আদায় নিয়ে কি অত্যাচার হয়েছে। নিলাম করার জন্য রেভিনিউ অফিসাররা, জে এল আর ও কিরকম করেছেন আমি দায়িত্ব নিয়ে বলছি একটা ছাগল ক্রোক করার জন্য একশো টাকার পেট্রোল খরচ ১০ জনের টি-এ হয়েছে। তাতে কত টাকা ঋণ আদায় হয়েছে? ঋণ কিন্তু আদায় হচ্ছে না অত্যাচার হচ্ছে গ্রামাঞ্চলে, এখনও থামেনি, এখনও চলছে। ৩০শে চৈত্র এইরকম অনেক জেলা হবে। সাত্তার সাহেবকে অনুরোধ করবো, গুরুপদ খানকে অনুরোধ করবো এই ঋণ আদায় স্থগিত করুন। দরিদ্র কৃষকদের দেওয়ার ক্ষমতা নেই। তাদের যদি জেলখানায় ভরেন তাহলেও তারা দিতে পারবে না। দেওয়ার সাধ্য নেই। মানসিকতা থাকলেও দেওয়ার সাধ্য নেই। গরীব মানুষের ঋণ মুকুব করে দিন। মৎস্যচাষীরা তারা ঋণ শোধ করবে কোথা থেকে। জলাশয় সব মজে গিয়েছে, বিল পড়ে রয়েছে। সেখানে মাছ নেই। সেইজন্য তাদের দেওয়ার ক্ষমতা নেই। কুটির শিল্পীদের দেওয়ার ক্ষমতা নেই। আমি মন্ত্রিসভাকে অনুরোধ করছি, দরিদ্রতম মানুষ, কুটিরশিল্পী, ক্ষেতমজুর তাদের ঋণ যাতে মকুব করা যায় সে বিষয়ে ভেবে দেখুন।

স্যার, গোপালবাবু বলেছিলেন যে ঋণ আদায় স্থগিত রাখবেন। কিন্তু কালকেই আমি জে এল আর ও-র কাছ থেকে জানতে পারলাম যে এখনও পর্যন্ত সেইরকম অর্ডার পাননি এবং এইভাবে তারা চৈত্র মাস পর্যন্ত আদায়ের কাজ চালিয়ে যাবেন। এ-সম্বন্ধে আপনারা একটা ব্যবস্থা করুন। কতকগুলি দাবী আমি এর সঙ্গে পেশ করছি। সে দাবীগুলির মধ্যে হচ্ছে গ্রামাঞ্চলের মানুষের মধ্যে সকলকে রেশন দেওয়া হয় না। সেইজন্য আমার অনুরোধ যারা ক্ষেত মজুর দরিদ্র মানুষ তারা যাতে নিত্যপ্রয়োজনীয় জিনিস রেশনে সরবরাহ পায় তার ব্যবস্থা করুন খাদ্যশস্য, বিশেষ করে সরষের তেল বা অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিস সরকারীভাবে সরবরাহের ব্যবস্থা কিভাবে করা যায় সেটা আপনারা ভাবুন। গৃহনির্মাণ পরিকল্পনায় এবার

যাতে ক্ষেতমজুরদের জন্য ১ হাজার গৃহনির্মাণকার্যে হাত লাগানো যায় ঐ সাড়ে বারশো টাকা করে প্রত্যেক ঘরের জন্য খরচ হবে সেই ব্যবস্থা করুন। জলাজমি যে সমস্ত আছে ঐ হরিণঘাটায় স্যুদ কোম্পানীর বিল, বামনগরের বাঁধ, পিপুবেড়ের বাঁধ সেগুলি অধিগ্রহণ করে মৎস্যজীবী যারা তাদের দেওয়া হোক। তাহলে তারা সেখানে মাছচাষ করে বাঁচতে পারবে। বেকারদের কাজের ব্যবস্থা করুন। আজকে লক্ষ লক্ষ বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে না পারলেও যাতে কিছু কিছু বেকার সমস্যা সমাধান করা যায় সেইরকম পরিকল্পনা আপনারা নিন। ব্যাঙ্কের ঋণের হার খুব বেশী এমন কি কো-অপারেটিভ ব্যাঙ্কের হারও অত্যন্ত বেশি। এই সুদের হার কমিয়ে ৪% করতে পারেন কিনা সেটা দেখুন—সি এ ডি পি, ট্যাক্স অত্যধিক—এক্ষেত্রে এস এফ ডি এ-র স্কীমে সেগুলি নিয়ে যাওয়া যায় কিনা আপনারা ভেবে দেখুন। উদ্বাস্তু ত্রাণের ও পুনর্বাসনের ব্যবস্থা করুন। প্রাথমিক শিক্ষকদের সরকারী কর্মচারীদের হারে বেতন দেবার ব্যবস্থা করুন। আদিবাসী তফশিলী করপোরেশন করে রেখে দিয়েছেন—কিন্তু কোন কাজই তাদের দেখতে পাচ্ছি না। শিল্পক্ষেত্রে হিমালয়ান ব্লাণ্ডার হয়ে আছে। বিভিন্ন শিল্প পশ্চিমবাংলায় হতে পারে—যাতে সেগুলি গড়ে উঠতে পারে সেইরকম ব্যবস্থা আপনারা করুন। পরিশেষে পানীয় জল সরবরাহের দাবী রেখে যেহেতু রাজ্যপালের ভাষণে দরিদ্র কৃষকদের কোন কথা নেই, তাদের সুব্যবস্থার কোন ইঙ্গিত নেই তাই এই ভাষণের উপর সমর্থন না জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগিয়াসুদ্দিন আহমেদ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে আমি তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি কিছু বক্তব্য এখানে রাখতে চাই। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে জরুরী অবস্থায় স্থিতিশীলতা এবং আত্মনির্ভরতা বৃদ্ধি পেয়েছে। টোয়েণ্টি পয়েণ্ট প্রোগ্রাম সাফল্যমণ্ডিত হয়েছে, দ্রব্যমূল্য হ্রাস পেয়েছে, যদিও তেলের দাম কিছুটা ঊর্ধ্বমুখী। দেশে শান্তিশৃঙ্খলা অক্ষুণ্ণ ছিল, সাম্প্রদায়িক সম্প্রীতি কিছুই অভাব ঘটেনি। এই সমস্ত কিছু রাজ্যপালের ভাষণে বলা হয়েছে। বিরোধী পক্ষের সদস্যরা বলেছেন যে রাজ্যপালের ভাষণ সেটা নাকি আত্মসন্তুষ্টিতে ভরা তার মধ্যে সত্য কথা কিছু নেই। আমি যে কথাগুলি এই ভাষণের মধ্যে থেকে রাখলাম এর মধ্যে আত্মসন্তুষ্টির কোন লক্ষণ আমি কিন্তু খুঁজে পাইনি। জরুরী অবস্থায় আমরা দেখেছি দেশের প্রভূত উন্নতি হয়েছে। আমার সমস্ত কিছুর ষ্ট্যাটিস্টিক্স দিয়ে বলার সময় হবে না, আমি সেইভাবে বক্তব্য রাখতে পারবো না।

[7-20—7-23 p.m.]

পশ্চিমবাংলার কোন উন্নতি হয়নি, কংগ্রেস সরকার কিছু করেনি, জরুরী অবস্থা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে, ২০ দফা কর্মসূচী কিছুই হয়নি, এই কথা যাঁরা বলেন তাঁরা এই চৈত্র মাসে পশ্চিমবাংলার মাঠে-ঘাটে চোখ ফিরিয়ে দেখুন তাহলে বুঝতে পারবেন পশ্চিমবাংলার মাঠ-ঘাট কি সুন্দর সবুজে সবুজে ভরে গেছে। প্রায় ৭ লক্ষ একর জমি ভূমিহীনদের মধ্যে বিলি করা হয়েছে। আড়াই লক্ষ বাস্তুজমি বিলি করা হয়েছে। চাষে নানারকম উন্নতি হয়েছে। জরুরী অবস্থায় স্কুল-কলেজে লেখাপড়ার আবহাওয়া স্বাভাবিক হয়েছে। রাজ্যপালের ভাষণে একটি কথা ভুল করে উল্লেখ নেই, যেটা কিন্তু কোন মাননীয় সদস্যকে উল্লেখ করতে দেখিনি

—সেটা হল মাঝারি এবং বড় চাষীদের কথা। মাঝারি এবং বড় চাষীরা আজকে কিন্তু বর্তমান অবস্থার চাপে পড়ে মারা যাবার উপক্রম হয়েছে। তাদের উপর নিপীড়ন চলছে। পাটের দাম আজ পর্যন্ত বাড়ানো হয়নি। আমরা দাবী করা সত্ত্বেও গ্রুপ ইন্‌সিওরেন্স স্কীম, ক্যাটেল ইন্‌সিওরেন্স স্কীম চালু করা হয়নি। মজুরীর হার ৬·৬৩ পয়সা করা হয়েছে। আমার আরো অনেক কিছু বলার ছিল—সময়ের অভাবে বলতে পারলাম না। যাই হোক, আমি রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 7-23 p.m. till 1 p.m. on Friday, the 1st April, 1977, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 1st April, 1977 at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 8 Ministers of State, 1 Deputy Minitser and 151 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

(Starred Questions to which Oral Answers were given)

হুগলী জেলায় টেষ্ট রিলিফ

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮) **শ্রীগণেশচন্দ্র হাটুই :** ত্রাণ এবং কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সালের অক্টোবর মাস হইতে ১৯৭৭ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত কতগুলি টেস্ট রিলিফ স্কীম হুগলী জেলায় মঞ্জুর করার জন্য সরকার দরখাস্ত পেয়েছেন এবং তন্মধ্যে কতগুলি স্কীম মঞ্জুর করা হয়েছে ;

(খ) হুগলী জেলায় টেস্ট রিলিফ স্কীমের জন্য কত গম ও নগদ টাকা মঞ্জুর করা হয়েছে এবং তন্মধ্যে কত গম ও টাকা খরচ হয়েছে ;

(গ) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় টেস্ট রিলিফের কাজ শুরু হয়েছে ; এবং

(ঘ) হুগলী জেলার জাঙ্গীপাড়া ও চণ্ডীতলা ব্লক থেকে টেস্ট রিলিফ কাজের জন্য সরকার কতগুলি স্কীম পেয়েছেন ?

Shri Ramkrishna Saraogi :

(ক) ১৯৭৬ সালের অক্টোবর মাস হইতে ১৯৭৭ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত হুগলী জেলার বিভিন্ন মহকুমা হইতে ৫৫টি টেস্ট রিলিফ স্কীম মঞ্জুর করার জন্য আবেদন-পত্র পাওয়া গিয়াছে। তন্মধ্যে ৪০টি স্কীম মঞ্জুর করা হইয়াছে।

(খ) হুগলী জেলার টেস্ট রিলিফ স্কীমের জন্য নগদ ৫,৭৪,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে। কোন গম মঞ্জুর করা হয় নাই। উক্ত টাকা হইতে ৫,২৯,৪৮১ টাকা খরচ হইয়াছে।

(গ) পশ্চিমবঙ্গের সকল জেলাতেই টেস্ট রিলিফের কাজ চালু আছে।

(ঘ) হুগলী জেলার জাঙ্গীপাড়া ও চণ্ডীতলা ব্লক হইতে টেস্ট রিলিফের কাজের জন্য সরকার কোন স্কীম পান নি।

শ্রীগণেশচন্দ্র হাটুই : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, শ্রীরামপুর মহকুমার জাঙ্গীপাড়া ও চণ্ডীতলা ব্লকে টেষ্ট রিলিফের জন্য বহু স্কীম জমা দেওয়া হলেও বি ডি ও বা ব্লক থেকে সেগুলি মঞ্জুর না করার কারণ কি?

শ্রীরামকৃষ্ণ সারোগী : আমার উত্তরে আগেই আমি বলেছি যে, সরকারের কাছে কোন স্কীম আসেনি। টেষ্ট রিলিফের জন্য যে স্কীমগুলি তৈরি করা হয় সেগুলি তৈরি করে ব্লক রিলিফ কমিটি। ব্লক রিলিফ কমিটির কনভেনার বি ডি ও। তাছাড়া তাতে লোক্যাল এম এল এ বা তাঁর প্রতিনিধি এবং একজন গভর্ণমেণ্ট নমিনি আছেন। আমি জানি না ঐ ব্লক রিলিফ কমিটি কোন স্কীম তৈরি করেছেন কিনা। তবে যে রিপোর্ট জেলা থেকে আজ সকালবেলাতে পেয়েছি তাতে দেখছি ঐ ব্লক থেকে গভর্ণমেণ্টের কাছে,—ডি এম-এর কাছে কোন স্কীম আসে নি।

শ্রীগণেশচন্দ্র হাটুই : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাইবেন যে পশ্চিমবাংলার কোন্ কোন্ জেলাতে টেষ্ট রিলিফের কাজ ব্যাপকহারে শুরু হয়েছে?

শ্রীরামকৃষ্ণ সারোগী : বর্তমানে যেখানে ড্রাউট আছে সেখানে এইসকল টেষ্ট রিলিফের কাজ জোরদার করে চালানো হচ্ছে। তার মধ্যে পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর ও ২৪-পরগণা—এই ৪টি জেলায় আমাদের কাজ জোরদার করে চালানো হচ্ছে। এছাড়া বীরভূমেও টেষ্ট রিলিফের কাজ চলছে। আমি ফিগার দিয়ে বলছি যে মার্চ মাসের ফার্স্ট ফোর্টনাইটে যে ম্যান ডেজ ক্রিয়েটেড হয়েছে, এই ১৫ দিনের মধ্যে সেই ফিগার হচ্ছে টোট্যাল ওয়েষ্ট বেঙ্গলে ১৫ লক্ষ ৭৫ হাজার ম্যান ডেজ।

শ্রীগণেশচন্দ্র হাটুই : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর ও বীরভূমে ব্যাপকহারে টেষ্ট রিলিফের কাজ শুরু হয়েছে। হুগলী জেলায় ব্যাপকহারে টেষ্ট রিলিফের কাজ শুরু করার কথা চিন্তা করছেন কি?

শ্রীরামকৃষ্ণ সারোগী : হুগলী জেলা থেকে যে রিপোর্ট এখন পর্যন্ত আমাদের কাছে এসেছে তাতে বোঝা যাচ্ছে যে ওখানে কোন ড্রাউট কণ্ডিশন নেই। সেজন্য ওখানে বেশী টেষ্ট রিলিফের কাজ চালু করার জন্য এখন মনে করছি না।

শ্রীগৌতম চক্রবর্তী : মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ব্লক লেভেল থেকে যে-সমস্ত স্কীম পাঠিয়েছে সবগুলি স্যাংশন করা হয়েছে কিন্তু আমার ব্লকে তা হয়নি।

শ্রীরামকৃষ্ণ সারোগী : যে স্কীমগুলি পাওয়া গেছে, আমি আমার উত্তরে বলেছি যে হুগলী জেলার বিভিন্ন মহকুমা থেকে ৫৫টি টেষ্ট রিলিফের স্কীম মঞ্জুর করার জন্য আবেদনপত্র পাওয়া গেছে এবং তার মধ্যে ৪০টি স্কীম মঞ্জুর করা হয়েছে। মালদহ সম্পর্কে মাননীয় সদস্য যেকথা বলেছেন আমি খোঁজ করে দেখবো যে কি ব্যাপার।

[1-10—1-20 p.m.]

শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কোন্ কোন্ বিষয়ের উপর ভিত্তি করে টেষ্ট রিলিফের কাজ চালাবার কথা চিন্তা করা হয় এবং বর্ধমান, আসানসোল এবং দুর্গাপুর সাব-ডিভিশনে সেই ভিত্তিগুলো পূরণ করা হয়েছে কিনা?

শ্রীরামকৃষ্ণ সারোগী ঃ টেষ্ট রিলিফের কাজ গভর্ণমেণ্ট স্থির করেন, যেখানে ডিস্ট্রেস দেখা যায় বা তার বেশি আনএমপ্লয়মেণ্ট দেখা যায়, এ্যাকর্ডিং টু ম্যানুয়্যাল অব রিলিফ অন ডিস্ট্রেস সেখানে বলা আছে

Relief works should be started wherever and whenever there is sizeable number of unemployed people in the villages. Growing unemployment among rural labour is a sure sign of developing distress.

ঐ ভিত্তিতে আমরা কাজ শুরু করি, বর্ধমান জেলাতে কিংবা আসানসোল মহকুমায় কত টেষ্ট রিলিফের কাজ শুরু করা হয়েছে, এই কোশ্চেনের নোটিশ পেলে উত্তর দিতে পারবো। কিন্তু যে প্রশ্নগুলো মাননীয় সদস্য গণেশ হাটুই মহাশয় করেছেন, তার মধ্যে ঐ জেলার বিষয়ে মেনশন ছিল না, সেইজন্য অফ-হ্যাণ্ড কিছু বলতে পারছি না।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলাতে টেষ্ট রিলিফের কাজ চলছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, বাঁকুড়া, পুরুলিয়া জেলাতে ডিষ্ট্রিক্ট প্ল্যানিং কমিটি বলেছিলেন যে বাঁকুড়ায় কৃষি-শ্রমিকদের সপ্তাহে পাঁচ দিন করে কাজ দেওয়া হবে, সেই কাজ কি দেওয়া হচ্ছে? মাত্র দু'দিন করে দেওয়া হচ্ছে, এই বিষয়ে কি মন্ত্রী মহাশয়ের জানা আছে, এবং তার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন।

শ্রীরামকৃষ্ণ সারোগী ঃ এটা গভর্ণমেণ্ট নিশ্চয়ই বলেছেন যে যেখানে ড্রাউট আছে, ডিসট্রেস যেখানে প্রিভেল করছে, সেখানে সপ্তাহে পাঁচ দিন করে অন্তত কাজ দেওয়া হবে, আর বাঁকুড়া, পুরুলিয়া জেলাতে নিশ্চয়ই ড্রাউট আছে। বাঁকুড়ার যে রিপোর্ট আমার কাছে আছে, ১লা মার্চ থেকে ১৫ই মার্চ ১৯৭৭ পর্যন্ত, এই ১৫ দিনের মধ্যে ৯৫২টি টেষ্ট রিলিফের স্কীম একজিকিউশনের জন্য হাতে নেওয়া হয়েছে এবং ২ লক্ষ ৭৩ হাজার ম্যান ডেজ ক্রিয়েট করা হয়েছে। আমি জানিনা যদি কোন জায়গায় সপ্তাহে পাঁচ দিন কাজ না দেওয়া হয়ে থাকে, তাহলে আমি মাননীয় সদস্যকে অনুরোধ জানাবো, তিনি আমাকে বলবেন, আমি দেখবো যাতে লোক কাজ পায়।

শ্রীশরৎচন্দ্র দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কিনা—রিলিফের কাজ ব্যাপকভাবে চালানো হচ্ছে এটা ঠিক, কিন্তু যে হিসাবে খরচ করছেন তার প্রতিফল পাওয়া যাচ্ছে না রিলিফ ম্যানুয়েলের গোলমালের জন্য। কত পুকুর খনন করাচ্ছেন, রাস্তা তৈরী করছেন কিন্তু ভাল ভাল পুকুর যেগুলো প্রফিটেবল, সেইগুলোর ডিড, গিফট, টাইটেল সরকারকে দিয়ে দিতে হচ্ছে, ফলে ভাল পুকুরগুলো যেগুলো লোকের উপকারে লাগবে, সেইরকম পুকুর দিচ্ছে না। সেইগুলোর ব্যবস্থা করবেন কি?

শ্রীরামকৃষ্ণ সারোগী ঃ এইরকম খবর আমাদের কাছেও আছে, এই বিষয়ে নিশ্চয়ই দেখা হবে।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কাছে রিপোর্ট আছে হুগলী জেলার ব্যাপক অঞ্চলে খরা চলছে এবং আমরা বি ডি ও অফিসে জানিয়েছি। তা সত্ত্বেও হুগলী জেলার ডি এম হুগলী জেলা খরাকবলিত বলে রিপোর্ট দেননি। এ সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কি কোন খবর আছে?

শ্রীরামকৃষ্ণ সারোগী ঃ ডি এম, হুগলী আমাদের কাছে যে রিপোর্ট পাঠিয়েছেন তাতে বলা হয়েছে হুগলী জেলার কোথাও কোন খরা হয়নি। তা সত্ত্বেও মাননীয় সদস্য যদি মনে করেন যে কোথাও খরা হয়েছে তাহলে নিশ্চয়ই তিনি সেটা আমাদের জানাবেন এবং আমরা খোঁজ করে দেখব এবং দরকার হলে সেখানে টি আর স্কীম চালু করব।

শ্রীনাসিরুদ্দিন খাঁন ঃ টি আর-এর কাজে যে লোকগুলিকে খাটানো হচ্ছে, তাতে তাদের সরকার নির্ধারিত মিনিমাম ওয়েজ দেওয়া হচ্ছে না কেন ?

শ্রীরামকৃষ্ণ সারোগী ঃ স্যার, টি আর-এর জন্য যে রেট ফিক্সড আছে, তাই দেওয়া হচ্ছে।

শ্রীনাসিরুদ্দিন খাঁন ঃ আমরা মিনিমাম ওয়েজেস আইন যেটা করেছিলাম, সেই আইন অনুযায়ী সেই রেট কেন দেওয়া হচ্ছে না ? এটা সাংঘাতিক ব্যাপার। আমরা আইন করব, আর আমরাই পুরো পয়সা দেব না। আর ঐ যারা ২/৫ বিঘা জমিতে লোক খাটাবে তারা না দিলে তাদের জেল হয়ে যাবে। আপনারা টি আর-এর কাজে একটা মানুষকে দিয়ে যে পরিমাণ মাটি কাটাচ্ছেন তার চেয়ে বেশী মাটি একটা মানুষ সারাদিনে কাটতে পারে না এবং সেটা সম্ভবও নয়। অথচ মিনিমাম ওয়েজের যে রেট করেছেন সেই রেট কেন দিচ্ছেন না ?

শ্রীরামকৃষ্ণ সারোগী ঃ স্যার, মাননীয় সদস্য একটা খুব প্রমিনেন্ট পয়েণ্ট তুলেছেন যে, মিনিমাম ওয়েজ যেটা আছে সেই মিনিমাম ওয়েজ ওখানে দেওয়া হচ্ছে না কেন। আমি স্যার, আপনার মারফত মাননীয় সদস্যকে বলতে চাই যে, এটা টি আর-এর কাজ—যেখানে মানুষ খেতে পাচ্ছে না, যাদের কাছে কিছু নেই, তাদের টি আর-এর মাধ্যমে আমরা কয়েকদিন কাজ দিচ্ছি ১০০ সি এফ টি মাটি কাটবার পর ২ কেজি গম এবং ১ টাকা ক্যাশ দিচ্ছি। সেটা মিনিমাম ওয়েজের চেয়ে নিশ্চয়ই কম। কিন্তু তাহলেও আমরা রিলিফ প্রভাইড করছি। আমি মনে করি মাননীয় সদস্য এটা কনসিডার করবেন।

[1-20—1-30 p.m.]

(Several Members rose to speak)

Mr Speaker : Honourable Members, if I do follow the general procedure that is being followed in Lok Sabha, then I think, I cannot give any time to the honourable members to place any more supplementaries. In Lok Sabha, only three supplementaries are placed by the member who has put the particular question and another two or three supplementaries in all are allowed to be put by other members. On this question I have allowed a number of supplementaries which were put by the honourable members. Twenty minutes have already been allowed for this particular question. I know that I will not able to satisfy all the honourable members and perhaps if more time is allowed to a particular question still the honourable members will want to put more supplementaries. So, kindly co-operate with me and let us take the other important questions also. If only two or three supplementaries are put that is understandable. However, I allow only three more supplementaries for Shri Abdul Bari Biswas, Shri Saroj Roy and Shri Mohammad Dedar Baksh. If you

want to have more information then let there be half-an-hour discussion on this particular question. I again request you to please co-operate with me.

Shri Abdul Bari Biswas : আমি পলিসি হিসাবে জিজ্ঞাসা করছি মিনিমাম ওয়েজেস অ্যাক্ট অনুযায়ে ওয়েজেস দেবার পক্ষে বাধা কোথায় ?

Mr. Speaker : The Minister has already explained the position. He has stated that Government is giving some relief.

শ্রীসরোজ রায় ঃ মেদিনীপুর ডিস্ট্রিক্ট অথোরিটি ড্রাউট এ্যাফেক্টেড এলাকায় কাজ চালু করতে বলেছিলেন এবং তার জন্য স্কীম দিতে বলেছিলেন—এখানে আমার প্রশ্ন হচ্ছে গড়বেতা ১ নং ব্লকে কাজ চালু আছে কিনা এবং কটা কাজ হয়েছে ?

শ্রীরামকৃষ্ণ সারোগী ঃ স্যার, একটা পার্টিকুলার এলাকার জন্য আমাকে যদি অফ-হ্যাণ্ড জিজ্ঞাসা করা হয় তাহলে সেই প্রশ্নের উত্তর উইদাউট নোটিশে দেওয়া খুব মুশকিল। প্রশ্ন ছিল হুগলী জেলার চণ্ডীতলা এবং জাঙ্গীপাড়া সম্পর্কে, এটার সঙ্গে সঙ্গে একটা ছিল পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় ঐ রিলিফের কাজ চালু আছে, আমি এ্যানসার করেছি। কিন্তু এক-একটা এলাকা সম্পর্কে আমাকে যদি অফ-হ্যাণ্ড জিজ্ঞাসা করা হয় তাহলে আমার পক্ষে উত্তর দেওয়া নিশ্চয়ই মুশকিল। কিন্তু মাননীয় সদস্যকে বলতে পারি যে মেদিনীপুর জেলায় ১৫ দিনের মধ্যে ফার্ষ্ট ফোর্টনাইট অব মার্চ-এর মধ্যে ২ লক্ষ ২২ হাজার ম্যান ডেজ ক্রিয়েট করা হয়েছে। আপনি যে এলাকার কথা বললেন সেই জায়গায় কত ম্যান ডেজ ক্রিয়েট করা হয়েছে, কত টেষ্ট রিলিফ হাতে নেওয়া হয়েছে সে সম্পর্কে আমাদের যদি নোটিশ দেন তাহলে আমি জানাব।

শ্রীসরোজ রায় ঃ আপনি দ্বিতীয়বার জবাবে বললেন যে এই এই এলাকায় কাজ চালু আছে, সেজন্য আপনাকে জিজ্ঞাসা করলাম অমুক জায়গায় চালু আছে কিনা ইয়েস অর নো বলুন।

শ্রীরামকৃষ্ণ সারোগী ঃ আমি মেদিনীপুর সম্পর্কে বলেছি ২ লক্ষ ২২ হাজার ম্যান ডেজ ক্রিয়েট হয়েছে, কিন্তু মেদিনীপুর জেলায় কোন্ কোন্ এলাকায় কত টি আর ওয়ার্ক শুরু হয়েছে, কত লোক এমপ্লয়েড হয়েছে, কি কি কাজ হয়েছে নোটিশ দিলে ডিটেলস বলতে পারব।

শ্রীমহঃ দেদার বক্স ঃ মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি মুর্শিদাবাদে অনেকদিন ধরে বৃষ্টি নেই, খরা চলছে, সেখানে চর এলাকায়, কৃষিমন্ত্রী এখানে বসে আছেন, কয়টি টেষ্ট রিলিফের কাজ চালু হয়েছে যদি হিসাব থাকে বলুন এবং কেন ব্যাপকহারে চালু হচ্ছে না তার কারণও জানতে চাই।

শ্রীরামকৃষ্ণ সারোগী ঃ নোটিশ চাই।

Mr. Speaker : Honourable Members, I just draw your kind attention to the announcement made by Mr. Speaker on 11th July, 1969. This Hon'ble Speaker was Mr. Banerjee. "Honourable Members, I would like to inform you that the leaders of all the parties of the House met today in my Chamber and agreed that ordinarily time not exceeding five minutes should be allowed for every question including supplementary questions thereon. After the question is replied by the Minister, the member who has put the question should be

given precedence to put not more than three supplementary questions and thereafter, if time is available, other members may put supplementary questions. This arrangement will have effect from Monday the 14th July, 1969." This ruling was given by the then Mr. Speaker. Even then I, on my own accord, give you more time to put supplementaries. I crave that you would all co-operate with me.

Shri Biswanath Chakrabarti :

স্যার, আপনি যেটা বললেন সেটা মন্ত্রী মহাশয়ের উত্তর দেওয়ার ক্ষমতার ওপর নির্ভর করে, আমি জুনিয়র মিনিস্টারের উত্তর শুনলাম। আপনি নিজে বলুন আপনি কি স্যাটিস-ফায়েড, is it on answer test relief-এর মজুরী সম্পর্কে যে উত্তর দিলেন?

Mr. Speaker : Mr. Chakrabarti, the Minister gives his reply in his own way. The Minister may sometimes try to evade the question or he may answer in a manner that it may have double meaning also. It is for the member to put question and it is also for him to place the Minister in a tight corner. So, it is the parliamentary acumenship that comes in full play in placing supplementaries and in giving replies. This is a test whether the Minister has been able to satisfy the honourable member by his reply or the member has been able to corner the Minister by putting his supplementaries. This is a full play of parliamentary acumenship and parliamentary calibre when a question is replied by the Minister and the supplementaries placed by the honourable members. So, you may have your own judgement from that.

জাঙ্গীপাড়া-বোড়হল লিঙ্ক রোড়

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭) **শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় জাঙ্গীপাড়া থানার অন্তর্গত জাঙ্গীপাড়া আঁকুহাটি রসিদপুর লিঙ্ক রাস্তাটির পরিবর্তে জাঙ্গীপাড়া-বোড়হল লিঙ্ক রাস্তাটির পাকাকরণের কাজ এখন কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত রাস্তাটির পাকাকরণের কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীভোলানাথ সেন ঃ

(ক) এবং (খ)

উভয় রাস্তাই নতুন প্রকল্প (scheme) হিসাবে বিবেচ্য। বর্তমানে সড়ক উন্নয়ন পরিকল্পনার জন্য নির্ধারিত অর্থবরাদ্দের পরিপ্রেক্ষিতে দুটি রাস্তার একটিও নির্মাণ করা সম্ভব কিনা তাহা বিবেচনা করা হইতেছে।

[1-30—1-40 p.m.]

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ মন্ত্রী মহাশয় বলেছেন উভয় রাস্তাই নতুন প্রকল্প হিসেবে বিবেচ্য। আমার বক্তব্য হচ্ছে যেখানে আর্থ ওয়ার্ক করা আছে সেই রাস্তা করা হোক এবং সেইজন্যই আমি এটার পরিবর্তে অন্য রাস্তা দিয়েছি। জাঙ্গীপাড়া থেকে রসিদপুর এই রাস্তাটি হচ্ছে ফোর্থ প্ল্যানের। আমি বলছি যেখানে আর্থ ওয়ার্ক হয়ে গেছে সেটা আগে করা হোক।

শ্রীভোলানাথ সেন : আপনি যদি চিঠিটা আমার কাছে পাঠিয়ে দেন তাহলে খুব ভাল হয়। আমার মনে হয় আপনি জাঙ্গীপাড়া সাঁকুহাটি রসিদপুর লিঙ্ক রাস্তাটির পরিবর্তে জাঙ্গীপাড়া বোড় হল লিঙ্ক রাস্তাটি চাচ্ছেন। আমি দেখলাম রাইটার্স বিল্ডিংস-এ এমন কোন কাগজ নেই যাতে করে বলা যায় ওই দুটোর একটাও গ্রহণ করা হয়েছে। আমি আপনাকে একটা কথা জানাচ্ছি অনেক স্কীমে পি ডবলিউ ডি ছাড়াও অনেকে রাস্তা তৈরী করে। যেমন, জেলা পরিষদ করতে পারে, এস ই পি আর পি পি, করতে পারে। কাজেই দেখা যাচ্ছে এখানে একটা কনফিউশন রয়েছে।

শ্রীগণেশচন্দ্র হাটুই : আমি জানি পি ডবলিউ ডি ছাড়াও এস ই পি, আর পি পি রাস্তা তৈরি করে। কিন্তু এটা অলরেডি ফোর্থ প্ল্যানে নেওয়া হয়েছে।

শ্রীভোলানাথ সেন : আপনার হাতে যে কাগজ আছে তাতে দেখা যাবে মাটির কাজ কোথায় হয়েছে। আপনি যদি দয়া করে ওই কাগজগুলো আমাকে দেন তাহলে আমার পক্ষে ট্রেস করতে সুবিধা হবে। আপনার কাগজগুলো পেলে আমি সমস্ত খবর জেনে আপনাকে আরও বিশদভাবে জানিয়ে দিতে পারব।

পঞ্চায়েত নির্বাচন

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫) **শ্রীগণেশচন্দ্র হাটুই :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার পঞ্চায়েত নির্বাচনের বিষয়টি বিবেচনা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাদ উক্ত পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হইবে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় :

(ক) হ্যাঁ।

(খ) এই রাজ্যে পঞ্চায়েত নির্বাচনকল্পে প্রয়োজনীয় সকলপ্রকার প্রস্তুতিই প্রায় ইতিমধ্যে শেষ করা হইয়াছে। তবে কবে এই নির্বাচন হইবে তাহার সঠিক তারিখ এখনও নির্ধারিত হয় নাই। এই সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হইবার পর নির্দিষ্ট সময়ে অবশ্যই নির্বাচন করা হইবে।

শ্রীগণেশচন্দ্র হাটুই : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে পঞ্চায়েতের নিবাচন কতদিন আগে হয়েছিল?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : ১৯৬৪-৬৫ সালে হয়েছিল।

শ্রীগণেশচন্দ্র হাটুই : তারপরে এতদিন চলে গেল পঞ্চায়েতের নির্বাচন না করার কারণটা কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : আমাদের সরকার প্রতিষ্ঠিত হবার পর আমাদের প্রধান কারণ ছিল আমাদের নতুন আইন তৈরী করা, সেই আইন করার পর কতকগুলি বিভিন্ন কারণে প্রশাসনিক এবং রাজনৈতিক কারণের পরিপ্রেক্ষিতে এখনও করা সম্ভব হয়নি। আমরা আশা করছি অচিরে করা সম্ভব হবে।

শ্রীগণেশচন্দ্র হাটুই : আপনি বললেন সমস্ত কাগজপত্র তৈরী করা হয়ে গেছে তাহলে কি বিফোর মনশুন এই নির্বাচন করার কথা চিন্তা করছেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : আমরা সমস্তরকম প্রস্তুতি নিয়ে রেখেছি ঠিক এক্ষুনি ডেট বলা সম্ভব নয় তবে উপযুক্ত সময় ঘোষণা করা হবে।

শ্রীবলাইলাল শেঠ : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে নির্বাচন করবার জন্য হাইকোর্ট থেকে কোনরকম নির্দেশ আছে কিনা ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : আমরা এখনও কোন লিখিত নির্দেশ পাইনি।

শ্রীনাসিরুদ্দিন খান : মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বললেন যে আমাদের প্রস্তুতিপর্ব প্রায় শেষ—এই উত্তরটা আপনি গত বছর বাজেট সেসনে দিয়েছিলেন, আবার এই কথাটা এবারেও বললেন—আমি জানতে চাই একই কথা কেন বলছেন ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : গত বছর আমি এই উত্তর দিতে পারি না কারণ গত বছর প্রস্তুতিপর্ব শেষ হয়নি, গত বছর আইন পাশ করা হয়নি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : শেষ যখন নির্বাচন হয়েছিল তারপরে আজ পর্যন্ত পশ্চিমবাংলায় কতজন পঞ্চায়েত সভাপতি এবং সভ্য মারা গেছে বলতে পারবেন কি ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : নোটিশ চাই।

শ্রীগৌতম চক্রবর্তী : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে উপযুক্ত সময়ে নির্বাচন হবে—'৭২ সালে আমরা যারা নির্বাচনে কনটেষ্ট করেছিলাম—আমাদের দাবী ছিল যে পঞ্চায়েতের যে সমস্ত অধ্যক্ষ বা প্রধান আছে তারা করাপশনের সংগে জড়িত আছে, আমাদের ইলেকশনের সময় কমিটমেণ্ট ছিল যে আমরা নির্বাচিত হওয়ার পর আমরা নির্বাচন করব—তা হয়নি। এই উপযুক্ত সময় কবে হবে সেটা বলবেন কি ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : নির্ধারিত সময় এখন বলা যাবে না। আমরা মনে করি পঞ্চায়েতের নির্বাচন আমরা সরকারের পক্ষ থেকে করতে চাই এবং সামগ্রিক পরিস্থিতিকে বিচার করে যতশীঘ্র সম্ভব করব।

[1-40—1-50 p.m.]

শ্রীগোবিন্দ চ্যাটার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন, এই পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত না করার কারণ কি হচ্ছে রাজনৈতিক, না শাসনতান্ত্রিক ? অর্থাৎ এ্যাডমিনিষ্ট্রেটিভ, না পলিটিক্যাল কারণ দয়া করে বলবেন কি ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : এর বেশীর ভাগটাই প্রশাসনিক।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী : মাননীয় মন্ত্রী মহাশয় সংবাদপত্রে যে সংবাদ বেরিয়েছিল তার সত্যতা স্বীকার করে বলবেন কি, সংবাদপত্রে বেরিয়েছিল যে ১৯৭৬ সালে পঞ্চায়েত নির্বাচন সম্পন্ন হবে। সংবাদপত্রের এই নির্বাচন যদি সত্য হয়ে থাকে তাহলে মন্ত্রী মহাশয় তার উত্তরে কি বলবেন ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : সংবাদপত্রে কি বেরিয়েছিল জানি না, তবে ১৯৭৬ সালে নির্বাচন করবার ইচ্ছা ছিল কিন্তু ষষ্ঠ সাধারণ নির্বাচন আমাদের সামনে এসে যাওয়ার জন্য সে ইচ্ছা ত্যাগ করতে হয়।

শ্রীবলাইলাল শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ১৯৬৪-৬৫ সালে পঞ্চায়েত নির্বাচন হয়েছে। তার আগে ইউনিয়ন বোর্ড পশ্চিমবাংলায় কত আছে বলবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ এখন বলতে পারিনি, তবে কিছু কিছু আছে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ আচ্ছা, পঞ্চায়েতও আছে ইউনিয়ন বোর্ডও আছে এইরকম আছে কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ আপনার এলাকায় আছে।

শ্রীচন্দ্রনাথ মিশ্র ঃ মন্ত্রী মহাশয় বলেছেন যে প্রস্তুতিপর্ব শেষ হয়েছে। সম্প্রতি বিগত নির্বাচনে পঞ্চায়েত ডিলিমিটেশন যেটা হয়েছে তাতে বহু জায়গায় বহু অসুবিধার সৃষ্টি হয়েছে, দু'-তিন মাইল ডিসটেন্সে হয়েছে। আপনি কি খতিয়ে দেখবেন এই অসুবিধায় পঞ্চায়েত নির্বাচন না করে সেখানে নতুন করে ডিলিমিটেশন করলে ভাল হয়?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ কোন একটা জায়গায় ডিলিমিটেশনের অসুবিধা হলে তাকে নিয়ে যদি বিচ্ছিন্নভাবে চিন্তা করা হয় তাহলে সমস্ত ব্যাপারটায় অসুবিধা হবে। তবে সাধারণ-ভাবে যদি কোথাও যুক্তিসঙ্গত হয় তাহলে সেখানে রি-ওপেন করার কথা নিশ্চয়ই বিবেচনা করে দেখা হবে।

শ্রীঅশ্বিনী রায় ঃ আপনি আগামী দিনে যখন পঞ্চায়েত নির্বাচন করবেন তখন এই সঙ্গে বর্ধমান জেলায় আসানসোল মহকুমায় এখন পর্যন্ত যে ইউনিয়ন বোর্ড আছে সেখানেও কি পঞ্চায়েত নির্বাচন করবেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ সাধারণভাবে করার কথা তবে আইনসঙ্গত বাধা থাকলে করা যাবে না।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটা প্রশ্ন রাখতে চাই, আপনার পক্ষে প্রশাসনিক কারণে নির্বাচন করা সম্ভব হচ্ছে না, আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই, যদিও আপনার সংগে আমরা একমত, তাহলেও আপনাকে জিজ্ঞাসা করতে চাই যে আমরা বিধানসভা থেকে যে নতুন পঞ্চায়েত আইন পাশ করে দিয়েছি সেই বিধান অনুসারে এই পঞ্চায়েতগুলিকে শাসন বা পরিচালনা করার ব্যবস্থা আপনি করবেন কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ ইনফ্রাস্ট্রাকচারের ব্যাপার আছে, নির্বাচন না হলে সম্ভব নয়।

শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায় ঃ স্যার, অশ্বিনীবাবু যে প্রশ্ন করলেন তার উপর আমি প্রশ্ন করতে চাই। আমাদের দুর্গাপুর মহকুমার অর্ধেক এবং আসানসোলে সেখানে এখনো ইউনিয়ন বোর্ড রয়েছে। যেগুলি ডিলিমিটেশন হয়নি, যখন পঞ্চায়েত নির্বাচন হবে তখন সেইভাবে ঐ ইউনিয়ন বোর্ডেও নির্বাচন হবে কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ আপনি জানতে চাইলে আমি পরে হাউসে স্টেটমেণ্ট করতে পারি কিম্বা আপনি যদি আমার অফিসে যান তাহলে আপনাকে বলে দিতে পারি।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-Charge of the Irrigation and Waterways Department will please make a statement on the subject of reallocation of irrigated and non-irrigated areas. Attention called by Shri Md. Safiulla and Shri Kashinath Misra on the 29th March, 1977.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Mr. Speaker, Sir, according to the procedure hitherto adopted classification of land into irrigated and non-irrigated categories was being done by the Land Utilisation and Reforms and Land & Land Revenue Department, according to notified area u/s 5 of the West Bengal Irrigation (Imposition of Water Rate) Act, 1974 as also on the basis of the assessment list and test notes prepared by officers of the Irrigation Department in the respective irrigation commands. As there has been dissatisfaction amongst the people over classification made in this manner the Cabinet decided at its meeting held on 30.3.77 that steps should be taken for demarcation of irrigation areas benefitted by surface irrigation projects in the state in the following manner. The Block Development Officers in their respective areas will check up the areas actually irrigated and point out any discrepancy which may be found in the test note prepared by this department showing the actual areas irrigated. On the basis of the reports of the B.D.O. which should be routed through the respective D.Ms. the Agriculture department will finalise proposals for re-demarcation in the light of the information so obtained, if found necessary after consultation with the Irrigation & Waterways department. These proposals will be acted by the Land Utilisation & Reform and Land & Land Revenue department for issue of revised notification u/s 14(k) of the West Bengal Land Reforms Act, 1955 specifying the irrigated areas.

At present assessment and realisation of water rates in the state is being made under the West Bengal Irrigation (Imposition of Water Rate) Act, 1974 and the West Bengal Irrigation (Imposition of Water Rate for D.V.C. Water) Act, 1958 as amended by the Act of 1976. Under these Acts the ceiling rates prescribed are Rs. 32/-, Rs. 48/- and Rs. 116/- per acre for khariff, Rabi and summer crops respectively. The ceiling rates prescribed are economic water rates which were arrived at by taking into account maintenance and operation cost of the project, the interest charged by the Govt. of India and depreciation works at the rate of $2\frac{1}{2}$ per cent. I may mention here that water rates actually being charged with effect from 1.7.74 are much below the ceiling rates, being Rs. 20/-, Rs. 24/- and Rs. 96·50 paise per acre for Khariff, Rabi and summer crops respectively. These rates are also applicable to the areas served by the D.V.C. project with effect from Khariff 1976.

I may mention here that the question of reduction of water rates from the present level is under active contemplation of this Government. An announcement will be made soon by the Chief Minister in this regard.

[1-50—2-00 p.m.]

Mr. Speaker : The Minister-in-Charge of Education Deptt. will please make a statement on the subject of alleged forged University circular to postpone examination, attention called by Shri Md. Safiulla and Shri Kashinath Misra on the 29th March, 1977.

Shrimati Amala Saren : According to the schedule of the Calcutta University, the first M.B.B.S. Part-II Examination, 1976 will commence on the 26th April, 1977. A notice was issued accordingly on 19th February, 1977. On 29th March, 1977 one student of the N.R S. Medical College, saw the Controller of Examinations, Calcutta University, with a notice dated 26th March, 1977 in which the commencing date of the examination was shown as 28th June, 1977. Enquiries from other Colleges were also made about reported change of date. It was absolutely a fake notice.

The matter was immediately brought to the notice of the Vice-Chancellor, Calcutta University by the Controller. The following actions were taken by the University in this respect :

(i) It was decided that the M.B.B.S. examination will commence on 26th April, 1977 as per schedule. This has been given wide publicity in all the important newspapers. Students have also been informed that the date of Examination has not been changed and that the examination will be held on the dates as already fixed.

(ii) The University has also referred the matter to Police for investigation and necessary action.

Mr. Speaker : I have received 24 notices of Calling Attention on the following subjects :—

Water crisis in the different parts of West Bengal—from Shri Md. Safiullah and three others.

Re-commissioning of Santaldih Unit—from Shri Md. Safiullah and another.

Reported Cholera epidemic—from Shri Md. Safiullah and another.

Release of D. V. C. water for BORO Crop—from Shri Md. Safiullah and another.

Filaria control measure—from Shri Md. Safiullah and another.

Chicken pox eradication—from Shri Md. Safiullah and another.

Measure to check violence in rural areas—from Shri Md. Safiullah and two others.

Hired lorries system in Calcutta Corporation—from Shri Md. Safiullah and another.

Increase veneral disease at Barasat—from Shri Md. Safiullah and another.

Alleged irregularities in Junior Clerkship Examination conducted by Calcutta Corporation—from Shri Md. Safiullah and another.

Fly over near Sealdah Station—from Shri Md. Safiullah and another.

Derelict tubewells in rural areas—from Shri Md. Safiullah and another.

Financial stringency in certain Higher Secondary Schools converted into Junior Colleges—from Shri Md. Safiullah and two others.

Reconstruction of dilapidated primary schools premises—from Shri Md. Safiullah and two others.

T. R. work in rural areas—from Shri Md. Safiullah and another.

Preservation of fish—from Shri Md. Safiullah.

Traffic in girls—from Shri Md. Safiullah.

Unrecognised schools in West Bengal—from Shri Kashinath Misra and three others.

Stabbing of a Journalist in Manicktala—from Shri Balailal Seth and two others.

Break-out of Malaria in Calcutta and the subarbs—from Shri Md. Dedar Baksh and three others.

Non-payment of salaries to the Primary School teachers—from Shri Md. Dedar Baksh and two others.

Draught-hit areas of West Bengal—from Shri Kashinath Misra and four others.

Death due to tubectomy operation—from Shri Md. Dedar Baksh and two others, and

Vacancies in the top posts of State Transport Corporation—from Shri Md. Dedar Baksh and two others.

Out of these notices, I have selected the notice of Shri Md. Safiulla and another member on the subject of re-commissioning of Santaldih Unit. The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : On Tuesday, the 5th April. Sir.

Mention Cases

Shrimati Geeta Mukhopadhyaya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কৃষকদের একটি বিশেষ সমস্যার প্রতি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী এবং গোটা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এটা আমাদের সরকারী প্রত্যক্ষ কোন স্কীম নয়। স্বভাবত সরকারের সহযোগিতায় গ্রামে সেই সমস্ত শ্যালো টিউব-ওয়েলের উৎস হচ্ছে ব্যক্তিগত ব্যাংক ঋণ নিয়ে একযোগে লোকে করছে। এজন্য ঐ ব্যাংক ঋণ পাওয়ার যোগ্য কিনা সে ক্লিয়ারিং সার্টিফিকেট স্থানীয় বি ডি ও দিয়ে থাকেন। তিনি এ সম্পর্কে জনসাধারণকে উৎসাহ দেন। অথচ সেই শ্যালো টিউবওয়েল সম্পর্কে কিছু কিছু বিশেষ জায়গায় একটা কাণ্ড হচ্ছে। এই শ্যালো টিউবওয়েল যখন গ্রামবাসীরা নিতে যাচ্ছে তখন তারা কিছু পেশাদার সরকারী বা টাউট কণ্ট্রাক্টদের পাল্লায় পড়ে যান। ফলে যা খরচ পড়ার কথা তার চেয়ে বেশী খরচ হয়েছে বলে তারা বিলে দেখাচ্ছে। হয়ত শেষ পর্যন্ত দেখা

গেল তাতে জল আর উঠলো না। এই সময়মত জল না দেবার ফলে যেখানে তাদের একটা ফসল নষ্ট হয়ে গেল। অথচ তাদের ব্যাংক ঋণের সুদ বা আসল দেবার সময় এসে পড়লো।

এইরকম যে-সমস্ত জায়গায় গুচ্ছ টিউবওয়েল ফেল করে যাচ্ছে যে-কোন কারণেই হোক, তার বোঝা চাষীদের বইতে হচ্ছে এবং ছোট ছোট চাষী তারা একটি স্যালো টিউবওয়েল দিয়ে উন্নতি করবেন তার বদলে গোড়াতেই সর্বস্বান্ত হয়ে যাচ্ছে। আমাদের তমলুক থানায় একাধিক কেস ঘটেছে। আমি যতদূর জানি অন্যান্য কনস্টিটিউয়েন্সিতেও এইরকম ঘটনাবলী ঘটেছে। সরকারের এই বিষয়ে প্রত্যক্ষ দায়িত্ব নেই ঠিক কথা—কিন্তু তাদের কি সাহায্য করতে পারেন কারণ মেম্বারদের দায়িত্ব আছে, কেননা এই লোকগুলিকে আমরা উৎসাহ দিয়েছি বলেই তারা ব্যাঙ্ক থেকে ঋণ নিতে যাচ্ছে। যেখানে জল উঠল না সেইরকম জায়গায় ব্যাঙ্ক তাদের উপর যাতে হামলা না করে সেইজন্য ব্যাঙ্কের সাথে কথাবার্তা বলে এই বিষয়ে কিছু করা যায় কিনা দয়া করে গভর্ণমেণ্ট থেকে যদি এই বিষয়ে একটু উদ্যোগ নেন তাহলে ভবিষ্যতে যাদের ঘরবাড়ি চলে যাবার সম্ভাবনা আছে সেটা বন্ধ হতে পারে। এটা নিয়ে এক্সটরশন অনেক সময় টাকা আসল নিয়ে নিচ্ছে ব্যাঙ্ক সেটা বন্ধ হতে পারে। এই সমস্ত জিনিসের অবিলম্বে একটা ইনভেষ্টিগেট করে গভর্ণমেণ্টের তরফ থেকে হস্তক্ষেপ করার জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

শ্রীঅনিলকৃষ্ণ মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। ২৪-পরগণা জেলার হিংগলগঞ্জ থানার ছোট সাহেবখালি মৌজায় বিরাট বনভূমি আছে। বাংলাদেশের বর্ডারের কাছে কালিন্দী নদী এই বনভূমিকে রক্ষা করছে। হঠাৎ কিছু স্বার্থান্বেষী ব্যক্তি বনভূমি কাটতে আরম্ভ করে দিয়েছে। তারা বলছে সরকারের কাছ থেকে নাকি লিজ নিয়েছে। তুলতুলি অঞ্চল এবং ঐ এলাকার স্থানীয় জনসাধারণ বিক্ষোভ মিছিল করে বর্ডার সিকিউরিটি ফোর্সের কাছে যায় এবং বিক্ষোভ করে। তখন বর্ডার সিকিউরিটি ফোর্স বলে আমরা এই বিষয়ে কোন খোঁজ রাখি না, আপনারা নির্দিষ্ট স্থানে প্রতিবাদ করুন—যেখানে বর্ডার সিকিউরিটি ফোর্সের আণ্ডার-ট্রেনিং হয় সেখানে প্রতিবাদ করুন। আমি অবিলম্বে বনভূমি রক্ষার জন্য সরকারকে এটা বন্ধ করার অনুরোধ জানাচ্ছি এবং এর প্রতিকার দাবী করছি।

শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায় ঃ অনারেবল স্পীকার, স্যার, ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্টের মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, এটা খুব সৌভাগ্যের কথা। আপনার ডিপার্টমেণ্ট থেকে ১৯৭১ সালে একটি নোটিফিকেশন বেরিয়েছিল, পরে আবার এ্যামেণ্ড হয়েছে। নোটিফিকেশনটা হল বর্ধমান জেলার কোন কোন থানাকে ইরিগেটেড এলাকা বলে নোটিফিকেশনে দেখা যাচ্ছে—বর্ধমান জেলার দুর্গাপুর মহকুমার ফরিদপুর, কাঁকসা এই দুটি নয়। মিঃ স্পীকার, থানাকে সম্পূর্ণ ইরিগেটেড এলাকা বলে ডিক্লারেশন দেওয়া হয়েছে, যদিও আদৌ এটা সত্য স্যার, কাঁকসা থানার কিছু কিছু অঞ্চলে লিফট ইরিগেশন আছে, যদিও ১০০ ভাগের মধ্যে মাত্র ৫ ভাগ ইরিগেশন পায়। ফরিদপুর থানায় ডিপ টিউবওয়েল নেই, স্যালো টিউবওয়েল নেই, ডি ভি সি'র কোন জল পায় না, অথচ ইরিগেটেড এলাকা বলে ডিক্লারেশন দেওয়া হল।

[2-00—2-10 p.m.]

ফল কি হোল? আমরা বারবার ল্যাণ্ড সিলিং এ্যামেণ্ডমেণ্ট করেছি, লেভির ব্যাপার এমেণ্ড করেছি। তাতে দেখা যাচ্ছে নন-ইরিগেটেড এলাকায় ৫২ একর পর্যন্ত জমি রাখতে পারবে, আর ইরিগেটেড এলাকায় ৩৭।। বিঘা জমি রাখতে পারবে। ইরিগেটেড এরিয়া ডিক্লেয়ার হবার ফলে ঐ সমস্ত নন-ইরিগেটেড এলাকায় যে সেটেলমেণ্টের কাজ চলছে—ঐ নন-ইরিগেটেড এলাকাতেও ল্যাণ্ড সিলিং ইরিগেটেড এলাকার মত ধরা হচ্ছে। তাতে নানারকম অসুবিধার সৃষ্টি হয়েছে বাধাপ্রাপ্ত হচ্ছে। লেভি ইরিগেটেড এলাকায় ৬ একরের উপর লেভি দিতে হয়, নন-ইরিগেটেড এলাকায় ১০ একরের উপর হলে লেভি দিতে হয় এটা আমরা জানি। আমি এই ব্যাপারে এস ডি ও, বি ডি ও কাছে নিজে গিয়েছি ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছেও গিয়েছি, এই নোটিফিকেশনটি ক্যানসেল করার জন্য অনেক আবেদন জানানো সত্ত্বেও কোন ফল হয়নি। এর আগে আমাদের সেচবিভাগের মন্ত্রী মহাশয় একটা ষ্টেটমেণ্ট করেছেন। জানি না ঐ নোটিশ কভার করবে কিনা। যদি করে থাকে ঐ অঞ্চলের মানুষ আজ প্রায় ৪।৫ বছর কষ্ট করছে, লেভি দিতে পারে না—পুলিশ তাদের দড়ি বেঁধে নিয়ে আসে—সেখানে একটা কমপ্লিকেশন এ্যারাইজ করেছে। তাদের যে কি জবাব দেবো। মন্ত্রী মহাশয় যে ষ্টেটমেণ্ট করলেন ইরিগেশন ডিপার্টমেণ্ট থেকে যদি এই নোটিশ ক্যানসেল করা হয় তাহলে ভাল হয়। এইরকম একটা অন্যায় এতদিন ধরে চলে আসছে। এটা বিহিত করার জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি। এই নোটিশ যদি ক্যানসেল না হয় তাহলে সেখানে ভীষণ কমপ্লিকেসন এ্যারাইজ করবে। ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্টের মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন আমি তাঁকে বিশেষভাবে অনুরোধ করবো এ সম্বন্ধে বিহিত ব্যবস্থা গ্রহণ করার জন্য।

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : মাননীয় সদস্য যে কথা বললেন তার সঙ্গে আমি একমত। অনেক কমপ্লেন আমি পেয়েছি। ভেরি আনফরচুনেট

I entirely agree with the honourable member.

এটা আজকে এখনই নয়, অনেকদিন ধরে এইরকম অন্যায়ভাবে কাজ হয়ে আসছে কর আদায় হচ্ছে It is very very unfortunate. যেখানেই আমি এইরকম সংবাদ পেয়েছি আমার কাছে সদস্যরা এসেছে বা কেউ এসেছেন আমি এ্যাকসন নিয়েছি কর দিতে হবে না বলে গভর্ণমেণ্ট অর্ডার ইস্যু করেছি এবং আমার অর্ডারে স্পষ্টভাবেই লেখা আছে যেখানে জল যায়নি সেখানে কর দিতে হবে না। তারপর আমরা সেদিন ক্যাবিনেটে একটা কমিটি করেছি সেই কমিটি যেগুলি ভুল আছে সেগুলি সংশোধন করবেন এবং যত দ্রুতভাবে তা করতে পারে তার চেষ্টা করছি।

শ্রীঅজিত ব্যানার্জী : স্যার, এর সঙ্গে যেহেতু দুটি বিভাগ জড়িত তাই অপর যে বিভাগ রয়েছে সেই বিভাগের মন্ত্রী মহাশয়কে ষ্টেটমেণ্ট করতে অনুরোধ করছি।

শ্রীহেমন্ত দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এমন একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেটা সম্পর্কে অনেক মাননীয় সদস্য সোচ্চার হয়েছেন। স্যার, আপনি জানেন ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী এবং মেহনতী মানুষ যারা ঋণ নিয়েছিল তাদের সব টাকা বাকী পড়ে আছে। সেই প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের মন্ত্রিত্ব থেকে

অজয় মুখার্জী মহাশয়ের মন্ত্রিত্ব থেকে আমাদের সময়কার মন্ত্রিত্ব পর্যন্ত ঐসব টাকা বাকী পড়ে আছে। ১৯৭২ সাল থেকে আমরা সেগুলি আদায় করবার চেষ্টা করেছি। তার ফলে দেখা গেছে সাধারণ চাষী অনেক ক্ষেত্রে টাকা দিতে পারেনি—গয়না বন্ধক রেখে গরু-বাছুর বিক্রি করেও পরিশোধ করতে পারেনি এবং এইসব টাকা শোধ করতে গিয়ে এমন অবস্থায় এসেছে যে তারা আর থাকতে পারছে না। সেইজন্য এই সমস্ত চাষী, গ্রামের মানুষ, অনেক ক্ষেত্রে কম জমি আছে—অনেক প্রাকৃতিক দুর্যোগ তাদের উপর দিয়ে গেছে। তাদের অর্থনৈতিক বুনিয়াদ একেবারে নষ্ট হয়ে গেছে, এবং ১/২ একর জমি যাদের আছে তারা বিভিন্ন ঋণ খরা, বন্যা ইত্যাদি সময়ে নিয়েছে—অর্থনৈতিক দিক দিয়ে তারা অত্যন্ত দুর্বল শ্রেণী। আমাদের সরকার দুর্বলতর শ্রেণীর জন্য অনেক কিছু করেছেন এবং শহর থেকে গ্রামের দিকে আমাদের সরকারের দৃষ্টিভঙ্গী পরিচালিত হয়েছে, যার জন্য গ্রামবাংলার উন্নয়ন আমরা করবার চেষ্টা করেছি। আমরা এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ৩ হাজার টাকা থেকে ৮ হাজার টাকা করে কনসেশন দেবার চেষ্টা করেছি। আমাদের কৃষিমন্ত্রী কৃষিকার্য বোঝেন বলে মনে হয়। তাই গ্রামবাংলার কৃষির উন্নতির বিভিন্ন দিকে ভাল দৃষ্টিভঙ্গী আছে এবং এই সমস্ত ঘটনার পরিপ্রেক্ষিতে গ্রামবাংলার ক্ষুদ্র প্রান্তিক চাষী যারা ঋণের বোঝা বয়ে বেড়াচ্ছে তাদের সেই ঋণের বোঝা থেকে মুক্ত করুন। গ্রামবাংলায় শতকরা ৮০ জন লোক বাস করেন এবং কৃষি-কার্যের উপরই জাতীয় আয় নির্ভর করে। আমাদের এই জাতীয় আয়কে যদি শক্ত বুনিয়াদের উপর প্রতিষ্ঠিত করতে হয় তাহলে প্রান্তিক ক্ষুদ্রচাষী যারা ঋণভারে জর্জরিত তাদের সেই ঋণ থেকে মুক্তি দিতে হবে। ১৯৭১ সালে গ্রুপ এগ্রিকালচার লোন ৯ কোটি টাকা ছাড় দিলেন। আজকে তাই এটা আমাদের গভীরভাবে চিন্তা করবার সময় এসেছে। আজকে আমরা সারপ্লাস বাজেট করছি। এই বাজেট থেকে যদি আমরা কয়েক কোটি টাকা গ্রামবাংলার মানুষের উন্নতির জন্য ব্যয় করি তাহলে সেটা নিশ্চয় কিছু অন্যায় করা হবে না। সমাজের যারা উইকার সেকশন, যারা কনসেশন পাবার যোগ্য, যাদের উপর ভারতবর্ষের অর্থনৈতিক বুনিয়াদ নির্ভর করে তাদের যদি কিছু কনসেশন দেওয়া হয় তাহলে সরকার তাদের কাছে প্রশংসা পাবেন এবং এটা সরকারের পক্ষে প্রশংসনীয় কাজ হবে। আজকে আমরা উইকার সেকশনের অর্থনৈতিক বুনিয়াদ দৃঢ় করবার চেষ্টা করছি, ২০ দফা কর্মসূচীর মাধ্যমে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি করবার চেষ্টা করছি—অনেক দিক দিয়ে আমরা সফল হয়েছি। এই লোনের বিষয়টি ক্যাবিনেটে প্লেস করে ছাড় দেবার ব্যবস্থা যেন করা হয়, আমার এই আবেদন। এই বিষয়টি নিয়ে মাননীয় সদস্যরা অনেকবার এখানে বলেছেন—এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের গভীর মনোযোগ দেওয়া দরকার এবং এই বিষয়ে আমাদের সরকার যে অগ্রণী হবেন আমরা সেই আশা রাখি। এই ঋণ মকুব করার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশক্তিপদ মাজী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কয়েক দিন ধরে পি ডবলিউ ডি ডিপার্টমেণ্ট সম্পর্কে বিতর্ক হচ্ছে, অথচ মন্ত্রী মহাশয়কে দেখতে পাচ্ছি না। আমাদের এই সরকারের পি ডবলিউ ডি মিনিষ্টার বলেছিলেন প্রতিটি বিধানসভা কেন্দ্রে কয়েক মাইল পাকা রাস্তা করা হবে। আমার কন্‌ষ্টি-টিউয়েনসির থেকে রাস্তার সুপারিশ পাঠিয়েছিলাম এবং সেই রাস্তা স্যাংশন করার পরে আর্থ ওয়ার্ক কিছু কিছু জায়গায় হয়েছে—এখন সেই আর্থ ওয়ার্কের পর রাস্তার অবস্থা একেবারে চরমে উঠেছে, জনসাধারণ বিশেষ অসুবিধার মধ্যে পড়েছে। আমাদের এই রাস্তাগুলি কেন হচ্ছে

না সেটা আমরা বুঝতে পারছি না। বাঁকুড়া জেলায় যে রাস্তা হবার কথা ছিল সেই রাস্তাগুলির টাকা বর্ধমানের ভাতার কেন্দ্রে আসতে শুরু করেছে। আমাদের বঞ্চিত করে ভাতার কেন্দ্রে টাকা আসার জন্য আমরা অত্যন্ত দুঃখিত হয়েছি এবং বাঁকুড়া জেলার প্রতিটি বিধানসভার সদস্য এই ব্যাপারে খুবই দুঃখিত। এই রাস্তাগুলি অতি সত্বর শেষ করার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10—2-20 p.m.]

শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে মাননীয় শিক্ষা-মন্ত্রীকেও দেখছি না, শিক্ষা বিভাগের মাননীয় রাষ্ট্রমন্ত্রীও নেই, উপমন্ত্রী শ্রীমতী অমলা সোরেন আছেন, যাই হোক, আমি বিষয়টি এবারে উল্লেখ করছি। স্যার, সবচেয়ে পরিতাপের বিষয় এই যে, আমরা কালকে মৃত্যুঞ্জয়বাবুর মুখে শুনলাম, নতুন স্কুল অনুমোদন দেওয়া যাচ্ছে না তার কারণ সেটা অনেক টাকার ব্যাপার, অনেক টাকা খরচ হয়। আমাদের ডিয়ারনেসের টাকা দিতেই নাকি ১২ কোটি টাকা খরচ হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, এই প্রসঙ্গে আমি এই কথাটাই আপনার মাধ্যমে নিবেদন করতে চাই যে, নতুন স্কুল দেবার সঙ্গে টাকার সম্পর্ক সবসময় থাকে না। ১৯৭১ সালের পর যে-সমস্ত বিদ্যালয় আমাদের পশ্চিমবাংলায় মঞ্জুরি পেয়েছে—জুনিয়ার এবং হাই, তাদের কেউ টাকা পায়নি। দুর্ভাগ্যের বিষয়, ১৯৭১ সাল পর্যন্ত স্যালারি ডেফিসিট স্কীমের আওতায় যে-সমস্ত মাধ্যমিক বিদ্যালয় এসেছে তার-পরে যে-সমস্ত বিদ্যালয় হয়েছে—১৯৭২/৭৩/৭৪/৭৫/৭৬-এ যে-সমস্ত মাধ্যমিক বিদ্যালয় অনুমোদন পেয়েছে তার একটাও এই স্কীমের আওতায় আসেনি। আপনারা ডিয়ারনেস দিয়েছেন বলছেন, বলছেন বেতনের স্কেল রিভাইজ করেছেন কিন্তু এই সমস্ত স্কুলের হতভাগ্য শিক্ষক-শিক্ষিকারা তাঁরা বেতন পাচ্ছেন না। তাঁদের চাকরি দিলেন কিন্তু তাঁদের টাকার দায়িত্ব সরকার নিলেন না। স্যার, এইরকম একটা অসহনীয় অবস্থার মধ্যে বাংলাদেশের হাজার হাজার শিক্ষক-শিক্ষিকা পড়েছেন। স্যার, আমি এই ব্যাপারটির প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা সমগ্র মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি মাননীয়া শ্রীমতী অমলা সোরেন মহোদয়া কিছু বলুন। স্যার, আজকে আমার প্রশ্ন, ১৯৭১ সালের পর যে-সমস্ত মাধ্যমিক বিদ্যালয় মঞ্জুরি পেয়েছে তাদের কেন এই স্যালারি ডেফিসিট স্কীমের আওতায় আনা হবে না? কেন সেখানকার শিক্ষক-শিক্ষিকারা এইরকম একটা অসহনীয় অবস্থার মধ্যে থাকবে? স্যার, তাছাড়া এই সমস্ত মাধ্যমিক বিদ্যালয়ের যে-সমস্ত কার্যকরী সমিতি আছে তাদেরও অনেক অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। এইরকম একটা পরিস্থিতিতে সেখানকার ছেলেমেয়েদের শিক্ষার কি অবস্থা হচ্ছে সেটা স্যার, আপনারা একটু ভেবে দেখুন। তারপর আরও বলি, যে-সমস্ত জুনিয়ার এবং হাইস্কুল এখনও অনুমোদন পায়নি তারা এবারেও স্পেশাল পারমিশন নিয়ে স্কুল ফাইনাল পরীক্ষায় অবতীর্ণ হচ্ছে, কিন্তু স্যার, সেখানকার শিক্ষক-শিক্ষিকাদের বেতনের দায়িত্ব সরকার গ্রহণ করেন নি। শিক্ষা বিভাগের কাছে বহু আবেদন-নিবেদন করা সত্ত্বেও তাদের সম্বন্ধে শিক্ষা বিভাগ চুপ করে আছেন। আমার আবেদন, এ-সম্বন্ধেও আজকে একটা কিছু ঘোষণা করুন। পরিশেষে আবার জিজ্ঞাসা করি, এইভাবে শিক্ষকরা কতদিন আর চাকরি করবেন?

শ্রীহরেন্দ্রনাথ হালদার : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, হয়ত রেডিওতে শুনেছেন, সারা ভারতের একটি অঞ্চলই ভোট বয়কট করেছিল। স্যার, সেই অঞ্চলের প্রতি গত ৩০ বছর ধরে যেভাবে অন্যায় অত্যাচার করা হয়েছে—রাস্তাঘাট ইত্যাদির যে দাবী তারা করেছিল তা না দেবার জন্যই সেই সমগ্র অঞ্চলটি নাকি ভোট বয়কট করেছিল। স্যার, সেই অঞ্চলে একটিমাত্র সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার। সেখানে ১০ মাইল রেডিয়াসের ভেতরে আর কোথাও সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার নেই। সেই এলাকায় যদি একটা অঘটন ঘটে বা মার্ডার ইত্যাদি হয় তাহলে পোস্টমর্টেম করতে গেলে তিনদিন সময় লাগবে। একটা রাস্তার দাবী তাদের দীর্ঘদিনের ছিল কিন্তু আজ পর্যন্ত সেই রাস্তার প্রতি কোন দৃষ্টি দেওয়া হয়নি। আমি এ-ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবলাইলাল শেঠ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে হুগলী ও হাওড়া জেলার একটা গুরুত্বপূর্ণ অভাবের কথা মাননীয় মন্ত্রিমণ্ডলীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে জানাবার জন্য অনুরোধ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া-হুগলী জেলায় ব্রডগেজ রেল-লাইন পাতা হবে বলে কাজ শুরু হয়েছে। কিন্তু কাজের গতি যেভাবে শুরু হয়েছিল ১৫ দিনে দেখা যাচ্ছে সেই কাজ ঠিকভাবে এগিয়ে যাচ্ছে না। সেই দীর্ঘদিনের আমাদের যে দাবী এবং যে দাবী নিয়ে এই বিধানসভায় ৫ বছর ধরে মহাভারত সৃষ্টি হয়েছে তবু আমরা এখন পর্যন্ত তার কাজের অগ্রগতি ভালভাবে দেখতে পাচ্ছি না। তাই আজকে মন্ত্রিমণ্ডলীকে এই সভার পক্ষ থেকে আমি অনুরোধ জানাবো যে কেন্দ্রীয় সরকার যাতে জরুরী ভিত্তিতে এই কাজ তরান্বিত করে হাওড়া ও হুগলী জেলার অসংখ্য মানুষের উপকার করে সেজন্য আমি আজকে এই ব্যাপারে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাশ্চাত্য দেশে ১লা এপ্রিল ঠাট্টা-মস্করা করা হয় বলে বলা হয় এপ্রিল ফুল করা হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের সমাজকল্যাণ এবং ত্রাণদপ্তর একটা নিদারুণ রসিকতা করেছেন যাকে এপ্রিল ফুল করা হয়েছে বলা যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসানসোল মহকুমার বিভিন্ন ব্লকে ১ শত কুয়ো তৈরী করার জন্য ৪ লক্ষ টাকা মঞ্জুর করার কথা ত্রাণদপ্তর থেকে ঘোষণা করা হয়। জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে একটা রেডিওগ্রাম পাঠিয়ে আসানসোল মহকুমা শাসককে বলা হয় যে টাকা পাঠাচ্ছি আপনি কুয়োর তালিকা তৈরী করুন, কুয়ো তৈরী হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জানুয়ারী মাসে যে রেডিওগ্রাম গেছে সেই টাকা মার্চ মাসের তৃতীয় সপ্তাহে তারা পাঠান। অর্থাৎ যখন বছর শেষ হতে আর ৪/৫ দিন বাকী আছে তখন সেই টাকা পৌঁছায় এবং টাকা পাঠাবার সঙ্গে সঙ্গে খবর আসে যে টাকা তো আপনারা খরচ করতে পারবেন না ৫ দিনের মধ্যে। কেন না, ৫ দিনের মধ্যে একশত কুয়ো তৈরী করার ক্ষমতা বোধহয় বিশ্বকর্মার বাবারও নেই। তাই সেই টাকা ফেরত চলে যায়। আজকে সকালে আসানসোল মহকুমা শাসককে ফোন করেছিলাম। কেননা, ইতিপূর্বে আমার নির্বাচনী কেন্দ্রে প্রায় ৩০টি কুয়ো তৈরী করার জন্য জায়গা নির্বাচন করে দিয়েছিলাম। মহকুমা শাসক বললেন যে আজকে ১লা এপ্রিল, মার্চ মাসের শেষ সপ্তাহে যে টাকা পৌঁচেছে, ৪ লক্ষ টাকা ফেরত চলে গেছে। এখন যদি সেই টাকা ত্রাণদপ্তর ফেরত না পাঠান তাহলে কিছু করা যাবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটাই সব নয়, আরও এই ধরনের ঘটনা ঘটেছে। যখন মাননীয় মন্ত্রী মহাশয়দের খুব ভাল দিন ছিল, একবছর আগে যখন তাদের বক্তৃতা ছাড়া খবরের কাগজে হতভাগ্য এম এল এদের বক্তৃতা বের হত না, ঠিক সেই সময় ঘোষণা করা হয়েছিল যে পশ্চিমবাংলার প্রতিটি ব্লকে ১০টি করে টিউবওয়েল তৈরী করা হবে। সেই টিউবওয়েল কোথায় হয়েছে জানি না। কিন্তু আসানসোল মহকুমায় সেই টিউবওয়েলের টিউবে টিউব্যাকটমি হয়ে গেছে। অর্থাৎ সেই প্রকল্প এখন আর বাস্তবে রূপলাভ করেনি এবং রূপলাভ করবে কিনা সেটা আদৌ সন্দেহ আছে। স্যার, শ্লোগান করা হয়েছিল, আসুন আমরা জোরদার করে তুলি জরুরী অবস্থায় অর্জিত সাফল্যকে। স্যার, যখন ইমার্জেন্সী চলছিল তখন হঠাৎ খবরের কাগজে বেরুল, জানি না মন্ত্রী মহাশয়রা সেই খবরটি দিয়েছিলেন কিনা, যে প্রতি এম এল এ নাকি ২ লক্ষ করে টাকা পেয়েছে। কিভাবে টাকাটা পেয়েছে? এম এল এ-রা কেউ পকেটে হাত দেন, কেউ কাগজে হাত দেন কিন্তু কই, টাকা তো আমরা কেউ পাইনি? পরে খবর পাওয়া গেল যে এম এল এদের নির্বাচনী কেন্দ্রে উন্নয়নমূলক কাজ করার জন্য তাদের দায়িত্ব দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী মহাশয় নাকি ২ লক্ষ করে টাকা দেবার ব্যবস্থা করেছেন। স্যার, সেটাও কিন্তু একটা অসত্য জিনিস এবং ২ লক্ষ টাকার কোন কাজ এই পর্যন্ত কোন মাননীয় বিধানসভার সদস্যদের এলাকায় পৌঁছায় নি। আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে বন্ধুবান্ধবদের মধ্যে ঠাট্টা-তামাসা চলতে পারে। কিন্তু একটা দায়িত্বশীল সরকারের একটা দায়িত্বশীল দপ্তর যদি এইভাবে আমাদের এপ্রিল ফুল করেন, বোকা বানান এবং আমাদের সঙ্গে ঠাট্টা-ইয়ার্কি করেন তবে আমাদের জনগণের ভোটে নির্বাচিত হয়ে এই বিধানসভায় এসে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করার কি প্রয়োজন এবং সমস্যার কথা বলারও বা কি প্রয়োজন? কোন কোন মন্ত্রিসভার মাননীয় সদস্যরা আছেন, তাঁরা বিধানসভার সদস্যরা যদি কোন বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন তাহলে তাঁরা প্রতিকারের চেষ্টা করেন কিন্তু বাকী যেসব মন্ত্রীরা আছেন তাঁরা যে সমস্যার কথাই বলা হোক না কেন, যত অসুবিধার কথা বলা হোক না কেন এবং আমলাতন্ত্রের কুম্ভকর্ণসুলভ কাজের যত সমালোচনা করা হোক না কেন, তাঁরা পরম আত্মপ্রসাদে মুচকি হাসেন, কানে তুলো দেন কিম্বা পিঠে কুলো বাঁধেন কিনা জানি না। কিন্তু আমার মনে হয় ঠিক সেইরকম অবস্থা হয়েছে। আমি আপনার মাধ্যমে জানতে চাই, মন্ত্রিসভার যাঁরা সভ্য আছেন তাঁদের বলি যে আপনারা কিন্তু একটা জিনিস ভুলে যাচ্ছেন, আপনারা যদি প্রতিশ্রুতি পালন না করেন তাহলে কিন্তু প্রতিশ্রুতি ভঙ্গের যে অপরাধ সেটা আপনাদের ঘাড়ে পড়বে।

[2-20—2-30 p.m.]

এ্যাসিয়োরেন্স কমিটির একটা রিপোর্ট বেরিয়েছে, সেখানে আমরা লক্ষ্য করছি, একজন দায়িত্বশীল মন্ত্রী মহাশয় সম্পর্কে বলা হয়েছে, তিনি নাকি প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন। প্রতিশ্রুতি বিধানসভায় দেবার পরে তারপর যদি সেটা ভঙ্গ করা হয় তাহলে প্রতিশ্রুতি দেওয়ার প্রয়োজন কি? আর সেই প্রতিশ্রুতি ভঙ্গ করে চুপচাপ বসে থেকে মুচকি হাসারই বা প্রয়োজন কি? একটা জিনিস লক্ষ্য করা যাচ্ছে এঁরা প্রয়োজনের সময় কোন কথা বলেন না—এঁরা কেউ আমার বক্তব্যের জবাব দেবেন না জানি, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে এই হাউসে ক্ষোভ প্রকাশ করছি, আমার তীব্র অভিযোগ পেশ করছি, আজকে যে প্রতিশ্রুতি ভঙ্গ করা হয়েছে, তার প্রতিকার করুন।

ডাঃ এক্রামুল হক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমগ্র মন্ত্রিসভার এবং বিশেষ করে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত সীমান্ত অঞ্চল রয়েছে, সেইসব অঞ্চলে অন্ধকার পক্ষে চোর-ডাকাত এবং দুষ্কৃতকারীরা বাংলাদেশের ওপার থেকে আসে এপারের কিছু দুষ্কৃতকারীর সহযোগিতায়। বি এস এফ যারা দায়িত্বে রয়েছে তাদের সহযোগিতায় এই অন্ধকার পক্ষে বিভিন্ন সীমান্ত এলাকায় প্রতি রাত্রে গরু, মোষ, ছাগল ইত্যাদি চুরি করে নিয়ে যায় এবং এর ফলে সীমান্ত এলাকার গ্রামের লোকের মনে একটা ভীতির সঞ্চার হয়েছে। তারা নিরাপত্তার অভাব বোধ করছে, এবং সময় সময় সেখানে সংঘর্ষ পর্যন্ত হয়ে যাচ্ছে। আমি কয়েকবার এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়নি। এতে সেখানকার সাধারণ মানুষের মধ্যে প্রচণ্ড ক্ষোভ দেখা দিয়েছে, প্রতিষ্ঠিত সরকার থাকা সত্ত্বেও কেন এইরকমভাবে মানুষের উপর অত্যাচার, রাহাজানি, লুটতরাজ হচ্ছে, বিশেষ করে যাঁরা কৃষক রয়েছেন তাদের যদি গরু-মোষ চুরি করে নিয়ে যায় তাহলে তাদের মাথায় হাত পড়ে যায়। সেইজন্য স্বরাষ্ট্র বিভাগের কাছে আমার অনুরোধ, এই বিভাগ বাংলাদেশের সঙ্গে বসে আলোচনা করে যাতে সীমান্ত এলাকায় নিরাপত্তা বজায় থাকে তার ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রীরবীন্দ্র ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয় এবং পশ্চিমবঙ্গ সরকারের কাছে অনুরোধ জানিয়ে কয়েকটি বক্তব্য রাখছি। আজকে পশ্চিমবঙ্গের হাজার হাজার সরকারী কর্মচারী বঞ্চিত হতে চলেছে, তারা সেণ্ট্রাল গভর্ণমেণ্টের মত মহার্ঘভাতা পাচ্ছেন না। অফিসার যাঁরা ডি এম, এস পি, এ্যাডিশন্যাল জাজ, আই এ এস অফিসার, তাঁরা পশ্চিমবঙ্গে আছেন কিন্তু সেণ্ট্রালের ন্যায় মহার্ঘভাতা পাচ্ছেন, কিন্তু অন্য সব কর্মচারী, তাঁরা এর থেকে বঞ্চিত হচ্ছেন। তাই আজকে পশ্চিমবঙ্গ সরকারের কাছে আমার অনুরোধ—সরকারী কর্মচারীদের এই বাজেটে ২৪ টাকা মহার্ঘভাতা বাড়ানো হয়েছে, আমি মনে করি পশ্চিমবঙ্গের এই হাজার হাজার সরকারী কর্মচারীর সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কর্মচারীদের ন্যায় মহার্ঘভাতা পাওয়া উচিত। আজকে সেণ্ট্রালে জনতার সরকার প্রতিষ্ঠিত হয়েছে, তাদের কাছ থেকে এই দাবী আদায় করে নিয়ে আসা হোক, তাহলে পশ্চিমবঙ্গ সরকারের কর্মচারীরা নিশ্চয়ই ধন্যবাদ জানাবেন।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি দুর্ভাগ্যজনক ঘটনার প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার জাঙ্গীপাড়া প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্রে শ্রীমতী বাসনা পয়াল নামে একজন মহিলা টিউবেকটমি অপারেশনের জন্য ভর্তি হন। এই মহিলা তফশিলী সম্প্রদায়ভুক্ত এবং দিনমজুরী করতেন। বাধানগরে তাঁর বাড়ী এবং তাঁর স্বামীর নাম ভজহরি পয়াল। কিন্তু এই মহিলাকে সেখান থেকে আর বাড়ী ফিরে যেতে হয়নি। এই মহিলা টিউবেকটমি অপারেশনের সময় অপারেশন টেবিলেই মারা যান। এর ফলে ঐ অঞ্চলের সাধারণ মানুষের মনে ক্ষোভ সৃষ্টি হয়েছে এবং তারা জানতে চাইছে কার গাফিলতিতে এই রোগীকে অপারেশন করতে এসে অপারেশন টেবিলে প্রাণ দিতে হলো। এই সঙ্গে ঐ অঞ্চলের একটা ভয় এবং সন্ত্রাসেরও সৃষ্টি হয়েছে। আমরা খুবই গোপনীয়ভাবে জানতে পেরেছি তিনি মারা যাবার পর তাঁর দেহ এ্যাম্বুলেন্সে করে শ্রীরামপুর মহকুমা হাসপাতালে স্থানান্তর করবার চেষ্টা করা হয়েছিল এবং নিয়ে গিয়েছিল। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে তার আত্মীয়-

স্বজনদের কোন খবর দেওয়া হয়নি। তাকে যে শ্রীরামপুর মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে, সেটা পর্যন্ত তার পরিবারের লোকজনদের বলা হয়নি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ-ব্যাপারে আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে দাবী করছি যে, এই কেসটা নিয়ে একটা এনকোয়ারী করা হোক। কার গাফিলতির জন্য বা কোন্ কারণে তিনি মারা গিয়েছেন সেটা এনকোয়ারী হলে আমাদের কাছে পরিষ্কার হবে। কারণ অপারেশন টেবিলে আমাদের থাকা সম্ভব নয়, থাকেও না কেউ। সেইজন্য আমরা এ-ব্যাপারে একটা তদন্ত দাবী করছি এবং সেই সঙ্গে ঐ পরিবারকে সরকারের পক্ষ থেকে আর্থিক সাহায্য দেওয়ার অনুরোধ জানাচ্ছি এবং ঐ গরিব পরিবারের কাউকে চাকুরী দেবার অনুরোধ জানাচ্ছি।

শ্রীসুধীর বেরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বুধবার রাত্রি ১১টার সময় দর্পণ সংবাদপত্রের সম্পাদক শ্রীহীরেণ বসুর ওপর সমাজবিরোধীরা আক্রমণ চালায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা সাধারণ ঘটনা নয়। কারণ তিনি যখন রিক্সা করে বাড়ী ফিরছিলেন তখন সমাজবিরোধীরা তাঁকে টেনে নামিয়ে মারধোর করে। আমরা জানি সমাজ-বিরোধী এবং গুণ্ডারা সমাজে আছে এবং হয়ত চিরকাল থাকবে। কিন্তু তাদের কাজের একটা গণ্ডি আছে, তারা সচরাচর সাংবাদিক বা ভদ্রলোকদের গায়ে হাত তোলে না। অবশ্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রশ্রয়ে মাথাচাড়া দিয়ে উঠেছে। কিন্তু একজন নিরীহ সাংবাদিকের ওপর আক্রমণ, এটাই সবচেয়ে আশ্চর্যের কথা। যদি একদল গুণ্ডা আর একদল গুণ্ডার ওপর হামলা করত তাহলে বলার কিছু ছিল না এবং তাতে আমরা এত গুরুত্বও দিতাম না। আমরা গুরুত্ব দিচ্ছি একজন নিরীহ সাংবাদিকের ওপর হামলা হয়েছে বলে এবং এর বিরুদ্ধে কি চক্রান্ত আছে সেটা আবিষ্কৃত হওয়া দরকার। কারণ সংবাদপত্রের স্বাধীনতার জন্য আমরা লড়াই করেছি এবং সংবাদপত্রকে আজকে পূর্ণ স্বাধীনতা দেওয়া হয়েছে। তারপরও একদল গুণ্ডা একজন সাংবাদিকের ওপর হামলা করল, এটা আমাদের জানার দরকার আছে। আমরা জানি গুণ্ডারা কখনো কখনো টাকার, কখনো কখনো দলের জন্য বা কখনো কখনো প্রতিহিংসা চরিতার্থ করবার জন্য গুণ্ডামী করে। কিন্তু একজন সাংবাদিককে কেন আক্রমণ করল? তিনি কি লিখেছিলেন ইত্যাদি জানা দরকার। এটার পুঙখানুপুঙখ তদন্ত হওয়া দরকার। পুলিশমন্ত্রী এখানে আছেন তাঁকে এ-বিষয়ে তদন্ত করতে অনুরোধ করছি, কারণ এই ঘটনা সভ্যজগতের মুখে কালি দিয়েছে, সরকারের মুখে তো বটেই। এই অবস্থায় আমরা তাঁর কাছ থেকে প্রতিশ্রুতি চাই যে এই বিষয়ে তদন্ত হবে ও দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করা হবে।

[2-30—2-40 p.m.]

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সমগ্র মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজ পর্যন্ত পশ্চিমবাংলার অধিকাংশ গ্রামের মানুষের রেশন কার্ড নেই। ৪ বছর ধরে বিভিন্নভাবে গ্রামের গরীব মানুষদের রেশন কার্ডের কথা বলেছি, কিন্তু আজ পর্যন্ত তাদের তা দেওয়া হয়নি। আজ যাদের মাধ্যমে নতুনভাবে রেশনকার্ড করতে দেওয়া হয়েছে সেটা উদ্দেশ্যপ্রণোদিত। এইগুলি করার দায়িত্ব দেওয়া হয়েছে এম আর ডিলারদের। তাদের কাছে মানুষ যাবে—ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টররা সেখানে গিয়ে খানাপিনা করবেন, এবং গিয়ে রেশন কার্ড নেবেন। গ্রামের গরীব মানুষ, শিডিউল্ড কাস্ট এণ্ড ট্রাইবসদের রেশন কার্ড সাধারণত

এম আর ডিলারদের কাছেই থাকে। কাজেই এম আর ডিলারদের কাছ থেকে রেশন কার্ড নেবার যে ব্যবস্থা তাতে রেশন কার্ড না দেবারই একটা প্রচেষ্টা। গত বছর আমরা ডিস্ট্রিক্ট ফুড এণ্ড রিলিফ কমিটির সভায় একটা রেজলিউশন নিয়েছিলাম—যেখানে ডি এম, এম এল এ, ফুড ডিপার্টমেন্টের লোকেরাও ছিলেন—যে বাঁকুড়ার মানুষদের তাড়াতাড়ি রেশন কার্ড দেওয়া হোক। কিন্তু আজ পর্যন্ত বাঁকুড়া জেলার শতকরা ৫০ জন লোকের রেশন কার্ড হয়নি। রেশনে যে সামান্য জিনিস এম আর-এর মাধ্যমে পাওয়া যায় সেগুলি এম আর ডিলার বাবুরা, যাঁদের রেশন কার্ড করতে দেওয়া হয়েছে তাঁরা সেটা ব্ল্যাক করেন এবং সঙ্গে সঙ্গে ইন্সপেক্টর ও সাব-ইন্সপেক্টরাও মাসোহারা পান। রোটাণ্ডা, ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতেও বলেছি গ্রামবাংলার এম আর এলাকায় যাতে রেশন কার্ড পাওয়া যায় তার ব্যবস্থা করুন। শেষ করার আগে আবার বলছি গ্রামবাংলায় রেশন কার্ডের ব্যবস্থা যথাশীঘ্র সম্ভব করুন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ স্যার, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী ও সমগ্র মন্ত্রিসভায় একটি জরুরী বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘদিন ধরে দলমতনির্বিশেষে আমরা দাবী করেছি যে সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধি করা হোক এবং সরকার তাঁর নিজের ক্ষমতা অনুযায়ী বিভিন্নভাবে বিবেচনা করেছেন। এই দাবী স্বাধীনতার পর থেকে হয়ে আসছে যে কেন্দ্রীয় হারে পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের মহার্ঘভাতা দেওয়া হোক। এই দাবী পূরণ করতে আমাদের এখনও প্রায় ১০০ টাকার উপর তফাৎ আছে। আমাদের এই সরকার কিছুদিন আগে যে ২৪ টাকা ডিয়ারনেস এ্যালাউন্স বাড়ালেন তার মধ্যে দেখা যাচ্ছে তাদের বাধ্যতামূলক জীবনবীমার জন্য ১০ টাকা কাটা যাচ্ছে, আর ১২ টাকা সি ডি এস বাবদ কাটা যাচ্ছে। তাহলে সরকারী কর্মচারীরা মাত্র ২ টাকা পাচ্ছেন। আমরা ঘোষণা করলাম যে ২৪ টাকা বাড়ালাম, কিন্তু প্রকৃতপক্ষে হিসাব যদি দেখি তাহলে দেখব ২ টাকা মাত্র সরকারী কর্মচারীরা পাচ্ছেন। এছাড়া বিভিন্ন রাজ্যে দেখা যাচ্ছে কলেজ শিক্ষক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মহাশয়রা ইউ জি সি স্কেলে মাইনে পাচ্ছেন, অথচ আমাদের পশ্চিমবঙ্গে তাঁরা কেন বঞ্চিত হবেন বুঝতে পারছি না। আমাদের কোথাও যদি ত্রুটি-বিচ্যুতি হয়ে থাকে তাহলে সেটা আমাদের সংশোধন করা দরকার। আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যাতে কেন্দ্রীয় হারে সরকারী কর্মচারীদের মহার্ঘভাতা দেওয়া হয় তার ব্যবস্থা যেন করা হয়।

শ্রীমহম্মদ দেদার বক্স ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, প্রশ্নোত্তরের সময় আমি এই বিষয়ে জানতে চেয়েছিলাম। কারণ, পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে খরা পরিস্থিতি যেভাবে চলেছে তাতে মাঠ ফেটে চৌচির, অনেক জেলা খরাতে আক্রান্ত হয়েছে, কোথাও হয়ত বেশী, কোথাও হয়ত কম। তাই জানতে চেয়েছিলাম আমাদের মুর্শিদাবাদ জেলার চর এলাকায় কোন কাজ নেই ক্ষেতমজুরদের, দুঃস্থদের যে হারে ড্রাই ডোল দেওয়া হয় তা কিছুই নয়, ক্ষেতমজুররা খেতে পাচ্ছে না, তাদের জীবিকানির্বাহের কোন পথ নেই, সেজন্য সেখানে ব্যাপকহারে টেস্ট রিলিফের কাজ চালু করা দরকার। ব্লক থেকে অঞ্চল পর্যন্ত একটা করে টেষ্ট রিলিফের কাজ চালু করা দরকার। দুঃস্থ, যাদের কাজ দিলেও কাজ করতে পারে না এইরকম লোকের সংখ্যা কম নয়। তাদের ব্যাপকহারে জি আর দিয়ে বাঁচাবার ব্যবস্থা করা দরকার। এই খরা পরিস্থিতিকে জরুরী ভিত্তিতে বিবেচনা করে একদিকে ব্যাপক

টি আর মঞ্জুর করার জন্য এবং অন্যদিকে ব্যাপকহারে জি আর দেওয়ার জন্য ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণ এবং বিদ্যুৎ-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের কর্মচারীদের যে অনুমোদিত ইউনিয়ন আছে তার সঙ্গে পরামর্শ না করে তাদের দাবি ডিয়ারনেস এ্যালাউন্স ইত্যাদি যেগুলি আছে সেগুলি একতরফাভাবে কর্তৃপক্ষ স্থির করেন।

[2-40—2-50 p.m.]

তার প্রতিবাদে গত ৩০শে মার্চ থেকে ওই রিকগনাইজড ইউনিয়নের যারা সদস্য কর্মচারী আছে তারা রিলে হাংগার ষ্ট্রাইক শুরু করেছে। বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ কাজেই অবিলম্বে আমাদের বিদ্যুৎমন্ত্রী এবং শ্রমমন্ত্রী যেন এই ব্যাপারে হস্তক্ষেপ করেন এবং এর একটা মীমাংসা করেন এবং দেখেন কর্মচারীদের আর যেন হেনস্থা হতে না হয়।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ স্যার, যাঁরা ইনডেফিনিট পিরিয়ডের জন্য হাংগার ষ্ট্রাইক করছে অর্থাৎ আমরণ অনশন—ইট ইজ এ কোশ্চেন অব লাইফ কাজেই সরকারের ইমিডিয়েট ইণ্টারভেনশন দরকার।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য একটু মামুলি হলেও আমার নিজের কাছে এটা খুবই গুরুত্বপূর্ণ। এখানে আমাদের মন্ত্রী ভোলা সেন মহাশয় উপস্থিত নেই, থাকলে ভাল হোত। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের ৫ বছর কেটে গেল, সংবিধান পরিবর্তনের পর ৬ বছরের মধ্য দিয়ে চলেছি এবং আমি আশা করি আমরা ৬ বছর উত্তীর্ণ হব। আমাদের ৫ বছর চলে যাবার পর আমাদের মনে রাখা উচিত যে, আমরা যে-সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলাম তার অন্তত কিছুটা হওয়া উচিত ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুর্শিদাবাদ জেলার অনেকদিনের একটা দাবী ছিল এবং সেই দাবী নিয়ে আমরা মুর্শিদাবাদ জেলার এম এল এ-রা আমাদের ওখানকার দু'জন মন্ত্রীকে নিয়ে একসঙ্গে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে আবেদন জানিয়েছিলাম যে, মুর্শিদাবাদ জেলার বুকে ন্যূনপক্ষে ৩টি ব্রিজ করা দরকার এবং আমরা এই ব্যাপারে অগ্রাধিকার দিয়েছিলাম জঙ্গীপুর এবং বালিরঘাট পন্টুন ব্রিজ পাকাকরণের। আমাদের ভোলাবাবু দিকে দিকে অনেক কাজ করছেন, কিন্তু আমাদের মুর্শিদাবাদের এম এল এ-রা এবং দু'জন মন্ত্রী মুখ্যমন্ত্রীর কাছে এই ব্রিজের ব্যাপারে আবেদন করা সত্ত্বেও এবং এই ব্রিজ মঞ্জুর হবে, পাকাকরণ হবে এই ব্যবস্থা থাকা সত্ত্বেও আজ পর্যন্ত কেন সেটা হল না তা জানতে চাই। ১৯৭২ সালের নির্বাচনের পর মন্ত্রী মহাশয় প্রত্যেক এম এল এ-কে জানিয়েছিলেন যে, তাঁদের প্রত্যেকের কেন্দ্রে একটি করে রাস্তা করে দেবেন। আমরা সকলে আমাদের কেন্দ্র থেকে একটি করে নামও পাঠিয়েছিলাম এবং প্রত্যেক এম এল এ তাঁকে চিঠি দিয়ে জানিয়েছিলেন যে, আমাদের কেন্দ্রে একটি করে রাস্তা করে দেওয়া হোক। আমার মনে হয় মন্ত্রীর নিজের এলাকা বাদে আমরা সকলেই বোধহয় এই রাস্তা পাওয়া থেকে বঞ্চিত হয়েছি। আমাদের আজকে মানুষের কাছে জবাবদিহি করতে হচ্ছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, তিনি বলুন তাঁর নিজের এলাকায় তিনি কত কিলোমিটার রাস্তা তৈরী করেছেন এবং অন্যান্য এম এল এ-দের কেন্দ্রে কত কিলোমিটার রাস্তা তৈরী করে দিয়েছেন? কথা হয়েছিল আমাদের বহরমপুর শহরে রবীন্দ্র সদন এবং সুইমিং পুল হবে এবং সেই সুইমিং পুলের

ফাউণ্ডেশন লে করেছিলেন মুখ্যমন্ত্রী। কিন্তু বিধানসভার আয়ুষ্কাল ৫ বছর চলে যাওয়া সত্ত্বেও আজ পর্যন্ত সেগুলো কেন হল না তার জবাব চাই।

ডাঃ কানাই সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য সম্পর্কে আমি একটি কথা বলতে চাই। আমাদের স্বাস্থ্যমন্ত্রী এবং পৌরমন্ত্রী এখানে নেই, থাকলে ভাল হোত। যাহোক, আমি আপনার মাধ্যমে তাঁদের কাছে নিবেদন করতে চাই একজন চিকিৎসক হিসেবে আমি দেখছি কলকাতা এবং সমস্ত বাংলাদেশে একটি রোগের প্রাদুর্ভাব হয়েছে এবং সেটি হচ্ছে গ্যাসটিক আলসার, ক্রনিক পেপটিক আলসার। গ্যাসট্রাইটিস আজকে ব্যাপকভাবে আমাদের দেশে বৃদ্ধি পেয়েছে এবং তার কারণ আমি মনে করি খাদ্যে ভেজাল। আমার মনে হয় সর্ষের তেলে ব্যাপক ভেজাল চালু হবার ফলে আমাদের দেশের মানুষের কাজকর্ম করবার শক্তি কমে গেছে।

আগে আমরা দেখতাম এই রোগটি শহরের মধ্যে থাকতো এবং যারা এ্যাংজাইটি এবং এক্সাইটমেণ্ট ও ইমোশানের মধ্যে কাজ করতেন তাদেরই গ্যাসট্রাইটিস এবং পেপটিক আলসার হত। এখন আমরা দেখছি ব্যাপকভাবে গ্রামের লোকের মধ্যে এই রোগের প্রাদুর্ভাব হচ্ছে। আমার মনে হয় ব্যাপকভাবে সর্ষের তেলের মধ্যে ভেজাল মেশানোর জন্য এটা হচ্ছে। আমরা দেখেছি জনতা পার্টি জেতার পর সমস্ত তেলকলের মালিকদের মধ্যে উল্লাস ভাব দেখা যাচ্ছে। আমি আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে এবং পৌরমন্ত্রীকে অনুরোধ জানাব আপনারা আরও বেশী করে ফুড ইন্সপেক্টর নিয়োগ করুন এই ভেজাল ধরবার জন্য। আপনারা সর্ষের তেলের ভেজাল বন্ধ করবার জন্য সচেষ্ট হন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যারা বেশী আন্দোলন করতে পারে না শৃঙ্খলার দোহাই দিয়ে তাদের শৃঙ্খলে বেঁধে রাখা হয়। আমাদের দেশের সরকারী কর্মচারীদের আমরা অনেক জায়গায় গণতান্ত্রিক অধিকার দিয়েছি কিন্তু গণতান্ত্রিক অধিকার দিইনি কয়েকটি বিশেষ সরকারী কর্মচারীদের। তারা সরকারী কর্মচারী কিনা সেটা ভাবতে বিস্ময় লাগে। এখানে পুলিশমন্ত্রী আছেন এবং আমি অর্থমন্ত্রী গোপালদাস নাগের সঙ্গেও কথা বলেছি যে এই পশ্চিমবঙ্গে যে ৪৮ হাজার পুলিশ কর্মচারী আছে তাদের প্রতি নির্মম এবং বৈষম্যমূলক এবং সামাজিক অবিচার করা হচ্ছে। গৃহভাড়া বাবদ শতকরা ১০ টাকা হারে যা দেওয়া হয় সকল কর্মচারীদের তা এদের দেওয়া হয় না। আজকে ৪৮ হাজার ফোর্সের মধ্যে মাত্র তিন পারসেণ্টকে কোয়াটার দেওয়া হয়েছে। এদের মধ্যে অফিসার আছে, কোন সাধারণ পুলিশ কর্মচারীদের বা কনষ্টেবল বা হেড কনষ্টেবলদের দেওয়া হয় না। আর বাকী ২৫ পারসেণ্ট হেড কনষ্টেবল এবং কনষ্টেবলকে ভাড়া দেওয়া হয় ল্যাণ্ড একুইজিশন সার্টিফিকেটের উপরে। আর সেই সার্টিফিকেট জোগাড় করতে লাগে ১½ বছরের মধ্যে তারা তিনবার ট্রান্সফার হয়ে যায়। সে ভাড়া আর পায় না। তারপরে এই তিন পারসেণ্টের মধ্যে ভাড়া দেওয়া হয় ১০ পারসেণ্ট আর বাকী শতকরা ৭৫ ভাগ অর্থাৎ ৪৮ হাজারের মধ্যে ৩৬ হাজার কর্মচারী ব্যারাকে থাকে তাদের হাউস রেণ্ট দেওয়া হয় না। তারপরে বাদবাকী কোথায় থাকে তার খোঁজখবর কেউ রাখে না। পশ্চিমবঙ্গে ডি এস পির সংখ্যা হচ্ছে ২৫০ জন তার মধ্যে ১০ জনকে ১০০ টাকা করে হাউস রেণ্ট দেওয়া হয় আর বাকীটা তারা পকেট থেকে দেয়। এর পরে আমরা পুলিশকে বলি তোমরা সৎ হও, ঘুষ নিওনা। স্যার, পশ্চিমবঙ্গ পুলিশ এসোসিয়েশন এই ব্যাপারে খুব কঠোর

মনোভাব নিচ্ছেন। তাঁরা এক্সট্রা অর্ডিনারী জেনারেল মিটিং ডাকছেন এবং কালো ব্যাজ ধারণ করবেন। আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে আগে থেকে সতর্ক করে দিচ্ছি যে অবস্থা শোচনীয় আকার ধারণ করবে এবং শৃঙ্খলার বাণী দিয়ে আর তাদের শৃঙ্খলিত করা যাবে না। আমি এই বিষয়ে ফাইনান্স ডিপার্টমেণ্টের অফিসারদের সঙ্গে আলোচনা করেছি তারা বলল আমরা কিছুই জানি না। একটু আগে মাননীয় অর্থমন্ত্রী আমাকে টেলিফোনে জানিয়েছেন যে তিনি কাগজপত্র পরীক্ষা করে দেখছেন। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি তিনি এই সম্বন্ধে এখানে এক্ষুণি একটা বিবৃতি দিন এবং প্রতিকারের ব্যবস্থা করুন।

ডাঃ মোতাহার হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই ব্যাপারে খতিয়ে দেখছি।

Panel of Chairmen

Mr. Speaker : In accordance with the provisions of Rule 9 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly to form a panel of six Chairmen :

1. Shri Ajoy Kumar Mukherjee
2. Shri Arun Moitra
3. Shrimati Ila Mitra
4. Shri Abdur Rauf Ansari
5. Dr. Santi Kumar Dasgupta
6. Shri Puranjoy Pramanik

[2-50—3-00 p.m.]

LAYING OF REPORTS

Annual Report of the Vigilance Commission, West Bengal, for the year 1974 along with the State Government's Memorandum thereon

Dr. Motahar Hossin : With your kind permission, I beg to lay the Annual Report of the Vigilance Commission, West Bengal, for the year 1974 along with the State Government's Memorandum thereon.

Annual Reports of the Damodar Valley Corporation and Audit Report for the years 1973-74 and 1974-75

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : In accordance with the provisions of Section 45(5) of the Damodar Valley Corporation Act, 1948, I beg to lay before the House the Annual Reports of the Damodar Valley Corporation and Audit Report for the years 1973-74 and 1974-75 for information of the members of the House.

Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1977-78

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : In accordance with provisions of Section 44(3) of the Damodar Valley Corporation Act, 1948, I beg to lay before the House the Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1977-78 for information of the members of the House.

Mr. Speaker : I now call upon Shri Shish Mohammad to mention something.

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী তথা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। কোন্নগরে শ্রীদুর্গা কটন মিল গত ১৯৭৬ সালের ২১শে নভেম্বরে বন্ধ হয়েছে। এই কটন মিলে, অধ্যক্ষ মহাশয়, কর্মচারী ও শ্রমিক মিলে ১৫ শত লোক আছে অর্থাৎ প্রায় তাদের পরিবারবর্গের সংখ্যা হবে ৮ হাজার। এই মিল দীর্ঘদিন বন্ধ থাকায় এইসব লোক অনাহারে দিন কাটাচ্ছে এবং তারা নিশ্চিত মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে। এটা আগে একবার বন্ধ হয়েছিল '৬৯ সালে এবং ১৪ মাস বন্ধ থাকার পর আই আর সি আই, এ'র কাছ থেকে অর্থসাহায্য নিয়ে এই মিল একবার খোলা হয়েছিল। কিন্তু পাঁচ বৎসর অতিক্রান্ত হতে-না-হতেই এই মিলের পরিচালক সরকারকে কোন নোটিশ না দিয়ে, শ্রমিকদের কোন নোটিশ না দিয়ে, আবার ক্লোজার করে দেয়। তারা প্রাণপণ চেষ্টা করেও এই মিল খুলতে পারছে না। শ্রমমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর কাছে যাওয়া হয়েছিল। গত লোকসভার নির্বাচনের প্রাক্কালে এই ২০শে ফেব্রুয়ারী শ্রমমন্ত্রী তাদের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন এবং তারা তাঁকে এ্যাসিয়োরেন্স দিয়েছিলেন যে ৫ মার্চ থেকে এই শ্রীদুর্গা কটন মিলস খোলা হবে। অধ্যক্ষ মহাশয়, এই এ্যাসিয়োরেন্স দেওয়া সত্ত্বেও খোলা হয়নি এবং সেখানকার সাধারণ মানুষ অত্যন্ত দুঃখকষ্টের মধ্যে দিন কাটাচ্ছে। আপনার মাধ্যমে আমি শ্রমমন্ত্রী তথা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে এই শ্রীদুর্গা কটন মিলস যাতে খোলা হয় অথবা সরকার আপাতত এটা গ্রহণ করে এই শ্রমিকদের বাঁচাবার ব্যবস্থা করুন।

শ্রীগোবিন্দ চ্যাটার্জী ঃ আমি শ্রীদুর্গার বিষয়ে একটু বলতে চাই। আমি এ সম্বন্ধে একটা কলিং এ্যাটেনশন নোটিশ দিয়েছিলাম। সরকার পক্ষ থেকে একটা ষ্টেটমেণ্ট করা উচিত। আমার কলিং এ্যাটেনশন গৃহীত হয়নি, যাই হোক শ্রীদুর্গা কটন মিল সম্বন্ধে একটা ষ্টেটমেণ্ট করতে অনুরোধ করছি।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বৈধতার প্রশ্ন তুলছি। আমি ট্রেজারী বেঞ্চ এবং কংগ্রেস দলের দৃষ্টি আকর্ষণ করছি। বস্তুত আমার মনে হয়, আমি যে প্রশ্নটা তুলছি সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আপনার বিবেচনাসাপেক্ষ। এই যে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রশ্ন, সেই ভাষণের শুরু হয়েছে এই বলে ফর্টি সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট ইজ এ মেজর ষ্টেপ টুওয়ারড্স এ্যাচিভিং ন্যাশনাল অবজেকটিভ—আমাদের জাতীয় লক্ষ্যগুলি রূপায়ণের পক্ষে ৪২তম সংশোধনী একটা বলিষ্ঠ পদক্ষেপ। আমি আপনার কাছে বৈধতার প্রশ্ন রাখছি। যে নির্বাচনে এইরকম একটা ঐতিহাসিক রায় হল, মাননীয় শ্রীভোলা সেনের বক্তৃতা সত্ত্বেও যে নির্বাচনে ৪২তম সংশোধনীর গুরুত্বপূর্ণ প্রশ্ন ছিল এবং কংগ্রেসবিরোধীদের দাবী ছিল ৪২তম সংশোধনী বাতিল করা, তার উপর ভোট দেওয়া হয়েছে, ভোট দেওয়া হয়েছে জরুরী অবস্থা চলবে কি চলবে না, ভোট দেওয়া হয়েছিল ফাণ্ডামেণ্টাল ফ্রীডম ফিরে আসবে, না ফাণ্ডামেণ্টাল ফ্রিডমের নিগেশন আমরা মেনে নেব, প্রশ্ন ছিল প্রিভেনশন অব পাবলিকেশন অব অবজেকশনেবল ম্যাটারস এ্যাক্ট, এটা থাকবে না বাতিল করা হবে এবং সঙ্গে সঙ্গে প্রশ্ন ছিল হাজার হাজার মানুষকে বিনা বিচারে কোন কারণ না দেখিয়ে আটক রাখা হবে কিনা অনির্দিষ্টকালের জন্য এবং কোনরকম অভিযোগ না জানিয়ে, প্রশ্ন ছিল কালা কানুন, মিসা

এ্যাক্ট থাকবে কিনা, এ এ্যাট্রোশাস এণ্ড আউটরেজিয়াস আইন থাকবে কিনা, এই সম্পর্কে ৪২তম সংশোধনীর বিরুদ্ধে সুস্পষ্ট রায় ঘোষিত হল। তা সত্ত্বেও কিন্তু রাজ্যপালের ভাষণে দেখছি এই উল্লেখ রয়েছে। ভাষণ প্রদত্ত হয়েছে ২৩শে মার্চ, নির্বাচনের রায় তার আগেই ঘোষিত হয়েছে। বলা হয়েছে রাজ্যপাল ঠিক একথা বলেন নি কিন্তু মন্ত্রিসভা যে ভাষণ তৈরী করে দেন, মন্ত্রিসভার মাউথপীস হিসাবে তিনি সেই বক্তব্য বলেন। ষ্টেটসম্যান তার এডিটোরিয়েলে লিখেছিলেন গভর্ণর হ্যাজ বিন অবলাইজড টু সে দিস, এখন কথা হচ্ছে ন্যাশনাল অবজেকটিভস রূপায়ণের ক্ষেত্রে এটা একটা বলিষ্ঠ পদক্ষেপ, এ সম্বন্ধে আমি আপনার মাধ্যমে বিনীতভাবে জানতে চাচ্ছি এই ন্যাশনাল অবজেকটিভস কি এই যে, জরুরী অবস্থা চলতে থাকবে? ন্যাশনাল অবজেকটিভস কি এই যে সংবাদপত্রের স্বাধীনতা হরণ করার জন্য আর্টিকল ১৯, আর্টিকল ১৪, আর্টিকল ২১ এণ্ড ২২, এই সমস্তগুলি সংবিধান থেকে ওয়াইপ্‌ড হয়ে গেল এবং সেগুলিকেই আমরা মেনে নিচ্ছি? ন্যাশনাল অবজেকটিভস কি আইনের শাসনকে, বিচার বিভাগকে ধূলায় লুটিয়ে দেওয়া হয়েছিল? সুতরাং ন্যাশনাল অবজেকটিভস কি সেটা রাজ্যপাল মহাশয় বলেন নি। অতএব এই যে বক্তৃতাগুলি রয়ে গেল, এই সমস্তই অবৈধ, অগণতান্ত্রিক এবং নিয়মনীতি বহির্ভূত। এখন প্রশ্ন হতে পারে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধন্যবাদসূচক প্রস্তাব যেটা বাংলায় লেখা হয়েছে—পশ্চিমবাংলার বিধানসভা ২৩শে মার্চ ১৯৭৭ সালের অধিবেশনে মহামান্য রাজ্যপাল যে আশাব্যঞ্জক উৎকৃষ্ট ভাষণ প্রদান করেছেন, তার জন্য আমরা সভার সদস্যগণ, তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি—এই ব্যাপারে আমার প্রশ্ন হচ্ছে জরুরী অবস্থাই কি ন্যাশনাল অবজেকটিভস? ইমারজেন্সী জনতা সরকার প্রতিষ্ঠিত হওয়ার আগেই প্রত্যাহৃত হয়েছে। এক্সটারনাল ইমারজেন্সী জনতা সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে প্রত্যাহৃত হয়েছে জরুরী অবস্থা চলাকালীন, জরুরী অবস্থা চালাতে গিয়ে ৪২তম সংশোধনী পাশ হয়েছে, তাহলে আমার প্রশ্ন হল—আজকের কাগজে মারাত্মক চাঞ্চল্যকর খবর প্রকাশিত হয়েছে। সেটা হল—জরুরী অবস্থা ঘোষিত হয়েছিল ক্যাবিনেটের অনুমোদন ছাড়াই, এই যে ঘটনা তার পরিপ্রেক্ষিতে জিজ্ঞাসা করছি, আপনার সভাপতিত্বকালে আপনাকে কি বলতে পারি এই যে তাঁর ভাষণে মন্তব্যটি রয়েছে এটা জাতীয় লক্ষ্যের সহায়ক, বলিষ্ঠ পদক্ষেপ, ৪২তম সংশোধনী আইন কি বৈধ?

[3-00—3-10 p.m.]

এবং আমি জানতে চাচ্ছি যে এই হাউসের ট্রেজারী বেঞ্চের মাননীয় সদস্যরা বলুন না—৪২তম সংবিধান সংশোধন—আমরা মনেকরি এটা একটা মেজর স্টেপ টুওয়ার্ডস এ্যাচিভিং ন্যাশনাল অবজেকটিভস গভর্ণর এ্যাড্রেসের দ্বিতীয় পৃষ্ঠায় প্যারাগ্রাফ ফোরে এই যে বলা হয়েছে—

"In retrospect the past six years, and particularly period following the proclamation of emergency, witnessed sustained advance towards our national goal of stability and self reliance."

সেইজন্য আমার এই বৈধতার প্রশ্ন—আমরা ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব কি ঐভাবে আনতে পারবো? গভর্ণরের যে এ্যাড্রেস তা মন্ত্রিসভার পরামর্শে রচিত। সেই মন্ত্রিসভা কি এখানে এসে বলবেন তাঁরা জনতার রায়ের পরে—ইমারজেন্সী লিফ্‌টেড হবার পরে ফাণ্ডামেণ্টাল ফ্রিডম হ্যাভ বিন নাউ রেস্টোরড? সবরকম স্বাধীনতা আবার ফিরে এসেছে? তা সত্ত্বেও এই মন্ত্রিসভা বলবেন

যে এটা আমাদের বৈধ ও বলিষ্ঠ পদক্ষেপ? তা না হলে আমরা বলবো—এটা গ্রেভ কনস্টিটিউশনাল ইম্প্রোপ্রিইটি আমি বিনয়ের সঙ্গে বলছি এই আলোচনায় রাজ্য সরকার তাঁদের বক্তব্য পরিষ্কার না করলে—ঐ স্টেটমেণ্ট রাজ্যপালের এ্যাড্রেসের মধ্যে থাকা চলে কিনা এইটাই আমার বৈধতার প্রশ্ন।

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker Sir, I am not a learned lawyer like Shri Kashi Kanta Maitra but a little knowledge that I have acquired as a member of this House I most respectfully say that there is no point of order involved in the submission that he has made to-day. Sir, you are aware the Governor addressed the House, one of the members brought a motion of thanks and some honourable members had participated in the discussion for two days. To-day is the third day for participation in the discussion. Shri Kashi Kanta Maitra also participated in the discussion the other day and a number of members of his party to which he has recently joined had also participated in the discussion. It would have been proper for him to raise this point of order in the day the motion was moved and sought your decision in the matter. This was not done. The submission that he has made to-day is a repetition of what he said the other day on Governor's Address. I strongly feel that there is no point of order in it. If Mr. Maitra feels that what the Governor had said in his speech was contrary to what people of the country had expressed he will get an opportunity by opposing the motion of thanks at the end of debate.

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী জ্ঞানসিং মোহনপাল—আমার প্রশ্নের উত্তর এড়িয়ে গেলেন। উনি একথা বললেন না—রাজ্যপালকে মন্ত্রিসভা পরামর্শ দিয়েছিলেন, হ্যাঁ, ৪২তম সংবিধান সংশোধন জাতীয় লক্ষ্যের দিকে একটি বলিষ্ঠ পদক্ষেপ। একথা তিনি বললেন না যে জরুরী আইনে, মিসা আইনে প্রিভেনশন অব পাবলিকেশন অব অবজেক্শনাল ম্যাটার্স এ্যাক্ট-এ যে-সমস্ত মৌলিক স্বাধীনতা হরণ করা হয়েছিল—এগুলো অন্যায় করা হয়েছিল! তাহলে কি আমরা একথা ধরে নেব এই যে অন্যায় কাজগুলি হয়ে গেল, ব্ল্যাক আইনে—ড্রকোনক ব্ল্যাক এ্যাক্ট তৈরী হলো তা কি তাঁরা সমর্থন করছেন?

এবং এটা যদি হয় তাহলে—

that would amount to showing cynical disregard to the popular verdict given at the poll.

উনি আরো একটি কথা বলেছেন আমরা আলোচনায় অংশগ্রহণ করেছি। স্যার, আপনি আইনজীবী ছাড়া মাননীয় সদস্যরা সবাই জানেন—

If something is absolutely illegal and improper the mere fact that the Members of the House had participated in the debate does not estop members from turning back and assailing the propriety, constitutionality or legality of the observations made in the Governor's Address.

সুতরাং এর মধ্যে কোন এস্টপেল নেই। আমি আলোচনায় অংশ নিয়ে বলেছি এটা অবৈধ। দেশে যখন মৌল স্বাধীনতা ফিরে এসেছে, যখন জরুরী অবস্থা প্রত্যাহৃত হয়েছে, তখন

সরকারের এই বক্তব্য একেবারে অচল। এই কথা বলার অর্থ হল দেশকে আবার অন্ধকারময় যুগে ফিরিয়ে আনা—সেই কনসেনট্রেশন ক্যাম্প দেশে ফিরিয়ে আনা—

Mr. Speaker : Honourable Members, the point of order which has been raised here centres round three sentences in the Governor's Speech. The sentences are as follows :

"The extension of the life of the Legislative Assembly as a result of the 42nd Amendment of the Constitution gives me the opportunity of addressing you for the sixth year in succession. The 42nd Amendment is a major step towards achieving national objectives." The third sentence is, "In retrospect, the past six years, and particularly the period following the proclamation of emergency witnessed sustained advance towards our national goal of stability and self-reliance."

Now, I draw the attention of the honourable members that this is a speech regarding which Rule 18 of our Rules of Procedure and Conduct of Business gives sufficient scope to bring in amendments to the motion of thanks. It may be that some members do not agree with these three sentences which I have just read. Now, inspite of the fact that the 42nd Amendment is still in force, it may be that all the sections have not been brought into force but only a portion of the 42nd Amendment has been taken into force. Legally speaking, we are sitting here—whether we are sitting here legally or we are sitting here illegally—after the 42nd Amendment—for those legal niceties it is not possible for the chair to give any verdict on the particular issue. But it is a fact that we are meeting and a portion of the 42nd Amendment Act is in force, and our life, I can say, at present, just to-day, is depending on the 42nd Amendment. De jure concept I am not speaking of but de facto we are sitting here because there is the 42nd Amendment, and that has been invoked and that has been accepted by some other Legislatures of India. Sometimes, we do find in federal structure that the Central Government is run by different political party or parties and the State Government are run by different political parties or combination of parties. During the United Front days I do remember that in 1967, 1968, 1969 and 1970, the Centre was controlled by the Congress but here in West Bengal we were in the United Front Government and I was also one of the supporters of the United Front Government all the time during 1967, 1968 and 1969. Then different form of Government was here.

The federal structure recognises that at different points of time there may be different forms of government of different political parties, of different complexion comprising different political parties, or one party may rule here or another party may rule there. But actually they may not see eye to eye and they may not agree on many points. Here, regarding the 42nd amendment of the Constitution, some may think that it is justified, some may thing that this is not properly enacted. Some may seriously think that it has not been properly enacted and it ought to be rescinded immediately. Some may think

that way—in a democratic society everyone has got the right to think in his own way, but nonetheless the fact is that we are sitting here today on the basis of 42nd amendment. There is de facto status and we cannot deny that. I find that there are some amendments which have been tabled by Shri Shish Mohammad, Shri Sudhir Bera, Shri Rathin Talukdar, Shri Sudhir Chandra Das, Shrimati Geeta Mukhopadhyay, Shrimati Ila Mitra, Shri Kanai Bhowmik and Shri Ajit Kumar Basu. A number of amendments have been tabled as perrule 18 of our rules, contemplating addition of words. Certainly there could have been amendments to the fact that 42nd amendment or the three sentences that have been read out is derogatory to democratic rights of the people, or that the rights of the people have not been properly looked into for the last two years. All these additions could have been made in the amendments that have been tabled—I do not find any such amendment that has been tabled but nonetheless the right of the honourable members to raise the point of order at any point of time is accepted. But whether the Chair should go into the niceties,—whether the 42nd amendment is legal or illegal, whether it has been based on proper circumstances or whether it ought not to have been passed or if is tested in the Supreme Court or any other court whether it would have been struck down—I cannot say. On such legal matters where legal niceties are involved, whether this Assembly will turn into a court, or whether there is previous decision that has been already announced in the Parliament or in State Assembly, I may just point out that the Assembly should not turn into court of law for discussing an issue or a point of order which has got far reaching consequences. Since the question raised in a point of order could not have been intended to include important question of law or a far reaching character as to whether 42nd amendment is justified or not, whether it is tenable or whether an appeal or petition, if filed, challenging the 42nd amendment before the Supreme Court, will stand or will be rejected—I cannot say. But, so far the previous decisions go that whether there is a point of order regarding the legal issue which has got far reaching consequences, I think this Assembly should not turn into a court of law and should not pronounce any such judgment. So, I cannot accept this point of order as I have pointed out that the decision was taken long ago, and I think, the House should continue.

(including adjournment)

[3-10—3-50 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মিঃ স্পীকার, স্যার, আপনার ডিসিশন আমি শিরধার্য করে মেনে নিচ্ছি। আমার বক্তব্য একটু বুঝতে বোধহয় ভুল হল। সংবিধান সংশোধনী বিলের আইনসম্মত প্রশ্ন তুলিনি। এটা ষ্টেটমেণ্ট অব ফ্যাক্ট—সংবিধান সংশোধনী বিল যেভাবে পাশ হয়েছে এটা বেআইনী, পার্লামেণ্টের এক্তিয়ার ছিল না—বাড়তি আয়ুর ভিত্তিতে ধার করে—সে প্রশ্নের বিতর্ক আমি তুলিনি। আমার বক্তব্য হল ষ্টেটমেণ্ট অব ফ্যাক্ট—যেভাবে ৪২তম সংবিধান সংশোধন বিল রূপায়ণে সহায়ক হল সেই ষ্টেটমেণ্ট অব ফ্যাক্ট আমি এখানে বলতে চাই না—কোর্ট অব ল' হিসাবে আপনি জাজমেণ্ট দিন তা বলছি না। কিন্তু ষ্টেটমেণ্ট অব ফ্যাক্ট, যেটা বলা হল

রাজ্যপালের ভাষণে প্যারাগ্রাফ ৪-এ যে "জরুরী অবস্থায় অনেক ভাল ভাল কাজ হয়েছে" যখন জরুরী অবস্থা উঠে গেছে এবং যখন আবার মৌল স্বাধীনতায় জনতার সরকার ফিরে এসেছে তখন এই ষ্টেটমেণ্ট অব ফ্যাক্ট মন্ত্রিসভা মেনে নিচ্ছেন? তারা কিছু বলছেন? আপনি যেটা বলছেন সেটা আইনের প্রশ্ন, ষ্টেটমেণ্ট অব ফ্যাক্টের উপর কি বলছেন না। The 42nd Amendment is a major step towards achieving national objectives. এটা This is No. I, No. 2, following the proclamation of emergency witnessed sustained advanee towards our national goal of stability and self-reliance. জরুরী অবস্থায় অনেক ভাল ভাল কাজ আমরা করেছি এটা ষ্টেটমেণ্ট অব ফ্যাক্ট?

Mr. Speaker : It is their statement. Certainly, a section of the honourable members may not agree with that statement. It is the statement of the ruling party that they believe in their particular statement that there have been some progressive steps taken during the Emergency. Some honourable members can rightly think that in a democracy it is not correct.

(At this stage the House was adjourned for 30 minutes)

(After Adjournment)

[3-50—4-00 p.m.]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

Mr. Speaker : All the Ammendments to the motion are taken as moved.

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী : মিঃ স্পীকার, স্যার, রাজ্যপালের ভাষণের উপর আলোচনা দু'দিন হয়ে গেছে, আজকে লাষ্ট ডে। এ-সম্বন্ধে অনেক সদস্যই আলোচনা করেছেন। আমাদের বিরোধী দলের নেতা কমরেড বিশ্বনাথ মুখার্জী যে দৃষ্টিভঙ্গীতে বলেছেন আমি সেই দৃষ্টিভঙ্গী সমর্থন করে এই সম্পর্কে দু'-একটি কথা বলব। প্রথম কথা হচ্ছে গোটা ভারতবর্ষেই একটা প্রতিবাদের ঝড় বয়ে গেল, এটা নিশ্চয় সকলেই অনুভব করেছেন—সারা ভারতবর্ষ না হলেও ভারতবর্ষের একটা বিরাট অংশে এই জিনিস ঘটেছে এবং এই জয়-পরাজয়ের ফলে আমাদের এই পাশে যাঁরা আছেন ওঁদের একটু বলি যে এই সাফল্যে মাথা গরম করে কোন লাভ নেই। আপনাদের সাফল্য হয়েছে এবং কংগ্রেসের পরাজয় হয়েছে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে—এইকথা ঠিক—কিন্তু আমাদের অত্যন্ত ধৈর্য এবং নমনীয় মনোভাব নিয়ে সমস্ত বিচার করতে হবে—সেই বিচারের মাপকাঠি আমি স্যার, প্রথমে বলতে চাই রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাকে একটা নীতিগতভাবে পলিসি ষ্টেটমেণ্ট বলে ধরি—আজকে ভারতবর্ষের সাধারণ মানুষের যে ক্ষোভ, সাধারণ মানুষের যে প্রতিবাদ, সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণ না হওয়ার জন্যই এটা হয়েছে—তাদের মনোভাব সেই মনোভাবের দিকে লক্ষ্য রেখে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন ক্যাবিনেট সেই ভাষণ অনুমোদন করেছেন তাতে কি সেই মনোভাব প্রতিফলিত হয়েছে?

ইজ দেয়ার এনি ইনডিকেশন অব চেঞ্জ অব পলিসি, না, ধারাবাহিকভাবে যা চলে আসছিল সেই ধরনের বক্তব্যই রাজ্যপাল রেখেছেন সেকথা আমাদের বিচার করতে হবে। আমি মনে করি, রাজ্যপালের ভাষণে বর্তমান পরিস্থিতিতে যে দৃষ্টিভঙ্গী প্রতিফলিত হওয়া উচিত ছিল তা আদৌ হয়নি। কেন একথা বলছি মাননীয় স্পীকার মহাশয়, তা আপনি একটু লক্ষ্য

করলেই দেখতে পাবেন। একটি বিষয় এখানে উল্লিখিত হয়েছে রাজ্যপালের ভাষণে—২০ দফা কর্মসূচীর কথা। সেই ২০ দফা কর্মসূচীর একটি মৌলিক দিক হচ্ছে মানুষের বাসস্থান। আমরা ৩০ বছর ধরে স্বাধীন জীবনযাপন করছি কিন্তু আমাদের দেশে এখন মানুষ ফুটপাথে বা রাস্তার ধারে বাস করে। এটা স্যার, কোন দেশের মৌলিক চিন্তাধারা কখনও হতে পারে না। এই সমস্যার প্রতিকারের জন্য ২০ দফা কর্মসূচীতে যে ইঙ্গিত ছিল তা সাফল্যের সঙ্গে কার্যকরী করার কোন প্রচেষ্টা হয়েছে কি? তারপর স্যার, আপনারা শুনলে অবাক হবেন, সরকার থেকে বাড়ী করে দেওয়া হবে এবং তার জন্য প্রথমে মূল্য স্থির করা হলো ১৫০ টাকা। স্যার, ১৫০ টাকাতে বাড়ী হয় এ শুনলে লোকে হাসবে, এমনকি একথা যদি ভিখারীও শোনে যে ১৫০ টাকাতে বাড়ী হবে তাহলে সেও হাসবে। স্যার, আপনি জানেন, বাঁশের থেকে কঞ্চি দড় বলে আমাদের দেশে একটি কথা চালু আছে। সেই কথাটি কতখানি সত্য তা আপনাকে বলি। এই ঘর হবার কথা শুনে কোচবিহার ব্লকের একজন কর্মচারী বললেন, ১৫০ টাকাতে কেন ঘর হবে না, আমাকে দিন, আমি ৯০ টাকাতে করে দেব। বি ডি ও তাতে রাজী হয়ে গেলেন। স্যার, সে করলো কি, কিছু খবরের কাগজ আঠা দিয়ে জুড়ে জুড়ে দেওয়াল করলো, চালের মতন করলো এবং করে সেগুলি লাগিয়ে দিল। এইরকমভাবে ৫০/৬০টি ঘর হয়ে গেল। এই করে সে বললে, গরিব মানুষদের থাকার জন্য কি সুন্দর ঘর করে দিয়েছি দেখুন। এখন স্যার, ওখানে একটা ইনটেলেকচুয়াল গ্রাজুয়েট কিন্তু পাগল সে কিছু খাতাপত্র নিয়ে ঘুরে বেড়ায়। তো সে এই ঘরগুলি দেখে জিজ্ঞাসা করাতে তাকে বলা হল, ব্লক থেকে গৃহহীনদের জন্য গৃহ করে দেওয়া হয়েছে। তাই শুনে সেই পাগলটি লাথি মেরে মেরে সেই ঘরগুলি ভাঙতে আরম্ভ করলো। সেই খবর যখন আমরা শুনলাম তখন বললাম, পাগলটি লাথি মেরে ৭টি ঘর ভেঙেছে আর আমরা বাকি ঘরগুলি আগুন দিয়ে জ্বালিয়ে দেব। তো সেই শুনে বি ডি ও, এস ডি ও ছুটে এলেন, এসে দেখে বললেন তাই তো কাগজ দিয়ে ঘর হয় এ তো ভাবিনি। তখন ঠিক হল সেই কর্মচারীটিকে সরানো দরকার, যাই হোক, স্যার, এখানে দেখছি, রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন ঘরের জন্য ৫শো টাকা করে দেবার কথা। এখানে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় আছেন, স্যার, আপনার মাধ্যমে তাঁকে জিজ্ঞাসা করছি, ৫শো টাকাতে কি হতে পারে সেটা একটু আমাদের মন্ত্রী মহাশয় বলুন। উনি বিভিন্ন ধরনের গৃহনির্মাণের সঙ্গে যুক্ত, যদিও সেগুলি ঐ গরীব গৃহহীনদের গৃহ নয় তবুও ওঁনার একটা আইডিয়া আছে তাই অন্য কোথাও না গিয়ে ওঁকেই জিজ্ঞাসা করছি, আপনি বলুন ৫শো টাকাতে কি হয়? কমপক্ষে এক-দেড় হাজার টাকা না হলে কখনও কোন ঘর হয়? স্যার, যা হয়েছে তা আমরা দেখেছি—আপনার কেন্দ্রেও হয়েছে, সেখানে পায়খানা নেই, জলের ব্যবস্থা নেই, নেই কোন শালিনতার ব্যবস্থাও। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে কি বলব, একটা স্বাধীন দেশের নাগরিকদের প্রতি যে দৃষ্টিভঙ্গী হওয়া উচিত সেই দৃষ্টিভঙ্গীর পরিপ্রেক্ষিতে এই রিপোর্ট লেখা হয়েছে বা তৈরি হয়েছে? কখনও নয়। মানুষের মর্যাদাকে ক্ষুণ্ণ করবার অধিকার রাজ্যপালকে কখনও দেওয়া হয়নি। এ হতে পারে না। স্যার, আপনি দেখছেন, জিনিসপত্রের দাম নিয়ে সারা ভারতবর্ষের মানুষ কি পরিমাণ বিচলিত। আজ জনতা সরকার দিল্লীতে বসেছে বলেই সব ঠিক হয়ে গিয়েছে তা নয়, কিন্তু এটা ঠিক এই দ্রব্যমূল্য বৃদ্ধির জন্যই বলা যায় দেশে একটা আগুন জ্বলে যাবার অবস্থা সৃষ্টি হয়েছিল বা হয়ে আছে। সেই দৃষ্টিতে এই রিপোর্টে দেখবেন, এই দ্রব্যমূল্য বৃদ্ধির সম্বন্ধে তাঁরা কি করেছেন সে সম্বন্ধে মূল কথাটা রাখা হয়নি। এটা করেছি, ওটা করেছি ইত্যাদি আছে কিন্তু ২০ দফাতে

কি ছিল—পাবলিক ডিষ্ট্রিবিউশন। পাবলিক ডিষ্ট্রিবিউশনের মূল তাৎপর্য, গুরুত্ব যদি না বুঝতে পারেন তাহলে রাজ্যপালকে আর কিছু বলার থাকে না।

স্পীকার স্যার, আপনি জানেন কী এখন পর্যন্ত আমাদের সাধারণ মানুষের মনে সেই জিনিস ওঠেনি। এখনকার দিনে কোন ব্যবসায়ী যাঁরা বাণিজ্য করেন, তাঁরা নিজেদের টাকায় বাণিজ্য করেন না, শিল্প করেন না, সমস্ত ব্যাঙ্কের টাকায়। আগে যখন প্রাইভেট মালিকানা ছিল তখন ব্যাঙ্কের টাকা নিয়ে কে কি করেছে সেটা আমাদের দেখার দরকার ছিল না। কিন্তু আজকে ব্যাঙ্ক যখন জাতীয়করণ হয়েছে তখন সেই ব্যাঙ্কের টাকা নিয়ে লুটেরা যে কারবার করছে সেটাতে হস্তক্ষেপ কে করবে? ইট ইজ দি টাস্ক অব দি গভর্ণমেণ্ট। আজকে আমাদের টাকা নিয়ে তুমি ব্যবসা করছো সেখানে আমাদের এক্তিয়ার থাকবে না, এটা হতে পারে না। স্পেকুলেটর, প্রোফিটিয়ারস, তারা এই কাজ করছে। আজকে প্রাইস-র‍্যাকেটিয়ারস, তারা আমাদের টাকা নিয়ে ষ্টেটের টাকা নিয়ে তারা মানুষকে বুভুক্ষার মধ্যে ফেলে দেবে এটা কোনকালেই হতে পারে না। কাজেই আমাদের পার্টি থেকে বহুদিন ধরে বলেছি যে আপনারা অন্তত ন্যাশানালাইজ করুন, ষ্টেট ট্রেডিংয়ে নিয়ে আসুন, আপনাদের হাতে নিন। এইসব কথা কেন রাজ্যপাল বুঝবেন না, আমাদের অর্থমন্ত্রী কেন বুঝবেন না, কেন গভর্ণমেণ্ট বুঝবেন না? আমাদের টাকা নিয়ে একজন ব্যক্তি যে-সমস্ত মাল ধরে রাখছে ব্যাঙ্ক থেকে লোন নিয়ে সেখানে এই টাকা নিয়ে আমরা করতে পারি না, ষ্টেট ট্রেডিং আমরা করতে পারি না? রাজ্যপালের ভাষণে সেই নীতি ফুটে উঠতে পারে না এটা কি বিশ্বাস করবো? এই কি বিশ্বাসের জিনিস? কিন্তু তাই ঘটছে। গভর্ণমেণ্টের টাকা নিয়ে, ব্যাঙ্ক থেকে লোন নিয়ে তারা মাল মজুত করছে। তারা যখন খুশি দাম কমিয়ে দিতে পারে আবার যখন খুশি দাম বাড়িয়ে দিতে পারে। তাই একথা বলতে চাই যে কেন রাজ্যপালের ভাষণে এই জিনিসের ইঙ্গিত আমরা পেলাম না? আজকে যখন মানুষ বিক্ষোভে ফেটে পড়ছে, কংগ্রেসের বিরুদ্ধে ভোট দিচ্ছে তখন অন্তত এই শিক্ষা দেওয়া উচিত ছিল যে নো ফারদার, এখন এখানে আমাদের থামতে হবে। আমাদের খাদ্য ব্যবসাকে রাষ্ট্রায়ত্ত করতে হবে। (শ্রীইন্দ্রজিৎ মজুমদার : শুধু কংগ্রেসের বিরুদ্ধেই নয়, আপনাদের বিরুদ্ধেও ভোট দিয়েছে।) হ্যাঁ, দিয়েছে সেটা আমরা অস্বীকার করছি না। কাজেই আমরা যেকথা বলেছিলাম সে কথাতে আপনারা কর্ণপাত করেন নি। আমরা একথা বলেছিলাম যদি বিশ্বাস না হয় তবে রেকর্ড দেখে নিন। বিধানসভায় যেসব বক্তব্য হয়েছে, আজও সেই বক্তব্য বলছি, গভর্ণর্স স্পীচে এই জিনিস থাকা উচিত ছিল যে ন্যাশানালাইজ করতে হবে, ষ্টেট ট্রেডিং করতে হবে। ষ্টেট ট্রেডিং না করলে জিনিসপত্রের দাম আয়ত্বে আনতে পারবেন না। সেজন্য ২০ দফা কর্মসূচীতে পাবলিক ডিষ্ট্রিবিউশনের কথায় জোর দেওয়া হয়েছিল। কিন্তু সেই জোর আপনারা উপেক্ষা করেছেন। সরকার থেকে সেদিকে যাবার চেষ্টা হয়নি। তা যদি হত তাহলে খাদ্য ব্যবসা এই জায়গায় নিয়ে যেতে পারতো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, যে কৃষক যখন গমচাষ করে সেই গম তুলছে সেইসময় এক টাকা দশ পয়সা, এমন কি এক টাকা কেজি করে গম বিক্রয় হচ্ছে এবং কৃষককে শেষ করা হচ্ছে। আবার সেই গম যখন হোর্ডারদের হাতে যাবে, ব্যবসায়ীদের হাতে যাবে, আমাদের ব্যাঙ্কের টাকা নিয়ে সেই জিনিস যখন কিনবে তখন তার দাম কোথায় যাবে? তখন ঐ কৃষকেরই তার তৈরি ফসল কেনবার ক্ষমতা তার থাকবে না। তারপর ঔষধের বিষয়ে আমরা বলেছিলাম যে ফরেন মেডিসিন আপনারা ন্যাশানালাইজ করুন, সরকারের হাতে নিয়ে আসুন। কিন্তু আজও তার ব্যবস্থা হয়নি।

আজকে খাবার তেলের অবস্থা কি? সরিষার তেল, যেটা খাবার তেল সেই তেলে আগুন লেগেছে, সেই তেলের আজও কোন ব্যবস্থা হল না। এখন এসব জিনিস ঘটছে, কিন্তু কেন ঘটছে? চেষ্টা হয়েছে, এ্যাপেক্স হল, ষ্টেট লেভেল, ডিষ্ট্রিক্ট লেভেল অনেক কমিটি হল কিন্তু আপনারা সেই কমিটিগুলিকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে অকেজো করে রেখেছেন। আজও তাকে কার্যকরী করবার ব্যবস্থা হয়নি। এই যে নির্মম উদাসীনতা, এই উপেক্ষা, এই উপেক্ষাকে যদি আমাদের বিবেকের মধ্যে না আনতে পারি তাহলে শুধু ক্ষমতার জিগির তুলে কিছু হবে না। ওদিকের কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে আপনাদের নিয়ে তো নির্বাচন হয়েছিল। আমি তাদের কাছে একটা জিনিস তুলে ধরতে চাই। এখানকার নির্বাচনে বিপর্যয় হয়েছে, কিন্তু আপনাদের কাছে আমরা যে জিনিস রেখেছিলাম কেরালা তার একটি উদাহরণস্বরূপ। এখন আপনাদের সঙ্গে আমরা থাকি, কি আমাদের সঙ্গে আপনারা থাকেন এটা প্রশ্ন নয়। প্রশ্ন হচ্ছে কনষ্টিটিউয়েণ্ট পার্টিগুলিকে যদি সেই মর্যাদা দিয়ে না চলা যায় তাহলে কোন কাজ এগিয়ে যেতে পারে না। কেরলে সি পি এম-কে একদিকে ফেলে দিয়েছে, জনতাকে ফেলে দিয়েছে, সেটা একটা ঐতিহাসিক দৃষ্টান্ত, একটা গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত। কাজেই এইসব দিক থেকে বিবেচনা করতে হবে।

[4-00—4-10 p.m.]

এবং ওদিক থেকে কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে আপনাদের নিয়ে নির্বাচন হয়েছিল, আমি তাঁদের কাছে একটা জিনিস তুলে ধরতে চাই যে এখানে যেমন নির্বাচনে বিপর্যয় ঘটেছে—আমরা যে জিনিস আপনাদের কাছে রেখেছিলাম, কেরালা তার উদাহরণ—আপনাদের সামনে আছে—আমাদের সঙ্গে আপনি থাকুন, আপনাদের সঙ্গে আমরা থাকি, প্রশ্নটা সেখানে নয়, প্রশ্নটা হচ্ছে যে কনষ্টিটিউয়েণ্ট পার্টিগুলোকে যদি মর্যাদা দিয়ে না চলা যায় তাহলে কিন্তু কোন কাজ এগোতে পারে না। কেরালায় সি পি এম-কে অর্ধেকে নিয়ে ফেলে দিয়েছে। জনতাকে ফেলে দিয়েছে। একটা ঐতিহাসিক দৃষ্টান্ত, একটা গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত, সেটা সকলকে বিবেচনা করতে হবে। এপাশে এবং ওপাশে যাঁরা বসে আছেন, তাঁদের কাছে সেই কথাগুলো বলি, যে আপনাদের সঙ্গে ছিলাম কি আমাদের সঙ্গে ছিলেন, এই দৃষ্টিভঙ্গী নিয়ে যতদিন থাকবেন মনে করবেন যে আপনার জোরে আমি পার হচ্ছি, আর আমার জোরে আপনি পার হচ্ছেন, ইট ইজ নট এ ফ্যাক্ট, জনতা সেইভাবে দেখে না। তারা দেখে যে কোন অংশ একত্রিত আছে। এই কথা তো সকলে জানে, যখন ইন্দিরা গান্ধীর মর্যাদা টিকে আছে, সেই সময়েও কংগ্রেসের সারা ভারতবর্ষে ভোট হচ্ছে ৪৩·৩ পার্সেণ্ট তখন তারা, সংখ্যালঘু ভোটে সরকার চালিয়েছিলেন। অর্থাৎ জনতার বেশী তাদের সঙ্গে কোনদিনই ছিল না। সেই প্রশ্ন আজকে বিবেচনার বিষয় নয়। আজকে বিষয়, এখানে গভর্ণর যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের বিচার করতে হবে কাঁধে কাঁধ মিলিয়ে, কারণ জনতার অভিব্যক্তিকে আমরা সে হিসাবের মধ্যে এনে আমরা দেখতে চাই। সেই প্রসঙ্গে আমি এই কথা বলি যে দ্রব্যমূল্যের দাম যদি নিচে নামাতে হয় তাহলে জনতা কি করবেন, দিল্লীতে সেটা আমরা দেখে নেব, কিন্তু আমরা এখানে বলতে চাই, এখুনি এই বিধানসভা চলাকালীন কিংবা বাজেটের মধ্যেই State trading of food grains, state trading of edible oils, state trading of foreign medicines and nationalisation of sugar industries.

এইগুলো করতে হবে। এটা যদি না করেন---টেক্সটাইল, কাপড়ের ব্যবসা, এইগুলো আমাদের হাতে নিতে হবে। তা ভিন্ন সবই সেণ্ট্রাল পলিসি বললে চলবে না। আপনি এখানে ষ্টেট ট্রেডিং অব ফুড গ্রেনস করতে পারেন, তাতে কোনও কিছু আটকাচ্ছে না। সেকেণ্ড কথা, আমরা এই প্রাইস রাইজ সম্বন্ধে বলি, আমার কথা নয়, আপনারা যাদের দিয়ে শুনতে চান, যাদের কথা গ্রাহ্য করতে চান, সেই রিজার্ভ ব্যাঙ্কের কথা, রিজার্ভ ব্যাঙ্ক বলেছিলেন, Price rise does not lay before the public the deficiencies of the existing channel of distribution. Public distribution should be such as to include not only foodgrains but also other essential commodities.

এইসবগুলোকে নিতে হবে, এটা রিজার্ভ ব্যাঙ্কেরও কথা, রিজার্ভ ব্যাঙ্কে নোট দিয়েছিলেন এইদিকে তাকিয়ে, তা না হলে ব্যাঙ্কের টাকা নিয়ে অন্য কারবার করবে, এটা কখনও কোন স্বাধীন দেশে চলতে দেওয়া যায় না। আর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে কৃষিঋণের কথা, আমি মেনশনের মাধ্যমে আপনাদের কাছে রেখেছিলাম এবং সেখানে আমাদের অর্থমন্ত্রী গোপালবাবু বলেছেন যে চেষ্টা করছেন। আপনি রাজ্যপালের ভাষণ দেখবেন, তিনি দিচ্ছেন কি? না, কৃষককে কতটা ঋণদানের ব্যবস্থা হয়েছে, আইন হয়েছে এবং তাকে চেষ্টা করা হচ্ছে দু' বছর যাতে গরীব কৃষকদের এবং প্রান্তিক কৃষকদের কাছ থেকে ঋণ আদায় না হয়, সেটা হচ্ছে প্রাইভেট সেক্টরে। এখন কথা হচ্ছে এখানে যত মাননীয় সদস্য আছেন, সেই সরকারী বা বিরোধী সদস্য, যে যেখানেই থাকুন, প্রত্যেকের অভিযোগ আছে যে কৃষকরা ঋণভারে জর্জরিত। আমরা আশা করেছিলাম যে এতদিন বাদে রাজ্যপালের ভাষণের মধ্যে এই ইঙ্গিত থাকবে যে কৃষকদের ঋণ জাতীয়করণ করে নেওয়া হোক। সমস্ত ঋণটা নিজেরা নিয়ে তার শোধের ব্যবস্থা করে দিয়ে কৃষককে গভর্ণমেণ্টের কাছে ঋণী করে রাখা হোক। তা না করলে উল্টো হবে এবং এটা হয়েছে। স্পীকার স্যার, আপনি জানেন, আপনার কাছে আমরা ডেপুটেশনে এসছিলাম, সেই ডেপুটেশন হচ্ছে এই, এখানে যারা কৃষকের সঙ্গে ঋণ নিয়ে কারবার করে, দেখবেন যে যা টাকা তারা নিয়েছে তা সুদে তিনগুণ হয়ে গেছে। যখন এই কথা বলি, স্পীকার মহাশয় তাঁর ঘরে তখন বসেছিলেন, স্পীকার নিজে ফোন করেছিলেন রেভিনিউ ডিপার্টমেণ্টকে—স্পীকার মহাশয় বলেছিলেন তাদের যে অজিতবাবু বলছেন যে গভর্ণমেণ্টও কাবুলিওয়ালা হয়ে গেছে। ছোটবেলায় শুনতাম কাবুলিওয়ালারা বলতো আসলি নেহি মাংতা সুদ দেও। গভর্ণমেণ্টের সমস্ত ডিপার্টমেণ্ট যখন কৃষককে ঋণ দেয়, তার আসল আদায় করবার জন্য যত না মাথাব্যথা, সুদ নেবার জন্য তার আর ঘুম হচ্ছে না। সুদের চোটে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে, তারা তাদের ঋণ থেকে কখনো মুক্ত হতে পারবে না। যদিও এখানে রাজ্যপাল কৃষকদের ঋণের সম্বন্ধে বলেছেন, কিন্তু তার কোথাও দেখতে পাবেন না যে, বলা হয়েছে তাদের ঋণ থেকে মুক্ত করা হবে বা হচ্ছে—যদিও এ নিয়ে সরকার থেকে নানাভাবে চেষ্টা করা হচ্ছে যে, তাদের কিছু রিলিফ দেওয়া যায় কিনা। কিন্তু এটা কোশ্চেন অফ রিলিফ নয়। এটা কোন রিলিফের ব্যাপার নয়। এটা সামগ্রিক ব্যাপার। কারণ এখানে আমাদের রাজস্বমন্ত্রী বলেছেন সরকারের যে আয় হয় তার অর্ধেক কৃষকদের কাছ থেকে আসে। আমাদের মোট ইনকামের ৫০% আসে এগ্রিকালচার সেক্টর থেকে। আর তাদের মন্ত্রিসভা রিলিফের দৃষ্টিভঙ্গী দিয়ে দেখছেন। সেখানে এটা দেখতে হবে কিভাবে কৃষক তার ঋণ ছাড় পায় এবং এর দ্বারা একটা আশ্বাস পেয়ে সে যাতে কৃষিকাজে যেতে পারে। সেখানে তারা তাদের মূল্য পাবে না, মুনাফা পাবে না, ঋণ ছাড় পাবে না তাহলে দেশের সার্বিক মঙ্গল

হতে পারে না। এর ফলে কোনদিনই কোন উন্নয়নমূলক কাজ হতে পারে না। সেদিকে তাকিয়ে আমাদের প্রশ্ন হচ্ছে আজকের দিনে যদি মৌলিকভাবে চিন্তা করতে হয় তাহলে কৃষকদের ঋণের কবল থেকে মুক্ত করতে হবে এবং সমস্ত ঋণের দায়িত্ব সরকারকে নিতে হবে। সেই দৃষ্টিভঙ্গী কোথাও প্রতিফলিত হয়নি। শুধু যে সেই দৃষ্টিভঙ্গী প্রতিফলিত হয়নি তাই নয়, কৃষককে আজকে যে দৃষ্টিভঙ্গী দিয়ে দেখা উচিত সেই দৃষ্টিভঙ্গী দিয়ে রাজ্যপাল বা তাঁর ভাষণ যাঁরা লিখে দিয়েছেন তাঁরা দেখেন নি। আরো জোরের সঙ্গে আমি আপনার কাছে তুলে ধরতে চাই যে, এটা এইরকম হেলাফেলা করে দেখার ব্যাপার নয়। কখনোই কোন কাজ যে-কাজই করতে যান কিছুই কার্যকরী হবে না, যদি না জনতার অংশগ্রহণ তার মধ্যে থাকে। পিপলস পার্টিসিপেশন ছাড়া কোন স্বাধীন দেশ, গণতান্ত্রিক দেশ যদি তার সমাজের বিকাশ ঘটাতে যায়, সাধারণ মানুষের কল্যাণ করতে চায় তাহলে তা তারা কখনোই পারবে না। সেটা করতে গেলে জন-সাধারণের দরজা খুলে দিতে হবে, তাদের অংশগ্রহণের সুযোগ করে দিতে হবে, জনসাধারণকে সরকারের সঙ্গে অবিচ্ছেদ এবং একীকরণ করতে হবে। তা না হলে জাতীয়করণই করুন আর ষ্টেট ট্রেডিংই করুন, কোন কাজই সার্থক হবে না। সেখানে রাজ্যপালের ভাষণের কোন কোন জায়গায় এই ইঙ্গিত আছে বটে। কিন্তু তাকে বৈজ্ঞানিকভাবে রূপ দেবার পরিকল্পনা কোথাও আমরা খুঁজে পেলাম না। এখানে প্রশ্ন হচ্ছে তা করতে গেলে কি করে করতে হবে। যে কথা আমাদের পার্টি থেকে বারবার আপনাদের কাছে বলা হচ্ছে—কখনো কোন সময় তার প্রতি গুরুত্ব দিয়েছেন বলে আমাদের মনে হচ্ছে না। তবুও দু'-একটা কথা এখনো আপনাদের বলতে চাই যে, নীচের দিক থেকে ষ্টেট লেভেল পর্যন্ত সমস্ত জায়গায় পিপলস কমিটি ইন কো-অপারেশন উইথ দি গভর্ণমেণ্ট মেশিনারি করতে হবে। তা যদি করতে পারেন তাহলে হবে। কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রচেষ্টা হয়নি। সেই প্রচেষ্টা যদি বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দিয়ে না হয়, কার্যকরী করবার মনোভাব দিয়ে না হয়—শুধু কয়েকটা কাগজে ফর্ম করবার জন্য হয় তাহলে আলাদা কথা। কোন জায়গায় এ্যাপেক্স কমিটি হয়েছে, কিন্তু আজকে এই রিপোর্টের মধ্যে কোথাও সে সম্বন্ধে কিছু দেখতে পাবেন না যে, এই কমিটির সঙ্গে সহযোগিতায় এই কাজগুলি হয়েছে বা এই কাজগুলি সুন্দরভাবে সংগঠিত হয়েছে—এ জিনিস কোথাও লেখা নেই। লেখা আছে এই জিনিস করবার প্রচেষ্টা করা হয়েছে এবং দু'-একটা জায়গায় করা হয়েছে। আমি সেখানে বলব আজকে এই জিনিসকে কার্যকরী রূপ দেওয়ার জন্য ব্যবস্থা না নিতে পারলে সমস্ত প্রচেষ্টা মাঠে মারা যাবে। এটাই আমার মনে হচ্ছে।

[4-10—4-20 p.m.]

আপনারা দেখেছেন আমাদের এখানে এল এস জি মিনিষ্টার বলেছেন মিউনিসিপ্যালিটি, অঞ্চল পঞ্চায়েতে কেন নির্বাচন হয়নি। আপনাদের মনের মধ্যে যদি এই দৃষ্টিভঙ্গী থাকে আমার দল জিতবে কিনা তাহলে জনসাধারণের নীচের তলায় প্রতিনিধি নিয়ে যে করপোরেশন, অঞ্চল পঞ্চায়েত গঠন করার জন্য দেশবন্ধু থেকে সুরেন্দ্রনাথ ব্যানার্জী প্রমুখ যে সংগ্রাম করেছিলেন তা আপনারা নস্যাৎ করে দিয়েছেন। আজ পর্যন্ত এগুলিকে নির্বাচনের দিকে নিয়ে যাবার কোন কথা রাজ্যপালের ভাষণে নেই। আজ সমস্ত জিনিস নির্ভর করছে আমলাদের উপরে। শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাপারেও দেখলাম পরশুদিনকার এই জাতীয় একটি বিলের আলোচনায় যে একটা শিক্ষা প্রতিষ্ঠানের ভার দেওয়া হয়েছে কোন অধ্যাপক বা বিদ্বান মানুষের উপরে নয়, দেওয়া

হয়েছে অল্পশিক্ষিত একজন এস ডি ও-র উপর। তাঁর সম্পর্কে সকলেরই বলছেন যে দুর্নীতির বাসা যেখানে তাই সেখানে একটি এ্যাড-হক কমিটি করা হোক। আমাদের দেশের মধ্যে বহু বিভিন্ন স্বায়ত্বশাসনমূলক সংস্থাকে আমলারা পঙ্গু করে রেখে দিয়েছে। এইভাবে আমলা নির্ভরশীলতাই আমাদের দেশের মধ্যে বিপদ এনেছে। আমরা বলেছিলাম দেশের অর্থনীতি দক্ষিণপন্থী কব্জায় আছে এবং প্রশাসনও তাই, এরা যা কিছু ইচ্ছা করতে পারে। অথচ এইসব জিনিস বিবেচনা না করে আজও পর্যন্ত আমলা নির্ভরশীল হয়ে একটা স্বাধীন দেশ পরিচালিত হচ্ছে। এই কথা চিন্তা করে এই রিপোর্ট গ্রহণ করা সম্ভব নয়। এই যে ভলক্যানো এর আর একটা কারণ আছে বেকারী। বেকারী সম্বন্ধে যা বলা হয়েছে এটা একটা কেন্দ্রীয় ইস্যু বলে তিনি মনে করছেন না। এখানে-সেখানে ২-১টা কাজ হলেই এর সমাধান হয় না। পৃথিবীর বিভিন্ন দেশে বেকারী, অশিক্ষা দূর করার জন্য তারা নানান বৈজ্ঞানিক পদ্ধতি গ্রহণ করেছেন। আমরা সকলেই জানি পশ্চিমবঙ্গে রেকর্ডেড আনএমপ্লয়েড হচ্ছে ২০ লক্ষের মত।

এছাড়া যারা রেজিষ্টার্ড নয়, রেকর্ডেড নয় সেইরকম লক্ষ লক্ষ রয়েছে। আবার পরশু থেকে পরীক্ষা আরম্ভ হবে, আবার লাফ দিয়ে শিক্ষিত ছেলেমেয়েরা বেরুবে, বেকার হয়ে ঘুরে বেড়াবে চাকরির জন্য। এদের বেকারত্ব এক কলমের খোঁচায় ঘোচানো যাবে না, এটা কোন ম্যাজিকের ব্যাপার নয়, কিন্তু একটা দৃষ্টিভঙ্গী রাখতে হবে রাজ্যপালের ভাষণের মধ্যে, সেইদিকে মানুষ দেখবে বেকারত্ব দূর করবার জন্য এঁরা এই কাজগুলি করবে মনে করছে। যদি বলেন এই সম্বন্ধে আপনার কি বক্তব্য, আমি অবশ্য খুব গভীরভাবে ভেবে দেখিনি, তবে যেটা সমস্ত দেশে চালু আছে সেটা আমরা করতে পারি। আমি বেকার ভাতার কথা বলছি। বেকার ভাতা কাদের দেওয়া হবে, কারা পাওয়ার যোগ্য, কারা যোগ্য নয়, কত টাকা দিতে হবে সেদিকে যদি দৃষ্টিভঙ্গী থাকত তাহলে মানুষ বুঝতে পারত। সমস্ত ইণ্ডাষ্ট্রি ডেভেলপ যতক্ষণ করানো না যেতে পারবে তার আগে বেকারত্ব ঘোচানো সম্ভব নয়। দেশে শিক্ষা এবং শিল্প যত বাড়বে তত বেকারত্ব দূর করতে পারবেন, তার আগে সম্ভব নয়। মুখ্যমন্ত্রীকে বলেছি আপনাদের সেমি-ভাতায় কাজ করছে এন ভি এফ, এইরকম সোসাল ওয়ার্কে তাদের নিযুক্ত করতে পারেন, একটা ভাতা যদি থাকে তাহলে তাদের নিযুক্ত করা যায়। লেভির কাজে তাদের লাগানো যায়, কৃষিকাজে হারভেস্টিং-এর সময় এইসব ছেলেদের লাগালেন, বিভিন্ন সময় তাদের লাগানো যায়। সেইদিকে তাকিয়ে বেকারত্ব দূর করবার একটা পরিকল্পনা কিংবা একটা দৃষ্টিভঙ্গী গোটা রিপোর্টে প্রতিফলিত হয়নি। পিপলস পার্টিসিপেশন, পিপলের অংশগ্রহণ করবার জন্য যে মনোভাব সেই মনোভাব এর মধ্যে প্রতিফলিত হয়নি। আজকের দিনে সাংঘাতিক বিক্ষোভের মধ্যে যে চেতনা হওয়া উচিত সেই চেতনা প্রতিফলিত হয়নি বলে রাজ্যপালের ভাষণকে গ্রহণ করতে পারছি না, এর বিরোধিতা করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসানসোলে কন্যাপুর পলিটেকনিকের প্রায় ২৫০ জন ছাত্র ৩০শে মার্চ থেকে আমরণ অনশন করছেন। তাঁদের আন্দোলন অধ্যক্ষের বিরুদ্ধে, অধ্যক্ষ দুর্নীতিপরায়ণ, কাজ চালাতে পারেন না। সে সম্পর্কে শিক্ষামন্ত্রক একটা এনকোয়ারী করেছেন, কিন্তু সেই এনকোয়ারী রিপোর্টকে এনফোর্স করা হয়নি। সেজন্য ওখানে ছেলেরা অনশন করছেন, একটা টেলিগ্রাম পাঠিয়েছেন, সেটা আমি আপনার কাছে পড়ছি।

All students and staff of Kanyapur Polytechnic, Asansol unitedly demand immediate removal of Principal Bari considered to be corrupt, inefficient, vindictive. Students are on fast upto death since 30th March after having carried on relay hunger strike from February 2nd, 1977 for the fulfilment of their demands.

অভিভাবকদের পক্ষ থেকে টেলিগ্রাম করা হয়েছে, তাঁরা খুব উদ্বিগ্ন।

Students and staff. Hunger strike Kanyapur Polytechnic continuing since 2nd February. Hunger strike upto death started from 30th March. Final Examination ahead. Intervention solicited.
Haripada Banerjee and B. Sarkar, Guardian

অভিভাবকদের পক্ষ থেকে এই টেলিগ্রাম পাঠিয়েছেন। এই দুটো টেলিগ্রাম আপনার কাছে দিচ্ছি, আপনি দয়া করে শিক্ষামন্ত্রীর কাছে পাঠিয়ে দেবেন।

[4-20—4-30 p.m.]

শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এক বিচিত্র রাজনৈতিক পরিবেশের মধ্যে এই সভার অধিবেশন চলছে। কিছুকাল আগে আমাদের দেশে নির্বাচন হয়ে গেছে। এই নির্বাচনে লোকসভায় আমাদের দল সংখ্যাগরিষ্ঠতা হারিয়েছে এবং বিরোধী দলে পরিণত হয়েছে। এই নির্বাচনে জনতার রায় নিয়ে সকলেই আলোচনা করেছেন কাজেই এই জনতার রায় সম্বন্ধে কিছু বিশ্লেষণ করা দরকার। এই নির্বাচনে দেখা গেছে দক্ষিণ ভারত কংগ্রেসের পক্ষে এবং উত্তর ভারত কংগ্রেসের বিপক্ষে। দক্ষিণ ভারতে কেরালা, মাদ্রাজ, অন্ধ্র, কর্ণাটক যারা দীর্ঘ রক্তক্ষয়ী সংগ্রামের মধ্য দিয়ে অর্থনীতি গড়ে তুলেছে, ইতিহাস গড়ে তুলেছে, এই সমস্ত রাজ্যগুলি যেখানে বামপন্থী রাজনীতির জন্য এবং যেখানে বামপন্থী রাজনীতি মাথা তুলে দাঁড়িয়েছিল, শ্রীকাকুলাম যেখানে আছে, কেরালা, মাদ্রাজ, যেখানে রয়েছে, যেখানে সি পি আই, সি পি এম রয়েছে, আমরা যেখানে লড়াই করেছি সেই সমস্ত রাজ্যে আমরা বিপুল ভোটে জয়লাভ করেছি। কিন্তু উত্তর ভারতে আমরা বিপুল ভোটে হেরেছি। নির্বাচনে জনতার রায় আমাদের মাথা পেতে নিতে হবে এবং আমরা সেটা নিয়েছি। মোরারজী দেশাই প্রধানমন্ত্রী হবার আগেই বন্দীদের মুক্তি দেওয়া হয়েছে। জরুরী অবস্থা নির্বাচনের আগেই তুলে নেওয়া হয়েছে। শতকরা ৮০ ভাগের মত এবং বর্তমান প্রধানমন্ত্রীর ক্ষমতার গ্রহণের আগেই বাকী যেটুকু ছিল সেটা তুলে নেওয়া হয়েছে। জনতার রায় আমরা মাথা পেতে নিয়েছি এবং সেইভাবেই আমরা চলব। জনতার রায়ে আমরা বুঝতে পেরেছি যে, দেওয়ালের লিখন আমরা অতীতে পড়তে পারিনি এবং সেই লিখন যখন আমরা পড়লাম তখন অত্যন্ত দেরী হয়ে গেছে। এই দেরী হয়েছে বলেই ভারতবর্ষের সমস্ত মানুষকে আজকে নতুন করে সংঘবদ্ধ হতে হবে, নতুন করে চিন্তা করতে হবে। নির্বাচনে একটা দলের জয়-পরাজয় গোটা ভারতবর্ষের ইতিহাসে উত্থান-পতন ঘটায় না। ইতিহাস শুধু একটা পথনির্দেশ করে। রাজশক্তির উত্থান-পতন ঘটে কিন্তু জনশক্তির উত্থান-পতন ঘটে না। চড়াই-উৎরাই পার হয়ে তাদের ইতিহাস নতুন উপসংহারের মধ্য দিয়ে যাত্রা করে। যাদের ক্ষমতার লিপ্সা থাকে তাদের মনে রাখা দরকার যে, গণতন্ত্র এবং জনতাতন্ত্র এক জিনিস নয়।

গণতন্ত্রে আছে, দায়িত্ববোধ, দায়িত্বশীলতা, অপরকে সহ্য করা, মেনে নেওয়া, সঙ্গে নিয়ে চলা এবং গঠনমূলক প্রবৃত্তি নিয়ে রাজনীতি পরিচালনা করা। কিন্তু জনতাতন্ত্র বলে হুমকী দিয়ে পতন ঘটাও, অধীনস্ত সরকারকে সরিয়ে দাও এবং বিরোধী দলকে উচ্ছেদ কর। তারা একথাও বলে যদি তোমরা পদত্যাগ না কর তাহলে রাষ্ট্রপতির ৬৯ ধারা প্রয়োগ করে তোমাদের চুরমার করে দেব। কংগ্রেস দল তোমরা পদত্যাগ কর এবং আমাদের সঙ্গে বস এবং আমাদের সঙ্গে এলে আমরা লোকসভায় যাব এবং আমরা এখন বাঁদিকে আছি, আমরা তখন ডানদিকে চলে যাব। এটা কিন্তু গণতন্ত্রের কথা নয়, এটা হুমকীর কথা, এটা জনতাতন্ত্রের কথা। জনতাতন্ত্রে রোমান্স আছে এবং সেই রোমান্স-এ ব্যাস্ট্রিল দুর্গের পতন ঘটে। রোমান্স যেমন আছে ঠিক তেমনি ট্রাজিডিও আছে এবং সেই ট্রাজিডির কথা আচার্য কৃপালনি তাঁর বক্তৃতায় বলেছেন। তিনি বলেছেন, জনতা ভুলে যেও না তোমরা দেবতাকে দানব করে তোলো, আবার মানুষকে দেবতা বানাও এবং দেবতা তখন দানব হয়ে তোমাদের গ্রাস করে। আজকে এখানে যারা বিরোধী দল এবং সংসদে সরকারী দল হিসেবে আছে এই বিচিত্র ফেডারেল ব্যবস্থার মধ্যে এই ঘটনা ঘটে। আমি তাঁদের স্মরণ করিয়ে দিচ্ছি তাঁরা যেন এমন ব্যবস্থা গ্রহণ না করেন যাতে গণতন্ত্রের সম্মানহানি হয়। আমাদের ভারতবর্ষের বর্তমান প্রধানমন্ত্রী এবং ভারতবর্ষের দিকপাল জননেতা লোকনায়ক জয়প্রকাশ নারায়ণ এবং বাবু জগজীবন রাম তাঁরা কিন্তু একথা কেউই বলেন নি যে, রাষ্ট্রপতির দ্বারা রাজ্য সরকার ভেঙে দেব যদি তোমরা পদত্যাগ না কর। এঁরা সকলেই কিন্তু গণতন্ত্রের প্রতি প্রচণ্ড আস্থা প্রকাশ করেছেন। কিন্তু দুঃখের বিষয় স্যার, বর্তমান-কালে যে শব্দটি আবিষ্কার হয়েছে, যেটি শুনতে অত্যন্ত খারাপ লাগে সেই 'চামচাবৃত্তি' কিন্তু বড়ই খারাপ জিনিস। গুরু যা বলেন শিষ্য তার চেয়ে বেশী বলে, বাঁশের চেয়ে যেন কঞ্চি দড়। আমি বাবু জগজীবন রামকে গণতন্ত্রের প্রহরী হিসেবে সম্মান করি। সম্মান করি এই জন্য যে, আজকে কংগ্রেসের দিকবদল ঘটেছে এবং আগমার্কা কংগ্রেস এবং নতুন কংগ্রেসের মধ্যে বিরোধ ঘটেছে। তিনি বলেছেন গণতন্ত্রী কংগ্রেসই হচ্ছে প্রকৃত কংগ্রেস। কিন্তু আমরা জানি প্রকৃত কংগ্রেস গণতন্ত্রের কথা বলে, জনতাতন্ত্রের কথা বলে না। প্রকৃত কংগ্রেস কখনও বলে না একদল থেকে টিকিটে জনতার রায় মেনে নিয়ে পরে আর একটা দলের সঙ্গে ভিড়ে যাও। দলত্যাগ গণতন্ত্রে স্বীকৃত তত্ত্ব নয়। জনতাতন্ত্রে এটা মেনে নেওয়া যায় এবং সেখানে এটা ঘটে। মোবোক্রেসী এবং ডেমোক্রেসীর মধ্যে একটা পার্থক্য আছে। আমি আশা করি বিদ্বান এবং গণতন্ত্রের প্রহরী, ভারতবর্ষের বুদ্ধিজীবী মহলে সকলের কাছে যিনি প্রখ্যাত সেই পণ্ডিত লক্ষ্মীকান্ত মৈত্রের ছেলে কাশীকান্ত মৈত্রেরও বোঝা উচিত যে মোবোক্রেসী এবং ডেমোক্রেসীর মধ্য একটা তফাৎ আছে। সেই তফাৎটা না বুঝলে তাঁরা মূল গণতন্ত্রের সত্য থেকে চলে যাবেন। বাবু জগজীবন রাম গণতন্ত্রী কংগ্রেস করতে গিয়ে বলেছিলেন এটা হচ্ছে আসল কংগ্রেস। আমরা যদি নকল কংগ্রেস হয়ে থাকি তাহলে আশা করি যাঁরা আসল কংগ্রেস তাঁরা গণতন্ত্রের ঐতিহ্য নিয়ে চলবেন। কাশীবাবুর মত ভদ্রলোক, যিনি আমাদের সকলের কাছে সম্মানিত তিনি যেন বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দলকে একথা না বলেন যে, যদি তোমরা না ছাড় তাহলে তোমাদের রাষ্ট্রপতির দ্বারা ভেঙে দেব। এটার মানে কিন্তু দুটো হয়। একটা হচ্ছে কেন্দ্রে আমাদের ক্ষমতা আছে, আমরা চাবুক দিয়ে তোমাদের সরিয়ে দেব আর তা না হলে কংগ্রেস দলের ভিতর প্ররোচনা

এবং উস্কানি দিয়ে দলত্যাগ করিয়ে আমরা সরকারকে ভেঙে দেব। স্যার, ত্রিপুরায় কিছুদিন আগে শচীন্দ্রলাল সিংহ বলেছিলেন যে আমরা ৬ বছর সরকার চালাব, আমাদের সরকার গঠন করতে সময় দেওয়া হোক এবং মুখ্যমন্ত্রী সেনগুপ্ত সরে গেছেন এবং শচীন্দ্রলাল সিংহ সরকার তৈরি করেছেন এবং রাষ্ট্রপতি শাসনের বিরোধিতা করেছেন সেখানকার গণতন্ত্রী কংগ্রেসের নেতারা। আর এখানকার গণতন্ত্রী কংগ্রেসের নেতারা বলছেন আমরা অমুক ধারা প্রয়োগ করে তোমাদের সরকার ভেঙে দেব। পশ্চিমবঙ্গ বিধানসভায় সরকারের প্রতিনিধি কত আছে সেটা বিচার করে দেখবেন কি? এইরকম শাসনব্যবস্থা যেখানে আছে আমি উদাহরণ দিয়ে দেখাতে পারি। সুপণ্ডিত বিখ্যাত বক্তা কাশীকান্ত মৈত্র যার অনেক বই আছে, সেই বই পড়ে আমি রেফারেন্সের কাজ চালাই, তিনি কি দেখাতে পারেন ফেডারেল শাসন এ একটা দল সব ষ্টেটগুলিতে পেয়েছে। আমার কাছে অষ্ট্রেলিয়া কানাডা সব ফেডারেল কনসটিটিউশনগুলি রয়েছে, লেবার পার্টি, কাউন্ট্রি পার্টি বিভিন্ন পার্টি আছে, কেন্দ্রে এক মন্ত্রিসভা হয় আর রাজ্যে অন্য মন্ত্রিসভা হয়। এমন কথা কোনদিন আমরা শুনিনি যে কেন্দ্রে আমরা জিতেছি অতএব রাজ্যে আমরা তোমাদের মন্ত্রিসভা ভেঙে দেব। পশ্চিমবঙ্গেও অতীতে এমন ঘটনা ঘটেছিল ১৯৬৭ সালে—'৬৭ সালে দলত্যাগ করে সরকারের পতন ঘটানো হয়েছিল—সরকার পতনের পর '৬৯ সালে জনতার রায় উল্টে যায়, তখন কিন্তু কেন্দ্র হস্তক্ষেপ করেনি। জোর করে ভেঙে দেননি। মুখ্যমন্ত্রী অজয় মুখার্জী অপারগ হয়ে জঙ্গলের রাজত্ব থেকে নিজেকে মুক্ত করে স্বাধীন দুনিয়ায় বাস করতে চেয়েছিলেন, তাই সরকার ভেঙে দিতে বাধ্য হয়েছিলেন। '৭২-এর রায় প্রমাণ করেছে অজয় মুখার্জীর পদত্যাগ সত্য এবং সঠিক। আজকে এই কথাগুলি ভেবে দেখার আছে। কারণ পশ্চিমবঙ্গে কারা বলছেন আমাদের পদত্যাগ করতে—পশ্চিমবঙ্গে কংগ্রেস ভোট পেয়েছে ৩০.২৫ পারসেণ্ট, সি পি আই এম পেয়েছে ২৬.৮ পারসেণ্ট, জনতা পার্টি পেয়েছে ১৭.৬১ পারসেণ্ট, আর এস পি পেয়েছে ৩.৯৪ পারসেণ্ট, এফ বি পেয়েছে ৪.৩০ পারসেণ্ট, পি এস পি যাদের নেতা আমাদের পদত্যাগ করতে বলছে তারা পেয়েছে ৪.৫৩ পারসেণ্ট, ইণ্ডিপেণ্ডেণ্টরা পেয়েছে ৬.৫৪ পারসেণ্ট আর সি পি আই পেয়েছে ৬.৩৫ পারসেণ্ট। যারা পি এস পি তারা বলছে যারা ৩০.২৫ পারসেণ্ট ভোট পেয়েছে তাদের পদত্যাগ করতে আর নিজেরা পেয়েছেন ৪.৫৩ পারসেণ্ট—অর্থাৎ ৪ পারসেণ্ট লোক বলছে ৩০ পারসেণ্ট লোককে যে তোমরা পশ্চিমবঙ্গ থেকে সরে যাও। স্যার, এটা কি ধরনের গণতন্ত্র? স্যার, বিশ্বের গণতন্ত্রের প্রবক্তারা যেমন বারটেণ্ড রাসেল ব্রাইট তারা কোথাও কি বলেছেন যে কেন্দ্রে যে দল শাসনক্ষমতায় থাকবে তারাই রাজ্যে থাকবে, অন্য কোন দল থাকতে পারবে না। যেহেতু কেন্দ্রে আমরা জিতেছি অতএব রাজ্যে তোমাদের থাকতে দেব না। এটা কোন গণতন্ত্রের গ্রামারে নাউন এ্যাডজেকটিভ ভার্বে কি খুঁজে পাওয়া যাবে? এমন কথা কেউ বলেন নি। বৃটিশ ডেমোক্রাসিতে কিম্বা আমেরিকার ডেমোক্রাসিতে পাওয়া যাবে না। আমরা আমেরিকায় দেখেছি রিপাবলিকান পার্টির প্রেসিডেণ্ট হয়েছে, ডেমোক্রাটিক পার্টি সিনেটে মেজরিটি পেয়েছে। রিপাবলিকান পার্টির প্রেসিডেণ্ট তিনি বললেন ডেমোক্রাটিক পার্টি তুমি সিনেট থেকে পদত্যাগ কর যেহেতু আমি রিপাবলিকান পার্টির প্রেসিডেণ্ট হয়েছি। তাহলে দেখা যাচ্ছে যারা আগমার্কা গণতন্ত্রের প্রদীপ বা মশাল জ্বালিয়ে এসেছেন তাঁরা লোকনায়ক জয়প্রকাশকে সামনে নিয়ে নির্বাচনে নেমেছিলেন তাঁরা প্রকৃতপক্ষে যেমন করে একদিন গান্ধীহত্যা হয়েছিল তেমন করে লোকনায়কের রাজনীতিকে হত্যা করতে হবে? সেটাই আমাদের বাধা দেওয়া

দরকার। গণতন্ত্র সমাজতন্ত্রকে সামনে নিয়ে আমরা চলতে গিয়েছি, আমরা চলার পথে ভু করেছি, জনতার রায় আমাদের কান মলে দিয়েছে। তাই প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী পদত্যাগ করার আগেই জরুরী অবস্থা তুলে নিয়েছেন, মোরারজী দেশাই-এর ক্ষমতা পাওয়ার আগে জরুরী অবস্থা লিফটেড হয়ে গিয়েছে, বন্দীদের সব ছেড়ে দেওয়া হয়েছিল। রেডিও যখন খুললাম কেন্দ্রীয় সরকারের নির্দেশ এসেছে বন্দীদের মুক্তি দাও—কাকে প্রথম ছেড়ে দেওয়া হল ঐ ইকনমিক অফেনডার অমুক ঝুনঝুনওয়ালা, অমুক কোটেনওয়ালা, অমুক পালকীওয়ালা যারা তেলে ভেজাল দেয়, ঔষধে ভেজাল দেয় তাদের সব ছেড়ে দেওয়া হল। গণতন্ত্রকে আগমার্কা গণতন্ত্রে পরিণত করা হল। আমরা রুটির লড়াই আর বাঁচার লড়াইকে এক করবার জন্য গণতন্ত্রকে আনতে চেয়েছিলাম, আমরা ভুল করেছি, আমলাতন্ত্রের হাতে গণতন্ত্র ভীষণভাবে আঘাত খেয়ে গেছে। আমরা ভুল করেছি ইমারজেনসিতে গণতন্ত্রের সম্মান রাখতে গিয়ে আমরা ভুল করেছি। আমাদের কথায় আর কাজে মিল হয়নি—একথায় আমরা কান দিই নি।

[4-30—4-40 p.m.]

গত সপ্তাহের আগের যে সপ্তাহ তাতে বিুস পত্রিকা ব্যাখ্যা করে, বিশ্লেষণ করে দেখিয়েছে কোন্ হাত, কোন্ কালোহাত কেমন করে পরিকল্পনা করে প্রগতিশীল অবস্থাকে সামনে রেখে পিছন থেকে ছুরিকাঘাত করেছে। সেখানে নাশবন্দীর হুজুক তুলে নির্বাচনে আমাদের পরাস্ত করেছে। কেন্দ্রের যে নির্বাচন হল তাতে কিছু ছিল নাশবন্দী, কিছু ছিল জরুরী অবস্থা, কিছু ছিল ফর্টি-সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট। কিছু কি ছিল যে কেন্দ্র খারাপ কাজ করেছে? কিছু কি ছিল যে কতজন ভূমিহীনকে ভূমিদান করা হয়েছে? কিছু কি ছিল যে কলের—টিউবওয়েল, রাস্তাঘাট, কলকাতা নগরী মিছিল নগরী—যেকথা পণ্ডিত নেহরু বলেছিলেন, রাস্তা দিয়ে চলা যায় না, বর্ষায় দু' পশলা বৃষ্টি হলে কলকাতা মহানগরী অন্ধকারে টলমল করতো, ব্যাবিলনের ইতিহাস আর কলকাতার ইতিহাস এক ধার দিয়ে চলছিল, কারা বাঁচিয়েছে, স্যার? ১৯৭২ সালে মধ্যাহ্নে যখন রাতের অন্ধকার নেমে আসতো, যখন রাস্তা দিয়ে বাড়ীর মেয়েরা যেতে পারতো না, রাত্রি-বেলায় সিনেমা হাউসগুলি বন্ধ হয়ে গিয়েছিল, গণতন্ত্রের সঙ্গে আজ যাঁরা বসে আছেন, সেদিন আমাদের কাঁধে কাঁধ মিলিয়ে বলেছিলেন পশ্চিমবঙ্গকে মুক্ত করার আন্দোলনের, সন্ত্রাস থেকে মুক্তির আন্দোলনের হোমযজ্ঞে তাঁরা আছেন। আমরা জেনেছিলাম পশ্চিমবঙ্গে শান্তি, স্থিতির মধ্যে দিয়ে আমরা এগিয়ে চলেছি। তার প্রশংসা শুধু আমার নয়, স্যার, গণতন্ত্রের নেতা বাবু জগজীবন রাম মুখ্যমন্ত্রী সম্মেলনে বলেছিলেন পশ্চিমবঙ্গে জরুরী অবস্থায় পশ্চিমবঙ্গ সরকার যেভাবে উন্নতি করেছে তাতে আমি খুশী। বাবু জগজীবন রাম গৌহাটি কংগ্রেস অধিবেশনে বলেছিলেন জরুরী অবস্থা ও সংবিধান সংশোধনের উপর জগজীবন রামের সেই বক্তৃতা আমার কাছে রয়েছে, তিনি তখন প্রশংসা করে বলেছিলেন যে জরুরী অবস্থায় গণতন্ত্রে স্থিতি ফিরে এসেছে, জরুরী অবস্থার মাধ্যমে দেশে অর্থনৈতিক উন্নতি ঘটেছে। কাজেই বাবু জগজীবন রাম যদি বলে থাকেন যে জরুরী অবস্থায় দেশের উন্নতি ঘটেছে তাহলে রাজ্যপালের ভাষণের ৩ নং প্যারাগ্রাফে যদি আমরা সেই কথার অবতারণা করে থাকি তাহলে কাশীকান্ত মৈত্রকে অনুরোধ করবো, আমাদের বলার আগে বাবুজীর সঙ্গে পরামর্শ করে আসুন, তাঁর দলের নেতা কি বলেছেন আর আমরা কি বলছি। আমরা মনে করি যে যদি হাতুড়ে ডাক্তার ভুল করে তাহলে রুগীর অসুখ বেড়ে যায় আর যদি এফ আর সি এস ডাক্তার ভুল করে তাহলে রুগী মারা যায়। আমরা কম বুঝি, কম জ্ঞান, পাণ্ডিত্য আমাদের অতিশয় কম, আমরা যদি ভুল করি, স্যার, তাতে

গোলমাল হতে পারে কিন্তু কাশীবাবু যদি ভুল করেন, তাহলে তো মহাবিপদ। কারণ আমরা যদি হেরে যাই, তিনি যদি মুখ্যমন্ত্রী হন—বিড়ালের ভাগ্যে শিকে ছিঁড়তেও পারে, স্যার, আমরা গণতন্ত্রের রায় মেনেই নেবো। জানি না জ্যোতিবাবু ফিরে এসে তিনি বলবেন কিনা যে আমি মুখ্যমন্ত্রীর পদ নেবো, জানি না, মাননীয় প্রফুল্লচন্দ্র সেন এসে মুখ্যমন্ত্রী হবেন কিনা কিন্তু কাশীবাবু নিশ্চয়ই একটা ভাল মন্ত্রী হবেন, তিনি যদি স্যার, ভুল করেন তাহলে তো দেশের সর্বনাশ। তখন আমরা যদি বিধানসভায় না থাকি, জনতার রায় মেনে নিই, তাহলে কি আমরা রাজপথে মাথা খুঁড়ে মরবো, পাগল মেহের আলীর মত বলবো সব ঝুটা হ্যায়, সব ঝুটা হ্যায়, তফাৎ যাও, তফাৎ যাও? আজকে বাংলাদেশের মানুষের কাছে সেই আবেদন রাখতে চাই। আমরা পশ্চিমবাংলায় ক্ষমতাশালী দল, আমরা বিধানসভায় আসার পর সরকার থেকে নিছক সরকারী প্রশাসনযন্ত্রে নিছক স্তোত্রপাঠ করতে পশ্চিমবঙ্গ বিধানসভায় আপনি কখনোই শোনেন নি। আমরা রেজিমেণ্টেড পার্টি নই, টোটালেটেরিয়ান পার্টি নই, আমাদের দেশের চিফ হুইপ কোনদিন এসে বলেন না যে সরকারের বিরুদ্ধে সমালোচনা করলে তোমাকে দল থেকে সাসপেণ্ড করা হবে কিন্তু চিফ হুইপ পার্টির তরফ থেকে এটা বলার অধিকার রাখেন। দলের টিকিট পেয়েছেন যাঁরা, তাঁর বিরুদ্ধে কাজ করলে তিনি দলে থাকতে পারবেন না। সেখানে আমাদের মানসিকতায় বাধবে না যে আমি পদত্যাগ করি কিন্তু দলের সঙ্গে বিশ্বাসঘাতকতা করবো না। আমি তার বদলে কি করছি, না, আমি দলত্যাগ করে অন্য একটা দলে চলে যাচ্ছি, গিয়ে বলছি যে সিদ্ধার্থ রায় মনুষ্যত্বকে ধ্বংস করেছেন। আমরা অবাক হয়ে যাই, স্যার, ইতিহাসের এমন বিচিত্র পথে আমাদের চলতে হয়, আমরা জানি অতীত, বর্তমান, ভবিষ্যৎ এক রেখায় কোনদিন মেলে না, অনেক গ্রাফের এদিক-ওদিক হয় কিন্তু এটা তো নিশ্চয়ই নিবেদন করবো যারা পশ্চিমবঙ্গে '৭৭ সালে যে দলই নির্বাচনে জয়লাভ করুন না কেন, আমরাই করি কিম্বা অন্য দল করুক, এই মানবতাবোধের মূল্য, রাজনীতির যে বোধগুলি আহত হয়েছে বলে লোকনায়ক জয়প্রকাশজী বিদ্রোহ করেছিলেন, আমরা যেন সহজ, সরল মন নিয়ে সেগুলিকে গ্রহণ করতে পারি, রাজনীতির ঊর্ধ্বে উঠে মানবতার মূল্যবোধকে যেন আমরা ইতিহাসের পাতায় স্বীকার করি, সাক্ষর দিতে পারি, অনুরোধ করি যাঁরা রাজনীতি করছেন, আজকে পণ্ডিত লোকেরা যেন ভুল না করেন। কাশীকান্ত মৈত্র মহাশয় সভায় নেই, ব্যক্তিগতভাবে আমি তাঁকে শ্রদ্ধা করি বলে স্মরণ করিয়ে দিচ্ছি কৃপালনি কি সুন্দর ভাষায় বলেছেন যে জনতা তুমি মানুষকে দেবতা বানিয়ো না, তাই আমরা কাশীবাবুকে অনুরোধ করছি জনতা পার্টির জয়লাভের সঙ্গে তিনি যেন দেবতা না হয়ে যান, দেবতাই দানবে পরিণত হয়। যদি দানব হয়ে দাঁড়ান তাহলে গণতন্ত্র থাকে না। আজকে গণতান্ত্রিক আন্দোলন যাঁরা করছেন তাঁদের কাছে আমি কতকগুলি গুরুতর প্রশ্ন রাখতে চাই, কাউকে আঘাত দিয়ে কথা বলছি না কারণ তাতে অনেক চিৎকার উঠতে পারে।

আজ যাঁরা গণতন্ত্রী কংগ্রেস করছেন তাঁদের কাছে আজকে আমি বিনীত প্রশ্ন কয়েকটি রাখছি, কোনরকম আঘাত-আক্রমণের কথা তুলছি না, কারণ চিৎকার উঠতে পারে। আপনারা যখন দলে এসেছিলেন তখন জনতার রায় ছিল কংগ্রেসের পক্ষে, জনতার রায় বিশ্লেষণ করলেন, আপনারা যে দলত্যাগ করলেন তাকে কি জনতার রায়ে যাচাই করেছিলেন? আপনারা জনতার রায়কে যদি শ্রদ্ধা করে থাকেন, তাহলে আনন্দগোপাল মুখার্জীর পদাঙ্ক অনুসরণ করে বিধানসভা থেকে পদত্যাগ করে রাস্তায় গিয়ে বলুন যে আমরা এই সরকারকে চাই না, এই সরকারের বিরুদ্ধে আন্দোলন করতে চাই। আপনারা যদি মনে করে থাকেন

দেশে গণতন্ত্র ধ্বংস হয়েছে, মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির ১৬ জন সদস্য এখনও যোগদান করেন নি, আপনারা বিধানসভা বয়কট করে [illegible] মূল্যবোধ যেটা আমরা হারিয়ে ফেলেছিলাম, জনতা কান মলে সেটা শিখিয়ে দিয়েছে, আমরা সেই শিক্ষা গ্রহণ করে নির্বাচনের মাধ্যমে যাতে আসতে পারি, আমাদের পাড়ায় পাড়ায়, জেলায় জেলায় যে সংগঠন আছে, সেই সংগঠনের মাধ্যমে আমরা দলকে শক্তিশালী করব, দলত্যাগের নীচতম নোংরা পথ আমরা মহাত্মা গান্ধীর কাছে শিখিনি, আরা কোনদিন শিখতে পারব না, কোন প্রলোভনে কংগ্রেস দলকে ভাঙানো যাবে না এবং পরিষ্কার কথা রাষ্ট্রপতি শাসনে ভেঙে দেব, তোমরা মন্ত্রিসভা পদত্যাগ না করলে রাষ্ট্রপতিকে দিয়ে ভেঙে দেব, এই ঔদ্ধত্য কিন্তু জনতার রায়ে কোনদিন হয়নি। স্যার, হাকিম পাল্টায় কিন্তু হাকিমের রায় পাল্টায় না। মাননীয় কাশীকান্ত মৈত্র গণতন্ত্রের মুক্ত দুনিয়ার প্রহরী হয়ে বেঁচে থাকুন, মশাল জ্বেলে রাখুন, দেখবেন সেই মশালের আলো যেন বাবু জনজীবন রামের, লোকনায়ক জয়প্রকাশ নারায়ণের আলো থেকে পৃথক আলো না হয়। সেই আলোতে তাঁরা চলবার চেষ্টা করুন। পরাজয় ঘটেছে, আমরা সেই পরাজয়কে মেনে নিয়েছি, বিরোধী দলের চ্যবন বক্তৃতা দিয়ে বলেছেন—আমাদের ভুল হয়েছে। জনতা যদি নিজেদের হয়, ১০ বছর পরে যদি প্রফুল্লচন্দ্র সেন যদি রসুন খেয়ে রাজনীতিতে এসে সকলের শ্রদ্ধার পাত্র হতে পারেন, যদি প্রফুল্লচন্দ্র সেনকে জনতা পুনর্মূল্যায়ণে পশ্চিমবঙ্গের ভাগ্যনির্ধারক মনে করে, জনতার রায়কে সেলাম জানিয়ে মেনে নেব, থাকুন মুখ্যমন্ত্রী পদে। কিন্তু একথা মানতে রাজী হব না, দলত্যাগ করে অন্য দলে এসে আমাদের বলবেন তোমরাও দলত্যাগ কর, তা না হলে সরকারকে পতন ঘটিয়ে দেব, এই ঔদ্ধত্য জনতা কোনকালে কোন রায়ে বলে না। দলত্যাগ গণতন্ত্রে স্বীকৃত কিনা, জনতাতন্ত্র গণতন্ত্র থেকে আলাদা মনে রাখতে হবে। জনতাতন্ত্রে যেমন বাস্তিল দুর্গের পতন ঘটে তেমনি ট্রাজেডি আছে রোডেশিয়ান নেপোলিয়ানের উত্থানের, আমরা এই ভুল অতীতেও করেছি, চাইব ভবিষ্যতের ইতিহাসে এই ভুল যেন আর না করি। যে শিক্ষা এই নির্বাচনে পেয়েছি, সেই শিক্ষাকে কাজে লাগিয়ে আমরা এগিয়ে যাব, আমি আশা রাখি, বিশ্বাস রাখি, আস্থা রাখি গণতন্ত্রের মশাল জ্বেলে যে দল রাজপথে স্লোগান শোভাযাত্রা করেছে, সেই শোভাযাত্রা যেন গণতন্ত্রের শোভাযাত্রা না হয়ে বাবুজীর বাড়ীর সামনে যেয়ে—নাটক ছোড়, পথ লও, একথা যেন শোনানো না হয়, কারণ এটা হল জনতাতন্ত্রের অবদান, গণতন্ত্রের অবদান নয়। গণতন্ত্রী কংগ্রেস আগ মার্কা কংগ্রেস যদি হয় গণতন্ত্রকে শ্রদ্ধার আসনে রেখে বলুন বিধানসভাকে ভেঙে দেব নির্বাচনী ইস্তাহারে তা ছিল না, হাকিম যদি জনতা হন, আদালতে কাশীবাবু ইস্তাহারে নিশ্চয়ই বলেন নি আমরা লোকসভায় জিতলে বিধানসভা ভেঙে দেব। ---(নয়েজ)--- আমি একথা শুনতে চাই না যে লোকসভার নির্বাচনে বিধানসভার পরাজয় হয়। যিনি ওখান থেকে বলছেন, তিনিও জানেন যে তিনি এখন যে দলে গেছেন, সেই দলে এমন হাস্যকর প্রস্তাব স্বীকৃত নয়। একথা বলে আমি আপনার কাছ থেকে বিদায় নিচ্ছি।

[4-40—4-50 p.m.]

Shri Sudhir Bera : Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz. :

"But regreat that the Governor has failed to maintain that—

(a) progress of implementation of Plan Schemes and 20-Point programme has been extremely unsatisfactory ;

(b) people of India have expressed their total disapproval of the 42nd Amendment of the Indian Constitution in the recent Lok Sabha election ; and

(c) unemployment situation has worsened."

কারণ ইন্দিরা গান্ধীর হয়ে যখন তাঁর দলে আপনারা গিয়ে যোগ দিয়েছেন, তখন আর সেটা দলত্যাগ হয়নি। কিন্তু আমরা যখন নবকংগ্রেস ছেড়ে গণতন্ত্রী কংগ্রেসে এসে যোগ দিয়েছি তখন সেটা দলত্যাগ করা হলো।

(গোলমাল—হৈ-চৈ)

স্যার, বিশদফা কর্মসূচী নিয়ে যে কেবল ঢাকই বাজানো হয়েছে কাজের কিছু হয়নি—একথা জানতে আজকে আর ভারতবর্ষের কোন লোকের বাকি নেই।

This is the biggest national hoax ever given to any nation under any system of government.

এই কুড়ি দফা কর্মসূচী রূপায়ণ করবার জন্য যা-কিছু করবার প্রয়োজন ছিল—তার কিছুই তাঁরা করতে পারেন নি যদিও এই ২০ দফা কর্মসূচী আপনাদের কার্যে রূপায়িত করা একান্ত উচিত ছিল। কেবল মুখে বক্তৃতা দিয়ে মাঠে একমুঠো ফসল ফলানো যায় না। সেই জন্য আমি দুঃখের সঙ্গে বলছি—এই যে ২০ দফা কর্মসূচী এটা greatest national hoax ever given to any nation under any system of government.

তারপর ৪২তম সংবিধান সংশোধনী ব্যাপারে আমাদের দলের পূর্ববর্তী বক্তারা বিস্তারিত-ভাবে আলোচনা করেছেন। আমার সময় খুব কম—আমি আর তার মধ্যে যাচ্ছি না। মানুষের ইতিহাস যদি আমি কিছুমাত্র বুঝে থাকি তাহলে ডেমোক্রাসির অর্থ বুঝবো—মানুষের ক্ষুধা থেকে মুক্তি, ভয় থেকে মুক্তি, শাসন থেকে মুক্তি এবং শোষণ থেকে মুক্তি। এর জন্যই বিভিন্ন দেশে বিভিন্ন সময়ে বিপ্লব হয়েছে—আমেরিকায় বিপ্লব হয়েছে, রাশিয়ায় বিপ্লব হয়েছে, চীনে ও ফরাসী দেশে বিপ্লব হয়েছে—এইসব বিপ্লবের মূল কথাই হচ্ছে ক্ষুধা থেকে মুক্তি, শাসন ও শোষণ থেকে মুক্তি। এখানে সব জোর করে বা চুরি করে ক্ষমতা কেড়ে নেওয়া হলো। বিনা বিচারে আটক করে রাখবার ব্যবস্থা করা হলো। নানারকম বাধা সৃষ্টি করা হলো—মানুষের মুক্তির পথে। মানুষ কখনো সেই সব বাধা চিরকাল মানতে পারে না। তাই আমি সাবধানবাণী উচ্চারণ করি—জনতা রায় দিয়ে ৪২তম সংবিধান বাতিল করে দিয়েছে। আপনাদের ২০ দফা কর্মসূচী বলুন, জরুরী অবস্থা বলুন তার মধ্য দিয়ে মানুষের বেকার সমস্যা সমাধানের কোন ব্যবস্থা করা হয়নি—
unemployment situation has totally worsen the condition of the people.
আজকে জোর করে আপনারা ক্ষমতা আঁকড়ে থাকবার চেষ্টা করছেন। আজ যদি আপনারা বাইরে গিয়ে বলতে পারেন যে, ২০ দফা কর্মসূচীর মাধ্যমে আনএমপ্লয়মেণ্ট পোজিশনের উন্নতি ঘটেছে, তাহলে জনতা আপনাদের গায়ের চামড়া আমড়াগাছে ঝুলিয়ে রাখবে। (গোলমাল) আজকে চেঁচিয়ে আমাকে স্তব্ধ করে দেওয়া যাবে না। আমি যে এ্যামেণ্ডমেণ্টগুলি মুভ করেছি—সেগুলি গ্রহণ করা হোক্।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ মাননীয় স্পীকার মহাশয়, মহামান্য রাজ্যপাল বাজেট অধিবেশন উদ্বোধন করতে গিয়ে যে ভাষণ দিয়েছেন তাকে সমর্থন করবার জন্য আমি দাঁড়িয়েছি। আমি যে একে সমর্থন করছি তার কারণ হচ্ছে এর মধ্যে পশ্চিমবাংলার গত এক বছরের খতিয়ান এবং গত ৩০

বছরের ছবি ফুটে উঠেছে। আগামীদিনে পশ্চিমবাংলার মানুষের জন্য কাজ করবার যে খতিয়ান আমরা রেখেছি তার উদ্ধৃতি এর মধ্যে আছে। আমি জানি বহু জিনিসের উল্লেখ এর মধ্যে নেই এবং সেটা থাকা সম্ভবও নয়। যার উল্লেখ নেই তার উল্লেখ করে যদি বাজার গরম করা হয় তাহলে আমি দুঃখিত যে তাদের সাহায্য করা যাবে না। তবে তার মানে এই নয় যে, আমরা রাজ্যপালের ভাষণের উপর বিধানসভায় বসে আলোচনা করতে পারব না। লোকসভার নির্বাচনের কথা টেনে নিয়ে এসে যাঁরা এখানে বক্তৃতা করছেন এবং বলছেন কংগ্রেস পরাস্ত হয়েছে কাজেই সরকারের পদত্যাগ করা উচিত তাঁদের সেই আলোচনায় যাবার ইচ্ছা আমার ছিল না। কিন্তু যেভাবে আলোচনা চলছে তাতে আমি তাঁদের বলতে চাই, আজকে যাঁরা জনতা পার্টির জয়লাভ নিয়ে ঢক্কানিনাদ করছেন তাঁরা জনতার রায় উপলব্ধি করেছেন কি? আজকে যাঁরা বলছেন কংগ্রেস পরাস্ত হয়েছে এবং ভারতবর্ষে জনতার রায় প্রতিষ্ঠিত হয়েছে তাঁরা কি সেকথা মনেপ্রাণে বিশ্বাস করেন, না শুধু ঢাক বাজিয়ে জিনিসটাকে গুলিয়ে দেবার চেষ্টা করছেন? আমরা জানি এই দেশের জনতা রাজনৈতিক দিক থেকে খুবই সচেতন তাই ৫৪২-এর হাউসে তাঁদের ২৭০ করে ছেড়ে দিলেন। বুড়ি ছুঁই-ছুঁই করেও তাদের ছুঁতে দিলেন না, মেজরিটি হবার অধিকার দিলেন না। জনতা বললেন এই অবস্থা নিয়ে তোমরা গিয়ে দাঁড়াও, অন্যের সাহায্য নিয়ে কোয়ালিশন সরকার কর এবং তোমরা কোনদিন নিরঙ্কুশ গরিষ্ঠতা নিয়ে ভারতবর্ষের শাসনযন্ত্রে অধিষ্ঠিত হতে পারবে না। আপনারা সেই অঙ্ক কষে দেখেছেন কি, দেশের মানুষ কত সজাগ সেটা দেখেছেন কি? আমরা ইমারজেন্সীর সময় আমলাদের জন্যই হোক, নিজেদের ভুলের জন্যই হোক অতি উৎসাহে দেশের মানুষের কল্যাণ করতে গিয়ে যদি ভুল করে থাকি তাহলে সেই ভুলের নির্মম শাস্তি দেশের মানুষ আমাদের দিয়েছে। আমরা তার বিরুদ্ধে কোন আপিল করিনি। আমরা গণতন্ত্রে বিশ্বাস করি কাজেই আমরা মনে করি তারা আমাদের নিয়ামক এবং জনতা যে শাস্তি আমাদের দিয়েছে আমরা সেটা মাথা পেতে নিয়েছি। কিন্তু জিজ্ঞাসা করি আমাদের শাস্তি দিয়ে তাঁরা কাদের বরণ করলেন? অর্থাৎ দেশের জনতা আজ কাদের বরণ করলেন? যাঁরা আজকে মেজরিটি করতে পারলেন না তাঁরা পশ্চিমবাংলার কংগ্রেস সরকারকে বলছেন তোমাদের পদত্যাগ করতে হবে। একথা শুনলে আশ্চর্য হতে হয়। আজকে যদি মেজরিটির কথা ছেড়েও দিই এবং বিবেক এবং মনুষ্যত্বের কথা তুলি তাহলে জিজ্ঞাসা করি, ১৯৭২ সালের নির্বাচনে যারা ইতিহাসের আস্তাকুঁড়ে চলে গিয়েছিল তারা আজকে হঠাৎ সেই আস্তাকুঁড় থেকে উঠে এসে মুরগীর দানা খুঁটে খাবার মত দানা খুঁটছে এবং আমাদের বলছে তোমরা চলে যাও, আমরা এসেছি। আমাদের সকলেরই মনে রাখতে হবে ভারতবর্ষের মানুষ রাজনৈতিক দিক থেকে খুবই সচেতন এবং তাঁরা অত্যন্ত বিচার-বিবেচনা করে তাঁদের মতামত দেন। দেশের মানুষের কাছে ধীরস্থিরভাবে বলতে হবে আমরা দেশের মানুষের দায়িত্ব পালন করব। তাঁরা বলছেন ৪২তম সংশোধন পাল্টে দিতে হবে। সংবিধানের প্রতি আমাদের আনুগত্য এতদিন ছিল, বর্তমানেও আছে এবং ভবিষ্যতেও থাকবে। কাজেই সংশোধিত সংবিধান যখন আসবে আমরা তাকে সাদরে গ্রহণ করব। কিন্তু সেটা ভূমিষ্ঠ হবার আগেই একদল লোক সেটা নিয়ে চিৎকার করছেন অর্থাৎ তাঁরা রাম জন্মাবার আগেই রামায়ণ লিখে বসে আছেন। সেই জন্যই বলছি আজকে আমাদের বুঝতে হবে পশ্চিমবাংলার সাধারণ মানুষ এই বাজেট অধিবেশনের দিকে তাকিয়ে রয়েছে এবং তাঁরা বুঝতে চাইছে এই দেশের মানুষের জন্য আগামী বছরে আমরা কি ফিরিস্তি তুলে ধরলাম।

[4-50—5-00 p.m.]

এটা ঠিক আমরা উত্তর ভারতে পরাজিত হয়েছি। কিন্তু একথা নির্দ্বিধায় বলতে পারি এই পরাজয় জনতা পার্টি নামক কোন শক্তির কাছে পরাজয় নয়। যে লোক কাজ পর্যন্ত রাজনীতি করতো অন্ধ কংগ্রেস বিরোধিতার নামে, যারা নাম হারিয়েছে, গোত্র হারিয়েছে, পরিচয় হারিয়েছে এবং তারা এক জায়গায় একত্রিত হয়ে সংগঠিত হয়ে কংগ্রেসের নামে এগিয়েছে। এই ঘটনা অনেকটা মহাভারতের অভিমন্যুর সঙ্গে তুলনা করা যেতে পারে। একা অভিমন্যুকে পেয়ে যেমন সপ্ত মহারথীরা হত্যা করেছিল এবং উল্লাস প্রকাশ করেছিল। আজকে অভিমন্যু বধের পর উল্লসিত হচ্ছেন যারা তাদের বলি অভিমন্যুবধ শেষ কথা নয়, তারপর জয়দ্রথ বধও আছে। এই বধ যেদিন হবে সেদিন কিন্তু আনন্দিত হবার কোন সুযোগ পাবেন না। সব কিছু ধীর-স্থিরভাবে করলেই তো হয়।

শ্রীরামদাস ব্যানার্জী ঃ আপনি সত্যই শ্রীকৃষ্ণ বটে।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ তাহলে স্বীকার করলেন। আপনাকে ধন্যবাদ জানাই এই স্বীকৃতির জন্য। অতএব খুব বেশী উল্লসিত হবার কিছু নেই। জনতা সরকার প্রতিষ্ঠিত হবার সঙ্গে সঙ্গে কতকগুলি চমৎকার কাজ করেছেন। ট্রেড ইউনিয়নিষ্ট হিসাবে তাঁদেরকে ধন্যবাদ জানাই। রেলের কর্মচারীদের পুনর্বহাল করা হয়েছে। তাঁরা বলেছিলেন আন্দোলনের জন্য তদানীন্তন স্বৈরতন্ত্র সরকারের দ্বারা যারা নিগৃহীত তাদের সমস্ত লোককে কাজে নেওয়া হবে। এর জন্য আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং অনেকেই অভিনন্দন জানিয়েছে। কিন্তু বিনীতভাবে জানাই জনতা পার্টির কণ্ট্রাক্টার যদি কেউ এখানে থাকেন তিনি যেন মূল মালিককে এটা জানিয়ে দেন। অর্ধসত্য অসত্যের চেয়েও মারাত্মক। চাকুরী দেবেন আনন্দের কথা, ট্রেড ইউনিয়ন করি, শ্রমিক আন্দোলনের সঙ্গে যখন যুক্ত আছি আমি নিশ্চয় আনন্দিত হবো। কিন্তু সঙ্গে সঙ্গে একটা আবেদন করবো তথাকথিত তদানীন্তন স্বৈরতন্ত্র সরকারের দ্বারা নিগৃহীত যে সব লোককে কাজে ফেরত নিচ্ছেন তাদের দিয়ে দয়া করে বণ্ড লিখিয়ে নেবেন না। এতদিন যে আমরা চাকুরীতে বসেছিলাম তার পয়সা আমরা নেবো না। এইভাবে তাদের বঞ্চিত করার চেষ্টা করবেন না। তাদের কড়ায়-গণ্ডায় হিসাব মিলিয়ে দিয়ে কাজে বহাল করুন। মনে করবো আপনাদের আন্তরিকতা আছে। চালাকি দিয়ে কোন মহৎ কাজ করা যাবে না এটা সত্য। কাগজে তাঁরা বলেছেন সিকিউরিটি অব সারভিস দেবে এদের সেম পোষ্টে বহাল করবেন। কিন্তু মালকড়ির বেলায় কোন কথা বলেন নি এটা আমরা লক্ষ্য করেছি। মালকড়ি ছাড়বেন কিনা ? মালকড়ি কিছু ছাড়ুন। তা না হলে সত্যিই যদি ওরা দুঃখ-কষ্ট পেয়ে থাকে এবং সত্যিই যদি জনতা পার্টি সরকার এদের জন্য আন্তরিকভাবে দুঃখিত হন তাহলে তাদের স্ত্রী-পুত্ররা যে বঞ্চিত হয়েছে এতদিন এই বঞ্চনা যেন না থাকে। তাদের দেনা-পাওনা দিয়ে দিন দেশের মানুষ ধন্যবাদ দেবে, আশীর্বাদ করবে। কিন্তু এদের দিয়ে বণ্ড লিখিয়ে নেওয়া হবে যে স্বেচ্ছায় আমরা টাকা-পয়সা ত্যাগ করলাম এটা গণতন্ত্র নয়, গণতন্ত্রের প্রতি বলাৎকার, গণতন্ত্রের প্রতি অন্যায় করা একথাটা ওরা বুঝে দেখবেন। আমি আর একটা কথা এই প্রসঙ্গে নিবেদন করতে চাই। পশ্চিমবাংলা অভাবের দেশ বরাবরই বঞ্চিত উপেক্ষিত, বহু সংঘর্ষ, সংগ্রামের মধ্য দিয়ে আমরা আমাদের ভবিষ্যৎ গড়ার চেষ্টা করেছি। আমরা যে জমি দেওয়ার নামে কায়েমী স্বার্থের কিছু লোকের স্বার্থে আঘাত করেছি সেই সম্বন্ধে বলতে চাই। উত্তরপ্রদেশ বিহারের সম্বন্ধে যাঁদের অভিজ্ঞতা নেই তাঁরা অত্যন্ত বেশী চীৎকার করে বলছেন উত্তরপ্রদেশে, বিহারে কংগ্রেস মুছে গেছে। আমি

অত্যন্ত বিনয়ের সঙ্গে নিবেদন করতে চাই, উত্তরপ্রদেশ বিহারের কথা যাদের জানা আছে আশা করি নিশ্চয় জানা থাকবে, যাদের জানা নেই তাদের জানা দরকার। প্রত্যেক ভূমির মালিকের কাছ থেকে প্রত্যেক ভূমিহীন কৃষককে জমি দেবার নাম করে প্রত্যেক বিঘায় দু'কাঠা জমি আমরা নিয়েছিলাম যাতে তাদের বসতি করে দিতে পারি যারা বহুদিন ধরে বঞ্চিত হয়ে আছে। এই নির্বাচনে বিঘা প্রতি দু' কাঠা জমি কেড়ে নেবার স্রোত তারা তুলেছে। কায়েমী স্বার্থের স্বার্থে যখন আমরা হাত দিয়েছি নিশ্চয় সংঘর্ষ হবে। এবং আজকে একথা পরিষ্কার ৩০ বছরে এই সমাজযন্ত্রকে কাজে লাগাতে পারিনি—তারা আজকে অত্যন্ত ক্ষমতাধর শক্তিশালী, তারা এই নির্বাচনে ভোটারদের বলেছে ভোট দিতে তোমরাও যাবে না আমরাও যাবো না। ভূমিহীন, দরিদ্র, গরীব লোক যারা এতদিন ধরে ওদের মালিক মেনে এসেছে, প্রভু মেনে এসেছে তাদের লাঠির সামনে যেতে পারে না। কংগ্রেস প্রাণপাত করে ঘরবাড়ী দিয়েছে—তাদের ভোট দেবে? লাঠির ভয়ে তারা বুথে যেতে পারে নি। তবুও আমরা এই জনতার রায় মাথা পেতে স্বীকার করছি, এর বিরুদ্ধে কোন অবজ্ঞা করছি না, কোনরকম অভিযোগ করছি না। আমি অত্যন্ত পরিষ্কারভাবে এই কথা জানিয়ে দিতে চাই রায় যেভাবেই এসে থাকুক এই রায় আমরা স্বীকার করে নিচ্ছি এবং এই কথা মনে করার কোন কারণ দেখছি না যে, ওখানে জনতা সরকার হয়ে গেছে অতএব বিধানসভাগুলি ভেঙে দিতে হবে। ওপক্ষে যারা বসে আছেন তাঁদের মনে করিয়ে দিই এক একটি রাজ্যে এস পি ডি সরকার, পশ্চিমবঙ্গে পি ডি এফ সরকার, কেন্দ্রে কংগ্রেস সরকার (প্রাক্তন) সেদিন হয়েছিল, সেই সাংবিধানিক কাঠামোর মধ্যেই হয়েছিল, কোন টপল করে নি, কিন্তু টিকতে পারে নি। ওদিকে যাঁরা বসে আছেন তাঁদের আমি পরিষ্কারভাবে বলে দিতে চাই জনতার রায় যদি আমাদের কাছে গ্যারাণ্টেড না থাকে, যারা হুমকী দিয়ে গণতন্ত্রের কণ্ঠরোধ করবেন তাদেরও চলে যেতে হবে, পশ্চিমবাংলার জনসাধারণের কাছে তাঁদের ঠাঁই নেই। পশ্চিমবঙ্গের মানুষ অত্যন্ত সচেতন, তারা চুলচেরা বিচার করে বলে দেবে—অতএব দিল্লীর আনন্দে খুব আনন্দিত হওয়া ঠিক নয়। আমরা দিল্লীর লাড্ডু খেয়েছি, নতুন যাঁরা খাবেন তাঁরা পস্তাবেন, আমরা পস্তাচ্ছি, এ সম্বন্ধে কোন ভুল নেই। অতএব এই নিয়ে লাফালাফি করে লাভ নেই, বরং কলকাতার রসগোল্লার উপর সন্তুষ্ট থাকা দরকার—যা আছে তাতেই সন্তুষ্ট থাকা দরকার। আমি মনে করি এর মধ্যে উচ্ছ্বাসের কিছু নেই, রাজনৈতিক আস্ফালনের কিছু নেই। রাজনৈতিক জীবনে এটা ঘটেই থাকে। যেই মুহূর্তে আমরা গণতন্ত্রকে স্বীকার করে নিয়েছি সেই মুহূর্তে অবচেতন মনে আমরা এও জানি গণতন্ত্রে আজকে যিনি ক্ষমতায় আছেন কালকে তিনি ক্ষমতাচ্যুত হবেন। আমরা জনসাধারণের রায় খতিয়ে দেখব, বিচার করব। অন্যায় কিছু করেছিলাম ইমার্জেন্সী নিয়ে—প্রশ্ন উঠেছে ইমার্জেন্সীতে যদি কিছু কাজ হয়ে থাকে তাহলে নিশ্চয় সম্ভব হয়েছে। নাসবন্দী বিক্রি করা হয়েছে বলা হয়েছে। জনতা পার্টির রাজনারায়ণ এখন তো বসেছেন—কংগ্রেস থেকে তা নাসবন্দী করা হয়েছে, তিনি এখন সেগুলি খুলে দিন—খুলে দিয়ে এখন প্রমাণ করে দিন। ওরা বলছেন আণ্ডু করব কংগ্রেস যা করেছে—এখন এই আণ্ডুটা করে দিন—এটা খুলে দিন। এটা যদি করতে পারেন তাহলে নিশ্চয় উত্তর ভারতে তাদের জন্য স্থান থাকবে। দিল্লীর এই নির্বাচনে আমি আগেই মনে করেছিলাম ভারতবর্ষের ভাগ্য মোড় খাচ্ছে। আজকে আমরা মনে করছি ভারতবর্ষের ভাগ্য মোড় খাচ্ছে। তবুও আনন্দের কথা বাজপেয়ীর মত লোক স্বীকার করেছেন কংগ্রসের বৈদেশিক নীতি নির্ভুল ছিল, এই নীতি ভবিষ্যতে তারা মেনে চলবেন এই কথা বলেছেন। অতএব আমরা যে নির্ভুলভাবে দেশকে

চালিয়েছি অটলবিহারী বাজপেয়ীর মত লোক—চরম শত্রু—তিনিও স্বীকার করেছেন এই নীতি মেনে চলবেন। আজকে কেন্দ্র এবং রাজ্যে প্রতিদ্বন্দ্বিতা হোক কে কত সুষ্ঠুভাবে তার এলাকায় সেবা করতে পারে, কে কত কাজ করে যেতে পারে—এই প্রতিদ্বন্দ্বিতায় টিকতে পারলে থাকবেন, যাবার হলে যাবেন। গণতন্ত্র পরিপুষ্ট হচ্ছে। পরিপুষ্ট গণতন্ত্রে একদল আসবে, আর একদল যাবে, এই নিয়ে খুব বেশী আস্ফালন করে লাভ নেই। আমরা পশ্চিমবাংলা বিধানসভায় বাজেট নিয়ে আলোচনায় বসেছি এবং এটার উপর আমাদের মাইণ্ড কনসেনট্রেট করা উচিত। আমরা পশ্চিমবাংলার মানুষের কল্যাণের জন্য যতটুকু সময় পাব সেই সময়ের মধ্যে কাজ করে যাব। সেই জন্য এই বাজেট বক্তৃতায় পশ্চিমবাংলার রাজ্যপাল যে ছবি তুলে ধরেছেন—এই ছবিকে আমাদের সামনে রেখে তাকে ধন্যবাদ প্রস্তাব দিয়ে আগামীদিনের কাজে আত্মনিয়োগ করি এবং পশ্চিমবাংলার মানুষের জন্য অনেক কিছু করার বাকি আছে—সেই কাজে আত্মনিয়োগ করে আমাদের বিরাট একটা কর্তব্য পালন করা উচিত বলে আমি মনে করছি।

অন্য লোকের আলোকে আলোকিত না হয়ে, নিজের যদি আলো থাকে তাহলে সেই আলোকে প্রস্ফুটিত করে আসুন আমরা পশ্চিমবাংলার মানুষকে পথ দেখাই এবং তার মধ্যে দিয়েই আমরা মনে করবো আমাদের কর্তব্য পালন করছি। কুৎসা নয়, তিক্ততা নয়, কোন লোককে ছোট-বড় করার প্রশ্নও আজকে আর নয়। আমরা সবাই সমান, আমরা সবাই পিগমি। এর মধ্যে কে বড় কে ছোট সে প্রশ্ন আজকে আর নয়। দেশের মানুষই আমাদের কাছে বড়, দেশের জনসাধারণই আমাদের শেষ কথা, তাদের সেবার জন্যই আমরা আত্মনিয়োগ করেছি। কাছেই দেশের জনসাধারণের সেবা করাই আমাদের কর্তব্য এবং সেজন্য আমরা প্রতিজ্ঞাবদ্ধও। পরিশেষে বলি, অন্য জায়গার নির্বাচনের ফলাফলকে টেনে নিয়ে এসে কুৎসা রটনা না করে, একজন আর একজনকে ছোট-বড় না করে আমাদের সামনে যে বিস্তর কাজ সেই কাজ পূরণ করবার জন্য আসুন আমরা প্রচেষ্টা শুরু করি। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে, এই প্রস্তাব যাতে সর্বসম্মতিক্রমে তাঁর কাছে পাঠাতে পারি সেই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[5-00—5-10 p.m.]

শ্রীগোবিন্দ চ্যাটার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন করতে পারছি না। সমর্থন করতে পারছি না তার কারণ, গত এক বছরে সামগ্রিকভাবে রাজ্যের অর্থনৈতিক পরিস্থিতির প্রচণ্ড অবক্ষয় হয়েছে। জরুরী অবস্থার মধ্যেও মূল্যবৃদ্ধি হয়েছে। সরষের তেলের কথা বাদই দিলাম, সরষের তেল ছাড়াও প্রতিটি নিত্যব্যবহার্য পণ্যের প্রচণ্ড মূল্যবৃদ্ধি হয়েছে এবং এখনও হয়ে চলেছে। আজকে রাজ্যের প্রশাসনের পক্ষ থেকে গভর্ণর এ্যাড্রেসের মাধ্যমে যে বক্তব্য রাখা হয়েছে সেই বক্তব্যে কোন সচেতনতা নেই যে, আজকে রাজ্যের অর্থনৈতিক অবস্থাকে কোথায় নিয়ে যাওয়া হচ্ছে। স্যার, গ্রামাঞ্চলের জনসাধারণের ক্রয়ক্ষমতার নতুন করে অবক্ষয় হয়েছে। রেশনের কোন ব্যবস্থা নেই, যা আছে তাকে রেশন বলা যায় না। সেখান থেকে একটা দিনের খাদ্যও মানুষ যোগাড় করতে পারে না। পাবলিক ডিস্ট্রিবিউশন সিষ্টেম নেই, যেটুকু ছিল তাকেও ফেয়ার-ওয়েল দেওয়া হয়েছে। খাদ্য নেই, পানীয় জল পর্যন্ত দেওয়া যায় না। গ্রামে গেলে দেখবেন

সেখানে একটিমাত্র যে টিউবওয়েল ছিল তাও আজকে খারাপ হয়ে গিয়েছে। এই বিধানসভায় স্যার, আপনি জানেন, আমাদের বন্ধুরা, কংগ্রেসের মাননীয় সদস্যরা তারাও দিনের পর দিন সে কথা বলছেন। আজকে খাদ্য নেই, পানীয় জল নেই, এমন কি যে টিউবওয়েলগুলি ছিল সেগুলিও মেরামত করা যাচ্ছে না। আজকে এরা বলছেন, ব্লক পিছু নাকি দু' হাজার টাকা করে দেবেন। স্যার, দু' হাজার টাকাতে দুটি নতুন টিউবওয়েল হবে কিনা সন্দেহ। স্যার, এই যখন পরিস্থিতি তখন নতুন করে ঋণ আদায়ের জুলুম শুরু হয়েছে। স্যার, জরুরী অবস্থায় সরকার একটা ভাল কাজ করেছিলেন সেটা হচ্ছে, মহাজনী ঋণ মকুব করার ব্যবস্থা করা, তার উপর মোরাটোরিয়ামের ব্যবস্থা করা। মহাজনী ঋণ সম্বন্ধে যখন সিদ্ধান্ত নিয়েছিলেন তখন সরকারী ঋণ আদায়ের ব্যাপারে সহানুভূতি বা অনুকম্পা সাধারণ মানুষের প্রতি দেখানো হয়নি।

আমি আমার জেলায় দেখেছি, আমার কেন্দ্রে দেখেছি, অন্য জেলায় দেখেছি এবং অনেক কংগ্রেসী এম এল এ বন্ধুদের কাছেও শুনেছি যে মহাজনী ঋণ মকুবের ব্যবস্থা রাখা সত্ত্বেও সরকারী ঋণ মকুবের ব্যাপারে কোন ব্যবস্থা হল না। বরং সরকারী ঋণ আদায় করার ব্যাপারে প্রচণ্ড জোর-জুলুম চলছে। আমি এমন উদাহরণ দেখাতে পারি যে গরীব কৃষক, গরীব ক্ষেতমজুরের উপর সরকারী ঋণ আদায়ের জন্য তাদের অসামর্থ্যের জন্য হয়ত তারা দিতে পারছে না, সেখানে পুলিশ দিয়ে জুলুম করা হচ্ছে, কৃষকের উপর শারীরিক বলপ্রয়োগ করা হচ্ছে পুলিশের সাহায্যে এমন উদাহরণ আমার কাছে আছে। যদি কেউ চান আমি দিতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারী ঋণ আদায় করা হোক সেটা সকলেই চায়। যারা স্বচ্ছন্দে দিতে পারে তাদের কথা আলাদা, কিন্তু যারা অপারগ, তাদের কি গরু-বাছুর নিয়ে টানাটানি করতে হবে? তাদের ঘরে যেটুকু তৈজসপত্র আছে সেটা নিয়ে টানাটানি করতে এইজন্য কি সাধারণ মানুষ আপনাদের ভোট দিয়ে পাঠিয়েছিল? আপনারা সংখ্যাগরিষ্ঠতা পেয়েছিলেন সেটা কেউ অস্বীকার করবে না। আপনারা সংখ্যাগরিষ্ঠ হয়ে এই বিধানসভায় এসেছিলেন এবং সেই সংখ্যাগরিষ্ঠতার গর্বে ভাবান্ধ হয়ে সাধারণ মানুষের উপর অনেক অত্যাচার করেছেন এটা কেউ অস্বীকার করতে পারবে না। অন্তত নির্বাচনের রায় সেটাই দেখিয়ে দিয়েছে। আপনারা বলবেন আপনাদের সঙ্গে সঙ্গে আমরাও পরাজিত হয়েছি। হ্যাঁ, পরাজিত হয়েছি। কিন্তু কেন পরাজিত হয়েছি সেটা আপনারাও যেমন জানেন, আমরাও তেমনি জানি। কিন্তু প্রশ্ন হচ্ছে এই যে সেটা বুঝবার জন্য সদিচ্ছা থাকা চাই। নির্বাচনমণ্ডলীর রায়কে সম্মান দেবার মত সদিচ্ছা থাকা উচিত। সেই সদিচ্ছা আপনাদের বহু বন্ধুর মধ্যে দেখতে পাওয়া যাচ্ছে না। যে কারণে আজকে তারা বারেবারে ক্ষিপ্ত হয়ে বক্তৃতায় বাধা দিতে চাইছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলে যখন এইরকম অবস্থা তখন শহরাঞ্চলে আমরা কি দেখছি? সেখানে আমরা দেখছি যে জরুরী অবস্থার সুযোগে শ্রমিকদের বোনাস কেটে নেওয়া হয়েছে। যে শাসকদল পশ্চিমবঙ্গে আজকে শাসন করছেন, তারা কেন্দ্রে এতদিন শাসন করে এসেছেন। ১৯৬৫ সালে payment of Bonus Ordinance করে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে শ্রমিকরা ৪% বোনাস আদায় করেছিল। সেই Payment of Bonus Ordinance-এ সেই অধিকার স্বীকৃত হয়েছিল। পরবর্তীকালে সেটা এ্যামেণ্ডমেণ্ট হয়েছিল ৪% বোনাস লাভ না হলেও, লোকসান হলেও শ্রমিক শ্রেণী পেয়ে যাচ্ছিল। তার পরবর্তী অবস্থায়, দীর্ঘদিনের শ্রমিক আন্দোলনের চাপে শ্রমিক সংস্থা ও সকলের মিলিত [illegible] চাপে সেই ৪% বোনাসকে ৮৪%-এ তোলা গিয়েছিল এবং বিগত ৩ বছর ধরে তারা

সেই বোনাস পেয়ে আসছিলেন। যখন জরুরী অবস্থা ঘোষণা করা হল, কি হল জানি না, শ্রদ্ধেয়া নেত্রী ইন্দিরা গান্ধীর মাথা কিভাবে খারাপ হল জানি না, কে তাঁকে পরামর্শ দিয়েছিলেন জানি না, যে বোনাস কমিয়ে দিলে নাকি মুদ্রাস্ফীতি কমে যাবে। তার ফলে ৮৳% বোনাস যেটা তারা নীতিগতভাবে স্বীকার করেছিলেন সেই ৮৳% বোনাস কেটে দেওয়া হল। বলা হল, লাভ না হলে ৮৳% বোনাস দেওয়া যাবে না। এমন কি ৪% বোনাসও দেওয়া যাবে না—এই হচ্ছে অবস্থা। শুধু তাই নয়, মহার্ঘভাতার হিসাবের ব্যাপারেও কারচুপি রয়েছে। যেটুকু মহার্ঘভাতা শ্রমিকরা পেয়েছে তারও অর্ধেক আবার কেটে রাখা হচ্ছে। সেই অর্ধেক ৫ কিস্তিতে ফেরত দেবার কথা, কিন্তু সব ক্ষেত্রে তা হয়নি। প্রথম কিস্তি কিছু কিছু ক্ষেত্রে দেওয়া হয়েছে কিন্তু অধিকাংশ ক্ষেত্রে দেওয়া হয়নি। এই বর্ধিত মহার্ঘভাতার সি ডি এস-এর কিস্তি যেটা ফেরত দেওয়া হয়েছে সেখানে তার সুদটা পর্যন্ত ফেরত দেওয়া হয়নি। এই প্রশাসক, এই আমলাতন্ত্র, এদের নিয়ে ওরা সমাজতন্ত্র আনতে চেয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সি ডি এস-এর ব্যাপারেও শ্রমিক শ্রেণীর উপর যে জুলুম হয়েছে তার কোন সীমা নেই। মহার্ঘভাতা দেওয়া হয় মহার্ঘ বাড়ে বলে, ডিয়ারনেস এ্যালাউন্স দেওয়া হয় ডিয়ারনেস এ্যালাউন্স বাড়ে বলে। কিন্তু ডিয়ারনেস এ্যালাউন্সের অর্ধেক টাকা আবার পিছনের দরজা দিয়ে কেটে নেওয়া এটা পৃথিবীর ইতিহাসে কোথাও আছে বলে অন্তত আমার জানা নেই। এই কাজও তারা করেছেন এবং সেই ন্যক্কারজনক কাজের সমর্থন বহু কংগ্রেস বন্ধুর কাছে পাওয়া যায়। যারা শ্রমিক আন্দোলন করেন তাদের এই ব্যাপারে সমর্থন করতে একটুও বুক কাঁপেনি। মূল্য-বৃদ্ধির ব্যাপারে একটা প্রাইস ইন্‌ডেক্স সিস্টেম চালু আছে। মূল্যবৃদ্ধি হলে প্রাইস ইন্‌ডেক্স বাড়ে। কিন্তু তার ব্যাপারেও হিসাবের কারচুপি আছে। যে-সমস্ত বণিক সংস্থা আছে তারা এই ব্যাপারে হিসাবের কারচুপি করেন। এমন কি সরকারী সংস্থায় যাঁরা আছেন সেখানেও হিসাবের কারচুপির অভিযোগ হয়েছে। আমরা দেখেছি Bengal Chamber of Commerce যে হারে ডিয়ারনেস এ্যালাউন্স দেয়, তখন সেই সংস্থার ক্ষেত্রে ডিয়ারনেস এ্যালাউন্স বাড়ছে, সংস্থাগুলির সমিতির ক্ষেত্রে যখন বাড়ছে তখন রাজ্য সরকারী কর্মচারীদের ক্ষেত্রে ডিয়ারনেস এ্যালাউন্স কমে যাচ্ছে, ব্যাঙ্কের ক্ষেত্রে কমে যাচ্ছে। এসব ঘটনা আমরা জানি। কাজেই এই মহার্ঘভাতার ব্যাপারে কারচুপি আছে। সেই কারচুপি রেক্‌টিফাই করার কোন ব্যবস্থা নেই। কিন্তু এই ব্যাপারে রাজ্য সরকারের ভূমিকা আছে।

[5-10—5-20 p.m.]

তারপর শহরে শ্রমিক শ্রেণীর ক্ষেত্রে গত এক বছরে লে-অফ, লক-আউটের নতুন করে আক্রমণ হচ্ছে, ছাঁটাই না করে আক্রমণ হচ্ছে এবং প্রায় অধিকাংশ ক্ষেত্রে এই মালিক শ্রেণীর কাছে এই সরকার অত্যন্ত অসহায়ভাবে নতিস্বীকার করেছেন। আমি আপনাদের হিন্দুস্থান মোটর্সের উদাহরণ দিতে পারি, আমার কেন্দ্রে অবস্থিত বলে নয়, পশ্চিমবাংলার একটা প্রধান শিল্প বলে। সেখানে সরকার তাদের কি কনসেশন না দিয়েছেন, তাদের সেলস ট্যাক্স মকুব করে দিয়েছেন, ইনকাম ট্যাক্স মকুব করে দিয়েছেন, দুনিয়ার যতরকম ট্যাক্স আছে, সবরকম কনসেশন দিয়েছেন, তার পরিণামে হিন্দুস্থান মোটর্সের আজকে প্রডাকশন প্রায় নর্মাল অবস্থায় এসে যাওয়া সত্ত্বেও তারা লে-অফ তুলছে না, তারা শ্রমিকদের বঞ্চনা করে যাচ্ছে এমন কি আইন অনুযায়ী যে কমপেনসেশন দেবার প্রথা চালু আছে, তাকেও পদদলিত করে চলেছে। পশ্চিমবাংলায়

সরকার একটা ভাল কাজ করেছিলেন, হাউজ রেণ্টের ব্যাপারে একটা আইন করেছিলেন আমরা ধন্যবাদ জানিয়েছিলাম এবং এখনও জানাচ্ছি, কিন্তু হিন্দুস্থান মোটর্সের ক্ষেত্রে তারা সেই আইনকে পদদলিত করে চলেছে, হাউজ রেণ্ট তাঁরা দেন না, আমাদের রাজ্য সরকার বিড়লার পায়ে নতিস্বীকার করেছেন। শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম, উনি বললেন, এটা বিড়লার ব্যাপার, দিল্লীর অনুমতি ছাড়া হবে না, আমরা কিছু করতে পারছি না। আমরা বিশ্বাস করতে চাই, এখানকার মন্ত্রীদের যে তাদের সদিচ্ছা আছে, কিন্তু সদিচ্ছা থাকলেই চলবে না, কেন্দ্র যদি অবিচার করে, তার বিরুদ্ধে রুখে দাঁড়াবার প্রয়োজন রয়েছে। মোসাহেবী করে বেশীদূর এগোন যাবে না। সরকারী কর্মচারীদের মহার্ঘভাতা কেন্দ্রীয় সরকারের হারে হওয়া উচিত, এটা নীতিগতভাবে তারা স্বীকার করেন। আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি, তিনি গত কয়েকদিন আগে এটা নীতিগতভাবে স্বীকার করেছেন এবং ২৪ টাকা বাড়িয়েছেন। আর বাকী টাকার জন্য তিনি কেন্দ্রীয় সরকারের কাছে সাহায্য চেয়েছেন। কেন্দ্রীয় সরকার যদি সাহায্য দেন সকলে খুশি হবেন এবং আমরাও হব। কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চান, কিন্তু ভারতবর্ষের বহু ছোট ছোট রাজ্য আছে, তারা কেন্দ্রীয় হারে যদি মহার্ঘভাতা দিতে পারে তাহলে পশ্চিমবঙ্গে আমরা দিতে পারবো না কেন? পশ্চিমবাংলার সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা, আমরা কি ফাইন্যান্স কমিশনের কাছে এই টাকা চাইতে পারি না? যে এই হারে আমরা দিচ্ছি, এর জন্য আমাদের এত অতিরিক্ত খরচ হচ্ছে, তার জন্য তোমরা আমাদের ভর্তুকি দাও, কিন্তু টাকা না দিয়ে ভর্তুকি চাওয়া বোধ হয় ততটা ন্যায়সঙ্গত নয়, যতটা তাঁরা বলবার চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকারী হারে মহার্ঘভাতা দেওয়া উচিত, এই দাবীকে নীতিগতভাবে নিজে সমর্থন করি কিন্তু গভর্ণর্স এ্যাড্রেসে এই ব্যাপারে যথেষ্ট পরিমাণে সচেতনতা নেই। সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দেননি ভাল, কিন্তু সরকারী প্রশাসন কিভাবে চলছে, সম্পূর্ণ আমলাতন্ত্রের হাতে তাঁরা সরকারকে ছেড়ে দিয়েছেন। এবং ২০ দফার দফারফা যদি কেউ করে থাকেন তাহলে এই আমলাতন্ত্র। তাঁরা ২০ দফার যে মূল কর্মসূচী, যে মূল ফিলজফি, তাকে দফারফা করবার জন্য তাদের যে সজাগ চেষ্টা, সেটা বহু ক্ষেত্রে লক্ষ্য করেছি এবং রাজ্য সরকার এই আমলাতন্ত্রের হাতে তামাক খেয়েছেন। জনপ্রিয় কমিটি করার পরিবর্তে যদি আমলাতন্ত্রের উপর ২০ দফা কর্মসূচী রূপায়ণের ভার দেওয়া হয় তাহলে সেটা রূপায়ণ ঐ রকমভাবে হবে এবং সেই রূপায়ণে জনসাধারণকে সন্তুষ্ট করা যাবে না। যদি তাঁরা প্রতিটি ক্ষেত্রে জনপ্রিয় কমিটি করতেন, গ্রামে গ্রামে অঞ্চলে অঞ্চলে ব্লকে ব্লকে জনপ্রিয় কমিটি করে ২০ দফা কর্মসূচী যাতে প্রকৃত রূপায়ণ হয় এবং সেই রূপায়ণের ক্ষেত্রে জনসাধারণকে ইনভল্‌ভ করবার চেষ্টা করতেন তাহলে আজকে ফল অনেক ভাল হত। ২০ দফা সম্পর্কে তাঁরা পরিষ্কারভাবে বলতে পারতেন যে আমরা কিছু করেছি, এবং এর মধ্যে জনসাধারণকে টেনে আনতে পেরেছি এবং তাতে আমলাতন্ত্রের যে খারাপ প্রভাব সেটা খর্ব করা যেত। সরকারী অফিসগুলোর চেহারা মন্ত্রীরা দেখেছেন, মাননীয় মুখ্যমন্ত্রী দেখেছেন কিনা আমার জানা নেই। সরকারী দপ্তরে যদি যান তাহলে দেখবেন—সেটা দেখে মনে হবে, একটা সিমেণ্টের গোডাউন, সেখানে ধুলোয় ভর্তি, অর্ধেক লোকের চেয়ার নেই, চেয়ার আছে তো টেবিল নেই, একটা দুঃসহ অবস্থা, এই অবস্থায় কাজ হতে পারে না। কোন কণ্ডিশন অব ওয়ার্ক—সুস্থভাবে যে কর্মচারীরা কাজ করবে, তার ব্যবস্থা নেই, আমি করণিকদের কথা বলছি, অন্য কারোর কথা বলছি না। হেড কোয়ার্টারেই হচ্ছে এই অবস্থা। সেই প্রশাসনিক সংস্কার হলো না। অফিস ম্যানেজমেণ্ট, যেটা আন্তর্জাতিকভাবে বৈজ্ঞানিক স্তরে

গিয়েছে, সেটা আজকেও এখানে নবাবী কায়দায় চলছে। আমাদের সরকারের ফাইলিং সিষ্টেম আজকে নবাবী আমলকেও হার মানিয়ে দেয়। আধুনিক যুগে তা দিয়ে কাজ হয় না। সরকারী প্রশাসনে প্রশাসনিক সংস্কার হলো না। এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিশন অনেক সুপারিশ করে গেছে এবং সে নিয়ে আমরা অনেকবার দাবী করেছি যে, এ ব্যাপারে আপনারা একটা কমিটি করুন, তার ভিত্তিতে আপনারা এগিয়ে যান এবং প্রকৃত পক্ষে প্রশাসনিক সংস্কারের প্রোগ্রাম নিয়ে নামুন। কিন্তু প্রশাসনিক সংস্কারকে সম্পূর্ণভাবে অবহেলা করা হয়েছে। অথচ ১৯৭২ সালের নির্বাচনের আগে পরিচ্ছন্ন প্রশাসন দেশকে উপহার দেব, এই প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেই প্রতিশ্রুতি রক্ষিত হয়েছে কি? সরকারী অফিসের কর্মচারীদের ট্রেড ইউনিয়ন অধিকার নেই। গিরিজাবাবু ফাইল নং তুলে উদাহরণ দিয়েছেন সেখানে কি অগণতান্ত্রিক ব্যবস্থা চলছে এবং সরকারী কর্মচারীদের বিক্ষোভ সরকার নানাভাবে তৈরী করে দিয়েছে। যে-সমস্ত কর্মচারীদের শাস্তি দেওয়া হয়েছে, তাদের শাস্তি মকুবের সেই দয়া-ধর্ম দেখা গেল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষের মাননীয় বন্ধু মৃগেনবাবু আজকে গণতন্ত্রের কথা বললেন। তিনি ভুলে গেলেন যে, যদি গণতন্ত্রকে রক্ষা করতে হয় তাহলে গণতন্ত্রকে প্রসারিত করতে হবে। গণতন্ত্রকে রক্ষা এবং প্রসার করবার প্রচেষ্টা শাসক দল করেছেন কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ-ব্যাপারে আমি একটা কথা বলব যে, একটু আগে মাননীয় মন্ত্রী শ্রীসুব্রত মুখার্জী মহাশয় বললেন ১৯৬৪ সাল থেকে অঞ্চল পঞ্চায়েতগুলির নির্বাচন করা সম্ভব হয়নি। এর কারণ জিজ্ঞাসা করতে উনি বললেন এর পিছনে মূলত প্রশাসনিক এবং কিছুটা রাজনৈতিক কারণ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি রাজনৈতিক কারণে পঞ্চায়েতের নির্বাচন করা সম্ভব না হয়, যদি প্রশাসনিক কারণে পঞ্চায়েতের নির্বাচন করা সম্ভব না হয়, সেই ১৯৬৪ সাল থেকে আজ ১৯৭৭ সাল পর্যন্ত এই দীর্ঘ ১৩-১৪ বছর যদি নির্বাচন করা সম্ভব না হয়, তাহলে কি করে গণতন্ত্রকে প্রসারিত করবেন? যাঁরা ১৯৬৪ সালে নির্বাচিত হয়ে এসেছিলেন তাঁদের মধ্যে বহু লোক মারা গিয়েছেন, তাহলে কাদের নিয়ে গণতন্ত্রকে প্রসারিত করবেন? পৌরসভাগুলির ক্ষেত্রেও এই একই জিনিস। এমন অনেক উদাহরণ দিতে পারি যেখানে ১৪ থেকে ১৮ বছর নির্বাচন হয়নি। ৮-১০ বছর নির্বাচন হয়নি এরকম বহু পৌরসভা আছে। আপনারা গণতন্ত্রকে প্রসারিত করছেন কিভাবে? আপনি মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েশনে খোঁজ নিলে জানতে পারবেন, আমি ঐ সংস্থার সঙ্গে যুক্ত আছি এবং আমাকে এ ব্যাপারে মাঝে মাঝে স্বায়ত্তশাসন মন্ত্রীর কাছে যেতে হয়। ওরা অনেক পৌরসভার নির্বাচিত বোর্ডকে বাতিল করে দিয়েছেন। সম্প্রতিকালের উদাহরণ বাঁকুড়া পৌরসভার ক্ষেত্রে এই জিনিস ঘটেছে। স্বায়ত্তশাসনমন্ত্রী এখন এখানে নেই, তাঁকে জিজ্ঞাসা করতাম বাঁকুড়া পৌরসভার কমিশনারদের বাতিল করে দেওয়া হলো কেন, কি করেছিলেন তাঁরা, চুরি করেছিলেন? এইরকম বহু ক্ষেত্রেই দেখা যাচ্ছে পৌরসভাকে বাতিল করে দিয়ে, নির্বাচন বন্ধ রাখা হচ্ছে। পৌরসভার বোর্ডকে বাতিল করে দিয়ে, নির্বাচন না করে, পঞ্চায়েতের নির্বাচন না করে গণতন্ত্রকে প্রসারিত করা যায় না—স্বায়ত্তশাসনকে বাতিল করে দিয়ে গণতন্ত্রের প্রসার হয় না। বেসিক ডেমক্রেটিক ইনষ্টিটিউশন যেগুলি আছে সেগুলিকে প্রসারিত করতে হবে, সংগঠিত করতে হবে তারা যাতে নিজেদের অর্গানাইস করে কাজ করতে পারে, সরকারের মুখাপেক্ষী হয়ে তাদের যেন না থাকতে হয়, সেদিকে সজাগ থাকা দরকার। তবেই গণতন্ত্রের প্রসার ঘটবে। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত : অধ্যক্ষ মহাশয়, এই গণতান্ত্রিক বিধানসভায় কাশীবাবু যে বক্তব্য রেখেছেন তাতে পশ্চিমবাংলার সাধারণ মানুষের সুখ-দুঃখের কথা বলা হয়নি, হাজার হাজার, লক্ষ লক্ষ বেকার যুবকদের বেকারত্বের জ্বালা যা পশ্চিমবাংলার বুকে চেপে বসে আছে তা তাঁকে নাড়া দিতে পারেনি, দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটায় জনসাধারণের জীবন যে বিপন্ন হতে চলেছে সে সম্বন্ধে তিনি নীরব। অর্থাৎ তাঁর একমাত্র বক্তব্য ও লক্ষ্য হচ্ছে পশ্চিম-বাংলায় বিধানসভা ভাঙতে হবে—আভি কর, জলদি কর। এই বিধানসভায় শ্রদ্ধেয় পি সি সেন বা কাশীবাবুর দয়ায় আমরা আসিনি। ৪২তম সংবিধান যেটা সংশোধন হয়েছে যেটা হবার পর আজ সেটা ভারতবর্ষের সংবিধানের সঙ্গে যুক্ত হয়েছে। আজ কাশীবাবুর কোন অধিকার নেই ৪২তম সংবিধান যেটা সংশোধন হয়েছে সেটা মানছি না বলার। আপনারা যদি লোক-সভায় এটা পরিবর্তন বা পরিবর্ধন করতে পারেন তাহলে সেকথা বলতে পারেন। অতএব যতক্ষণ না পর্যন্ত এটা সংবিধানে আছে ততক্ষণ পর্যন্ত অটলবিহারী বাজপেয়ী বা জ্যোতি বসুর শক্তি নেই এই বিধানসভা ভাঙার। আমরা দৃপ্তকণ্ঠে ঘোষণা করছি এই বিধানসভা অগণতান্ত্রিক উপায়ে ভাঙা যাবে না—এটা চলছে চলবে। এই সংবিধান সংশোধন হবার জন্য আপনারা উত্তেজিত। আপনি বিশিষ্ট আইনজ্ঞ নন, রাজনীতিবিদও। আপনি নিশ্চয় জানেন সংবিধানের থার্ড সিডিউলে আছে যেটা

Oath of Office for a Minister of the union তাতে আছে I swear in the name of God that I will bear true faith and allegiance to the constitution of India as by law established.

সুতরাং আপনি বিধানসভায় এই কথা বলছেন আর আপনার নেতারা লোকসভার যে কনসটিটিউশনের আজ আপনি আদ্যশ্রাদ্ধ করছেন তার উপর নির্ভর করে শপথ নিয়ে ভারতবর্ষের প্রধানমন্ত্রী হয়েছেন। আপনি যদি অগণতান্ত্রিক মনে করেন তাহলে সেদিন কেন পদত্যাগ করেন নি। ১৯৭২ সালে আমরা বিপুল সংখ্যাগরিষ্ঠতায় এই বিধানসভায় এসেছিলাম সেদিন এই দাবী উত্থাপন করেন নি কেন যে ১৯৭২ সালে যে সি পি এমকে ইতিহাসের ডাস্টবিনে নিক্ষেপ করেছে তাদের দিল্লী থেকে চলে আসতে হবে, পদত্যাগ করতে হবে। এসব কথা কিন্তু তিনি সেদিন বলেন নি। তিনি ৫৯ ধারার কথা বলেছেন এবং এটা নিয়ে কাগজেও খুব লিখেছে। আমরা নাকি একটা লাইনের দয়ায় এখানে আছি এবং এটা যদি গ্রহণ করেন তাহলে আমাদের সরানো যায়। ৫৯ ধারায় বলছে

If any difficulty arises in giving effect to the provisions of the Constitution, as amended by this Act, the President may by order make such provision including adoption or modification of the provisions of the Constitution as appear to him to be necessary or expedient for the purpose of removing the difficulty.

তাহলে স্যার কি বলা হচ্ছে—ইফ এনি ডিফিক্যালটি এ্যারাইজেস ইন গিভিং এফেক্ট টু দি প্রভিশনস, অর্থাৎ যে সংবিধান সংশোধিত হয়েছে সেই সংবিধান সংশোধন করার পর তাকে কার্যকরী করাতে গিয়ে যদি কোন অসুবিধা হয় তাহলে প্রেসিডেণ্ট কতকগুলি হুকুম দিতে পারেন। কিন্তু উনি তা বলছেন না, উনি যা মানেটা করতে চাইছেন তাতে উনি বলছেন ৫ থেকে ৬ বছর যেটা হচ্ছে এটা ইন গিভিং এফেক্ট টু না, উনি বলছেন এটাকে নালিফাই করতে হবে। স্যার, ৫৯ নম্বরে নালিফিকেশনের কথা বলা নেই, বলা হচ্ছে সংবিধান মেনে নিয়ে

সেখানে হুকুম দিতে হবে। সংবিধান ধ্বংস করে নালিফিকেশন করার এক্তিয়ার ভারতের যে রাষ্ট্রপতি তাঁরও নেই। স্যার, আজকে যে সমস্যাগুলি আমাদের সামনে তোলা হয়েছে তাতে উনি বলছেন যে আমরা যদি গদি ছেড়ে না চলে যাই—স্যার, বিধানসভায় আজকে আছি, আজকে পৃথিবীতে আছি, কালকে পৃথিবী থেকে চলে যাব, বিধানসভা তো জীবনের চেয়ে বড় নয়, সমস্যা সেখানে নয়, উনি ১৯৭২ সালের নির্বাচন মানতে চাইছেন, ১৯৭৭ সালের নির্বাচন মানতে চাইছেন, কিন্তু ১৯৭১ সালের যে নির্বাচন সেই নির্বাচনের দ্বারা যে সংবিধান সংশোধিত হয়েছে সেটা উনি মানতে চান না। তাহলে বুঝুন স্যার, উনি গণতন্ত্রী, না, আমরা সত্যিকারের গণতন্ত্রে বিশ্বাস করি। আজকে উনি একথা বলছেন যে আমরা যদি ওঁর কথায় কর্ণপাত না করি তাহলে কাশীবাবুর দল, ঐ সি পি এম দল আমাদের পশ্চিমবঙ্গ থেকে মুছে দেবে। স্যার, এটা আশ্চর্যের কথা, অবাক বিস্ময়ে শুনতে হয়। যে বৃটিশ সাম্রাজ্যে সূর্য কোনদিন অস্ত যেত না আমরা তাদের সঙ্গে লড়াই করেছি, যে মুসলিম লিগ বলতে পারত হাজারটা জওহরলাল পকেট থেকে বার করছি আমরা তাদের সঙ্গে লড়েছি, যে সি পি এম ৭০০ জন মানুষকে খুন করে খুনের গর্বে গর্বিত সেই সি পি এমের সঙ্গে আমরা লড়াই করেছি। কাশীবাবু, আপনার দিল্লীর শক্তি অন্ততপক্ষে আর যাই হোক আমাদের সরিয়ে দেবার মত সে শক্তি আপনাদের নেই। গণতান্ত্রিক পদ্ধতিতে আপনারা যদি সরিয়ে দেন তাহলে আমরা আপনাদের নমস্কার করে চলে যাব। কিন্তু অগণতান্ত্রিক পদ্ধতি যদি আপনারা গ্রহণ করেন তাহলে একথা জেনে রাখুন কাশীবাবু গ্রাম থেকে গ্রামে, শহর থেকে শহরে বিধানসভার সদস্যরা আন্দোলন করবেন না, আন্দোলন করবে গ্রামের মানুষ, আন্দোলন করবে খেতে না পাওয়া মানুষ, মুটে মজুর শ্রমিক কৃষক, তাদের দুর্বার আন্দোলন হবে, সেই জগন্নাথের রথে আপনারা নিশ্চিহ্ন নিষ্পেষিত হয়ে যাবেন। কাশীবাবু আজকে গণতন্ত্র খুঁজছেন যেমন আমাদের সি পি আই বন্ধুরা মাঝে মাঝে প্রগতিশীলতা কোন্ দলে কতখানি আছে পরিমাপ ধরার জন্য খোঁজেন। কাশীবাবু গণতন্ত্র কোথায় আছে—যে জনতা পার্টির গৌরবে আপনি গৌরবান্বিত, যার আলোকে আপনি উদ্দীপিত সেই দলেতে কি গণতন্ত্র আছে? আপনারা নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আমরা নেতা নির্বাচন পরে করব। আপনাদের নেতা বহুগুণা বললেন, হ্যাঁ, নির্বাচনের কথা হয়েছিল ঠিকই, কিন্তু নির্বাচন আমরা দেখছি না, নেতা আমরা পেয়ে গেছি। তাহলে আর যাই হোক নির্বাচন হয়নি। একথা সত্য যে মোরারজী-ভাইকে আমরা শ্রদ্ধা করি, সম্মান করি, তাঁর সম্মান অক্ষুণ্ণ রেখেই বলছি আজকে মোরারজী-ভাই ভারতবর্ষের পার্লামেণ্টের সদস্য হিসাবে নির্বাচিত, কিন্তু একথা সত্য দিবালোকের মত স্পষ্ট, সারা পৃথিবী একথা জানে মোরারজীভাই নির্বাচিত প্রাইম মিনিষ্টার অব ইণ্ডিয়া নয়, হি ইজ দি নোমিনেটেড প্রাইম মিনিষ্টার অব ইণ্ডিয়া। আজকে প্রথম কাজ আপনারা কি করেছেন—ঐ গণতন্ত্রের উপর স্টীম রোলার চালিয়ে গণতন্ত্রকে হত্যা করেছেন। কাশীবাবু, গণতন্ত্র আপনি খুঁজে বেড়াচ্ছেন। ঐ যে জর্জ ফার্ণাণ্ডেজের বাড়ীর সামনে যে বিক্ষোভ দেখা দিয়েছিল চৈনিক টাইপের কালচারাল রেভলিউশন, সি পি আই যদি ভুলের রাজনীতির জনক হয় তাহলে আর এস এস হল ঠাকুরদাদা, যে বিক্ষোভ হয়েছিল সেখানে বলা হয়েছিল—আরে কাপুরুষ, তুমি কি করছ, যদি তুমি আজকে এই মন্ত্রিসভায় পদ গ্রহণ না কর তাহলে তোমাকে উচিত শিক্ষা দেব, তোমাকে ৩ লক্ষ ভোটে হারিয়ে দেব। ব্যক্তিস্বাধীনতার কথা আপনারা বলছেন। জর্জ ফার্ণাণ্ডেজের ব্যক্তিস্বাধীনতা ছিল? বাবুজীর বাড়ীর সামনে যেদিন হাজার

হাজার লোককে পাঠিয়ে দিয়েছিল, আমি একথা বলছি না যে সেখানে ভৈরববাহিনী ছিল, সেখানে ত্রিশূল ছিল, সেখানে গৈরিক বস্ত্র পরিহিত মানুষ ছিল, সেখানে জগজীবনবাবুর কি ব্যক্তিস্বাধীনতা ছিল ?

[5-30—5-40 p.m.]

সেদিন কি জগজীবনবাবুর ব্যক্তিস্বাধীনতা ছিল? সেদিন কি জর্জ ফার্ণাণ্ডেজের ব্যক্তি-স্বাধীনতা ছিল? কাশীবাবু জনতা পার্টির যে জয় আপনি বলেছেন যে এটা যেন আমরা মেনে নিই। আরে বাবা, জনতা পার্টি জয়ী এটা আমরা মেনে নিই বা না নিই জনতা পার্টি সরকারে বসেছে। মানার প্রশ্ন আসছে না। আপনি বলেছেন যে বিনয়ের সঙ্গে মেনে নিতে। বিনয়ের প্রয়োজন নেই। কিন্তু মৌলিক প্রশ্ন আছে। জনতা পার্টির জয়, জনতার জয় নয়, কখনও জনগণের জয় নয়। আজকের দিনে কাশীবাবু উৎফুল্ল। যেদিন এই সরকার আসবার আগে ভয়েস অফ আমেরিকা আমাদের শুনিয়েছে, সারা রাত্রি ধরে তারস্বরে চিৎকার করে শুনিয়েছে শ্মশান-শৃগালের ডাকে যে তোমরা এখন ঘুমাচ্ছো, তোমরা জানো না যে রায়বেরিলিতে ইন্দিরা গান্ধী হারছেন। সেভেনথ ফ্লিটকে সাতটা চড় মেরে ওই চট্টগ্রামের বন্দর থেকে আমাদের ফিরিয়ে দিয়েছে, আমরা আবার সেই দেশে ফিরে যাচ্ছি। আর তোমরা ঘুমিয়ো না, ভয়েস অফ আমেরিকা উৎফুল্ল। তাদের যে দোসর বি বি সি যারা চিরকাল ইয়াইয়াকে সমর্থন করে এসেছে, যারা চিরকাল পাকিস্তানকে সমর্থন করে এসেছে তারা কেবল ওই ধরনের কুৎসা প্রচার করে শান্ত হয়নি, তারা এই বিধানসভায় রাজ্যপাল যেদিন ভাষণ দেন, কুখ্যাত হাটলে, বহু নাটকের নট হাটলে, আমেরিকার সঙ্গে যুক্ত হাটলেকে এই বিধানসভার লবিতে পাঠিয়েছিল। তাকে আমরা ঘুরতে দেখেছিলাম। আমরা সেদিন স্তম্ভিত হয়ে গিয়েছিলাম। বিস্ময়ে, বিমূঢ় হয়ে গিয়েছিলাম। কি উজ্জ্বল চেহারা, একেবারে জ্বলজ্বল করছে চোখ, যেন সুন্দরবনের একটা নেকড়ে বাঘ। যে-কোন সময় ভারতবর্ষের উপর ঝাঁপিয়ে পড়বে। ঝাঁপিয়ে পড়াই তার স্বভাব। এ হল সাম্রাজ্যবাদী চক্র। সেই লোককে বিধানসভায় আমরা দেখেছি। ওই হলওয়েলের উত্তরসূরী, ওই লর্ড ক্লাইভের বংশধর, তারা আবার বিধান-সভায় এসেছে। ওই যে মাতঙ্গিনী হাজরা যে জীবন দিয়ে গিয়েছেন, যে রক্ত দিয়ে গিয়েছেন, ওই যে সূর্য সেন ফাঁসির মঞ্চে জীবনের জয়গান গেয়ে গিয়েছেন, ১৯৪৭ সালে সাত সমুদ্র তেরো নদীর পারে যাদের আমরা বার করে দিয়েছি, অন্য কায়দায়, অন্য ফরমে আপনারা কি তাদের আবার ভারতবর্ষে নিয়ে আসবেন? সেটা আপনাদের কাছে আমরা জানতে চাই, পরিষ্কার করে বলুন। শ্রীঅশোক মেহতা, আপনাদের একজন সম্মানীয় নেতা, শ্রদ্ধেয় ব্যক্তি লোকনায়ক, মহানায়ক তিনি যখন পালাম এয়ারপোর্টে পৌঁছুলেন শ্রীঅশোক মেহতা তাঁকে শ্রদ্ধা জানাবার জন্য হাজার হাজার মানুষের সঙ্গে গিয়েছিলেন। কিন্তু শ্রীঅশোক মেহতার সঙ্গে কোন শ্রমিক ছিল না, কোন কৃষক ছিল না, কোন দরিদ্র মানুষ ছিল না। তার পাশে বসেছিলেন পাতিয়ালার মহারাণী। এ জয় জনতার জয় না, এ জয় রাজা-মহারাজার জয়। আজকে আপনারা মাঝে মাঝেই বলেন রিগিং, রিগিং। কোন্ অবস্থায় আজকে নিয়ে এসেছেন। ভারতবর্ষকে কোন অবস্থায় নিয়ে এসেছেন। ভারতবর্ষে আর কোনদিন মানুষ জিতেও জিতবে না। হেরেও হারবে না। আজকে রিগিংয়ের যে প্রশ্ন তুলেছেন নির্বাচনের আগে থেকে, যখন নির্বাচন হচ্ছে তখনও বলা হবে, আবার নির্বাচন হয়ে যাবার পরেও বলা হবে। রিগিংকে এমন অবস্থায় নিয়ে গিয়েছেন। আপনারা কি ঠিক করেছিলেন? আপনারা ঠিক করেছিলেন নির্বাচনের পর ওই

মহানায়ক দিল্লী যাবেন। তিনি এক জায়গায় থাকবেন। শরীর খারাপ, তাকে নিশ্চয় টেবিল-চেয়ার দেওয়া যায় না। একটা তক্তাপোষ দেওয়া হবে, জনগণের মানুষ বসে থাকবেন। আর নির্বাচিত সদস্যরা তার কাছে যাবেন একের পর এক। এম পিরা বলবেন কাকে চান। যার জনসমর্থন বেশি হবে অর্থাৎ এম পি সমর্থন বেশি হবে তিনি হবেন ভারতবর্ষের প্রধানমন্ত্রী। একথা ঠিক ছিল। কিন্তু হঠাৎ দেখা গেলো গোলমাল, ভীষণ গোলমাল। তা হয় নি। পাশে আর একটা টেবিল দিতে। ৯০ বছরের বৃদ্ধ ওই কৃপালনীজীকে পাশে বসাতে হবে। এটা চরণ সিংহের প্রস্তাব। বিশ্বাস রাখতে পারছিলেন না। এই প্রিসাইডিং অফিসার ২৪-পরগনার এডিসন্যাল ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট নয়, একজন আই এ এস অফিসার নয়। ভারতবর্ষের মহানায়ক, লোকনায়ক তার পাশে, আর একটা চেয়ার-টেবিল দেওয়া হল। ৯০ বছরের কৃপালনীজীকে শ্লেট-পেনসিল দেওয়া হল। ৮০ বছর আগে ১/২/৩ করে যোগ আরম্ভ করেছিলেন সেই ৮০ বছর আগে ফিরে গেলেন।

কথা হলো এতেও সন্তুষ্ট নয়। দুটো রায় মিলিয়ে নিতে হবে। তাহলে রিগিং রিগিং করে যে অবস্থার সৃষ্টি করেছিলেন আজকে দেখা যাচ্ছে যে কে প্রাইম মিনিষ্টার হবে তার জন্য প্রিসাইডিং অফিসার হচ্ছে মহানায়ক জয়প্রকাশ নারায়ণ। সেখানেও রিগিং হয়েছে। স্যার, কোন্ অবস্থায় এঁরা দেশকে নিয়ে যেতে চাচ্ছে। এখানে একটা সভা হয়েছিল সেই সভাতে আমরা দেখছি একদিকে সাধারণ মানুষ আর একদিকে মেয়ো রোডে বড় বড় ইমপোর্টেড ইমফ্ল্যা-কার প্রচুর দাঁড়িয়েছিল। আমরা যখন মেয়ো রোড দিয়ে গেলাম তখন সবাই বলল যে এদিককার রাস্তা সব বন্ধ। স্যার, নির্বাচনে জিতে আনন্দ করবে এটা খুব স্বাভাবিক কথা। আমরা নির্বাচনে হেরে গিয়ে দুঃখ পাবো এটাও স্বাভাবিক কথা। হেরে গিয়ে আবার লড়বো, আবার ফিরে আসবো এটাও স্বাভাবিক কথা। কিন্তু সেই রিগিং-এ যেসব বক্তা বক্তৃতা করলেন যেন মনে হলো ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর বক্তব্য রাখলেন। তাঁরা বললেন আমরা সব মিরজাফর, আমাদের কেউ রক্ষা করতে পারবে না। স্যার, আমরা যাঁরা জনগণের আশীর্বাদ-পুষ্ট ঐ কাশীবাবু যেমন তেমনি, তাহলে কি ঐ কাশীবাবুর বেস্টারউইচ সাহেব, যিনিও নির্বাচিত সদস্য, তাঁরাও কি মিরজাফর? স্যার, আনন্দে আধখানা হয়ে যায় শুনেছি কিন্তু মাথা খারাপ হয়ে যায়, পাগল হয়ে যায় এ দৃষ্টান্ত দেখা যায়নি। সি পি আই সম্বন্ধে দু'-একটি কথা আমার বলার আছে। সি পি আই কখনও আমাদের সমর্থন করে আবার কখনও আমাদের সমর্থন করে না। তবে কখন তাঁরা কি করবেন সেটা আমাদের জানা নেই, ওদেরও ঠিক জানা আছে কিনা সেটা ওদেরও জানা নেই। আজকে মাননীয় সদস্য এখানে বক্তৃতা করলেন, খানিকটা আমাদের সমর্থন করলেন, আবার খানিকটা অন্যরকম বললেন। স্যার, ওদের সিস্টেমই আলাদা। আজকে বলা হচ্ছে ইমারজেন্সিতে বাড়াবাড়ি হয়েছে। ক্ষমতা বহির্ভূত, সংবিধান বহির্ভূত যে শক্তি সেই শক্তি ইন্দিরাজীকে সর্বনাশ করে দিয়েছে এই কথা আমরা সি পি আই-এর মুখ থেকে শুনছি। মস্কো রেডিও থেকেও এইরকম কথা শুনছি। তারা বলছে যে এটা বাড়াবাড়ি হয়েছে। আমরা কোন্ দোষে দোষী। আমরা ভারতবর্ষে গণতন্ত্র প্রতিষ্ঠা করতে চেয়েছিলাম, আমরা সেই দোষে দোষী। কিন্তু সঞ্জয় গান্ধীর কোন পদ ছিল? তিনি কোন মন্ত্রী ছিলেন না। কিন্তু আন্তর্জাতিক ক্ষেত্রে কে তাঁকে প্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন, সে হচ্ছে সোভিয়েত সরকার। স্যার, আমার মনে আছে সোভিয়েত সরকার সঞ্জয় গান্ধীকে নিমন্ত্রণ করে নিয়ে গিয়েছিলেন। একটা মন্ত্রীর যে সম্মান তারা চেয়ে বেশি সম্মান

তারা দিয়েছিল। যেখান থেকে ঐ স্পুটনিকগুলি আকাশে ওড়ে সেটা প্রোটেক্টেড এরিয়া, সেখানে কাউকে যেতে দেওয়া হয় না। ভারতবর্ষের কেন্দ্রীয় মন্ত্রীকেও তার চৌকাঠ মাড়াতে দেয়নি। সেই জায়গায় সঞ্জয় গান্ধীকে ভিতরে ঢুকতে দিয়েছিল। আজকে যে বাড়াবাড়ির কথা সি পি আই বলছে—সি পি আই যদি বলে তাহলে নিশ্চয় রাশিয়া বলবে—আজকে বাড়াবাড়ির কথা বলছে যারা তারাই সবচেয়ে বেশি বাড়াবাড়ি করেছিল। যে আন্তর্জাতিক খ্যাতি তার পাওয়ার কথা নয় সোভিয়েত রাশিয়া তাকে তা দিয়েছিল। স্যার, আর একটা পুরনো গল্প মনে পড়ে গেল—একটা লোক মাথায় ছাতা দিয়ে চলেছে কিন্তু রোদও নেই, বৃষ্টিও নেই, সবাই তাকে জিজ্ঞাসা করলো কি ব্যাপার ছাতা খুলেছেন কেন? তখন সে বলল, শুনছেন না মস্কো রেডিও বলছে মস্কোতে জল হচ্ছে তাই ছাতা ফুটিয়েছি। স্যার, ওরা সেই ছাতা ফুটানোর দল। ওদের গণতন্ত্রে কোন বিশ্বাস নেই। চেকোশ্লোভিয়াতে যেদিন গণতন্ত্রকে ধ্বংস করে দেওয়া হয়েছিল, সি পি আই সদস্য সোমনাথবাবু চেকোশ্লোভিয়া থেকে যেদিন ঘুরে এসে এখানে বলেছিলেন, সেখানে গণতন্ত্রের উপর বুলডোজার চালানো হয়েছে। স্যার, ওরা কখন কি বলবেন তা ওদের জানা নেই।

আমরা কি লিখবো ঐ আমেরিকার কনষ্টিটিউশনের কথা, আমরা কি লিখবো, স্যার, ঐ ব্রিটিশ কনষ্টিটিউশনের কথা? আমাদের যে কনষ্টিটিউশন যা আমরা গ্রহণ করেছি, আমরা সেই কনষ্টিটিউশন আজো লিখেছি এবং আমরা যে শক্তি হারিয়েছি তা আমাদের ভুলের জন্য, আমাদের দোষের জন্য, আমাদের ত্রুটির জন্য। আমাদের অতীত আছে, স্যার, আমাদের বর্তমান যত দুদিনই হোক আমাদের ভবিষ্যৎও আছে। একথা আমাদের জানা উচিত যে আমরাই থাকবো, আমরাই আসবো।

[5-40—5-50 p.m.]

শ্রীশীশ মহম্মদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের এই তৃতীয় দিবসে আমি অংশগ্রহণ করতে উঠে বলতে চাই যে আমি এই ভাষণের উপর যে সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছি সেটা আমি আগেই মুভ করছি এবং আমার প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে এই হাউসে কয়েকটি কথা বলতে চাই। অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য একটা গল্পের মধ্যে দিয়ে অবতারণা করতে চাই। কোন একটি জেলার এক গ্রামে একজন গরীব কৃষক মাঠে হাল ধরতে গিয়েছিল, তার জমির পাশে সামান্য একটু জলাশয় ছিল এবং সেই জলে একটা বড় শোলমাছ পেয়েছিল। অধ্যক্ষ মহাশয়, দীর্ঘকাল থেকে পাড়াগ্রামের লোকেরা এই দুর্মূল্যের বাজারে মাছ কিনতে পারে না তাই সে শোলমাছটা নিয়ে গিয়ে তার স্ত্রীকে দিলো এবং বললো যে এই শোলমাছটা রান্না কর। গিন্নী বললো যে শোলমাছ তো রান্না করবো তবে তেল তো নেই। সে বললো যে তেল যখন নেই তখন তেলবিহীন অবস্থায়ই রান্না কর। গিন্নী বললো যে তেলবিহীন অবস্থায় তো রান্না করবো কিন্তু সামান্য মসলাও নেই, মশলার দরও বেড়ে গিয়েছে। তাই তো মুশকিল, তাহলে একটু লবণ দিয়ে সিদ্ধ করে নাও। লবণ দিয়ে তো সিদ্ধ করবো কিন্তু রান্না করবো কিসে? কয়লার দর তো বেড়ে গিয়েছে। তাহলে উপায়, কেরোসিন দিয়ে রান্না কর। গিন্নী বললো যে কেরোসিন তো পাওয়া যায় না। তখন সে মনের দুঃখে সেই মাছটাকে নিয়ে গিয়ে সেই জলাশয়ে ছেড়ে দিলো। জলে গিয়ে সঙ্গে সঙ্গে সে ডুবছে আর উঠছে এবং বলছে যে শ্রীমতী ইন্দিরা গান্ধী যুগ যুগ জিয়ো, কংগ্রেস

যুগ যুগ জিয়ো। সুতরাং অধ্যক্ষ মহাশয়, এই যুগ যুগ জিয়ো এটা আর সাধারণ মানুষের মধ্যে শুনি না, এই যুগ যুগ জিয়োর অবসান হয়েছে। কতকগুলি ছাগল, ভেড়া, গরু, এরাই কেবল যুগ যুগ জিয়ো করে যাচ্ছে, মানুষ আর করে না।

(চিৎকার ও হট্টগোল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ ওয়াংচু মন্ত্রীকে একটু থামতে বলুন। আমাদের রাজ্যপাল তাঁর ভাষণে ৪২তম সংবিধান সংশোধনীর কথা বলে আরম্ভ করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল যদি তাঁর ভাষণে বলতেন কংগ্রেস সরকারের দুঃশাসনে, কংগ্রেস সরকারের অত্যাচারে, কংগ্রেস সরকারের অপশাসনের ফলে ভারতবর্ষের জাগ্রত জনসাধারণ কংগ্রেসকে ড্রেনে, ডাস্টবিনে ফেলে দিয়েছে তাহলে আমার বলার কিছু ছিল না। কিন্তু আমরা দেখলাম তিনি বললেন, আমাদের জাতীয় লক্ষ্যগুলি পূরণের দিকে ৪২তম সংশোধন একটা বড় পদক্ষেপ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ৪২তম সংশোধন আমাদের কি করেছে? এই ৪২তম সংশোধন আমাদের পশ্চিমবাংলার, আমাদের ভারতবর্ষের কি উন্নতিসাধন করেছে? আমরা তো দেখছি এই সংশোধন আমাদের স্বাধীনতা হরণ করেছে, আমাদের আরও গরীব করেছে, আমাদের ব্যক্তিস্বাধীনতা হরণ করেছে, আমাদের কথা বলার অধিকার হরণ করেছে, সংবাদপত্রের স্বাধীনতা হরণ করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই এই ৪২তম সংশোধন, এই জরুরী অবস্থা আনার পেছনে কি কারণ ছিল। আপনি জানেন ভারতবর্ষের একজন নেতা যিনি ছিলেন ভোটে প্রধানমন্ত্রীর প্রতিদ্বন্দ্বী তিনি ভোটে কারচুপি হয়েছে, অন্যায়ভাবে সরকারী যন্ত্র ব্যবহার হয়েছে এই অভিযোগ তুলে হাইকোর্টে গিয়ে মামলা করলেন এবং সেই মামলায় মহামান্য হাইকোর্ট প্রধানমন্ত্রীর বিপক্ষে রায় দিলেন এবং বললেন, ৬ বছরের জন্য তিনি সদস্যপদ থেকে বরখাস্ত হবেন। প্রধানমন্ত্রী তখন সুপ্রিম কোর্টে গিয়ে আপিল করলেন। ওই মামলার রায় বেরুবার পর চারিদিকে একটা রব উঠেছিল যে, প্রধানমন্ত্রীর বিরুদ্ধে যখন হাইকোর্টের এই রায় হয়েছে তখন তাঁর সরে দাঁড়ানো উচিত। আপনারা সকলেই জানেন আমেরিকায় ওয়াটারগেট কেলেঙ্কারী মামলায় প্রেসিডেণ্ট নিকসন কি করেছিলেন? যাহোক, প্রধানমন্ত্রী তখন দেখলেন যে অবস্থা খারাপ এবং তাঁর বিরুদ্ধে ১৮০টি সহি সাক্ষরিত হয়ে গেছে কাজেই তিনি নিরুপায় হয়ে জরুরী অবস্থা ঘোষণা করলেন। শুধু তাই নয়, ভারতবর্ষের জাগ্রত জনসাধারণ জেগে উঠবে এবং বলবে ইন্দিরা গান্ধী সরে যাও তাই সেই কণ্ঠরোধ করবার জন্য তিনি এই ৪২তম সংশোধন নিয়ে এলেন এবং জরুরী অবস্থা প্রয়োগ করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ৪২তম সংশোধনের দ্বারা ভারতবর্ষের জনসাধারণের যে সমূহ ক্ষতি করেছে তাতে আমেরিকা বলুন, অস্ট্রেলিয়া বলুন, জার্মানী বলুন, জাপান বলুন আর আরব প্রজাতন্ত্রই বলুন, তাঁরা সকলেই জানতেন যে, ভারতবর্ষ গণতন্ত্রকে হত্যা করতে চলেছে এবং সেখানে স্বৈরতন্ত্রের সূচনা হচ্ছে। কুমারদীপ্তি সেনগুপ্ত বললেন সঞ্জয় গান্ধীকে প্রতিষ্ঠিত করবার চেষ্টা করা হয়েছে এবং এই কথা বলে তিনি তেল মাখাবার চেষ্টা করেছেন। আমি তাঁকে বলি এইভাবে তেল মাখিয়ে আর তেলের দাম বাড়াবেন না। "কবি গাইবি, পয়সা পাবি," চাটুকারী করবার কি প্রয়োজন। আমেরিকা, জাপান, ফরাসী প্রভৃতি দেশ ভাবছিল সঞ্জয় গান্ধীকে প্রতিষ্ঠিত করবার জন্য ভারতবর্ষে যে রাজতন্ত্রের সূচনা হতে চলেছে ভারতবর্ষের লোক সেটাকে রোধ করতে পারবে কিনা? ভারতবর্ষে নির্বাচনের দিন শুধু

ভারতবর্ষের লোক নয়, সমগ্র বিশ্বের মানুষ তাকিয়েছিল এই নির্বাচনের দিকে। ভারতবর্ষে কে নেতা হবেন, কে কে মন্ত্রী হবেন সেটা দেখার জন্য তাঁরা তাকিয়েছিলেন না।

[5-50—6-00 p.m.]

এই সাধারণ নির্বাচন দেখবার জন্য উৎসুক ছিল সমগ্র বিশ্বের লোক—এবার ভারতবর্ষে গণতন্ত্র থাকবে, না গণতন্ত্র চলে যাবে। যদি প্রধানমন্ত্রীর দল, কৃষ্ণকুমার শুক্লার দল, কুমার-দীপ্তিবাবুর দল পুনরায় গদীতে ফিরে আসে তাহলে গণতন্ত্র ভারতবর্ষে থাকবে না; পাঁঠার মত বলি হয়ে যাবে। কিন্তু তাদের সে সুযোগ আর হলো না। জনসাধারণ তাদের কাপড় খুলে যথাস্থানে পৌঁছে দিয়েছে।

মৃগেনবাবু বললেন আর এস পি মাত্র ৩ পার্সেণ্ট ভোট পেয়েছে। আর এস পি ছোট দল, আর কংগ্রেস এতবড় দল। কিন্তু আজকের তিন পার্সেণ্ট ভোট পেয়ে কংগ্রেসের ফণার উপর দাঁড়িয়ে নাচছে। গান তো আপনারা অনেকে শোনেন। কিন্তু উচ্চাঙ্গ সঙ্গীত কয়জন বোঝে! এই আর এস পি উচ্চাঙ্গ সঙ্গীতের পর্যায়ে আছে।

আজকের পশ্চিমবঙ্গে যে অবস্থা চলেছে এরা দাবী করছে কেন্দ্রীয় সরকার জোর করে তাদের সরকার ভেঙে দেবে। কেন ভাঙবে? কেন্দ্রীয় সরকার তাদের নিশ্চয়ই জোর করে ভাঙবে না। বর্তমান কেন্দ্রীয় সরকার তাদের গদীতে রাখতে চান—থাকুন আপনারা, খুব সুখে বংশানুক্রমে এখানে রাজত্ব করুন; দুধ দুইয়ে টেনে খান। আমাদের আপত্তির কিছু নেই। একথা বলার মানে তাদের ভেঙে যাবার সূচনা নয় তো। কেন্দ্রীয় সরকারের অবশ্য সে ইচ্ছা নেই, যে তাদের অর্ধচন্দ্র দিয়ে গদী থেকে বের করে দেন।

এঁদের মধ্যে কিছু নবীন মন্ত্রী হয়েছিলেন। অন্যেরা ভাবলে আমি কেন একটা মন্ত্রী হব না। আমার সাজেশন হলো তাদের রাইটার্স বিল্ডিংয়ে চাটাই দিয়ে ঘর তৈরি করে দেন,—তাঁরা সেখানে থাকবেন, কোন পোর্টফোলিও তাঁদের দেওয়া হবে না। তাঁদের যদি আজকে চাটাই-এর উপর বসিয়ে মন্ত্রী করে দিতেন, তাহলে এদের মধ্যে এত গণ্ডগোল হতো না। দুটি দলের মধ্যে তৎপরতা বেড়ে গেল—সকালে দিল্লী যায় তো বিকালে ফিরে আসে; আবার সন্ধ্যায় যায় তো সকালে ফিরে আসে। পশ্চিমবঙ্গের মানুষের কী দুরবস্থা হচ্ছে, সেদিকে তাদের নজর নেই। পাড়াগাঁয়ের মানুষ অপুষ্টিজনিত রোগে ভুগছে, তাই নিয়ে তারা তাঁদের ভোটে হারিয়ে দিয়েছে। মানুষ না খেতে পেয়ে, কুষ্ঠ রোগের আবির্ভাব হয়েছে, তারা দেখে সরকারী টাকা তচনচ করে অপব্যয় করে মন্ত্রীরা সবাই গিয়ে দিল্লীতে মহড়া দিতে লাগলো। এইভাবে এই যে জনসাধারণের টাকার অপব্যয় হয়েছে, অপচয় তারা করেছে, তার জন্য তাদের কৈফিয়ৎ দিতে হবে। এই যে লক্ষ লক্ষ টাকা তাদের উপদলীয় কোন্দলের দরুন অপচয় করলো তারা তার তদন্ত আমরা দাবী করবো। দিল্লীতে একবার মন্ত্রী ভোলানাথ সেনকে ইন্দিরা গান্ধী বলেছিলেন—

I am very happy that I am not a lawyer.

এই জনসাধারণকে লক্ষ লক্ষ টাকা অপচয়ের জন্য কৈফিয়ৎ দিতে হবে। ঐ যে কথায় আছে—"তোমারে বধিবে যে, ময়দানে বাড়িছে সে"। এই কলিযুগের কৃষ্ণ তাদের যথা জায়গায় পাঠিয়ে দিয়েছে। কেন্দ্রে যে মন্ত্রিসভা গঠিত হয়েছে এরা বলছে জগাখিচুড়ি মন্ত্রিসভা। তা

নয়। আর সেখানে জয়প্রকাশ নারায়ণের ভূমিকা কী হয়েছে? গীতায় শ্রীকৃষ্ণ যেমন বলেছেন :—

"যদা যদা হি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত,
অভ্যুত্থানং অধর্মস্য তদাত্মানং সৃজাম্যহম্—,
পরিত্রাণায় সাধুনাং, বিনাশায় চ দুষ্কৃতাম্
ধর্মসংস্থাপনার্থায় চ সম্ভবামি যুগে যুগে।।"

দানবদের দমন করবার জন্য যুগে যুগে যেমন ভগবান অবতীর্ণ হন, তেমনি সেই বাণী নিয়ে জয়প্রকাশ নারায়ণও এখানে আবির্ভূত হয়েছেন। সব আপনারা ধ্বংস হয়ে যাবেন। আপনাদের অত অহংকার আর থাকবে না। জনসাধারণ নাকি ভোটকে বোঝেন নি। অটলবিহারী বাজপেয়ীকে দেখে এরা চমকে যাচ্ছেন।

তাঁরা চান চরণ সিংহের পায়ে পড়তে, তার চরণসেবা করতে, তো তা করুন। কিন্তু মনে রাখবেন তারা চরণ-সেবা নেবেন না। জানি শলা-পরামর্শ হয়েছে, এখন করতে দাও, তারপর ভেঙে দেবো। আমরা ১৯৬৭-র পর থেকে সাবধান হয়েছি, সাবধান হবো। এখানে স্থান হবে না। তেল খরচ করলেও তেল নেওয়া হবে না। সেই তেল নিজেরাই মাখুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে বলতে চাই, এই দুর্দশাগ্রস্ত পশ্চিমবঙ্গের অবস্থার দিকে না দেখে রাজ্যপালের ভাষণের শেষকালে তিনি বলেছেন, "বিচ্ছিন্নতা ও বিশৃংখলার শক্তিগুলি মাথা-চাড়া দেওয়ার ও অর্থনৈতিক অসুবিধার সুযোগ নেবার জন্য অপেক্ষা করছে, এই বিষয়ে সরকার সম্পূর্ণ সচেতন। জনগণের সহযোগিতায় এবং গণতান্ত্রিক ও শান্তিপূর্ণ উপায়ে আমার সরকার এইসব বিচ্ছিন্নতাবাদী শক্তিকে চিহ্নিত করতে, এবং অর্থনৈতিক উন্নয়ন, স্থিতিশীলতা, স্বয়ংভরতা এবং দারিদ্র্য ও আঞ্চলিক বৈষম্য দূরীকরণের দিকে রাজ্যের অগ্রগতি অক্ষুণ্ণ রাখতে কৃতসংকল্প।" মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা কারা? দেশে যারা এই সরকারকে ভোট দিয়েছে, যারা নাগরিক, যারা এই সরকারকে দিল্লিতে নিয়ে এসেছে, জনপ্রিয় সরকারকে নিয়ে এসেছে তারাই মাথাচাড়া দিয়েছে। এদের জব্দ করবো, এদের ধ্বংস করবো? আমাদের কাছে খবর আছে ওরা শলা-পরামর্শ করছেন। আমরা মাঠে-ময়দানে পৌঁছে যাবো। দু'-একটা কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। আমাদের মুখ্যমন্ত্রী সদয়-পরবশ হয়ে সেদিন একটা বক্তৃতা দিয়েছেন যে, সরকারী কর্মচারীদের অনেক সুবিধা দেওয়া উচিত, তাদের অনেক দেওয়া উচিত ছিল, দিতে পারছি না বলে দুঃখিত, ২৪ টাকা দিচ্ছি। কিন্তু তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, বহু দিন ধরে বিভিন্ন দাবী-দাওয়ার কথা উত্থাপিত হয়েছে। কিন্তু বিধানসভায় বলেছেন, বেকার যুবকদের চাকরি দেবো, না এদের বেতন বৃদ্ধি করবো? সেদিন কিন্তু এদের কথা চিন্তা করেন নি। কেন্দ্রে আজকে নতুন সরকার এসেছে। তাদের বেকায়দায় ফেলার জন্য, চক্রান্ত করার জন্য কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করবেন। কিন্তু এই সুপারিশ এই সরকার আসার আগে কেন করেন নি? সরকারী কর্মচারীরা সব জানেন, সবই বোঝেন। একটা কথা বলি চৌকিদারদের বেতন ২৭ টাকা থেকে ৫০ টাকা এবং দফাদারদের বেতন ৩২ টাকা থেকে ৫৫ টাকায় বৃদ্ধি করা হয়েছে। ভাল করেছেন। অধ্যক্ষ মহাশয়, একটা জিনিস সরকারী নির্ধারিত নীতি হয়েছে, মজুরী ৬·৬৩ পয়সা দৈনিক রেট ধার্য হয়েছে। অধ্যক্ষ মহাশয়, সরকারী নীতি কিরকম দু'মুখো দেখুন। এই চৌকিদার দফাদারদের ক্ষেত্রে দেখলাম কি? হয়তো আবার বেসরকারীভাবে অর্দ্ধেক দেওয়া হবে আর সরকারী তহবিল থেকে ৫০% দেওয়া হবে। কিন্তু তাতে দৈনিক কত টাকা হবে তিন

থেকে সাড়ে তিন টাকা হবে তার বেশী হবে না—তাহলে আপনাদের নীতি কিরকম হোল? দফাদার-চৌকিদার-তহশীলদার, তহশীল পিওন এদের যে নীতি নির্ধারণ করেছেন সেই হারে বেতন বাড়াতে পারলেন না? অথচ ঘোষণা করেছেন নিম্নতম মজুরী হবে ৬·৬৩ পয়সা। আপনারা দেখুন তাদের ঐ নিম্নতম মজুরী ৬·৬৩ পয়সা দিতে পারেন কিনা। আমি আর দু'-একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। অধ্যক্ষ মহাশয়, যখন দেশে এইরকম অভাব, মানুষ অর্ধাহারে-অনাহারে মরছে, ব্ল্যাকমার্কেটিং, লে-অফ চলছে সেই সমস্যা আপনারা সমাধান করতে পারছেন না, সেই সময় দাঁড়িয়ে দুর্গাপুর কেমিক্যালসের সমস্ত জিনিস-পত্র অন্যান্য জিনিসের দ্রব্যমূল্য কিভাবে বাড়িয়ে চলেছেন? ওখানে একটা সেড পর্যন্ত নেই তার খবর কি আপনারা রাখেন?

(গোলমাল)

ওখানকার ম্যানেজিং ডাইরেক্টর শ্রীপি সি সেন এবং জেনারেল ম্যানেজার তাদের মধ্যে যে খটাখটি এবং তার ফলে কাজের যে অধোগতি হচ্ছে সে খবর আপনাদের নিশ্চয় জানা আছে। ঐ পি সি সেন যে কিরকম দুর্নীতিপরায়ণ সেকথা সকলেই জানেন। তার সম্বন্ধে জয়নাল আবেদিন সাহেব কি করেছেন? আজকে আপনাদের দেশের মানুষ ডাষ্টবিনে ফেলে দিয়েছে তার উপর আপনারা চেঁচাচ্ছেন? একটা লজ্জাও থাকা দরকার। আপনারা কেন্দ্রীয় হারে বেতন দেবার জন্য বর্তমান কেন্দ্রীয় সরকারকে সুপারিশ করেছেন। কিন্তু আপনাদের সরকার যখন কেন্দ্রে ছিল তখন আপনারা কি করছিলেন? আপনারা তখন এই টাকা আদায় করতে পারেন নি? আমরা জানি আপনাদের কাছে ন্যায়বিচার হবে না। এই কালো-বাজারীদের দিন অবসান হয়েছে—নতুন দিগন্তে নতুন সূর্য উঠে গেছে তাকে প্রণাম জানান, প্রণাম জানান, প্রণাম জানান।

[6-00—6-10 p.m.]

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আগে আমি অনুমতি নিয়ে রেখেছিলাম। আপনার মারফৎ মন্ত্রিসভার এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন লিঃ-এর লেবারদের পক্ষ থেকে আপনার কাছে এসেছে। প্রায় দু' হাজার শ্রমিক এসেছে। এসপ্লানেড ইষ্টের কাছে বাধাপ্রাপ্ত হয়ে তারা সেখানে আটকে আছে। তাদের মধ্যে কয়েকজন প্রতিনিধি এখানে উপস্থিত হয়েছে। তারা অনির্দিষ্টকালের জন্য হাঙ্গার ষ্ট্রাইক শুরু করেছে। তারা চীফ মিনিষ্টারকে একটা মেমোরেণ্ডাম দেবার জন্য এখানে এসেছে। সেটা আমি এখানে পড়ছি।

Dear Sir, on behalf of the workmen of the C.E.S.C. we beg to bring to your notice the following for your kind intervention and necessary action: that the representatives of the workmen of the C.E.S.C. were forced to resort to hunger strike for an indefinite period in protest of of management's unilateral decision refusing discussion with the C.E.S.C. Majdoor Samity which represents the largest number of workmen of the industry with regard to the settlement of the charter of Demands.

আরো অনেক কিছু আছে। কাজেই আমি আপনার মারফত মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যে এই বিষয়টি নিয়ে তারা শ্রমমন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে

আমার অনুরোধ এই ব্যাপারে হস্তক্ষেপ করে তিনি যেন তাদের দাবী-দাওয়াগুলি মিটিয়ে দেবার ব্যবস্থা করেন।

শ্রীঅহিন্দ্র মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কথায় বলে 'পাগলে কি না বলে, ছাগলে কি না খায়"। শীশ মহম্মদ যদি সমস্ত জিনিসটা দলীয় দৃষ্টিভঙ্গী নিয়ে বিচার করেন তাহলে সেটাকে 'পাগল' ছাড়া আর কিছু বলা যায় না।' এখানে এত বেশী রাজনৈতিক উত্তাপ সৃষ্টি হয়েছে আমি আর এটা নিয়ে উত্তাপ সৃষ্টি করতে চাই না। আমি এইটুকু বলতে চাই জনতা পার্টি জিতেছে নেগেটিভ ভোটে—জনতা পার্টি জিতেছে কংগ্রেস হেরেছে—এটাই ইতিহাস। নেগেটিভ ভোট চিরস্থায়ী হয় না। যে সরকার গণতান্ত্রিক পদ্ধতিতে গঠিত হয়েছে সেই সরকারকে ষড়যন্ত্র করে যদি ভেঙে দেবার চেষ্টা হয় তাহলে ভারতবর্ষ দুর্বল হয়। কংগ্রেস একটি রাজনৈতিক দল নয়, কংগ্রেস ভারতবর্ষের ইতিহাসে একটি অবিচ্ছেদ্য অঙ্গ। কংগ্রেস দুর্বল হওয়া মানেই ভারতবর্ষ দুর্বল হয়। কাজেই সেই ষড়যন্ত্রে লিপ্ত না হয়ে সুবিবেচনার পরিচয় দেবেন এই আশা করি। কংগ্রেস যখন কথা বলে তখন দলের কথা বলে না, দেশের কথা বলে, দশের কথা বলে, আর অন্যরা যখন কথা বলে তখন দলের কথা বলে—এইখানেই হচ্ছে পার্থক্য, এটা মনে রাখতে হবে। আজকে জনতা পার্টি ক্ষমতায় এসেছেন আমরা স্বীকার করে নিয়েছি। তাদের অর্থমন্ত্রী এইচ এম প্যাটেল ঘোষণা করেছেন কৃষিভিত্তিক অর্থ-নীতির উপর বিকেন্দ্রীকরণ করা হবে—বিকেন্দ্রীকরণ করে গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ ছেলে যে বেকার আছে সেই সমস্যার সমাধান করা হবে। এটা আমরা স্বাগত জানাই, স্বীকার করি এর বিরুদ্ধে ষড়যন্ত্র করা হবে না—তাদের প্রত্যেকটি গঠনমূলক কাজকে স্বাগত জানানো হবে। আমরা চাইব একটা শক্তিশালী সরকার থাকছে এবং একটা বলিষ্ঠ নীতির ভিত্তিতে তাঁরা ভারতবর্ষ পরিচালিত করুন। এই জন্য চাইব ভারতবর্ষে গণতন্ত্রকে সুস্থ ও সবল রাখবার জন্য তাঁরাও আশা করবেন কংগ্রেস সুস্থ ও সবল হোক—কেননা কংগ্রেস সুস্থ সবল না হলে ভারতবর্ষ দুর্বল হবে। কংগ্রেস সুস্থ সবল হওয়া দরকার এইজন্য ধরুন এমন অবস্থা যদি হয় জনতা পার্টি ভেঙে গেল—এটা হল সরকার গঠন করার মত শক্তি আমাদের নেই যে কোন কারণেই হোক—তাহলে কি হবে? ভারতবর্ষকে আমরা ভিয়েতনামের অবস্থার মধ্যে ঠেলে দেব, ক্যাওস, ফ্রাসট্রেশনের মুখে আবার নতুন করে ঠেলে দেব? তা পারি না। কংগ্রেস সুস্থ ও সবল হোক বৃটেনের লেবার পার্টি, কনজারভেটিভ পার্টির মত, আমেরিকার রিপাবলিকান পার্টি, ডেমোক্রাটিক পার্টির মতো। কাজেই কংগ্রেসকে শক্তিশালী করা এবং তাকে দুর্বল না করার একটা দায়িত্ব আছে। কংগ্রেস সমস্ত মানুষের মুক্তি বিচার করে, ভারতবর্ষের মুক্তি বিচার করে। রাজনৈতিক হিংসা চরিতার্থ করবার জন্য যদি আঘাত, ষড়যন্ত্র হানার চেষ্টা করেন তাহলে বলব ইতিহাস কখনই ক্ষমা করবে না। ইতিহাসে অমরত্ব নিয়ে কেউ আসে নি। ভারতবর্ষের ইতিহাস দেখুন—তৈমুর লং, অতবড় মুঘল সাম্রাজ্য, বৃটিশ সাম্রাজ্য কেউ টেঁকেনি এবং চিরস্থায়ী অমরত্ব নিয়ে কেউ আসেনি। ভারতবর্ষের ইতিহাসে কেউ চিরকাল থাকবে এ জিনিস দেখা যায়নি। হয়ত তাকে যেতে হবে ভারতবর্ষের ইতিহাসে, কংগ্রেস আর রাজ্যের সংকট এক সন্ধিক্ষণে এসে দাঁড়িয়েছে, ক্রসরোডে এসে দাঁড়িয়েছে। কোন শক্তিশালী অপোজিশন, শক্তিশালী গভর্ণমেণ্ট গঠন করার মত কংগ্রেস অপরিহার্য প্রয়োজন—যদি এই কথা ভুলে যাওয়া হয় তাহলে দেশের সর্বনাশ হবে, দশের সর্বনাশ হবে। তাই গণতন্ত্রসম্মত যে সরকার চলছে সেই সরকারকে কোনরকম ষড়যন্ত্র করে যদি ভেঙে দেবার চেষ্টা করা হয় তাহলে

দেশের ক্ষতি হবে, দশের ক্ষতি হবে। আমি রাজ্যপালের ভাষণের শেষ পাতার দিকে দৃষ্টি আকর্ষণ করছি। আমি আর রাজনীতি নিয়ে আলোচনা করতে চাই না। প্রশাসনে উন্নতি করার জন্য যে কথাগুলি বলা হয়েছে সেগুলি অত্যন্ত দুর্বল বক্তব্য। এই দুর্বল বক্তব্যের উপর ভিত্তি করে গত ৪/৫ বছরে কোন বলিষ্ঠ প্রচেষ্টা নেওয়া হল না। প্রশাসনকে শক্তিশালী করার জন্য গত কয়েক বছরে যে উন্নয়নমূলক প্রচেষ্টা শুরু হয়েছে সে উন্নয়নমূলক প্রচেষ্টা বন্ধ দরজায় করাঘাত করেছে। এই অচলায়তনকে ভেঙে দিয়ে একটা নতুন শুভসূচনা দেখতে পাচ্ছি—দুঃখ, দুর্ভাগ্যের কথা, সরকারের অনেক সদিচ্ছা, শুভ প্রচেষ্টা নষ্ট হয়ে যাচ্ছে প্রশাসনিক দুর্বলতা, গয়ংগচ্ছ, অবহেলা, ঔদাসিন্যের জন্য।

আমি এটা অত্যন্ত দৃঢ়তার সঙ্গে বলতে চাই যে, গত ৫ বছরে যে কাজ হয়েছে সরকারী উন্নয়নমূলক প্রচেষ্টার কাজ, তার শতকরা ৫০ ভাগের জন্য কৃতিত্ব দাবী করতে পারেন আমাদের এম এল এ বন্ধুরা। তাদের দিনের পর দিন দরজায় দরজায় ঘুরে ঘুরে তদ্বির করে এক-একটি কাজ করাতে হয়েছে। স্যার, ৩৬ বার করাঘাত করলে একটি ডিপার্টমেণ্টকে এক ইঞ্চি নড়ানো যায়। তাহলে স্যার, ভেবে দেখুন, আমাদের এম এল এ বন্ধুদের কি পরিমাণ তদ্বির করতে হয়েছে। ঐ ব্লকের বি ডি ও থেকে আরম্ভ করে ডি এম পর্যন্ত এবং ঐ ওভারশিয়ার থেকে শুরু করে চিফ ইঞ্জিনিয়ার পর্যন্ত সকলের দরজায় ভিক্ষার ঝুলি নিয়ে তাদের ঘুরতে হয়। সাধারণভাবে সাবলীল গতিতে দেখি না একটা ডিপার্টমেণ্ট কাজ করছে বা চেষ্টা করছে। এখানে আন্তরিকতা কোথায়? এই কি চলবে? স্যার, তদ্বিরের উপর ভরসা করে একটা গভর্ণমেণ্ট চলতে পারে না। স্বাধীনতার ৩০ বছর পরেও এই জিনিস আমরা দেখছি। স্যার, যেখানেই তদ্বির সেখানেই দুর্নীতি। সেই দুর্নীতির যদি মূলোচ্ছেদ করতে হয় তাহলে সাধারণ প্রশাসন যাতে সাবলীল গতিতে তার কাজ চালিয়ে যেতে পারে তার জন্য সরকারকে প্রচেষ্টা করতে হবে, এতখানি তদ্বিরের উপর নির্ভর করবেন না। এই কথা বলে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[6-10—6-20 p.m.]

শ্রীশরদিন্দু সামন্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ রেখেছেন তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই হাউসে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় এই হাউসে যে বক্তব্য রেখেছেন আমি সেই বক্তব্যের উপর কয়েকটি কথা বলছি। স্যার, তিনি বলেছেন,

"Extension of life of the Legislative Assembly as a result of the 42nd Amendment of the Constitution gives me an opportunity of addressing you for the sixth year in succession. 42nd Amendment is a major step towards achieving national objective enshrined in our Constitution কিন্তু কাশীবাবু সেকেণ্ড কথাটি বলেন নি we should remind ourselves for the fundamental duties".

আমি এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই। স্যার, এখানে মাননীয় অনেক সদস্য যে বক্তব্য রেখেছেন তাতে তাঁরা যদি এই ফর্টিসেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট না মানেন তাহলে আমার মনে হয় একটা নৈতিক কর্তব্য তাঁদের মাঝখানে এসে পড়ে। সেটা হচ্ছে, এই বিধানসভাতে তাঁদের আর না ঢোকাই উচিত। কারণ তাঁরা ফর্টিসেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট মানতে পারছেন না। যে দৃষ্টান্ত

মাননীয় আনন্দবাবু রেখে গিয়েছেন--বিধানসভার সদস্য পদ থেকে ইস্তফা দিয়ে চলে গিয়েছেন সেটা আমরা সকলেই জানি। স্যার, এই প্রসঙ্গে আমি আমার বন্ধু মাননীয় সদস্য শ্রীসুধীর বেরা মহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম যে, আপনারা কি ফর্টিসেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট এ্যাজ এ হোল চাইছেন না, না, কিছু কিছু জায়গাতে চাইছেন না সেটা একটু বলুন। স্যার, উনি কিন্তু সে-কথার জবাব দেননি। আমি ফর্টিসেকেণ্ড এ্যামেণ্ডমেণ্টের সব জায়গায় যাব না, আমি খালি দু'-একটি জায়গার কথা নিয়ে আলোচনা করবো। প্রিআম্বেল অব দি কনষ্টিটিউশন থেকে এবারে দুটি কথা যোগ করা হয়েছে। আগে ছিল, সোভারিন, ডেমোক্র্যাটিক, রিপাবলিক, এখন সেখানে যোগ করা হয়েছে আরো দুটি কথা--সোসিয়ালিষ্ট, সেকুলার। স্যার, ওঁরা কি দাঁড়িয়ে বলবেন, আমরা প্রিআম্বেল অব দি কনষ্টিটিউশন থেকে এই সোসিয়ালিষ্ট এবং সেকুলার এই দুটি কথা উঠিয়ে দিতে চাইছি? তাঁদের মনে মনে কি আছে আমরা জানি না, হয়ত কোন আশঙ্কা থাকতে পারে, কিন্তু সেটা আমরা জানি না। স্যার, ষষ্ঠ লোকসভার নির্বাচনের পর আমরা দেখলাম জনসংঘের মত দল তারা ৯১টি আসনে জয়লাভ করে লোকসভায় গিয়ে বসেছে। সেখানে কাশীবাবুরা তাদের সমর্থন জানিয়েছেন, মোরারজী দেশাই, যিনি প্রধানমন্ত্রী হয়েছেন, তিনিও তাঁদের সমর্থন জানিয়েছেন। স্যার, ভারতবর্ষে ওঁরা আজকে যে ইতিহাস সৃষ্টি করলেন আমার মনে হয় না দ্বিতীয়বার সেই ইতিহাস আর কেউ সৃষ্টি করবেন। জনসংঘের ৯১ জন সদস্য আজকে লোকসভায় গিয়ে বসেছেন, স্যার, ১৯৬৯ সালে পশ্চিমবাংলায় যে ঘটনা ঘটেছিল সেকথা আপনার জানা আছে। পশ্চিমবাংলার সেদিনকার মাননীয় মুখ্যমন্ত্রী শ্রদ্ধেয় শ্রীঅজয় মুখার্জী মহাশয় নিজে পদত্যাগপত্র দাখিল করে চলে গিয়েছিলেন। তিনি বলেছিলেন, জঙ্গলের রাজত্ব চলছে, আমি আর থাকতে পারছি না। স্যার, আপনি এও জানেন, ঠিক ঐ সময় কোথাও নেতাজীর মূর্তি ভাঙা হয়েছে, কোথাও বিধানচন্দ্র রায়ের মূর্তি ভাঙা হয়েছে, কোথাও জাতীয় পতাকার অবমাননা করা হয়েছে--ইত্যাদি কাজ করা হয়েছে। স্যার, আমি কাশীবাবুকে অত্যন্ত শ্রদ্ধা করি, আমি তাঁকে কয়েকটি কথা আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি। ফর্টিসেকেণ্ড এ্যামেণ্ডমেণ্টের যে ৫১ (ডি) যা কনষ্টিটিউশনে দেওয়া হয়েছে --১০টি মৌলিক কর্তব্যের কথা, তার দু'-একটির সম্বন্ধে বলব। সেই কর্তব্যের দু'-একটি জিনিস আমি আপনার সামনে প্লেস করছি। ৫১ নম্বরে আছে—

It shall be the duty of every citizen of India—

(a) to abide by the Constitution and respect its ideals and institutions, the National Flag and the National Anthem ;

(b) to cherish and follow the noble ideals which inspired our national struggle for freedom ;

(c) to uphold and protect the sovereignty, unity and integrity of India ;

এই যে পর পর ১০টি মৌল কর্তব্য আছে, এগুলি কি ওরা উঠিয়ে দিতে চাইছেন? যদি কাশীবাবুরা বলতেন যে ৪২তম এ্যামেণ্ডমেণ্টের এই পোরশানগুলি আমরা পছন্দ করছি না, এগুলি উঠিয়ে দিতে চাইছি তাহলে আমরা নিশ্চয়ই মনে করতাম যে এর পিছনে কিছু একটা সারবস্তু আছে। কিন্তু আমরা ফাণ্ডামেণ্টাল রাইটকে কখনও উঠিয়ে দিতে চাইনি। শীশ মহম্মদ সাহেব যে কথা বলেছেন যে আমরা ইমার্জেন্সি করেছি, ৪২মত এ্যামেণ্ডমেণ্ট করে ফাণ্ডামেণ্টাল রাইটকে উঠিয়ে দিয়েছি। আজ পর্যন্ত কোথাও এটা দেখছি না। ৪২তম এ্যামেণ্ডমেণ্টে ফাণ্ডামেণ্টাল রাইটকে উঠিয়ে দেওয়া হয়নি। ৪২তম এ্যামেণ্ডমেণ্টে কতক-

গুলি ফাণ্ডামেণ্টাল ডিউটি ইমপোজ করা হয়েছে। শীশ মহম্মদ সাহেব, তিনি হয়ত কনষ্টিটিউ পড়েন নি ঠিক করে, কিন্তু কাশীকান্তদার এই বিষয়ে খুব অভিজ্ঞতা আছে এবং আমি খুলে পড়ছি, কিন্তু তার বই খুলে পড়বারও দরকার হবে না, তিনি গোটা ১০টি মৌল কর্ত আমাদের বুঝিয়ে দিতে পারবেন, এটা আমি বিশ্বাস করি। আর একটা জিনিস আমার ম হয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে আর্টিকেল ১৯৪টা প্লেস করছি। ৪২ত এ্যামেণ্ডমেণ্ট করে যে অধিকার প্রত্যেক বিধানসভাকে দেওয়া হয়েছে সেটাও আপনার কাছে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে ১৯৪ ক্লজ (৩) ইনসার্ট করা হয়েছে In other respects, the powers, privileges and immunities of a House of the Legis lature of a States, and of the members and the committees of a House of such Legislature shall be such as may from time to time be evolved by such House by এ্যাক্ট মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪ ক্লজ (৩) ইনসার্ট করা হয়েছে এবং তাতে প্রত্যেকটি ষ্টেট লেজিসলেচারকে ক্ষমতা দেওয়া হয়েছে এবং বলা হয়েছে যে তাদের কি ক্ষমতা থাকবে কি অধিকার থাকবে। আমার মনে হয় উনি নিশ্চয়ই বিধানসভার সদস্য হিসাবে চাইবেন না যে অধিকার ১৯৪ ক্লজ (৩)-এ ঢোকান হয়েছে, যে অধিকার প্রত্যেক বিধানসভাকে দেওয়া হয়েছে সেটাকে কেড়ে নিতে। ওরা বলুন দাঁড়িয়ে যে আমরা কনষ্টিটিউশনের যে প্রিআম্বেল আছে যেখানে সোভারিন সোসিয়ালিষ্ট সেকুলার ডেমোক্র্যাটিক এই কয়টি ঢোকান হয়েছে সেটাকে ওরা উঠিয়ে দিতে চাইছেন অথবা বলুন যে ফাণ্ডামেণ্টাল ডিউটি যেটা ইম্পোজ করা হয়েছে সেটাকে উঠিয়ে দিতে চাইছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর দু'-একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আমি রাজ্যপালের ভাষণ পড়েছি। আমি শিক্ষা দপ্তরের কথা শুনে আসছি। যে সমস্ত গ্রামে প্রাথমিক স্কুল নেই, সেখানে আজকে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা হওয়া দরকার। কোন গ্রামে এমন কি বড় বড় গ্রামে যেখানে ৫-৭ হাজার মানুষ বাস করে, শিক্ষা দপ্তরের লোকেরা বলছে যে সেখানে যদি একটা স্কুল থাকে তাহলে সেখানে আর স্কুল হবে না। যাই হোক, শেষে এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং ঐ ৪২তম এ্যামেণ্ডমেণ্টের যে কথা আমি কাশীকান্তবাবুকে বলেছি, শীশ মহম্মদ সাহেবকে বলেছি, তাঁরা দাঁড়িয়ে বলুন যে ৫১নং আমরা চাই না, প্রিআম্বেল অব দি কনষ্টিটিউশন চাই না, আর্টিকেল ১৯৪ ক্লজ (৩) চাই না,—একথা তাঁরা দাঁড়িয়ে বলুন তাহলে আমরা বুঝবো যে, হ্যাঁ, তাঁরা সঠিকভাবে বক্তব্য রাখছেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীমতী নরুন্নেসা সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শেষ দিন। আমি রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে কয়েকটি কথা বলার সুযোগ পেয়েছি বলে ধন্যবাদ জানাচ্ছি। রাজ্যপালের ভাষণে যে সমস্ত কথা বলা হয়েছে সেগুলি হয়ত অনেকে জেগে ঘুমান কিম্বা দেখতে পান না, তাঁরা বলেছেন যে কিছুই করা হয়নি। ৫ বছরে আমরা কিছুই করিনি, আমাদের সরকার কিছু করেন নি। যাই হোক, এটা অত্যন্ত ভ্রান্ত কথা। এই বইটাকে যদি ভাল করে পড়তেন যেটাকে আমাদের নেতা শ্রদ্ধেয় অজয়দা বলেছেন উৎকৃষ্ট ভাষণ।

[6-20—6-30 p.m.]

উৎকৃষ্ট ভাষণের মধ্যে সত্য সত্যই কতকগুলো উৎকৃষ্ট কথা আছে, যেগুলো আমাদের সরকারের প্ল্যান এবং প্রোগ্রাম অনুযায়ী সফল করার চেষ্টা হয়েছে। গ্রামের উন্নয়ন তার মধ্যে

প্রধান অধিকার পেয়েছে। গ্রামের কৃষক যাঁরা অধিকাংশ কৃষিজীবী, তাঁরা এই দারুণ খরায় এবং বন্যাকবলিত হয়ে জর্জরিত অবস্থায় দিনাতিপাত করতেন, কিন্তু আজকে কৃষি উন্নয়নের জন্য, সেচের উন্নয়নের জন্য এবং কৃষিকার্যের জন্য সার এবং সময়মত লোনের ব্যবস্থা করা হয়েছে, যার জন্য গরীব কৃষক সেই টাকায় সার এবং বলদ কিনে কিছু কিছু জমিতে চাষ করেছে। সেচের ব্যবস্থা যেখানে আছে সেখানে ভাল চাষ হয়েছে। শ্যালো টিউবওয়েল, রিভার লিফট, ইত্যাদি বেশী পরিমাণে হয়েছে, কিন্তু যদিও প্রয়োজনের তুলনায় কম, তবুও চেষ্টা করা হচ্ছে যাতে দুঃখ-দুর্দশা লাঘব হয়। যাঁরা শ্রমিক, শ্রম দান করে জীবিকা অর্জন করেন, অর্থাৎ যারা ভূমিহীন, তারা কিছু কিছু জমি পেয়েছে, সেই জমিতে তারা চাষ করছে, লোন পাচ্ছে, সার, সেচের ব্যবস্থা ইত্যাদির মাধ্যমে তারা নিজস্ব জীবিকা অর্জন করতে পারছে। যা কিছুকাল আগেও চিন্তা করতে পারতো না তা এখন হচ্ছে। যদিও কিছু কিছু জায়গায় বিদ্যুৎ না পৌছানোর জন্য কিছু কিছু কাজ ব্যাহত হচ্ছে, এখন যাঁরা যাচ্ছেন ট্রেনে করে বা বাসে করে, রাস্তার দু' পাশে যে বিস্তীর্ণ মাঠ পড়ে রয়েছে, সেখানে যে সবুজ বিপ্লব হচ্ছে, সেই দৃশ্য দেখলে বুঝতে পারবেন যে কি প্রভূত উন্নতি হয়েছে। সুতরাং এইগুলোকে শুধু সমালোচনা করলেই হয় না। সমালোচনা করা যায় কিন্তু নিছক সমালোচনা, এইগুলো যেন না হয়। সারবস্তু যেন কিছু থাকে। সেটা যেন তাঁরা দেখেন। এই বিষয়ে রবীন্দ্রনাথের কথা মনে পড়ছে—'শুধু বিঘে দুই, ছিল মোর ভুঁই, আর সবই গেছে ঋণে'। আজকে যে সমস্ত ভূমিহীন, অথহীন, আশ্রয়হীন মানুষ, তাদের জন্য চিন্তা করা হচ্ছে, যাদের দু' বিঘা কেন, দু' ইঞ্চি জমি পর্যন্ত ছিল না, আজকে সরকারের প্ল্যান এ্যাণ্ড প্রোগ্রাম অনুযায়ী তাদের জমি বিতরণ করা হয়েছে। তারপর যারা নিরন্ন, নিরাশ্রয়—পাখীরাও বাসা বেঁধে থাকে, কিন্তু তাদের তাও ছিল না, কোন জমিদারের ভিটেতে তারা বাস করতেন, জন্মাতেন, থাকতেন, তারপর মারাও যেতেন, অন্য লোকের ভিটেতে, এখন তাদের নিজস্ব জমি, নিজস্ব আশ্রয় এই সরকার দিতে পেরেছেন। প্রাসাদ তৈরী করে দেওয়া যায় না সত্য কথা, কিন্তু কিছু জনকে মাথা গোঁজার আশ্রয় করে দিতে পারা গেছে। হয়নি যে কি তা বুঝতে পারছি না, হয়তো আরও হওয়া উচিত ছিল বা আরও বেশী করে দরকার, কিন্তু সেটা অনেক সময় অর্থের জন্য হয়নি। কিন্তু আজকে গ্রামবাসী, সেই স্বাধীনতার স্বাদ পাচ্ছে। নিপীড়িত জনগণ, দুঃখী, সর্বহারা তাদের উন্নতি হচ্ছে। এবং অন্যান্য যারা অনুন্নত শ্রেণীর লোক আছে তাদের কিন্তু অনেক উন্নতি হয়েছে এবং সমাজে তারা উন্নত স্তরে স্থান পেয়েছে। এই কথাগুলি বলে ধন্যবাদ জানিয়ে এবং এই রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিবপদ ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোকসভার নির্বাচন শেষ হবার পর ফলাফল বেরিয়ে গেছে, পশ্চিমবাংলার মানুষ আশা করেছিল অন্তত রাজ্যপালের ভাষণের মারফত যে ভুল-ত্রুটির জন্য আজকে পরাজয়, তার স্বীকৃতি এবং নতুন পথের একটা দিশারী তারা দেখতে পাবেন। বিশেষভাবে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু মানুষ, রাজ্যপালের ভাষণে খুবই ক্ষুব্ধ হয়েছেন এবং আপনারা জানেন যে ১৯৭২ সালের নির্বাচনের পরে এই সরকার পশ্চিমবঙ্গের উদ্বাস্তু মানুষকে বিশেষভাবে মাননীয় মন্ত্রী সন্তোষ রায় বহুবার একটা মাষ্টার প্ল্যান দেখিয়েছেন, ২৩ কোটি টাকা আসবে এই মাষ্টার প্ল্যানের মারফত এবং উদ্বাস্তু সমস্যার সমাধান করা হবে বারবার এই এ্যাসেমব্লী ফ্লোরে দাঁড়িয়ে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং প্রতিজ্ঞা

করেছিলেন। তিনি বলেছিলেন এমন কি, যদি মাষ্টার প্ল্যান কার্যকরী না হয় তাহলে আমরা পদত্যাগ করবো।

কিন্তু আজকে এই রাজ্যপালের ভাষণের মধ্যে উদ্বাস্তুদের সেই সমস্ত সমস্যার কোন উল্লেখ আমরা দেখতে পাচ্ছি না। এই কয়েক বছর ধরে উদ্বাস্তুদের কোন সমস্যারই সমাধান হয়নি। প্রথমত আমরা চেয়েছিলাম '৫০ সালের পর যে সমস্ত উদ্বাস্তু কলোনিগুলি গড়ে উঠেছে সেগুলিকে টাকা দিয়ে, অর্থ দিয়ে না পারুন অন্তত সরকারী স্বীকৃতি দেওয়া হোক। কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থাই করা হয়নি। অতীতের সরকার করেন নি, এই সরকারও তা করেন নি। উদ্বাস্তু কলোনিগুলির অবস্থা বস্তির চেয়েও খারাপ, এখানকার মানুষগুলি আশা করেছিল তাদের উন্নতির ব্যবস্থা এই সরকার করবেন। প্রথমে কনষ্ট্রাকশন বোর্ডের মাধ্যমে উন্নয়ন করার কথা হয়েছিল। কিন্তু পরবর্তীকালে আমাদের অনেক আবেদনের পর ঠিক হয়েছিল সি এম ডি এ-র মাধ্যমে উদ্বাস্তু কলোনিগুলির উন্নতি হবে। কিন্তু আজকে কি দেখছি? সমস্ত পশ্চিমবঙ্গে ৫০০ স্বীকৃত কলোনি রয়েছে, তার মধ্যে মাত্র ২৬টি কলোনিকে উন্নয়নের আওতায় আনা হয়েছে। বস্তিগুলির উন্নয়নের পরিপ্রেক্ষিতে সেখানে জল দেওয়া হয়েছে, লাইট দেওয়া হয়েছে, পায়খানার ব্যবস্থা হয়েছে। কিন্তু ঐ ২৬টি উদ্বাস্তু কলোনিতেও এখনও পর্যন্ত কোন জলের ব্যবস্থা নেই, কোন পায়খানা নেই, দু'-একটি রাস্তা ছাড়া প্রায় সব রাস্তাই কাঁচা। এই কলোনিগুলি ছাড়া অন্য কলোনিগুলির জন্য কোন উন্নয়ন পরিকল্পনা এই সরকারের নেই। আমরা বিভিন্ন ডিপার্টমেণ্টে খুঁজেও কোন পরিকল্পনার খোঁজ পাইনি। আজকে ভূমিহীন চাষীদের ভূমি দেওয়া হবে বলে নীতিগতভাবে বলা হচ্ছে। কিন্তু পশ্চিম-বঙ্গের লক্ষ লক্ষ উদ্বাস্তু মানুষ যারা ভূমিহীন, যারা রাস্তার ধারে পড়ে রয়েছে তারা আজ পর্যন্ত কোন ভূমি পায়নি। অথচ তারা কিছু কিছু পথের ধারে ঘর এবং দোকান করেছিল এবং তাই দিয়ে মোটামুটিভাবে বাঁচবার চেষ্টা করছিল। কিন্তু সেই ঘর-দোকানগুলি এই সরকারের আমলে ভেঙে দিয়ে তাদের অনাহারে রাখা হয়েছে। আমরাও বলছি রাস্তার ধারে ঘর, দোকান, থাকা উচিত নয়। কিন্তু তার জন্য তাদের মিনি মার্কেট করে দেওয়া উচিত, তাদের বিকল্প ব্যবস্থা করে দেওয়া উচিত। কিন্তু সেই বিকল্প ব্যবস্থা আজ পর্যন্ত হলো না। শহরাঞ্চলে বহু পতিত জমি পড়ে আছে, সেগুলি আইন করে ভেষ্টেড করে নিয়ে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা যায়। কিন্তু সে ব্যবস্থা করা হয়নি। আজকে কৃষিক্ষেত্রে এবং বিভিন্ন ক্ষেত্রে বহু ঋণ মকুব করা হচ্ছে। কিন্তু উদ্বাস্তু মানুষের যে ঋণ সরকারের কাছে আছে তা মকুবের কোন ব্যবস্থা করা হচ্ছে না। ছেলে নাবালক, বাবা ঋণ করে গিয়েছে, অথচ সেই ঋণও মকুব করা হচ্ছে না। এর মধ্যে কেন্দ্রীয় সরকারের ঋণ আছে, পশ্চিমবঙ্গ সরকারের ঋণ আছে, সেই ঋণ মকুবের কোন ব্যবস্থা এই সরকারের তরফ থেকে করা হচ্ছে না। আমি মনে করি সাবিক-ভাবে উদ্বাস্তু মানুষদের সরকার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা তাঁরা পালন করেন নি। আজকে সরকার বলছেন ডেভেলপমেণ্ট করছি। আমি তাদের কাছে জিজ্ঞাসা করি ডেভেলপমেণ্টের বিভিন্ন চরিত্রগুলি কি, কিসের ভিত্তিতে ডেভেলপমেণ্ট হচ্ছে? আমাদের এখানে সি এম পি ও বলে একটা প্রতিষ্ঠান রয়েছে। মাননীয় স্পীকার স্যার, আমরা বারবার আবেদন করেছিলাম, সরকারের কাছে—আপনারা সমাজতান্ত্রিক সংবিধান নিয়েছেন, কিন্তু কোনদিন শুনেছেন একটা কমপ্রিহেনশিপ প্ল্যান নিয়ে ডেভেলপমেণ্ট করা হচ্ছে? না সেরকমভাবে ডেভেলপমেণ্ট হচ্ছে না। কোথায় ডেভেলপমেণ্ট করতে হবে, ভাতারে, কি বরাহনগরে তার কোন

প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি না। যার জন্য আমরা দেখছি বহু এম এল এ বলছেন তাদের এলাকায় উন্নয়নের কাজ হয়নি, বর্ধমানের অমুক জায়গায় হয়েছে। সেদিন সি এম ডি এ মন্ত্রী বললেন অমুক এম এল এ জানেন কোথায় হয়েছে। যদি কমপ্রিহেনসিভ প্ল্যান থাকত তাহলে অমুকে জানে, তমুকে জানে বলতে হত না। তাহলে ডেভেলপমেণ্টের চরিত্র আজকে বিধানসভায় আমরা সবাই জানতে পারতাম এবং সাধারণ মানুষের কাছেও সেটা থাকত। উন্নয়ন যে হচ্ছে না, তা নয়। উন্নয়ন কিছু কিছু হচ্ছে, কিন্তু তা অত্যন্ত বিচ্ছিন্নভাবে হচ্ছে, কোন কমপ্রিহেনসিভ ওয়েতে হচ্ছে না। এর ফলে কোন কাজই সম্পূর্ণভাবে কার্যকরী হচ্ছে না।

[6-30—6-40 p.m.]

আমি জিজ্ঞাসা করছি এমন একটা কনস্টিটিউয়েন্সি আছে যেখানে উন্নয়নের কাজ শেষ হয়েছে? পানীয় জলের কথায় বলব এমন একটা এলাকা আছে যেখানে জলের বা ড্রেনের মিনিমাম প্রবলেম সল্‌ভ হয়েছে? বরং আমরা দেখতে পাচ্ছি উন্নয়নের নাম করে টাকার ৩০ শতাংশের উপর টাকা চুরি ও অপচয় হয়েছে। এর বহু প্রমাণ সকলের জানা আছে। আগে বিভিন্ন সরকারী কাজের টেণ্ডার করা হোত। কিন্তু আজ রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কোটারী টেণ্ডার হচ্ছে। এর ফলে যারা পাওয়ার তারা পাচ্ছে না। সেজন্য কোথাও সঠিক কাজ হচ্ছে না। এক্ষেত্রে আমি ৩ কোটি টাকার একটি টেণ্ডারের কথা বলব। বাগজোলা একটা ড্রেনেজ স্কীম পানিহাটি, বেলঘরিয়া, বরাহনগর, দমদম আছে। এই ড্রেন এলাকায় উদ্বাস্তুরা বাড়ী তৈরী করেছে। এই ড্রেনেজ স্কীম সংস্কার করা সম্বন্ধে বারবার বলা হয়েছে। সি এম পি ও, সি এম ডি এ কে করবে বলায় ঠিক হল সি এম ডি এ বললেন তাঁরা এটা করবেন। সি এম ডি এ বললেন আমরা কোন এজেন্সির মাধ্যমে কাজ করব না। নিজেরাই করব। কিন্তু দেখলাম হঠাৎ সেই কাজ ইরিগেশন ডিপার্টমেণ্টের হাতে চলে গেল। প্রশ্ন হচ্ছে ওই কাজ ইরিগেশন ডিপার্টমেণ্টে গেল কেন? কিন্তু এই ৩ কোটি টাকার টেণ্ডার সঠিকভাবে হয়নি। বেআইনীভাবে কমলনাথ এই টেণ্ডার নিয়েছে। এর ফলে সেই কাজ হচ্ছে না, অর্থের অপচয় হচ্ছে। এই সম্বন্ধে বিধানসভার সদস্য হিসেবে বলার কিছু সাহস পাচ্ছি না যে কাজ খারাপ হচ্ছে—তাহলে অবস্থা খারাপ হবে। দেখলাম, নির্বাচনের সময় কমলনাথের লোকেরা সরকারী টাকার গাড়ী নিয়ে প্রিয়কে হারাতে চেষ্টা করে এবং অন্যান্য অনেক কেন্দ্রে করে। এই ৩ কোটি টাকার টেণ্ডার তারা অপচয়, ইরিগেশন ডিপার্টমেণ্টে এই কাজ কেন গেল তার পূর্ণ তদন্তের জন্য আবেদন করছি, আশা করি এ বিষয় নিরপেক্ষ তদন্ত হবে। আমি মুখ্যমন্ত্রীকে উদ্বাস্তু ও সরকারী কর্মচারীদের কথা বলেছিলাম। তিনি নীতিগতভাবে স্বীকার করেছেন যে, ডিপার্টমেণ্টের জন্য সরকারী কর্মীদের কেন্দ্রীয় হারে ডি এ দিতে পারছেন না।

ভারতবর্ষের অন্যান্য প্রভিন্স আজকে যদি দিতে পারেন, কেরালার মত প্রভিন্স যারা উন্নয়ন করেছেন, জনতার কাজ করেছেন, তাঁরা যদি দিতে পারেন তাহলে আপনি কেন এটা দিচ্ছেন না বা দেওয়ার চেষ্টা করছেন না? যেখানে দেখছেন ডেভেলপমেণ্টের ৩০ পার্সেণ্ট টাকা পিঁপড়েতে খেয়ে যাচ্ছে সেখানে এই টাকাটা দেওয়ার চেষ্টা করুন। আমরা দেখছি শুধু ডি এ-র ব্যাপারে নয়, সরকারী কর্মচারীদের উপর অবিচার করা হচ্ছে। ১৯৭৪ সালে একটা সার্কুলার এই সরকার দিয়েছেন যে সার্কুলারের বলে হাজার হাজার কর্মচারীর ইনক্রিমেণ্ট

বন্ধ হয়ে গেছে, তাঁদের এফিসিয়েন্সি বার বন্ধ হয়ে গেছে, তাঁরা আর ইনক্রিমেণ্ট পাচ্ছেন না। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলি কেন্দ্রীয় সরকার কতকগুলি ভাল জিনিস করছেন, সেখানে কেন আপনি এই হাজার হাজার সরকারী কর্মচারীকে এই অবস্থায় রেখেছেন। ২৯শে মে, ১৯৭৪ সালের একটা সার্কুলার দিয়েছিলেন, তারা একদিন ষ্টাইক করেছে, তাদের মধ্যে অনেকে ছুটির দরখাস্ত করেছে, কিন্তু এই আমলারা তা অগ্রাহ্য করেছেন, হাজার হাজার মানুষের ইনক্রিমেণ্ট বন্ধ করে দিয়েছে। এই সার্কুলার আপনি উইথড্র করুন, উইথড্র করে যাদের ইনক্রিমেণ্ট বন্ধ করে দেওয়া হয়েছে তাদের ইনক্রিমেণ্ট দিন, তাহলে তারা বুঝতে পারবে এই সরকার তাদের উপর অন্যায় অবিচার করেনি। একদিকে যেমন হাজার হাজার কর্মচারীর ইনক্রিমেণ্ট বন্ধ হচ্ছে তেমনি অন্যদিকে রাজনৈতিক দিক থেকে তাকিয়ে বহু সরকারী কর্মচারীকে ডেপুটেশনে পাঠানো হচ্ছে। যাদের ইমিডিয়েটলি উপরের তলায় যাওয়া উচিত নয় তাদের উপরের তলায় পাঠানো হচ্ছে। ফলে সরকারী কর্মচারীদের মধ্যে একটা বিক্ষোভ দাঁনা বেঁধে উঠেছে। আমি একটা উদাহরণ দিই—ফুড ডিপার্টমেণ্টে বহু মানুষের ইনক্রিমেণ্ট, এফিসিয়েন্সি বার ক্রস বন্ধ রয়েছে, কিন্তু হঠাৎ দেখলাম ডেপুটেশনের নাম করে একটা বিশেষ দলের সমর্থক হলে তাদের ফুড কর্পোরেশনে দেওয়া হয়। ফুড কর্পোরেশনে যাওয়ার অর্থ হচ্ছে ১৫০/২০০ টাকা মাইনে বেড়ে যাচ্ছে। তাদের ডেপুটেশনে দেওয়া হচ্ছে যাদের ১/২ বছর চাকরি হয়েছে। কিন্তু ১০/১২ বছর যাদের চাকরি হয়েছে তাদের ডেপুটেশনে গ্রাহ্য হল না। তাই মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব যদি এই ধরনের জিনিস থাকে তাহলে সরকারী কর্মচারীদের মধ্যে বিক্ষোভ দানা বাঁধবে। আমি আশা করব মুখ্যমন্ত্রী মহাশয় উপযুক্ত হস্তক্ষেপ করে এই বিক্ষোভের অবসান করবেন। আজকে বহু বন্দী জেলের মধ্যে রয়েছে। আমি ছোটবেলা থেকে রাজনীতি করছি, ১৪/১৫ বার জেলে গেছি, সরকারের বিভিন্ন জেলে ছিলাম। আজও বহু নকশাল বন্দী জেলের মধ্যে রয়েছে। আজকে যদি কেন্দ্রীয় সরকার থেকে বরোদা ডিনামাইট মামলা উইথড্র হতে পারে, আজকে যদি কেন্দ্রীয় সরকারের সঙ্গে চীনের আদান-প্রদান হতে পারে তাহলে নকশাল বন্দীদের কেন মুক্ত করা যাবে না? তাদের রাজনৈতিক মর্যাদা কেন আজ পর্যন্ত দিচ্ছেন না? যারা নকশাল বন্দী রয়েছে আমি আশা করব আপনাদের মন্ত্রিসভা তাদের ছেড়ে দেবেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

-40—6-50 p.m.]

শ্রীকানাইলাল সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব দিয়েছেন তাকে সমর্থন করে দু'-একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। আজকে জনতা পার্টির যাঁরা দরদী আছেন তাঁরা একটা কথাই বারবার বলছেন যে নির্বাচন শীঘ্রই করা দরকার।

একটা কথা বারবার বলছেন যে নির্বাচন এখানে করা দরকার; তাদের নিশ্চয়ই জানা দরকার যে সংবিধান সংশোধনী যেটা হয়েছে ৪২তম সংশোধনী, সেই সংশোধনের দ্বারা ৫ বছরের জায়গায় ৬ বছর বর্ধিত করা হয়েছে। যতদিন পর্যন্ত সেই সংবিধান এ্যামেণ্ডেড না হয়, প্রত্যেক বিধানসভার সদস্যের সেটা মেনেই চলতে হবে। যে ৪২তম সংশোধনী হয়েছে, তাতে গোটাকতক সুফল পেয়েছি, সে সম্বন্ধে দু'-একটি উদাহরণ দিয়ে আমি আমার

বক্তব্য শেষ করব। আপনি জানেন যে আমাদের চেতলাতে বস্তী উন্নয়ন পরিকল্পনা কেন্দ্রীয় সরকার থেকে নেওয়া হয়েছিল, তার কাজ শুরু হয়ে গেছে। সেই কাজ বন্ধ হয়ে গেছল ২০৬-এর ইঞ্জাংশনের ফলে, এর ফলে বস্তীর মানুষদের রিহ্যাবিলিটেশন বন্ধ হয়ে গেছল। সংবিধান সংশোধন হবার পর সেই কাজগুলি শুরু হয়ে গেছে। আর একটা বস্তীতে ডিপ টিউবওয়েল বসানো হয়েছিল, বস্তীর লোকদের জল সরবরাহ করার জন্য, সেখানে যে ইঞ্জাংশন ছিল সেটা এখনও ভ্যাকেটেড হয়নি, তাই কল চালু হয়নি, বস্তীর লোকদের জল সরবরাহ সম্ভব হয়নি। যে কেস উঠেছিল তাতে যে সংবিধান রয়েছে, সেই সংবিধানের মাধ্যমে জল সরবরাহ করা সম্ভব হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপাল যে বক্তৃতা দিয়েছেন, তাতে আমি দেখেছি যে, ৫ বছরের মধ্যে আমরা প্রচুর কাজ করতে পেরেছি। আমরা হয়ত সবরকম কাজ, সবরকম সুবিধা মানুষকে করে দিতে পারিনি, কিন্তু যতটা করতে পেরেছি এটা দাবী করতে পারি যে ৩০ বছরে যা করা হয়নি, পাঁচ বছরের মধ্যে তা করা হয়েছে। আমরা দেখেছি—আমাদের প্রফুল্লচন্দ্র সেনের রাজত্বের সময় যেটা প্রাথমিক কর্তব্য ছিল বাধ্যতামূলক প্রাইমারি এডুকেশনের ব্যবস্থা করা, কিন্তু কতটুকু তাঁরা করতে পেরেছিলেন? আমরা কিন্তু গত ৫ বছরের মধ্যে দেখেছি কলকাতা শহরে অন্তত প্রাইমারি স্কুল কমিটির চেয়ারম্যান হিসাবে ২৩০টি স্কুলকে সরকার থেকে এ্যাপ্রুভ্যাল দিতে পেরেছি, প্রতিটি স্কুলে ১০০ জন করে ছেলেকে প্রাথমিক শিক্ষা দিতে পারি, তাহলে ২০ হাজার ছেলেকে প্রাথমিক শিক্ষা দিতে পারব। তাছাড়া এই কলকাতায় এ্যাডাল্ট এডুকেশন সেণ্টার ৪৫টি করতে পেরেছি, তাছাড়া নিউট্রিশন সেণ্টার ইত্যাদি অনেক কিছু করতে পেরেছি, বেকার যুবকদের জন্য যে এ্যাপ্রেন্টিসশিপের ব্যবস্থা করা উচিত, সেটা করতে পেরেছি, আমরা ইরিগেশন স্কীম করেছি এবং তার জন্য এগ্রিকালচারাল প্রডিউস প্রচুর পরিমাণে করতে পেরেছি, যার ফলে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছি। আমাদের রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, বন্দে মাতরম্।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাম্প্রতিক লোকসভা নির্বাচনে আমরা নিশ্চয় পরাজিত হয়েছি। কিন্তু বিলুপ্ত হইনি। কেউ যদি ভেবে থাকেন যে কংগ্রেসের মৃত্যু হয়েছে সেটা সম্পূর্ণ ভুল। কংগ্রেস ছিল, আছে এবং চিরকালের জন্য থাকবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭১ সালের লোকসভার নির্বাচনের ফলাফলের বিষয়টি যদি বিশ্লেষণ করে দেখেন এবং ১৯৭৭ সালের লোকসভার নির্বাচনের ফলাফল যদি মিলিয়ে দেখেন, তবে কি দেখতে পাবেন? ১৯৭১ সালের কংগ্রেস ভোট পেয়েছিল ৩৬ লক্ষ ৫১ হাজার ৩৫টি এবং ১৩টি আসনে আমরা জয়যুক্ত হয়েছিলাম। আর ১৯৭৭ সালে আমরা ভোট পেয়েছিলাম ৪৩ লক্ষ ১২ হাজার ১২৩টি। তাই ১৯৭১ সালে আমরা যে সমর্থন পেয়েছিলাম তার অনেক বেশী সমর্থন পেয়েছি ১৯৭৭ সালে। তবে পরাজিত আমরা নিশ্চয় হয়েছি সেটা আমরা মেনে নিচ্ছি। জয় হয়েছে গণতন্ত্রের, গণতন্ত্র এবং গণতান্ত্রিক পদ্ধতির জয় হয়েছে। শ্রীমতী ইন্দিরা গান্ধী যদি ইচ্ছা করতেন আরও আঠার মাস সরকারের গদিতে বসে থাকতে পারতেন, কারণ লোকসভার আয়ুষ্কাল আরও আঠার মাস ছিল। তা সত্ত্বেও যখন নানা দিক থেকে অনেক প্রশ্ন উঠতে লাগলো এবং মানুষ অনেকরকম কথা বলতে শুরু করলো তখন আমরা সকলে মিলে চিন্তা করলাম যে মানুষের কাছে আবার ফিরে যাওয়া দরকার। মানুষের আশীর্বাদ আবার চাওয়া দরকার। এবং মানুষের রায় যা হবে সেই রায় আমরা মাথা পেতে

নেবো। আমরা গেলাম নির্বাচনে—নির্বাচনে মানুষ রায় দিয়েছে সেই রায় আমরা মাথা পেতে নিচ্ছি। নির্বাচন ছিল লোকসভায়। লোকসভার সমস্যা যেগুলি ছিল, প্রশ্ন যেগুলি ছিল সেই সমস্যা এবং প্রশ্ন সম্বন্ধে জনগণ রায় দিয়েছে। নির্বাচনটা বিধানসভার ছিল না। বিধানসভার নির্বাচনে অন্য প্রশ্ন ওঠে, অন্য সমস্যা ওঠে এবং বিধানসভার নির্বাচনের প্রশ্নের উত্তর অন্যরকম হয়। লোকসভার নির্বাচনের সঙ্গে বিধানসভার নির্বাচন এক করে দেওয়া আমার মনে হয় ঠিক হবে না। অত্যন্ত বিনয়ের সঙ্গে এই বক্তব্য রাখছি। লোকসভার নির্বাচনে মানুষ চিন্তা করে কেন্দ্রীয় সরকার কি করেছে, কেন্দ্রীয় সরকারের নীতি কি, কেন্দ্রীয় সরকার কিভাবে কার্যভার চালিয়েছে ইত্যাদি। সেখানে প্রাদেশিক সরকার কি করেছিলেন বা কি করেন নি সে প্রশ্নটা আসে না। যখন লোকসভা এবং বিধানসভার নির্বাচন একসঙ্গে হয়েছিল তখন দেখা গেছে লোকসভায় যিনি নির্বাচিত হলেন তিনি হয়তো অন্য দলের আর বিধানসভায় যিনি নির্বাচিত হলেন তিনি হয়তো আর এক দলের। এইরকম ভূরি ভূরি দৃষ্টান্ত আছে। লোকসভায় মানুষ যখন ভোট দেয় তখন এক চিন্তায় ভোট দেয় আর বিধানসভায় যখন ভোট দেয় তখন আর এক চিন্তায় মানুষ ভোট দেয়। একথাটাই ভেবে দেখা দরকার। মানুষ জানতো যে লোকসভার নির্বাচনে ভোটের ফলে পশ্চিমবঙ্গ সরকারের অদল-বদল হবে না। মানুষ জানতো যে লোকসভায় আমরা যে রায় দেবো তাতে প্রাদেশিক রাজনীতিতে তার প্রতিফলন হবে না। মানুষ জানতো যে আমি যে রায় দিচ্ছি সেই রায় হচ্ছে কেন্দ্রীয় সরকার কার হাতে যাবে তারই রায়। কেন্দ্রীয় সরকার কি হবে, ভবিষ্যতে কেন্দ্রীয় সরকার কি হবে সেই রায় আমরা মাথা পেতে নিয়েছি স্যার, জনতা সি এফ ডি সরকার কেন্দ্রীয় সরকারের গদিতে বসেছেন তাদের আমরা অভিনন্দন জানাচ্ছি, তাদের আমরা বলছি যে, আপনাদের খালি আমরা মেনে নিইনি তাই নয় আমরা সকলে গণতান্ত্রিক মানুষ, গণতন্ত্রে বিশ্বাস করি, গণতন্ত্র বহির্ভূত কোন কাজ করা উচিত নয়। আমরা মানুষের রায় মেনে নিচ্ছি, আমরা আপনাদের সঙ্গে পূর্ণ সহযোগিতা করবো, আপনাদের যা যা ভালো কাজ হবে পশ্চিমবঙ্গ সরকার এবং পশ্চিমবঙ্গের মানুষ—তাদের পূর্ণ সহযোগিতা এবং পূর্ণ সমর্থন পাবেন। কেন্দ্রীয় সরকারকে সুস্পষ্টভাবে এই কথাটি বলে দিতে চাই।

[6-50—7-00 p.m.]

কেন্দ্রীয় সরকারকে সুস্পষ্টভাবে বলে দিতে চাই, প্রধানমন্ত্রী মোরারজী দেশাই মহাশয়কে, প্রধানমন্ত্রী হিসাবে তিনি যখন অফিস গ্রহণ করলেন তখন তাঁকে আমি একটা বার্তা পাঠিয়েছিলাম অভিনন্দন জানিয়ে এবং এই কথা বলে যে, পশ্চিমবঙ্গ সরকার এবং পশ্চিমবঙ্গের জনগণ তাঁর সরকারের সঙ্গে নিশ্চয়ই সহযোগিতা করবে এবং সঙ্গে সঙ্গে এটাও আমরা নিশ্চয়ই আশা করবো যে, কেন্দ্রীয় সরকারও পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে সহযোগিতা করবেন। ঠিক পূর্বের মত যেমন কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার হাতে হাত মিলিয়ে কাজ করছিল সেই রকমভাবে আমরা কাজ করবো এটাই আমার দৃঢ় বিশ্বাস। তার উত্তর প্রধানমন্ত্রীর কাছ থেকে আজকেই আমি পেয়েছি। আমি অত্যন্ত কৃতজ্ঞ তাঁর কাছ থেকে উত্তর পাওয়ার জন্য। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে তাঁর কাছ থেকে যে চিঠিটা পেয়েছি সেটা পড়ে শুনাচ্ছি। প্রধানমন্ত্রী লিখছেন,

Dear Ray, I have received your telegram of felicitations. I appreciate the assurance you have given on behalf of the Govt. of West Bengal. I have

always believed that the Centre cannot be strong if the States are weak. We should, therefore, work together in a spirit of co-operation regardless of our political persuasions. What we need is mutual trust and understanding. You will not find the Union Government wanting in sympathy for the genuine problems of the States.

এই পত্রের জন্য আমি প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি এবং ঠিক এই একই মনোভাব নিয়ে আমরা কাজ করবো এটা পরিষ্কারভাবে এই বিধানসভার সামনে এবং বিধানসভার মাধ্যমে পশ্চিমবাংলার মানুষের কাছে তুলে ধরতে চাই। আমাদের দেশে অনেক সমস্যা আছে, কেন্দ্রের সামনে অনেক সমস্যা আছে, এই সমস্যার সমাধান করতে আমাদের কষ্ট পেতে হবে। অনেক বাধা আছে, অনেক বিঘ্ন আছে। তাই এই বাধা-বিঘ্ন অতিক্রম করবার জন্য কেন্দ্রীয় এবং প্রাদেশিক সরকারে যাঁরা আছেন তাঁদের কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করতে হবে, হাতে হাত লাগিয়ে কাজ করতে হবে, সহযোগিতার মনোভাব নিয়ে কাজ করতে হবে। নির্বাচন হয়ে গিয়েছে, নির্বাচনে যা বলা হয়েছে সে নির্বাচনের সময় বলা হয়েছে। নির্বাচন শেষ হয়ে গিয়েছে এখন কাজের সময় এসেছে। কাজের সময় কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার একসঙ্গে কাজ করবে এই বিশ্বাস, এই আশা আমরা পোষণ করি। আমার কোন সন্দেহ নেই যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে সহযোগিতা করবেন না। প্রধানমন্ত্রী নিজে তাঁর চিঠিতে আমাকে একথা বলেছেন। আমরা নির্বাচনের মাধ্যমে যে শিক্ষালাভ করেছি সেটা নিশ্চয়ই বিশ্লেষণ করতে হবে। নির্বাচনে হার-জিৎ আছে তাই তো নির্বাচন। নির্বাচন কেন হয়? আমরা ঠিক পথে চলছি, কি না চলছি সেটা দেখবার জন্য। নির্বাচনে মানুষ কেন আমাদের বিরুদ্ধে গেল সেটা ভেবে দেখতে হবে, জানতে হবে এর কি কারণ। নিজেদের ভুল যদি থাকে, নিজেদের অন্যায় যদি থাকে সেটা শোধরাতে হবে। কারণ গণতান্ত্রিক দেশে মানুষের মতই শেষ কথা, প্রথম কথা, দ্বিতীয় কথা এবং শেষ কথা। মানুষের মতামত অনুযায়ী গণতান্ত্রিক সরকারের চলা উচিত। মানুষ যে রায় দিয়েছে আমাদের বিরুদ্ধে সেই রায় কি কারণে দিয়েছে? প্রথমত, জরুরী অবস্থায় বাড়াবাড়ি হয়েছিল অনেকগুলি জায়গায়। অনেক জায়গায় জরুরী অবস্থার সুযোগ নিয়ে মানুষের উপর অত্যাচার করা হয়েছিল, মানুষের উপর অন্যায় করা হয়েছিল, তার প্রতিবাদ জানিয়েছে ভারতবর্ষের জনসাধারণ। দ্বিতীয়ত, সংবিধান বহির্ভূত, কিছু কিছু একষ্ট্রা কনষ্টিটিউশনাল কাজ হয়েছিল, একষ্ট্রা কনষ্টিটিউশনাল সোর্স অব অথরিটি ছিল, সেটা মানুষ পছন্দ করেনি, মানুষ চায় সংবিধান অনুযায়ী চলতে। যারা সংবিধান অনুযায়ী ক্ষমতায় আছে তারা সংবিধানে যে ক্ষমতা দেওয়া আছে তাই ব্যবহার করুক, সংবিধানে যে ক্ষমতা নেই সেটা যেন কোন ব্যক্তি বা ব্যক্তিরা ব্যবহার না করে এটাই মানুষ চায়।

সেটা নির্বাচনের মাধ্যমে পরিষ্কার হয়ে গেল, একষ্ট্রা কনষ্টিটিউশনাল অথরিটি বলে আর কোন অথরিটি ভারতবর্ষে আর কখনও হতে পারবে না। এটা পরিষ্কার। তৃতীয় নম্বর—পরিবার পরিকল্পনার ব্যাপারে বাড়াবাড়ি হয়েছিল, অনেক জায়গায় অনেক খবর এসেছে, যেটা আগে জানতাম না, খুব খারাপ খবর, এর জন্য এ থেকেও শিক্ষালাভ করা দরকার। কোন অবস্থাতেই নীতির বিরুদ্ধে রায় হয়নি, আমাদের অর্থনীতির বিরুদ্ধে রায় হয়নি, আমরা যে জনহিতকর অনেক কাজ করেছি তার বিরুদ্ধে রায় হয়নি। আমরা যে কেন্দ্রের ঘোষিত ২০ দফা কর্মসূচী অনুযায়ী সারা ভারতবর্ষে কাজ করেছি, তার বিরুদ্ধে রায় হয়নি। আমরা ভারতবর্ষে বাংলাদেশ থেকে আরম্ভ করে সিকিম পর্যন্ত সমস্যা যেভাবে সমাধান করেছি, তার বিরুদ্ধে

রায় হয়নি। উত্তর-পূর্ব ভারতের মিলন ঘটিয়েছি। উত্তর-পূর্ব ভারত সম্পূর্ণ এক হয়ে গেছে—কালচারেলি, সাইকোলজিক্যাল, পলিটিক্যালি এণ্ড ইকনমিক্যালি, এর বিরুদ্ধে রায় হয়নি। রায় হয়েছে, যেটা আগে বলেছিলাম জরুরী অবস্থার অপব্যবহার হয়েছে, ফ্যামিলি প্ল্যানিং-এ একসেস্ হয়েছে একট্রা কনষ্টিটিউশনাল অথরিটি এবং কোন কোন জায়গায় আমাদের ভুল এবং ভ্রান্তি, এসবের বিরুদ্ধে, এটা আমরা দেখেছি। ভবিষ্যতে এই বিশাল ভুল যাতে না করি, তার জন্য আমাদের তরফ থেকে নিশ্চয়ই চেষ্টা করব, সে বিষয়ে সন্দেহ নেই। মাঝে মাঝে এই রকম পরাজয় ঘটা উচিত, পরাজয় ঘটা দরকার। কারণ পরাজয় না ঘটলে আমরা হয়ত আরও বেশী ভুল করতাম, আরও বেশী অন্যায় করতাম। তাই মানুষ আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে, কোথায় ভুল করেছি, ক্ষমতার অপব্যবহার করেছি, মানুষের উপর অত্যাচার করেছি, এটা মানুষ আমাদের পরিষ্কারভাবে দেখিয়ে দিয়েছে। কিন্তু যদি বলেন ৪২তম সংশোধনীর বিরুদ্ধে রায় দিয়েছে, একথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা স্বীকার করতে পারি না। নির্বাচনে সব জায়গায় ঘুরেছি, প্রশ্ন অনেকে আমাদের করেছে, কিন্তু কোথাও ৪২তম সংশোধনী সম্বন্ধে জনসাধারণ—দরিদ্র মানুষ, নিরন্ন মানুষ, নির্যাতিত মানুষ প্রশ্ন করেনি। কারণ তারা জানে ৪২তম সংশোধন যেটা কিছুক্ষণ আগে শরদিন্দু সামন্ত মহাশয় বিশ্লেষণ করে বুঝাবার চেষ্টা করলেন সেটা কিসের জন্য করা হয়েছিল? সমাজতন্ত্রকে জাতির লক্ষ্য করা হয়েছে, এটা কি অন্যায়? ধর্মনিরপেক্ষতাকে জাতির লক্ষ্য করা হয়েছে, এটা কি অন্যায়? দরিদ্র মানুষ, ভূমিহীন মানুষ, নির্যাতিত মানুষ, তাদের স্বার্থে কতকগুলি নতুন ব্যবস্থা দেওয়া হয়েছে, সেটা কি অন্যায়? তাই আমরা এটা বিশ্বাস করি না যে, ৪২তম সংবিধানের যে সংশোধনী হয়েছে তার বিরুদ্ধে রায় দিয়েছে। অতএব বর্তমান কেন্দ্রীয় সরকার যদি মনে করেন কিছু কিছু বদলানো দরকার, ৪২তম যে সংশোধনী হয়েছে, তার কিছু কিছু বদলানো দরকার, তাঁরা যদি তা মনে করেন, তাঁরা প্রস্তাব রাখবেন, সেই প্রস্তাব আমরা কেবল বিবেচনাই করব না, খুব ফেবারেব্‌লি বিবেচনা করব, দেখব সরকার যেটা বলছেন, সেই অনুযায়ী কাজ করা চলবে কিনা। কেন্দ্রীয় সরকারকে কোন অসুবিধায় রাখব না। যদি কিছু তাঁরা বদলাতে চান, সেটা বলেন, বলবার পর আমরা নিশ্চয়ই সেগুলি ফেভারেব্‌লি কন্সিডার করবো, দেখবো কেন্দ্রীয় সরকারকে সাহায্য করা যায় কিনা। কেন্দ্রীয় সরকারের কি কি প্রস্তাব সেটা আমরা দেখে যাব, এই প্রস্তাবের অপেক্ষায় আমরা আছি। কিন্তু এটা আমার দৃঢ় বিশ্বাস এবং আস্থা কেন্দ্রীয় সরকারের উপর আছে যে, তাঁরা কোন সংবিধানবিরোধী কিম্বা অগণতান্ত্রিক উপায়ে কোন প্রাদেশিক সরকারকে ফেলে দিতে চাইবেন না, ভাঙতে চাইবেন না। বর্তমান সংবিধানের সংশোধন হয়েছে, তাতে এই বিধানসভার আয়ুষ্কাল ১৯৭৮ সালের ২০শে মার্চ পর্যন্ত।

[7-00—7-10 p.m.]

যেটা সংবিধানে আছে, যতদিন সেটা সংবিধানে থাকবে, ততদিন পর্যন্ত এই বিধানসভা ২০শে মার্চ ১৯৭৮ সাল পর্যন্ত চলবে এবং সংবিধানে এই কথাটা যতদিন থাকবে ততদিন আমি বিশ্বাস করি না, আমি আগেই বলেছি—এই কেন্দ্রীয় সরকার কখনো কোন প্রাদেশিক সরকারকে অগণতান্ত্রিক উপায়ে বা অসংবিধানিক উপায়ে ফেলে দেবার চেষ্টা করবে না। আমরা কংগ্রেস দল গণতান্ত্রিক দল, আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। আজ থেকে ৯২ বছর পূর্বে যখন

ভারতবর্ষে কংগ্রেস দল প্রতিষ্ঠিত হয়, তখন প্রতিষ্ঠাতারা সর্বপ্রথম কথা বলেছিলেন—ভবিষ্যতে ভারতবর্ষ গণতান্ত্রিক পথে চলবে, গণতন্ত্র মেনে চলবে এই কংগ্রেস। তাই কংগ্রেসের পক্ষে কোন অগণতান্ত্রিক কাজ করা, কোন গণতন্ত্রবিরোধী কাজ করা অসম্ভব। একজন কংগ্রেসের লোক যতদিন ভারতবর্ষে বেঁচে থাকবেন, ততদিন তিনি ভারতবর্ষে গণতন্ত্রের ধ্বজা ওড়াবেন যদি গণতন্ত্রসম্মতভাবে, ন্যায্যভাবে, শান্তিপূর্ণভাবে নির্বাচন ডাকা হয়, তাহলে আমরা গণতান্ত্রিক দল হিসেবে সেই নির্বাচনের সামনে যেতে প্রস্তুত থাকবো। সেই নির্বাচন আইনগত হওয়া উচিত, সংবিধানগত হওয়া উচিত। সেইভাবে নির্বাচন ডাকতে হবে, সেই নির্বাচনকে আমরা ভয় করি না। কখনো কোন মানুষকে কংগ্রেস ভয় করে না। অনেক কিছু হয়েছে, একবার ভেবে দেখুন, ৯২ বছরের অতীত ইতিহাস কংগ্রেসের। আর সাম্প্রতিককালের ইতিহাসও ভেবে দেখুন। কত বাধা-বিঘ্নের সম্মুখীন হতে হয়েছে কংগ্রেসকে, কত অসুবিধার সন্মুখীন হতে হয়েছে কংগ্রেসকে। কংগ্রেস এবার এই প্রথম কেন্দ্রীয় নির্বাচনে পরাজিত হয়েছে। কংগ্রেস আগে পরাজিত হয়েছে প্রাদেশিক বিধানসভার নির্বাচনে। হয়নি? পরাজিত হয়নি ১৯৬৭ সালে? হিমালয় থেকে কন্যাকুমারী পর্যন্ত রেলে টিকিট কিনে যেতে গেলে কত রাজ্যের উপর দিয়ে যেতে হয়, পাঞ্জাব, হরিয়ানা, বিহার, উড়িষ্যা—সমস্ত প্রদেশে তখন যুক্তফ্রন্ট সরকার। কেবল তামিলনাড়ুতে ডি এম কে সরকার। কাজেই অনেক প্রাদেশিক নির্বাচনে আমরা পরাজিত হয়েছি। বেষ্টারউইচ্ সাহেব মনে রাখবেন ১৯৬৯ সালে কী হয়েছিল? আপনারা হাসতেন। আমাদের একটা বেঞ্চও বিধানসভায় পুরো হতো না—মাত্র ৫৫ জন এসেছিলাম। তারপর কংগ্রেসের ভাঙনের পর মাত্র ৩৯ জনে পরিণত হয়েছিলাম। কী বিপর্যয়ের সম্মুখীন আমরা হয়েছি! আমরা কত না আক্রমণের সম্মুখীন হয়েছি। তখন আমরা ওধারে অপোজিশনের ঘরে বসতাম। মানুষ আমাদের আক্রমণ করতে আসেনি? তখন মানুষ আমাদের গায়ে জুতো ফেলেনি? শ্রদ্ধেয় প্রফুল্লচন্দ্র সেন ১৯৬৯ সনে এই বিধানসভায় আসতে চাইলে তার গায়ের পাঞ্জাবী ধরে টানাটানি করা হয়নি? তাঁকে আক্রমণ করা হয়নি? আমরা তখন গাড়ি এনে কোনরকমে তাকে বাড়ী পাঠিয়ে দিলাম। দু' মাস তিনি বিধানসভায় আসতে পারেন নি। তিনি তখন কংগ্রেস দলের বর্ষীয়ান নেতা ছিলেন। আমরা অপমানিত হইনি, লাঞ্ছিত হইনি? কংগ্রেস বহুবার লাঞ্ছিত হয়েছে, অপমানিত হয়েছে। কংগ্রেস বহুবার বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। তবু কংগ্রেস বেঁচে আছে, বেঁচে থাকবে। এই একটা নির্বাচনে কংগ্রেসকে পরাজিত করে দিলেন, চিরকালের মতো শেষ করে দিলেন যদি ভেবে থাকেন তবে একেবারে ভুল করেছেন। তবে আমাদের দিক থেকে মন পরিষ্কার করা দরকার। আমাদের দিক থেকে দেখা দরকার। সততা, স্বার্থত্যাগ আমাদের দেখাতে হবে। যেসব ভুল করেছি, সেইসব ভুল যাতে কিছুতেই না হয়, সেটা আমাদের দেখা দরকার। যা অন্যায় হয়েছে, ভবিষ্যতে যাতে তা না হয় সেটা দেখা দরকার। নির্বাচনে আমরা তো ভীত নই। নির্বাচন সকলেই চায়। গণতন্ত্রে নির্বাচন হয়। কিন্তু নির্বাচন যখন সংবিধানগত, আইনগত নির্বাচন হয়, সেই নির্বাচনের সম্মুখীন আমরা নিশ্চয়ই হবো। আমার কোন সন্দেহ নেই, আমার আস্থা আছে বর্তমান এই কেন্দ্রীয় সরকারের উপরে, তারা সংবিধানগতভাবে যখন ডাকবার, তখনই ডাকবেন, আইনগতভাবে ডাকবার তখনই ডাকবেন। বেআইনী কাজ, সংবিধানবিরোধী কাজ তাঁরা করবেন না। তাঁরা তখনই নির্বাচন ডাকবেন, যখন সংবিধানবলে, আইনবলে নির্বাচন ডাকা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক বক্তব্য বিশেষ করে কাশীকান্ত মৈত্র

মহাশয় বলেছেন এই সরকারের পদত্যাগ করা উচিত। কেন্দ্রীয় নির্বাচনে কংগ্রেস পরাজিত হয়েছে, তাই বিধানসভা নির্বাচনে যে সরকার প্রতিষ্ঠিত হয়েছে সেই সরকারের পদত্যাগ করা উচিত। কি কারণে? কেন তবে সংবিধানে দুটো নির্বাচনের কথা বলবো। সংবিধান তো বলে দিতে পারতো লোকসভা এবং বিধানসভার নির্বাচন একই সঙ্গে করতে হবে। সংবিধান তো বলে দিতে পারতো লোকসভার নির্বাচনের ফলাফলের উপর বিধানসভার নির্বাচনের ফলাফল নির্ভর করবে বা তাই যদি হয় উল্টো দিক দেখা যেতে পারে। আমরা যখন বিধানসভা নির্বাচনে বিপুল ভোটে জয়ী হলাম, কাশীবাবু আমাদের প্রার্থী হিসাবে, কংগ্রেস প্রার্থী হিসাবে জয়ী হয়ে এলেন, যখন ২১৮ জন জয়ী হয়ে এলাম কংগ্রেস প্রার্থী হিসাবে তখন তো আমরা দাবী করি নি, সি পি এমের যাঁরা আছেন লোকসভায় তাঁদের পদত্যাগ করতে হবে। কারণ দুটো আলাদা জিনিস। সংবিধানে অনেক চেক্স এ্যাণ্ড ব্যালেন্স আছে, সংবিধানে অনেক রকম ইনষ্টিটিউশন্স আছে। বিধানসভা একটা ইনষ্টিটিউশন—একটা সংস্থা। লোকসভা আর একটা সংস্থা। লোকসভার ফলাফলের উপর বিধানসভার ভবিষ্যৎ নির্ভর করে না। বিধানসভার ফলাফলের উপর লোকসভার ভবিষ্যৎ নির্ভর করে না। আগেই বলেছি, লোকসভার নির্বাচনে এক চিন্তা, বিধানসভার নির্বাচনে আর এক চিন্তা। এই দুটোতে পার্থক্য আছে, এই পার্থক্য মেনে নিতে হবে। আমরা ক্ষমতায় বসে থাকবোই এইরকম কোন মানে নেই। যখন সংবিধান-গত কোন কারণে বা আইনগত কোন কারণে পদত্যাগ করা দরকার, সেই সময়ই পদত্যাগ করতাম। যদি মেজরিটি চলে যেতো, সি এফ ডিতে ছ'-সাত জন বসে আছেন যদি একশো জন বসে থাকতেন, আমরা নিশ্চয়ই পদত্যাগ করতাম। বাজারে খুব গুজব ওঠাবার চেষ্টা করা হয়েছিল, তাই হবে। কালকে বিমানবন্দরে একজন সাংবাদিক তিনি আমাকে জিজ্ঞাসা করেছিলেন, আপনার গভর্ণমেণ্ট থাকবে তো? আমি তাঁকে উত্তর দিলাম, আমার গভর্ণমেণ্ট স্থায়ী সরকার, আমার সরকার ষ্টেবল সরকার, সেটা আছে। আর সেটা তো এখানে প্রমাণ হয়ে গিয়েছে ভোট অন এ্যাকাউণ্টে, এ্যাপ্রোপ্রিয়েশন বিলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকেও প্রমাণ হয়ে যাবে গভর্ণর এ্যাড্রেসের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবে। এটা নিয়ে ভাববার দরকার নেই। তাতে লাভও নেই। যদি আমাদের মেজরিটি চলে যেতো এক মুহূর্তও সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রিসভা গদীতে বসে থাকতো না। এক মুহূর্তও আমরা থাকতাম না। কিন্তু যতক্ষণ পর্যন্ত সংবিধানগত অধিকার আছে, জনগণের কাজ করে যাওয়া আমাদের কর্তব্য সেই পথে যাওয়া। সেই পথে না গিয়ে আমরা যদি বলি কাজ করবো না আমরা ব্রীচ অফ ট্রাষ্ট করবো। জনগণ আমাদের পাঠিয়েছেন, জনগণের কাজ আমরা করবো।

[7-10—7-20 p.m.]

জনসাধারণের হয়ে কাজ করবো যতক্ষণ আইন বলছে পার, সংবিধান বলছে তোমরা পার। আমাদের সরকারের বিরুদ্ধে অনেক রকম অভিযোগ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বেষ্টারউইচ সাহেব এবং কাশীকান্তবাবু এবং অন্যান্যদের জিজ্ঞাসা করছি আপনারা এই পশ্চিমবাংলাকে ১৯৪৭ সাল থেকে দেখে আসছেন, বলুন একটা উদাহরণ দিন পুলিশ জনতার উপর গুলি চালায় নি, পুলিশ জনতার উপর লাঠি চার্জ করে নি, এক বছরও দেখাতে পারবেন যে মানুষ ট্রাম-বাস পোড়ায় নি। এক বছরও গিয়েছে যখন হিন্দু-মুসলমানে দাঙ্গাহাঙ্গামা হয় নি। আমি খুব শ্রদ্ধার সঙ্গে, বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করছি কারণ আমরা জনগণের

আশীর্বাদ পেয়েছিলাম। পাঁচ বছরের অধিককাল এই সরকার রয়েছে একটা কোন জনতার উপর গুলি বা লাঠি চার্জ হয়েছে? কোথায়ও একটা ট্রাম পুড়েছে, কেউ কোথায়ও একটি বাস পুড়িয়েছে, কেউ কোথায়ও একটি ট্রেন পুড়িয়েছে? কোথাও কি হিন্দু-মুসলমানের রায়ট হয়েছে? আরও প্রশ্ন উঠেছে ইমারজেন্সি সম্বন্ধে। কিন্তু এই ইমারজেন্সি কি পশ্চিমবাংলায় একসেস হয়েছে? কোন নেতা কাউকে কি আমরা গ্রেপ্তার করেছি? জ্যোতি বসু, প্রমোদ দাশগুপ্তকে আমরা গ্রেপ্তার করেছি? কোন নেতৃস্থানীয় মানুষকে কি গ্রেপ্তার করা হয়েছে? ফেমেলি প্ল্যানিংয়ে কাউকে কি কখনও জবরদস্তি করা হয়েছে। আমি একদিন শুনেছিলাম ১২টা/১টার সময় তখন আমি অফিসে বসে। আমি অফিস ছেড়ে বিকাল চার-পাঁচটার সময় সেই মুসলমান বস্তীতে গিয়েছিলাম বিকাল থেকে রাত বারটা পর্যন্ত সেখানে ছিলাম। এটা মিথ্যা কথা নয়। কোন কিছু একসেস হয়নি। চার-পাঁচ ঘণ্টার মধ্যে সমস্ত সমস্যার সমাধান হয়ে গেল। সরকারের বিরুদ্ধে কিছু নিশ্চয় বলবার আছে—কিছু অন্যায় হয়েছে, গাফিলতি আছে। এটা গণতন্ত্রের মন্দির, মসজিদ, গির্জা—নিশ্চয় সমালোচনা করবেন এবং সেই সমালোচনার উত্তর দিতে আমরা বাধ্য। যখন অভিযুক্ত করবেন তখন যে কাজগুলি আমরা করেছি, যে কৃতিত্বের পরিচয় আমরা দিয়েছি, যে কিছু পরিবর্তন আমরা করেছি সেটা কি আপনারা বলবেন না? আমরা কি কিছুই করি নি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার ২০শে মার্চ, ১৯৭২ সালে আসে। কি ছিল এই পশ্চিমবাংলার, আমরা কি পেয়েছিলাম এই পশ্চিমবাংলার উত্তরাধিকারী হিসাবে? আইন-শৃঙখলার দিক থেকে কি অবস্থা ছিল? আমরা যখন এই সরকারে আসি তখন অবস্থাটা কি ছিল। ২,২১৩ জন মানুষ খুন হয়েছিল ১৯৭১ সালে। আর ১৯৭৫ সালে সেটা নেমে গিয়ে ৭৬৬টি হয়েছে। কেন্দ্রীয় সরকারের তথ্য অনুযায়ী উত্তরপ্রদেশে ৪,০৬৩টি খুন হয়েছে। আমাদের সরকার আসার পর এই পশ্চিম-বাংলার স্থান ছিল সর্বনিম্ন আইন-শৃঙখলার ব্যাপারে। এই বেষ্টারউইচ সাহেবরা তৈরি করে গিয়েছিলেন। সেই জঙ্গল রাজ্য থেকে মানুষের রাজ্যে পরিণত করতে হয়েছে এই পশ্চিমবাংলাকে।

সেই অবস্থায় যখন পড়েছিলেন বেষ্টারউইচ সাহেব সেটা কি ভুলে গেলেন? আমি তখন বিরোধী দলের নেতা ছিলাম। আপনি এসে আমাকে বলতেন না, সিদ্ধার্থবাবু একটু বলুন সি পি এম আমাদের শেষ করে দিল? আপনারা সকলে বলতেন।

শ্রীএ এইচ বেষ্টারউইচ ঃ আমি কোনদিন বলি নি।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় বেষ্টারউইচ সাহেব, আপনি হয়ত ভুলে যাচ্ছেন—আলিপুরদুয়ারে আপনাদের অফিস কে পুড়িয়েছিল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেষ্টারউইচ সাহেব সামান্য একটি প্রশ্নতে উনি এত উত্তেজিত হচ্ছেন কেন—আলিপুরদুয়ারে আর এস পির অফিস কে পুড়িয়েছিল?

শ্রীএ এইচ বেষ্টারউইচ ঃ এতো আমি জানি, সেই কথা আমি এই হাউসে বলেছি।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ বেষ্টারউইচ সাহেব আপনি উত্তেজিত হবেন—এতো শেষ নয় —কিন্তু এটা ঘটনা। মাননীয় বেষ্টারউইচ সাহেব, আপনাদের আলিপুরদুয়ার অফিস যখন কোন একদল পুড়িয়ে দেয় তখন আপনারা এখান থেকে কেউ প্রতিবাদ করেন নি—প্রতিবাদ করতে

হয়েছিল আমাকে বিধানসভার বিরোধী দলের নেতা হিসাবে—সেই প্রসিডিংস খুলে দেখুন বেষ্টারউইচ সাহেব সে কথা ভুলে গেছেন, আবার মনে হবে। আবার যখন ঘটবে তখ বেষ্টারউইচ সাহেব আসবেন—আপনারা যখনই আসবেন তখনই আপনাদের বক্তব্য আমরা নিশ্চয় শুনব। যেকথা বলছিলাম—সেই জঙ্গলের রাজত্বের পরে আমরা যখন এলাম তখন কি হল? উত্তরপ্রদেশে ৪ হাজার ৬৩ জন খুন, মধ্যপ্রদেশে ১ হাজার ৭৩৭ জন খুন, বিহারে ১ হাজার ৭১৬ জন, মহারাষ্ট্রে ১ হাজার ৪৫৫ জন, পশ্চিমবঙ্গে ৮৮৯ জন খুন—সমস্ত চেহারাটা পাল্টে গেল, সমস্ত জিনিসটা উল্টে গেল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ইণ্টারপোলে টেলিগ্রাম পাঠিয়েছিলাম প্রত্যেকটি শহরে কত খুন হয়, ডাকাতি হয়, চুরি হয় আপনারা জানান—আমি এটা হাউসে আগেও একবার বলেছিলাম—আবার বলছি—এই টেলিগ্রামে কোথায় কত খুন, ডাকাতি, চুরি ১৯৭৫ সালের অক্টোবর মাস পর্যন্ত হয়েছে সেটা জানিয়েছিলেন। ১৯৭৫ সালের অক্টোবর পর্যন্ত নিউইয়র্কে ১০ মাসে ১৩০টি খুন হয়েছে, লণ্ডনে ১২৪টি, টোকিওতে ১১৫টি, প্যারিসে ২২৮টি, দিল্লীতে ১৪৯টি, বম্বেতে ১৪২টি, কলকাতায় ৪৭টি খুন হয়েছে। ডাকাতি—নিউইয়র্কে ৭ হাজার ২২২টি, লণ্ডনে ৩ হাজার ৪৫০টি, টোকিওতে ২৮২টি, প্যারিসে ৩৯ হাজার ২৩৯টি, দিল্লীতে ২২০ টি, বম্বেতে ২৮১টি, কলকাতায় ৫২টি ডাকাতি হয়েছে। চুরি—নিউইয়র্কে ৭ হাজার ২১২টি, লণ্ডনে ২ লক্ষ ২৪ হাজার ৫৭২টি, টোকিওতে ১ লক্ষ ১৪ হাজার ৯৩০টি, প্যারিসে ১ লক্ষ ১০ হাজার ৪৮৩টি, দিল্লীতে ১২ হাজার ৭০৯টি, বম্বেতে ১২ হাজার ৭৮৬টি, কলকাতায় ৩ হাজার ৯৬৮টি চুরি হয়েছে। জনগণের আশীর্বাদে, জনগণের সাহায্যে, জনগণের সমর্থনে এটা আমরা করতে পেরেছি। এটা একটু দয়া করে আপনারা চিন্তা করে দেখবেন। এই গেল আইন-শৃঙখলার ব্যাপার। পশ্চিমবাংলা সম্পূর্ণ জঙ্গলের রাজত্বে পরিণত হয়ে গিয়েছিল। অর্থনৈতিক অবস্থা কি ছিল সেটা আমি বহুবার বলেছি, আবার বলছি, স্মরণ করিয়ে দেওয়া দরকার। ১৩০ কোটি টাকার ঋণ রেখে গিয়েছিলেন কেন্দ্রীয় সরকারের কাছে। ঋণ আমাদেরও আছে, ঋণ থাকে। কিন্তু সেই ঋণ শোধ দিতে হয় যখন শোধ দেবার সময় আসে।

[7-20—7-30 p.m.]

১৩০ কোটি টাকা ঋণ শোধ দেবার সময় এসেছিল কিন্তু সেই ঋণ আপনারা কেউ শোধ দেন নি বেষ্টারউইচ সাহেব। ১৩০ কোটি টাকার ঋণ আপনারা রেখে গিয়েছিলেন। ৩০ কোটি টাকা রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার কাছে ওভারড্রাফট নিয়ে রেখে গিয়েছিলেন। ৫৩ কোটি টাকার ঘাটতি বাজেট আপনাদের দ্বিতীয় যুক্তফ্রণ্ট সরকার রেখে গিয়েছিলেন। আজকে কেন্দ্রীয় সরকারের সেই ১৩০ কোটি টাকার ঋণ সম্পূর্ণভাবে আমরা শোধ করে দিয়েছি, রিজার্ভ ব্যাঙ্কেরও কোন ঝামেলা আর নেই। আর ৫৩ কোটি টাকার যে ঘাটটি বাজেট দ্বিতীয় যুক্তফ্রণ্ট সরকার রেখে গিয়েছিলেন সেখানে পর পর তিন বছর আমরা উদ্বৃত্ত বাজেট দেখিয়েছি। এ বছর ৪ কোটি টাকার মত উদ্বৃত্ত বাজেট আমাদের হয়েছে, গত বছর ২ কোটি ৯২ লক্ষ টাকার উদ্বৃত্ত বাজেট আমরা করেছিলাম এবং তার আগের বছর কয়েক লক্ষ টাকার—ঠিক অঙ্কটা আমার মনে পড়ছে না, বোধহয় ২৭ লক্ষ টাকা কি ৫০ লক্ষ টাকার উদ্বৃত্ত বাজেট আমরা করেছিলাম। একটা সম্পূর্ণ দেউলিয়া রাজ্য আমরা উত্তরাধিকারসূত্রে পেয়েছিলাম। সেই দেউলিয়া রাজ্যকে আমরা বাঁচিয়েছি কাজেই এখন তো আপনারা চাইবেনই গদিতে বসতে। এখন তো কোন সমস্যা নেই কাজেই আরামে আপনারা বসতে চাইবেনই।

Shri A. H. Besterwitch : On a point of order, Sir, Honourable Shri Siddhartha Sankar Ray is repeating this business of bankruptcy. He forgets that in 1970 the U.F. Govt. did not pass the Budget in this House. It was passed by the Centre. In 1971 Honourable Shri Siddhartha Sankar Ray's Government was here and resigned after passing the Budget and he came to Calcutta at Writers' Buildings as Minister-in-Charge of West Bengal. What did he do with that money ?

Mr. Speaker : There is no point in the point of order, Mr. Besterwitch.

Shri Siddhartha Sankar Ray : Mr. Speaker, Sir, no amount of force on the part of Mr. Besterwitch can alter the facts. Facts are there for all to see.

ব্যবসা-বাণিজ্যের অবস্থা কি ছিল, শিল্পের অবস্থা কি ছিল ? সেই সমস্ত আমরা পেয়েছিলাম উত্তরাধিকার সরকার হিসাবে। পরিকল্পনার ব্যাপারটা এবারে দেখুন। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ৬৮ কোটি টাকার ডাঃ বিধানচন্দ্র রায় করেছিলেন, দ্বিতীয় পরিকল্পনায় ডাঃ রায় সেটাকে বাড়িয়ে দ্বিগুণ করে ১৪৮ কোটি টাকা করেছিলেন, তৃতীয় পরিকল্পনার সময় তখন ডাঃ রায় জীবিত, সেই সময় আবার বাড়িয়ে সেই অঙ্ককে তিনি দ্বিগুণ করেছিলেন—তখন ৩০৫ কোটি টাকা হল। তারপর চতুর্থ পরিকল্পনার সময় বেষ্টারউইচ সাহেব আপনারা আসলেন। আপনাদের প্রবেশের পর কত করলেন আপনারা ? ৩০৫ কোটি টাকা ডাঃ রায় করে গিয়েছিলেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, সেখানে যেটা দ্বিগুণ হয়ে চতুর্থ পরিকল্পনায় ৬১০ কোটি টাকা হওয়া উচিত ছিল, সেখানে কত হল ? ৩২২ কোটি টাকা। কেন হল ? আপনারা বললেন, ও পারা যায় না, অসম্ভব। কি করে হয়, পশ্চিমবঙ্গে অনেক অসুবিধা, পশ্চিমবঙ্গে অনেক রকম ঘাটতি, এ পশ্চিমবঙ্গে পারা যায় না। পারা যায় না ? অসম্ভব ? আপনারা যেখানে চতুর্থ পরিকল্পনা ৩২২ কোটি টাকার করেছিলেন সেখানে আমরা পঞ্চম পরিকল্পনা কি করে এক হাজার ২৪৭ কোটি টাকার করতে পারলাম ? আমাদের সমালোচনা করুন কোন আপত্তি নেই কিন্তু আমরা যা করেছি সেটাও আপনারা বলুন। মানুষকে একেবারে বিভ্রান্ত করবেন না। তারপর বেষ্টারউইচ সাহেব বললেন, শ্রমিকদের জন্য কি করেছেন আপনারা ? আপনারা শ্রমিকদের জন্য কিছুই করেন নি। শ্রমিকদের জন্য আমরা কিছুই করিনি একথা বুকে হাত দিয়ে বেষ্টারউইচ সাহেব বা সি পি আই-এর বন্ধুরা বলতে পারেন ? আমরা যখন আসি তখন আনস্কিলড জুটমিল ওয়ার্কাররা প্রতি মাসে পেতেন ১৮৯·৪০ পয়সা। সেটা আমরা প্রথমে বাড়িয়ে করি ২৩৫ টাকা। ৪৫ টাকা ৬০ পয়সা মাসিক আমরা প্রথমে বাড়াই।

তারপর আবার বাড়াই ১৯৭৭ সালের ফেব্রুয়ারীতে। কত হল, না ৩৬৭ টাকা ৫০ পয়সা। আমরা যখন এসেছিলাম তখন আনস্কিলড ওয়ার্কাররা পেত ১৮৯·৪০ পয়সা মাসিক। এখন পাচ্ছে ৩৬৭·৫০ পয়সা। সুতাকলে, আমরা যখন আসি তখন শ্রমিকরা মাইনা পেত ১৬২ টাকা ৫০ পয়সা। এখন তারা পাচ্ছে কত ? দু'বার বাড়িয়েছি, এখন তারা পাচ্ছে ৩৫২·৩০ পয়সা মাসিক। ইঞ্জিনীয়ারিং-এ দেখুন, আমরা যখন আসি তখন আনস্কিলড ওয়ার্কারদের যেসব কারখানায় ৫০ থেকে ২৪৯ জন মানুষ ছিল তারা পেত ১৬০ টাকা। আর ২৫০-এর উপরে যেখানে ছিল তারা ১৯০ টাকা। আর আজকে ২৫০

থেকে হাজার সেখানে আছে যেখানে পাচ্ছে ৩৮৮·৩০ পয়সা। আর হাজারের উপরে যেখানে আছে ৩৯২·৩০ পয়সা। আর ৫০ থেকে ২৫০ যেখানে আছে সেখানে পাচ্ছে ৩৪২·৩৫ পয়সা। শ্রমিকদের জন্য আমরা কিছু করিনি? চা-বাগানের কথায় আসা যাক। বেষ্টারউইচ সাহেব, আপনার চা-বাগানে দেখুন, আমরা যখন আসি তখন ডুয়ার্সে ৫ শত একর চা-বাগানে ৩ টাকা দৈনিক পুরুষ পেত এবং মহিলা পেত ২·৮৩ পয়সা। আর ৫ শত একরের কম যে সমস্ত চা-বাগান আছে সেখানে পুরুষ পেত ২·৯৭ পয়সা পার ডে। আজকে কি হয়েছে? আজকে সেটা ৩ টাকা যেখানে পেত পুরুষ সেখানে সে পাচ্ছে ৫০০ একরের উপর জমিতে ৪·৩০ পয়সা আর মহিলা পাচ্ছে ৪·১৩ পয়সা। ৫০০ একরের কম যেখানে সেখানে পুরুষ পাচ্ছে ৪·২৭ পয়সা আর মহিলা পাচ্ছে ৪·১০ পয়সা। প্রায় দ্বিগুণ হয়েছে। এরপর আমরা Equal Remuneration Act পাশ করেছি ১৯৭৪ সালে যাতে পুরুষ এবং মহিলাকে একই হারে বেতন দেবার নির্দেশ দেওয়া হয়েছে এবং তারা একই হারে বেতন পাবে। এই ব্যাপারে কতকগুলি ক্ষেত্রে দেখালাম। আরো আমি সেটাতে বিস্তারিতভাবে যাচ্ছি না। তবে আমি জিজ্ঞাসা করতে চাই যে, Gratuity Act কে পাশ করেছিল। Hosue Rent Allowance Act কে পাশ করেছিল? West Bengal Welfare Fund Act কে পাশ করেছিল? Death Benefit Scheme কারা চালু করেছিল? Industrial Disputes (West Bengal Amendment) Act, 1974, যাতে লে অফ বন্ধ করা হয়েছিল, সেটা কারা করেছিল? Bidi Shramik (Compulsion of Employment) Act কারা চালু করেছিল? Contract Labour Abolition Act কারা চালু করেছিল? কিছুই করা হয়নি। আমাদের গদি ছেড়ে চলে যাওয়া উচিত। আমরা শ্রমিকদের স্বার্থ দেখিনি, দেশের স্বাথ দেখিনি, মানুষের স্বার্থ দেখিনি, এসব কথা বলা হয়েছে। সংবিধান অনুযায়ী আইনগতভাবে যখন বিধানসভার নির্বাচন হবে তখন এসব প্রশ্ন আসবে। তখন এ সমস্ত কথা উঠবে। আমি প্রায় দেড় শত বক্তৃতা দিয়েছি। একটাও পশ্চিমবাংলার কথা বলিনি। আমি কেন্দ্রের কথা বলেছি। আমি পররাষ্ট্রনীতির কথা বলেছি। আমি অর্থনীতির দিকের কথা বলেছি। আমি বলেছি, স্মাগলারদের বিরুদ্ধে আমরা কি করেছি। আমি বলেছি, ১৬শত কোটি টাকা আমরা আদায় করেছি, কালো টাকা এসব বক্তব্য বলেছি। একথা তো মানুষের কাছে বলিনি। আমরা কংগ্রেসের তরফ থেকে কেউ বলিনি। এক একটা খাতে আসুন—ডেভেলপমেণ্ট খাতে, ১৯৭২ সালে যখন আসি তখন উন্নয়নের জন্য খরচ হয়েছে মাত্র ৫৯ কোটি টাকা। আজকে সেটা ২৬৪ কোটি টাকা। —এই বাজেটের কথা বলিনি, এই বাজেটে বেড়ে গেছে, এটা গতবারের বাজেটের কথা বলছি, ২৬৪ কোটি টাকা। চাষীর চাষ খাতে—আমরা তখন আসি তখন ধানের চাষ হ'ত ৫ লক্ষ ৩ হাজার লাখ হেক্টর। ১৯৭৭ সালের মার্চ পর্যন্ত সেটা ৫ লক্ষ ৩ হাজার লাখ গিয়ে দাড়িয়েছে ১২ লক্ষ ৯০ লাখ হেক্টরে।

[7-30—7-40 p.m.]

এটা বেড়েছে আমাদের কাছে। গম, আমরা যখন আসি তখন ছিল মাত্র ৩ লক্ষ ৩০ হাজার হেক্টর জমিতে, এখন সেটা এসে দাঁড়িয়েছে ৬ লক্ষ ৫০ হাজার হেক্টর জমিতে। বোরো চাল, আমরা যখন আসি, তখন ছিল ৩ লক্ষ মেট্রিক টন, এখন সেটা এসে দাঁড়িয়েছে ১১ লক্ষ মেট্রিক টনে। গম কিছু বছর আগে ৩০ হাজার মেট্রিক টন ছিল, এখন সেটা দাঁড়িয়েছে

১২ লক্ষ মেট্রিক টনে। ক্ষুদ্রসেচের ব্যাপারে আসুন, ১৯৭০ সালে শ্যালো টিউবওয়েল ছিল ১৬ হাজার ৮৮৩, ৩১শে অক্টোবর, ১৯৭৬ সালে সেটা এসে দাঁড়িয়েছে ৭৮ হাজার ৯৩-এ। ডিপ টিউবওয়েল ছিল মাত্র ১ হাজার ৫৬৬, সেটা এখন দাঁড়িয়েছে ২ হাজার ৩৭১-এ। রিভার লিফট ছিল মাত্র ৬৬৭, এখন সেটা দাঁড়িয়েছে ৩১শে অক্টোবর, ১৯৭৬ সালে, ২!হাজার ৩৪৩টি। এইগুলো আরও বেড়ে গেছে। আমি অক্টোবর, ১৯৭৬ সালের পরিসংখ্যান দিচ্ছি। পাম্প সেট ২১ হাজার ৮১৯টি ছিল, আমরা যখন আসি, এখন সেটা হয়েছে ৩১শে মার্চ ১৯৭৬ সাল পর্যন্ত ৬৮ হাজার ৮টি। ১৯৭০ সালে এই সমস্ত সোর্স থেকে সেচ হ'ত ১৪ লক্ষ ৫০ হাজার একর জমিতে, এখন ৩০শে অক্টোবর ১৯৭৬ সালে ২৯ লক্ষ ২৬ হাজার একরে। সার্ফেস ইরিগেশনে আসুন, আমরা যখন আসি তখন সার্ফেস ইরিগেশন ছিল মাত্র ১৯ লক্ষ ৮০ হাজার একর। আমরা এই পাঁচ বছরে ৫ লক্ষ ৮২ হাজারে সার্ফেস ইরিগেশন বাড়িয়েছি,। এরিয়া রিক্লেম ১৯৭১ সাল পর্যন্ত তার মানে ১৯৪৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত ২ হাজার ৭৮২ স্কয়্যার কিলোমিটার রিক্লেমড হয়েছে, আমরা সেটা বাড়িয়েছি ১ হাজার ৯৫ স্কয়্যার কিলোমিটার এরিয়া, প্রটেকটেড এমব্যাঙ্কমেণ্ট ১৯৭১ সালে ছিল ২ হাজার ২০ স্কয়্যার কিলোমিটার, নভেম্বর ১৯৭৬ সাল পর্যন্ত, সেটাকে আমরা বাড়িয়েছি ২ হাজার ২৩৭-এ, মানে ১৯৭১ সাল পর্যন্ত যা হয়েছিল পাঁচ বছরে তার চেয়ে বেশী করতে পেরেছি। সমবায়ের ক্ষেত্রে আসুন, শর্ট টার্ম ক্রেডিট ১৯৭২ সালে আমরা যখন আসি তখন ছিল মাত্র ৪ কোটি ১৪ লক্ষ টাকা এখন সেটা বেড়েছে ৩৩ কোটি ৩ হাজারে। এই বছরে ৬১ কোটি টাকা হবে।

Short term credit from state level executions to Central Banks

ছিল ৪ কোটি ৮৯ লক্ষ, এখন হয়েছে ২৯ কোটি ৩১ হাজার। পার্সেণ্টেজ অব রিকভারি ছিল ২০৫ ভাগ, এখন হয়েছে ৮২·৩। হায়েস্ট ইন দি কাণ্ট্রি। আপনারা বলতে পারেন, এটাই হয়তো অন্যায় হয়েছে সেই জন্য হেরেছি।

Long term credit disburshed as C.A.D.P. level.

১ কোটি ২৫ লক্ষ, এখন সেটা ৫ কোটি ৪ লক্ষ।

Value of fertilisers distributed on the West Bengal State Co-operative Marketing level.

৮৯ হাজার ছিল, এখন হয়েছে ৮ কোটি ৬৪ লক্ষ। ভ্যালু অব সিড্‌স ডিস্ট্রিবিউটেড ৩ কোটি ছিল এখন হয়েছে ৬২ কোটি। Value of other imports and from implements ৫৯ হাজার ছিল, এখন হয়েছে ১৫ লক্ষ। Value of consumer goods supplied ছিল ২০ কোটি ১৯ লক্ষ, এখন হয়েছে ৫৪ কোটি ৯২ লক্ষ। লোন স্যাংশন টু হাউসিং কোঅপারেটিভ ছিল ৫০ হাজার, এখন হয়েছে ২ কোটি ৯৯ লক্ষ ২৫ হাজার।

এগুলি কি কিছু নয়? ঠিক সেরকমভাবে স্বাস্থ্য ক্ষেত্রে আসুন—৩৬টি নতুন প্রাইমারী হেল্থ সেণ্টার হয়েছে এই ৫ বছরে। ১৩৬টি নতুন সাবসিডিয়ারি হেল্থ সেণ্টার হয়েছে এই ৫ বছরে। ১৫টি নতুন হাসপাতাল হয়েছে এই ৫ বছরে। ৩৫,৮২৫টি বেড আজকে আছে। পশ্চিমবঙ্গে দৈনিক ৬টি করে শয্যা আমরা যেদিন থেকে এসেছি সেদিন থেকে নতুন করে করেছি। প্রাইমারী স্কুল ৩৬,০০০ থেকে নিয়ে গিয়েছি ৪২,৩৭৮-এ। জুনিয়ার হাই এণ্ড জুনিয়ার মাদ্রাসা আজকে ৩,২৯০-এ গিয়ে দাঁড়িয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাই, হায়ার সেকেণ্ডারী এণ্ড হায়ার মাদ্রাসা আজকে ৪,৬৫০-এ গিয়ে দাঁড়িয়েছে। ভাবতে পারেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভাবতে পারেন মাননীয় বেস্টারউইচ মহাশয় যে, এই রকম একটা

জিনিস হতে পারে? হাউসিং-এর ক্ষেত্রে ২,৯১৩টি ইউনিট তৈরী করা হয়েছে, আ ৫,৬৫০টি ইউনিট আণ্ডার কনস্ট্রাকশন। সি এম ডি একে বলা হয়েছে ক্যালকাটা ডিগ্ অথরিটি। ডিগ্ করতে হবে, জঞ্জাল বের করবার জন্য ডিগ্ করতে হবে। কলকাতাকে ঠিক করবার জন্য সময় লাগবে, সময় দরকার, সময় প্রয়োজন। ৫-৭ বছর পরে আপনারা দেখবেন কলকাতার চেহারা অন্যরকম হয়ে যাবে। কিন্তু সেই নতুন চেহারা আনতে আমাদের সময় লাগবে। ৫-৭ বছর সময় আমাদের দরকার। তারপর মেজর ব্রিজ, বড় সেতু, ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সালে কটা হয়েছিল বেস্টারউইচ সাহেব? কটা মেজর ব্রিজ হয়েছিল? জিরো, একটাও নয়, ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত একটাও নয়। আমরা ইতি-মধ্যে ১৬টি মেজর ব্রিজ করে ফেলেছি। আরো ১১টি মেজর ব্রিজ আণ্ডার কনস্ট্রাকশন। রাস্তা, ১৯৬৯ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত মাত্র ৯৫১ কিঃ মিঃ রাস্তা হয়েছিল। আর আমরা এই ৫ বছরে যা করেছি তার চেয়ে আরো বেশী করা উচিত ছিল, কিন্তু টাকা পাইনি। তবুও এই ৫ বছরে আমরা ২,২৯২ কিঃ মিঃ রাস্তা করতে পেরেছি। স্মল স্কেল ইণ্ডাস্ট্রিজে আপনাদের সময় কটা ইউনিট ছিল? ১৯,৭৫৪টি ইউনিট ছিল। আর গত ৩০শে সেপ্টেম্বর ১৯৭৬ পর্যন্ত হয়েছে ৯৪,৩০২টি ইউনিট। কিছু হয়নি? পাবলিক আণ্ডারটেকিং সম্বন্ধে কে সেদিন বললেন—শীশ মহম্মদ সাহেব বা কমিউনিষ্ট পার্টির থেকে কেউ বললেন, আমার ঠিক স্মরণ নেই কে বললেন—পাবলিক আণ্ডারটেকিং সম্বন্ধে খুব বড় বক্তৃতা তিনি দিয়ে গেলেন। অথচ কাগজপত্র কিছু দেখবেন না, এটাই হচ্ছে মুশকিল। ঐ যে মাছ নিয়ে ইন্দিরা গান্ধী যুগ যুগ জিও গল্প বলা হল, সেটা মাছ বলেনি, সেই মাছ শীশ মহম্মদ সাহেব খেয়েছিলেন এবং তিন মাস আগে বলতে চেয়েছিলেন, ইন্দিরা গান্ধী যুগ যুগ জিও, ইন্দিরা গান্ধী যুগ যুগ জিও। আমি একটু শ্রবণ করতে বলি, বেস্টারউইচ সাহেব একটু শ্রবণ করুন। দুর্গাপুর প্রজেক্টের মাছলি ভ্যালু অফ্ প্রডাকশন অফ্ টার্ণওভার আমরা যখন আসি তখন ছিল ১ কোটি ৮ হাজার, এখন সেটা ২ কোটির ওপর হয়েছে, সেপ্টেম্বর ১৯৭৬ পর্যন্ত ২ কোটি ৫৩ লক্ষ হয়েছে। দুর্গাপুর কেমিকেলস-এ ৪ লক্ষ ৮৪ হাজার ছিল, এখন সেটা হয়েছে ৩১ লক্ষ ৩২ হাজার। ওয়েষ্টিংহাউস স্যাক্সবি ফার্মার, ৯ লক্ষ ৫০ হাজার ছিল, এখন হয়েছে সেখানে ৬৭ লক্ষ ৩৮ হাজার। কল্যাণী স্পিনিং মিলস ২০ লক্ষ ৪ হাজার ছিল, এখন হয়েছে ২৩ লক্ষ ৪২ হাজার। ইলেকট্রো মেডিকেল এ্যাণ্ড এ্যালায়েড ইণ্ডাস্ট্রিস ৬০ হাজার ছিল, এখন হয়েছে ৩ লক্ষ ৩৪ হাজার। এখন বলতে এই রিপোর্ট যখন তৈরী হয়, অর্থাৎ সেপ্টেম্বর ১৯৭৬।

ওয়েস্ট বেঙ্গল ডেয়ারী এণ্ড পোলট্রি ডেভেলপমেণ্ট করপোরেশনে ছিল ৫ লক্ষ ৩২ হাজার এখন ১৪ লক্ষ ৭ হাজার; ওয়েস্ট বেঙ্গল এগ্রো ইণ্ডাস্ট্রিস করপোরেশন লিমিটেডে-এ ছিল ১২ লক্ষ ৩৬ হাজার এখন ১ কোটি ১৬ লক্ষ; ওয়েস্ট বেঙ্গল ফাইন্যানশিয়াল কর্পোরেশনে-এ ছিল ৮ লক্ষ ৬৯ হাজার, এখন হয়েছে ৮২ লক্ষ ১৮ হাজার; ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইণ্ডাস্ট্রিস করপোরেশনে-এ ছিল ৩৫ লক্ষ, এখন হয়েছে ৭৭ লক্ষ ৪৮ হাজার; গ্রেট ইস্টার্ন হোটেলে ছিল ৪ লক্ষ ৫৬ হাজার, এখন ১১ লক্ষ ১১ হাজার; ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যার হাউসি করপোরেশনে ১ লক্ষ ১৫ হাজার মেট্রিক টন স্টোরেজ ক্যাপাসিটি ছিল, এখন হয়েছে ১ লক্ষ ৩৮ হাজার। এইভাবে দেখা যাচ্ছে পাবলিক আণ্ডারটেকিং-এ কাজ অনেক বেড়ে গেছে। লোকসান আছে—কিন্তু লোকসানের পূর্বে কি ছিল সেটা দেখা দরকার এবং সেট

দেখলে দেখবেন বেশিরভাগ জায়গায় লোকসান কমে গেছে। শিল্পের দিক থেকে দেখুন April, 1972 to March 1975 Organised Sector-এ চাকরী পেয়েছে ২ লক্ষ ৬ হাজার মানুষ, April 1975 to September 1975 আরও ২৪ হাজার মানুষ। সেখানে April 1966 to March 1972 কত চাকরী পেয়েছিল—Organised Sector-এ মাত্র ৩১ হাজার। কিন্তু এই Organised Sector-এ সেটা ৩ বছরে ২ লক্ষ ৬ হাজার হয়েছে। তারপর ২৪ হাজার হয়েছে কি কিছু হয়নি—এই কথা বলবেন না। কিছু অন্যায় হয়েছে এ বিষয়ে সন্দেহ নেই, তবে আমরা এগুলি দূর করার চেষ্টা করব। কিছু কিছু ক্ষেত্রে ভুল হয়েছে যেমন ২০ দফা প্রোগ্রামে-এ বাড়ী হয়েছে সেগুলি খারাপ হয়েছে—যা আমি ঝাড়গ্রামে গিয়ে দেখে এসেছি। যেখানে যেখানে অন্যায় হয়েছে সেই কথা বলুন, কিন্তু তাই বলে কংগ্রেস সরকার কিছু করেন নি, পশ্চিমবাংলা ধ্বংস হয়ে গেছে—একথা ঠিক নয় এবং একথা মানুষ বিশ্বাস করবে না। ১৯৭৮ সালের মার্চে যে নির্বাচন হবে তাতে যে রায় হবে সেই রায় আমরা মাথা পেতে নেব। তবে একথা ভুল করবেন না যে, কংগ্রেস মৃত, কংগ্রেস শেষ হয়ে গেছে, কংগ্রেস জীবিত আছে। কংগ্রেস জীবিত থাকবে এ বিষয়ে সন্দেহ নেই। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে প্রস্তাব এসেছে তাকে সর্বান্তকরণে সমর্থন করছি।

[7-40—7-50 p m.]

Mr. Speaker : The discussion on the motion of thanks is over. All the amendments have already been taken as moved.

The motion of **Shri Ajit Basu** (Singur) that :

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় যে মাননীয় রাজ্যপালের ভাষণে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ বিষয়গুলির কোন উল্লেখ নাই—

(১) জরুরী অবস্থার অপব্যবহার করে শ্রমিক-কর্মচারীদের ন্যায়সঙ্গত গণতান্ত্রিক অধিকার হরণ ;

(২) জরুরী অবস্থার সুযোগ নিয়ে শ্রমিক শ্রেণীর বিরুদ্ধে মালিক শ্রেণীর আক্রমণ রোধে সরকারের চরম ব্যর্থতা ;

(৩) জরুরী অবস্থার সময় হাজার হাজার শ্রমিক কর্মচারীর লে-অফ, কারখানা বন্ধ, ছাঁটাই রোধে সরকারের চরম ব্যর্থতা ;

(৪) জরুরী অবস্থার সুযোগ নিয়ে মিসা ও অন্যান্য অগণতান্ত্রিক আইনের অপব্যবহার ;

(৫) পুলিশের সহায়তায় জোতদারদের আক্রমণ থেকে বর্গাদারদের এবং অন্যান্য ভূমিহীন ও ক্ষুদ্র চাষীদের রক্ষা করতে সরকারের ব্যর্থতা ;

(৬) খরিফ মরসুমে খাদ্যশস্যের পাইকারী ব্যবসা রাষ্ট্রীয়করণ না করে চালকল মালিক, জোতদার, মজুতদার তোষণ ;

(৭) ২০ দফা কর্মসূচীতে সুস্পষ্ট প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও শিল্প পরিচালনায় শ্রমিক-দের অংশগ্রহণ সুনিশ্চিত করতে সরকারের ব্যর্থতা ;

(৮) একচেটিয়া ও বড় পুঁজিপতিদের আক্রমণের বিরুদ্ধে সংগ্রামরত শ্রমিক শ্রেণী স্বার্থরক্ষা করতে সরকারের ব্যর্থতা ;

(৯) রাজ্যের অর্থনীতিকে শক্তিশালী করে তোলার জন্য চা ও পাটশিল্পের পরিচালনা অধিগ্রহণ করতে সরকারের ব্যর্থতা ;

(১০) ক্রমবর্ধমান ভয়াবহ বেকারী সমস্যা সমাধানের জন্য কোন পরিকল্পনা ;

(১১) গ্রামীণ বেকারী রোধের জন্য কৃষিভিত্তিক শিল্প গঠন ও সেচ এলাকা সম্প্রসারিত করে একাধিক ফসল উৎপাদনের জন্য কোন সুনির্দিষ্ট পরিকল্পনা ;

(১২) শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের অবসান ঘটানোর জন্য বর্তমান পরীক্ষার পদ্ধতি সংশোধন করে এক উৎপাদনমুখী শিক্ষাব্যবস্থা গড়ে তোলার কোন পরিকল্পনা ;

(১৩) সরকারী কর্মচারী, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘভাতা দিতে সরকারের ব্যর্থতা ;

(১৪) ক্ষেতমজুরদের বাঁচারমত মজুরী সুনিশ্চিত করতে সরকারের ব্যর্থতা ;

(১৫) ন্যায্যমূল্যে জনসাধারণকে খাদ্য ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহের ব্যবস্থা সুনিশ্চিত করতে সরকারের ব্যর্থতা ;

(১৬) নেপালী ভাষা উন্নয়ন এবং পার্বত্য এলাকায় সে ভাষা প্রচলনে সরকারের ব্যর্থতা ; এবং

(১৭) ৪২তম সংবিধান সংশোধন আইনের অগণতান্ত্রিক ও জনবিরোধী ধারাগুলি পরিবর্তনের কোন দাবি তোলা হয়নি।

was then put and a division taken with the following results :—

AYES—15	NOES—108
Banerjee, Shri Ramdas	Abdul Bari Biswas, Shri
Besra, Shri Manik Lal	Abdus Sattar, Shri
Besterwitch, Shri A. H.	Abedin, Dr. Zainal
Bhattacharjee, Shri Shibapada	Abul Barkat Atawal Ghani Khan
Das, Shri Sarat Chandra	Choudhury, Shri
Das Gupta, Dr. Santikumar	Aich, Shri Triptimay
Dhar, Shri Sachindra Kumar	Anwar Ali, Shri Sk.
Dutt, Shri Ramendra Nath	Baidya, Shri Paresh
Ganguly, Shri Ajit Kumar	Bandyopadhyay, Shri Sukumar
Maitra, Shri Kashi Kanta	Basu, Shri Ajit Kumar (Mid.)
Mitra, Shrimati Ila	Basu, Shri Supriyo
Mukhopadhyaya, Shri Girija Bhusan	Bauri, Shri Durgadas
Roy, Shri Aswini Kumar	Bera, Shri Rabindra Nath
Shish Mohammad, Shri	Bharati, Shri Ananta Kumar
Talukdar, Shri Rathin	Bhattacharya, Shri Keshab Chandra

Bhattacharyya, Shri Pradip
Bijali, Dr. Bhupen
Bose, Shri Lakshmi Kanta
Chaki, Shri Naresh Chandra
Chakraborty, Shri Gautam
Chakravarty, Shri Bhabataran
Chattaraj, Shri Suniti
Chatterjee, Shri Kanti Ranjan
Chatterjee, Shri Tapan
Chattopadhay, Shri Sukumar
Das, Shri Bijoy
Das, Shri Sudhir Chandra
De, Prof. Chandra Kumar
Deshmukh, Shri Netai
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit
Ghosh, Shri Lalit Kumar
Ghosh Moulik, Shri Sunil Mohon
Goswami, Shri Paresh Chandra
Goswami, Shri Sambhu Narayan
Gurung, Shri Gajendra
Gyan Singh, Shri Sohanpal
Habibur Rahaman, Shri
Halder, Shri Harendra Nath
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Khan, Shri Gurupada
Khan, Shri Nasiruddin
Khan, Shri Samsul Alam, Shri
Kolay, Shri Akshay Kumar
Lakra, Shri Denis
Lohar, Shri Gour Chandra
M. Shaukat Ali, Shri
Mahanto, Shri Madan Mohan
Mahato, Shri Satadal
Mahato, Shri Sitaram
Mahapatra, Shri Harish Chandra
Maji, Shri Saktipada
Malladeb, Shri Birendra Bijoy
Mandal, Shri Gopal
Mandal, Shri Nrisinha Kumar
Mandal, Shri Santosh Kumar
Mazumdar, Shri Indrajit
Md. Safiullah, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Khagendra Nath
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Mrigendra
Mukherjee, Shri Subrata
Mundle, Shri Sudhendu
Nag, Dr. Gopal Das
Naskar, Shri Ardhendu Sekhar
Nurunnesa Sattar, Shrimati
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Bireswar
Roy, Shri Jagadananda
Roy, Shri Suvendu
Saha, Shri Nirad Kumar
Samanta, Shri Saradindu
Saraogi, Shri Ramkrishna
Sarkar, Dr. Kanai Lal
Sarkar, Shri Nil Kamal
Sarker, Shri Jogesh Chandra
Sen, Shri Bholanath
Sen Gupta, Shri Kumar Dipti
Shamsuddin Ahmed, Shri
Shaw Shri Sachi Nandan
Sheth, Shri Balai Lal
Sukla, Shri Krishna Kumar
Singha, Shri Lal Bahadur
Singha, Shri Satyanarayan

Singhababu, Shri Phani Bhusan	Sinha, Shri Panchanan
Singha Roy, Shri Probodh Kumar	Tirkey, Shri Iswar Chandra
Sinha, Shri Debendra Nath	Topno, Shri Antoni
Sinha, Shri Niren Chandra	Tudu, Shri Budhan Chandra

The Ayes being 15, and the Noes 108,
The motion was lost.

The motion of **Shri Shish Mohammad** that :

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় যে—

(ক) (১) রাজ্যপালের ভাষণে ভারতের ষষ্ঠ লোকসভা নির্বাচনের মত গুরুত্বপূর্ণ বিষয়ের কোনও উল্লেখ নেই এবং ঐ নির্বাচনের মাধ্যমে বিপুলভাবে প্রত্যাখ্যাত ৪২তম সংবিধান সংশোধনের প্রশস্তি জনমতের প্রতি চরম অবজ্ঞাসূচক, অতএব অতীব নিন্দনীয়;

(২) কলিকাতা ও তার চতুষ্পার্শ্ববর্তী এলাকায় অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের জন্য সাহায্য প্রদানে প্রশাসনিক ও পুলিসি ব্যর্থতা এবং ব্যাপক রিগিং ও কারচুপির কথা স্বীকার করিতে রাজ্যপালের অক্ষমতার কোনও স্বীকৃতি তাহার ভাষণে নাই;

(৩) রাজ্যপাল তাহার ভাষণকে দলীয় অপপ্রচারের মাধ্যমে হিসাবে ব্যবহার করে ঐ ভাষণের শেষ অনুচ্ছেদে, "বিচ্ছিন্নতা ও বিশৃংখলার শক্তিগুলি মাথাচাড়া দেওয়ায় ও অর্থনৈতিক অসুবিধার সুযোগ নেবার জন্য অপেক্ষা করছে; এবিষয়ে সরকার সম্পূর্ণ সচেতন। জনগণের সহযোগিতায় এবং গণতান্ত্রিক ও শান্তিপূর্ণ উপায়ে আমার সরকার এইসব বিচ্ছিন্নতাবাদী শক্তিকে চিহ্নিত করতে এবং অর্থনৈতিক উন্নয়ন স্থিতিশীলতা, স্বয়ম্ভরতা এবং দারিদ্র্য ও আঞ্চলিক বৈষম্য দূরীকরণের দিকে রাজ্যের অগ্রগতি অক্ষুণ্ণ রাখতে কৃতকল্প" বলে যে ঘোষণা করা হয়েছে তা রাজ্যপালের ভাষণের পক্ষে সম্পূর্ণ অনুপযোগী। অতএব ঐ অংশ এই ভাষণ থেকে পরিত্যক্ত হওয়া উচিত;

(খ) (১) রুগ্না চা-বাগিচা ও চর্মকল অধিগ্রহণে সরকারের ব্যর্থতার স্বীকৃতি;

(২) দীর্ঘকাল যাবৎ কারান্তরালে বিচারের অজুহাতে আটক নকশালপন্থী ও অন্যান্য রাজনৈতিক বন্দীর প্রতি দুর্ব্যবহার এবং তাদের দীর্ঘকাল কারান্তরালে রাখা অন্যায়—এ কথার স্বীকৃতি;

(৩) নিত্যপ্রয়োজনীয় জিনিসের দরের সঙ্গে সমতা রক্ষা করে ফসলের ন্যায্যমূল্য নির্ধারণ ও কৃষককে উৎসাহজনক মূল্য দেওয়ার কোনও উল্লেখ;

(৪) শ্রমিক-কর্মচারীদের ন্যায্যমূল্যে খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় জিনিস সরবরাহের উল্লেখ;

(৫) শিল্পে ক্লোজার, লে-অফ এবং ছাঁটাইয়ের হেতু ক্রমবর্ধমান বেকারী ও তাহার সমাধানের কথা;

(৬) নূতন শিক্ষাক্রম চালু করিয়া সমগ্র শিক্ষা ব্যবস্থাকে লইয়া যে ছিনিমিনি খেলা হইতেছে এবং শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্যের সৃষ্টি হইয়াছে, তাহার কোন ইঙ্গিত;

(৭) শিক্ষকদের বেতন প্রতি মাসের ১লা তারিখে দেওয়া অবশ্য কর্তব্য ও শিক্ষা-জগতের আর্থিক সমস্ত দায়দায়িত্ব গ্রহণে সরকার অক্ষম—এ কথার কোন আভাস;

(৮) দুঃস্থ ও রুগ্ণ চা-বাগিচাগুলির উন্নয়নের কোনরূপ ইঙ্গিত;

(৯) পশ্চিমবঙ্গে বেকার সমস্যা সমাধানে সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হইয়াছে—এই কথার স্বীকৃতি;

(১০) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের সার্বিক উন্নয়নের ক্ষেত্রে সরকার দলীয় নীতির উর্ধ্বে উঠিয়া কাজ করিতে পারেন নাই—এই কথা স্বীকার করিতে মহামান্য রাজ্যপালের অক্ষমতা;

(১১) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে রেশনব্যবস্থা ভাঙিয়া পড়িয়াছে—ইহার স্বীকৃতি;

(১২) ১৯৭৫ সালের প্রথম দিকে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ঘোষিত মাধ্যমিক শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নূতন বেতনহার ও প্রাথমিক শিক্ষকদের নূতন বেতনহার চালু করিতে সরকার আজও অক্ষম—ইহার স্বীকৃতি;

(১৩) সরকার পাটচাষীদের দিকে লক্ষ্য রাখিয়া পাটের বিক্রয়মূল্য ঠিক না করিয়া দেওয়ায় পাটের দর নিম্নমুখী এবং তাহার ফলে গ্রামবাংলার পাটচাষীদের অবস্থা অত্যন্ত সঙ্কটজনক—এ কথার স্বীকৃতি;

[7-50—7-55 p.m.]

(১৪) মুর্শিদাবাদ জেলার ফরাক্কা ব্যারেজ হইতে ফিডার ক্যানেলে জল ছাড়ার ফলে জঙ্গিপুর মহকুমার ৫৫টি মৌজার কৃষিজমি বিগত দুই বৎসর যাবৎ প্লাবিত হইয়া থাকিবার ফলে ঐ মহকুমার ১-১৫ লক্ষ লোক যে দুঃখকষ্টের মধ্য দিয়া দিন যাপন করিতেছে, তাহাদের সাহায্যকল্পে এবং জল নিষ্কাশনের ব্যবস্থাকল্পে সরকার অগ্রসর হইতে অক্ষম হইয়াছেন তাহার স্বীকৃতি;

(১৫) মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমা বিগত কয়েক বৎসর যাবৎ গঙ্গাভাঙন-প্রপীড়িত এবং ঐ ভাঙন প্রতিরোধ সরকারের ব্যর্থতার স্বীকৃতি;

(১৬) মুর্শিদাবাদ জেলার গঙ্গাভাঙন-প্রপীড়িত হাজার হাজার মানুষের গৃহনির্মাণ বা সর্বপ্রকার সাহায্যদানকল্পে সরকারের অক্ষমতার কোনও উল্লেখ;

(১৭) গ্রামবাংলার বিভিন্ন এলাকার সহিত যোগাযোগ স্থাপনের জন্য পাকা রাস্তা নির্মাণের ব্যাপক কার্যসূচী গ্রহণে সরকারের ব্যর্থতার কথা;

The motion of **Shri Sudhir Bera** that the following be added at the end of the address in reply viz.;

"But regret that the Governor has failed to maintain that—

(a) Progress of implementation of Plan Schemes and 20-point programme has been extremely unsatisfactory;

(b) People of India have expressed their total disapproval of the 42nd Amendment of the Indian Constitution in the recent Lok Sabha election ; and

(c) Unemployment situation has worsened."

The motion of **Shri Rathin Talukdar** that the following be added at the end of the address in reply, viz. ;

"But regret that the Governor has failed to express that—

(a) Administration has not been toned upto cater to the needs of the people, and

(b) Emergency and 20-point Economic Programme have little effect in reviving Closed and Sick Industries." and

The motion of **Shri Sudhir Chandra Das** that :

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত হউক :

"কিন্তু দুঃখের বিষয় যে,—

(ক) বন্যা ও খরাপীড়িত এলাকার দরিদ্র কৃষকগণের সরকারী ঋণ মকুবের কোনও পরিকল্পনা ; এবং

(খ) পঞ্চায়েত ও মিউনিসিপ্যালিটি নির্বাচনের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।

were put and a division taken with the following results :—

AYES—7

Besterwitch, Shri A. H.
Das, Shri Sarat Chandra
Das Gupta, Dr. Santi Kumar
Dutt, Shri Ramendra Nath
Maitra, Shri Kashi Kanta
Shish Mohammad, Shri
Talukdar, Shri Rathin

NOES—105

Abdul Bari Biswas, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri
Aich, Shri Triptimay
Anwar Ali, Shri Sk.
Baidya, Shri Paresh
Bandyopadhyay, Shri Sukumar
Basu, Shri Ajit Kumar (Mid.)
Basu, Shri Supriyo
Bauri, Shri Durgadas
Bera, Shri Rabindra Nath
Bharati, Shri Ananta Kumar
Bhattacharya, Shri Keshab Chandra
Bhattacharyya, Shri Pradip
Bijali, Dr. Bhupen
Bose, Shri Lakshmi Kanta
Chaki, Shri Naresh Chandra
Chakraborty, Shri Gautam
Chakravarty, Shri Bhabataran
Chattaraj, Shri Suniti
Chatterjee, Shri Kanti Ranjan
Chatterjee, Shri Tapan
Chattopadhay, Shri Sukumar
Das, Shri Bijoy
Das, Shri Sudhir Chandra
Deshmukh, Shri Netai
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri

Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit
Ghosh, Shri Lalit Kumar
Ghosh Moulik, Shri Sunil Mohan
Goswami, Shri Paresh Chandra
Goswami, Shri Sambhu Narayan
Gurung, Shri Gajendra
Gyan Singh, Shri Sohanpal
Habibur Rahaman, Shri
Halder, Shri Harendra Nath
Hembram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Khan, Shri Gurupada
Khan, Shri Nasiruddin
Khan, Shri Samsul Alam, Shri
Kolay, Shri Akshay Kumar
Lakra, Shri Denis
Lohar, Shri Gour Chandra
M. Shaukat Ali, Shri
Mahanto, Shri Madan Mohan
Mahato, Shri Satadal
Mahato, Shri Sitaram
Mahapatra, Shri Harish Chandra
Maji, Shri Saktipada
Malladeb, Shri Birendra Bijoy
Mandal, Shri Arabinda
Mandal, Shri Gopal
Mandal, Shri Santosh Kumar
Mazumdar, Shri Indrajit
Md. Safiullah, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mohammad Idris Ali, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Khagendra Nath
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Mrigendra
Mukherjee, Shri Subrata
Mundle, Shri Sudhendu
Nag, Dr. Gopal Das
Naskar, Shri Ardhendu Sekhar
Nurunnesa Sattar, Shrimati
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Bireswar
Roy, Shri Jagadananda
Roy, Shri Suvendu
Saha, Shri Nirad Kumar
Samanta, Shri Saradindu
Saraogi, Shri Ramkrishna
Sarkar, Dr. Kanai Lal
Sarkar, Shri Nil Kamal
Sarker, Shri Jogesh Chandra
Sen, Shri Bholanath
Sen Gupta, Shri Kumar Dipti
Shaw, Shri Sachi Nandan
Sheth, Shri Balai Lal
Singha, Shri Lal Bahadur
Singha, Shri Satyanarayan
Singhababu, Shri Phani Bhusan
Singha Roy, Shri Probodh Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Panchanan
Tirkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 7, and the Noes 105, the motion was lost.

The motion of **Shri Deo Prakash Rai** that the following be added at the end of the address in reply, viz :

"But regret that the Governor being the Reprogenitive of the Central A—ee

Government has no moral right to address the State Legislative Assembly before the new Government is formed at the Centre."

The motion of **Shri Ajoy Kumar Mukhopadhyaya** that :

রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সম্ভাষণ পাঠানো হউক :

"পশ্চিমবঙ্গ বিধানসভায় ২৩শে মার্চ, ১৯৭৭ তারিখের অধিবেশনে মহামান্য রাজ্যপাল যে আশাব্যঞ্জক এবং উৎকৃষ্ট ভাষণ প্রদান করিয়াছেন তজ্জন্য আমরা এই সভার সদস্যগণ তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।"

was then put and a division taken with the following result :—

AYES—112

Abdul Bari Biswas, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri
Aich, Shri Triptimay
Anwar Ali, Shri Sk.
Baidya, Shri Paresh
Bandyopadhyay, Shri Sukumar
Banerjee, Shri Nandalal
Basu, Shri Ajit Kumar (Mid.)
Basu, Shri Supriyo
Bauri, Shri Durgadas
Bera, Shri Rabindra Nath
Bharati, Shri Ananta Kumar
Bhattacharya, Shri Keshab Chandra
Bhattacharyya, Shri Pradip
Bijali, Dr. Bhupen
Bose, Shri Lakshmi Kanta
Chaki, Shri Naresh Chandra
Chakraborty, Shri Gautam
Chakravarty, Shri Bhabataran
Chattaraj, Shri Suniti
Chatterjee, Shri Kanti Ranjan
Chatterjee, Shri Tapan
Chattopadhay, Shri Sukumar
Das, Shri Bijoy
Das, Shri Sudhir Chandra
De, Prof. Chandra Kumar
Deshmukh, Shri Netai
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit
Ghosh, Shri Lalit Kumar
Ghosh Moulik, Shri Sunil Mohan
Goswami, Shri Paresh Chandra
Goswami, Shri Sambhu Narayan
Gurung, Shri Gajendra
Gyan Singh, Shri Sohanpal
Habibur Rahaman, Shri
Halder, Shri Harendra Nath
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Khan, Shri Gurupada
Khan, Shri Nasiruddin
Khan, Shri Samsul Alam Shri
Kolay, Shri Akshay Kumar
Lakra, Shri Denis
Lohar, Shri Gour Chandra
M. Shaukat Ali, Shri
Mahanto, Shri Madan Mohan
Mahato, Shri Satadal
Mahato, Shri Sitaram
Mahapatra, Shri Harish Chandra
Maji, Shri Saktipada
Malladeb, Shri Birendra Bijoy
Mandal, Shri Gopal
Mandal, Shri Nrisinha Kumar
Mandal, Shri Santosh Kumar

Mazumdar, Shri Indrajit
Md. Safiullah, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mohammad Dedar Baksh, Shri
Mohammad Idris Ali, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Moitra, Shri Arun Kumar
Molla, Tasmatulla, Shri
Mondal, Shri Khagendra Nath
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Mrigendra
Mukherjee, Shri Subrata
Mundle, Shri Sudhendu
Nag, Dr. Gopal Das
Naskar, Shri Ardhendu Sekhar
Nurunnesa Sattar, Shrimati
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Manoranjan
Pramanik, Shri Puranjoy
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Bireswar
Roy, Shri Jagadananda
Roy, Shri Suvendu
Saha, Shri Nirad Kumar
Samanta, Shri Saradindu
Saraogi, Shri Ramkrishna
Sarkar, Dr. Kanai Lal
Sarkar, Shri Nil Kamal
Sarker, Shri Jogesh Chandra
Sen, Shri Bholanath
Sen Gupta, Shri Kumar Dipti
Shamsuddin Ahmed, Shri
Shaw, Shri Sachi Nandan
Sheth, Shri Balai Lal
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Lal Bahadur
Singha, Shri Satyanarayan
Singhababu, Shri Phani Bhusan
Singha Roy, Shri Probodh Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Niren Chandra
Sinha, Shri Panchanan
Tirkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

NOES—8

Banerjee, Shri Ramdas
Besterwitch, Shri A. H.
Das, Shri Sarat Chandra
Das Gupta, Dr. Santi Kumar
Dutt, Shri Ramendra Nath
Maitra, Shri Kashi Kanta
Shish Mohammad, Shri
Talukdar, Shri Rathin

The Ayes being 111 and the Noes 8, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 7-55 p.m. till 1 p.m. on Monday, the 4th April, 1977, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 4th April, 1977 at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 8 Ministers, 4 Ministers of State, 1 Deputy Minister and 147 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

QUESTION
(of which oral answers were given)

দ্বাদশ ক্লাশের জন্য আর্থিক সাহায্য

* ৮। (অনুমোদিত প্রশ্ন নং * ২৭) **শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে যে-সমস্ত উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও মহাবিদ্যালয়কে দ্বাদশ ক্লাশ খোলার অনুমোদন দেওয়া হয়েছে ঐ সমস্ত প্রতিষ্ঠানকে সুষ্ঠুভাবে চালানোর জন্য রাজ্য সরকার কি ধরনের আর্থিক সাহায্য দেওয়ার কথা চিন্তা করছেন; এবং

(খ) বর্তমান আর্থিক বছরে জেলাওয়ারী কতগুলি উচ্চমাধ্যমিক বিদ্যালয়কে দ্বাদশ ক্লাশ খোলার অনুমোদন দেওয়ার পরিকল্পনা আছে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ

(ক) বিগত আর্থিক বর্ষের নিম্নোক্ত খাতে ব্যয়নির্বাহের জন্য সাহায্য মঞ্জুর করা হইয়াছে:

সাধারণ শিক্ষা

১) পাঠাগারের পুস্তক বাবদ— ২,০০০·০০ টাকা

২) আসবাবপত্র বাবদ— ২,০০০·০০ টাকা

৩) বিজ্ঞানাগার উন্নতিকল্পে— ৪,০০০·০০ টাকা

বৃত্তিমূলক শিক্ষা

১) যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি বাবদ সর্বোচ্চ— ১৫,০০০ হাজার টাকা

উপরোক্ত সাহায্য ছাড়াও বিবিধ খাতে ব্যয়নির্বাহের জন্য ছাত্র-ছাত্রী পিছু বার্ষিক ৬০ টাকা হারে ৯ মাসের জন্য সাহায্য মঞ্জুর করা হইয়াছে।

(খ) এ বিষয়ে এখনও কোন সিদ্ধান্ত লওয়া হয় নাই।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ যে-সমস্ত উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে দ্বাদশ ক্লাশ খোলার অনুমোদন দেওয়া হয়েছে, ঐ সমস্ত বিদ্যালয়ে বিজ্ঞান বিভাগের দ্বাদশ শ্রেণীর প্র্যাকটিক্যাল ক্লাশ চালানোর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি বা উপকরণ নেই। সুতরাং বিজ্ঞান বিভাগের দ্বাদশ শ্রেণীর প্র্যাকটিক্যাল ক্লাশ চালানোর জন্য যে-সমস্ত যন্ত্রপাতি কেনার প্রয়োজন হবে এবং ঐ সমস্ত বিদ্যালয় বা মহাবিদ্যালয়ে বিল্ডিং গ্রাণ্ট বাবদ কোন টাকা দেওয়ার কথা সরকার চিন্তা করছেন কিনা ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ আমরা যে সব শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞান পড়াতে দিই, যার মধ্যে প্রচলিত স্কুলগুলি ছিল তাদের অধিকাংশই একাদশ শ্রেণীভুক্ত ছিল। সুতরাং তাদের বিজ্ঞান পড়াবার কিছু কিছু যন্ত্রপাতি ছিল। তাছাড়া তাদের অধিকাংশকে কোন কোন ক্ষেত্রে দু'হাজার টাকা পর্যন্ত বিজ্ঞান পড়াবার জন্য অনুদান দেওয়া হয়েছে এবং এই বৎসরে আরো কিছু দেওয়ার চেষ্টা করবো।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ বিল্ডিং গ্রাণ্ট বাবদ কত টাকা মঞ্জুর করেছেন ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ এই ব্যাপারে আমাদের কিছু টাকা গত ফিনান্স থেকেই অনেককে দেওয়া হয়েছে। তবে কাকে কত টাকা দেওয়া হয়েছে তা এখনি বলতে পারছি না। তবে ইচ্ছা আছে, পরিকল্পনা আছে যে, তাদের এলাকায় এটা করবার জন্য যদি জায়গা ও যন্ত্রপাতি থাকে তাহলে আলাদা বাড়ী করার জন্য সেই পরিমাণ আর্থিক সাহায্য দেওয়া হবে।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ একাদশ ও দ্বাদশ শ্রেণীর জন্য যে-সমস্ত শিক্ষক নিয়োগ করা হবে তাদের ইণ্টারভিউ করে প্যানেল তৈরী করার কাজ কবে নাগাদ শুরু হবে এবং ঐ সমস্ত শিক্ষকদের বেতনহার সম্পর্কে সরকার কি চিন্তা করছেন ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ এই বিষয়ে গত সপ্তাহে এই বিধানসভায় মেনশনের উত্তর দিয়ে বলেছিলাম যে, এই স্কেল তাড়াতাড়িই আমরা ঠিক করবো এবং বোধহয় এই মাসের মধ্যে সাক্ষাতের কাজও আরম্ভ করবো।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মহাশয়, বর্তমান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শ্রেণীতে পাঠ্যক্রমের যে অত্যধিক চাপ আছে তা লঘু করার যে আভাস দিয়েছেন এই সম্পর্কে রাজ্য সরকার কি চিন্তা করছেন ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ হ্যাঁ, তিনি আভাস দিয়েছেন এবং তাঁর অনেক কিছুর সঙ্গেই আমি একমত। আমিও অনেক সভায় এই কথা বলেছি যে, পাঠ্যক্রমের কিছু আধিক্য আছে।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ পূর্বতন যে-সমস্ত হাইয়ার সেকেণ্ডারী স্কুলে এগ্রিকালচার ষ্ট্রীম ছিল সেই স্কুলগুলিকে নতুন শিক্ষাক্রম অনুযায়ী কৃষিভিত্তিক দ্বাদশ শ্রেণীতে পরিণত করার কোন পরিকল্পনা আছে কিনা ? যদি না থাকে তবে ঐ সমস্ত বিদ্যালয়ে এগ্রিকালচার ষ্ট্রীমে যে-সমস্ত শিক্ষক আছেন এবং কৃষিশিক্ষার জন্য যে-সমস্ত যন্ত্রপাতি আছে তা কাজে লাগাবার জন্য সরকার কি চিন্তা করছেন ?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ ঢালাওভাবে কৃষিশিক্ষা দেবো এই অনুমোদন দেওয়ার ইচ্ছা নেই। তাছাড়া তাদের অনুমোদনও বাতিল করে দিয়েছি। তবে নিশ্চয়ই যেখানে এ্যাপারেটাস আছে, শিক্ষক আছে, তাদের কিভাবে কাজে লাগানো যায় সেটা আমাদের চিন্তায় আছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ শিক্ষামন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে একাদশ ও দ্বাদশ শ্রেণীর যে সমস্ত স্কুল আছে—কাগজেও দেখলাম, এই সমস্ত স্কুলের শিক্ষকদের ইণ্টারভিউ নেওয়া, পে-স্কেল এবং এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া সম্পর্কে সরকার কি সিদ্ধান্ত নিয়েছেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ সিদ্ধান্ত নেওয়ার পথে, তাড়াতাড়ি হয়তো নেওয়া হবে।

শ্রীসরোজ রায় ঃ মন্ত্রী মহাশয় (ক) প্রশ্নের উত্তরটা ঠিকমত দেননি তাই এই প্রশ্নটা আবার করতে হচ্ছে। এখানে অনেকগুলি স্কুলকে দ্বাদশ শ্রেণীর জন্য প্রভিশনাল পার্মিশন দিয়েছিলেন এবং সাধারণত প্রত্যেক ব্লক এলাকায় একটা করে হবে এই রকম স্থির হয়েছিল কিন্তু বহু জায়গায় এই স্কুল নেই। সুতরাং এইগুলি আবার পুনর্বিবেচনা করবেন কিনা?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ এই বিষয়ে উচ্চতর মধ্যশিক্ষা সংসদ তারা সিদ্ধান্ত নিয়েছে ৩০ বা ৩০-এর কম যাদের ছাত্র তাদের প্রভিশনাল একটা পার্মিশন দেওয়া হয় কিন্তু তাদের এবারে পড়াতে দেওয়া হয়নি। কাজে কাজেই কিছু কিছু হাইয়ার সেকেণ্ডারী উঠে যাওয়ার সম্ভাবনা আছে। তবে যদি কোথাও একেবারে নিকটবর্ত্তী কোন হাইয়ার সেকেণ্ডারী নির্বাচিত না হয়ে থাকে তাহলে নিশ্চয়ই আমরা সেই অভাব পূরণের দিকে নজর দেবো।

[10-10—10-20 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে বললেন—একাদশ-দ্বাদশ ক্লাশের শিক্ষকদের পে-স্কেল সম্বন্ধে এখনো কোন সিদ্ধান্ত নেন নি—আমি জানতে চাই, এই দশম শ্রেণীর স্কুলের-শিক্ষকদের থেকে এই একাদশ-দ্বাদশ শ্রেণীর স্কুলের এবং কলেজের শিক্ষকদের মাইনের তফাৎ কতটা হবে? এ সম্বন্ধে কিছু বলবেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ একটা মাঝামাঝি ধরনের ব্যবস্থা খুঁজে বের করবার চেষ্টা করছি।

শ্রীগিয়াসুদ্দিন আহমেদ ঃ যে-সমস্ত স্কুলের ছাত্রসংখ্যা ৩০ থেকে ৫০-এর মধ্যে সেই সমস্ত স্কুল সরকারী আর্থিক সাহায্য পাবে কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ সেই সমস্ত ইনস্টিটিউশনকে দেওয়ার চেষ্টা করছি আমরা।

শ্রীজগদীশচন্দ্র দাস ঃ হাইয়ার সেকেণ্ডারী কাউন্সিলের চেয়ারম্যান একটা সার্কুলার দিয়েছেন—ছাত্রসংখ্যা কলেজের ক্ষেত্রে ২২৫-এর বেশী স্কুলের ক্ষেত্রে ১৫০-এর বেশী সেই সব ইনস্টিটিউশন কোন আর্থিক অনুদান পাবে না। সেই রকম স্কুলের সংখ্যা কত? যারা এই নির্দেশ মানে নি—তাদের ভবিষ্যৎ কী? যে-সমস্ত ছাত্রছাত্রীদের যেতে নির্দেশ দেওয়া হয়েছিল—পার্শ্ববর্তী ইনষ্টিটিউশনে তারা গেছেন কিনা?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ এটার জন্য নোটিশ লাগবে—জেনে উত্তর দিতে হবে।

শ্রীপ্রদীপকুমার পালিত ঃ কলেজে এবং স্কুলে—একাদশ-দ্বাদশ ক্লাশের ছাত্র ইউনিটের সংখ্যার যে পার্থক্য আছে, সেটা সমান করবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ সমান করবার রাস্তাটা জানা থাকলে নিশ্চয়ই সমান করতাম।

শ্রীজগদীশচন্দ্র দাস ঃ এইরকম রাস্তার কথা কী চিন্তা করছেন, তার একটু আভাস দেবেন কি? কলেজে ২২৫, স্কুলে ১৫০—এরকম কেন হবে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ এটা সমান করবার জন্য আপাতত কোন চিন্তা করা হচ্ছে না।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ কোঠারী কমিশনের নির্দেশে স্কুলে ও কলেজে একাদশ-দ্বাদশ শ্রেণীর ক্লাশ খুলতে দেওয়া হয়েছে—আপনাদের কি এরকম কোন পরিকল্পনা আছে যে স্কুল বাই ফেস্‌ড প্রোগ্রাম নিয়ে কলেজ উঠিয়ে কেবল স্কুলকে দেওয়া হবে বা এজন্য আলাদা স্কুল খোলা হবে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ আমাদের এ বিষয়ে পরিকল্পনা আপাতত বলবৎ আছে—আস্তে আস্তে সমস্ত প্রতিষ্ঠানগুলিকে পৃথক করে দেওয়া—কত স্কুলের সঙ্গে যুক্ত থাকবে বা কলেজের সঙ্গে যুক্ত থাকবে—তা একটা ফেস্‌ড প্রোগ্রাম করে আনতে আমরা ইচ্ছুক।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, একাদশ-দ্বাদশ শ্রেণীর স্কুলগুলি একটি সংক্ষিপ্ততম এ্যাড-হক কমিটি দ্বারা পরিচালিত হয় ও এগুলিকে পূর্ণাঙ্গ পরিচালক সমিতি করবার কোন পরিকল্পনা সরকারের কাছে কিনা?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ শিশু যখন জন্মেছে—সে আস্তে আস্তে বড় হতে থাকুক—তারপর হাঁটতে শিখবে।

জঙ্গলমহল উন্নয়ন পরিকল্পনা

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রীঅশ্বিনী রায় ঃ** উন্নয়ন এবং পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান জেলায় আউসগ্রাম থানার জঙ্গলমহল উন্নয়নের জন্য ১৯৭৬-৭৭ সালে (১) কি কি প্রকল্প ছিল, (২) তাহার ব্যয় বরাদ্দ এবং ১৯৭৭-৭৮ সালের কোন উন্নয়ন প্রকল্প থাকিলে, তাহার বিবরণ ও মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ কত?

ডঃ মহঃ ফজলে হক ঃ (১) উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের অধীনে দুইটি প্রকল্প চালু ছিল যথা—

(ক) অঞ্চল উন্নয়ন প্রকল্প এবং

(খ) গ্রামীণ উৎপাদন ও বিশেষ কর্মসংস্থান কর্মসূচী প্রকল্প।

এই প্রকল্প দুইটির অন্তর্গত গৃহীত কর্মসূচীর তালিকা সংলগ্নপত্রে দেখানো হইল।

(গ) ব্যয় বরাদ্দের পরিমাণও সংলগ্নপত্রের ৩ নং স্তম্ভে দেখানো হইয়াছে।

১৯৭৭-৭৮ সালের অঞ্চল উন্নয়ন প্রকল্পে আউসগ্রাম থানা সমেত সমগ্র জঙ্গলমহল এলাকার উন্নয়নের জন্য উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ ৫·৪৩ লক্ষ টাকার ব্যয় বরাদ্দ প্রস্তাব করিয়াছে। ইহা ছাড়া, গ্রামীণ উৎপাদন ও বিশেষ কর্মসংস্থান প্রকল্পের প্রস্তাবিত ব্যয় বরাদ্দের অংশবিশেষ জেলা উন্নয়ন পর্ষদের অনুমোদনক্রমে মঞ্জুর করা হইবে।

Statement referred to Starred Question No. *9(2)

List of Schemes sanctioned in 1976-77 in Ausgram P. S. of Jungle Mahal area of Burdwan District

(*Rupees in lakhs*)

Scheme	Block	Total Approved Cost
A. Area Development Programme		
1. Construction of masonry wall (8'-0") dia at Gopal Nath J.L. 83	Ausgram—II	0.11
2. -do- at Kaldiha J.L. 64	,,	0.11
3. -do- at Suata	,,	0.10
	Total :	0.32
B. (i) Rural Production Programme		
1. Re-construction of road from Ukta S. H. C. to Budia Road at Gobindapur Junction.	Ausgram—I	0.36
2. Re-excavation of pond Barapukur at Plot No. 4675 & 4809 under Mouza Guskara.	-do-	0.17
3. Repair & Improvement of existing flood protection embankment at kamur River at Bakhur Bundh.	-do-	0.43
4. Repair & Improvement of existing flood protection embankment at Salut Mouza.	-do-	0.27
5. Repair & Improvement of existing flood protection embankment at Charakdanga.	-do-	0.28
6. Re-excavation of drainage channel, irrigation channel & embankment at Gopinathbati	-do-	0.13
7. Construction of Bundh at Bhura village (within Jungle Mahal).	Ausgram—II	0.40
	Total :	2.04
B. (ii) Special Employment Programme		
1. Construction of 8'-0" internal diameter masonry wall at Baganpara Nimdanga under Ausgram Anchal	Ausgram—I	0.10
2. -do- at Belfnagar Bagdipara	-do-	0.10
3. -do- at Jarkadanga Majhipara	-do-	0.10
4. -do- at Dhakalganj Majhipara	-do-	0.11
5. -do- at Jadavganj Muhulipara	-do-	0.11
6. -do- at Mirsha F. P. School	-do-	0.11

7.	Re-construction of road from Bhada to Suri Road at Karangi More.	Ausgram—I -do-	0.41
8.	Improvement of Kalidaha Ausgram Road	-do-	1.00
9.	Construction of 8′×0″ internal diameter masonry wall at Paduna.	Ausgram—II	0.11
10.	-do- at Jalikandal	-do-	0.11
11.	-do- at Samantapur	-do-	0.11
12.	-do- at Protapur	-do-	0.11
		Total :	2.48
		Grand Total :	4.84

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য : মন্ত্রী মহাশয় জানাবেন কি অঞ্চল উন্নয়ন পরিকল্পনার রূপ রেখা কি? এটা বলতে কি কি কর্মসূচী বুঝিয়েছেন। আর পি পি এবং এস ই পি বাদে আর কি আছে?

ডঃ মহম্মদ ফজলে হক : আমাদের এখানে যে তালিকা দেওয়া আছে তাতে পরিষ্কার বলা আছে আমরা অঞ্চল উন্নয়ন পরিকল্পনা বলতে কি কি বলি। আর একটা কথা বলি প্রশ্নটা সম্পূর্ণ নয়। শুধু আউসগ্রামের কথা বলা হয়েছে। কিন্তু জঙ্গলমহলে আরও তিনটি পি এস আছে। আমাদের আউসগ্রাম এরিয়া ডেভেলপমেণ্ট প্রোগ্রামে কনস্ট্রাকশন মেসিনারি ইত্যাদি করা হয়েছে। শুধু আউসগ্রামের হিসাব দেওয়া হয়েছে যেহেতু প্রশ্নটা সেই রকম ছিল। যদি আরও পি এস ধরা যায় তাহলে আরও ফিগার হবে।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য : মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি কি মনে করেন কয়েকটা কূপ খনন করে বা রাস্তা উন্নয়ন করেই অঞ্চলে দরিদ্র মানুষদের উন্নতি হবে। প্রবলেম হচ্ছে জমি দুর্গাপুর পানাগড় সেখানে উন্নয়নের জীবনযাত্রার মান কোন কিছু নেই। কয়েকজনের হাতে বেশ জমি আছে, কিন্তু গরীব চাষীর নেই। এখানে বিশেষ সমস্যা শিল্প প্রসারের। শিল্প প্রসার না হলে এখানে কোন রকম সমনারি ওয়েল সমস্যার সমাধান হবে না। শিল্প সংস্থাপনের প্রস্তাব সরকারের আছে কি?

ডঃ মহম্মদ ফজলে হক : এই প্রশ্নটা ডেভেলপমেণ্ট এ্যাণ্ড প্ল্যানিং ডিপার্টমেণ্টে আওতায় করা হয়েছে। তাতে যা যা করা হচ্ছে তা দেওয়া হয়েছে। আমাদের এরিয়া ডেভেলপমেণ্ট প্রোগ্রাম, আর পি পি, এস ই পি থেকে করা হচ্ছে। তাছাড়া ডিস্ট্রিক্ট এ্যালোকেশন থেকে টাকা খরচ হচ্ছে—আর পি পি এবং এস ই পিতে। তাছাড়া, বিভিন্ন ডিপার্টমেণ্ট যেমন ফরেস্ট, ফিশারী, এগ্রিকালচার, ইরিগেশন প্রভৃতি সেণ্ট্রালি ৫৮ লক্ষ ৩০ হাজার টাকার মতো বরাদ্দ ছিল। কতটা খরচ হয়েছে সেটা সেই ডিপার্টমেণ্টে প্রশ্ন না করলে জানা যাবে না। এই জায়গার সমস্যা সম্পর্কে সরকার সজাগ এবং সচেতন। ওই এলাকা বিশেষ করে আদিবাসী এবং তপশিলী লোকের বসতি। সেখানে বেশিরভাগ রাস্তাঘাট ছিল না। এখানে নানা রকম আন্দোলন হয়েছে। তার জন্য গভর্ণমেণ্ট সম্পূর্ণ সজাগ এবং সচেতন। তার জন্য

স্পেশ্যাল কমিটি করা হয়েছে, স্পেশ্যাল কেয়ার নেওয়া হয়েছে। ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে চেয়ারম্যান করে সেই কমিটি করা হয়েছে এবং বিভিন্ন অফিসার সেই কমিটিতে আছেন সেই কাজের সুপারভিশানের জন্য। সেই মনিটারী কমিটি সম্পূর্ণ সচেতন এই এলাকার যাতে আরও উন্নতি করা যায়।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী : আর পি পি এবং এস ই পি ছাড়া কি কি অন্য ধরনের প্রকল্প গ্রামাঞ্চলে নেওয়া হয়েছে? দু'-একটি প্রকল্পের নাম করবেন কি যাতে আদিবাসী এবং তপশীলেরা অবস্থা উন্নয়নের সুযোগ পায়?

[1-20—1-30 p.m.]

ডঃ মহম্মদ ফজলে হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্ন এখানে আসে না। আরও অন্যান্য ডিপার্টমেণ্ট আছে। তাই আমার একার পক্ষে সেটা বলা সমীচীন হবে না—যেমন ফিসারীজ ডিপার্টমেণ্ট আছে, ফরেষ্ট ডিপার্টমেণ্ট আছে, এগ্রি সি ডি ডিপার্টমেণ্ট আছে, এ্যানিম্যাল হাজব্যাণ্ড্রী ডিপার্টমেণ্ট আছে, প্রত্যেক ডিপার্টমেণ্টের বাজেট এ্যালোকেশন আছে। তাই আমার উত্তর দেওয়া ঠিক হবে না।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী : আমি শুধু ওঁর অবগতির জন্য বলে রাখছি আমি মুর্শিদাবাদের কথা বলছি। কোথায়ও জেলেদের নৌকা তৈরী বা জাল তৈরীর জন্য কোন প্রভিশন এ পর্যন্ত নেই। কিছু টাকা ১০০ কিংবা ৫০ টাকা দেওয়া হয়। এই টাকা দিয়ে কিছু হয় না। না? মন্ত্রী মহাশয় একটু খোঁজ নিয়ে বিভিন্ন ডিপার্টমেণ্টের সঙ্গে যোগাযোগ করে দেখবেন তাদের সম্বন্ধে কিছু করা যেতে পারে কিনা।

(নো রিপ্লাই)

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১০টা খুবই ইমপর্টেণ্ট, মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি এর উত্তর দিন।

শ্রীসুধীর বেরা : স্যার, মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি আপনার পারমিশন নিন।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটি খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু এর উত্তর খুঁজে পাওয়া যাচ্ছে না।

STARRED QUESTION
(to which answers was laid on the table)

অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে শিক্ষা পরিকল্পনা

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬।) **শ্রীঅমলেশ জানা :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে অষ্টম শ্রেণী পর্যন্ত ফ্রি-এডুকেশনের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার বিবরণ এবং কবে হইতে রূপায়িত হইবে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় :

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন উঠে না।

Mr. Speaker: I have received 2 notices of adjournment motions—one from Shri Sudhir Bera and the other from Sarbasree Santi Das Gupta, Kash Kanta Maitra, Rathin Talukdar, A. H. Besterwitch and Pradyot Kuma Mahanti. But I have received the adjournment motion of Shri Sudhir Ber in time. The other adjournment motions of Shri Santi Das Gupta and other have been received after the commencement of the session on the same subject. So, according to Rule 60 of Rules of Procedure and Conduc Business in the West Bengal Legislative Assembly, it is clearly stated tha the adjournment motion must be submitted 2 hours before the commencemen of the session. If it is a morning session then at least 1 hour before the commencement of the Session the motion should be submitted—that has been clearly stated in Rule 60. To motions are almost identical and are on the same subject. In view of the fact I take up the adjournment motion o Shri Sudhir Bera and read out the text.

"The Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely ২রা এপ্রিল শনিবার ময়দানে শহীদ মিনারের জনসভায় যেভাবে সাংবাদিক, সংবাদপত্র ও ফটোগ্রাফাররা নিগৃহীত হয়েছে তা মতপ্রকাশের স্বাধীনতা ও গণতন্ত্রের ইতিহাসে এক কলঙ্কময় অধ্যায়। আমরা আতঙ্কিত হয়েছি—জনস্বার্থে অবিলম্বে আলোচনা করা হোক।"

This is the text of the adjournment motion. The other one is also on the same subject. Now, so far as the adjournment motion of Shri Sudhir Bera is concerned,—I have read out the text—I like to know whether there is any opposition to the adjournment motion.

Shri Gyan Singh Sohanpal: Sir, the Government is in no way responsible for the incident and so I oppose the motion.

Mr. Speaker: In case it is opposed by Government, in Rule 63(2) it is stated "If objection to leave being granted is taken, the Speaker shall request those members who are in favour of leave being granted to rise in their places and if not less than twentysix members rise accordingly, the Speaker shall intimate that leave is granted. If less than twentysix members rise, the Speaker shall inform the member that he has not the leave of the House". So I call upon the honourable members who are in favour of this adjournment motion to stand up to have the leave of the House.

(Members of the R.S.P., C.F.D. and Janata Party stood up).

I find that nine members have stood up. The House has not granted leave to discuss the adjournment motion. So the adjournment motion fails.

Dr. Santi Kumar Das Gupta : স্যার, আপনি জিনিসটা একটু দেখুন—গভর্ণমেণ্ট অপোজ করছেন, টেকনিক্যালি হয়ত আটকে গেল—কিন্তু ২ তারিখে ঘটনা যা ঘটেছে তার উপর কিছু আলোকপাত করা দরকার।

Mr. Speaker : I cannot allow discussion because the House has not given leave to discuss the adjournment motion.

Shri Kashi Kanta Maitra : স্যার, আপনি যেটা বলেছেন সেটা ঠিক—আমাদের হাউসের প্রসিডিওরে সেটা ঠিক—কিন্তু বিষয়টির গুরুত্ব বিবেচনা করে আমি আপনাকে একটু সুযোগ দেওয়ার জন্য বলছি। মাননীয় পরিষদীয় মন্ত্রী যা বললেন।

Mr. Speaker : If an adjournment motion fails, you can draw the attention of the House by a resolution, by mention or by a calling attention. You can bring it tomorrow also.

Shri Kashi Kanta Maitra : স্যার, আপনি যেটা বলেছেন সেটা আমি এ্যাডমিট করছি—স্যার আপনি জিনিসটা একটু ভেবে দেখুন—ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সংবাদপত্রের স্বাধীনতা যদি না থাকে···

Mr. Speaker : No further discussion please.

(Noise and interruptions)

(Shri Kashi Kanta Maitra rose to speak)

Mr. Speaker : I have no alternative but to disallow further discussion, I have no power under the rules.

(Noise)

শ্রীকাশীকান্ত মৈত্র : স্যার, আপনার সিদ্ধান্ত আমি মেনে নিচ্ছি। আমি শুধু এটুকু আপনাকে বলছি, পশ্চিমবাংলার ইতিহাসে এই কাণ্ড আমরা ভাবতেও পারি না—স্টেটসম্যান, আনন্দবাজার পত্রিকা পোড়ানো হয়েছে, ফটোগ্রাফাররা নিগৃহীত হয়েছেন—এইভাবে যদি চলে তাহলে—

(Noise and interruptions)

point of order...

Mr. Speaker : Point of order does not arise because the House has not given leave to the motion.

শ্রীকাশীকান্ত মৈত্র : স্যার, আমি পয়েণ্ট অব অর্ডার হিসাবে এটা তুলছি। কিভাবে সেটা তুলব সেটা আপনি দেখুন। এই বিধানসভায় কয়েকদিন আগে আমি মাননীয় রাজ্যপালের ভাষণ নিয়ে বিতর্ক আলোচনায় অংশগ্রহণ করেছিলাম। মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছিলেন সেই ভাষণের উপসংহারে তিনি যা মন্তব্য করেছিলেন সেইখান থেকে আমি পয়েণ্ট অব অর্ডার তুলছি। তিনি বলেছিলেন

However, during the last few years there has been visible evidence of growth and stability. Government is fully aware that forces of disruption and chaos are waiting to raise their ugly head and take advantage of economic difficulties.

আমরা জানতে চেয়েছিলাম রাজ্যপাল তাঁর ভাষণে নির্বাচনের ঠিক পরিপ্রেক্ষিতে কি করে বলতে পারলেন

forces of disruption and chaos are waiting to raise their ugly head,

কাজেই ফোর্সেস অব ডিসরাপশনস এণ্ড কাওসে বা এই অরাজকতার শক্তি কারা সেটা আমরা আজকে দেখতে পাচ্ছি।

Mr. Speaker: That was discussed for three days continuously and the Motion of thanks has been carried on. So that chapter has been closed already. That should not be referred to any more.

[1-30—1-40 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ স্পীকার মহাশয়, আপনি একটু শুনুন এবং দেখুন কিভাবে আমি পয়েণ্ট অব অর্ডারটা ফরমুলেট করি। স্যার, যেখানে মাননীয় রাজ্যপাল একথা বললেন সেখানে আমরা দেখছি যে, কংগ্রেসের আয়োজিত সভায় যেখানে লোকসভার বিরোধী দলের নেতা কংগ্রেসের শ্রীচ্যবন প্রাক্তন মন্ত্রী, তিনি উপস্থিত ছিলেন, মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন, কংগ্রেস সভাপতি, যিনি এই বিধানসভার একজন মাননীয় সদস্য তিনি উপস্থিত ছিলেন এবং কংগ্রেসের নেতারা ও একজন মন্ত্রী উপস্থিত ছিলেন সেখানে স্টেটসম্যান ও আনন্দবাজার পত্রিকা পোড়ানো হল, ফটোগ্রাফাররা নিগৃহীত হল। সেখানে একটা ভায়োলেণ্ট এ্যাটমোশফিয়ার, একটা ইণ্টিমিডেশন, কোয়ারশন এ্যাটমোশফিয়ার ক্রিয়েট করা হল। এই যদি চলে—

Mr. Speaker: There is no point of order involved in it as happened outside the House. It is not connected with the proceedings of the House. So I am sorry there cannot be any point of order.

Shri Kashi Kanta Maitra :

স্যার, হাউসের মেম্বারদের প্রেজেন্সে যদি এই জিনিস চলে তাহলে তো কাগজ আর প্রকাশিত হবে না, তাঁরা তো কাজ করতে পারবে না। স্যার, আমরা এই সিদ্ধান্তের প্রতিবাদ জানাচ্ছি।

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ স্যার, আপনি জানেন, নেতাজী সুভাষচন্দ্র বোসের বক্তব্যে, জওহরলালের বক্তব্যে সেখানে তাঁরা প্রেসের কথা বলেছেন।

Mr. Speaker: You can raise it in any other form either as a Resolution or as a calling attention or as a mention case. But so far as adjournment motion is concerned, I have already said there is no point of order involved in it.

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ আর এখানে কি টেকনিক্যাল পয়েণ্টটাই বড় হল?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ স্যার, নির্বাচনের রায়ের প্রতি এটা একটা চরম অমর্যাদার ব্যাপার, খবরের কাগজ যদি এইভাবে পোড়ানো হয়—

Mr. Speaker: My hands are tied. I am to follow the rules, you know. I am the servant of the rules. There is no leave of the House and as a Presiding Officer I have got nothing to say. I do feel the sentiments you have expressed.

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্বাচনের আগে থেকেই আনন্দবাজার এবং স্টেটসম্যানের বিরুদ্ধে এই ইতিহাস চলেছে। এইরকম ঘটনা যদি ঘটতে থাকে তাহলে তো কাগজ আর বেরুবে না, হকাররা কাগজ বিক্রি করতে পারবে না। বিধানসভার বক্তব্য কাগজে বেরুলেও লোকে তা জানতে পারবে না। কাগজ এইভাবে পুড়বে। স্যার, আমি তাই আপনার কাছে অনুরোধ জানাচ্ছি, আপনি এটা একটু আলোচনা করতে দিন।

Mr. Speaker : I admitted it but unfortunately there is no leave of the House. My hands are tied. As a servant of the House I have got nothing to do with it. You can appreciate my difficulty.

শ্রীরথীন তালুকদার ঃ স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আপনার হয়ত স্মরণ আছে...

Mr. Speaker : You know what will be the procedure in an adjournment motion, if there is no leave of the House. If it was a mention case or a calling attention, certainly I could say that the calling attention should have been admitted. But you have not worked in that fashion.

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ কাগজে দেখেছি মন্ত্রীরাও টানাটানি করেছে। এই সব ঘটনা কি ঘটছে সেগুলি আমাদের শুনতে হয়।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ আজকে দর্পণ পত্রিকার উপর হামলা হয়েছে, তার এডিটর ধীরেন বোস ইনজিয়োর্ড হয়েছেন এবং তাকে হসপিটালাইজড করা হয়েছে। সেই সম্পর্কে কোন প্রতিকার হবে না। তারা এইভাবে মার খাবে।

শ্রীরামদাস ব্যানার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে প্রতিবাদ করে আমাদের চলে যাওয়া ছাড়া কোন উপায় নেই।

(At this stage the Members of the R.S.P., C.F.D. and the Janata Parties staged a walk-out)

Calling Attention to matters of Urgent Public Importance

Mr. Speaker : The Minister-in-Charge of the Power Department will please make a statement on the subject of power crisis in Calcutta and neighbourhood. (Attention called by Shri Md. Safiullah and Shri Kashinath Misra on the 31st March, 1977.)

Shri Abul Barkat Atawal Ghani Khan Choudhury : Mr. Speaker, Sir, in reply to the notice of calling attention under Rule 198 of the Rules of Procedure and Conduct of Business by two honourable members of the House, I would like to make the following statement.

I fully share the anxiety and concern of the honourable members, Shri Md. Safiullah and Shri Kashinath Misra about the difficulties being experienced as a result of the load-shedding in Calcutta and neighbouring areas during the recent weeks.

As the honourable members are aware, Calcutta Electric Supply Corporation, the West Bengal State Electricity Board and the D.P.L. are the

main agencies, together with the Damodar Valley Corporation, who are entrusted with the responsibilities of supplying power to Calcutta, the surrounding industrial areas and the districts in south Bengal.

The Calcutta Electric Supply Corporation supplies power in their licensed areas out of the power generated by the Corporation and also imported from the West Bengal State Electricity Board and the Damodar Valley Corporation. System demand of Electric Supply Corporation, Calcutta, is around 545/577 MW at present. Last year the load was around 500/540 MW.

Unfortunately the supply position particularly from the West Bengal State Electricity Board has deteriorated sharply owing to breakdown of one 120 MW plant in Santhaldih on 20.3.77. The import from the West Bengal State Electricity Board has been reduced by 50/60 MW due to outage of this unit. To add to this difficulty there has been frequent curtailment in Calcutta Electric Supply Corporation's import from the Damodar Valley Corporation by about 20 MW due to shortfall in generation in Damodar Valley Corporation system.

Besides, Calcutta Electric Supply Corporation's generation has been reduced by about 20 MW on account of outage of their turbo alternator No. 3 at New Cossipore generating station and low output from their Mulazore generating station as an aftermath of an industrial dispute which has recently been resolved satisfactorily.

All these factors have contributed to a shortfall of about 100 MW leading to power crisis in Calcutta and neighbouring areas.

The State Government have already initiated necessary steps for tiding over these difficulties. After completion of repair works at Santhaldih unit No. 1 was recommissioned on Sunday the 3rd April, 1977. The position is expected to improve considerably now.

The Damodar Valley Corporation authorities have been requested to supply 95 MW power to Calcutta on a firm basis.

The turbo alternator at Cossipore is expected to be recommissioned at about 4/5 week's time. The output from Mulazore generating station has, in the meantime, shown distinct improvement.

[1-40—1-50 p.m.]

The State Govt. has also revised the working pattern of the Jute Mills so as to bring down the peak demand during 6 p.m. to 10 p.m. The Jute Mills have been asked to strictly follow the revised pattern of working. I would finally like to point out to the honourable members that the Government is very much aware of the difficulties caused by shortage of power and unusual load-shedding. I would like to assure the honourable members that with the steps already initiated the difficulties would shortly be overcome. In the meantime, however, we are somehow balancing the supply and the

demand for power. In case of any sudden breakdown of a machine it is difficult to avoid load-shedding for a temporary period.

Mr. Speaker : I have received 17 notices of Calling Attention. Out of these notices, I have selected the notice of Shri Md. Safiulla and another member on the subject of financial stringency in higher secondary schools converted into junior colleges. The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject to-day, if possible, give a date for the same.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে সকালে প্রশ্নোত্তরের সময় জানিয়েছি, আমরা কি ধরনের সাহায্য তাদের দিচ্ছি। মাননীয় সদস্য জুনিয়ার কলেজ কেন বলছেন জানি না, আমরা তো এর নাম দিয়েছি হাইয়ার সেকেণ্ডারী ইনষ্টিটিউশন। নিশ্চয়ই প্রথমে চালু করতে গেলে টাকা কম পড়বে, তবে আমরা প্রথমে চালু করে প্রায় ৭০ লক্ষ টাকার মত সাহায্য দিয়েছি। আমরা আশা করছি এই বছর আরও সাহায্য দেবার, এই বছর আশা করছি যা সাহায্য দেওয়া হয়েছে তার থেকে ডবল কিংবা তিন গুণ বেশী সাহায্য আমরা দিতে পারবো।

Mention Cases

শ্রীতুহীনকুমার সামন্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত শুক্রবার আমার কেন্দ্রে একটা দুর্ঘটনা ঘটেছে, আমি তার বিস্তারিত বিবরণ আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে রেখে তার প্রতিকার দাবী করছি। আপনি জানেন গত বছর বৃষ্টির অভাবের ফলে বহু জায়গায় চাষ হয়নি। আমার এলাকাতেও চাষ হয়নি। ওখানে খড়ে নদীর এলাকায় বাঁধ দিয়ে চাষ করা হয়, এই কারণে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে মাননীয় জেলাশাসক ৪৫ হাজার টাকা দিয়েছেন এবং দুটি বোরো বাঁধ সেখানে করা হয়েছে। এই বোরো বাঁধের ফলে সেখানে ৪ হাজার একর জমিতে চাষ হয়েছিল। আপনি শুনলে তারপর অবাক হয়ে যাবেন ঐ বাঁধের পাশাপাশি কাটোয়া ও মন্তেশ্বর থানা রয়েছে। গত শুক্রবার আমরা হঠাৎ জানতে পারলাম যে কাটোয়ার বি ডি ও, তিনি একদল সশস্ত্র লোক নিয়ে, পুলিশ নিয়ে সরকারের কাছ থেকে ৪৫ হাজার টাকা নিয়ে খরচ করে যে বাঁধ তৈরী করা হয়েছিল, সেই বাঁধ কেটে দিলেন। তার ফলে কি হয়েছে, ঐ অঞ্চলের ১০ খানি গ্রামের অধিবাসী বাধা দিতে আসে, তারা বলেন আমাদের লোকজন না আসা পর্যন্ত, আমাদের বি ডি ও না আসা পর্যন্ত, আমাদের থানার ও সিকে খবর দেওয়া হয়েছে, তিনি না আসা পর্যন্ত আপনারা এই বাঁধ কাটবেন না। বি ডি ও সাহেব তাদের কথায় কর্ণপাত না করায় সেই গ্রামবাসীদের সঙ্গে বচসা শুরু হয়ে যায়। তখন কাটোয়ার বি ডি ও (২) সেই সময় লোককে আমার এলাকার মানুষের উপর লেলিয়ে দেন এবং পুলিশকেও লেলিয়ে দেন। এর ফলে সেখানে যারা দেখতে গিয়েছিলেন তাদের উপর নির্মম অত্যাচার হয় এবং কিছু লোককে কাটোয়া থানায় নিয়ে যায়। আমি যখন এ বিষয় জেলাশাসককে ফোন করি তখন তিনি বলেন যে, কাটোয়া থানায় কিছু মানুষজনের জন্য বলায় আমি বলেছিলাম, এমনভাবে জল ভাগ করা হোক যাতে কোন গোলমাল না হয়। কিন্তু আমি শুনলাম মন্তেশ্বর থানার ও সি ও কালনার সি আই ঘটনাস্থলে যাবার আগে কাটোয়ায় বি ডি ও (২) এই কাজ করেছেন এবং চাষীদের কাছ থেকে তিন হাজার টাকা নিয়েছেন। এই কাজের জন্য ৪ হাজার বিঘা জমির বোরো ধান

একেবারে নষ্ট হয়ে যাবে এবং সেখানকার মানুষ অনাহারে কাটাবেন। আমি জানতে সেই বি ডি ও কোন্ অধিকারে এই কাজ করেছেন? সুতরাং এই বিষয়ে অবিলম্বে ত দাবী করছি এবং সেই বি ডি ও (২)-র পদত্যাগ ও গ্রেপ্তার দাবী করছি।

শ্রীললিত গায়েন ঃ স্যার, দক্ষিণ ২৪-পরগণা মথুরাপুর (২) গিলারচাট ে সেণ্টারের ১২ বছর আগে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছিল এবং এর পর সেখানে অ ডাক্তার এসেছেন ও চলে গেছেন। কিন্তু ১৯৭৬ সালের ২৪ ডিসেম্বর মাস থেকে সে কোন ডাক্তার যাচ্ছেন না। এখন রমেন গায়েন বলে একজন হেল্থ এ্যাসিস্ট্যাণ্ট হাসপাতালের চার্জ নিয়ে বসে আছেন। সেখানে যে ফারমাসিস্ট গেছেন তাঁর উপর ে চার্জ দেওয়া হচ্ছে না। তাঁকে চেয়ার-টেবিল দেওয়া হচ্ছে না, তিনি বাইরে মাদুর পে বসে রুগীর দেখাশুনা করছেন। কিন্তু সেখানে কোন রুগী মারা গেলে তার জন্য কে দ হবেন ঐ হেল্থ এ্যাসিস্ট্যাণ্ট না ফারমাসিস্ট? সেজন্য স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব সেখ যত তাড়াতাড়ি সম্ভব একজন ডাক্তার দেওয়া হোক।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ স্যার, পশ্চিমবাংলার একজন মন্ত্রী তাঁর নিজের ক্ষমতার অ ব্যবহারে নিজের বিভাগকে কাজে লাগিয়ে কিভাবে জনসাধারণের হাজার হাজার টাকা অ ব্যবহার করেছেন তার জ্বলন্ত প্রমাণ আপনার সামনে রাখতে চাই। পশ্চিম-দিনাজপুর জে হরিরামপুর একটি গণ্ডগ্রাম এবং রেল স্টেশন থেকে অনেক দূরে অবস্থিত। ডাঃ জয় আবেদিন সেই গ্রামে তাঁর বাবার নামে একটি কলেজ করেছেন যার নাম হচ্ছে—দেও আবদুল গণি কলেজ। সেই অজ পল্লীগ্রামে কোন কলেজ চলতে পারে না। সেখানে কে ফিডার ইনস্টিটিউশন যাবে না, কোনও ছাত্রও পাবে না, সেই কলেজে নামেই একটা গভ বডি আছে। এঁরা একটা স্যুভেনির বার করেছেন। এই স্যুভেনিরের জন্য এ্যাডভার্টাইজমে কস্ট পড়েছে ১ পাতার রেট হাজার টাকা এবং ½ পাতার রেট ৫০০ টাকা।

[1-50—2-00 p.m.]

ডাঃ আবেদিন সাহেব ইনফ্লুয়েন্স খাটিয়ে পশ্চিমবাংলার প্রত্যেকটি জেলার কো-অ রেটিভকে এ্যাডভার্টাইজমেণ্ট দেওয়াতে বাধ্য করেছেন। এইভাবে নিজের ইনফ্লুয়েন্স খাটি পশ্চিমবাংলার কো-অপারেটিভগুলি থেকে ৫০/৬০ হাজার টাকা খরচ করিয়েছেন। এতে কে অপারেটিভগুলির কোন লাভ হবে কিনা বুঝতে পারছি না, আর কি লাভ হবে জানি ন এইরকম অজ পাড়াগাঁয়ে স্যুভেনিরে এ্যাডভার্টাইজমেণ্ট দিয়ে কোন লাভ হতে পারে না। অ সেই কো-অপারেটিভের ফাণ্ড থেকে জনসাধারণের হাজার হাজার টাকা খরচ করিয়েছে, খ করতে বাধ্য করিয়েছেন আবেদিন সাহেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভর্ণমেণ্টের আর কে ডিপার্টমেণ্ট থেকে এতে এ্যাডভার্টাইজমেণ্ট দেওয়া নেই, এতে আছে ডাঃ আবেদিনের আণ্ডা স্যাক্সবি ফারমারের এ্যাডভার্টাইজমেণ্ট, আর কিছু চামচারা এ্যাডভার্টাইজমেণ্ট দিয়েছেন। স্যুভেনির দেখেছি, কিন্তু কো-অপারেটিভের এ্যাডভার্টাইজমেণ্ট চোখে পড়েনি। এতে পরিষ্ব বোঝা যাচ্ছে আবেদিন সাহেব ইনফ্লুয়েন্স খাটিয়ে প্রত্যেকটি জেলার কো-অপারেটিভকে এ্যা ভার্টাইজমেণ্ট দেওয়াতে বাধ্য করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কলেজের জন্য কলকা থেকে ট্রাক ট্রাক সিমেণ্ট এবং আইরন রড আদায় করেছেন। কে সিমেণ্ট, রড দিয়েছে

কতখানি দিয়েছেন তার কোন হিসাব নেই। জনসাধারণ দেখেছেন লক্ষ লক্ষ টাকার সিমেণ্ট, রড এসেছে। সিমেণ্ট, রড যাঁরা দিলেন তাঁরা নিজের স্বার্থে দিয়েছেন। কে কিভাবে কি কারণে দিলেন এর একটা তদন্ত হওয়া দরকার। স্যার, কলেজের সেক্রেটারী হলেন শংকরলাল পাঁড়ে যিনি মিসা কেসের আসামী, সর্বদাই যিনি পুলিশের ভয়ে পালিয়ে পালিয়ে বেড়ান, পুলিশ দেখলেই আগে ছুটে পালিয়ে যান। সেই কলেজের গভর্ণিং বডির ট্রেজারার হচ্ছে ডাঃ আবেদিন সাহেবের ভাই সামসুল আবেদিন। ওখানকার জনসাধারণ আমাকে বলেছে ঐ সিমেণ্ট আইরন রড আবেদিন সাহেব নিজের কাজে লাগিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আবেদিন সাহেবের ভয়ে জনসাধারণ কোন কমপ্লেন করতে সাহস পায় না। তাঁর এলাকায় দুটো এমারজেন্সি চলছে একটা সরকারী এমারজেন্সি, আর একটা আবেদিন সাহেবের এমারজেন্সি। তাঁর ভয়ে কোন লোক মুখ খুলতে সাহস পায় না, প্রত্যেককে বলে মুখ খুললে মিসায় দেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি চীফ মিনিষ্টারকে অনুরোধ করছি একটা হাই পাওয়ার কমিশন বসিয়ে এনকোয়ারী করে দেখা হোক এই জিনিসপত্র কোথা থেকে কত কি আদায় হয়েছে, কিভাবে আদায় হয়েছে, কোথা থেকে কত টাকা আদায় হয়েছে এই সমস্ত ডিটেলড এনকোয়ারী করে একটা রিপোর্ট আমাদের কাছে প্লেস করবেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পানীয় জলের আবেদন অনেকে এই হাউসে রেখেছেন, আমি জল নিষ্কাশনের একটা আবেদন আপনার মাধ্যমে পৌরমন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। স্যার, আপনি জানেন বনগাঁ একটা ছোট মিউনিসিপ্যালিটি। কলকাতা যখন জলে ডুবে যায় তখন তার জল নিষ্কাশনের একটা ব্যবস্থা থাকে। কিন্তু মফস্বলের মিউনিসিপ্যালিটিগুলির সেই ধরনের কোন ড্রেনেজ আছে বলে জানি না। স্যার, আপনি জানেন, আপনাকে প্রায়ই বনগাঁ শহরে যেতে হয়, আপনার যথেষ্ট অভিজ্ঞতা আছে, একটু জল হলেই বনগাঁ মিউনিসিপ্যালিটি ডুবে থাকে। আমি আপনার মাধ্যমে লোকাল সেল্ফ গভর্ণমেণ্টের মন্ত্রী মহাশয়কে জানাতে চাই বর্ষার আগে বনগাঁ মিউনিসিপ্যালিটির বিশেষ করে ৭নং ওয়ার্ড এবং ১২ নং ওয়ার্ড এই দুটো প্রায়ই জলে ডোবে, বন্যার মত অবস্থায় থাকে, এর জল নিষ্কাশনের জন্য ড্রেনেজের ব্যবস্থা কিংবা অন্য কোন ব্যবস্থা করুন। এই সঙ্গে আর একটা কথা বলতে চাই মিউনিসিপ্যালিটি উন্নয়নের জন্য যে টাকা পায় সেটা উন্নয়নের জন্য খরচ করা হচ্ছে না। এখানে পৌরসভায় কমিশনার নেই, আছে এক্সিকিউটিভ অফিসার এস ডি ও। তাঁকে বারংবার বলা হচ্ছে কিন্তু এই সমস্ত টাকা মাইনে বাবদ খরচ করা হচ্ছে, বনগাঁ পৌরসভার উন্নয়নকল্পে খরচ হয়নি। সেজন্য সরকার থেকে অবিলম্বে মিউনিসিপ্যালিটিকে জানানো হোক সে সমস্ত ড্রেনেজের ব্যবস্থা যেন তাঁরা ত্বরান্বিত করেন। বর্ষার আগে সেই ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন রাখছি।

শ্রীপ্রদ্যোৎকুমার মোহান্তি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে এই বিধান-সভায় আমাদের ত্রাণবিভাগের রাষ্ট্রমন্ত্রী বলেছিলেন পশ্চিমবাংলার যে সমস্ত জেলাতে অনা-বৃষ্টির জন্য ফসলহানী হয়েছে সেখানে টি আর-এর কাজ জোরদার করা হচ্ছে নিরন্ন শ্রমিকদের কাজ দেবার জন্য। আমি গত শনিবার পশ্চিমবাংলার কয়েকটি এলাকাতে গিয়েছিলাম এবং আমার নিজের এলাকাতেও গিয়েছিলাম এবং সেখানে গিয়ে যা দেখলাম তাতে বলতে পারি মন্ত্রীর ওই কথার সঙ্গে বাস্তব অবস্থার কোন মিল নেই। আমি সমস্ত অবস্থা দেখে একথা বলতে বাধ্য হচ্ছি যে, মন্ত্রী মহাশয় আমাদের ধোঁকা দিয়েছেন। ফেব্রুয়ারী মাসের ১২

তারিখে দাঁতন ব্লক থেকে রিলিফ কমিটি একটা স্কীম তৈরী করে পাঠিয়েছিল। কিন্তু আম দেখছি কোথাও টাকার অভাবে কাজ হচ্ছে না। আমি এই ব্যাপারে আমাদের মন্ত্রী জ্ঞানা সোহনপাল এবং ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বলছি ইমিডিয়েটলি যদি কাজ আর করা না যায় তাহলে টি আর-এর কাজের কোন মানেই হবে না কারণ শীঘ্রই বৃষ্টি আর হবে। এই কাজে দেরী করলে শুধু লোক দেখানো কাজ হবে আসল কাজ কিছুই হ না। কাজেই মন্ত্রী মহাশয় ইমিডিয়েটলি যেন এই কাজ আরম্ভ করেন।

শ্রীশরৎচন্দ্র দাস : মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন স্বাধীনতাপ্রাপ্তির প থেকে হরিজন এবং তপশীল জাতির অর্থনৈতিক, সামাজিক এবং নৈতিক উন্নতির জন্য আমাদে সরকার প্রতিশ্রুতির পর প্রতিশ্রুতি দিয়ে এসেছেন। শুধু তাই নয়, এদের অর্থনৈতিক উন্নী যাতে হয় তার জন্য আমরা গতবার সিডিউল্ড কাষ্ট ডেভেলপমেণ্ট কর্পোরেশন এ্যাক্ট পা করেছিলাম এবং তার মুখ্য উদ্দেশ্য ছিল সিডিউল্ড কাষ্টদের আর্থিক উন্নয়নের জন্য সাহায় দেওয়া। এই ব্যাপারে হাজার হাজার টাকা খরচ করে খবরের কাগজে বিজ্ঞাপন দেওয় হয়েছিল যদি তারা কর্পোরেশন করে বা সোসাইটি করে তাহলে তাদের আর্থিক সাহায় দেওয়া হবে। এই কথা জানার পর আজ পর্যন্ত ১২৯টি সিডিউল্ড কাষ্ট সোসাইটি রেজিষ্ট্রেশ হয়েছে। কিন্তু দুঃখের সঙ্গে বলছি তারপর একটি আর্থিক বছর চলে গেল অথচ সেই দরি হরিজন যারা লুণ্ঠিত, শোষিত এবং যারা তাদের ঘটিবাটি বন্ধক দিয়ে সোসাইটি করেছে, যাদে সাহায্য করবার জন্য আমরা উদ্দীপনা জুগিয়েছি তাদের সাহায্য দেবার জন্য আজ পর্যন্ত কো অফিসার নিয়োগ করা হয়নি। একটা বোর্ড গঠন করা হয়েছে কিন্তু তার একটা মিটিং হয়নি। সাহায্য দেবার ব্যাপারে যাঁরা হর্তাকর্তা তাঁরা গ্রাউণ্ড হোষ্টেজের দিকে না তাকিয়ে এয়ার হোষ্টেজের পেছনে ঘুরে বেড়াচ্ছেন। এয়ার হোষ্টেজের পেছনে না ঘুরে হরিজনদের উন্নতির জন্য নজর দেবেন এই আবেদন জানিয়ে বক্তব্য শেষ করছি।

[2-00—2-10 p.m.]

শ্রীগোবিন্দ চ্যাটার্জী :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বেদনাময় পরিস্থিতির দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার শ্রীদুর্গা কটন মিলস্ যেখানে কয়েক হাজার শ্রমিক কাজ করে সেই মিলটি গত ২৫শে অক্টোবর থেকে বন্ধ হয়ে রয়েছে। সেখানকার শ্রমিকরা ১০ই অক্টোবর থেকে ২৫শে অক্টোবর এই ১৫ দিনের মাইনে পায়নি। ২৫শে অক্টোবর তাদের মাইনে পাবার কথা ছিল কিন্তু তারা সেটা পায়নি এবং কারখানা বন্ধ করে দেওয়া হয়েছে। এই কারখানা চালু করবার জন্য আই আর সি আই উদ্যোগী মালিককে অর্থসাহায্য করে-ছিলেন এবং আই আর সি আই-র যৌথ নেতৃত্বে এই কারখানা চলার কথা ছিল। আমরা আই আর সি আই-র কাছ থেকে জানতে পারলাম এই কারখানা চালু করার জন্য যা-কিছু করা দরকার তারা সেটা করেছে কিন্তু পূর্বের মালিকের জন্য সেই কারখানা খোলা যাচ্ছে না। এই কারখানা চালু না হবার ফলে সেখানকার দেড় হাজার শ্রমিক অত্যন্ত কষ্টে পড়েছে এবং এর সঙ্গে স্থানীয় অর্থনীতির প্রশ্নও জড়িত রয়েছে। আমি আবেদন রাখছি এই কারখানার মালিকের ষড়যন্ত্র বরবাদ করে দিয়ে অবিলম্বে এই কারখানা খোলার ব্যবস্থা করা হোক।

শ্রীহেমন্ত দত্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের এবং বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সকলেই জানেন আমাদের সংবিধানে আছে সংবিধান রচিত হবার ১৫ বছরের মধ্যে ১৪ বছর পর্যন্ত সমস্ত বালক-বালিকাকে অবৈতনিকভাবে শিক্ষাদান করতে হবে এবং এটা হবে বাধ্যতামূলক। কিন্তু দুঃখের সঙ্গে বলছি স্বাধীনতার পর ৩০ বছর পার হয়ে গেল অথচ ক্লাশ ফাইভ পর্যন্ত অবৈতনিক বা বাধ্যতামূলক করবার সামর্থ্য আমাদের সরকারের হল না। আমাদের দেশে শিক্ষিত লোকের হার মাত্র ৩৩/৩৪ পারসেণ্ট। আমাদের ১৯৭২ সালের নির্বাচনী ইস্তাহারে ছিল আমরা ১৪ বছর পর্যন্ত ছাত্রছাত্রীদের শিক্ষা অবৈতনিক এবং বাধ্যতামূলক করব। কিন্তু আমরা লক্ষ্য করছি এখনও এমন অনেক গ্রাম আছে যেখানে একটি প্রাথমিক বিদ্যালয়ও নেই। এমন গ্রামও আছে যেখানে লোকসংখ্যা প্রচুর অথচ একটি প্রাথমিক বিদ্যালয় মাত্র রয়েছে। আজকাল আমরা দেখতে পাচ্ছি কলেজের সংখ্যা প্রচুর বাড়ছে। আমরা যখন ছাত্র ছিলাম তখন আমরা দেখেছি কোলকাতা বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ছিল কিন্তু আজকে একমাত্র পশ্চিমবাংলাতেই দেখছি ৭টি বিশ্ববিদ্যালয় হয়েছে। আমার বক্তব্য হচ্ছে যেভাবে লোকসংখ্যা বাড়ছে তাতে আরও বিদ্যালয় তৈরী করা দরকার। আমাদের কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী দেখছি জন্মের হার কণ্ট্রোল করতে চাচ্ছেন না। জন্মের হার যদি অব্যাহত থাকে তাহলে প্রাথমিক বিদ্যালয় আমাদের আরও অনেক বেশী বাড়াতে হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। শিক্ষা আমাদের জাতীয় জীবনের একটা বিরাট জিনিস। আমরা যদি দেশের ছেলে-মেয়েদের প্রাথমিক শিক্ষাটুকুও দিতে না পারি তাহলে ভয়ানক ক্ষতি হবে। কাজেই আমি মনে করি আমাদের প্রাথমিক শিক্ষার দিকে আরও দৃষ্টি দেওয়া দরকার এবং তার জন্য আরও অর্থ বরাদ্দ করা দরকার। কিন্তু যেসব গ্রামে বিদ্যালয় আছে সেই সব গ্রামের তুলনায় আন-স্কুল্ড ভিলেজের সংখ্যা অনেক বেশী এবং এখানে গভর্ণমেণ্টের প্রাথমিক কর্তব্য হবে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা বাড়ানো এবং যে-সমস্ত ছাত্রছাত্রী আছে তাদের আরো এই সমস্ত স্কুলের আওতায় আনা যাতে করে প্রাথমিক শিক্ষাটা ভারতবর্ষের প্রত্যেক নাগরিককে দিতে পারেন এবং এতে দেখা যাচ্ছে প্রাথমিক শিক্ষা না পাওয়ার জন্য আমাদের দেশের সেই সমস্ত জায়গায় লোক অজ্ঞতার অন্ধকারে ডুবে আছে। এখানে আমরাও দেখতে পেয়েছি আমাদের নির্বাচনে যে বিপর্যয় হয়েছে সেখানে ঢেউয়ের গতিতে সবাই ধাবিত হচ্ছে। কোন্‌টা ভাল কোন্‌টা মন্দ সেগুলি বিচার করবার অধিকারও তাদের নেই বা তাদের সেই দৃষ্টি নেই বা তাদের মধ্যে সেই জ্ঞানালোক নেই সুতরাং আজকে যদি প্রথমেই তাদের অজ্ঞতার অন্ধকার দূর করতে হয় তাহলে এই প্রাথমিক বিদ্যালয়গুলি প্রতিষ্ঠা করা দরকার। আমরা দেখতে পাচ্ছি আমাদের নবনিযুক্ত শিক্ষামন্ত্রী ভারত সরকারের, তিনি নিরক্ষরতা দূরীকরণের জন্য কতকগুলি প্রস্তাব রেখেছেন এবং সেই প্রস্তাব অনুসারে দেখতে পাওয়া যায় তিনি যে-সমস্ত প্রাথমিক বিদ্যালয় আছে সেই সমস্ত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাধ্যমে এবং যে-সমস্ত উচ্চবিদ্যালয় আছে সেই সমস্ত উচ্চবিদ্যালয়ের ছাত্রদের মাধ্যমে নিরক্ষরতা দূর করবার জন্য—আমরা পড়েছিলাম ইচ ওয়ান টিচ ওয়ান, তিনি বলছেন ইচ ওয়ান টিচ ফাইভ। অর্থাৎ প্রত্যেক পাঁচজনকে অন্ধকার থেকে আলোতে নিয়ে আসা, এই রকম একটা পরিকল্পনা করেছেন এবং তাতে কিছু আর্থিক বরাদ্দ করবার পরিকল্পনা তাঁর আছে। আমি প্রস্তাব রাখছি প্রত্যেকটি আন-স্কুল্ড ভিলেজে একটি করে প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা হোক। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজগদীশচন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কল্যাণী স্পিনিং মিলের কথ বলছিলাম। সরকারী কারখানা, সেখানকার শ্রমিকরা আজ থেকে অনশন শুরু করেছে এব ২নং ইউনিট, অশোকনগরে, সেখানকার শ্রমিকরা আগামীকাল থেকে আমরণ অনশন শুর করবে। তাদের দাবী মাত্র ছয় দফা। ইমার্জেন্সিতে বহু কিছু কাটা গিয়েছে। এই কারখান সম্বন্ধে এই হাউসে বহুবার আমরা এই কথা বলেছি। যারা শ্রমিক আন্দোলন করেন, ট্রেড ইউনিয়ন করেন, তাঁরা বহুবার বলেছেন কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের যে শ্রমদপ্তর যাকে আমর এক কথায় বলতে পারি মৌনীবাবা, এই মৌনীবাবাকে কোনমতেই নড়ানো-চড়ানো যায় না জানি না এর পিছনে কি রহস্য আছে। আজকে সরকারের পরিচালনাধীন যে কারখানা সেই কারখানার শ্রমিকদের যে বর্ধিত মহার্ঘভাতা দীর্ঘ নয়মাস ধরে তারা পাচ্ছে না। বহুবার চিৎকার করা হয়েছে, বহুবার ধরণা দেওয়া হয়েছে কিন্তু তারা তার থেকে বঞ্চিত। তার থেকে আরো অবাক হয়ে যাবেন দীর্ঘ ১৪/১৫ বৎসর ধরে তাদের যে অর্জিত অধিকার ক্যান্টিন সেই ক্যান্টিনে যে-সমস্ত সুযোগ-সুবিধা ছিল সেগুলিকে বন্ধ করে রাখা হয়েছে। কোর্টের অর্ডার পর্যন্ত ভায়োলেট করছেন, সরকারের শ্রমদপ্তর এটাকে মানেনি। জয়নাল আবেদিন সাহেবকে বহুবার বলেছি, এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তিনি নাকি এটা নাকচ করে দিয়েছেন আপনি জানেন সেই কারখানায় বহু মা-বোন কাজ করে। ১নং ইউনিটে প্রায় ৬-৭শো মহিলা কাজ করে—গর্ভবতী মায়েরা, বোনেরা কাজ করে। সেখানকার শ্রমিক তারা না খেয়ে কাজ করে অথচ বারবার করে ফতোয়া যাচ্ছে যে, উৎপাদন হচ্ছে না। আপনি অবাক হয়ে যাবেন সেখানে মহম্মদ বিন তুঘলকের রাজত্ব চলছে। কল্যাণী স্পিনিং মিলে সরকার ২ কোটি থেকে আড়াই কোটি টাকা লস হলে সাবসিডি দেন অথচ এই ক্যান্টিনের জন্য মাত্র এক লক্ষ কি দেড় লক্ষ টাকা দরকার সেটা পর্যন্ত তাঁরা দিচ্ছেন না। এমনিভাবে তাদের ই এস আই'র টাকা-পয়সা জমা হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুবই সাংঘাতিক ব্যাপার, এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। শ্রমিকরা ওষুধ পাচ্ছে না। ই এস আই'র ডাক্তারদের কাছে গেলে ডাক্তাররা বলেন, তোমার কোম্পানী, তোমার সরকার টাকা জমা দিচ্ছে না সুতরাং তুমি ওষুধ পাবে না, দাওয়াই পাবে না, পথ্য পাবে না। অথচ শ্রমিকরা টাকা জমা দিচ্ছে। এইরকমভাবে একটা অরাজকতা চলছে। তাই সেখানকার শ্রমিকরা অনশন শুরু করেছে এবং কাল থেকে ২নং ইউনিটে শ্রমিকরা আমরণ অনশন শুরু করবে। এখানে বহু মন্ত্রী আছেন তাঁদের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10—2-20 p.m.]

শ্রীঅনন্তকুমার ভারতী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সি এম ডি এ-র চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। এই গরম পড়ার সঙ্গে সঙ্গে কলকাতা শহরে বিশেষ করে আমি যে বেলেঘাটা-মাণিকতলা অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি—সেখানকার জনসাধারণ পানীয় জলের অভাবে ভীষণভাবে কষ্ট পাচ্ছে। সুখের বিষয় সি এম ডি এ-র চেয়ারম্যান এখানে উপস্থিত আছেন—গত বছর ডিপ টিউবওয়েল হয়ে গেছে। আজও ঘর তৈরী হয় নি, ইলেকট্রিফিকেশন হয় নি। সেসব সম্পূর্ণ হয়ে জল পেতে কতদিন লাগবে ভগবান জানেন। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করবো, সনির্বন্ধ অনুরোধ জানাবো—তিনি অবিলম্বে ঐ ডিপ টিউবওয়েল ও অন্যান্য অকেজো টিউবওয়েল চালু করে ঐ অঞ্চলের দরিদ্র বস্তিবাসীদের জলকষ্ট থেকে রক্ষা করুন। আগে সেখানে

লরী করে যে জলের যোগান দেওয়া হতো আজকে সেটা অর্ধাভাবে বন্ধ হয়ে গেছে। অবিলম্বে সরকার থেকে জনসাধারণকে এই অসহ্য জলকষ্টের হাত থেকে বাঁচানোর ব্যবস্থা করা হোক।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সুদীর্ঘ দিনের দাবী এবং কয়েকবার এই বিধানসভায় এই সম্পর্কে বলেছি আজকে আবারও বলতে হচ্ছে। আমাদের মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার সামসেরগঞ্জ, রঘুনাথগঞ্জ থানা আমার কন্সটিটিউয়েন্সি একটা ব্যাপক এলাকা—৫৫টা মৌজা নিয়ে গঠিত—১৮ বর্গমাইল এলাকা ১ লক্ষ ১৫ হাজার লোকের বাস সেখানে। ওখানে ফিডার ক্যানেলের জলের ফলে কৃত্রিম বন্যা সৃষ্টি হয়েছে—এর ফলে এই এলাকার হাজার হাজার লোক এক দুর্বিষহ অবস্থার মধ্যে পড়ে আছে। সেখানে কয়েক লক্ষ টন ফসল উৎপন্ন হতে পারতো, তা হচ্ছে না। ফলে সেখানকার অধিবাসীদের জীবন-যাত্রা নির্বাহ করা বড়ই কঠিন হয়ে পড়েছে। সমস্ত এলাকা জলমগ্ন, কোন জি আর-এর ব্যবস্থা নেই, কোন কমপেন্সেশন দেওয়ার ব্যবস্থা নেই। বারবার এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করেও, অনুরোধ-উপরোধ, আবেদন-নিবেদন করে কোন ফল হচ্ছে না। জানি না আমাদের কোন সরকার আছে কি না আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্তত সে এলাকার মানুষকে অবিলম্বে কমপেন্সেশন দেবার ব্যবস্থা করা হোক ও লোকগুলোকে স্থানান্তরিত করা হোক এবং অবিলম্বে জল নিষ্কাশনের ব্যবস্থা করা হোক—নতুবা মানুষের সঙ্গে গবাদি পশুও মারা যাবে।

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ মাননীয় স্পীকার স্যার, উনি যে ওয়াটার লগিং এরিয়ার কথা বললেন তা আমরা জানি। আমরা এ ব্যাপারে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার সঙ্গে আলাপ-আলোচনা করেছি। তাঁরা আমাদের একটা স্কীম করে দিতে বলেছিলেন। তাও আমরা তাদের করে দিয়েছি। সেখানে কয়েকটি স্লুইস করতে হবে—তার জন্য ব্যয় হবে প্রায় ৪/৫ কোটি টাকা। এ বিষয়ে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার সঙ্গে আমরা আলোচনা করছি। তাঁদের কাছ থেকে প্রয়োজনীয় টাকা পেলে আমরা অবিলম্বে কাজ শুরু করতে পারবো।

শ্রীরবীন্দ্র ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় রিলিফ মিনিষ্টার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—হাওড়ার শ্যামপুর-উলুবেড়িয়া ব্লকে এক ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে, খরায় সমস্ত এলাকার ফসল সব নষ্ট হয়ে গিয়েছে। সেখানে ক্ষেতমজুর, চাষী, গরীব মানুষের কোন কাজ নেই। তারা এখন না খেয়ে মৃত্যুমুখে পতিত হতে চলেছে। এখনো সেখানে স্কীমের কাজ চালু করার ব্যবস্থা হয় নি। অবিলম্বে এই টি আর-এর কাজ চালু না করলে ওখানকার দুঃস্থ গরীব চাষী, ক্ষেতমজুর সবাই না খেয়ে মারা পড়বে। এই সরকার আষাঢ় মাস না হলে টি আর-এর কাজ চালু করেন না। তখন অবশ্য কাজের কাজ কিছু হয় না। এখন সব বেকার হয়ে বসে আছে—এখন রাস্তাঘাট, খালকাটা ইত্যাদির কাজ চলতে পারে এবং এইসব বেকার চাষী, ক্ষেতমজুর, দুঃস্থ মানুষও কাজ করে বাঁচতে পারে। রিলিফমন্ত্রী মহাশয় এমতাবস্থায় চুপ করে বসে থাকলে চলবে না। এর একটা ব্যবস্থা তাকে অবিলম্বে করতেই হবে। রোজই আমরা বলছি—কিন্তু মন্ত্রীরা মাথা নীচু করে বসে থাকেন। কোন কাজ হচ্ছে না। মন্ত্রী মহাশয় বলুন, এখন টি আর-এর কাজ হবে কি না? না বর্ষার পর হবে?

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীরা ৭ ২রা এপ্রিল হইতে এসপ্ল্যানেড ইস্টে বেতনহার সংশোধন ও অন্যান্য কয়েকটি দাবী অনশন করিতেছেন। অশিক্ষক কর্মী সংস্থার পক্ষ থেকে রাজ্য সরকারের নিকট এই ন্যায়সঙ্ দাবীগুলি পূরণের জন্য বহুবার পেশ করা হইয়াছে। দুর্ভাগ্যের বিষয় আর্থিক সঙ্গতির অজুহ দিয়া প্রতিবারই অশিক্ষক কর্মচারীদের ন্যায়সঙ্গত দাবীগুলি উপেক্ষিত ও অবহেলিত হইয়াছে অবশেষে এই অশিক্ষক কর্মচারীরা অনশন ও অবস্থান ধর্মঘট করিতে বাধ্য হইয়াছেন বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর কর্মচারীদের বেতনের হার—২২০ টাকা হইতে ৩৫০ টাক চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বেতনের হার—১৩৫ টাকা হইতে ১৮০ টাকা। বেসরকা কলেজের তৃতীয় শ্রেণীর কর্মচারীদের বেতনের হার—৩৭০ টাকা হইতে ৫৮৫ টাকা। চ শ্রেণীর কর্মচারীদের বেতনের হার ১৯৬ টাকা হইতে ২৮০ টাকা। অথচ বিদ্যালয়ের একজ তৃতীয় শ্রেণীর কর্মচারীকে বিদ্যালয়ের যাবতীয় কাজ অডিট, গ্রাণ্ট-ইন-এইড, হিসাবরক্ষ টাইপ প্রভৃতি গুরুত্বপূর্ণ কাজ ও দায়িত্ব বহন করিতে হয়। কলেজের একজন তৃতীয় শ্রেণ কর্মচারীর দায়িত্ব ও কাজ অপেক্ষা বিদ্যালয়ের একজন করণিকের কাজ ও দায়িত্ব কম নয় কলেজের একজন পিওন যে কাজ করেন, বিদ্যালয়ের একজন পিওনও সেই ধরনের কা করেন। অথচ উভয় শ্রেণীর কর্মচারীদের মধ্যে বেতন হারের একটা আসমান-জমিন ফারাব এই বৈষম্য দূর না করিলে বিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীদের মধ্যে ভীষণ অসন্তোষের সৃ হইবে এবং এর ফলে শিক্ষাক্ষেত্রে চরম সঙ্কট দেখা দিতে পারে। আরও কয়েকটি দা সম্পর্কে রাজ্য সরকারের বিবেচনা করা উচিত। দাবীগুলি হলো :—

(১) বিদ্যালয়ের পরিচালক সমিতির মধ্যে অশিক্ষক প্রতিনিধি গ্রহণ করিতে হইবে।

(২) চতুর্থ শ্রেণীর কমচারীদের শিক্ষাগত যোগ্যতা থাকিলে করণিক পদে উন্নী করিতে হইবে।

(৩) ১৯৭১ সালের পর বিদ্যালয়ে যে-সমস্ত অশিক্ষক কর্মচারী নিযুক্ত হইয়াছে তাহাদে স্বীকৃতি, মহার্ঘভাতা ও এ্যাড-হক টাকা অবিলম্বে ব্যবস্থা করিতে হইবে।

এই দাবীগুলি বিবেচনা করিবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি।

শ্রীভবানীশঙ্কর মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মারফত পৌরমন্ত্রীর একা উদাসীন ভাবের কথা বলতে চাইছি। ওয়েষ্ট বেঙ্গল মিউনিসিপ্যাল এমপ্লইজ ফেডারেশ তাদের আণ্ডারে ৯২টি মিউনিসিপ্যালিটি আছে কলকাতা করপোরেশন এবং হাওড়া মিউনি প্যালিটি বাদ দিয়ে। সেখানে ৩০ হাজার কর্মী কাজ করেন। সেই ৩০ হাজার কর্মী ৭ ১৯৬৫ সালে ফেডারেশনের সঙ্গে একটা এগ্রিমেণ্ট হয়, ফলে ১৯৬৫ সাল থেকে ১৯৭ সাল পর্যন্ত এক্সগ্রাসিয়া পেমেণ্ট পেয়ে আসছিল। হঠাৎ ১৯৭৫ সাল গভর্ণমেণ্টের অর্ড গেলো, এক্সগ্রাসিয়া পেমেণ্ট হবে না, পূজা এ্যাডভান্স হবে। কিন্তু পৌর কর্তৃপক্ষ সকলেই এতে রাজী ছিলেন যে, এক্সগ্রাসিয়া পেমেণ্ট করা হোক। তারপর আর একটা ঘটন কথা বলি। লেবার ডিপার্টমেণ্টের ডেপুটি সেক্রেটারী শ্রীএস এন রায় তিনি তখনকার পৌরম শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ এবং এখনকার ষ্টেট লেবার মিনিষ্টার শ্রীপ্রদীপ ভট্টাচার্যের পরামর্শক্র ওই মিউনিসিপ্যালিটি এবং ফেডারেশন কর্তৃপক্ষগণকে ডাকেন এবং তাঁদের সঙ্গে এগ্রিমে করেন। এগ্রিমেণ্ট কিছু নয়, পে-স্কেল চালু হবে নিশ্চয়, কিন্তু প্রত্যেক মিউনিসিপ্যালি

অবস্থা বুঝে হবে এবং সেই অনুযায়ী রেজলিউশন হল, সই করলেন। কিন্তু দেখা গেলো একটা ক্লজ পারটিকুলার ছিল। প্রত্যেক মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষকে জিজ্ঞাসা করে তারপর পে-স্কেল চালু হবে।

[2-20—2-30 p.m.]

কিন্তু গভর্ণমেণ্ট অর্ডারে সেটা বন্ধ হয়ে গেল। তারা এটা পাবেন কি পাবেন না সেটা জানা গেল না। আজকে কোন কোন জিনিসপত্রের দাম এমন বেড়ে গেছে তা আর বলার নেই। আজকে মানুষ কি করবে? নোটিশ গেল ছয় দফা সম্বন্ধে আমি আর এটা এখানে বলতে চাই না—পে-স্কেলে সবরকম আছে—স্যার, আপনি বুঝে দেখুন গত ২০ তারিখে লেবার কমিশনার ডাকলেন এবং রিপ্রেজেণ্টেটিভ অব দি ওয়েষ্ট ফেডারেশন। তিনি উপস্থিত হলেন। আশ্চর্যের কথা লেবার কমিশনার ডাকলেন পৌরসভার লোক উপস্থিত হলেন একদিন দুদিন ২০-২-৭৭, এবং ১-৪-৭৭ কিন্তু গভর্ণমেণ্টের রিপ্রেজেণ্টেটিভ পৌর প্রশাসন বিভাগের পক্ষ থেকে কেউ উপস্থিত হলেন না। সরকার সম্পূর্ণ উদাসীন হয়ে বসে আছে। এই বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ স্যার, উনি ভুল তথ্য দিচ্ছেন। উনি কিছুই জানেন না।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে আমাদের বাঁকুড়া জেলার বিভিন্ন বিষয়ে হাহাকার আছে। কিন্তু বর্তমানে তন্তুজীবী ও মৎস্যজীবী সম্প্রদায় এবং তার সঙ্গে কুটিরশিল্পে আর্টিজেন সম্প্রদায়ের লোক ভীষণ বিপন্ন বোধ করছে। যদিও আমরা কিছু টি আর স্কীমের মাধ্যমে দিন-মজুর ও ক্ষেতমজুরদের নিয়োগ করতে পেরেছি। কিন্তু মধ্যবিত্ত ঝুাশ তন্তুজীবী, কর্মকার, কুম্ভকার, মৎস্যজীবীরা খুব বিপন্ন অবস্থায় গিয়ে পৌঁছেছে। তাদের বাড়ীতে বাড়ীতে হাহাকার দেখা দিয়েছে, অনাহার যেন তাদের সম্বল হয়ে পড়েছে। স্যার, আপনি জানেন বাঁকুড়ায় কোন পুকুরে জল নেই। আজকে মৎস্যজীবীরা কি অবস্থায় এসেছে তা আপনি ভালভাবেই উপলব্ধি করছেন। তাদের রোজগার আজ বন্ধ হয়ে গেছে। ত্রাণমন্ত্রী এখানে নেই। তাঁকে আমি বলবো যদি এইসব সমাজকে বাঁচাতে হয় তাহলে অবিলম্বে সেখানে খয়রাতি সাহায্য দেওয়া দরকার বলে মনে করি। এই তন্তুজীবীদের বিভিন্নভাবে সরকার থেকে লোন দেবার ব্যবস্থা আপনারা করেছেন। কিন্তু তাদের উৎপন্ন সামগ্রী বিক্রি করবার বাজার নেই, মার্কেটিংয়ের কোন ব্যবস্থা নেই, ত্রাণ-দপ্তর থেকে কোটি কোটি টাকা বিভিন্ন শাড়ী, ধুতি ও অন্যান্য সামগ্রী কেনা হয়—কিন্তু সেটা বাইরে থেকে কেনা হয়, টাকাটা বাইরে চলে যায়। আজকে ত্রাণদপ্তর যদি এদের থেকে কাপড় কেনবার ব্যবস্থা করতেন তাহলে এই সমস্যা দেখা দিতো না। আমি অবিলম্বে এ-বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবার জন্য সরকারকে অনুরোধ জানাচ্ছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি এখানে আমাদের যে মন্ত্রী মহাশয় রয়েছেন শ্রীভোলানাথ সেন পূর্তমন্ত্রী মহাশয় এবং শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডকে সরকারী তরফ থেকে ভেঙে সিদ্ধান্ত নেবার জন্য এগিয়ে চলেছেন। আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আমি নিজে এই স্কুল বোর্ডের ভাইস চেয়ারম্যান হিসাবে কাজ করে আসছিলাম।

আগে যে বোর্ড ছিল সে সম্বন্ধে সুনীল ঘোষমৌলিক মহাশয় এবং আমাদের এগ্রিকালচারাল মিনিষ্টার মহাশয় বহু অভিযোগ উত্থাপন করেছিলেন।

এবং তাঁরা চেয়েছিলেন এর বিরুদ্ধে এ্যাণ্টি-করাপশন বসানো হোক। তদানীন্তন সময়ে সেই বোর্ডে যে-সমস্ত সদস্য ছিলেন শিক্ষামন্ত্রী সেই সমস্ত সদস্যদের বিশ্বাস স্থাপন করতে পারেন নি। আজকে আবার শুনছি তিনি নাকি নতুন বোর্ড তৈরী করতে চলেছেন। সরকারী নিয়ম আছে, সরকারী বিধান আছে ৬ জন এম এল এ, আর বাকি নন-এম এল এ নিয়ে হবে। ৬ জন এম এল এ নেওয়া হচ্ছে আবার পারশনস ইণ্টারেষ্টেড ইন এডুকেশন এম এল এদের ৩ জন লোককে নেবার ব্যবস্থা হতে চলেছে—এই কথা সত্য কিনা জানি না। স্কুল বোর্ড ভাঙতে গেলেন—দীর্ঘদিন ধরে সেই বোর্ড কাজ করতে পারছিলেন না বলে তিনি এই বোর্ড করেছিলেন।

১৯৭৩ সাল থেকে এই বোর্ড স্কুল করতে পারছিলেন না, এ্যাপয়েণ্টমেণ্ট দিতে পারছিলেন না, একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছিল, শিক্ষামন্ত্রী তদানীন্তন সময়ে বোর্ড ভেঙে এই বোর্ড করেছেন। বোর্ড ভেঙে দেবার তার ক্ষমতা আছে, নতুন বোর্ড তৈরী করতে পারেন। এখানে এগ্রিকালচার মিনিষ্টার আছেন, তাঁর মতামত নেওয়া হয়েছে কি? বর্তমান শিক্ষা বোর্ডের বিরুদ্ধে করাপশান পেয়েছেন। শুনছি নাকি একা এম এল এ আগেকার বোর্ডের সহ-সভাপতি মহম্মদ সোহরাব আলির নেতৃত্বে এই বোর্ড গঠিত হতে চলেছে, আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি নট বিকজ আমি এর ভাইস চেয়ারম্যান আছি বলে—অতীত দিনে যাঁদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ছিল আজকে তাঁদের নিয়ে এই বোর্ড তৈরী হতে চলেছে। মুর্শিদাবাদের লোক এটা ক্ষমা করবে কিনা ভেবে দেখতে হবে। আর একটি কথা ৩৪ মাইল রাস্তার ব্যাপার—আমাদের প্রত্যেক বিধান-সভার সদস্যের এলাকায় একটি করে পাকা রাস্তা করে দেবেন বলে পূর্তমন্ত্রী মহাশয় প্রতিশ্রুতিবদ্ধ—এই অভিপ্রায় তিনি এই হাউসে ব্যক্তও করেছেন। কাজেই যে-সমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেগুলি গ্রহণ করা হোক। যে-সমস্ত রাস্তা করে দেবার প্রতিশ্রুতি ছিল সেগুলি করে দিয়ে তিনি প্রতিশ্রুতি রক্ষা করুন তা না হলে পশ্চিমবাংলার মানুষ কোনদিন ক্ষমা করবে না, ইতিহাস কোনদিন ক্ষমা করে না—এই হুঁশিয়ার আমি দিয়ে গেলাম।

শ্রীসুধীর বেরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২রা এপ্রিল শহীদ মিনার ময়দানের জনসভায় সাংবাদিকদের উপর যেভাবে আক্রমণ চলেছে—তারা যেভাবে নিগৃহীত হয়েছে তার তীব্র নিন্দা করে আমি এখানে আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ইতিহাস যদি পর্যালোচনা করে দেখি তাহলে দেখব শাসক যাঁরা ক্ষমতায় মদমত্ত তারা যে চিরকাল ফ্রি রাইটিং, ফ্রি আইডিয়াস খবরের কাগজকে বরদাস্ত করেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুশো, ভলেটেয়ারের লেখায় বস্তিলির পতন ঘটেছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হ্যারিয়েট বিচার ষ্টো আঙ্কেল টমস্ কেবিন লেখার পর আমেরিকায় সিভিল ওয়ার হয়েছিল। আমার বক্তব্য হচ্ছে কোন শাসকই পৃথিবীতে আজ পর্যন্ত স্বাধীন মতামত চাপা দিয়ে রাখতে পারেনি, বৃটিশ গভর্ণমেণ্টও চেষ্টা করেছিল, বহুদিন ধরে বহু বই ব্যান করেছিল। মানুষের স্বাধীন চিন্তা, স্বাধীনতা লাগাম দিয়ে বৃটিশ বেঁধে রাখতে পারেনি। আজকে আমরা কি দেখছি? গত শনিবার, আমাদের দেশের যারা শাসনভারে আছেন সেই কংগ্রেস দল, ময়দানের সভায় পর্লামেণ্টের বিরোধী দলের নেতাও হাজির ছিলেন, মুখ্যমন্ত্রী হাজির ছিলেন, বহু মন্ত্রী হাজির ছিলেন—সেইখানে সাংবাদিকদের ক্যামেরা ধরে টানাটানি করা হয়েছে, তাঁদের স্বাধীনভাবে আচরণ করতে দেওয়া হয়নি। মাননীয়

অধ্যক্ষ মহাশয়, রবীন্দ্রনাথ বলেছেন অবোধ যদি নিজেকে অবোধ বলে তাহলে বোধহয় জগতে, অবোধ থাকত না। আমিও সাংবাদিক ছিলাম---খবরের কাগজের স্বাধীনতার বিরুদ্ধে এই যে আক্রমণ তার নিন্দা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সাবধানবাণী উচ্চারণ করছি মানুষের স্বাধীনতা যে খবরের কাগজের মাধ্যমে প্রকাশিত হয়েছে তাকে বন্ধ করবার ক্ষমতা কোন সরকারের হয়নি, হবে না।

[2-30—2-40 p.m.]

আমি জীবিকাসূত্রে সাংবাদিক ছিলাম এবং আছি এবং সেইজন্য এই শাসকদল ও এই মন্ত্রিসভার প্রতি সাবধানবাণী উচ্চারণ করে বলছি যে, আপনাদের সম্বন্ধে অনেক কিছু আমরা জানি। আজ আপনারা মন্ত্রী হয়ে বসে আছেন এবং আপনাদের বাইরেটা ঢাকা আছে, সেই ঢাকা যদি আমরা খুলে দিয়ে সমস্ত সত্য ফাঁস করে দিই তাহলে আপনাদের অনেক মন্ত্রীকেই বিচারাধীন হতে হবে এবং অনেক মন্ত্রীকেই জেলখানায় যেতে হবে। একথা আজ আমি চ্যালেঞ্জ করে বলছি। আমরা, সাংবাদিকরা, সেই সমস্ত তথ্যগুলি যদি আজ জনসমক্ষে প্রকাশ করি তাহলে আপনাদের এই আস্ফালন আর থাকবে না। আমি স্যার, আবার বলছি, 'স্মৃতিভ্রংশাৎ বুদ্ধিনাশে বুদ্ধিনাশাৎ প্রণেস্যতি।' যাদের স্মৃতিভ্রংশ হয় তাদের বুদ্ধিনাশ হবে এবং বুদ্ধিনাশ থেকে তাদের বিনাশ অবশ্যম্ভাবী গীতায় তাই বলেছে। আমি সেই কথা স্মরণ করিয়ে দিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২রা এপ্রিলের ঘটনা নিয়ে এখানে একটি মুলতবি প্রস্তাব আনার চেষ্টা হয়েছিল একটু আগে সেটা আমরা দেখলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা খুবই সত্য যে, কংগ্রেস দলের ঐতিহ্য এবং কংগ্রেসের গণতান্ত্রিক ইতিহাসকে সামনে রেখে আমরা যারা পথ চলি তাদের সংবাদপত্রের স্বাধীনতাকে মাথায় তুলে চলা উচিত। সংবাদপত্রকে সম্মান জানানো আমাদের আবশ্যিক কর্তব্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমরা জানি যে, লেখনী---মসী অসির থেকে অনেক ক্ষমতাশালী। আমরা জানি, তরবারি দিয়ে আলেক-জাণ্ডার ভারত জয় করতে পারেন নি, পৃথিবী জয় করতে পারেন নি কিন্তু মার্লো, সেক্সপিয়ার, রবীন্দ্রনাথ বিশ্বজয় করেছিলেন লেখনী দিয়ে। স্যার, একথা আমরা ভুলি না যে, ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত 'পালাবদলের পালা', 'রূপদর্শীর সংবাদভাষ্য' ফ্যাসিবাদের বিরুদ্ধে চূড়ান্ত অভিযান চালিয়েছিল এবং ১৯৭২ সালে পালাবদল ঘটেছিল---একথা আমরা শ্রদ্ধার সঙ্গে স্বীকার করি। আমরা শ্রদ্ধার সঙ্গে স্বীকার করি প্রতি মানুষের গণতান্ত্রিক অধিকার জন্মগত অধিকার, সংবিধান প্রদত্ত অধিকার। এই পবিত্র অধিকার রক্ষার জন্য আমরা সকলে শ্রদ্ধার সঙ্গে এগিয়ে আসবো। আমরা যারা কংগ্রেসী, তিন নং কংগ্রেস পার্টি---আমাদের বৈমাত্রেয় ভাইদের সঙ্গে আমরা সে বিষয়ে একমত। দ্বিতীয় প্রশ্ন মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণতান্ত্রিক অধিকারকে আলাদা করে ধরা যায় না। বিহারের পাটনায় যখন সর্বাত্মক বিপ্লব শুরু হয়েছিল, সার্চলাইট পত্রিকাকে আগুনে ভস্মীভূত করা হয়েছিল সে কথা আমরা জানি। আমরা জানি ১৯৩১ সালের কথা যেদিন নেতাজী এগিয়ে গিয়েছিলেন পত্রিকা অফিস পোড়াতে। স্যার, সংবাদপত্র কিনে নিয়ে গিয়ে কোন মানুষ ব্যক্তিগতভাবে যদি তাতে অগ্নিসংযোগ করেন বা ছিঁড়ে ফেলেন তাহলে মনের দিক থেকে আমি তার সঙ্গে একমত নই কিন্তু সেখানে যদি গোটা দল এবং সরকারকে জড়িয়ে দেবার চেষ্টা করা হয় তাহলে সেটাকে ষড়যন্ত্র বলে সন্দেহ করতে দোষটা

কোথায় ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস দলে বৈচিত্র্য আছে, বৈশিষ্ট্য আছে, আমাদের ইউনিটি আছে ভ্যারাইটির মধ্যে দিয়ে। আমাদের একই রক্ত প্রবাহিত—আমরা এক নং কংগ্রেস পার্টি আর তিন নং কংগ্রেস পার্টির একই রক্ত বহে চলেছে। কাজেই ওরা যেটা চেষ্টা করছেন, বাজিমাৎ করতে চাইছেন, ফায়দা তুলতে চাইছেন, আনন্দবাজার পত্রিকাকে লাইন করে রাজনীতি করবার চেষ্টা করছেন------(নয়েজ)

স্যার, আনন্দবাজার পত্রিকার ঐতিহ্য, সম্মান রক্ষা করার দায়িত্ব শুধু ওদের নয়, আমাদেরও আছে। আনন্দবাজার পত্রিকার কাছে আমার আবেদন, আপনাদের সেরা সাংবাদিকদের সম্মান আপনাদের পত্রিকার ঐতিহ্য --------(নয়েজ)

কারণ বিধানসভার সদস্য মৃগেন মুখার্জী ব্যক্তিগতভাবে রাস্তায় যদি কোন অপরাধ করেন তাহলে তার জন্য দায়ী নয় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী কিংবা কংগ্রেস সভাপতি। পশ্চিমবঙ্গের কংগ্রেসের পার্লামেণ্টারী পার্টির সেক্রেটারী তার জন্য দায়ী হতে পারে না। কেউ ব্যক্তিগতভাবে কোন কাজ করলে, খবরের কাগজ কিনে, কেউ যদি ছিঁড়ে ফেলে দেন, কেউ যদি খবরের কাগজ ছিনতাই করেন সেটা তার ব্যক্তিগত ব্যাপার। তার ব্যক্তিস্বাধীনতায় আমরা হস্তক্ষেপ করতে পারি না। কিন্তু রাজনৈতিক স্বাধীনতা নিয়ে, এই মহান সংবাদপত্রের মহান ঐতিহ্যের কাছে আবেদন জানাই যে সংবাদপত্রের নিরপেক্ষতা নিয়ে যে ফ্যাসিবাদের বিরুদ্ধে গৌরকিশোর ঘোষ মহাশয়, বরুণ সেনগুপ্ত মহাশয় যে গোচ্চার হয়েছিলেন এককালে, সেই সম্মান এবং ঐতিহ্যকে সামনে রেখে তাঁরা যেন এগিয়ে চলেন। আমরা আশা করবো লাইন করার মনোবৃত্তির কাছে আনন্দবাজার পত্রিকা নতিস্বীকার করেন না, ঘৃণা করেন। আমরা কি করি, তার শাসন করবেন পরের দিন কাগজে। কিন্তু আমরা চাই না এটা নিয়ে রাজনীতি হোক, ফায়দা হোক। এমনভাবে সস্তায় রাজনীতি হয় না, এই রাজনীতি টেঁকে না। অধ্যক্ষ মহাশয়, সুবিধাবাদ দিয়ে যে রাজনীতি তৈরী, দল ভাঙিয়ে যাঁরা রাজনীতি করেন, তাঁরা এই রাস্তায় চলেন, আমরা এই রাজনীতি করি না।

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মৃগেনবাবু যা বললেন আমি তার উপর একটা কথা বলতে চাই।

মিঃ স্পীকার ঃ এতে কোন বক্তব্য রাখা যায় না।

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ স্যার, ঐ প্রশ্নের উত্তর দিতে চাই না। মৃগেনবাবু একটা কথা বলেছেন, আমি শুধু তার উত্তর দিতে চাই। উনি বলেছেন যে একই রক্তে প্রবাহিত। দয়া করে মৃগেনবাবু জেনে রাখুন, উনি যে রক্তে প্রবাহিত, আমাদের সঙ্গে তার কোন সম্পর্ক নেই। দ্বিতীয়ত, একই রক্ত প্রবাহিত তিনটি জায়গায় হয়নি। মৃগেনবাবুর মধ্যে যে রক্ত আছে সেই রক্ত আমাদের মধ্যে—যাক এটা বাঞ্ছনীয় নয়। এবং সেইরকম রক্তের সংমিশ্রণ যেন কোন লোকের না হয়। আমাদের সঙ্গে সেটা সম্পর্ক।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলিনি যে রক্তের সংমিশ্রণ আমরা। বাবুজীর গণতন্ত্রী কংগ্রেসের কথা, তা থেকে তাঁরা এসেছেন, কংগ্রেসের শাখা থেকে তাঁরা এসেছেন। সেইজন্য বলেছি রক্তের মিশ্রণ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মধ্যে এমন লোক

আছেন, যাঁরা রাজনীতি শুরু করেছিলেন বামপন্থী থেকে, পরে আর সি পি আই হয়েছিলেন, তারপর আবার কংগ্রেস হয়েছেন, তারপর গণতন্ত্রী কংগ্রেস হয়েছেন, ঐ রক্ত আমাদের নয়, আমি বাবুজী জগজীবন রামের রক্তের কথা বলেছি, কংগ্রেসী রক্ত। সেইজন্যই এই কথা বলেছি। ওর কথা বলিনি।

শ্রীসামসুদ্দিন আহমেদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনি জানেন, যে গঙ্গার ভাঙনের ফলে ছোট ছোট কৃষকের জমি জলে চলে যায় আবার সেটা পরে জমি হয়, বালি হয়। এখানে রাজস্বমন্ত্রী উপস্থিত আছেন—ছোট ছোট কৃষকরা বর্তমানে এক সমস্যার সম্মুখীন হয়েছে, সেটা হচ্ছে এই জমিগুলো জল থেকে উঠে বালি হয়েছে, জমি হয়েছে। আগে নিয়ম ছিল, জমিদার আমলে, সেই জমি আবার জল থেকে ফিরে পেলে চার বছরের খাজনা দিয়ে রেকর্ড করাতে হ'ত, নতুন নিয়মে এখন তাদের কাছে বলা হচ্ছে যে আগাগোড়া খাজনা না দিলে, অর্থাৎ ১০/১৫/১৮ বছর পরে যে জমিগুলো বালি হয়েছে, সেই বালি জমির আগাগোড়া খাজনা কৃষকরা না দিলে সেই জমি ভেস্ট হয়ে যাবে। এই যে সমস্যা, ছোট ছোট কৃষকের জমি দু' বিঘা, চার বিঘা, যেটা বছরের পর বছর জলের তলায় ছিল, সেটা জল থেকে উঠে বালি হয়েছে, সেই জমিতে যাওয়ার সময় কৃষকদের বলা হচ্ছে আগাগোড়া খাজনা না দিলে সেই জমি ভেস্ট হয়ে যাবে। সুতরাং আপনার মাধ্যমে রাজস্বমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি, এই বিষয়ে দৃষ্টি দিয়ে ছোট ছোট কৃষকদের রক্ষা করুন, এই সমস্যা মুর্শিদাবাদ, নদীয়া, মালদহ সর্বত্র আছে। রাজস্বমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, এই বিষয়ে কিছু আলোকপাত করার জন্য তাঁর কাছে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

শ্রীশীষ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বক্তব্যের সমর্থনে বলছি, এইরকম অবস্থায় যদি সরকার ভেস্ট করে নেয়, তাহলে তারা আবার ভূমিহীনে পরিণত হবে।

[2-40—2-50 p.m.]

তাই আপনার মাধ্যমে অনুরোধ করছি যে, যে-সমস্ত জমি নদীগর্ভে চলে গেছে এবং ক্রমান্বয়ে চর এলাকায় পরিণত হচ্ছে সেগুলির খাজনা মকুব করে দিয়ে তাদের নামে যাতে থাকে তার ব্যবস্থা করুন। অর্থাৎ নামার পূর্বে যাদের ছিল তাদেরকে রাখুন। নতুন করে আর ভূমিহীন সৃষ্টি করে লাভ নেই।

শ্রীহবিবুর রহমান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এখানে আছেন, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে একটা আবেদন রাখতে চাই। বর্তমান নিয়মানুসারে প্রাথমিক বিদ্যালয়গুলির কর্মীদের টিফিনের সময় নির্ধারিত আছে ১টা ৩০ মিনিট থেকে ২টা পর্যন্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, পশ্চিমবাংলার বহু মুসলমান শিক্ষক, অশিক্ষক কর্মী কার্যরত আছেন। তাঁদের প্রতি শুক্রবার ১২টা থেকে ১টার মধ্যে জুম্মার নামাজ সম্পাদন করতে হয়। এই যে নিয়ম চালু আছে, ১টা ৩০মিঃ থেকে ২টার মধ্যে যে টিফিনের সময় নির্ধারিত আছে, এই নিয়ম থাকার জন্য মুসলমান শিক্ষক এবং অশিক্ষক কর্মী এবং ছাত্রদের জুম্মার নামাজ পড়তে যাওয়া অসুবিধা হচ্ছে। এদের এতদিন পর্যন্ত স্থানীয় কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে জুম্মার নামাজ পড়তে যেতে হত। বর্তমানে স্কুল পরিদর্শকগণ স্কুল পরিদর্শন করে গেছেন। তাঁরা ১২টা থেকে ১টার মধ্যে শিক্ষকগণের

অনুপস্থিতি দেখে আপত্তি করেছেন। ফলে বহু শিক্ষক তাঁদের চাকুরীর নিরাপত্তার জন্য তাঁর নামাজ পড়তে যাচ্ছেন না এটা অত্যন্ত দুঃখ ও বেদনাদায়ক ব্যাপার। আমি আপনার মাধ্যে সরকারের দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই যে এই মুসলমান শিক্ষক অশিক্ষক কর্মীর এবং ছাত্ররা যাতে নিয়মিত শুক্রবার জুম্মার নামাজ করতে পারেন তার জন্য যথোপযুক্ত ব্যবস্থ গ্রহণ করেন এবং এই সঙ্গে আপনার মাধ্যমে কর্তৃপক্ষকে অনুরোধ করছি তাঁরা যেন সার পশ্চিমবাংলাতে একটা নির্দেশ জারী করেন যাতে শুক্রবার ১২টা ১৫ মিনিট থেকে ১টা ১৫ মিনি পর্যন্ত টিফিন আওয়ারস নির্ধারিত হয় সেজন্য আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ে কাছে অনুরোধ করছি। এখানে অনেক সময় দেখেছি যে পরীক্ষাগুলি হয় সেটাও শুক্রবার বেল ১০টা থেকে আরম্ভ হয়। কাজেই যখন কর্তৃপক্ষ পরীক্ষার কর্মসূচী গ্রহণ করেন তখন এটা তাদে লক্ষ্য রাখা উচিত এবং যাতে শুক্রবার বেলা একটা পর্যন্ত কোন পরীক্ষা না হয় তার জন আপনার মাধ্যমে এই আবেদন মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে রাখছি এবং আশা করছি তিনি এই সম্পর্কে একটু আলোকপাত করবেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্নটা রেখেছেন সে সম্পর্কে এডুকেশন মিনিষ্টারকে কিছু বলতে বলুন। স্যার, আপনি এখানে আমাদের রক্ষক। আপনার কাছে প্রোটেকশন চাইবো। কাজেই মিনিষ্টার যখন আছেন তখন তিনি বলতে পারেন।

মিঃ স্পীকার ঃ এখানে একাধিক প্রশ্ন রাখা হয় এবং মাননীয় মন্ত্রী মহাশয়রা সব শুনছেন। তাঁরা যেটা উত্তর দেবার প্রয়োজন মনে করেন দেন। আমাকে যদি রুলস এ্যামেণ্ড করে পাওয়ার দিয়ে দেন যে আমি ইচ্ছা করলে বাধ্য করতে পারবো---রুলস এ্যামেণ্ড করে পাওয়ার দেন তাহলে আমি এটা করতে পারবো।

Motion under Rule 185

Shri Sukumar Bandyopadhyay : Sir, I beg to move that—whereas the economic trend of the country reveals that inflation has been contained and economic buoyancy restored : This House urges upon the Government of India to repeal the Additional Emoluments (Compulsory Deposit) Amendment Act, 1976 (Act No. 74 of 1976) with immediate effect.

স্যার, আমাদের ভারতবর্ষ যেমন বহু প্রাতঃস্মরণীয় মহাপুরুষের ত্যাগে সমৃদ্ধ হয়েছে তেমনি সেই সমস্ত মহাপুরুষদের সঙ্গে ভারতবর্ষের লক্ষ লক্ষ মানুষ সমভাবে দুঃখ-কষ্ট বরণ করেছেন। তাঁদের জীবনের কোন ইতিহাস লেখা হয়নি বা হবে না। কিন্তু এটা সব সময় প্রমাণিত যে দেশের শক্তি দেশের কোটি কোটি মানুষের অন্তরের মধ্যে আছে এবং তাঁদের সম্মিলিত আত্মদানের মধ্য দিয়েই দেশ এগিয়ে চলেছে। দেশ স্বাধীন হবার পর দেশের মধ্যে যখন সঙ্কট এসেছে তখন দেশের কোটি কোটি মানুষ দেশকে রক্ষা করার জন্য জীবন দান ও আর্থিক ত্যাগ স্বীকার করেছেন এবং তাঁরা প্রমাণ করেছেন দেশের যে-সমস্ত নেতৃবৃন্দ আছেন তাঁরা কোন অংশে কম নন, বরং অনেক বেশী ত্যাগ তাঁরা করতে পারেন। আমরা দেখেছি পাকিস্তান ও বাংলাদেশের যুদ্ধের সময় দেশের কোটি কোটি মানুষ কাশ্মীরের পার্বত্য অঞ্চল থেকে কন্যাকুমারিকা পর্যন্ত যাঁরা বসবাস করেন, আসাম থেকে গুজরাট পর্যন্ত এই বিস্তীর্ণ

এলাকায় যাঁরা বসবাস করেন তাঁরা কিভাবে সাবিক ত্যাগ স্বীকার করেছেন, এই উপমহাদেশে যাঁরা এইরকম ত্যাগ নানাভাবে করেছেন তাঁদের কথা ইতিহাসে লেখা হয়নি বা হবে না। কিন্তু আমরা এটা জানি যে সেই কোটি কোটি মানুষের ত্যাগের পরিমাপ করা সম্ভব নয়। আমরা দেখছি দেশ যখন মুদ্রাস্ফীতির করাল গ্রাসে পড়ল এবং দেশের মানুষকে তখন ত্যাগের আহ্বান জানানো হল এবং দেশের হয়ে লক্ষ লক্ষ শ্রমজীবী মানুষের কাছে আইনের মাধ্যমে আবেদন জানানো হল ত্যাগ স্বীকার কর তখন কেউ আর পিছিয়ে থাকল না। আজ আমি এই প্রস্তাব এজন্য করলাম দেশের মুদ্রাস্ফীতির যে দারুণ প্রকোপ তাকে খানিকটা প্রশমিত করার ব্যাপারে দেশের লক্ষ লক্ষ শ্রমজীবী মানুষের যে অবদান আছে তাকে স্বীকৃতি দেবার জন্য। ১৯৭৪ সালের ৬ই জুলাই একটা কেন্দ্রীয় আইন করে ঘোষণা করা হয় যে সমস্ত শ্রমজীবী মানুষের যে বেতন বৃদ্ধি হবে তার শতকরা ৫০ ভাগ এবং বর্ধিত হারে মহার্ঘভাতা বৃদ্ধি হবে তার শতকরা ৫০ ভাগ বাধ্যতামূলকভাবে সরকারী কোষাগারে আবশ্যিক সঞ্চয় প্রকল্পে জমা রাখতে হবে।

[2-50—3-00 p.m.]

আইন দিয়ে বলা হল বর্ধিত বেতন জমা রাখতে হবে ১ বছরের জন্য এবং মহার্ঘভাতা জমা রাখতে হবে ২ বছরের জন্য। তারপরেও এই আইনকে সংশোধন করা হল ১৯৭৬ সালে এবং মহার্ঘভাতার ৫০ ভাগ জমা দেওয়ার যে আইন এর মেয়াদ শেষ হয়ে গিয়েছিল সেই আইনকে নতুন করে রূপ দেওয়া হল, আরও ১ বছর শ্রমিকদের মহার্ঘভাতা সরকারী রাজকোষে জমা রাখতে হবে। স্যার, এই আইনের মেয়াদ শেষ হচ্ছে ৫ই জুলাই ১৯৭৭ সালে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বললে নিশ্চয়ই অপ্রাসঙ্গিক হবে না যে কেবলমাত্র পশ্চিমবঙ্গে এই বাধ্যতামূলক জমা প্রকল্পে প্রায় ১৯ লক্ষ ১৭ হাজার শ্রমজীবী মানুষ তাদের বর্ধিত বেতন এবং বর্ধিত মহার্ঘভাতার শতকরা ৫০ ভাগ জমা রাখতে বাধ্য হয়েছিল। এর মধ্যে ৮ লক্ষ ৩৯ হাজার শ্রমিক ছিল ইঞ্জিনিয়ারিং শিল্পে, ১ লক্ষ ৩৫ হাজার ছিল কয়লাখনিতে, ২ লক্ষ ৯৬ হাজার ছিল চা-বাগিচায়, ২ লক্ষ ২০ হাজার কর্মচারী রাজ্য সরকারের সঙ্গে সম্পর্কিত এবং ৪ লক্ষ ২৭ হাজার শ্রমিক ছিল কেন্দ্রীয় সরকারী কর্মচারীরূপে পরিচিত। অতএব আজকে আমরা তাই বিধানসভায় দাবি করছি যখন আমরা এটা উপলব্ধি করতে পারছি যে মুদ্রাস্ফীতি রোধ করা সম্ভব হয়েছে, তার যে করাল গতি তাকে নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে বলে সরকার দাবী করছেন তখন সেই দাবি অনুযায়ী সরকারী-বেসরকারী যে-সমস্ত শ্রমজীবী মানুষ আছেন তাঁদের সকলকে বাধ্যতামূলক জমা প্রকল্পের যে কর্মসূচী সেই কর্মসূচী থেকে অব্যাহতি দেওয়া হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনে আমরা দেখেছিলাম এই টাকা ফেরত দেওয়ার কথা সরকার ঘোষণা করেছিলেন এবং বলা হয়েছিল ফেরত দেওয়ার সময় শতকরা ১২॥ পার্সেন্ট হারে সুদ দেওয়া হবে। সেই ঘোষণায় সরকার বলেছিলেন ৫টা কিস্তিতে এই টাকা পরিশোধ করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে দুঃখের সঙ্গে নিবেদন করছি যে যদিও কিছু কিছু শিল্পে এবং অন্যান্য জায়গায় কর্মচারীরা এবং শ্রমজীবীরা তাঁদের বাধ্যতামূলকভাবে সঞ্চিত টাকার কিছু অংশ ফেরত পেয়েছেন, কিন্তু অনেক জায়গায় এই টাকা ফেরত পাওয়ার ব্যাপারে শ্রমিকদের নাকের জলে চোখের জলে হতে হয়েছে, তাঁরা কখনও প্রভিডেন্ট ফাণ্ড কমিশনারের কাছে, কখনও মালিকের কাছে, কখনও সহকারী শ্রম কমিশনারের দপ্তরে বিভিন্ন জায়গায় ছুটোছুটি করতে বাধ্য হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই আপনার মাধ্যমে অনুরোধ রাখছি যে এই বাধ্যতামূলক যে সঞ্চয়

প্রকল্প সেই সঞ্চয় প্রকল্প বাতিল করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি রাখা হোক এবং সঙ্গে সঙ্গে যে টাকা শ্রমিক-কর্মচারীরা পাবে সেই টাকা যাতে আগামী ১ মাসের মধ্যে তাদের ফেরত দেওয়া হয় সেই দাবিও আমরা কেন্দ্রীয় সরকারের কাছে রাখব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা খুব পরিষ্কার করে বলতে চাই সংসদ কিংবা রাজ্য বিধানসভাগুলি আইন প্রণয়ন করেন। কিন্তু স্যার, ভারতবর্ষে এমন একটা অবস্থা সৃষ্টি হয়েছিল কিছুদিন আগে যে সাধারণ মানুষের এবং শ্রমজীবী মানুষের যে কি পরিমাণ দুঃখ-কষ্ট হচ্ছে এই বাধ্যতামূলক সঞ্চয় প্রকল্পে তার খতিয়ান খুব ভাল করে নিরূপিত হয়নি। আমাদের দেশকে রক্ষা করার দায়িত্ব দিলাম শ্রমজীবী মানুষের উপর, তাদের ঘাড়ে চাপিয়ে দিলাম বাধ্যতামূলক সঞ্চয় প্রকল্প, বোনাস কেটে দিলাম, তার ফলে তাদের যে অধিকার দেওয়া হয়েছিল শ্রমজীবী মানুষদের সেই অধিকারের উপর হাত দিলাম। অথচ স্যার, এই সময়ের মধ্যে যেখানে যেখানে এই আইন বলবৎ হয়েছে সেখানে হাজার হাজার শ্রমিক ছাঁটাই হয়েছে, তারা কোন প্রতিবাদ করেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোনাস প্রসঙ্গে আরেকটা মোশান আছে সে সম্পর্কে পরে আলোচনা হবে, আমি এখানে আরেকটা কথা বলতে চাই যে মালিকপক্ষ কিভাবে এই আইনের সুযোগ নিয়েছেন, উত্তরবঙ্গে একটা চা-বাগানে হাসিমারা টি-এস্টেট সেখানে শ্রমিকদের যাতে বোনাস দিতে না হয়, এ্যালোকেবল সারপ্লাস যাতে না হয় তার গোবর কেনার জন্য মালিকপক্ষ ৫ লক্ষ টাকা দেখিয়েছেন অর্থাৎ শ্রমজীবী মানুষদের বিরুদ্ধে চক্রান্ত করে তাদের অধিকারকে নস্যাৎ করবার জন্য বিগত কয়েক বছর ধরে চেষ্টা হয়েছে। মালিকপক্ষ সিংহভাগ পেয়েছেন। আমরা আইন তৈরী করলাম, শ্রমজীবী মানুষদের অধিক কাজ করতে বললাম—আমরা বিধানসভার বা লোকসভার সভ্য হলাম কিম্বা মন্ত্রী হলাম অথচ দুঃখ যাঁরা পাচ্ছেন, কষ্ট যাঁরা পাচ্ছেন তাঁরা দেশের কোটি কোটি মানুষ। তাই আজকে এই প্রস্তাব এখানে উপস্থিত করছি এবং আশা করছি সকল সদস্য এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গ্রহণ করবেন। আজকে বাধ্যতামূলক সঞ্চয় প্রকল্প এই আইনটা যাতে বাতিল হয়ে যায় তার জন্য সকলে মিলে চেষ্টা করা হবে। এই কয়টি কথা বলে এই প্রস্তাব আমি বিধানসভার সামনে রাখছি।

শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব এখানে এসেছে তা আমি সমর্থন করি। এই প্রস্তাবে যেটা বলা হয়েছে

where the economic trend of the country reveals that inflation has been contained and economic buoyancy restored

ঠিক এই ব্যাপারটা সম্বন্ধে আমি একমত নই। কারণ ইনফ্লেশন চেক করার নামে সি ডি এস স্কীম চালু করা হয়েছিল কিন্তু তাতে ইনফ্লেশন চেক হয়নি, কারণ একটি ভুল অর্থনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে এটি করা হয়েছিল যে শ্রমিকদের কাছে বেশী পয়সা গেলে শ্রমিকরা বেশী জিনিস কিনবে, তাতে ইনফ্লেশন বাড়বে। এই দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমরা একমত নই। আমরা মনে করি দেশের মানুষের যদি বাইং ক্যাপাসিটি বাড়ে তাহলে দেশের শিল্পের বিকাশ হবে, দেশ ইণ্ডাস্ট্রিয়ালাইজেশন হয়। কিন্তু এটা ঠিক উল্টো এণ্ড থেকে আরম্ভ করা হয়েছে যে গরীব লোকেদের ঘরে বেশী পয়সা গেলে ইনফ্লেশন বাড়ে। বড়লোকদের ঘরে যে লক্ষ লক্ষ টাকা ব্লাকমানি রয়েছে সেটাই যে ইনফ্লেশনের প্রধান কারণ সেটার উল্লেখ সি ডি এস-এর মধ্যে নেই। দ্বিতীয় কথা হচ্ছে এই যে সি ডি এস-এর মাধ্যমে শ্রমিকদের টাকা কাটা হচ্ছে,

প্রথমদিকে ১৫০০ টাকা মাহিনা পর্যন্ত ৪ পারসেণ্ট জমা নেওয়া হয়েছিল সেটাকে তাঁরা অনেকদিন আগে তুলে দিয়েছেন, তারপর ডিভিডেণ্ডের ফ্রি স্কোপ দিয়ে দিয়েছেন—যত খুশি ডিভিডেণ্ড দিয়ে দিতে পারেন। প্রথম বছরে যে রেসট্রিকশন ছিল দ্বিতীয় বছরে মালিকদের চাপে পড়ে ডিভিডেণ্ডের কার্টেলমেণ্টের যে ধারা ছিল সেটা তাঁরা তুলে দিয়েছেন। এখন অত্যন্ত দুঃখজনক এবং ন্যক্কারজনক যে ধনিক শ্রেণীকে ফ্রি স্কোপ দিয়ে দিলেন এবং এটাকে আরও এক বছর এক্সটেণ্ড করে দিলেন '৭৭-এর জুলাই পর্যন্ত। সুতরাং আমরা সি ডি এস-র বিরোধী বরাবরই ছিলাম এবং এর বিরুদ্ধে আমরা আন্দোলন করেছি, পার্লামেণ্টে এবং মাঠে-ময়দানে। জয়পুরে সি ডি এস-র বিরুদ্ধে আন্দোলন করতে গুলি চলেছে, দু'জন শ্রমিক মারাও গেছে। কিন্তু সবচেয়ে দুঃখজনক হচ্ছে যে এই বক্তব্যগুলি যদি গত বছর রাখতেন এবং হাউসে আসতো তাহলে লোকসভার নির্বাচনের ফল একটু ভাল হত। অন্তত শ্রমিক শ্রেণীর মনটা একটু জয় করতে পারতেন। এখন যেন এটা একটু অন্য এণ্ড থেকে আসছে। আমরা গত বছর বিধানসভায় এর বিরোধিতা করেছিলাম তখন এই প্রস্তাব গৃহীত হয়নি। যদিও আজকে গৃহীত হচ্ছে সেজন্য আমরা নিশ্চয়ই খুশি। আমি কেন্দ্রীয় সরকারের কাছে এর সঙ্গে একটি আবেদন করব যে ভুল দৃষ্টিভঙ্গী থেকে সি ডি এস স্টার্ট করা হয়েছিল ভবিষ্যতে তাঁরা যেন আর না করেন। এবং যে ১১০০ কোটি টাকা জমা হয়েছে শ্রমিক এবং মধ্যবিত্ত কর্মচারীদের সেটা অবিলম্বে ফেরত দেওয়া হোক। টাকাটা যেন একসঙ্গে দেওয়া হয় তাহলে গরীব লোকদের সত্যিকারের উপকার করা হবে। এই কয়টি কথা বলে আমি প্রস্তাবকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[3-00—3-10 p.m.]

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার সদস্য মাননীয় সুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় ১৮৫ নং ধারা অনুযায়ী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবটি আমি নীতিগতভাবে সমর্থন করি। আমিও মাননীয় সদস্য গিরিজাবাবুর সঙ্গে একমত, যে চতুরতার সঙ্গে এবং যে সময়ে এই প্রস্তাব এখানে আনা হয়েছে তাতে কেবলমাত্র ক্ষতিগ্রস্ত, অত্যাচারিত শ্রমিক-কর্মচারী তাদের প্রতি দরদেই যে বিধানসভায় এই প্রস্তাব এসেছে সেটা ভাবতে খুব কষ্ট করতে হয়। স্যার, এই প্রস্তাবের মধ্যে মাননীয় সুকুমারবাবু বলতে চেয়েছেন যে মুদ্রাস্ফীতি রোধ করা গেছে এবং অর্থনৈতিক একটা বিরাট সাফল্য দেখা দিয়েছে এবং সেদিক থেকে আর আবশ্যিক জমা প্রকল্প রাখার কোন প্রয়োজন নেই এবং এটা অবিলম্বে তুলে নেওয়া হোক। একথা আমরা সকলে জানি এবং সুকুমারবাবুও স্বীকার করবেন যে কয়েক বছর ধরে পূর্বতন কেন্দ্রীয় সরকারে যাঁরা ক্ষমতায় ছিলেন তাঁদের ভুল অর্থনীতির ফলে, আন-প্রডাকটিভ কাজে অর্থ বিনিয়োগ করার ফলে দেশের সম্পদের বিচার না করে অতিরিক্ত নোট ছাপাবার ফলে বিরাট মুদ্রাস্ফীতি দেখা দিয়েছিল। সেই মুদ্রাস্ফীতির চাপ যাতে শ্রমিক-কর্মচারীদের সহ্য করতে না হয় এবং শ্রমিক-কর্মচারীদের আন্দোলনের ফলে তাঁরা কিছু কিছু কনসেশন দিচ্ছিলেন—কিছু কিছু এ্যাড-হক টাকা দিচ্ছিলেন এবং এক হাতে দিচ্ছিলেন এবং আরেক হাতে নিয়ে জমা প্রকল্পে রাখছিলেন। যে টাকাগুলি জমা পড়েছে তার হিসাব এত কমপ্লিকেটেড এবং আমার সন্দেহ আছে এর টাকা ঠিকমত জমা পড়েছে কিনা এবং হিসাব ঠিকমত রাখা হয়েছে কিনা। এবং সকলের মনে সন্দেহ আছে যে

তাঁরা ঠিকমত টাকা ফেরত পাবেন কিনা। অতএব এই জিনিসটা করা হয়েছিল। আমরা আজকের কাগজে দেখেছি যে কেন্দ্রীয় সরকারের কাছে প্রাদেশিক সরকাররা ইণ্টারিম বাজেট রেখেছে দু' মাস, তিন মাস করে। আমাদের পশ্চিমবঙ্গের যিনি অর্থমন্ত্রী তাঁকে আমি ধন্যবাদ জানাই তিনি এখানে উদ্বৃত্ত বাজেট রেখেছেন কিন্তু এইরকম দু'-একটি স্টেট ছাড়া বিভিন্ন স্টেটে ঘাটতি দেখানো হয়েছে এবং কয়েক শত কোটি টাকার ঘাটতি বাজেট আজকে সারা ভারতবর্ষের রাজ্যগুলিতে রাখা হয়েছে। কেন্দ্রীয় সরকারের একটা দায়িত্ব আছে, কর্তব্য আছে স্টেটগুলির উন্নয়নে, কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে যাতে স্টেটগুলি ভালভাবে চলে তা দেখা। তা সত্ত্বেও বর্তমানে কেন্দ্রীয় সরকার ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে বিভিন্ন শ্রমিক-কর্মচারী যাঁরা এতদিন অত্যাচারিত ছিল তাদের উপর থেকে একটার পর একটা দমন-মূলক আইন তুলে নিয়ে তাদের কষ্ট লাঘব করার চেষ্টা করছেন—সম্পূর্ণ লাঘব করতে না পারলেও একটু একটু করে এগিয়ে যাচ্ছে। আমি আশা করবো যে পশ্চিমবঙ্গের বিধান-সভায় সুকুমার ব্যানার্জী যে প্রস্তাব আনলেন সেই প্রস্তাব অনেক দেরীতে হলেও, আমার কাছে রাজনৈতিক অভিসন্ধি বলে মনে হলেও এই প্রস্তাব আমরা সর্বসম্মতিক্রমে পাশ করবো এবং কেন্দ্রীয় সরকারের আর্থিক উন্নতি হওয়ার সঙ্গে সঙ্গে এবং আর্থিক উন্নতি না হলেও কোন-ক্রমে এই শ্রমিক-কর্মচারীদের সুরাহা করা যায় কিনা দেখা দরকার। এই প্রস্তাব অনুযায়ী, এই জমা প্রকল্পটিকে বাতিল করে, আইনটাকে বাতিল করে শ্রমিক-কর্মচারীদের কিছুটা দুঃখ লাঘব করা যাবে এই আশা করে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য গিরিজা মুখার্জী যে কথা দিয়ে শেষ করেছেন এবং মাননীয় প্রদ্যোৎ মহান্তি মহাশয় খুব অসুবিধাজনক অবস্থায় বক্তৃতা করেছেন কারণ কেন্দ্রে তিনি ক্ষমতাসীন, এখানে তিনি বিরোধী, কাজেই তিনিও বলছেন যে এটা আগে জানলে ভাল হতো। দ্বিতীয় কথা, গিরিজা মুখার্জী বলেছেন কাটা বন্ধ করলেই হবে না, টাকা ফেরত দিতে হবে। অধ্যক্ষ মহোদয়, দুর্ভাগ্যজনক সংবাদ আপনার কাছে জানাচ্ছি, ৩১শে মার্চ তারিখে বিজু পট্টনায়ক বিজনেস ষ্ট্যাণ্ডার্ড পত্রিকায় বলেছেন যে এই টাকা আমরা ফেরত দিতে চাই না। অর্থাৎ হাজার কোটি টাকা যা জমা হয়েছে তার পাঁচ ভাগের এক ভাগ দু'শত কোটি টাকা বিগত সরকার ফেরত দিয়ে দিয়েছেন আর ৮ শত কোটি টাকা দেবার কথা ছিল, বিজু পট্টনায়ক বললেন যে আমরা জনসাধারণকে বোঝাবো যে তোমরা এই টাকাটা ফেরত নিও না, আমরা বাড়ী-ঘর তৈরি করে দেবো তোমরাই থাকবে। শুনে তো অবাক, আমরা এখানে প্রস্তাব করছি যে তোমরা কাটা বন্ধ কর, আর এখানে শুনছি টাকা চুরি হয়ে যাবে, সরকার নিজে টাকা নিচ্ছেন। জানি না, স্যার, গণতন্ত্রের কোন নতুন ব্যাখ্যা দেবেন কিনা। অধ্যক্ষ মহোদয়, যখন কোন দেশে মুদ্রাস্ফীতি দেখা দেয় তখন কতকগুলি ব্যবস্থা নিতে হয়, মার্কিন যুক্তরাষ্ট্রও নিয়েছিল সেই ৩০শের পর, রুজভেল্টকে ইনফ্লেশন দমন করার জন্য বিশেষ বিশেষ ব্যবস্থা নিতে হয়েছিল। তাকে নিউ ডিল সিস্টেমে মাইনে কমাতে হয়েছিল, টাকা কাটতে হয়েছিল, পেমেণ্ট বন্ধ করতে হয়েছিল এবং উৎপাদন বাড়াতে হয়েছিল। ভারতবর্ষের পশ্চিমবঙ্গে '৭২-৭৩ সালের পর থেকে তেলের দাম প্রচণ্ড-ভাবে বেড়ে যাওয়ায় সারা বিশ্বে মুদ্রাস্ফীতির সৃষ্টি করে। সমস্ত পৃথিবীতে, সমস্ত রাষ্ট্রে জিনিসের দাম প্রচুর পরিমাণে বেড়ে যায়। এই মুদ্রাস্ফীতির হাত থেকে বাঁচাবার জন্য ভারত সরকারও এই আইন জারী করতে বাধ্য হয়েছিল এবং '৭৭ সালের জুলাই মাসে—এই

আইনটার সময় না বাড়ালে, এমনিতেই শেষ হয়ে যাবে। আমরা চাই যে এই আইনটা এখনি তুলে নেওয়া হোক, কাটাটা বন্ধ করে দেওয়া হোক এবং টাকা ফেরত দেবার যে গতি সেটা অব্যাহত রাখা হোক। অধ্যক্ষ মহোদয়, এই আইন যে একেবারে অর্থহীন ছিল তা নয়। ১৯৭৪-৭৫ সালে যখন জিনিসের দাম বাড়ছিল ২৩ পার্সেণ্ট হারে ১৯৭৩-৭৪-এর তুলনায়, এই আইন হওয়ার অব্যবহিত পরেই এই বাড়তিকে রোধ করে যেখানে ২৩ পার্সেণ্ট বেড়েছিল সেখানে ৩ পার্সেণ্ট করে বাড়তে থাকে। এই আইনের ফল আমরা পেয়েছিলাম। অধ্যক্ষ মহাশয়, সারা ভারতবর্ষে ১৯৭৩-৭৪ সালে ইনডেক্স নাম্বার ছিল ২৫৪·৩, এই আইন হওয়ার পর, ১৯৭৪-৭৫ সালের পর যেখানে ৩১৩·৩ ছিল, এই আইনের ফলে ১৯৭৫-৭৬ সালে ৩০২·৬ ইনডেক্স নাম্বার নেমে আসে। অতএব আইনটা তখন খুব জরুরী ছিল। মুদ্রাস্ফীতি শুধুমাত্র টাকা কমিয়ে দিলেই হয় না, খাদ্যশস্যের সংগ্রহ বাড়াতে হয়। বিগত সরকার যে সরকার বর্তমানে ক্ষমতাসীন নয়, যাদের হারিয়ে দেওয়া হয়েছে, যারা বিরোধী দলে ১৫৩টি আসন নিয়ে বসে আছে তারা ১৮০ লক্ষ টন খাদ্য সংগ্রহ করে মজুত করে গিয়েছে। প্রধানমন্ত্রী মোরারজী দেশাই খাদ্যসঙ্কটে না পড়েন তার জন্য প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী একটা ব্যবস্থা করে গিয়েছেন ১৮০ লক্ষ টন খাদ্য মজুত করে। অতএব খাদ্যের দিক থেকে আমরা মুদ্রা-স্ফীতির আঘাত থেকে মুক্ত হতে পেরেছি। জিনিসের দাম মুদ্রাস্ফীতিতে যে হারে বাড়ছিল সেটা কণ্ট্রোল করা হয়েছে। অধ্যক্ষ মহোদয়, এখন ব্যাপার হচ্ছে এই যে টাকা আদায় হতো এই টাকা কত লোক দিতো।

[3-10—3-20 p.m.]

সারা ভারতবর্ষের জাতীয় আয়ের ৩৩ ভাগ মাইনে এবং স্যালারি থেকে নেওয়া হয়, ৩৩ ভাগ লোকের কাছ থেকে এই টাকা নেওয়া হয় এবং তাতে হাজার কোটি টাকা হয়। গোটা ভারতবর্ষের ৬০ কোটি লোকের মধ্য থেকে ভারতবর্ষের হাজার কোটি টাকা নেওয়ার মানে হচ্ছে ফিক্সড ইনকাম গ্রুপের উপর ঘা দেওয়া। এই ঘা দিয়ে তাদের দুর্বল করছি এবং তারা দুর্বল হওয়ার ফলে লো-ইনকাম গ্রুপের লোকেরা সেই এ্যাডভাণ্টেজ পাচ্ছে না। অর্থাৎ এই হাজার কোটি টাকা ছেড়ে দিলেও আমরা কারও সুবিধা করতে পারছি না। মুষ্টিমেয় একটা সংখ্যাকে কেবল আরও অর্থনৈতিক দুর্বল করে দিচ্ছি। তাই অধ্যক্ষ মহাশয়, যথা সময়ে যথার্থ ঔষধ প্রয়োগ করতে হবে। ১৯৭৪ সালে এই আইন তখন ছিল ঔষধ, এখন রুগী সেরে গেছে, ঔষধ দেবার দরকার নেই। এটা স্বাস্থ্যমন্ত্রী জানেন যে বিশেষ সময়ে ঔষধ দেওয়া হয়, অহেতুক রুগীকে শুইয়ে রাখলে হাসপাতালের খরচ বাড়ে, রুগীর রোগের তৃষ্ণা বাড়ে। ১৯৭৪-৭৫-৭৬ সালে ভারতের অর্থনীতিগত এমন কাঠামো করেছি, যে মাননীয় প্রধানমন্ত্রী মোরারজী দেশাইকে ভবিষ্যতে যাতে অর্থকণ্টকিত হতে না হয়। তার ব্যবস্থা কংগ্রেস করেছে। অতএব অনুরোধ করছি এই আইন তুলে নিন এবং তুলে নিয়ে সঙ্গে সঙ্গে যে টাকা পাওনা ছিল সেই টাকা তাদের ফেরত দেবার জন্য যে গতি চালু করেছিলাম, সেটা যাতে চালু থাকে, যাতে একের পাঁচ অংশ ফেরত দেওয়া হয়, সেই ব্যবস্থা চালিয়ে যান। আমরা দেশের অর্থনীতির উত্থানের জন্য বাইরের থেকে ভোজ্য তেল আমদানীর ব্যবস্থা করি, বৈদেশিক মুদ্রা সঞ্চয় বাড়িয়ে অর্থনীতিতে একটা সুষ্ঠু ব্যবস্থা এনেছি। এবার একটা সামান্য অংশকে সে ১ পারসেণ্টই বলুন, যাই বলুন, ইণ্ডাস্ট্রিয়াল সেক্টরকে ঘা দিয়ে যেখানে অর্গানাইজড সেখানে ঘা দিয়ে স্যালারি আর্ন করছে যে সরকারী কর্মচারী তাদের উপর ঘা

দিয়ে, শহরতলিতে যেখানে জিনিসপত্রের দামের একটা উচ্চ প্রবণতা রয়েছে, সেই অবস্থাতে তাদের কাছ থেকে টাকা কেটে নেওয়া যন্ত্রণাদায়ক ছিল একটা সময়ে। এখন আর সেটার কোন দরকার নেই। অধ্যক্ষ মহাশয়, বিধানসভার এই প্রস্তাব আমরা লোকসভায় পাঠাচ্ছি, কেন্দ্রীয় সরকারের প্রস্তাব অনুযায়ী সাড়া দিয়ে প্রগতি ও গণতন্ত্রের যাঁরা তোষক তাঁদের যাতে মুক্ত করতে পারেন। মোরারজী দেশোন্নয়নের জন্য যা-কিছু করবেন, আমরা তাঁকে আশ্বাস দিচ্ছি তাতে সবরকমে সাহায্য করার, এই বিধানসভা জনগণের মুখের দিকে তাকিয়ে অনুরোধ করছে এই প্রস্তাব যেন কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন।

শ্রীগোবিন্দ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সামনে যে প্রস্তাব এসেছে, সেই প্রস্তাব বিলম্বে এলেও শুভ। লোকসভার নির্বাচনের আগেই যদি এই ধরনের প্রস্তাব এই সভা থেকে নেওয়া হ'ত, তাহলে এই প্রস্তাব আরও অনেক তাৎপর্যময় হ'ত। আমরা সকলেই জানি যে এ্যাডিশনাল ইমোলিউমেণ্টস ডি এ-র উপর যে আইনটা করা হয়েছিল, সেটা বর্ধিত মহার্ঘভাতার উপর। বাজারে জিনিসপত্রের দাম যখন বাড়ে তখন দ্রব্যমূল্যের মহার্ঘভাতাও বেড়ে চলে, সেজন্যই মহার্ঘভাতা দেওয়া হয়। ডিয়ারনেস যদি না বাড়ে তবে ডি এ দেবার প্রশ্নই নেই। আমাদের প্রাক্তন সরকার একটা অদ্ভুত নিয়ম করেছিলেন। সেটা হল মূল্য-বৃদ্ধির জন্য যে মহার্ঘভাতা শ্রমিকদের প্রাপ্য, ইণ্ডেক্স অনুযায়ী যেটা প্রাপ্য, সেটা থেকে অর্ধেক অংশ কাটা যাবে। যুক্তি হিসাবে খাড়া করা হয়েছিল মানি সাপ্লাই বেড়ে গেছে, সেটা কমিয়ে আনার জন্য ফিক্সড ইনকাম গ্রুপের উপর বিশেষত শ্রমিকদের উপর এই ঘা দেওয়া হল। যদি মূল্যবৃদ্ধি রোধ করতে পারতেন তাহলে বলার কিছু ছিল না। এই আইন করেও মূলত মূল্যবৃদ্ধি রোধ হল না। অন্যদিকে মুদ্রাস্ফীতিজনিত শ্রমিক শ্রেণীর উপর যে ক্ষত, সেই ক্ষততে নুনের ছিটে দেওয়া হল। অধ্যক্ষ মহাশয়, বুঝতে পারি না যে শুধুমাত্র শ্রমিকদের উপর বা উপার্জনক্ষম জনসংখ্যার উপর, জনসংখ্যার একটা ভগ্নাংশের উপর যদি আইন প্রয়োগ করা হয়, তাহলে সামগ্রিকভাবে মানি সাপ্লাই কমে কিনা। কারণ ওয়েজ আর্নার ছাড়াও বহু কমিউনিটি জনসংখ্যার মধ্যে আছে, তাদের গায়ে হাত পড়ল না, তাদের হাতে যে মানি সাপ্লাই সেটা কমাবার কোন ব্যবস্থা হল না, যে হাজার কোটি টাকা ব্ল্যাক-মানি সার্কুলেশনে রয়েছে, সেটাকে কারুর করার কোন ব্যবস্থা হল না।

শুধুমাত্র যাঁরা সদ্ভাব অবলম্বন করেন পিওরলি ওয়েজ আর্নার তাদের ডিয়ারনেস এ্যালাউন্স বাড়লো, সেটা সরকারী হিসেব অনুযায়ী ইণ্ডাষ্ট্রিয়াল সেক্টরের জন্য যে ডিয়ারনেস এ্যালাউন্সটা বাড়লো, তার অর্ধেক টাকা কেটে নিয়ে তাদের প্রচণ্ড বঞ্চনার মধ্যে ফেলে দেওয়া হলো। কিন্তু এত করেও মূল্যবৃদ্ধি রোধ করা গেল না। যদি মূল্যবৃদ্ধিকে অনেক জিনিসের একটি কালমিনেটিং এফেক্ট ভাবা যায়, তাহলে ভুল করা হবে। এই এ ই সি ডি-র ব্যাপারে যে টাকা জমা হলো সেই টাকা কীভাবে ইউটিলাইজেশন করা হলো? কেন্দ্রীয় সরকারের একটা বক্তব্য রয়েছে যে এইভাবে যে টাকা সংগৃহীত হবে তার উপর ১১% সুদ দিতে হবে। কিন্তু সে টাকা কাজে না খাটিয়ে আইডল পড়ে থেকেছে। সরকারের জমা টাকা ঘরে আইডল পড়ে আছে—আবার তার উপর ১১% হারে সুদ গুণতে হচ্ছে। ফলে সরকারকে বিরাট খরচ বহন করতে হচ্ছে। শেষ পর্যন্ত লাভ সরকারেরও দাঁড়ালো না জন-সাধারণেরও লাভ দাঁড়ালো না। এই টাকা ৫ বছরে ফেরত দেওয়ার কথা, প্রতি বছর একটা কিস্তি করে। দুঃখের বিষয় শ্রমিক শ্রেণীর পরাপরি টাকা ফেরত দেওয়া

হয়নি। প্রতি বছরের প্রাপ্য টাকা এখন পর্যন্ত বহু জায়গায় পাওয়া যায়নি। আসল টাকার মাত্র ১/৫ অংশ বা ২০% দেওয়া হয়েছে। কিন্তু সুদ কিছুই দেওয়া হয়নি এরকমও কোথাও কোথাও হয়েছে। আপনি স্যার, শুনলে অবাক হবেন শ্রমিকরা, ট্রেড ইউনিয়ন নেতারা বারে বারে প্রভিডেণ্ট ফাণ্ড কর্তৃপক্ষের কাছে গিয়ে গিয়ে তাদের জুতোর শুকতলা পর্যন্ত ক্ষয় করে ফেলেছে, কিন্তু এখনো সে টাকা আদায় করতে পারেন নি। কালকে কাগজে দেখলাম এ ই সি ডি প্রকল্পের ইনকাম ট্যাক্স বাবদ যে টাকা ১৯৭৪-৭৫ সালে কেটে নেওয়া হয়েছিল তা ফেরত দেওয়া হবে। এই টাকা ৫ কিস্তিতে ফেরত দেওয়ার প্রতিশ্রুতি রক্ষিত হওয়া উচিত। সরকারী ঋণ আদায়ের ব্যাপারে যে তৎপরতা দেখা যায়, এখানে সেই জমা দেওয়া ডিয়ারনেশ এ্যালাউন্সের টাকা ফেরত দেবার ব্যাপারে সরকারের কোন তৎপরতা দেখা যাচ্ছে না। যে টাকা কেটে নেওয়া হয়েছে তা ১৯৭৬ সালের জুলাই মাসে ফেরত দেবার কথা বলেছিলেন। এখন সে টাকা ফেরত না দিয়ে বলছেন প্রভিডেণ্ট ফাণ্ডের সঙ্গে সেই টাকা যুক্ত করবেন। প্রভিডেন্ট ফাণ্ডের সঙ্গে যুক্ত করে শ্রমিকদের রিটায়রিং বেনিফিট দেবার যদি আপনাদের উদ্দেশ্য থাকে, তাহলে প্রভিডেণ্ট ফাণ্ড কণ্ট্রিবিউশনের হার বাড়িয়ে দিলেই হতো ৮/১০/১২%, তাতে করে মালিকদের কাছ থেকে কিছু টাকা শ্রমিকরা পেতে পারতো। এটা একটা বঞ্চনার নামান্তর মাত্র।

সভার সামনে যে প্রস্তাব এসেছে তার জন্য সাধুবাদ জানাব। এতকাল যখন ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন, এ প্রস্তাব আপনারা আনেন নি। কারণ তাতে তাঁর বিরাগভাজন হবার ভয় ছিল। এখন সুযোগ পেয়েছেন। এ ব্যাপারে যে বিলম্ব হলো তার কোন জাস্টিফিকেশন নেই। ১৯৭৪ সালে যে প্রয়োজনীয়তা ছিল, ১৯৭৬ সালে আর তা ছিল না। এই প্রস্তাব যদি সেইভাবে আসতো, তাহলে সকলের সমর্থন পাওয়া যেত। আজকের এই দাবীর ভিত্তিতে বহু আন্দোলন আমরা করেছি। এটা অত্যন্ত অন্যায় ও অবিচার হচ্ছে শ্রমিকদের উপরে। এটাকে এ ই সি ডি না বলে শ্রমিকরা নাম দিয়েছিল ইন্দিরা ফাণ্ড বলে।

[3-20—3-30 p.m.]

'ইন্দিরা ফাণ্ড মে টাকা কাট দিয়া',—এই ব্যাখ্যা তাঁরা করতেন। সাধারণভাবে যেসব শ্রমিক উচ্চশিক্ষিত নন, তাঁরা একে ইন্দিরা ফাণ্ড বলে পরিচয় দিয়ে এসেছেন। পরবর্তীকালে লোকসভা নির্বাচনে এর রিএ্যাকশন হয়েছে। অবিলম্বে এটা তুলে দেওয়া প্রয়োজন। আমাদের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। নতুন কেন্দ্রীয় সরকার যদি এই দাবীর প্রতি উপেক্ষা করেন তাহলে সম্মিলিত আন্দোলন প্রয়োজন এবং নতুন সরকার সুস্পষ্ট-ভাবে বলছেন না তাঁরা সি ডি এস তুলে নেবেন। যেটা নির্বাচনের আগে বলা হয়, নির্বাচনের পরে সেটা করার মধ্যে অনেক অসুবিধা থাকতে পারে। বিশেষ করে যেখানে কোটি কোটি টাকার ব্যাপার রাজকোষের, তখন মনে দ্বিতীয় চিন্তা হওয়া স্বাভাবিক। সেইজন্য নতুন কেন্দ্রীয় সরকার সেটা বলছেন না। কিন্তু নতুন কেন্দ্রীয় সরকার যদি এই ব্যাপারে অন্য চিন্তা করেন তাহলে আন্দোলন করতে হবে। বিশেষ করে আই এন টি ইউ সি, এ আই টি ইউ সি, সিটুকে একমত হয়ে বলতে হবে সি ডি এস অবিলম্বে তুলে দেওয়া উচিত এবং শ্রমিকদের টাকা যাতে ফেরত দেওয়া যায় এবং এই ব্যাপারে সমস্ত ট্রেড ইউনিয়নকে সর্বসম্মতভাবে দাবী করতে হবে এবং বিধানসভায় এই দাবী সর্বসম্মতভাবে করলে এই দাবী

জোরদার হবে। এই কাজটা একটা জনকল্যাণমূলক কাজ হচ্ছে, এইজন্য ধন্যবাদ জানাই, াধুবাদ জানাই।

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের সামনে সুকুমার ন্দ্যোপাধ্যায় একটা প্রস্তাব উত্থাপন করেছেন এবং শ্রীমৃগেন মুখার্জী মহাশয় সেই প্রস্তাব মর্থন করে কিছু বক্তব্য রেখেছেন। এই প্রস্তাব নিশ্চয় সমর্থন করি, কিন্তু সমর্থন করতে ায়ে দু'-একটি কথা বলতে হল। বক্তৃতায় সুকুমারবাবু যা বললেন, মৃগেনবাবু প্রায় তার লেটা কথা বললেন বলে মনে হল। সুকুমারবাবু স্বীকার করেছেন এর ফলে শ্রমিক শ্রণীর খুব অসুবিধা হয়েছে। মৃগেনবাবু বললেন এটা সেই সময় খুব দরকার ছিল এবং তনি আমেরিকান উদাহরণ দিলেন। আশ্চর্য হওয়ার কারণ নেই, আমেরিকান তাঁর পছন্দ তে পারে, তিনি হয়তো আমেরিকান মেথডে ভেবেছেন। সুকুমারবাবুকে ধন্যবাদ শ্রমিক শ্রণী তখন যে বিপদে পড়েছিল সেটা তিনি বলেছেন। আমাদের এখানে রাজনীতির কথা নেকে বলেছেন। রাজনৈতিক উদ্দেশ্য থাকতে পারে, থাকাটা অস্বাভাবিক কিছু নয়, সম্ভবও কিছু নয়। রাজনীতি যখন করছেন। কিন্তু আমার নিজের মনে হচ্ছে, এটা ন্দ্রীয় সরকার নিশ্চয় রিপিল্ড করে দেবেন। তাহলেও আমাদের এখানে বক্তব্য রাখা হয়েছে। ন্তু প্রিমিসেসে যেকথা বলেছেন, সেই সম্বন্ধে আমাদের বক্তব্য আছে, কিন্তু কোন এ্যামেণ্ডণ্টের কথা বলছি না। আপনারা বলছেন ইনফ্লেশন খানিকটা বন্ধ হয়ে গিয়েছে। অর্থাৎ গেনবাবুর কথাটা মিলে গিয়েছে। শ্রমিকদের বোনাস কাটা, সি ডি এস কাটা হয়তো ামেরিকান মেথডে দরকার হয়। সেই টাকা শ্রমিকদের হাত থেকে মালিকের হাতে গেলে । অন্য জায়গায় গেলে, সেই সময় জিনিসের যে দাম বেড়ে যাচ্ছে, শ্রমিকেরা তাতে জিনিস নতে পারছে না। যেটা আমেরিকান যুক্তি, মৃগেনবাবুর যুক্তি, আমি আশা করবো, এটা কুমারবাবুর যুক্তি নয়। এর মধ্যে আমি একটু পৃথক করতে চাই। শ্রমিকদের বা লো-নকাম গ্রুপের যে সি ডি এস কাটা হচ্ছে তার সঙ্গে উঁচু আয়ের মানুষদের যে কাটা চ্ছে তাতে একটা তফাৎ হয়েছিল। হয়তো ২৫ হাজার টাকার উপরে ইনকাম যাদের াদের একটা সি ডি এস কাটতে হয়। সেখানে একটা পার্থক্য এখনও আছে।

সুতরাং কিছু কিছু পার্থক্য আছে। যারা শ্রমিক, লো-ইনকাম গ্রুপ, তাদের সি ডি এস । বোনাসের নামে যে ফাণ্ড এবং যেটাকে ইনফ্লেশনের কথা বলে বলা হয়েছে সেটা ামরা মেনে নিই না। ঐ সি পি আই সদস্য যে কথা বললেন অনেকেই এটাকে ইন্দিরা ান্ধী ফাণ্ড মনে করতো। এই কাটা টাকা কে পাবে কি না পাবে তা জানি না। আমার লেজে এই জিনিস নিয়ে হিসাব-নিকাশ করে এত বড় খাম, বহু কাগজপত্র পাঠাতে হচ্ছে, একটা কামব্রাস অবস্থার সৃষ্টি করা হয়েছে। সি ডি এস রিপিল্ড হতো এটা আমরা জানি। বে এখন এটা তুলে দেবার কথা আপনাদের মনে জেগেছে। আপনারা তো অনেক ধান-াল রেখে গেছেন। আমাদের জানা আছে বোনাস দেওয়া হবে। সেটা আমরা মেনে নিয়েছি। ইরকম একটা ডেফার্ড ওয়েজ থাকা কখনই উচিত নয়। সি ডি এস রিপিল্ড করা বে—এটা উইথড্র হবে তাতে কোন সন্দেহ নেই। তবে আপনারা যখন এটা পাঠাচ্ছেন নিশ্চয় এটা সমর্থন আমরা করবো এবং এটা সমর্থনযোগ্য। দরিদ্র শ্রেণী টাকা পাবেন। ই যে বক্তব্য রাখা হয়েছিল ইনফ্লেশন বন্ধ করার জন্য, এটা করা হয়েছিল, এটা ামার মনে হয় ঠিক নয়, আমরা এটা বিশ্বাস করি না। এটা একটা কৌশলমাত্র—মালিকদের

যাতে সুবিধা হয় তার জন্যই এটা করা হয়েছিল তাদের যাতে সুবিধা না হয় সেটা দেখাই ছিল এর উদ্দেশ্য। শ্রমিকদের কথা তৎকালীন প্রধানমন্ত্রী ভাবেন নি। ভোট পরিচালনার জন্য টাকার তো দরকার। যাহোক, এখানে সুকুমার ব্যানার্জী মহাশয় যে প্রস্তাব এনেছেন আমরা সেটা সমর্থন করছি। সি ডি এস উঠে যাক এটা আমরা চাই, দরিদ্র শ্রমিক টাকা পাক এটা আমরা চাই। বোনাস আবার ভালভাবে পাবেন। আমরা এ প্রস্তাব সমর্থন করি—কিন্তু যে প্রিমিসেসের কথা বললেন এটা ঠিক নয়—আমরা মনে করি এটা একেবারেই ঠিক নয়।

শ্রীগোপালদাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব সুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় এই বিধানসভায় রেখেছেন এবং মৃগেন্দ্রনাথ মুখার্জী মহাশয় যেটা সমর্থন করেছেন সেই প্রস্তাবকে আমি নীতিগতভাবে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রিপিল্ড করার ব্যাপারে অতীতে যে ভারত সরকারের সিদ্ধান্ত মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন Additional Emoluments (Compulsory Deposit) Amendment Act, 1976 এটা প্রথমে দু' বছরের জন্য চালু করা হয়েছিল। পরবর্তীকালে যে দুটি আইন চালু করা হয় এ্যাডিশন্যাল ওয়েজ যেটা তার উপরও পড়বে সেটা ইম্পাউণ্ডেড হয়, ডিয়ারনেস এ্যালাউন্স যেটা তার উপর ইম্পাউণ্ডেড হবে। ১৯৭৬ সালে এই ব্যবস্থা কার্যকরী করার পর ডিয়ারনেস এ্যালাউন্সের উপর যেটা সেটা প্রত্যাহার করে সেটার মেয়াদ আরও ১ বছর বাড়ানো হোল ৫ই জুলাই ১৯৭৭ সাল পর্যন্ত। আইন যেটা রয়েছে সেটার মেয়াদ শেষ হয়ে যাবে অটোমেটিক্যালি সেটা ল্যাপস করে যায় তারপর আর এর পরমায়ু বৃদ্ধি না হয় সেইজন্য এই প্রস্তাবের প্রয়োজন হয়েছে। ৩১শে মার্চের পর যাতে এটা আর চালু না করা হয় তার জন্য প্রস্তাব রাখছি।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ কত টাকা এইরকম সরকারী খাতে জমা আছে?

শ্রীগোপালদাস নাগ ঃ সর্বভারতীয় হিসাবে আমি জানি ১ হাজার কোটি টাকা এইরকম জমা আছে। আর পশ্চিমবাংলার সমস্ত মিলে আমি বলতে পারবো না। তবে সরকারী কর্মচারীদের ১ কোটি টাকা এইরকম জমা আছে।

(Including adjournment)

[3-30—4-05 p.m.]

অর্থাৎ পশ্চিমবাংলার সরকারী কর্মচারী এবং অন্যান্য সংশ্লিষ্ট ষ্ট্যাটুটরি অর্গানাইজেশন আছে তাদের কর্মচারীদের নিয়ে ৫ কোটি টাকা হয়েছিল, এই খাতে ইম্পাউণ্ডেড হয়ে আছে —গিরিজাবাবু বোধহয় বলেছেন সব টাকা এখুনি দিয়ে দেওয়া হোক—এ সম্বন্ধে আমার মত হল ভারত সরকারের উপর কোন চাপ দেওয়া উচিত নয়। কারণ দেশের অর্থনৈতিক অবস্থা পর্যালোচনা করে এই টাকা কিভাবে ফেরত দেওয়া হবে এটা জাতীয় সরকারের উপর ছেড়ে দেওয়া উচিত, সেটাই বিধিসম্মত এবং সেটাই ন্যায্য পথ বলে আমার মনে হয়। কিন্তু এটা প্রত্যাহার করে নাও বলাটা আমাদের কোন অসুবিধা নেই। তাই আমি এই সরকারের পক্ষ থেকে এই প্রস্তাব সমর্থন করছি, এটাতে খুব মারাত্মক একটা ফারাক হচ্ছে না। যে আইন চালু আছে ৫ই জুলাই তার মেয়াদ চলে যাচ্ছে। ৩/৪ মাসের মত ফারাক আছে—তাই ১লা এপ্রিল থেকে তুলে দিলে খুব একটা ফারাক হচ্ছে না এই বলে প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি।

Mr. Speaker : The mover may now speak by way of reply.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ *মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত আনন্দিত যে আজকে এই বিধানসভার অভ্যন্তরে সকল মাননীয় সদস্যই আমি যে প্রস্তাব এনেছি সেই প্রস্তাবকে সমর্থন জানিয়েছেন এবং সরকারের পক্ষ থেকে শ্রমমন্ত্রী ডাঃ গোপালদাস নাগ তিনি এই প্রস্তাবকে নীতিগতভাবে সমর্থন করেছেন। স্যার, আইন যা আছে ৫ই জুলাই তা শেষ হবার কথা।* কিন্তু যে কথা আমি প্রথমে বলেছিলাম আবার সেই কথা বলছি ফেরত দেবার ক্ষেত্রে এত বেশী বৈষম্য সৃষ্টি হয়েছে এবং এত অসুবিধা সৃষ্টি হয়েছে যে ভারত সরকারের উপর চাপ দেওয়া উচিত নয় বলে ডাঃ গোপালদাস নাগ যে কথা বলেছেন অবিলম্বে প্রত্যাহার করা হোক এবং অবিলম্বে টাকা ফেরত দেওয়া হোক এই সম্পর্কে যে কথা বলেছেন সেই বক্তব্য সকলকার—এখন যে নিদারুণ বৈষম্যের সৃষ্টি হয়েছে টাকা ফেরত দেবার ব্যাপারে তার প্রতিকার অবিলম্বে হওয়া উচিত। সি পি আই নিজস্ব দৃষ্টিভঙ্গী থেকে গিরিজাবাবু, গোবিন্দবাবু বলে গেছেন মাননীয় সদস্য ডঃ শান্তিকুমার দাশগুপ্ত তিনি রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে মন্তব্য করে এই প্রস্তাব সমর্থন করেছেন। আমার স্যার, এই ব্যাপারে বিশেষ কিছু বলার নেই। কিন্তু স্যার, একটি কথা নিশ্চয় আপনার মাধ্যমে সভার কাছে রাখব, যখন এই প্রস্তাব আমরা গ্রহণ করছি যে অবিলম্বে এই আইনটাকে প্রত্যাহার করা হোক, তখন সেই সঙ্গে এই কথা আমরা অত্যন্ত জোর দিয়ে নিশ্চয় বলব যে শ্রমিক-কর্মচারীদের ১০০০ কোটি টাকা জমা রয়েছে সেই জমা টাকা অবিলম্বে ফেরত দেওয়ার ব্যবস্থা করা হোক। স্যার, এই কথা আমি বলছি এই জন্য মাননীয় ডঃ দাশগুপ্তের সঙ্গে একমত যে মুদ্রাস্ফীতি রোধ করার মনোভাব ছিল এবং তা করার জন্য প্রাক্তন সরকারের পক্ষ থেকে চেষ্টা করা হয়েছিল। কিন্তু এই কথা ঠিক যে বেশীটা চেপেছিল দুর্বল শ্রমিক-কর্মচারীদের উপর, যাঁরা বিত্তশালী মানুষ, যাঁরা একচেটিয়া পুঁজিপতির প্রতিনিধিত্ব করেন, একচেটিয়া পুঁজিপতি, মিল-মালিক, কলকারখানার মালিক তাঁরা এই আইনের সুযোগ-সুবিধা আদায় করেছে এই আইন বলবৎ হবার জন্য। যখন এই আইন চালু করা হয় তখন থেকে শ্রমিক-কর্মচারীদের মহার্ঘভাতা বৃদ্ধি বন্ধ করেছে—ধনীরা এই সুযোগ-সুবিধা ভোগ করেছে। কোটি কোটি টাকার মালিক যাঁরা গোপনে ভারতবর্ষে একটা প্যারালাল ইকনমি রান করিয়েছিলেন, এখনও করছেন, নিশ্চয় তাঁরা ধনাঢ্য ব্যক্তি, তাঁদের এই সুযোগ-সুবিধা হয়েছিল, দেশের মানুষকে ভোগ করতে হয়েছে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা। আর একটি কথা বলছি জাতীয় সরকারের কাছে আবেদন রাখি আজ আইন প্রত্যাহারের সঙ্গে শ্রমিক-কর্মচারীদের ১০০০ কোটি টাকা জমা রয়েছে কেন্দ্রের কোষাগারে সেই টাকা সঙ্গে সঙ্গে সুদসমেত যেন ফেরত দেওয়া হয় এই কটি কথা বলে বিধানসভায় এই প্রস্তাব রাখছি।

The motion of Shri Sukumar Bandyopadhyay that—

Whereas the economic trend of the country reveals that inflation has been ontained and economic buoyancy restored. This House urges upon the Government of India to repeal the Additional Emoluments (Compulsory Deposit) Amendment Act, 1976 (Act No. 74 of 1976) with immediate effect, was than put and agreed to.

(At this stage the house was adjourned for half-an-hour)

(After Adjournment)

[4-05—4-15 p.m.]

Shri Bhawani Paul: Sir, I beg to move that—

Whereas it is becoming increasingly difficult for the Industrial workers of our State to make both ends meet without some pecuniary supplement in the form of bonus.

This House, therefore, urges upon the Government of India to make amendments to the payment of Bonus Act, 1965 (Act XXI of 1965), in so far as it relates to its application to West Bengal in the following manner :—

(1) The Section 10 of the Payment of Bonus Act, 1965 (Act No. 21 of 1965), be so amended that for any accounting year commencing on any day in 1976 and subsequently, the minimum rate of bonus shall be 8.33 percent, if there be any allocable surplus for that year or Rs. 300 whichever is higher. Where an employee has not completed 15 years of age, at the beginning of that accounting year, the minimum bonus will be Rs. 150 if it is higher than 8.33 percent of his annual salary or wage.

(2) Further that a new sub-Section to Section 10 of the said Act be incorporated making provision that where on establishment has no allocable surplus for the accounting year commencing on any day in 1976 and subsequently, but has a net profit as per the Profit and Loss Account, such an establishment, for the said accounting year, pay bonus at flat rate of Rs. 200 per employee ; this amount shall be Rs. 100 in the case of those employees who are below 15 years of age. This amount will be subject to pro rata deduction under Section 13 of the Act depending upon the number of days actually worked.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোনাস সম্পর্কিত এই মোশন আজকে বিধানসভায় আনতে গিয়ে আমি কয়েকটি কথা হাউসে রাখতে চাই। 'বোনাস' এই শব্দটা ভারতবর্ষে ইণ্ডাষ্ট্রিয়াল ওয়ার্কারদের সামনে এসেছিল প্রথম মহাযুদ্ধ ১৯১৭ সালে বোধহয়। তখন যুদ্ধের জন্য বিভিন্ন ইণ্ডাষ্ট্রিয়াল সেক্টরে প্রোডাকশন বাড়াবার প্রশ্ন এসেছিল। প্রোডাকশন বাড়ছিল, তখন ওয়ার্ক বোনাস হিসাবে ওয়ার্কারদের বোনাস দেওয়া হয়েছিল। প্রথম ভারতবর্ষে ইণ্ডাষ্ট্রিয়াল ওয়ার্কাররা বোনাস পেল প্রোডাকশনের উপর ওয়ার্ড ইনসেনটিভ হিসাবে। তারপরে ১৯১৭ সাল থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় বিশেষ করে বোম্বেতে মিলমালিকদের বিরুদ্ধে মিলের ওয়ার্কাররা বোনাস সম্পর্কিত যে লড়াই করেছে সেই লড়াই বিভিন্ন ঘাত-প্রতিঘাতে পালটে গেছে। ১৯৩০ সালে যখন যুদ্ধ শেষ হল তখন বোনাস দেওয়া বন্ধ হয়ে গেল। তারপর থেকে দীর্ঘদিন ভারতবর্ষে বোনাসের জন্য শ্রমিকরা লড়াই করে এসেছে এবং সেই লড়াইয়ের পরিপ্রেক্ষিতে শেষ পর্যন্ত বোম্বে টেক্সটাইলের ওয়ার্কাররা টেক্সটাইলের মালিকদের বিরুদ্ধে যখন একটা দীর্ঘদিনের স্ট্রাইক করেছিলেন, সেই সময় লেবার এ্যাপিলেট ট্রাইবুন্যাল হল এবং সেই লেবার এ্যাপিলেট

ট্রাইবুন্যালে প্রথমে ঠিক হল বোনাস কনসেপ্টে যে প্রোডাক্‌টিভিটিতে, প্রোডাকশনে যেমন ক্যাপিট্যাল প্রয়োজন হবে তেমনি লেবারও দরকার, লেবার ইজ অলসো ক্যাপিট্যাল, সেই ক্যাপিট্যাল ইনভেস্টমেণ্ট করে যে প্রোডাকশন হবে এবং তার যে প্রফিট হবে সেটা যদি মালিকরা পেতে পারে তাহলে শ্রমিকরা যে শ্রম দেবে এবং এই শ্রমের পরিবর্তে তারা প্রফিটের একাংশ পেতে পারে এই কনসেপ্ট প্রথমে ভারতবর্ষে স্বীকৃত হয়েছিল। তারপর আরো বিভিন্ন ইণ্ডাষ্ট্রিয়াল সেক্টরের ইণ্ডাষ্ট্রিয়ালিষ্টসরা যেভাবে ওয়ার্কারদের বোনাস দেওয়া দরকার, যেভাবে প্রোডাকশনের শেয়ার দেওয়া দরকার, পার্টনারশিপ নেওয়া দরকার তা তারা করেন নি। স্বাধীনতার পরে আবার যখন বোনাস নিয়ে আন্দোলন হয়েছে, ভারত সরকার বোনাস কনসেপ্ট নতুনভাবে দিতে চেয়েছে। তখন এই স্বীকৃত হয়েছিল যে বোনাস প্রোডাক্‌টিভিটির উপর নির্ভর করে। প্রোডাকশন এবং প্রফিট আর্নিং বেসিস ছাড়াও আর একটা বেসিস থাকা দরকার। সেটা হচ্ছে বোনাস ইজ ডেফার্ড ওয়েজ। সে জন্য ভারতবর্ষের ইণ্ডাষ্ট্রিতে শ্রমিকরা যে কাজ করে তার কোন ন্যাশনাল ওয়েজ পলিসি ছিল না। এক একটা ইণ্ডাষ্ট্রিতে এক একরকমভাবে ওয়েজ পলিসি গড়ে উঠেছে এবং কোন জায়গাতেই মিনিমাম ওয়েজের উপরে ওঠেনি। আজ পর্যন্তও আমরা একটা ফেয়ার ওয়েজ বিভিন্ন ইণ্ডাষ্ট্রিতে করে উঠতে পারিনি। যখন শ্রমিকদের বিভিন্ন সময়ে বিশেষ করে পালা-পার্বণে, সামাজিক জীবনে যখন একস্ট্রা পয়সার দরকার, তখন এদের ধার করতে হত। তা না হলে তাদের যে ওয়েজ সেই ওয়েজের উপর নির্ভর করে তাদের সংসার চালানো বা একস্ট্রা খরচ মেনটেন করার কোন পথ ছিল না। কাজেই সেই সময়ে সমস্ত ইণ্ডাষ্ট্রিতে সরকারীভাবে ঠিক হয়েছিল যে বোনাসের ব্যাপারে ভারতবর্ষে যতক্ষণ পর্যন্ত একটা ফেয়ার ওয়েজ করতে না পারা যাচ্ছে, ন্যাশনাল ওয়েজ পলিসি যতক্ষণ পর্যন্ত না ফিক্স করতে পারা যাচ্ছে ততক্ষণ পর্যন্ত বোনাস কনসেপ্ট ডেফার্ড ওয়েজ হিসাবে স্বীকৃত হচ্ছে। কিন্তু তার পরবর্তী সময়ে সেইভাবে বোনাস এ্যাক্ট ছিল, ৮·৩৩ মিনিমাম গ্যারাণ্টেড বোনাস হয়েছিল দীর্ঘদিনের লড়াইয়ের পরে, দীর্ঘদিনের আন্দোলনের পরে। কিন্তু গত বোনাস এ্যাক্টে এতদিনের স্বীকৃত, এতদিনের আন্দোলন, এতদিনের লেবার তাকে বিট্রে করা হল। ৮·৩৩ মিনিমাম গ্যারাণ্টেড বোনাসের জায়গায় ৪ পয়েণ্ট হল মিনিমাম গ্যারাণ্টি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলতে চাই যে এ্যালোকেবল সারপ্লাস যদি থাকে, এই এ্যালোকেবল সারপ্লাসের কি করা হবে? আজকে কোন শ্রমিক সম্প্রদায়, শ্রমিকদের লেবার পার্টিসিপেশন ইন ম্যানেজমেণ্টের কথা যা বলা হয়, সরকার থেকে বলা হয়, বেসরকারী হিসাবে বলা হয়, শ্রমিকরা আন্দোলন করে, কিন্তু আজকে কোন ইণ্ডাষ্ট্রিতে কোন ওয়ার্কাররা তাদের ব্যালেন্স শীট কিভাবে হবে, কিভাবে প্রোডাকশন বৃদ্ধি হবে, প্রোডাকশন ওরিয়েণ্টেডে কিভাবে তার দাম নির্ধারণ করা হবে তার উপরে শ্রমিকদের কোন হাত নেই। এই হাত না থাকার জন্য আজকে কোন ইণ্ডাষ্ট্রিতে যখনই এ্যালোকেবল সারপ্লাস হিসাবে বোনাস নির্ধারিত হবে সেখানে এ্যালোকেবল সারপ্লাসের কথা থাকে না। আমি বিশেষ করে চা-বাগানে কাজ করি, আমি দেখেছি যে এক একটা কোম্পানী প্রতি বছর লক্ষ লক্ষ টাকা লোকসান দেখায়। লোকসান দেখাবার পরে বোঝা যাচ্ছে যে সেই কোম্পানী আজকে একটা চা-বাগান কিনছে, আগামী বছরে আর একটা বাগান কিনছে, ২ বছর বাদে আর একটা চা-বাগান কিনছে—এইভাবে একটা বাগান থেকে ৪/৫ বছরের মধ্যে তারা ৪/৫টি বাগানের মালিক হচ্ছে। এই ধরনের বহু ইন্‌সটেন্স আমাদের চা-বাগানের মালিকদের আছে।

[4-15—4-25 p.m.]

কিন্তু সেখানে প্রতিটি সময়ে এ্যালোকেবল সারপ্লাস নেই। যদি কোন ইণ্ডাষ্ট্রিতে প্রফিট হয়, এক লক্ষ কি চার লক্ষ টাকা, যে নির্ধারিত আইন আছে সেই আইনে ডিডাকশন করে এ্যালোকেশন বাদ দিয়ে, রিটার্ন বাদ দিয়ে দেখা যায় যে এ্যালোকেবল সারপ্লাস এক পয়সা থাকে না। মজুররা তার ফলে কিছু পায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাজেই যতক্ষণ পর্যন্ত না শ্রমিকরা উৎপাদনে অংশগ্রহণ করছে, শুধু অংশগ্রহণ করা নয়, উৎপাদন কিভাবে ওরিয়েণ্টেড হবে, কিভাবে হিসাব রাখা হবে, এই পার্ট যদি তারা না করতে পারে তাহলে মালিকদের উপর নির্ভর করে এ্যালোকেবল সারপ্লাস বা বোনাস রিটার্ণ হবে, সেটা কোনও দিন হতে পারে না। তাই আমার প্রথম বক্তব্য যে বোনাস যদি ওয়ার্কারদের দিতে হয়, প্রডাকশনের উপরে বেস করে যে বোনাস হবে, সেই প্রডাকশন ওরিয়েণ্টেড করবে কে? প্রডাকশন দরকার আছে কিনা সেটা কে ঠিক করবে। আমরা দেখেছি, বহু জায়গায় প্রডাকশন কমিয়ে দেওয়া হয়, ওয়ার্কারদের জন্য নিশ্চয়ই নয়, প্রফিট আর্নিং মোটিভকে আরও বাড়িয়ে দেবার জন্য। স্টিল ইণ্ডাষ্ট্রিতে যে প্রডাকশন স্টপ করে দেওয়া হয়েছে সেটা কি ওয়ার্কারদের দোষের জন্য? সময় সময় দেখা যায় টেক্সটাইল ইণ্ডাষ্ট্রিতে প্রফিট আর্নিং মোটিভকে আরও এ্যাকটিভ করার জন্য সেখানে প্রডাকশন কমিয়ে দেওয়া হয়েছে, সেখানে তো ওয়ার্কারদের বিক্ষোভ নেই। প্রফিট যেটা হচ্ছে সেই প্রফিটের উপর যদি খবরদারী করবার ক্ষমতা ওয়ার্কারদের না থাকে, সরকারী মেশিনারীতে সেই ধরনের ব্যবস্থা না থাকে তাহলে ব্যালেন্স শীট যেটা মালিকরা তৈরী করবে, সেই ব্যালেন্স শীটের উপর বেস করে প্রফিট যদি স্থির করে বোনাস দেবার প্রথা থাকে—কোনদিন তা হতে পারে না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি যে আজকে ওয়ার্কারদের জন্য যতক্ষণ পর্যন্ত না ন্যাশনাল ওয়েজ পলিসি হচ্ছে, ওয়ার্কাররা ফেয়ার ওয়েজ না পাচ্ছে, ততক্ষণ পর্যন্ত বোনাসের যে অধিকার ওয়ার্কারদের প্রতিটি সেণ্টার থেকে, প্রতিটি ইণ্ডাষ্ট্রি থেকে তাদের যে প্রাপ্য সেটা তাদের নিজস্ব প্রাপ্য, এটা তাদের দাবী। কাজেই বোনাস এ্যাক্টের মোশন যা এসেছে, আমি আপনার সামনে উত্থাপন করছি, একে সমর্থন করুন এবং আমি আশা করবো হাউসের আর যাঁরা মাননীয় সদস্য আছেন, সবাই শ্রমিকদের স্বার্থরক্ষার জন্য একে সমর্থন করবেন।

শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায় :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে মোশন, এই মোশনের কতকগুলো সংশোধনী আমি এনেছি এই জন্য, এটা আমার কাছে পরিষ্কার নয়। প্রথম হচ্ছে সেকশন টেন

Payment of Bonus Act, 1965 (Act No. 21 of 1965), be so amended that for any accounting year commencing on any day in 1976 and subsequently, the minimum rate of Bonus shall be 8.33 percent. If there be any allocable surplus for that year "If there be any allocable surplus for that year".

তাহলে এই ৮·৩৩ এটার সঙ্গে আমি একমত নই। সেই জন্য আমি ওখানে এনির জায়গায় নো করেছি। আমার এ্যামেণ্ডমেণ্টটা হচ্ছে এই

In line 10 for the word "any" the word "no" be substituted.

অর্থাৎ এটার মধ্যে দিয়ে আমি মিনিমাম বোনাসটা যাতে গ্যারাণ্টেড হয় সেটার জন্য চেষ্টা

করেছি। আমার দ্বিতীয় এ্যামেণ্ডমেণ্টটা হচ্ছে এর সেকেণ্ড প্যারাগ্রাফে, সেটা ডিলিট করে দিয়ে আমি এটা রাখছি

"Nothing contained in the said Act shall be construed to preclude employees employed in any establishment or class of establishment from entering into agreement with their employer from granting them an amount of Bonus under a formula which is different from that under said Act.

Provided that such agreement whereby the employees relinquish their right to receive the minimum Bonus i. e. 8·33% under Section 10 shall be null and void in so far as it purports to deprive them of such right."

তৃতীয় এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে It should be given effect from the financial year 1974 আশা করি এই এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করবেন। বোনাস লোকসভার একটা কথায় কাটা হল। যাঁরা পরামর্শ দিয়েছিলেন বোনাস কেটে দিলে ইনফ্লেশন কমে যাবে তাঁদের কথায় এটা হল। পূজার সময় শ্রমিকরা বোনাস পায় বলে সমস্ত জিনিসের দাম বেড়ে যায়—এটা কিন্তু ঠিক নয়। কারণ ১৯৭৫, ১৯৭৬-এ তা হয়নি। বোনাস যেটা ১৯৬৫ এ্যাক্টে পাওয়া গেল এর জন্য ৩০ বছর ধরে আন্দোলন হয়েছিল। বোনাস একটা শেয়ার অব প্রফিট। মালিকরা কোটি কোটি টাকা প্রফিট করছে, তার কোন অংশ শ্রমিকদের দেওয়া হোত না। স্বাধীনতার আগে এ নিয়ে আন্দোলন হয়েছে। কিছু কিছু কারখানা স্বাধীনতার পূর্বে শ্রমিকদের সঙ্গে আপোস করে বোনাস দিয়েছে। কিন্তু তার পরবর্তীকালে বোনাস আন্দোলন যখন সারা ভারতব্যাপী হল তখন কিছু কিছু মালিক শ্রমিকদের সঙ্গে একটা রফা করলেন, কিছু কিছু কেস ট্রাইবুন্যালে গেল এবং ট্রাইবুন্যাল থেকে হাইকোর্ট গেল। হাইকোর্টের ফুল বেঞ্চে ফর্মূলা হিসেবে বলা হল এত টাকা প্রফিট হলে এটা দিতে হবে। অর্থাৎ সেদিন থেকে লিগ্যাল স্যাংশন পেল। এটা পাবার পর থেকেই বোনাস আন্দোলন চলতে থাকে। তদানীন্তন কেন্দ্রীয় সরকার বোনাস কি পরিমাণে পাওয়া উচিত তার জন্য একটা বোনাস কমিশন সেট আপ করেন। এই কমিশন বহু কিছু আলোচনা করে এক বছর পরে রায় দেন যে রায় অনুযায়ী মিনিমাম ওয়েজের 8% গ্যারাণ্টেড হল। অর্থাৎ যেখানে কোন লাভ হবে না সেখানেও 8% মিনিমাম দিতে হবে। তার আগে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া একটা ফেয়ার ওয়েজ কমিটি করেছিলেন তাঁরা একটা সাজেশন দেন যে ভারতবর্ষের শ্রমিকদের ওয়েজের স্টাণ্ডার্ড অত্যন্ত লো বলে তাদের ১২ মাসে ১৩ মাসের মাইনে পাওয়া উচিত। এই সূত্র ধরে বোনাস কমিশন 8% মিনিমাম ওয়েজের সাজেশন দেন এবং প্রফিট অনুযায়ী ম্যাক্সিমাম ২০% পর্যন্ত এই ফর্মূলা যখন বোনাস এ্যাক্টে করা হয় তখন কিছু কিছু মডিফ্যাই করা হয়। মডিফ্যাই ২০% এর ক্ষেত্রে করা হয়নি। মডিফ্যাই করা হয় সেখানে রেট অব ইণ্টারেস্ট ওয়ার্কিং ক্যাপিটাল এণ্ড ফিক্সড ক্যাপিটালের ২% করে বাড়িয়ে দেওয়া হয়। কিন্তু তা সত্ত্বেও বোনাস এ্যাক্ট হল এবং ভারতবর্ষের শ্রমিকরা ১৯৬৫ সালে একটা স্বস্তির নিশ্বাস ফেলল। অর্থাৎ বোনাসকে স্বীকৃতি গভর্ণমেণ্ট দিল এবং শ্রমিকরা বোনাস পাবে। ধনিক শ্রেণীরা তাকে ফাঁকি দেবার জন্য ব্যালেন্স শীটে হাজার রকমের কারচুপি করেন, করছেন এবং এখনও করেন। যেমন সুকুমারবাবু বললেন ৫ লক্ষ টাকা গোবর কেনা হয়েছে বলে মালিকরা দেখালেন।

[4-25—4-35 p.m.]

সেটা মেনে নিল সকলে কারণ, ব্যালেন্স শীট মালিকরাই ঠিক করেন। এখন কথা হচ্ছে এই করে ১৯৩৫ সালে আমরা পেলাম। বোনাস নিয়ে আমরা ট্রাইবুন্যাল করে যাচ্ছি, বোনাসের পরিমাণও বেড়েছে, কিন্তু যেটা স্থিরনিশ্চিত ছিল ১৯৭৫ সালে এমারজেন্সির সুযোগ নিয়ে বিনা মেঘে বজ্রাঘাতের মত আমাদের মাথায় এসে পড়ল বোনাস বন্ধ। এটা নিয়ে পার্লামেণ্টে, সর্বভারতীয় ক্ষেত্রে হৈচৈ হয়েছে, সকলে বোনাস বয়কট করেছে। এ আই টি ইউ সি, শ্রম আন্দোলন যাঁরাই করেন কেন্দ্রীয় প্রতিষ্ঠান সকলে মিলে সিদ্ধান্ত করে হোক, না করে হোক, একসঙ্গে বোনাস বয়কট করেছে। তার পরবর্তী ধাপ হিসাবে আমরা সারা ভারতবর্ষে প্রতিটি কারখানায় ২ লক্ষ ২০ হাজার শ্রমিক অনশন ধর্মঘট করেছি ২৪ ঘণ্টার জন্য বোনাস এ্যাক্ট যেটা করছে সেটা প্রত্যাহার করে নেওয়ার দাবিতে। কিন্তু তবুও কোন ফল হল না, শুধু ৪ পার্সেণ্ট ১৯৭৫ সালে যেটা সিদ্ধান্ত হয়েছিল সেটাই রইল, আর কিছু বাড়ল না। তার-পর মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে এই বোনাসের দাবিতে হরতাল হয়েছে, কোয়েম্বাটুরে সুতাকলে হরতাল হয়েছে। কারণ প্রফিটের অংশ শ্রমিকদের ন্যায্য অধিকার, এটা আমরা কিছুতেই খণ্ডিত হতে দেব না এই আমাদের মনোভাব। স্যার, এটা নিয়ে গত বছর পার্লামেণ্টে চেঁচামেচি হয়েছে, কিন্তু আশ্চর্যের ব্যাপার হচ্ছে এই সরকার আমাদের বোনাস কেটে দিলেন, কিন্তু মালিকদের বোনাস শেয়ার দেওয়া বন্ধ করলেন না। বছর বছর জিনিসের দাম কমলো কি না কমলো আমি জানি না, সেটা আপনারা বলতে পারেন, কিন্তু বোনাস না দিয়ে মালিকরা যে লাভ করল তাতে একটা শেয়ারের জায়গায় তিনটা বোনাস শেয়ার দিয়ে দিল শেয়ার হোল্ডারদের। যার একটা শেয়ারে ১০০ টাকা আছে সে ৩টি বোনাস শেয়ার পেল। শুধু বোনাস শেয়ার নয়, ডিভিডেণ্ড পাবে। ১০০ টাকার শেয়ার থাকলে ৪০০ টাকা ডিভিডেণ্ড পাবে, এটা বলবৎ রইল। বোনাস শেয়ার দেওয়া চলবে না এটা তাঁরা কোনদিন করলেন না। আমি জানি ৩০ পার্সেণ্ট ৪০ পার্সেণ্ট পর্যন্ত ডিভিডেণ্ড ডিক্লেয়ার করেছে এই ভারতবর্ষের বিভিন্ন কারখানা। তার বিরুদ্ধে কোন অঙ্গুলি হেলন পর্যন্ত হল না, শ্রমিকের বোনাস কাটা গেল। এই বোনাস বন্ধ করে দিয়ে মালিকরা লক্ষ লক্ষ কোটি কোটি টাকা লাভ করেছে, বোনাস শেয়ার দিয়েছে, ডিভিডেণ্ড দিয়েছে ৪০ পার্সেণ্ট পর্যন্ত, কিন্তু ভারত সরকার এক কপর্দকও সুবিধা গ্রহণ করতে পারেন নি। বোনাস শ্রমিকদের না দিয়ে সেই টাকা সরকারী দপ্তরে জমা রাখ যেমন সি ডি এস করেছেন, ৫ বছর পরে পয়সা ফেরত পাবে, তাহলে বুঝতে পারতাম বোনাসের সেই ৯০ কোটি টাকা নিয়ে সরকার নদী-নালা কেটে, টিউবওয়েল করে, কারখানা খুলে কিছু লোককে চাকরি দিয়ে দেশের উপকার করল। কিন্তু তা নয়, মালিকদের সন্তোষ করবার জন্য এই বোনাস আইন তৈরি করা হল এবং সবচেয়ে দুঃখজনক ব্যাপার হচ্ছে পূর্বতন যে চুক্তি ছিল সমস্ত চুক্তি বাতিল হয়ে গেল। এই সমস্ত তাঁরা করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা বললেন যে বোনাস লিংকিং প্রোডাকশন যদি হয় তাহলে নিশ্চয়ই বোনাস থাকবে। আমার মনে হয় তখনকার সুব্রহ্মানিয়াম, টি এ পাই, তদানীন্তন প্রধানমন্ত্রী ভারতবর্ষের ধনীক শ্রেণীকে কতখানি চিনতেন কিংবা ব্লাইণ্ড ওয়েতে দালালি করেছেন কিনা আমি জানি না।

তারা বলেছিল বোনাস লিংকিং প্রডাকশন। আমাদের দেশের মালিকরা প্রোডাকশন বাড়াতে দেয় না কারণ তাদের লক্ষ্য হচ্ছে মুনাফা। মুনাফার জন্য তারা প্রোডাকশন করে

এবং সেই মুনাফা গেলে তারা অপটিমাম প্রোডকশন রাখার জন্য প্রোডাকশন কার্টেল করে এটা হচ্ছে ভারতবর্ষের ধনিক শ্রেণীর বরাবরের চরিত্র। আমি জানি না এই কথা আমাদের কেন্দ্রীয় মন্ত্রী মহাশয় জানেন কিনা। আমরা দেখেছি তাঁত বন্ধ করে দিয়েছে মালিকরা, কারণ প্রোডকশন বেশী হয়ে গেছে। এই যেখানে অবস্থা সেখানে বোনাস লিংকিং প্রোডাকশন বললেও কি করে শ্রমিকরা বোনাস পাবে সেটা আমি বুঝতে পারছি না। আমি মনে করি এটা বোকাকে ধোঁকা দেবার একটা চেষ্টা। কিন্তু মনে রাখবেন আমরা বোকা নই, মালিককে খুশি করবার জন্য যে এটা করা হচ্ছে সেটা আমরা জানি। আমি নিশ্চয়ই করে বলতে পারি বোনাসের দাবী তোলার কোন সুযোগ এ আই টি ইউ সি কখনও ছাড়েনি। আমরা যখন ইন্দিরা গান্ধীর কাছে ডেপুটেশনে গিয়েছি তখন তিনি আমাদের বলেছিলেন, পৃথিবীর কোন্ দেশ বোনাস দেয় দেখাও। তখন ডাঙ্গে সাহেব প্রধানমন্ত্রীকে বলেছিলেন, পৃথিবীতে এমন কোন দেশ আছে যেখানে ১০০টি কারখানা ৪০ বছরে এক পয়সাও প্রফিট করেনি? যাহোক, আমাদের বক্তব্য হচ্ছে ৮·৩৩ বোনাস এটা বহাল রাখতে হবে এবং নেগোসিয়েটেড সেটেলমেণ্ট করবার অধিকার শ্রমিককে দিতে হবে। আমরা দেখেছি পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষের সমস্ত মালিক শ্রেণী ব্যালেন্স শীটে চুরি করে। আমরা মনে করি যতদিন না অডিট ফার্ম ন্যাশনালাইজ হচ্ছে ততদিন কিছু হবে না। আমরা বলেছি অডিট ফার্ম যদি ন্যাশনালাইজ করেন তাহলে সব চুরি ধরা পড়বে। কাজেই যতদিন পর্যন্ত না অডিট ফার্মগুলি ন্যাশনালাইজ হচ্ছে ততদিন পর্যন্ত আমার দু' নম্বর এ্যামেণ্ডমেণ্ট অর্থাৎ নেগোসিয়েটেড সেটেলমেণ্ট এটাকে বহাল রাখতেই হবে এবং তারপর আমার বক্তব্য হচ্ছে যেটা হবে সেটাকে ১৯৪৪ সাল থেকে এফেক্ট দিতে হবে। আমি আশা করি হাউসের সদস্যরা আমার এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করবেন এবং এ্যামেণ্ডমেণ্টসহ আমার প্রস্তাব পাশ করবেন। তারা লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা প্রফিট করবে এটা এই বিংশ শতাব্দীতে হতে পারে না। প্রফিট শেয়ারিং বোনাস আমাদের দিতে হবে, সেটা আমরা চাই।

[4-35—4-45 p.m.]

শ্রীসুধীর বেরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিখিল বাংলা বিদ্যালয়ের অশিক্ষক কর্মী সংস্থা একটা শোভাযাত্রা করে বিধানসভার দিকে আসছিলেন পুলিশ তাঁদের এসপ্ল্যানেড ইস্টের কাছে প্রতিরোধ করে রেখেছে, তাঁদের দাবী হচ্ছে শিক্ষামন্ত্রী নিজে গিয়ে তাঁদের বক্তব্য শুনুন এবং তাঁদের সামান্য দাবীদাওয়ার প্রতিকার করুন। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী যেন তাঁদের দাবীদাওয়া শুনে প্রতিকারের ব্যবস্থা করেন।

Shri Nandalal Banerjee : Sir, I beg to move that—

In lines 8 to 24, for the words beginning with "for any accounting" an ending with "actually worked", the following be substituted, namely :—

"Every employer shall be bound, subject to other provisions of the Act, to pay to every employee in an accounting year commencing on any day in 1976, a minimum bonus which shall be 8·33 percent of the salary or wage earned by the employee during the accounting year or Rs. 150/- whichever is higher, whether there is any profit in the accounting year or not ;

Provided that where such employee has not completed 15 years of age at the beginning of the accounting year, the provisions of this sub-Section shall have effect in relation to such employee as if for the words Rs. 150/- the words seventy-five rupees shall be substituted.

For sub-Section (2) of Section 10 of the Act, the following be substituted, namely :—

(2) (i) Where in respect of any accounting year the allocable surplus exceeds the amount of minimum bonus payable to the employees under Section 10, the employer shall, in lieu of such minimum bonus, be bound to pay to every employee in the accounting year bonus which shall be an amount in proportion to the salary or wage earned by the employee during the accounting year subject to a maximum of twenty percent of such salary or wage.

(ii) In computing the allocable surplus under this section, the amount set-on or the amount set-off under provisions of Section 15 shall be taken into account in accordance with the provisions of that Section.

sub-Section (3) of Section 10 of the Act be deleted."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভবানী পাল মহাশয়, ১৮৫তে যে মোশান দিয়েছেন তাতে আমি আমার এ্যামেণ্ডমেণ্ট মুভ করছি। আলোচনার মধ্যে দুটো কথা সকলেই বলেছেন যে প্রফিট আর এ্যালোকেবল সারপ্লাস থাকছে। এই দুয়ের মধ্যে সত্যিকারের বিচার করা শক্ত হয়ে পড়বে সেজন্য আমি আমার এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি। ইন দিস কানেকশন আমি এই কথা বলতে চাইছি যেটা ছিল নিগোসিয়েটেড বোনাস সেকশন ৩৪(৩) সেটা আমার মনে হয় এই হাউসের সামনে নিয়ে এসে সে জিনিসটাও যাতে চালু হয় তার যেন ব্যবস্থা করা হয়।

Shri A. H. Besterwitch : Sir, after this amendment has been moved—I think it is a very nice amendment—I withdraw my amendment. At the same time, I must say, I am rather surprised that this resolution has been brought before this House this year by the honourable members who are themselves represented in the Apex Body. It was they who, during that period, brought down the bonus and sang alleluia to it. When other unions wanted to make a movement they discouraged them.

During the Emergency lot of things were done, even in the States as well as in the Centre by the appex body. I repeatedly requested the Labour Minister to let me know the names of the appex bodies in the States as well as in the Centre but I have not got them. This was the doing of the appex bodies in which INTUC, AITUC and HMS were the only representatives, and I think honourable Bhowani Paul was one of the members. Today because there is a new Government and to put pressure on it this Resolution has been brought forward although I appreciate it. I cannot really understand the lot of activities coming in this House as soon as the new Central Government came into power but prior to that nobody thought of it. However,

I appreciate the idea behind the Resolution. I think in 1976 this 8.33 percent was brought down to 4 percent. I think Shri Bhowani Paul has forgot the movement going on in the tea gardens which he did not like to express because they were against it. So I am surprised to see that after bringing it down to 4 p.c., cutting the nose of the labourers, today this Resolution has been placed in this House. Whatever it may be, without any prejudice to anybody, I wholeheartedly support this Resolution, and I think the Labour Minister will send this Resolution immediately to the Central Government. But there are some factors in the second Resolution of Mr. Nandalal Banerjee when he brings down the amount to Rs. 75 for the people below 15 years of age. Sir, I represent the tea gardens. I think many people may not know the working of the tea gardens. There are fathers of two or three children and the children also work in the tea gardens whose ages are below 15. So 'under 15' is a vague term, specially for the tea gardens.

Dr. Gopal Das Nag : After 15 we can put the words "child worker" within bracket.

Shri A. H. Besterwitch : I hope you will rectify this. With these words, I support the Resolution and I think it should have come here much earlier.

[4-45—4-55 p.m.]

শ্রীলক্ষ্মীকান্ত বোস ঃ

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ভবানী পাল মশায় যে মোশান এনেছেন, আমি তাকে সমর্থন করছি। আর সেই সঙ্গে যে সংশোধনী নন্দলাল ব্যানার্জী মশায় এনেছেন---সেই সংশোধনী গ্রহণ করবার জন্য সকলকে অনুরোধ করছি। কেন্দ্রে নতুন সরকার প্রতিষ্ঠিত হয়েছে। এটা আশার কথা, আনন্দের কথা---এই সরকার ঘোষণা করেছেন বোনাস ডেফার্ড ওয়েজ হিসেবে। অনেকদিন ধরে এই নিয়ে আমাদের সংগ্রাম চলছিল—বোনাস শ্রমিকদের ডেফার্ড ওয়েজ হিসেবে তোমরা স্বীকার কর। সরকার এতদিন তা করেনি। জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে যেভাবে বোনাস কেটে দেওয়া হয়েছে, সেটা দুঃখের ব্যাপার সন্দেহ নেই। আমি তদানীন্তন একজন কেন্দ্রীয় মন্ত্রীকে প্রশ্ন করেছিলাম আপনারা বোনাস কেটে দিয়েছেন, আমরা ট্রেড ইউনিয়ন করি—শ্রমিক অধ্যুষিত এলাকায় এই কারণে ঢুকতে পারছি না। কেন্দ্রে কংগ্রেস সরকার রয়েছে। এজন্য আমাদের নানারকম প্রশ্নের সম্মুখীন হতে হচ্ছে। তিনি তার উত্তরে বলেছিলেন—পৃথিবীর কোন দেশে তো বোনাস সিস্টেম নেই। তখন আমি উত্তর দিয়ে ছিলাম—অন্যান্য দেশে শ্রমিকদের যেসব সুযোগ-সুবিধা রয়েছে একজিস্টিং ফেসিলিটিস যেগুলো সেখানে আছে, তা কি আপনারা শ্রমিকদের দিচ্ছেন? সেসব না দিয়ে আপনারা এটা ক্যাটেল করে দিচ্ছেন। বোনাস মাসিক মাইনের সঙ্গে হিসেব করা থাকে। সারা বছর তাঁরা যে মাইনা পান সেটা খরচ করেন। আর অতিরিক্ত যেটা বছরের শেষে বোনাস হিসেবে পাবেন, সেটা তাঁরা রেখে দেন—এটা অতিরিক্ত রোজগার—এটা তাদের সন্তান-সন্ততিদের জন্য আনন্দ-উৎসবে কাজে লাগান। এই বোনাস হঠাৎ করে কেটে দেওয়া হলো। আমি ন্যাশন্যাল লেবার কো-অর্ডিনেশন কাউন্সিলের চেয়ারম্যান আছি—এর এ্যাপেক্স কমিটিতে গোপালবাবু

আমাকে স্থান দিয়েছিলেন। এ আই টি ইউ সি, আই এন টি ইউ সি বাধা দেওয়াব ফলে আমি এ্যাপেক্স কমিটিতে ঢুকতে পারিনি। বোনাস শ্রমিকদের অধিকার একটা। একে কেটে দেওয়া অত্যন্ত অন্যায়। আইন হলো এ্যালোকেবল সারপ্লাস থাকলে ৪% দিতে পারে। এই এ্যালোকেবল সারপ্লাস না থাকলে কিছুই দেবে না। বর্তমান ব্যালেন্স শীট সিস্টেম হলো, যে-কোন কোম্পানী ইচ্ছামত তাতে লস দেখিয়ে দিতে পারে। আপনি ৫০টি কোম্পানীর নাম বলে দিন---যেখানে লাভে চলছে। সব কয়টি কোম্পানী বলবে ১০/১৫ বছর ধরে আমরা লসে রান করাচ্ছি। এতবড় দেশপ্রেমিক তারা ১০ বছর ধরে দেশের স্বার্থে কোম্পানী লসে রান করাচ্ছে। এটা বিশ্বাস করতে হবে? তাদের বিশ্বাস অনুযায়ী, তাদের ব্যালেন্স শীট অনুযায়ী আমাদের বোনাস মেনে নিতে হবে। ব্যালান্স শীটে প্রয়োজনমত এ্যালোকেবল সারপ্লাসের পরিবর্তে লস দেখাবার পথ খোলা আছে। হাসিমারা বাজোরিয়া চা-বাগানে, বেষ্টার-উইচ সাহেব জানেন---৫ লক্ষ টাকার গোবর কেনার জন্য খরচ দেখানো হয়েছে---টু পারচেজ কাউডাঙ্গ। এই তো ব্যালেন্স শীট। কলকাতায় যে-সমস্ত কোম্পানী আছে তাদের ব্যালেন্স শীটের মধ্যে ক্যালকাটা ল্যাণ্ডের ভ্যালু ডিপ্রিসিয়েট করে কি করে না, কোম্পানীর ক্যালকাটা প্রপার্টি তার মেশিনারির ভ্যালু ডিপ্রিসিয়েট করে কি করে না---সেসব তাদের ব্যালেন্স শীটের মধ্যে দেখতে পাওয়া যাবে। এই ডিপ্রিসিয়েট করে করে ১২½% পার্সেণ্ট বছরে তারা নিয়ে যাচ্ছে। আগে যে এ্যাম্বাসাডার কার কণ্ট্রোল্ড রেটে পাওয়া যেত, সেটা সেকেণ্ড হ্যাণ্ড বিক্রি করলেও সেই দাম পাওয়া যায়। অধিকাংশ কারখানার গাড়ি বিক্রি করে কিনা জানি না, কিন্তু ১২½% ডিপ্রিসিয়েশন লস দেখানো হয়েছে। বোনাস ওটা ৮-৩৩% নয়, হওয়া উচিত ৮৪। ·৩৩ হলে ৯৯ হয়ে যায় ·০১ শ্রমিকদের বাদ পড়ে যায়। আমরা এক-তৃতীয়াংশ চাই। ৮·৩৩ হলে, এক তৃতীয়াংশ ভ্যালুর একটু কমে যাচ্ছে। এখানেও শ্রমিকেরা একটু লস করছে। আজকে নতুন কেন্দ্রীয় সরকার এসেছেন। শ্রমিক অধ্যুষিত অঞ্চলে আমরা ভোট পাইনি। শ্রমিকদের আমরা বোনাস দিতে পারিনি, কম্পালসারি ডিপোজিট স্কীমে টাকা কাটা হয়েছে। আন্দোলন করতে গেলে মিসায় গ্রেপ্তার করা হয়েছে, শ্রমিক অধ্যুষিত অঞ্চলে আমরা হেরে গিয়েছি। জনতা শ্রমিক অধ্যুষিত অঞ্চলে জিতেছে। আবার বড়বাজারে জিতেছে, চৌরঙ্গীতে জিতেছে। ফলে বোনাস পায়নি বলে খেটে খাওয়া মানুষ ভোট দিয়েছে, আবার মালিকরাও ওদের ভোট দিয়েছে। অতএব এই কেন্দ্রীয় সরকার কার দিকে দৃষ্টি দেবেন জানি না। আমি বড়বাজারে কাউণ্টিং দেখতে এসেছিলাম। দেখেছিলাম মাড়োয়ারীরা একশো টাকার নোট ফুঁ দিয়ে উড়িয়ে দিচ্ছে আর বলছে, বিজয় সিং নাহার জিৎ গিয়া, আর জনতা জিৎ গিয়া। ফলে এই লোকেরা আবার ক্ষমতায় আসীন সরকারকে কণ্ট্রোল করবে কিনা জানি না। আমার ভয়ঙ্কর আশঙ্কা হচ্ছে এই কারণে যে এই সরকার ক্যুিয়ার বলেন নি। রেল কর্মচারীরা যেসব ছাঁটাই হয়েছিলেন তাঁদের ফিরিয়ে নেওয়া হচ্ছে। কিন্তু জরুরী অবস্থায় বেসরকারী প্রতিষ্ঠানে যেসব ছাঁটাই হয়েছে সেগুলোর কি হবে? ডক থেকে ৫ হাজার ছাঁটাই হয়েছে। সেণ্ট্রাল গভর্ণমেণ্টের সেণ্ট্রাল রোড ওয়াটার ট্রান্সপোর্ট তুলে দিয়েছেন। অনেক লেখালেখি করেও কিছু হয়নি। চার বছর ধরে লড়াই করেছি, পাইনি। শ্রমিকেরা জরুরী অবস্থায় উৎপাদন বাড়িয়েছে। গলায় পা দিয়ে ১০টা থেকে ৫টা আট ঘণ্টার উপর আরও আধ ঘণ্টা, তার উপর আরও আধ ঘণ্টা---মোট ৯ ঘণ্টা এইভাবে শ্রমিকদের খাটিয়ে নিয়েছেন। পরিবর্তে না হয়েছে এগ্রিমেণ্ট। ডানলপ কোম্পানী, ইণ্ডিয়ান অক্সিজেন, ইউনিয়ন কারবাইড যারা

৫/৬ বছরের এগ্রিমেণ্ট করে রেখেছিল এই বোনাস নিয়ে জরুরি অবস্থায় যে আইন এসেছিল ইচ্ছে থাকলেও সেই কোম্পানীগুলো দিতে পারেনি। লিপটন কোম্পানীতে বোনাস উল্টো দিক দিয়ে দেওয়া হয়েছে, কনভিনিয়েন্স এ্যালাউন্স হিসাবে। দুঃখের বিষয় কোম্পানী দিতে চায়, কিন্তু এই সরকার এমনভাবে বললেন যে ইনফ্লেশন রোধ কর। ইনফ্লেশন রোধ করতে গিয়ে শ্রমিকদের ন্যূনতম মাইনে, শ্রমিকদের ন্যূনতম রোজগার আটকে দিয়ে না পেলেন শ্রমিকদের না পেলেন মালিকদের। আমি পরিষ্কারভাবে এই বোনাসের সংশোধনীকে সম্পূর্ণ সমর্থন করছি। এই ওয়ান-থার্ড বোনাস লস হক, প্রফিট হোক, ব্যালেন্স শীট দেখতে চাই না, শ্রমিকদের কাছে পেঁছবে—এইটা দেখতে চাই এবং অতিরিক্ত বোনাস প্রফিট এ্যাণ্ড লস দেখে, ব্যালেন্স শীট দেখে করবার সম্পূর্ণ সুবিধা এবং সুযোগ থাকবে। আজকে এই দাবী করে এই মোশানকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরথীন তালুকদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আই এন টি ইউ সি'র শ্রীভবানী পাল যে প্রস্তাব এনেছেন বিলম্বে হলেও তাকে অভিনন্দন জানিয়ে সমর্থন করছি। আমরা জানি জরুরী অবস্থায় যারা প্রথম বলি হয়েছিল তারা হচ্ছে শ্রমিক সম্প্রদায়, যাদেরকে বিগত ৩০ বছর ধরে অনেক আশ্বাস দেওয়া হয়েছিল, সান্ত্বনা দেওয়া হয়েছিল, বলা হয়েছিল, তোমাদের জন্য ন্যাশনাল ওয়েজ পলিসি দেওয়া হবে, তোমাদের জন্য ন্যূনতম বোনাস দেওয়া হবে। কিন্তু জরুরী অবস্থার সুযোগ নিয়ে প্রথম যাদের উপর আঘাত হানা

[4-55—5-05 p.m.]

হলো তারা হচ্ছে খেটে খাওয়া সম্প্রদায়ের মেহনতী মানুষ। আজকে ভবানীবাবুরা দুঃখ-প্রকাশ করছেন। কিন্তু এই কিছুদিন পূর্বে কেন্দ্রে তাঁদেরই সরকার ছিল। তখন যদি বিস্তারিত আলোচনা করে এই প্রস্তাব নিয়ে আসতেন তাহলে আমি তাঁকে সাধুবাদ জানাতাম। নতুন সরকারের শ্রমমন্ত্রী রবীন্দ্র ভার্মা একটা ষ্টেটমেণ্ট করেছেন—তাতে তিনি বলেছেন যে বোনাসকে ডেফার্ড ওয়েজ হিসাবে গ্রহণ করতে হবে। যে-সমস্ত শ্রমিক সম্প্রদায় বিগত কয়েক বছর ধরে লাঞ্ছিত হয়ে আসছে, ক্ষতিগ্রস্ত হয়ে আসছে তারা ৮·৩৩% বোনাস যাতে পেতে পারে সে সম্বন্ধে কেন্দ্রীয় সরকার সচতন থাকবেন। কেন্দ্রীয় সরকারের রেলমন্ত্রী শ্রীদণ্ডবতে দায়িত্ব গ্রহণ করবার পর জানিয়ে দিয়েছেন যে ৩০ হাজার রেল শ্রমিক-কর্মচারীকে বরখাস্ত করা হয়েছে তাদের পুনর্নিয়োগ করতে হবে। তিনি আদেশ দিয়েছেন অবিলম্বে তাদের কাজে পুনর্নিয়োগ করার জন্য। শুধু শ্রমিক সম্প্রদায় নয়, কৃষক, মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত, সর্বস্তরের মানুষ যারা তাদের যাতে কল্যাণ হয় সেজন্য এই সরকার নিশ্চয় দৃষ্টি দেবেন। একদিকে গঙ্গাসাগর থেকে আরম্ভ করে উত্তরে কেদারবদরী পর্যন্ত ভারতের সমস্ত মানুষ তাদের আজকে প্রত্যাখ্যান করেছেন। আজকে ভারতবর্ষের মানুষ জাগ্রত। আজকে বন্ধু ভবানীবাবু যে প্রস্তাব এনেছেন আমাদের সি এফ ডি এ-র তরফ থেকে এই প্রস্তাবকে আমরা সমর্থন করছি. এবং যাতে কেন্দ্রীয় সরকার এই প্রস্তাবের মর্মার্থ গ্রহণ করে যথোপযুক্তভাবে ন্যাশনাল বোনাস পলিসি ডিক্লেয়ার করেন, সেজন্য সি এফ ডি-র তরফ থেকে পূর্ণ সমর্থন জানাবেন। শুধু এই কথা আপনাদের জানাই আপনাদের কর্তব্যের অবহেলার কারণে আজকে ভারতবাসী যেভাবে আপনাদের প্রত্যাখ্যান করেছে আমরা সেই চিন্তাধারায় যাতে না যাই, সেই ভারতবর্ষের

মানুষ আমাদের যাতে প্রত্যাখ্যান করতে না পারে তার জন্য আমরা সজাগ থাকবো। এই বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : The time will expire at 5-5 p.m. So, with the sense of the House I extend the time by half an hour. I think, within half an hour it will definitely be finished.

শ্রীগোপালদাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীভবানী পাল যে প্রস্তাব এনেছেন এবং সেই প্রস্তাবের উপর শ্রীনন্দলাল ব্যানার্জী যে সংশোধনী প্রস্তাব দিয়েছেন মূলত এই দুটি একই উদ্দেশ্যপ্রণোদিত। তথাপি নন্দলালবাবুর যে সংশোধনী প্রস্তাব তাতে ডেফার্ড ওয়েজ কনসেপ্ট আরও পরিষ্কার হয়ে যাওয়ায় নিশ্চয় নন্দলালবাবুর প্রস্তাবকে স্বাগত জানাচ্ছি। আশা করি এটা ভবানীবাবুর কাছেও গৃহীত হবে। জরুরী অবস্থার মধ্যে কিছু কিছু আইন তৈরী হয়েছে শ্রমিকদের জন্য, কিছু কিছু নতুন নতুন আইন হয়েছে। তাতে কিছু কিছু মিস ফায়ার হয়েছে আবার কিছু কিছু ব্যাক ফায়ারও হয়েছে। এটা যেমন সত্য যে কিছু ভাল আইনও হয়েছে আবার কিছু আইন ঠিকভাবে প্রয়োগ না হওয়ার জন্য তার ফল ভাল হয়নি। যেমন ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টের চ্যাপটার ৫ 'বি' সংযোজন হওয়ায় অনেক সুযোগ এনে দিয়েছে এবং মালিকদের অধিকারকে অনেক বেশী খর্ব করেছে। কিন্তু আবার পেমেণ্ট অব বোনাস এ্যাক্ট, ১৯৭৬ যেটা সংশোধন হল সেটা ব্যাক ফায়ার করেছে। উদ্দেশ্য খুব খারাপ ছিল না—হয়ত উদ্দেশ্য ছিল প্রোডাকশন এবং প্রোডাক্‌টিভিটির উপর জাতীয় প্রয়োজনে জোর দেওয়া হোক এবং বোনাসকে তার সঙ্গে লিঙ্ক করা হোক, শ্রমিক শ্রেণীর অধিক উৎপাদনের মাধ্যমে যে অধিক টার্নওভার হবে তার ভিত্তিতে বাধ্যতামূলক বোনাস প্রত্যাহারের পরেও কমপেনসেটরি বোনাস পেয়ে যান অধিক প্রডাকশনের মাধ্যমে। কিন্তু বিগত ভারত সরকার—কেন্দ্রীয় সরকার ১ বছরের মধ্যে উপলব্ধি করতে পেরেছিলেন যে এটাও ব্যাক ফায়ার করছে। তার জন্য নির্বাচনের পূর্বে ভারত সরকার ভাবতে শুরু করেছিলেন ইন দি লাইন অব দি লাষ্ট ওয়ান ইয়ারস এক্সপিরিয়েন্স ১৯৭৬ সালে যে বোনাস আইন পরিবর্তন করা হল তার উপর রিথিঙ্কিংয়ের প্রয়োজন আছে। লক্ষ্মীবাবু বলেছেন প্রোডাকশন এবং প্রোডাক্‌টিভিটির ভিত্তিতে—গিরিজাবাবুও এই প্রসঙ্গ তুলেছেন। বোনাস চুক্তি নতুন আইন ৩১(এ) ধারা অনুযায়ী অধিকাংশ মালিক উৎসাহ দেখালেন না। শুধু অধিকাংশ মালিক বললে অন্যায় করা হবে এমন কি পাবলিক সেক্টর আণ্ডারটেকিংও বহু জায়গায় বিশেষ উৎসাহভরে এই ৩১ (এ) ধারার সুযোগ নিয়ে অধিক প্রোডাকশন এবং সঙ্গে সঙ্গে কমপেনসেটরি যে লস হয়েছে সেটাকে কমপেনসেটরি পেমেণ্টের মাধ্যমে পুরিয়ে দেবার কোন প্রয়াস পেলেন না। দ্বিতীয় কারণ যার জন্য ভারত সরকার নতুন করে চিন্তা করবার কথা ভাবলেন যে অডিটেড ব্যালান্স শীট, লক্ষ্মীবাবু যার সমালোচনা করলেন, তিনি সন্তোষজনক সমালোচনাই করেছেন, আমার ব্যক্তিগত অভিজ্ঞতাও তাই যে অডিটেড ব্যালান্স শীট এবং কোম্পানী থেকে যে প্রফিট এণ্ড লস এ্যাকাউণ্ট দেওয়া হয় সেটা সম্বন্ধে সন্দেহ করবার অবকাশ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ট্রেড ইউনিয়ন সম্বন্ধে আপনার অভিজ্ঞতা আছে, আপনি জানেন ট্রাইব্যুনালের সামনে এই অডিটেড ব্যালান্স শীট প্রফিট এণ্ড লস এ্যাকাউণ্ট কোম্পানী যেটা দেয় সেটা চ্যালেঞ্জ করবার অধিকার ট্রেড ইউনিয়নের নেই, শুধু দুয়ে দুয়ে চার হয়েছে কি পাঁচ হয়েছে এই যোগাযোগ করবার অধিকার আছে। নতুন করে ব্যালান্স

শীট তৈরীর অধিকার নেই উপযুক্ত ব্যক্তিদের দিয়ে পরীক্ষা করিয়ে নেওয়ার—এই অধিকার বোনাস এ্যাক্টে দেওয়া হয়নি। তৃতীয় হচ্ছে লক্ষ্মীবাবু বলেছেন ১৫ বছর কারখানা লসে চলছে—এটা কি করে হয়? তা যদি নাও চলে এমনও দেখা গেছে কারখানায় লাভ হয়েছে, কিন্তু এ্যালোকেবল সারপ্লাস হয়নি। হয়ত বহু লক্ষ টাকা লাভ হয়েছে কিন্তু বিগত কয়েক বছরের দেনা শোধ দিতে এবং কারখানা দাঁড় করানোর জন্য রিজার্ভ টাকা রাখা ইত্যাদি কারণে ডিভিডেণ্ড পূরণ করতে গিয়ে সব লাভ চলে গেল, এ্যালোকেবল সারপ্লাসের ভাগ্যে শূন্য—সুতরাং লাভ হওয়া সত্ত্বেও শ্রমিকরা বোনাস পেল না এবং এইরকম অনেক কারণ আছে। যার ফলে ১৯৭৬ সালে যে সংশোধন হল বোনাস এ্যাক্টের তার পিছনে যে উদ্দেশ্যই থাকুক —ভারত সরকারের যদি এই উদ্দেশ্য থেকে থাকে প্রোডাকশন এবং প্রোডাক্‌টিভিটির সঙ্গে যদি লিঙ্ক করে দেওয়া যায়, প্রফিট এণ্ড লস এ্যাকাউণ্ট ডিলিঙ্ক করে দেওয়া হয় তাহলে শ্রমিকদের লোকসানের ভাগ বাড়বে না, দেশে প্রোডাকশন এবং প্রোডাক্‌টিভিটির ভাগ বাড়বে, তাতে জাতি সমৃদ্ধশালী হবে, শ্রমিকরা লোকসানের মধ্যে পড়বে না। ভারত সরকার সারকুলার দিয়ে বিভিন্ন প্রাদেশিক সরকারকে জানিয়ে দেওয়ার পরে আইনে রূপান্তরিত করার আর সুযোগ পাননি। আমরা অত্যন্ত আনন্দিত যে বর্তমানে আমাদের জাতীয় সরকার সেই উপলব্ধি করতে বিশেষ দেরী করেন নি।

[5-05—5-15 p.m.]

কিন্তু তাদের উপলব্ধি ঘোষিত হবার পরে, কবে এটা হবে আমি বুঝতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় এই ব্যাপারটা একটু আগে হয় অন্যান্য প্রদেশের থেকে। অন্যান্য প্রদেশে যেখানে এটা কালীপূজার সময় হয়, সেখানে পশ্চিমবাংলায় দুর্গা-পূজার আগে থেকে এই নিয়ে ঝঞ্ঝাট শুরু হয়ে যায়। সুতরাং আমাদের গরজ বেশী। আমাদের একটু তাগিদ দেবার দরকার আছে এবং কি লাইনে পরিবর্তন হওয়া উচিত সেটা অন্ততপক্ষে সংশোধনীতে খুব পরিষ্কার হয়ে গেছে। আমি মনে করি, সেকশন ৩৪(৩), যেটা আগে ছিল, সেটায় কিছু কোয়ালিফায়েড ক্লুজ জুড়ে সেটা পুনরায় প্রবর্তন করা উচিত। কম-পক্ষে যে কারখানায় এক টাকাও লাভ হয়েছে, সেখানে শ্রমিকদের নিগোশিয়েট করবার অধিকার থাকা উচিত। লাভ-লোকসান বাদ দিয়ে ন্যূনতম একটা টাকা পাবে, সেই বিষয়ে সুনিশ্চিত বিশ্বাস থাকা উচিত, এই দুটো যে সংশোধনী এসেছে, তার মধ্যে আছে, আমি মনে করি, এই সংশোধনী যদি আমরা বিনীতভাবে ভারত সরকারের কাছে পাঠাই, তাহলে এর মর্যাদা ভারত সরকার দেবেন। এই বছরের মধ্যে যদি সংশোধন যথাযথভাবে হয় তাহলে আগামী পূজার সময় ১৪ লক্ষ শ্রমিক লাভবান হবে এবং পশ্চিমবাংলার অর্থনীতিতে এর একটা ইম্প্যাক্ট হবে এবং সমগ্র পশ্চিমবাংলার মানুষ উপকৃত হবে। এই বলে, ভবানী পাল মহাশয় এবং পঙ্কজ ব্যানার্জী মহাশয় যে মোশন এনেছেন তাকে সরকার পক্ষ থেকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবানী পাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে হাউসে যে মোশন এনেছি, সেই মোশনে যাঁরা যাঁরা সমর্থন করেছেন তাঁদের সকলকে ধন্যবাদ জানিয়ে এবং মাননীয় নন্দবাবু যে সংযোজন এনেছেন সেটা মেনে নিচ্ছি এবং মাননীয় শ্রীগিরিজাবাবু যে সংশোধন

বাবু বলেছেন যে নতুন করে কেন এই সংশোধন আনার প্রয়োজন হ'ল, আগে কেন করা হয়নি। আমি জবাবে বলতে চাই,—উনিও হয়তো জানেন কারণ, উনিও আই এন টি ইউ সি'র সদস্য ছিলেন, আই এন টি ইউ সি'র ওয়ার্কিং কমিটি থেকে গত ফেব্রুয়ারী মাসে বোনাস এ্যাক্টের বিরোধিতা করা হয়েছে এবং প্রধানমন্ত্রীর কাছে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রতিনিধি পাঠানো হয়েছে এর বিরোধিতা করে। এবং তিনিও সরকারীভাবে স্বীকার করেছিলেন যে এই বোনাস এ্যাক্ট এ্যামেণ্ড হওয়া দরকার।

এবং সেই মর্মে বিভিন্ন সাংগঠনিক জায়গাতেও এই ধরনের আলাপ-আলোচনা চলছিল, কাজেই আমরা নিশ্চিন্ত ছিলাম। ভোটের পর যদি কংগ্রেস সরকার গঠিত হত তাহলে এটা আনার প্রয়োজন ছিল না কিন্তু তা হয়নি বলেই এটা করতে হয়েছে। প্রতিশ্রুতি তো অনেকেই অনেক দেন, ইলেকশন ম্যানিফেষ্টোতে তো অনেক কথাই বলা থাকে, এখন সেই সব প্রতিশ্রুতির ব্যাপারে এঁরা কতখানি অগ্রসর হবেন বা কতটা কি করবেন আমরা বুঝতে পারছি না বলেই এটা করতে হয়েছে। তাছাড়া আমাদের পশ্চিমবাংলার মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় বলেছেন যে, পূজার আগেই বোনাস দেওয়া দরকার, এটা এপ্রিল মাস, পূজার আর কয়েক মাস মাত্র বাকি কাজেই সেই কারণেও আমাদের আগ বাড়িয়ে যেতে হচ্ছে। এই বোনাস এ্যাক্ট যদি তাড়াতাড়ি এ্যামেণ্ডেড না হয় তাহলে পশ্চিমবাংলার শ্রমিকরা পূজার আগে বোনাস পাবে না এবং তা যদি হয় তাহলে শ্রমিক অসন্তোষ দেখা দেবে, উৎপাদন ব্যাহত হবে, দেশের অগ্রগতি ব্যাহত হবে। সেইজন্য আমরা মনে করি এই বোনাস আইনের সংশোধন শ্রমিকদের স্বার্থে, দেশের স্বার্থে, উৎপাদন বৃদ্ধির স্বার্থে যত তাড়াতাড়ি সম্ভব করা দরকার। পরিশেষে বলি, নন্দবাবুর যে সংশোধন তাকে সমর্থন জানিয়ে এবং আপনাদের সকলের সমর্থন চেয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of **Shri Nandalal Banerjee** that—

In lines 8 to 24, for the words beginning with "for any accounting" an ending with "actually worked", the following be substituted, namely :—

"Every employer shall be bound, subject to other provisions of the Act, to pay to every employee in an accounting year commencing on any day in 1976, a minimum bonus which shall be 8.33 percent of the salary or wage earned by the employee during the accounting year or Rs. 150/- whichever is higher, whether there is any profit in the accounting year or not :

Provided that where such employee has not completed 15 years of age at the beginning of the accounting year, the provisions of this sub-Section shall have effect in relation to such employee as if for the words Rs. 150/- the words seventy-five rupees shall be substituted.

For sub-Section (2) of Section 10 of the Act, the following be substituted, namely :—

(2) (i) Where in respect of any accounting year the allocable surplus exceeds the amount of minimum bonus payable to the employees under Section 10, the employer shall, in lieu of such minimum bonus, be bound to pay to every employee in the accounting year bonus which shall be an amount in proportion to the

salary or wage earned by the employee during the accounting year subject to a maximum of twenty percent of such salary or wage.

(ii) In computing the allocable surplus under this section, the amount set-on or the amount set-off under provisions of Section 15 shall be taken into account in accordance with the provisions of that Section.

Sub-Section (3) of Section 10 of the Act be deleted," was then put and agreed to.

The motion of **Shri Girija Bhusan Mukhopadhyaya** that—

(i) In line 10, for the word "any", the word "no" be substituted.

(ii) In lines 15 to 24, for the words beginning with "Further that" and ending with "actually worked", the following be substituted, namely :—

"Nothing contained in the said Act shall be construed to preclude employees employed in any establishment or class of establishment from entering into agreement with their employer from granting them an amount of Bonus under a formula which is different from that under said Act.

Provided that such agreement whereby the employees relinquish their right to receive the minimum Bonus *i.e.* 8.33% under Section 10 shall be null and void in so far as it purports to deprive them of such right".

(iii) The following new paragraph be added at the end of the motion, namely :—

(3) It should be given effect from financial year 1974," was then, by leave of the House, withdrawn.

The motion of **Shri Bhawani Paul,** as amended, viz.—

"Whereas it is becoming increasingly difficult for the Industrial workers of our State to make both ends meet without some pecuniary supplement in the form of bonus.

This House, therefore, urges upon the Government of India to make amendments to the Payment of Bonus Act, 1965 (Act XXI of 1965), in so far as it relates to its application to West Bengal in the following manner :—

(1) That Section 10 of the Payment of Bonus Act, 1965 (Act No. 21 of 1965), be so amended that every employer shall be bound, subject to other provisions of the Act, to pay to every employee in an accounting year commencing on any day in 1976 a minimum bonus which shall be 8.33 percent of the salary or wage earned by the employee during the accounting year or Rs. 150 whichever is higher, whether there is any profit in the accounting year or not ;

Provided that where such employee has not completed 15 years of age at the beginning of the accounting year, the provisions of the sub-Section shall have effect in relation to such employee as if for the words Rs. 150 the words seventy-five rupees shall be substituted.

For sub-Section (2) of Section 10 of the Act, the following be substituted, namely :

(2) (i) Where in respect of any accounting year the allocable surplus exceeds the amount of minimum bonus payable to the employees under Section 10, the employer shall, in lieu of such minimum bonus, be bound to pay to every employee in the accounting year bonus which shall be an amount in proportion to the salary or wage earned by the employee during the accounting year subject to a maximum of twenty percent of such salary or wage.

(ii) In computing the allocable surplus under this section, the amount set-on or the amount set-off under provisions of Section 15 shall be taken into account in accordance with the provisions of that section.

The sub-Section (3) of Section 10 of the Act be deleted, was then put and agreed to."

19th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 19th report of the Business Advisory Committee which at its meeting held on 4.4.77 in my Chamber considered the question of allocation of dates and time for the disposal of legislative business and recommended as follows :—

Wednesday, 6.4.77	(i)	The West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1977 (Introduction, consideration and passing) 1 hour.
	(ii)	The Calcutta Municipal (Amendment) Bill, 1977 (Introduction, consideration and passing) 2½ hours.
	(iii)	The Calcutta Municipal (Second Amendment) Bill, 1977 (Introduction, consideration and passing) ½ hour.
Monday, 11.4.77	(i)	The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1977 (Introduction, consideration and passing) 2 hours.
	(ii)	The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1977 (Introduction, consideration and passing) ½ hour.
	(iii)	The West Bengal Central Valuation Board Bill, 1977 (Introduction, consideration and passing) 1½ hours.

The Minister-in-Charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal: *Sir, I beg to move that the 19th Report of the Business Advisory Committee presented this day, be agreed to by the House.*

The motion was then put and agreed to.

LEGISLATION

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1977

Dr. Gopal Das Nag: Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1977.

(Secretary then read the title of the Bill)

Dr. Gopal Das Nag: Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1977, be taken into consideration. This Bill is to replace the Bengal Amusement Tax (Amendment) Ordinance, 1977, the Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1977 and the Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1976.

[5-15—5-25 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের তিনটি অংশ আছে। প্রথমটা রেস কোর্সে আমাদের যে এ্যামিউজমেণ্ট ধার্য আছে সেটার উপর বর্তমানে ট্যোটালাইজেটর ট্যাক্স যা আছে সেটা কমিয়ে শতকরা ১৮ টাকায় আনতে চাচ্ছি এবং বিটিংয়ের উপর যে ট্যাক্স আছে সেটাও শতকরা ২০ টাকায় আনতে চাচ্ছি। এর কারণ হচ্ছে, এটা বাড়িয়ে যখন শতকরা ২২॥ টাকা করা হল এবং হাফ পারসেণ্ট সারচার্জ করা হল, তারপর থেকে দেখা যাচ্ছে যে স্টেট গভর্ণমেণ্টের যে রেভিনিউ আমদানী এর থেকে হয়ে থাকে সেটা কমতে শুরু করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সন্দেহ করবার কারণ আছে যে, এই উচ্চহারে ট্যোটালাইজেটর ট্যাক্স ধার্য হবার ফলে অফ-টেক অব বিটিং অর্থাৎ অন্যায়ভাবে প্রাইভেট বুকির কাছে বিটিং করা এটা বোধ হয় বৃদ্ধি পেয়েছে। আমার মনে হয়, যদি আমরা ট্যোটালাইজেটর ট্যাক্স কমিয়ে দিই তাহলে এই ইভিল প্রাক্‌টিশ কমে যাবে। আরো বেশী ট্যোটালাইজেটর ট্যাক্স রেভিনিউ আমদানী হবে তার ফলে সরকারী রেভিনিউ যেটা কমে গেছে ট্যাক্সের হার বৃদ্ধির পরেও সেটা পুরণ হয়ে যাবে। ঠিক একই কারণে বিটিং ট্যাক্স ২০ পারসেণ্ট করতে প্রস্তাব করা হয়েছে। দ্বিতীয় যে প্রস্তাব করা হয়েছে, সেটা হচ্ছে ইলেকট্রিক্যাল এনার্জির যারা কন্‌জিউমার তাদের বিভিন্ন ধরনের বিদ্যুৎ ব্যবহারের প্রয়োজনে বিভিন্ন মিটার রাখার দরকার আছে। তা যদি কেউ না করতে পারেন তাহলে হাইয়েস্ট এ্যাপ্লিকেবল রেটের উপর, সমস্ত কনজামশনের উপর ইলেকট্রিসিটি ডিউটি দিতে হয়। আমরা ফ্যাইনাল বিলে যে প্রস্তাব করেছি তাতে এবং দেখা যাচ্ছে যে ডি সি এলাকায় মিটার সবসময় যথেচ্ছ পরিমাণ সংখ্যায় পাওয়া যাচ্ছে না। ইচ্ছা থাকলেও অনেকে লাগাতে পারছে না—আমরা যে প্রস্তাব করেছি তাতে যদি পৃথক পৃথক মিটার না থাকে, পৃথক পৃথক ধরনের বিদ্যুৎ ব্যবহার হচ্ছে, তার জন্য গড়পড়তা হাইয়েস্ট এ্যাপ্লিকেবল রেটে ইলেকট্রিসিটি ডিউটি না নিয়ে একটা এসটিমেট করে নিয়ে যে কোন বাবদে কত বিদ্যুৎ খরচ হয়ে থাকতে পারে,

ব্যবহারকের কোন্ প্রয়োজনে খরচ হচ্ছে, এই সম্বন্ধে মোটামুটি একটা এসটিমেট করে সেই অনুযায়ী রেট ধার্য করা হবে।

অর্থাৎ এতে প্রত্যেকটি কনজিউমার যদি বিভিন্ন প্রয়োজনে বিভিন্ন মিটার না রাখতে পারেন তাহলে তাঁরা রিলিফ পাবেন। তৃতীয় প্রস্তাব হচ্ছে এই বিলে যে মপেডস্, স্কুটার, মটোরাইজড সাইকেল-রিকশার উপর আমাদের সেলস ট্যাক্স বর্তমানে চালু আছে ১৫ টাকা এবং এর উপর সারচার্জ ও এ্যাডিশন্যাল সারচার্জ চালু যেটা আছে ১৫ টাকা তার জায়গায় ৭ টাকা লাগবে। এগুলি অর্ডিন্যান্স করে চালু ছিল। এর কিছু কিছু পরিবর্তন করে ঐ অর্ডিন্যান্সগুলির পরিবর্তে এই বিল বিধানসভায় পাশ করছি যাতে ঐ ব্যবস্থাগুলি চালু থাকে। এই কথাগুলি বলে আমি এই বিলটা যাতে হাউসে এ্যাকসেপটেড হয় তার জন্য কমেণ্ড করছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ

স্যার, সাধারণভাবে ট্যাক্সেশন লস এ্যামেণ্ডমেণ্ট বিল যেটা এসেছে তাকে সমর্থন করা শক্ত হচ্ছে। প্রথম অংশে আছে টোট্যালাইজেশন এণ্ড বেটিং, ঘোড়দৌড়ের বাজী খেলতে গিয়ে যাঁরা সেখানে ঢুকতে যান তখন যে ট্যাক্স দিতে হয় এবং যখন বাজী ধরেন তখন যে ট্যাক্স ধরা হয় সেটা কমিয়ে দিতে হবে। এই কমানোর যুক্তি হচ্ছে আয় কমে যাচ্ছে এবং যদি কমিয়ে দেওয়া হয় তাহলে ইনসেনটিভ দেওয়া হবে এবং বেশী লোক যারা গোপনে খেলছে তাদের ব্লককে ওপেন করা হবে। আপনারা চিন্তা করছেন ট্যাক্সের হার কমালে যদি ওপেনলি সেই ট্যাক্স দেবার জন্য লোকে ছুটে আসে। আজকের দিনে সবকারের কাছ থেকে আমরা আশা করেছিলাম একেবারে সম্পূর্ণ একটা নতুন কিছু। অর্থাৎ ঘোড়দৌড় বন্ধ আমরা করব। আমরা যদি বলি সত্যি সত্যি সমাজতন্ত্র করব তাহলে ঘোড়দৌড় বন্ধ করে দিয়ে প্রথম পদক্ষেপ এটাই গ্রহণ করতে পারতেন। গরীব মানুষ খেটেখুটে যা রোজগার করে তা ব্যুকিদের ধরে দিয়ে এসে টাকাগুলি নষ্ট করে। এর ফলে ঘোড়ার মালিক, রেশ কোর্সের মালিকরা লাভবান হন এবং আপনারাও কিছু কিছু ভাবে লাভবান হন। কথা হচ্ছে, গরীবদের মারা কেন? পশ্চিমবঙ্গের মানসিকতা ও রাজনৈতিক চিন্তার সঙ্গে নির্বাচনের আগে ঘোড়দৌড় বন্ধের প্রস্তাব করলে ভাল হোত। কিছু ঘোড়া আনএমপ্লয়েড হলে ক্ষতি হোত না---যেগুলি আপনাদের পুলিশ বিভাগ কিনে নিতে পারতেন।

[5-25—5-35 p.m.]

মিঃ স্পীকার, স্যার, ঘোড়দৌড়কে আমরা আপত্তি করি কেন, কেন এটা সমাজতন্ত্রের সঙ্গে চলে না, তার কারণ হচ্ছে যে মানসিকতা থেকে লোকে ঘোড়দৌড়ের বাজি খেলে সেই মানসিকতা উৎপাদনের সঙ্গে যুক্ত নয়, এটা ফাটকাধারী মানসিকতা। জিনিসটাকে মজুত করে রেখে অতিরিক্ত প্রফিট করা যেমন সমাজের পক্ষে শত্রুতা ঠিক তেমনি হঠাৎ বড়লোক হওয়া এই ইচ্ছাটা অসমাজতান্ত্রিক ইচ্ছা এবং উৎপাদন বহির্ভূত ইচ্ছা। এই কারণে আমরা আশা করেছিলাম যে একটা যুগান্তকারী বিল আপনারা আনবেন, পশ্চিমবঙ্গ থেকে ঘোড়দৌড়ের মাঠ ছোট ছোট ছেলেদের খেলার মাঠে পরিণত হবে। ঘোড়দৌড় বা এইরকম জুয়াখেলা উঠে যাক। মাননীয় স্পীকার মহাশয়, তারপরে ইলেকট্রিসিটির জন্য এঁরা যে বিলটা এনেছেন এঁরা বলছেন এতে কনজিউমাররা অল্প একটু রিলিফ পাবে। কিন্তু এই রিলিফটা মার্জিন্যাল, অত্যন্ত কম। ইলেকট্রিসিটি ডিউটি সম্পর্কে যেমন একটা বিল আনলেন

ট্যাক্সেশন এ্যামেণ্ডমেণ্ট বিল সেটাকে কিন্তু আপনারা র‍্যাশনালাইজ করলেন না। কতরকম ইর‍্যাশনালিটি রয়েছে ইলেকট্রিক বিলে আপনাদের ইকনমিক রিভিউ ঘাঁটলে আমরা দেখতে পাই। প্রথমত ইলেকট্রিসিটি ডিউটি কমানো দরকার। আরো সবচেয়ে অসুবিধা হচ্ছে গ্রামাঞ্চলে ইলেকট্রিসিটির দামটা বেশী, শহরাঞ্চলে ইলেকট্রিসিটির দাম কম। আমরা মুখে বলি যে গ্রামাঞ্চলের লোকের ক্রয়ক্ষমতা কম, শহরাঞ্চলের ক্রয়ক্ষমতা বেশী, কিন্তু ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড যে রেটে গ্রামাঞ্চলে ইলেকট্রিসিটি বিক্রি করে কলকাতা শহরে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন তার থেকে অনেক কম নেন। দুটো দামের একটা সমতা আনলেন না। গ্রামাঞ্চলে দাম কমালেন না, সেখানে প্রচণ্ড দাম, ৩৮ না ৪০ পয়সা। এটা একটা অতিরিক্ত দাম যেটা গ্রামের মানুষের উপর ট্যাক্স করছেন। এটা কমানো দরকার ছিল। আপনাদের বর্তমানে মন্ত্রিসভার শেষ বছর, এটা কমালে আপনারা আগামীবারে আবার ইলেকশানে আসতে পারেন। শেষ বছরের বাজেটে এ বছরে অন্তত র‍্যাশনাল যে প্রাইজ ষ্ট্রাকচার ইলেকট্রিসিটির সেটাকে আপনারা করলেন না। মিঃ স্পীকার স্যার, যদি ইকনমিক রিভিউ দেখা যায় তাহলে দেখতে পাবেন ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন আরো অন্যায়ভাবে ইলেকট্রিসিটির দাম স্থির করেছে। বাল্ক পার্চেজ যাঁরা করেন তাঁদের কম দামে দেয়, যারা গরীব কনজিউমার তাঁদের তারা বেশী দামে দেয়। বাল্ক পার্চেজ করে বড় বড় শিল্পপতিরা, বাল্ক পার্চেজ করে যারা বড়লোক, যারা কমার্সিয়ালি ইউটিলাইজ করে, সেই ইলেকট্রিসিটি থেকে প্রফিট করে, সেই ইলেকট্রিসিটি তারা তাদের উৎপাদন করবার জন্য একটা যন্ত্র হিসাবে নিয়েছে। গরীব যেটা ব্যবহার করে সেটা তাদের নিত্য ব্যবহার্য দ্রব্য, সেই নিত্য ব্যবহার্য দ্রব্যের জন্য বেশী দাম দিতে হবে, আর বড়লোকরা মুনাফার জন্য যেটা ব্যবহার করছে সেটার দাম কম হবে। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের এই দামটা বাড়ানো দরকার ছিল। প্রতি বছর বক্তৃতায় বলা হয়েছে, আপনাদের কোনমতেই বোঝাতে পারা যাচ্ছে না, কিছুতেই আপনারা প্রাইস ষ্ট্রাকচার র‍্যাশনাল করলেন না। মিঃ স্পীকার, স্যার, তারপর একটা সেকশন আছে—

The State Govt. may make rules with prospective or restrospective effect to carry out the purpose of the Act.

কি করে রেট্রোসপেকটিভ এফেক্ট—এই পারপাসটা করবার জন্য সরকার রুল করবেন আমি ভাল বুঝতে পারলাম না। আমার এই রুল মেকিং সম্পর্কে দু'-চার কথা বলার আছে।

আমরা জানি ডেলিগেটেড লেজিসলেশনের জন্য এখানে একটা কমিটি হয়েছিল অর্থাৎ সাবর্ডিনেট লেজিসলেশন কমিটি। কিন্তু সেটার তো এখন পোষ্ট-মর্টেম অবস্থা। আমি মনে করি রুলসগুলি হাউসের সামনে আনা দরকার অথবা হাউস থেকে একটা কমিটি করা দরকার যারা পোষ্ট-মর্টেম করবে না, তারা রুলসগুলি ইমপ্লিমেণ্ট হবার আগে বিচার করবে—অর্থাৎ এ্যাণ্টি মর্টেম করবে। এই আইন না থাকার জন্য রুল মেকিং সমস্ত রাইটার্স বিল্ডিংসে চলে গেছে। সাবর্ডিনেট লেজিসলেশনের যে কমিটি সেখানে দেখা যায় পারপাস অব দি এ্যাক্ট অনেক ক্ষেত্রে ভায়লেটেড হয়েছে বাই দি ফ্রেমিং অব দি রুলস। কাজেই এরকম ব্যবস্থা যদি করেন তাহলে গণতন্ত্র রক্ষা করবার জন্য আপনারা একটা ভাল ইনষ্টিটিউশন তৈরী করতে পারবেন। মাননীয় স্পীকার মহাশয়, ষ্কুটারের উপর থেকে ট্যাক্স কমানোর কোন কারণ আমি বুঝতে পারছি না। পশ্চিমবঙ্গ সরকার খড়গপুরে কবে যে বছরে ১৫টি ষ্কুটার তৈরি

করতে পারবে সেটা আমি জানি না। এটা জ্ঞানবাবুর কনষ্টিটিউয়েন্সীতে হয়েছে। আমি বুঝতে পারছি না এদের ক্ষেত্রে ১৫ পারসেণ্ট থেকে কমিয়ে ৭ পারসেণ্টে কেন আনা হল। আপনারা এই জিনিস না করে গরীব মানুষরা যে সাইকেল ব্যবহার করে তার উপর থেকে যদি ট্যাক্স কমিয়ে দিতেন তাহলে সাইকেলের দাম কমত। আমরা সকলেই জানি একজন পিয়ন সাইকেল ব্যবহার করে, সাধারণ মানুষরা সাইকেল ব্যবহার করে কাজেই আপনারা সেই সাইকেলের উপর থেকে ট্যাক্স কমান। সেন র‍্যালে কোম্পানীর সাইকেল বিক্রি হচ্ছে না কারণ তারা বলছে হাই ট্যাক্সেশন। আমরা তো জানি স্কুটার বেশী বিক্রি হয় না, কাজেই সেখানে ট্যাক্স কমিয়ে আপনারা কাকে রিলিফ দিলেন? তারপর শুনলাম আরও ৩টি ট্যাক্স কমবে, তবে সেগুলির নাম এই ট্যাক্সেশন এ্যামেণ্ডমেণ্ট বিলে দেখতে পাচ্ছি না। মাননীয় স্পীকার মহাশয়, আপনার কনষ্টিটিউয়েন্সীতে পঞ্চায়েত ট্যাক্স আদায় হচ্ছে কিনা আমি জানি না, তবে দেখবেন সেখানে অসংখ্য ট্যাক্স রয়েছে। তারপর ইরিগেশন ট্যাক্স দেখছি আপনারা কিছুই কমালেন না। আপনারা ময়ূরাক্ষী থেকে, দামোদর থেকে বোরো চাষে জল দিলেন না অথচ ইরিগেশন ট্যাক্স কমান নি। তারপর ল্যাণ্ড রেভিনিউকে আপনারা র‍্যাশনালাইজ করবেন আশা করেছিলাম, কিন্তু দেখছি সেক্ষেত্রেও কিছু হল না। কাজেই আমি বুঝতে পারছি না আপনাদের এই ট্যাক্সেশন এ্যামেণ্ডমেণ্ট বিলের কোনটা আমি সমর্থন করব। ঘোড়দৌড়কে আমি সমর্থন করতে পারি না। আপনারা স্কুটারের ট্যাক্স কমালেন কিন্তু সাইকেলের ট্যাক্স কমালেন না এটাও আমি সমর্থন করি না। তারপর পঞ্চায়েত ট্যাক্স, ইরিগেশন ট্যাক্স এবং ল্যাণ্ড রেভিনিউর ক্ষেত্রে আপনারা কোন সমতা আনলেন না। কাজেই এই বিলকে সমর্থন করা যায় না। আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর কাছে আবেদন রাখছি বিধানসভা বন্ধ হয়ে যাবার পর আপনারা যখন প্রশাসন চালাবেন তখন যে-সমস্ত সাজেশনস আমি দিলাম সেগুলি নিয়ে ক্যাবিনেটে আপনারা দয়া করে চিন্তা করুন এবং তারপর যদি অর্ডিন্যান্স করেন তাহলে দেশের মানুষ আপনাদের সুখ্যাতি করবে। আপনারা অবশ্য ট্যাক্সেশন এ্যামেণ্ডমেণ্ট বিলে এগুলি আনেন নি কিন্তু এগুলি বিচার করে তারপর অর্ডিন্যান্স করে এগুলি করবেন এই আশা রেখে আজকের বক্তব্য এখানেই শেষ করছি।

[5-35—5-45 p.m.]

শ্রীসুধীর বেরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে ট্যাক্সেশন এ্যামেণ্ডমেণ্ট বিলটা এসেছে আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এইজন্য যে ট্রেজারি বেঞ্চ থেকে সময়ে সময়ে একটা করে এ্যামেণ্ডমেণ্ট আসে এবং সে এ্যামেণ্ডমেণ্ট পাশ করে নেওয়া হয় কিন্তু কোন অবস্থাতেই পুরো ট্যাক্সেশন বা ট্যাক্সেশন পলিসিই বিচার করা হয় না। আমার বক্তব্য হচ্ছে যে-কোন ট্যাক্সই বসান অথবা যে-কোন এ্যামেণ্ডমেণ্ট আনুন সেটা ইকনমিক এবং ফিনান্সিয়াল উইণ্ডিন হিসাবে আসবে তার উপর গ্রোথ পলিসি, গ্রোথ ইকনমিক নির্ভর করবে। তা না করে খাপছাড়াভাবে এ্যামেণ্ডমেণ্ট এনে এখানে একটু কমাবেন-বাড়াবেন সেটা সুষ্ঠু অর্থনীতির দিক থেকে দূরদৃষ্টির পরিচায়ক নয়। আমরা এখানে বক্তৃতা করি সেটা মন্ত্রীদের কানেও পৌঁছায় না তবে গোপালদাকে আমি ব্যক্তিগতভাবে শ্রদ্ধা করি সেই জন্য বলছি এগুলি একটু ভেবে দেখবেন। যে-কোন ট্যাক্সেশন হোক না কেন সেটা সারা ইকনমির সঙ্গে সংযুক্ত হওয়া উচিত। সেলস ট্যাক্স একটু বেশি আদায় করতে হবে। যত ইচ্ছা রেট

চড়িয়ে দিলাম অথবা কেউ ফেবারিট আছে ধরাধরি করেছে তার একটু কমিয়ে দিলাম this is not the taxation policy. This should not be the taxation policy.

সমস্ত অর্থনীতির দিক থেকে বিচার-বিবেচনা করে ট্যাক্স পলিসি হওয়া উচিত। আমি এখানে ৪১নং সেলস ট্যাক্স এ্যাক্ট সম্বন্ধে বিশেষ করে বলবো। সেটা নিয়েই আজকে কিছু বলার দরকার আছে। আজকে কমার্শিয়াল ট্যাক্স ট্রাইবুন্যাল হয়েছে। সেখানে যাঁরা প্রতিকার চান তাঁরা ঠিকমত প্রতিকার পেতে পারেন না। ইনকাম ট্যাক্স ল' ডিপার্টমেণ্টের আণ্ডারে অথচ কমার্শিয়াল ট্যাক্স ট্রাইব্যুন্যাল ফাইনান্স ডিপার্টমেণ্টের আণ্ডারে। সেখানে তাদের স্বাধীনতা নানাভাবে খর্ব হয়েছে এটা মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করবো। এই ট্রাইবুন্যালে বোর্ডের ৫ জন মেম্বার আছেন। দু' জনের বেঞ্চ এখনও সরকার দিতে পারেনি। পোষ্ট স্যাংশন হয়েছে অনেকদিন কিন্তু বেঞ্চ দিতে না পারার জন্য তারা বসতে পারছেন না। কাজের হ্যাম্পার হচ্ছে। এই ৫ জন যদি পুরোপুরি কাজ করেন তাহলেও যা পেণ্ডিং কাজ আছে----

It will take years to dispose of all the cases.

সুতরাং এদিকে নজর দিতে হবে। আর একটা বিচিত্র জিনিস মাননীয় অর্থমন্ত্রীর নজরে আনব ট্রাইবুন্যালের যে রুলস করা হয়েছে

the work of the Tribunal must be carried in English.

এটাতে গুরুতর আপত্তি করছি। ইংলিশ ছাড়া বাংলা ভাষায় হবে না এটা অত্যন্ত আপত্তি-জনক। আশা করছি মন্ত্রী মহাশয়, এ বিষয়ে বিশেষ নজর দেবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা গুরুত্বপূর্ণ ব্যাপার এখানে বলতে চাই সেটা হচ্ছে ধূপকাঠি বিক্রি করে, যারা অতি ক্ষুদ্র ক্ষুদ্র কটেজ ইণ্ডাষ্ট্রি করেছে, তাদের উপর থেকে সেলস ট্যাক্স উঠিয়ে দিন। কারণ এরা ছোটোখাটো ইউনিট করে খেটে খায়, এদের উপর ট্যাক্স বসাবার জন্য এই ইণ্ডাষ্ট্রি ডেভেলপ করছে না।

ডাঃ গোপালদাস নাগ : কমিয়ে দিয়েছি।

শ্রীসুধীর বেরা : কমিয়ে নয়, একেবারে তুলে দিন। আর কতকগুলি ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ইণ্ডাষ্ট্রিজ যা এনকারেজ করতে চাচ্ছেন, যারা নতুন নতুন ইণ্ডাষ্ট্রি করবে, তাদের চার-পাঁচ বৎসর ফ্রি দেওয়া যায় কিনা এটা ভেবে দেখতে হবে। আর ফেরত দেবার কথা যখন উঠলো, রিফাণ্ডের ব্যাপারে ইনকাম ট্যাক্স ডিপার্টমেণ্টের সঙ্গে যদি আমরা তুলনা করি সেলস ট্যাক্স ডিপার্টমেণ্টের এই রিফাণ্ড পেতে খুব দেরি হয়। ইনকাম ট্যাক্স রিফাণ্ডে আমরা দেখেছি যে বাড়ী বয়ে ইনকাম ট্যাক্স দিয়ে যায়। এটাকে ত্বরান্বিত করা দরকার। আমার বক্তব্য হচ্ছে আজকে যে-কোন এ্যাণ্ডেমেণ্টই আনুন এই সমস্ত আইনের সঙ্গে সামঞ্জস্য করে আনতে হবে এবং সারা অর্থনৈতিক গ্রোথের পারসপেকটিভ ভেবে সেটা আনতে হবে এই বলে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ গোপালদাস নাগ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি এই বিলটা আনা হয়েছে to replace Bengal Amusement Tax (Amendment) Ordinance, 1977, the Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1977, the Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1976,

সুতরাং, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইগুলি তো নিয়মমাফিক আনতে হবে। এগুলি আগে থেকে চালু ছিল, এটা টোট্যাল নতুন ট্যাক্সেশন বিল নয় সুতরাং এটা থেকে একটা কম্প্রিহেনশিভ পিকচার পাওয়া সম্ভব নয়। দ্বিতীয় কথা, মাননীয় শ্রীহরশংকর ভট্টাচার্য মহাশয় বলেছেন যে রেসিং, স্পেকুলেটিভ বিজনেস, এটা সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে তুলে দেওয়া উচিত। এর ফিলজফি কি আছে জানি না তবে নন-সোস্যালিষ্ট কানট্রিতে আমি দেখেছি গ্যামলিং এবং এই ধরনের স্পেকুলেটিং বন্ধ করা হয়েছে আইন করে। জাপানে কোন ঘোড়দৌড় নেই, ক্যাসোনভা নেই, তাই কোন স্পেকুলেশন নেই। সুতরাং ওটা স্পেকুলেশনের সঙ্গে একান্ত অঙ্গাঙ্গীভাবে জড়িত বলে মনে হয় না। যাই হোক, আমাদের দেশে এখন রেসিং যতক্ষণ তুলে দেবার কথা না ভাবছি, যতক্ষণ পর্যন্ত আছে, ততক্ষণ পর্যন্ত ওখানে একটা ট্যাক্স রাখতে হবে। এখন এখানে একটা ট্যাক্স ধার্য ছিল, বেটিং-এর উপব একটা রেট এবং টোট্যালাইজেটরের উপর যেখানে লোকে টিকিট কাটে, সেখানে একটা রেট ছিল। এই রেটগুলি বাড়ানো হল এবং তাতে দেখা গেল এই বর্ধিত হার করার ফলে একদিকে যেমন এটা কাউণ্টার প্রডাকটিভ হয়ে গেল, আর একদিকে তেমনি ইভিল প্র্যাকটিসেস এ থেকে বাড়তে শুরু করলো। সরকার সেইজন্য এটা এ্যামেণ্ডমেণ্ট করতে চেয়েছেন যাতে সরকারী যে রেভিনিউ এ থেকে আসতো সেটা কোনরকমে ক্ষতিগ্রস্ত না হয় ট্যাক্স বাড়িয়ে দিলে এবং দ্বিতীয় হচ্ছে ট্যাক্স বাড়াবার ফলে যে ইভিল প্র্যাকটিসেস অর্থাৎ আন-অথরাইজড বুকি, এদের কাছে জুয়াখেলা সেটা যাতে অধিক সংখ্যায় বৃদ্ধি না পায়, এই দুটি কারণে এই পরিবর্তন আনা হয়েছে। ইলেকট্রিসিটির ব্যাপারে আমি আগেই বলেছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কনজিউমারদের রিলিফ দেবার জন্য কবা হচ্ছে। এখানে মাননীয় সদস্য হরশংকরবাবু বলেছেন, একটা বিরাট ফর্দ দিয়েছেন, যে গ্রামে বিদ্যুতের হার অত্যন্ত বেশী, শহরে কম। শহরে বেশী করে গ্রামে কম করলে তিনি খুশী হতেন। তিনি অত্যন্ত পণ্ডিত ব্যক্তি, তাঁর জানা উচিত কবে থেকে সি ই এস সি হয়েছে, কত মূলধন নিয়ে হয়েছে, আয় কত, আর ডবলিউ বি এস ই বি কবে হয়েছে, রুরাল ইলেকট্রিফিকেশনে ক্যাপিটাল ইনভেষ্টমেণ্ট কত এবং বর্তমানে যে হার সেই হারে কি প্রচণ্ড এর ডিপ্রিসিয়েশন হয় তা যদি খতিয়ে দেখেন তাহলে দেখবেন যে এখন পর্যন্ত পশ্চিমবঙ্গের ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড যে মূল্যে বিদ্যুৎ বিক্রয় করে সেটা ভারতবর্ষের অনেক শিল্পপ্রধান প্রদেশের থেকে সস্তা।

[5-45—5-52 p.m.]

আমি একথা বলছি না যে এ বিষয়ে করবার কিছু নেই। কিন্তু একদিন আসবে—সেদিন ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড বাল্ক সেল না করে শুধু কনজিউমারদের সেল করতে পারবে তার অধিকাংশ প্রডাকশন, তা যদি করতে পারে অর্থাৎ ওয়েষ্ট বেঙ্গল, ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের এলাকায় যদি বড় বড় কনজিউমার সৃষ্টি হয়, তখন ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড সি ই এস সি-কে বাল্ক সাপ্লাই না করে ডাইরেক্টলি কনজিউমারদের সাপ্লাই করতে পারবে এবং বেশী রিটার্ন পেতে শুরু করবে। তখন তারা তাদের কনজিউমারদের রিলিফ দিতে পারবে। যতদিন তা না হচ্ছে, ততদিন পর্যন্ত বর্তমান হার পরিবর্তন করা সম্ভব নয়।

তারপর স্কুটারের উপর সেলস ট্যাক্স কমানো নিয়ে তাঁরা আপত্তি করেছেন যে এর দ্বারা বড়লোকরা লাভবান হবে। তা নয় আপনারা মনে রাখবেন শিল্পকে রক্ষা করবার জন্য সবচেয়ে বড় যে মোটর কারখানা যেখানে ১৫ হাজার মানুষ নিযুক্ত আছে, যেখানে শিল্পকে বাঁচাবার জন্য ছাঁটাই বন্ধ করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে মোটর গাড়ির উপর বিক্রয়কর

১৫ টাকা থেকে ৭ টাকায় নামিয়ে আনতে হয়েছিল। তারপরে সেখানে ১৫ হাজার মানুষের কর্মসংস্থান বজায় থাকে। পরবর্তীকালে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে দেখা গেছে বিশেষ করে মহারাষ্ট্রে পর্যন্ত তাদের বিক্রয়কর কমাতে বাধ্য হয়েছে তারা। আজকে যে অটোমোবাইল ইণ্ডাস্ট্রিজ একটা স্টেবল অবস্থায় এসেছে তার কারণ মোটর গাড়ির দাম কমেছে। যদি তখন অন্যান্য জিনিসের দাম বেড়েছে।

তারপর তাঁরা সাইকেলের উপর ট্যাক্স কমানোর কথা বলেছেন। সাইকেলের ট্যাক্স বর্তমানে যে হারে আছে সেটা স্কুটার, মপেডস্ মটোরাইজড সাইকেল-রিকশার যে ট্যাক্সের রেট বলেছি তার চেয়ে কম সাইকেলের উপর বিক্রয়কর বসানো হয়েছে। মপেডস্, মেশিনাইজড, মটোরাইজড সাইকেল-রিকশা এসব সাধারণ মানুষ খরিদ করে ব্যবসা কনের। সুতরাং আমার মনে হয় না এটা কোন এ্যাফ্লুয়েণ্ট সোসাইটির রিলিফ দেবার জন্য চেষ্টা করা হচ্ছে। এটা মনে করবার কারণ নেই যে এটা কম্প্রিহেনশিভ ট্যাক্সেশন পলিসির প্রতিচ্ছবি এই বিল। এতদিন কতকগুলি অর্ডিন্যান্স চালু ছিল, সেগুলোকে রিভ্যালিডেট করবার জন্য এই বিল আনা হয়েছে। এটা ট্যাক্সেশনের কম্প্রিহেনশিভ প্রতিচ্ছবি—এটা চিন্তা করবার কোন কারণ নেই। পশ্চিমবঙ্গ সরকার যখন এই ধরনের কোন কম্প্রিহেনশিভ প্রস্তাব আনবেন তখন নিশ্চয়ই সমস্ত বিষয় বিবেচনা করবেন।

তারপর তিনি বলেছেন, এই রুলসগুলি উইথ রেট্রোসপেকটিভ এফেক্ট দেবার কী দরকার ছিল? আমাদের কতকগুলি রুলস আছে যা ১-১২-৭৫ তারিখ থেকে বলবৎ আছে। এখন অর্ডিন্যান্সের পরিপ্রেক্ষিতে যদি রেট্রোসপেকটিভলি না নেওয়া হয়, তাহলে অন্য রুলগুলির প্রভিশনস্ বজায় রাখা সম্ভব হবে না। তার জন্যই এই রুল উইথ রেট্রোসপেকটিভ এফেক্ট রাখা হয়েছে। তিনি বলেছেন সাধারণভাবে এটা এ্যাণ্টি মটেম একজামিনেশন বা দি রুলস টু দি ফ্রেম্ড সেটা আমার বর্তমান আলোচ্য বিষয়ের অন্তর্ভুক্ত নয়। সুতরাং এ সম্বন্ধে আমি তাঁর কোন উত্তর দিচ্ছি না। এই কথাগুলি বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আবার আমি সুপারিশ করছি যে এই বিল সভায় গৃহীত হোক।

The motion of **Dr. Gopal Das Nag** that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1977, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 5 and Preamble

The question that Clauses 1 to 5 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Gopal Das Nag : Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Mr. Speaker : The House stands adjourned till 1 p. m. on Tuesday, the 5th April, 1977.

Adjournment

The House was accordingly adjourned at 5.52 p.m. till 1 p. m. on Tuesday, the 5th April, 1977, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 5th April, 1977, at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 8 Ministers, 6 Ministers of State, 1 Deputy Minister and 167 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

STARRED QUESTIONS

(To which oral answers were given)

এসপ্ল্যানেড হইতে আঁটপুর প্রেমানন্দ আশ্রম পর্যন্ত বাসরুট

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *৯) **শ্রীগণেশচন্দ্র হাটুই :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মার্টিন রেল উঠিয়া যাওয়ার ফলে জাঙ্গীপাড়া থানা এলাকা-সমূহের যাত্রীদের যে অসুবিধা হইতেছে তাহা দূরীকরণের জন্য ক্যালকাটা ষ্টেট ট্রান্সপোর্ট করপোরেশনের কর্তৃপক্ষ এসপ্লানেড হইতে আঁটপুর প্রেমানন্দ আশ্রম পর্যন্ত (ভায়া ডোমজুড়) সরকারী বাস চালু করার জন্য ঐ রুট সার্ভে করিয়াছেন ;

(খ) সত্য হইলে কবে নাগাদ ঐ রুটে সরকারী বাস চালু করা হইবে ;

(গ) ইহা কি সত্য যে, হাওড়া জেলার ৬৩ নং রুটের কিছু সংখ্যক বাসকে বড়গাছিয়া হইতে জাঙ্গীপাড়া পর্যন্ত এক্সটেনশন করার, পরিকল্পনা আছে ; এবং

(ঘ) সত্য হইলে, উক্ত পরিকল্পনা বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

Shri Gyan Singh Sohanpal : (a) Yes. The route from Esplanade to Atpur has been surveyed by the C.S.T.C.

(b) The matter is under examination.

(c) The proposal to extend the route No. 63 Howrah district upto Jangipara in Hooghly district has been moved by the Regional Transport Authority.

(d) The matter is subjudiced in the Hon'ble High Court with an interim order of injunction.

শ্রীগণেশচন্দ্র হাটুই : মাননীয় মন্ত্রী মহাশয় যা উত্তর দিলেন সেই উত্তর আমি অবশ্য গত ৪ বছর ধরে প্রশ্ন দিচ্ছি এই ব্যাপারে এবং ঐ একই উত্তর পাচ্ছি। ১৯৭৩ সাল থেকে কোয়েশ্চেন করে আসছি—আজ ১৯৭৭ সাল সেই একই উত্তর পেলাম। অর্থাৎ

একই অবস্থায় আছে। ৬৩ নং বাসরুটের মালিক ঐ রুটে বাস চালাতে দেবে না, ইনজাংশন দিয়ে রেখে দিয়েছে এবং সেই ইংজাংশন ভেকেট করবার জন্য সরকার থেকে হাইকোর্টে কতবার মুভ করা হয়েছে মন্ত্রী মহাশয় বলতে পারেন কি ?

Shri Gyan Singh Sohanpal : I am aware of the serious and genuine difficulties of the travelling public. We have tried in a number of ways to alleviate the sufferings of the people of that area. But, unfortunately on each occasion our efforts have been frustrated by the decisions of the Hon'ble High Court. Even now we have not given up hopes. We have taken up the matter with our legal experts at the highest level and I hope something good will come out of the efforts.

শ্রীগণেশচন্দ্র হাটুই : যা হোক, বলছেন চেষ্টা করা হয়েছে। আমরা জানি ১০ বছর আগে ইনজাংশন দেওয়া হয়েছে। এই ১০ বছর ধরে চেষ্টা চলছে ইনজাংশন ভেকেট করা যাচ্ছে না। তাহলে কি সরকারী প্রশাসনের গাফিলতির জন্যই কি এই ইনজাংশন ভেকেট করা যাচ্ছে না ?

শ্রীজ্ঞানসিং সোহনপাল : কবে হয়েছে সেটা নোটিশ না দিলে বলতে পারব না। কিন্তু মাননীয় মেম্বার জানেন যে মহামান্য হাইকোর্টের উপর আমাদের কোন অধিকার নেই।

শ্রীগণেশচন্দ্র হাটুই : এটা কি সত্য ৬৩ নং রুট এটাকে জাঙ্গীপাড়া পর্যন্ত এক্সটেনশনে হুগলীর আপত্তি ছিল না—হাওড়ার আপত্তিতে ৯/১০ নং রুটের বাস মালিকগণ ৬৩ নং রুটের উপর ইনজাংশন জারি করেছে ?

শ্রীজ্ঞানসিং সোহনপাল : হুগলী ট্রান্সপোর্ট অথরিটির প্রপোজাল ছিল, আমাদের কোন আপত্তি নেই। কিন্তু আনফরচুনেটলি আবার হাইকোর্টের ব্যাপার।

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে সরকারী প্রয়াস বারবার মহামান্য হাইকোর্টের নির্দেশে বিচারের দ্বারা ব্যাহত হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন মামলাটিতে মহামান্য হাইকোর্ট কি বিষয়ে রায় দিয়েছে—মোটর ভেহিকেলস এ্যাক্টে যে-সমস্ত কেস হাইকোর্টে হয়—মাননীয় বিচারমন্ত্রীও এটা জানেন যে সেকশন 8 অব দি মোটর ভেহিকলস এ্যাক্ট ইজ নট বিয়িং কমপ্লায়েড উইথ—অর্থাৎ কোন রুট এক্সটেণ্ড করতে গেলে বা ওভারল্যাপ করলে যারা একজিসটিং অপারেটরস ঐ রুটে চালাচ্ছে তাদের বক্তব্য শুনে সরকার করতে পারেন, আর টি এ করতে পারেন—মাননীয় বিচারমন্ত্রী এটা জানেন। আইন বারবার লঙঘন করে করছে—মহামান্য কোর্টের মামলার এটাই যদি বিচার্য বিষয় হয়ে থাকে—আপনার দপ্তর থেকে আর টি এ কোর্টে দরখাস্ত যদি করতেন তাহলে ইনজাংশনের হিয়ারিং হত—এ সম্বন্ধে আপনি যদি আলোকপাত করেন---।

শ্রীজ্ঞানসিং সোহনপাল : আমার ডিপার্টমেণ্টের যা করার আছে উইথ দি রুলস তা তারা নিশ্চয় করছে। কিন্তু উই ক্যাননট ফোর্স দি হাইকোর্ট টু টেক ডিসিশন এ্যাজ উই ওয়াণ্ট।

শ্রীকাশীকান্ত মৈত্র : এই রকম অবান্তর কথা কে বলবে ? এখানকার পরিবহনমন্ত্রী হাইকোর্টকে ফোর্স করবে এর চেয়ে মারাত্মক কথা আর হতে পারে না। নির্বাচনের রায়ের

পরে আর কেউ এই কথা বলবেন না। প্রশ্নটা তা নয়---প্রশ্ন হচ্ছে, মাননীয় অধ্যাপক, সদস্য শ্রীহাটুই মহাশয় প্রশ্ন করেছেন ১০ বছর আগে থেকে ইনজাংশন চলছে---কি কারণে হাই-কোর্টে ইনজাংশন ছিল এবং রাজ্য সরকার ইনজাংশনের ব্যাপারে কি ভূমিকা নিয়েছিলেন---ইনজাংশন হিয়ারিং, মডিফিকেশন, অলটারেশনস, ভ্যারিয়েশনের জন্য পরিবহন দপ্তর মহামান্য হাইকোর্টের কাছে কি বক্তব্য রেখেছে এ সম্বন্ধে যদি আলোকপাত করেন---

শ্রীজ্ঞানসিং সোহনপাল ঃ সেটা নোটিশ দিলে নিশ্চয় বলব।

Shri George Albert Wilson Deroze : I do not know and nobody in the House knows the real background of what the Minister has said in the House. The question is that an impression is created that High Court is standing in the way. I think either the law is bad or the departmental procedure is defective. The Legislature could amend the Act or the department could amend the rules. If the departmental procedure is defective it should correct the procedure. The High Court will not stand in the way of anything. It is the departmental inefficiency somewhere or there is defect in the law.

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডিরোজ যে প্রশ্নটি তুলেছেন এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বৈধতার প্রশ্ন। এখানে মাননীয় পরিবহনমন্ত্রী যদি বলতেন যে মহামান্য হাইকোর্ট এই সিদ্ধান্ত দিয়েছে, সেই সিদ্ধান্ত অনুযায়ী কাজ করতে হবে, আমাদের সিদ্ধান্ত নাকচ হয়ে গেছে, আমরা করতে পারি নি ইনজাংশন হয়েছে। কিন্তু যদি বলেন হাই-কোর্ট প্রতিবন্ধক হচ্ছে তাহলে কনটেম্পট হচ্ছে, হাইকোর্টের প্রতি অবমাননা হয়ে যাচ্ছে---মাননীয় সদস্য যে প্রশ্নটি তুলেছেন এটা বৈধতার প্রশ্ন হয়ে যাচ্ছে।

মিঃ স্পীকার ঃ আমার মনে হয় আমি যতদূর বুঝেছি অন্য একটা কাজ করতে চেয়েছিলেন হাইকোর্ট সেখানে ইনজাংশন দিয়েছে---হি হ্যাজ বিন মিসআণ্ডারষ্টুড---সেই জন্য আর প্রসিড করতে পারেন নি গিভেন ডিউ অনার টু দি হাইকোর্ট ডিসিশন।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ স্যার, উনি কিন্তু এই কথা ব্যবহার করেছেন।

If I am not very very wrong and if my memory is not slippery, the Hon'ble Minister has categorically stated, "Our efforts have been frustrated by the Honourable High Court". The thing is that the efforts have been frustrated, but how the Honourable High Court could stand in the way and frustrate the Government efforts.

সুতরাং এই ব্যাপারে মন্ত্রী মহাশয় ক্ল্যারিফাই করে বলুন যে তিনি দুঃখপ্রকাশ করছেন।

[2-10—2-20 p.m.]

Mr. Speaker : I think the Hon'ble Minister may clarify the position. আপনি কি বলেছিলেন সে কথা ?

শ্রীজ্ঞানসিং সোহনপাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিষ্কারভাবেই বলেছি যে, আমরা অনেকবার চেষ্টা করেছি, অনেকভাবে করবার চেষ্টা করেছি কিন্তু প্রত্যেকবারই আমরা হাইকোর্ট থেকে বাধা পেয়েছি।

শ্রীকাশীকান্ত মৈত্র : স্যার, উনি আগে বলেছেন ফ্রাসট্রেটেড কথাটি, এখন বলছেন হাইকোর্ট থেকে বারবার বাধা পাচ্ছি। তাহলে আইন অনুযায়ী হাইকোর্ট বিচার করবেন, না, সরকারের সিদ্ধান্ত দেখে সরকারের অনুকূলে তাকে বিচার করতে হবে? স্যার, মন্ত্রী মহাশয়কে স্বীকার করতে হবে যে তিনি ভুল করেছেন এবং তাঁকে এজন্য দুঃখপ্রকাশ করতে হবে। তা যদি না হয় তাহলে কিন্তু স্যার, আপনার সামনে যে মন্তব্য উনি করলেন সেটা থেকে যাচ্ছে যে, হাইকোর্ট বাধা দিচ্ছে।

Mr. Speaker : I do understand the point that you are making. As a legal practitioner or as an advocate you know and I know how things should be placed here. Now, putting of things should be otherwise that we tried but the High Court had thought it justified to give injunction and as there was an injuction we accepted that with due honour and we could not proceed.

Shri George Albert Wilson Deroze : Mr. Speaker, Sir, let the Minister place the entire brief before the House and let us see who is to blame.

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত : ওঁর যে কথাটা সেটা ওঁকে ঠিকভাবে বলতে হবে। হাইকোর্ট বাধা দিচ্ছে না বলে উনি বলুন যে, আমরা ঠিকভাবে করতে পারিনি বলে হাইকোর্ট থেকে বাধা পেয়েছি।

Mr. Speaker : বাধা নয়; The Government could not succeed in their prayer and the court came to a different decision.

Shri Bholanath Sen : Sir, what is the meaning of the word 'injunction' ? The matter has not been decided yet.

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত : আপনি কথাগুলি ভালোভাবে শোনেন নি ভোলাবাবু। এখানে কথা উঠেছে যে, যে প্রসিডিওর ফলো করলে ইনজাংশন এ্যাপলায়েড হয় না, সেটা ভেকেটেড হয়ে যায় তাড়াতাড়ি সেই প্রসিডিওরটা ফলো করা হয়নি।

শ্রীভোলানাথ সেন : যে কারণেই হোক হাইকোর্টের যে রায়টা সেটা দয়া করে আপনি দেবেন না, হাইকোর্টকে দিতে দিন।

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত : ঠিকভাবে প্রসিড করতে হবে তো।

শ্রীভোলানাথ সেন : সেটা ঠিকভাবে করা হয়েছে কিনা তা হাইকোর্ট বুঝবে, আপনি নয়।

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত : আপনি কাশীবাবুর আগের বক্তব্যটি শোনেন নি। উনি বলেছেন, একটা রুট যদি থাকে তাহলে সেই রুটের লোকেদের সঙ্গে কথা বলে, তাদের মন্তব্য নিয়ে যদি করা যেত তাহলে হাইকোর্ট বাধা দিত না।

শ্রীভোলানাথ সেন : হাইকোর্ট কি রায় দেবে, না দেবে সেটা হাইকোর্ট জানে। আপনি সে নিয়ে কথা বলবেন না।

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি প্রশ্ন রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এখানে পদ্ধতি ঠিকমত ফলো করা হয়েছে কি?

শ্রীকাশীকান্ত মৈত্র : আমি জিজ্ঞাসা করছি যে, এটা তো মর্যাদার লড়াই নয়, এটা স্বাধিকারের প্রশ্ন এবং আপনার অফিসের মর্যাদার প্রশ্ন। মাননীয় জ্ঞানসিং সোহনপাল কি তাহলে একথাই আমাদের বলেছেন যে মহামান্য হাইকোর্ট পশ্চিমবঙ্গ সরকারের উদ্দেশ্য ব্যর্থ করে দিয়েছেন? দ্বিতীয়ত, মহামান্য হাইকোর্ট পশ্চিমবঙ্গ সরকারের কাজে বাধা সৃষ্টি করেছেন? এই যে ২টি বক্তব্য রেখেছেন—এই দুটি বক্তব্যে কি উনি ষ্টিক করছেন, উনি কি মেনে নিয়েছেন যে হাইকোর্ট বাধা দিয়েছেন। হাইকোর্ট পশ্চিমবঙ্গ সরকারের প্রস্তাব হতাশ করে দিয়েছেন? তা যদি হয় তাহলে বলবো যে এটা অত্যন্ত দুঃখজনক। এটা প্রত্যাহার করা উচিত। আর তিনি যদি বলেন যে না, আমি এর কন্সিকোয়েন্স বুঝিনি তাহলে ব্যাপারটা অন্যরকম দাঁড়ায়।

Shri Gyan Shing Sohanpal : Sir, what I have said, I repeat. I have said that I am aware of the serious and genuine difficulties and trouble of the public of that area. We have tried a number of ways to alleviate the sufferings of the people of that area, but unfortunately, each time our effort have been frustrated by the Hon'ble High Court. We have not given up hopes. We have taken up the matter with the highest legal authorities of the State and we hope something good will come out of our efforts.

Shri Kashi Kanta Maitra : Sir, this again is a reflection on the judiciary because the Hon'ble Minister has said, Government efforts have again and again been frustrated. I do not understand why the Hon'ble Minister is sticking to this position. If this is published in the press, it will not add to the prestige of the Government.

Shri Bholanath Sen : Sir, is my friend on the other side accepting the position that our stand is correct? Our stand may be right or wrong. Whatever may be decision of the High Court, there is Supreme Court.

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন তো বড় বড় কথা শুনবো। মাননীয় ভোলানাথ সেন মহাশয়ের বক্তৃতা বিচিত্রায় রেডিওতে শুনানো হয়েছিল। তিনি হাই-কোর্টের জজদের সম্পর্কে বলেছিলেন যে তারা বেতনভুক চাকর, এই কথা পাবলিকলি বলার সাহস নেই।

Shri Bholanath Sen : Kindly do not say something which I have never said. I challenge it. Mr. Kashi Kanta Maitra, I know the language. I learnt language. I never used such language.

(Noise)

শ্রীকাশীকান্ত মৈত্র : এত অহঙ্কার করবেন না, অহঙ্কার পতনের দিকে নিয়ে যায়।

Shri Bholanath Sen : I deserve it.

শ্রীকাশীকান্ত মৈত্র : অহঙ্কার কেউ ডিজার্ভ করে না।

শ্রীভোলানাথ সেন : করে, আপনি যে কথা বলছেন সেটা অসত্য। এটা ময়দানে চালাবেন। নদীয়ায় গিয়ে চালাবেন।

(Noise)

Mr. Speaker : Honourable members, please take your seats. May I remind all the honourable members, particularly those who have legal background that they should address the Chair, and not talk crosswise. It is most unfortunate that the honourable members are addressing each other. This is not the etiquette. It is for the first time in this House I find that the honourable members are addressing each other and not speaking through the Chair.

[1-20—1-30 p.m.]

শ্রীসুধীর বেরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, আমরা বেশ কিছুদিন ধরে লক্ষ্য করছি কংগ্রেস পার্টি এবং তাদের অনেক মন্ত্রী হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টকে স্কেপ গোট হিসাবে ব্যবহার করছেন।

Mr. Speaker : I must say due respect must be paid to the Hon'ble High Court or to the Supreme Court or to any court of law. There cannot be any insinuation, any remark against the Hon'ble High Court or the Supreme Court or any court of law. No one can disrespect a decision of the court. It may be that Govt. tried to do something but the High Court gave a decision which might not be favourable to it. But everyone must pay due respect to any court of law. I certainly feel that Shri Gyan Singh Sohanpal is not paying any disrespect to the Hon'ble High Court. The expression is not happy and I think we should pay due respect to the Hon'ble High Court. It may be that sometimes we do not speak to that height or we cannot use that language that is polite, and it happens as a slip of tounge.

শ্রীনন্দলাল ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিবহন ব্যবস্থার উন্নতির জন্য সরকার যে চেষ্টা নিচ্ছে, তা বারবার ইনজাংশন হবার ফলে আমাদের প্রয়াস ব্যর্থ হয়েছে।

Shri Gyan Singh Sohanpal : The remarks made by honourable Shri Kashi Kanta Maitra regarding Shri Bholanath Sen and the Hon'ble Judges of the High Court are not becoming of the dignity of the House. I will request you to expunge the utterances and the remarks and he should be asked to withdraw the remarks.

শ্রীকাশীকান্ত মৈত্র : কোনটা বিকামিং এবং কোনটা আন-বিকামিং সেটা উনি কি ডিসিশন নেবেন, না আপনি স্টেট ডিসিশন নেবেন?

Mr. Speaker : Shri Kashi Kanta Maitra is paying due respect to the Hon'ble High Court and Shri Bholanath Sen, a senior Bar-at-law, is also paying due respect to the Hon'ble High Court. No one has got any right to pay any disrespect to the Hon'ble High Court. So long as I am in the Chair I will not allow this. Everyone must pay due respect to the Hon'ble High Court or the Supreme Court or to any court of law.

Shri Bholanath Sen : It is very well-known that there is a High Court, there is a Supreme Court, and efforts are being made, rightly or wrongly, to

have decisions by the High Court. I have been very hurt when I was quoted as saying an untruth that I was saying about the High Court judges through the Radio I know the language. I never said that, and Shri Maitra ought to apologize for that.

শ্রীকাশীকান্ত মৈত্র : এ্যাপোলজির কোন প্রশ্ন নেই।

শ্রীভোলানাথ সেন : মিঃ মৈত্র, প্লিজ উইথড্র।

শ্রীকাশীকান্ত মৈত্র : আমি উইথড্র করব না, আপনার বক্তৃতা জানি এবং শুনেছি। বহুবার এই মন্তব্য আপনারা করেছেন বিচারপতিদের সম্পর্কে।

শ্রীভোলানাথ সেন : আমি বলিনি মিঃ মৈত্র, আপনি উইথড্র করুন।

শ্রীকাশীকান্ত মৈত্র : এখানে এইসব কথা বলে কোন লাভ নেই। স্যার, আপনি এক্সপাঞ্জ করতে চাইলে করুন। মাননীয় ভোলা সেনের বিরুদ্ধে আমার ব্যক্তিগত কোন বিদ্বেষ নেই, কোনদিন কোন সদস্যের বিরুদ্ধে আমার বিদ্বেষ ছিল না এবং নেই। স্যার, অন্তত আপনি জানেন ১৫ বছরে বিধানসভায় কোন ব্যক্তি সম্বন্ধে কোনরকম গালিগালাজ শব্দ ব্যবহার করিনি। ভোলাবাবু যদি আমার কথায় দুঃখিত হয়ে থাকেন তাহলে আমি নিশ্চয়ই ভোলাবাবুর কাছে ক্ষমা চাইছি। কিন্তু ভোলাবাবুকে আমি স্মরণ করিয়ে দিচ্ছি যে, অহংকার-দম্ভ করে কাশীকান্ত মৈত্রকে কোনদিন স্তব্ধ করতে পারবেন না। কারণ, আমি এই বিধানসভার রীতি-নীতি জানি। মাননীয় নন্দলাল ব্যানার্জী মহাশয়, সি পি আই সদস্যরা যেটা বললেন, আমিও একথা বলছি যে হাইকোর্টের যা সিদ্ধান্ত সেটা নির্ভুল। এটা একটা লিগ্যাল ফিক্সান—আমরা জুডিসিয়ারীকে সুপ্রিমেসি দিয়েছি, আমি মাননীয় বিচারমন্ত্রীর কাছে আবেদন করে আবার বলছি ইনজাংশনের জন্য কোন কাজ হয় না, ইনজাংশন দিলে অনেকে এ্যাফেক্টেড হয়ে যাচ্ছে সি পি আই সদস্যরা যেটা বলেছেন, আরো অনেক সদস্য যেটা বলেছেন, সে সম্বন্ধে আমার কিছু বলার নেই, কিন্তু আমার বক্তব্য ছিল যদি এই প্রশ্নটা মাননীয় ভোলা সেন বলতেন তাহলে নিশ্চয়ই সেই কণ্ট্রোভারসি উঠত না। কিন্তু মাননীয় পরিবহনমন্ত্রী বারবার একই কথা বলে গেলেন আজকে হাইকোর্ট বাধা দিচ্ছে। এই কণ্ট্রোভারসির জন্য নির্বাচনের আগে আপনারা জানেন কি কাণ্ড হয়ে গেছে। এই পরিবেশে আমরা আপত্তি তুলেছিলাম। ভোলা সেন মহাশয় কাল মন্ত্রী না থাকলেও আমার সঙ্গে তাঁর ব্যক্তিগত সম্পর্ক কোনদিন নষ্ট হবে না। বারে ফিরে গেলেও উই উইল বি বেষ্ট ফ্রেণ্ডস। কিন্তু তিনি যেভাবে আঙুল নাড়িয়ে বলছেন, যেভাবে শাসাচ্ছেন, তিনি বয়সে আমার চেয়ে বড়, প্রফেশনে আমার চেয়ে সিনিয়ার, কিন্তু যেভাবে আঙুল নাড়িয়ে দেখাচ্ছেন তাতে আমি বলছি আপনার সংখ্যা অনেক বেশী, সংখ্যা দিয়ে সত্য আসে না, আপনি যেকথা বললেন আমি তার প্রতিবাদ করছি।

শ্রীভোলানাথ সেন : ভগবানের দয়ায় আঙুলগুলো এখনও আছে, আর ইনডেক্স ফিঙ্গার এইটাই।

(Noise and interruptions)

Mr. Speaker : Please take your seats. Please hear me. I have made my observation regarding court of law—High Court and the Supreme Court. Regarding the statement made by Shri Bholanath Sen যে আমি কখনও হাইকোর্টের

কোন মহামান্য বিচারপতিকে বেতনভুক চাকর বলিনি। I say that when it is coming from the lips of an honourable member that should be accepted. That is the procedure we follow here. When an honourable member says, "I have not stated" that should be accepted. I think everyone should accept that.

হুগলী জেলার কৃষি উন্নয়নের জন্য গভীর নলকূপ

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০) **শ্রীগণেশচন্দ্র হাটুই :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিশ্বব্যাঙ্কের সহায়তায় হুগলী জেলায় কৃষি উন্নয়নের জন্য গভীর নলকূপ বসানোর কাজ বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) ঐ জেলায় কতগুলি গভীর নলকূপ সেচ সমবায় সমিতির মাধ্যমে এবং কতগুলি মাইনর ইরিগেশন করপোরেশনের মাধ্যমে বসানো হইবে;

(গ) উক্ত কাজ ত্বরান্বিত করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(ঘ) উক্ত কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীআবদুস সাত্তার :

(ক) এ পর্যন্ত বিশ্বব্যাঙ্কের সহায়তায় হুগলী জেলায় তেরটি গভীর নলকূপ বসানোর কাজ চলিতেছে।

(খ) ৩৮টি সেচ সমবায় সমিতির মাধ্যমে এবং বাকী ১৭টি মাইনর ইরিগেশনের মাধ্যমে বসানো হইবে।

(গ) জেলা সমাহর্তার সভাপতিত্বে গভীর নলকূপ বসানোর স্থান নির্বাচন কমিটি সবকয়টি স্থান নির্বাচনের কাজ শেষ করিয়াছেন। রেজিষ্ট্রেশনের কো-অপারেটিভ সোসাইটি-সমূহের গঠন এবং রেজিষ্ট্রেশনের কাজ চলিতেছে। রূপায়ণকারী ব্যাঙ্কসমূহকে নির্বাচিত স্থানগুলির বিষয় জানানো হইয়াছে। প্রকল্পের অগ্রগতি সম্বন্ধে মাঝে মাঝে জেলা সমাহর্তার সভাপতিত্বে সভার মাধ্যমে পর্যালোচনা করা হয়।

(ঘ) আগামী দুই বৎসরের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

[1-30—1-40 p.m.]

শ্রীগণেশচন্দ্র হাটুই : একটা গভীর নলকূপ বসাতে কত টাকা ব্যয় হয় এবং এখানে ইরিগেশন কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে যে গভীর নলকূপ বসানো হচ্ছে এবং মাইনর ইরিগেশনের মাধ্যমে যে নলকূপ বসানো হচ্ছে—এই দুটো ক্ষেত্রে জলকরের হার একই আছে কিনা প্রতি একরে। একটা গভীর নলকূপ বসাতে কত টাকা ব্যয় হয়, দুটো এজেন্সির মাধ্যমে যে নলকূপ বসানো হচ্ছে—এটা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার : এগুলি আমরা বিশ্বব্যাঙ্কের সহায়তায় করছি। এটি সরকারী ডিপ টিউবওয়েল নয়। কো-অপারেটিভের মাধ্যমে কিছু করা হচ্ছে এবং কিছু করপোরেশনের মাধ্যমে। মোট ৩০০টি ডিপ টিউবওয়েল আমরা বসাব বিশ্বব্যাঙ্কের সাহায্যে। ২০০টি ফারমার কো-অপারেটিভের মাধ্যমে এবং ১০০টি মাইনর ইরিগেশন করপোরেশনের মাধ্যমে। প্রতি ডিপ

উবওয়েল মোটামুটি খরচা ১ লক্ষ ৫০ হাজার টাকা। যেখানে কো-অপারেটিভের মাধ্যমে নানো হচ্ছে সেখানে আমরা ৫০ পারসেণ্ট সাবসিডি দিচ্ছি। অর্থাৎ ১ লাখ ৫০ হাজার কা খরচা হয় তাহলে ৭৫ হাজার টাকা সাবসিডি পাবে, যেখানে এই ডিপ টিউবওয়েল বসাবে খানে ৭০ পারসেণ্ট স্মল ফারমার কো-অপারেটিভ পাবে। আর যেটা মাইনর ইরিগেশন রপোরেশনে হচ্ছে সেটি করপোরেশন দেখবে সেখানে ইকনমিক রেট যা হবে তাই হবে। ভর্ণমেণ্ট রেট অনুসারে হবে না। কো-অপারেটিভ যে রেট হবে সেটা তারাই ঠিক করবে।

শ্রীগণেশচন্দ্র হাটুই : আপনারা যে ইরিগেশন কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে যে ভীর নলকূপ বসাতে চেষ্টা করছেন—ধরুন যেখানে এস কে ইউ এস আছে সেই জায়গায় কটা স্থান নির্বাচন করা হয়েছে গভীর নলকূপ বসানো হবে—তাহলে সেখানে কি এস কে উ এস থাকা সত্ত্বেও আরেকটি ইরিগেশন সোসাইটি গঠন করবেন না এস কে ইউ এস টাতেই করবেন, তাদের হাতে দিয়ে দেবেন?

শ্রীআবদুস সাত্তার : আমাদের ফারমার কো-অপারেটিভ সোসাইটি হচ্ছে ডিপ টিউবওয়েলকেন্দ্রিক, যেদিকে বসানো হবে সেখানকার চাষীদের নিয়ে সোসাইটি করা হবে। খানে যেটা অলরেডি আছে তারা যদি এ্যালট করে নেয় তাহলে কথাই নেই। তাদের ফর দ পারপাস অফ দিস পারটিকুলার ডিপ টিউবওয়েল আপনাদের কো-অপারেটিভ সোসাইটি করতে হবে।

শ্রীমহম্মদ সফিউল্লা : মাননীয় মন্ত্রী মহাশয়, হুগলী জেলায় গভীর নলকপ বসানোর ন্য যে টাকা মঞ্জুরী হয়েছে—এই কাজ ফাইন্যান্সিয়াল ইয়ারের মধ্যে শেষ হবে?

শ্রীআবদুস সাত্তার : ফাইন্যান্সিয়াল ইয়ার গতকাল শেষ হয়েছে।

শ্রীমহম্মদ সফিউল্লা : সেখানে কো-অপারেটিভ সোসাইটি টাকা তুলে দিয়েছিল কি?

শ্রীআবদুস সাত্তার : আমার উত্তরে আছে আগামী বছরে শেষ হবে।

শ্রীমহম্মদ দেদারবক্স : বিশ্বব্যাঙ্কের সাহায্যে কোন্ জেলায় কত নলকূপ বসানো হয়েছে?

শ্রীআবদুস সাত্তার : কিছু করপোরেশন কবে করা হচ্ছে এবং কিছু ফারমারস কো-অপারেটিভ সোসাইটি করে করা হচ্ছে। ৩০০টি টিউবওয়েল পশ্চিমবাংলায় হবে—২০০টি কো-অপারেটিভ করবে, ১০০টি করপোরেশন করবে। কো-অপারেটিভ খরচের ৫০ শতাংশ সাবসিডি পাবে।

শ্রীবলাইলাল শেঠ : যেসব গভীর নলকূপ দীর্ঘদিন ধরে অকেজো হয়ে আছে সেগুলির কি করবেন?

শ্রীআবদুস সাত্তার : এগুলি ওয়ার্ল্ড ব্যাঙ্কের ব্যাপার এখনও হয়নি তা খারাপ হবে কি করে।

শ্রীগণেশচন্দ্র হাটুই : এম আই সি'র মাধ্যমে সমস্ত নলকূপই শহরকেন্দ্রিক হবে দেখছি। এই জায়গাগুলি কি বিশ্বব্যাঙ্ক ঠিক করছেন?

শ্রীআবদুস সাত্তার ঃ ডি এম সাইট সিলেকশন কমিটির চেয়ারম্যান তিনি মিটিং করে সাইট সিলেকশন করেন কিন্তু এজন্য ওয়াটার বোর্ডের স্যাংশন নিতে হবে।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ এম আই সি'র মাধ্যমে এখানে হবে, ওখানে হবে না—এরকম নির্দেশ কি ওয়ার্ল্ড ব্যাঙ্ক দিয়েছেন ?

শ্রীআবদুস সাত্তার ঃ মোট ৫৫টি ডিপ টিউবওয়েল ওয়ার্ল্ড ব্যাঙ্ক করবেন এর মধ্যে ৩৮টি ফারমার্স গ্রুপ ইরিগেশন করবে এবং ১৭টি এম আই সি যা করবে তার মধ্যে ১৩টি হয়ে গেছে।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ এটা কি সত্য যে ওয়ার্ল্ড ব্যাঙ্কের কর্তৃপক্ষ এসে কি জায়গা ঠিক করে দিয়ে গেছেন যে এখানে করতে হবে ?

শ্রীআবদুস সাত্তার ঃ সাইট সিলেকশন কমিটি যা করবে তাই হবে।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ এম আই সি যেগুলি সিলেকশন করেছেন সেগুলি সবই শহরাঞ্চলে এর কারণ কি ?

শ্রীআবদুস সাত্তার ঃ ৩৮টি ফারমার্স গ্রুপ সোসাইটি কোথায় কোথায় করেছেন তা জিজ্ঞাসা করলে জানিয়ে দেব।

জাঙ্গীপাড়া ব্লকের বাঁশশিল্প

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২) **শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ** তফসিলী জাতি ও উপ-জাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার জাঙ্গীপাড়া ব্লকের রসপুর তফসিলী বাঁশশিল্প সমিতি বাঁশশিল্পকে বাঁচাইবার জন্য একটি দশ হাজার টাকার স্কীম রাজ্য সরকারের নিকট জমা দিয়াছেন ;

(খ) সত্য হইলে ঐ স্কীমটি মঞ্জুর না করার কারণ কি ; এবং

(গ) তফসিলী ও উপজাতি সম্প্রদায়ের কল্যাণের জন্য রাজ্য সরকার কি কি অর্থ-নৈতিক কর্মসূচী গ্রহণ করিয়াছেন ?

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ

(ক) এ ব্যাপারে এই বিভাগে কোন তথ্য জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) এ ব্যাপারে একটি বিবরণী এতৎসহ যুক্ত হইল।

Statement referred to Starred Question No. 14 (Kga)

STATE PLAN (FIFTH PLAN)

Scheduled Castes

(a) Training facilities in vocational trades and crafts :

(i) Training facilities—Stipend.

(ii) Motor Driving—Stipend.

(b) Financial assistance in selected trades :

(i) Financial assistance to Scheduled Caste artisans in selected Trades—Grants-in-aid.

(ii) Financial assistance to Scheduled Caste traditional artisans—Grants-in-aid.

(c) Training-cum-Production Centres in various trades and crafts :

(d) Poultry and Live stock :

(e) Managerial subsidy and Margin Money for Co-operatives :

(f) Scheduled Castes Development and Finance Corporation :

Scheduled Tribes :

(a) Training facilities in vocational trades and crafts :

(i) Stipends.

(ii) Training in Motor Driving and Mechanics—Stipends.

(b) Financial Assistance to traditional artisans—Grants-in-aid :

(c) Training-cum-Production Centres in various trades and crafts :

(d) Poultry and Livestock :

(e) Special scheme for isolated Totos in the district of Jalpaiguri :

(f) Scheme for Providing Managerial Subsidy and Margin Nonday for Co-operatives—Grants-in-aid :

(g) West Bengal Tribal Development Co-operative Corporation :

(h) Sub-Plan-Integrated Tribal Area Development Project :

[1-40—1-50 p.m.]

শ্রীআনন্দমোহন বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, অধ্যাপক হাটুই এখানে যে প্রশ্নটি এনেছেন এই প্রশ্নের উত্তর সরকারের এক্তিয়ারে পড়ে না। উনি যে স্কীমের কথা বলেছেন ঐ স্কীমটাও জমা দিয়েছেন সম্প্রতি গঠিত সিডিউল্ড কাষ্ট ডেভেলপমেণ্ট ফিনান্স কর্পোরেশনে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে অধ্যাপক হাটুইকে জানাতে চাই সিডিউল্ড কাষ্ট ডেভেলপমেণ্ট ফিনান্স কর্পোরেশন, ইট ইজ এ ষ্ট্যাটিউটরি বডি, এটা এ কর্পোরেট বডি। এর অটোনমি আছে। অর্থাৎ এর আভ্যন্তরীণ ক্ষেত্রে নীতি নির্ধারণ পরিচালক-মণ্ডলীর সভায় স্থিরীকৃত হয়। সরকার সেখানে এর শেয়ারের ৫১ ভাগ কিনেছেন। অর্থ-নীতির ক্ষেত্রে সরকারের নিয়ন্ত্রণ এখানে আছে। আমি আপনার মাধ্যমে এই স্কীম সম্বন্ধে অবগত করাতে চাই, শুধু ওনার এই স্কীমটা না, এছাড়াও ৩২৯টি স্কীম সিডিউল্ড কাষ্ট ডেভেলপমেণ্ট এবং ফিনান্স কর্পোরেশনের কাছে জমা পড়েছে। বিশেষ করে এই সমস্ত স্কীম তপশীলভুক্ত শিক্ষিত ও আধা-শিক্ষিত যে-সমস্ত বেকার ভাইরা আছেন তাঁরা এই স্কীম জমা দিয়েছেন। আমি এখানে মন্ত্রী হিসাবে নয়, আমি এই সংস্থার চেয়ারম্যান হিসাবে, শুধু ওঁনাকে নয়, অনেকেরই প্রশ্ন আছে, সবার অবগতির জন্য জানাতে চাই আমাদের বিগত যে বোর্ড অব ডাইরেক্টর্সের মিটিং হয়েছিল সেই মিটিংয়ে ৩২৯টি স্কীমকেই আমরা

বিভিন্ন ডিপার্টমেণ্টে পাঠিয়েছি তার ফিজিবিলিটি এ্যাণ্ড ইকনমিক্যাল ভায়াবিলিটি পরীক্ষা করার জন্য। কোন সদস্য যদি মনে করেন যেহেতু এটা একটা সংস্থা, বিশেষ করে অনুন্নত শ্রেণীর বেকার যুবকদের আর্থিক নির্ভরশীল সহায়ক সংস্থা সেহেতু যে-কোন একটা স্কীম জমা দিলেই টাকা পাওয়া যাবে। আমি বলবো যে এটা একটা ভুল ধারণা। স্কীম নিঃসন্দেহে দেওয়া যেতে পারে এবং সেই সমস্ত স্কীম কতটা বাস্তবায়িত হবে, অর্থনীতির ক্ষেত্রে কতটা নিজের পায়ে দাঁড়াবে সেদিকে লক্ষ্য রেখে অল্প সুদে এই সংস্থার মাধ্যমে ভায়াবেল স্কীমের জন্য টাকা বিনিয়োগ করা হবে। আমি আবার বলছি ৩২৯টি স্কীম এখন পর্যন্ত জমা পড়েছে এবং ৩২৯টি স্কীমই পুংখানুপুংখভাবে তার ফিজিবিলিটি এ্যাণ্ড ইকনমিক্যালি ভায়াবল সেখানে বিবেচনা করে দেখা হচ্ছে। পরবর্তীকালে আবার যখন বোর্ড অব ডাইরেক্টর্সদের মিটিং হবে সেই মিটিংয়ে তাদের কাছে অর্থ বিনিয়োগ করা যাবে, না যাবে, তারও চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। আমি অধ্যাপক হাটুই মহাশয়কে অনুরোধ করবো সিডিউল্ড কাষ্ট ডেভেলপমেণ্ট এ্যাণ্ড ফাইনান্স কর্পোরেশন, তার যে আইন, সেই আইনের বইটা যদি আপনি পড়েন তাহলে বুঝতে পারবেন সেখানে যদি কোন স্কীম এ্যাড ইনিশিয়ো অথবা প্রাইমা ফেসি এই বোর্ড অব ডাইরেক্টর্স রিজেক্ট করে তার জন্য সরকার বা কোন সদস্যর কাছে কৈফিয়ৎ দিতে বাধ্য নয়। আমি আগেই বলেছি ইট ইজ এ কর্পোরেট বডি, ইট ইজ এ ষ্ট্যাটিউটরি বডি। আমি মন্ত্রী হিসাবে বলছি না, আমি ঐ সংস্থার চেয়ারম্যান হিসাবে বলছি ইটস্ ইণ্টারনাল ডিসিশন এ্যাণ্ড ইটস্ ইণ্টারনাল পলিসি সেই পলিসি নির্ধারিত হচ্ছে। এটা সরকারের পরিচালনায় নেই, এর পরিচালন কমিটির সদস্যর সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত নেওয়া হয়।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, পশ্চিমবঙ্গে তপশীল ও উপজাতি উন্নয়ন কর্পোরেশনের কথা যেটা আপনি বললেন, এই কর্পোরেশন কত টাকা মূলধন নিয়ে শুরু করেছে এবং এই মূলধন কিভাবে সংগ্রহ করা হয়েছে? এর মূলধন কত, ক্যাপিটাল কত এবং এর মধ্যে কত টাকা, মানে কতগুলি স্কীম একজিকিউট করা হয়েছে?

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অধ্যাপক হাটুই মশায়কে বলছি—তিনি লিখে নিন বর্তমানে সিডিউল্ড কাস্ট ডেভেলপমেণ্ট ফিনান্স কর্পোরেশনের চেয়ারম্যান হিসাবে আমি আছি, অনুমোদিত মূলধন হচ্ছে ৪০ লক্ষ টাকা। আমরা বাজারে শেয়ার বিক্রি করার সিদ্ধান্ত গ্রহণ করেছি, এখনও এক পয়সাও শেয়ার বিক্রি করতে পারিনি। গত ১৯৭৫ এবং ১৯৭৬ সালের আনবাজেটারি লায়ালবিলিটিজ হিসাবে পশ্চিমবঙ্গ সরকার ২৫ লক্ষ টাকা এই সংস্থাকে অনুদান হিসাবে দিয়েছে। ১৯৭৭-৭৮ সালের বাজেট প্রভিশন অনুযায়ী এই বিভাগের মন্ত্রী হিসাবে এই সংস্থার মূলধন হিসাবে বিনিয়োগ করেছি।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ আপনি ৪০ লক্ষ টাকা অনুমোদিত মূলধন নিয়ে কর্পোরেশন শুরু করেছেন, ইতিমধ্যে এখানে অনেকগুলি স্কীম জমা পড়েছে। আমার প্রশ্ন হচ্ছে একটা স্কীমও কি অনুমোদিত হয়নি? আজ পর্যন্ত ৪০ লক্ষ টাকার মধ্যে কত ব্যয় করেছেন?

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ আমি প্রথমেই বলেছি কোন বিশেষ স্কীম নেওয়া হয়নি। পশ্চিমবাংলার বিভিন্ন জেলা থেকে ৩২৯টি স্কীম জমা পড়েছে। আমি আগেই বলেছি যেহেতু

80 লক্ষ টাকা আছে, সেই হেতু তপশিলী অনুন্নত শ্রেণীর বেকার যুবকেরা স্কীম দিলেই টাকা পাওয়া যাবে না। প্রত্যেকটি স্কীম পরীক্ষা করে দেখতে হবে তার কতটা ইকনমিক ভায়াবিলিটি আছে, তার কতটা ফিজিবিলিটি আছে, এগুলি বিশেষ বিশেষ দক্ষ আধিকারিক দ্বারা পরীক্ষা করানো হবে, যেখানে যেখানে মনে করা হবে যে এই স্কীমের ইকনমিক ভায়াবিলিটি আছে, ফিজিবিলিটি আছে, সেখানে সেখানে টাকা দেওয়া যাবে, এই ৩২৯টি স্কীমই প্রসেস্‌ড হচ্ছে, একটাকেও এখনও টাকা দেওয়া হয়নি।

শ্রীশরৎচন্দ্র দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে, ৩২৯টি স্কীমের ইকনমিক ভায়াবিলিটি এবং ফিজিবিলিটি পরীক্ষা করা হচ্ছে। নিয়মানুযায়ী পেপারে যে এ্যাডভার্টাইজমেণ্ট করা হয়েছে, সেই অনুযায়ী এ্যাপ্লিকেশন করা হয়েছে। আমার কাছে খবর আছে, একজন সদস্য বললেন—একটা মিটিংও ডাকা হয়নি, তিনি আমাদের মাননীয় বিধানসভার সদস্য শ্রীমনোরঞ্জন প্রামাণিক, তিনি বললেন একটা মিটিংও ডাকা হয়নি। আমার আছে আরও খবর আছে যে, আজ পর্যন্ত ইমপ্লিমেণ্টেশনের জন্য কোন অফিসার নিয়োগ করা হয়নি এখনও। এখন এরা অতি অনুন্নত, এত পিছিয়ে পড়ে আছে যে, কাজ তাড়াতাড়ি করা উচিত। আমাদের চাইতে মন্ত্রী মহাশয় যে কম বোঝেন তা নয়, কিন্তু আর্থিক দিকটা এত খারাপ যে, তাদের সাহায্যের জন্য অত্যন্ত তৎপর হওয়া প্রয়োজন। এত দেরী হওয়ার অহেতুক কারণ কি? এখন পর্যন্ত অফিসার নিয়োগ না করারই বা কারণ কি এবং মাননীয় সদস্য যে বললেন একটা মিটিংও ডাকা হয়নি, তারই বা কারণ কি?

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি উনার প্রশ্নটা দু'ভাগে ভাগ করে নিচ্ছি। প্রথম অংশ কোন সদস্যকে চিঠি দেওয়া হয়েছে কি হয়নি, এটা চেয়ারম্যান হিসাবে আমার কাছে আসে না, ম্যানেজিং ডিরেক্টর থেকে সদস্যদের চিঠি দেন, তিনি যখন আমার দৃষ্টিগোচর করেছেন, নিশ্চয়ই আমি ম্যানেজিং ডিরেক্টরকে জিজ্ঞাসা করব কোন সদস্যকে চিঠি দেওয়া হয়নি কেন, দেওয়া হয়ে থাকলে কিভাবে সার্ভ করা হয়েছে নিশ্চয়ই তদন্ত করে দেখব। দু' নম্বর প্রশ্ন হচ্ছে এখানে কোন অফিসার নিয়োগ করা হয়নি কেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাতে চাইছি, আমি আগেই বলেছি, আনবাজেটারি লায়াবিলিটিজ হিসাবে ২৫ লক্ষ টাকা সংস্থাকে দিয়েছি পশ্চিমবঙ্গ সরকার থেকে, সেখানে কণ্ডিশন প্রিসিডেণ্ট হচ্ছে এস্টাব্লিশমেণ্ট কস্ট যাতে না বাড়ে, যে আদিবাসী মঙ্গল বিভাগ আছে, প্রেজেণ্ট যে সেট-আপ, তার ভিতর থেকেই কার্যকলাপ পরিচালনা করতে হবে, একজন সেখানে হোল-টাইম ম্যানেজার নিতে হবে, এবং ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেণ্টের যে-কোন দপ্তরের আই এ এস ক্যাডারের লোককে নিতে হবে। এ বিষয়ে অনেকবার যোগাযোগ করেছি, মাননীয় সদস্য যদি যোগাযোগ করেন তো আমি রেকর্ড দেখিয়ে দেব। গভর্ণমেণ্ট অব ওয়েস্ট বেঙ্গল অতি সত্বর আই এ এস ক্যাডারের একজন লোককে এই সংস্থায় পোস্টিং করবেন।

[1-50—2-00 p.m.]

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ এটা কি সত্য যে, এই ডেভেলপমেণ্ট কর্পোরেশনের একটি পয়সাও আজ পর্যন্ত খরচ হয়নি এবং এই টাকা ফেরত চলে গেছে?

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ পুরঞ্জয়বাবু আমার চেয়ে বর্ষীয়ান লোক এবং তিনি আমার চেয়ে অনেক আগে এখানে সদস্য হিসেবে এসেছেন। আমার মনে হয় তিনি বোধহয় জানেন না যে, এই কর্পোরেশন ইজ এ স্ট্যাটুটরি বডি কাজেই তাদের অর্থ বা মূলধন ৩১শে মার্চের মধ্যে খরচ করবার কোন প্রভিশন নেই। ইট ইজ নট এ বাজেটরি এ্যামাউণ্টস, ইট ইজ এ কর্পোরেট বডি। উনি যদি দেখতে চান তাহলে আমি তাঁকে দেখাব যে, সেই টাকা আমি বিশেষ একটি রাষ্ট্রীয়করণ ব্যাঙ্কে ফিক্সড ডিপোজিট করে রেখেছি এবং তার ইণ্টারেস্ট হয়ে হয়ে মূলধন ধীরে ধীরে বেড়ে যাচ্ছে।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ আপনি মন্ত্রী হিসেবে এর সভাপতি কাজেই আপনি প্রশ্নের উত্তর দিতে বাধ্য। আমি জানি তিনি এই স্ট্যাটুটরি বডির চেয়ারম্যান কিন্তু মন্ত্রী হিসেবে তাঁকে উত্তর দিতে হবে যে, এক পয়সা খরচ করে একজন তপশীল সম্প্রদায়ের লোককে সাহায্য দেওয়া হয়েছে কিনা, কোন কর্মচারী এই দপ্তর চালাবার জন্য নিয়োগ করা হয়েছে কিনা এবং কয়টা মিটিং তিনি ডেকেছেন?

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাই যে, টাকা থাকলেই খরচ করতে হবে এরকম কোন কথা নেই। আমি মাননীয় সদস্যকে জানাতে চাই যে, যে টাকা আছে সেটা গ্রাণ্ট হিসেবে নয়, এই টাকাকে লোন হিসেবে কর্পোরেশন থেকে ইনভেস্ট করতে হবে এবং প্রত্যেক স্কীমে লোন দেওয়া হবে। সেই লোন যদি রিয়ালাইজড না হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকার অনুদান হিসেবে আর টাকা দেবে না। কাজেই দেখা হচ্ছে সেই স্কীম ভায়াবেল হবে কিনা। প্রত্যেক স্কীমকে পুংখানুপুংখরূপে পরীক্ষা-নিরীক্ষা করে তারপর টাকা ইনভেস্ট করা হয়।

(নয়েজ)

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ আমি জানতে চাই সেণ্টার থেকে কোন গাইড লাইন দেওয়া হয়েছে কিনা এবং দিলে সেটা ফলো করা হয়েছে কিনা এবং একজিকিউটিভ অফিসার কাকে নিয়োগ করা হয়েছে?

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেণ্টার থেকে এ সম্পর্কে কোন গাইড্ লাইন দেওয়া হয়নি। আপনি জানেন এই এস সি ডি ফাইন্যান্স কর্পোরেশন প্রতিষ্ঠার ব্যাপারে আপনার যথেষ্ট অবদান আছে। আপনার সঙ্গে পরামর্শ করে—আপনার সহযোগিতায় এই কর্পোরেশন গঠন করা হয়েছে। তার গাইড লাইন ফিক্সড্ কিছু নেই—ফ্রম টাইম টু টাইম বিশেষ করে ডাউন ট্রাডেন তপশিলী শিক্ষিত, অর্ধশিক্ষিত বেকার যুবকদের মধ্যে স্বাবলম্বিতা আনবার জন্য বোর্ড অব ডাইরেক্টররা মাঝে মাঝে বসে গাইড লাইন ঠিক করেন এবং সেই সমস্ত স্কীম নিয়ে আলোচনা করেন।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয় একটা গাছ পুঁতেছেন—গাছ বড় হবে, তারপর ফুল-ফল হবে এইভাবে যদি চিন্তা করেন, তাহলে ঐভাবে কোন কর্পোরেশন চলে না। আমাদের এখানে ওয়েস্ট বেঙ্গল এ্যাসেমব্লিতে একটা শিডিউল্ড কাস্ট কমিটি আছে, সেই কমিটি কতকগুলি গাইড্ লাইন দিয়েছেন। আপনারা সেণ্টার থেকে তা পান না। সেই কমিটি সুচিন্তিতভাবে যে গাইড্ লাইন দিয়েছেন সেগুলি আপনি দেখেছেন কি? এবং তা পালন করবার সিদ্ধান্ত নিয়েছেন কি?

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি খুব আনন্দিত যে, হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় এই শিডিউল্ড কাস্ট ফাইন্যান্স ডেভেলপমেণ্ট কর্পোরেশন সম্পর্কে খুব আগ্রহ দেখাচ্ছেন। আমি ওঁর সঙ্গে একমত। সেই যে কমিটি আমাদের গাইড লাইন দিয়েছেন, সেটা আমরা দর্পণের মত সামনে রেখে দিয়েছি। মনোরঞ্জনবাবু সেই কমিটির চেয়ারম্যান—আমি জানি। তিনি এক্স অফিসিও বোর্ড অব ডাইরেক্টরসের সদস্য আছেন।

শ্রীবলাইলাল শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কেন এই কর্পোরেশনের জন্য দু'-একটি মডেল স্কিম করে দেন নি বা তার জন্য সাজেশনস দেন নি? তিনি এই যে ফিক্সড্ ডিপোজিট রেখেছেন টাকাগুলো, সেটা কত বছরের জন্য?

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ আমি দুঃখিত আমার সহকর্মী বন্ধু বলাইবাবু মডেল চাচ্ছেন বিধানসভার পক্ষে। আমি তাঁকে বলবো ১৩ নম্বর কিরণশঙ্কর রায় রোডে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্টের ল' এ্যাক্টস পাবলিকেশন এণ্ড সেল কাউণ্টার আছে—যেখানে দেড় টাকা দাম দিয়ে এই শিডিউল্ড কাস্ট ডেভেলপমেণ্ট কর্পোরেশনের এ্যাক্ট কিনতে পাওয়া যায়—সেই এ্যাক্টসখানা ভালোভাবে পড়লে তার আইন-ফাইন, মডেল এ টু জেড সব কিছু দেওয়া আছে।

[2-00—2-10 p.m.]

শ্রীবলাইলাল শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বোধহয় ব্যাপারটা গুলিয়ে ফেলছেন—আমি আপনার প্রোটেকশন চাইছি মন্ত্রী মহাশয় যথাযথ উত্তর এই ব্যাপারে দেন তার ব্যবস্থা করুন। আমার প্রশ্ন হল—আমি জানতে চাই কি ধরনের স্কীম হলে টাকা দেওয়া হবে—৫০০ টাকা দেওয়া হবে বাঁশের ঝুড়ি তৈরী করে বাজারে বিক্রি করা হবে—এই ধরনের স্কীম—আমি আইনজ্ঞ নই, স্কীম সম্পর্কে ওয়াকিবহাল। আমার মনে হয় পশ্চিম-বঙ্গ সরকারের অর্থমন্ত্রী শঙ্কর ঘোষ মহাশয় যখন ছিলেন তখন তিনি এ্যাডিশন্যাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রামে কি রকম স্কীম হবে সেটা করেছিলেন—আপনার আইন কি বলে না বলে সেটা আমরা জেনেছি। আপনি এমন কথা বললেন যে, টাকা থাকলে খরচ করতে হবে কিনা—ফিক্সড ডিপোজিট করেছেন পশ্চিমবঙ্গ সরকারের টাকা—এটা একটা হাস্যকর ব্যাপার, এতে আমরা হতাশ হয়ে যাচ্ছি। তফসিলী জাতিদের নিয়ে ছেলেমানুষী হচ্ছে। কাগজে বড় বড় করে এ্যাডভার্টাইজমেণ্ট হচ্ছে, কাজের মধ্যে কিছু নেই। এই ধরনের দায়িত্বজ্ঞানহীন উত্তর আমাদের হতাশ করেছে। আমি আপনার প্রোটেকশন চাইছি। একজন দায়িত্বশীল মন্ত্রীর কাছ থেকে এই ধরনের হাস্যকর উত্তর পেতে চাই না।

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বলাইলাল শেঠ মহাশয় যা বলেছেন আমি আপনার মাধ্যমে ওঁর অবগতির জন্য জানাচ্ছি যে, প্রত্যেক জেলায় একজন স্পেশাল অফিসার, শিডিউল্ড কাষ্টস এ্যাণ্ড শিডিউল্ড ট্রাইবস আছেন, ওয়েলফেয়ার অফিস আছে এবং ৩৩৫টি ব্লকে যে ৩৩৫ জন বি ডি ও আছেন—স্কীমের নমুনা কি ধরনের হবে, কিভাবে স্কীম পাঠাতে হবে, সেই সমস্ত স্থানীয় অফিসে আমরা ইতিমধ্যেই বহুবার সারকুলার পাঠিয়েছি—তবুও আমি আপনার মাধ্যমে তাঁর অবগতির জন্য জানাচ্ছি—শিডিউল্ড কাষ্ট সম্প্রদায়ভুক্ত বেকার, শিক্ষিত, আধা-শিক্ষিত, ক্রাফটসম্যান ইত্যাদি এই সমস্ত যুবক যদি কোন স্কীম তৈরী করে এবং সেই স্কীম যদি এখানে পাঠায় এবং সেই স্কীম ইকনমিক্যালি

ভায়াবল্, ফিজিবল্ করার ব্যাপারে যে ফিন্যান্সিয়্যাল ইমপ্লিকেশন আছে তার ১০% টাকা এই সংস্থা দেবে এবং রেষ্ট টাকা যা দরকার হবে সেটা ন্যাশনালাইজড্ ব্যাঙ্কের মাধ্যমে স্বল্প সুদে তাদের দেওয়া হবে—এই করপোরেশন বিয়িং এ ষ্ট্যাটুটরি বডি সেই জন্য টাকার গ্যারাণ্টি ব্যাঙ্কের কাছে থাকবে।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ এই বিষয় সম্পর্কে সদস্যদের অনেক কিছু জানবার আছে, তাদের প্রশ্নগুলির ধরন থেকেই এটা বোঝা যাচ্ছে তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি কাল বা পরশুদিন উনি একটা পূর্ণাঙ্গ ষ্টেটমেণ্ট এই হাউসে প্লেস করুন।

মিঃ স্পীকার ঃ মাননীয় সমস্ত সদস্যরা যেসব প্রশ্নগুলি করলেন এবং যেভাবে তারা এই বিষয় জানবার জন্য আগ্রহান্বিত এবং মাননীয় সদস্য হরশঙ্করবাবু যা বললেন—যেসব প্রশ্ন এখান থেকে করা হয়েছে—একটি বিষয় হল যেগুলি সব মেম্বার জানতে চান সেগুলির সাজেশন যদি দেওয়া হয় তাহলে আমার মনে হয় এই জিনিসটি পরিষ্কার হবে। এক নং হচ্ছে যে, বোর্ড ফর্ম হবার কথা ছিল সেই পূর্ণাঙ্গ বোর্ড এখন পর্যন্ত হয়েছে কিনা—একজিকিউটিভ অফিসার যিনি হবেন হু উইল এ্যাক্ট অন বিহাফ অব দি বোর্ড সেই একজিকিউটিভ অফিসার এখন পর্যন্ত নিয়োগ হয়েছে কিনা, হয়ে থাকলে কে হয়েছে—একজন মেম্বার বললেন কোনদিন কোন মিটিং হয়নি—এ্যাকচুয়্যালি আজ পর্যন্ত কটা মিটিং হয়েছে—এবং মিটিং হয়ে থাকলে কবে কবে হয়েছে—একজন মেম্বার এখানে উপস্থিত আছেন তিনি বলছেন একটি দিনও তিনি কোন নোটিশ পান নি—অতএব নোটিশ দেওয়া হয়েছিল কিনা বা কোন মিটিং কোনদিন হয়েছে কিনা। এই এসেম্বলীর যে কমিটি একটা গাইড লাইন করে দিয়েছিল সেই গাইড লাইনের ভিত্তিতে কি কি এ্যাকশন নেওয়া হয়েছে। পূর্ণাঙ্গ বোর্ড হয়েছে কিনা এবং মিটিং হয়ে থাকলে সেই মিটিংয়ে যে যে ডিসিশন নেওয়া হয়েছে এবং সেটা ঐ গাইড লাইনের পরিপ্রেক্ষিতে হয়েছে কিনা এবং এখনও পর্যন্ত কোন টাকা খরচ হয়েছে কিনা এবং টাকা খরচ হয়ে থাকলে বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী খরচ হয়েছে কিনা—ঐ যে বললেন এ্যাডভার্টাইজমেণ্টের জন্য কত খরচ হয়েছে। এই ব্যাপারে অনেকে ঘোরাঘুরি করছে। ৩৭০টি স্কিমের জন্য কবে নাগাদ টাকা পাওয়া যাবে। এইসব বিষয়গুলি আনার জন্য অনেক সদস্যই খুব উদগ্রীব। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এই সমস্ত বিষয়গুলি উল্লেখ করে একটি পূর্ণাঙ্গ ষ্টেটমেণ্ট এই হাউসে করার জন্য। কালকে হয়তো হবে না। যদি তিনি সোমবার এই সব ষ্টেটমেণ্ট দেন তাহলে আমার মনে হয় সদস্যরা সব কিছু জানতে পারবেন।

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ মেম্বারদের অবগতির জন্য ষ্টেটমেণ্ট দেওয়া হবে, এই আশ্বাস আমি দিচ্ছি।

Adjournment Motion

Mr. Speaker : There is an adjournment motion by Shri Ajit Ganguly, Shrimati Ila Mitra and Shri Satya Ghosal, namely :—"The Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance of recent occurrence etc." I have received this notice regarding hunger strike of some employees of Calcutta Electric Supply Corporation. As the administration of the Calcutta Electric Supply Corporation is not the responsibility

of the Government of West Bengal, the adjournment motion cannot be admitted under sub-Rule 9 of Rule 61 of the Rules of Procedure and Conduct of Business. I, therefore, refuse consent to moving of the motion. The mover of the motion may read out the text of the motion.

শ্রীমতী ইলা মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় জানেন যে, গত তিন দিন আগে ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনের শ্রমিকদের পক্ষ থেকে এখানে কয়েক হাজার কর্মী এসেছিলেন মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার জন্য। আমি আপনার সামনে এই কথা বলছি—

Mr. Speaker : Mrs. Mitra, you are a very senior member and you know the rules. So please read out the text of the motion.

শ্রীমতী ইলা মিত্র ঃ কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনের ২০ জন কর্মী বিগত ৭ দিন ধরে অনশন ধর্মঘট করছেন। এর মধ্যে সর্বশ্রী ভুবন দাস, রামশ্রেষ্ঠ গিরি, যোগীন্দর সিং এদের শারীরিক অবনতি ঘটেছে। বিষয়টি হ'ল সি ই এস সি'র স্বীকৃত বৃহত্তর ইউনিয়ন সি ই এস মজদুর সমিতির সাথে কোন চুক্তি না করে একতরফাভাবে অন্যান্য ইউনিয়নের স্বার্থে শ্রমিকদের স্বার্থবিরোধী চুক্তি করেছে কম্পিউটার মেসিন বসিয়ে। যে তিনটি ইউনিয়নের সাথে চুক্তি করেছে তার মধ্যে একটিও স্বীকৃত নয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে অনশন চলছে তাদের কয়েকজনের অবস্থা অত্যন্ত খারাপ—এখানে পাওয়ার মন্ত্রী উপস্থিত আছেন এ বিষয়ে তিনি যদি কিছু বলেন—তিনি তো কিছু একটা জবাব দিতে পারেন।

[2-10—2-20 p.m.]

Mr. Speaker : I cannot allow you to make any speech. The adjournment motion has been refused. No consent has been given. You are only allowed to read the text of the motion. No further discussion.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I now call upon Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury, Minister-in-Charge of Irrigation and Power to make a statement in reply to the notice of Calling Attention made by Shri Md. Safiullah and Shri Kashinath Misra on the 1st April, 1977.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : Sir, in reply to the notice of Calling Attention under Rule 198 of the Rules of Procedure and Conduct of Business by the Honourable Members, Shri Md. Safiullah and Shri Kashinath Misra, I would like to make the following statement.

(Shri Biswanath Chakrabarti rose to speak

স্যার এই ব্যাপারে একটা বলতে বলুন।)

Mr. Speaker : You cannot raise this point. It is fixed by Rule 61 (iii). So, I cannot allow any discussion over the adjournment motion.

(Noise)

(Shri Biswanath Chakrabarti rose to speak

আনন্দবাজার পত্রিকার ব্যাপারটা এ্যাডমিট করলেন, এটা করছেন না ?)

You cannot raise this point. Under Rule 61 (iii) you cannot do it. I cannot allow you challenging the ruling of the Chair. There was some allegation in which some Minister was personally involved. So, I gave permission but without admitting it to raise the adjournment motion and the leave was not granted. But in this particular case, I think, this is an organisation in which Government has nothing to do. It has no connection with the administration. But in that particular case, I think, some Hon'ble Minister was present and in his presence something was alleged to have been done. So, I allowed to move that motion.

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ মিঃ স্পীকার, স্যার, এই বিষয়ে আমার দুটি বক্তব্য আছে। একটি হল সি ই এস সি'র ইলেকট্রিসিটির ব্যাপার—আমাদের এখানে বিদ্যুৎমন্ত্রী উপস্থিত আছেন—এই বিভাগের যদি কোন মন্ত্রী না থাকবেন—আমাদের পশ্চিমবঙ্গ সরকারের এই বিভাগের যদি কোন মন্ত্রী না থাকতেন তাহলে এটা হয়ত আলোচনার বিষয় হত না। কিন্তু সি ই এস সি' এই মন্ত্রীর নির্দেশে অনেক সময় চলে এটা আমরা জানি। সি ই এস সি সংক্রান্ত কোন আলোচনা আমাদের বিদ্যুৎমন্ত্রী এই বিধানসভায় করে থাকেন। সুতরাং সি ই এস সি সংক্রান্ত কোন ব্যাপার পশ্চিমবঙ্গ সরকারের আলোচনার অন্তর্ভুক্ত।

Mr. Speaker : It has no bearing on the Government. It is a private concern in which Government has got nothing to do. So, Government has no administrative control over that corporation. You can bring calling attention and I can say that I will admit it because it is a matter concerning some persons who are on hunger strike. If you so think, you can bring a calling attention motion and I will give due consideration on that particular calling attention motion.

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ শ্রমিক শ্রেণী তাদের অভাব-অভিযোগের ভিত্তিতে ইউনিয়ন করছেন, আন্দোলন করছেন—এদের প্রত্যেকটি ব্যাপার বিধানসভায় উঠবে এবং শ্রমমন্ত্রীর এটা একটা দায়িত্বভুক্ত। সুতরাং যেদিক থেকে পশ্চিমবঙ্গ সরকারের একটা বক্তব্য পেশ করতেই হবে।

Mr. Speaker : Mr. Bhattacharyya, you can make it in a calling attention motion or you can bring it as a mention case, and the Minister may give his reply. But do not bring it as adjournment motion. The adjournment motion is a serious matter and it comes on a rare occasion. You understand the censor of Government. It is a very rare case. In the adjournment motion the question of Government is involved, and it is an administrative affair in which you can say that the Government is responsible. If it would have been a Government undertaking I could understand that Government was certainly responsible. But, it is a private concern or private firm or something like that in which Government have got no administrative power or control, and there is some

saying that the Government is not directly responsible in the matter. So, I have to disallow this under Rule 61 (ix). It is clear, I am the servant of the Rules & Procedure, and you know my hands are tied in the matter according to Rules and Procedure.

(Several members rose to speak)

(Noise)

You can make an appeal. You have drawn the attention of the House by reading out the text of the adjournment motion. If the Minister feels it necessary he can reply. I would not stand in the way. I now call upon the Minister-in-Charge of Irrigation and Power to continue with his statement in reply to the calling attention notice.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : After about four months of continuous operation of Unit No. 1 of Santaldih it was shut down on 20th March, 1977 because of heavy commutator sparking and hydrogen seal leaking. The repairs were completed on 22nd March, 1977 afternoon. While synchronising the machine on the same date, the turbo generator coupling bolts sheared. The cases of this incident are being enquired into.

Urgent orders were placed with BHEL, Bhopal through telephone by the West Bengal State Electricity Board for immediate manufacture of sixteen bolts for recommissioning the Unit. Bolts were received at Santaldih site on 28th march, 1977 under special escorts from Bhopal. After thorough checking of alignment of the coupling, the wiring of the generator and the exitor the bolts were refitted and machine recommissioned at 18.45 hrs. on 3rd April, 1977. The machine is not in normal operation.

Mr. Speaker : Though it is not your personal responsibility but as a large number of employees are going on hunger strike, and as the honourable members are agitated over the issue, if possible, you can make a statement. If not to-day, give some mention that you will look into the matter.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : I will certainly look into the matter and I will make a statement.

Mr. Speaker : I have received 24 notices of Calling Attention on various subjects out of which I have selected the notice of Sarbasree Sarat Chandra Das, Kashinath Misra, Md. Safiullah, Naresh Chandra Chaki, Sukumar Bandyopadhyaya and Abdul Bari Biswas on the subject of acute water crisis in certain parts of Purulia and Bankura districts.

The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal : On the 11th April.

Mr. Speaker ; The remaining notices are taken as read and laid on the table.

Attempted buglary in C. U. Strongroom—from Shri Md. Safiullah and three others,

Damage of Haldia oil jetty—from Shri Md. Safiullah and another,

Strike by Conservancy Employees of Calcutta Corporation—from Shri Md. Safiullah and another,

Cease work by conservancy men of Howrah Municipality—from Shri Md. Safiullah and three others,

Robbery in South Calcutta—from Shri Md. Safiullah and three others,

Crisis in oilmills—from Shri Md. Safiullah and another,

Daily wastage of water in Calcutta—from Shri Md. Safiullah and another.

Completion of Norghat bridge over river Haldia—from Shri Md. Safiullah and another,

Reported out-break of Chicken Pox—from Shri Md. Safiullah and another,

Re-opening of closed jute mills—from Shri Md. Safiullah and another,

Relief measures in draught effected areas—from Shri Kashinath Misra and another,

Apprehended strike by tramwaymen on April, 20—from Shri Md. Safiullah and another,

Reported out-break of Cholera in Calcutta—from Shri Md. Safiullah and another,

Financial assistance to reconstruct delipadated primary schools premises—from Shri Md. Safiullah and another,

Water for BORO crops—from Shri Md. Safiullah and another,

Drinking water crisis in rural areas—from Shri Md. Safiullah and three others,

Repair of derelict tubewells—from Shri Md. Safiullah and another,

Alleged irregularities in junior clerkship examination conducted by Calcutta Corporation—from Shri Md. Safiullah and another,

Discontinuous of hired-lorries-system in Calcutta Corporation—from Shri Md. Safiullah and another,

Construction of Fly-over near Sealdah Station—from Shri Md. Safiullah and another,

Land acquisition for Howrah-Amta and Howrah-Sheakhala Railway—from Shri Md. Safiullah and another,

Mosquito menace in rural and urban areas—from Shri Kashinath Misra and two others,

Water supply scheme in Birbhum—from Shri Md. Dedar Baksh and two others,

G.R. for fishermen—from Shri Md. Dedar Baksh and four others, and

Acute water crisis in certain parts of Purulia and Bankura districts—from Sarbasree Sarat Ch. Das, Kashinath Misra, Md. Safiullah, Naresh Ch. Chaki, Sukumar Bandyopadhyay and Abdul Bari Biswas.

(Several members rose to speak)

Mr. Speaker: Please take your seats. Hon'ble Minister has given an assurance that he will look into the matter.

Shri Gyan Singh Sohanpal: Hon'ble Minister-in-Charge will give his statement as early as possible during this session.

Statement under Rule 346

Mr. Speaker: I now call upon the Hon'ble Education Minister to make a statement under Rule 346.

[2-20—2-30 p.m.]

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে গত সপ্তাহে স্বামী বিবেকানন্দের বসতবাটি অধিগ্রহণ নিয়ে কিছু বক্তব্য রাখা হয়েছিল। সেই ব্যাপারে আপনার অনুমতি নিয়ে একটা বক্তব্য রাখছি।

স্বামী বিবেকানন্দের স্মৃতিরক্ষাকল্পে ১৯৬৩ সালে রামকৃষ্ণ মিশন, বেলুড়মঠ, স্বামীজীর কলকাতার পৈত্রিক বসতবাটি অধিগ্রহণ করার জন্য একটি প্রস্তাব রাজ্য সরকারের নিকট পেশ করেন। বর্তমানে মূল বাড়িটি বিভিন্ন প্লটে বিভক্ত। বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্লটগুলির বর্তমান মালিক ও দখলদার। মিশন কর্তৃপক্ষের প্রস্তাবটি বিবেচনান্তে এরূপ স্থির করা হয়েছিল যে, মূল বাড়ির অন্তর্গত ১, ৩, ৪, ৮ এবং ১০ নং গৌরমোহন মুখার্জী ষ্ট্রীটের প্লটগুলি অধিগ্রহণ করা হবে এবং সরকার এ বাবদ ১ লক্ষ টাকা অনুদান দেবেন। কিন্তু কিছুকাল পরে মিশন কর্তৃপক্ষ জানান যে, তাঁরা স্বামীজীর পৈত্রিক বাড়িটি অধিগ্রহণ সম্পর্কে একটি বিস্তারিত পরিকল্পনা প্রস্তুত করছেন এবং বিষয়টি সাময়িকভাবে স্থগিত রাখা হোক। পরে কলিকাতার এল এ কালেক্টরের নিকট জানা যায় যে, মিশন কর্তৃপক্ষ সরাসরি আলোচনার মাধ্যমে ঐ বসতবাটিটি ক্রয় করতে চেষ্টা করছেন। এ অবস্থায় মিশনের অনুরোধে সরকার ভূমি অধিগ্রহণের কাজ বন্ধ রাখেন।

১৯৭১ সালে পুনরায় মিশন কর্তৃপক্ষ সরকারের কাছে নতুনভাবে বাড়িটি অধিগ্রহণের প্রস্তাব নিয়ে আসেন। এই নতুন প্রস্তাব অনুযায়ী গৌরমোহন মুখার্জী ষ্ট্রীটের ৭টি হোল্ডিং (১, ২, ৩, ৪, ৮, ৯, ১০) এবং বিধান সরণীর একটি হোল্ডিং (১৯৬বি) অধিগ্রহণের কাজ আরম্ভ করা হয়। কিন্তু ৩ নং প্লট সম্পর্কে সিটি সিভিল কোর্টে মামলা থাকায় ঐ সম্পর্কিত নথিপত্র দেখার প্রয়োজন হয়। মিশন কর্তৃপক্ষ এই অধিগ্রহণের ব্যয়ভার বহন করতে স্বীকৃত হন। মিশনের সম্মতি পাওয়ার পর ভূমি অধিগ্রহণ আইনের ৪ নং ধারায় উপরোক্ত প্লটগুলির অধিগ্রহণ সম্পর্কে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করতে বলা হয় এবং ঐ আইনের ৫-এ ধারায় প্রতিবেদন এবং ৬ ধারায় খসড়া ঘোষণা ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট চেয়ে পাঠানো হয়। ইতিমধ্যে মিশন কর্তৃপক্ষ আরও ৭টি প্লট (৫, ৬-এ, ৬-বি, ৭ নং গৌরমোহন মুখার্জী ষ্ট্রীট এবং ৫০, ৫১, ৫৪ নং সিমলা ষ্ট্রীট) এবং তৎসংলগ্ন ৩ নং এবং ১০ নং

গৌরমোহন মুখার্জী ষ্ট্রীটের মধ্যবর্তী যাতায়াতের প্রাইভেট কমন প্যাসেজ অধিগ্রহণ করার প্রস্তাব করেন। তাঁরা আরও প্রস্তাব করেন যে, পূর্ববর্তী অধিগ্রহণ প্রকল্পটি বাতিল করে দেওয়া হোক। কারণ নতুন প্রস্তাবকে সংযুক্ত করে একটি স্বয়ংসম্পূর্ণ একক অধিগ্রহণ ব্যবস্থা না হলে ভবিষ্যতে আইনগত অসুবিধা দেখা দিতে পারে। মিশনের দৃঢ় অভিমত এই ছিল যে, পূর্বের ব্যবস্থা বাতিল করে নতুনভাবে অধিগ্রহণ ব্যবস্থা চালু করা উচিত এবং ১৬-৬-৭৫ তাং এক চিঠিতে মিশন তাদের কাছ থেকে না শোনা পর্যন্ত অধিগ্রহণের কাজ বন্ধ রাখতে বলেন। বিষয়টি মিশন এবং সংশ্লিষ্ট বিভাগের সহিত পরামর্শক্রমে বিবেচিত হয়। ইহাতে বিলম্ব ঘটতে থাকে। মিশন কর্তৃপক্ষের অনুরোধক্রমে পূর্বের সিদ্ধান্ত বাতিল করে স্থির করা হয় যে, সরকার এই সম্পত্তি সরকারী অর্থে অধিগ্রহণ করে মিশনকে স্বামীজীর স্মৃতিরক্ষাকল্পে হস্তান্তর করবেন। প্রথম ১৯৭৩ মে মাসে সিদ্ধান্ত গৃহীত হয় কেবলমাত্র প্লট নং ৩ যেখানে স্বামীজী জন্মেছিলেন সেটি অধিগ্রহণ করা হবে। কিন্তু পরে দেখা গেল যে, এই প্লটকে ঘিরে আরও সংলগ্ন কতকগুলি প্লট আছে। সংশ্লিষ্ট সমস্ত প্লট তিন নং বাদে আরও ১৪টি প্লট অধিগ্রহণ করার জন্য আনুমানিক ১৫ লক্ষ টাকা লাগবে। সরকার এত টাকা ব্যয়ের জন্য প্রস্তুত ছিলেন না। তবুও বিশেষ বিবেচনায় সব প্লটগুলি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই সিদ্ধান্ত অনুযায়ী ঐ সম্পত্তি অধিগ্রহণের কাজ ত্বরান্বিত করার জন্য ল্যাণ্ড এ্যাকুইজিশন কালেক্টরকে অনুরোধ করা হয়। ভূমি অধিগ্রহণ আইনের বিবিধ বিধি অনুসরণ করে বিষয়টি প্রশাসনিক অনুমোদনের স্তরে এসে পৌঁছোয়। এই সময় আরবান ল্যাণ্ড সিলিং সেলিং এ্যাণ্ড রেগুলেশন এ্যাক্ট ১৯৭৬ আইন বলবৎ হয়। এবং ১০ই মার্চ, ১৯৭৬ খৃস্টাব্দের নির্দেশনামায় ভূমিরাজস্ব বিভাগ ঐ আইন অনুযায়ী শহরের জমির উর্ধ্বসীমা নির্ধারিত না হওয়া পর্যন্ত ল্যাণ্ড এ্যাকুইজিশন কালেক্টরদের ভূমি অধিগ্রহণ আইন অনুযায়ী ভূমি অধিগ্রহণের কাজ বন্ধ রাখতে নির্দেশ দেন।

বাড়িটি অধিগ্রহণের আনুমানিক ব্যয় প্রায় ১৫ লক্ষ টাকা। সিলিং এ্যাবেট অনুযায়ী বাড়িটি অধিগ্রহণ করা হলে বহুলাংশে আর্থিক ব্যয় কমে যাবে। এই দিক থেকে বিবেচনা করে স্থির হয় যে, সিলিং এ্যাবেট অনুযায়ী জমির সীমা নির্ধারিত হওয়ার পর বাড়িটি অধিগ্রহণ করা হবে। সংশ্লিষ্ট বিভাগকে সিলিং এ্যাবেট অনুযায়ী এই সম্পত্তির সীমা দ্রুত নির্দেশ করার জন্য অনুরোধ করা হয়েছে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : অন এ পয়েণ্ট অব এক্সপ্ল্যালেশন, মাননীয় শিক্ষামন্ত্রী স্বামী বিবেকানন্দের বাড়ি অধিগ্রহণ সম্পর্কে একটা দীর্ঘ বিবৃতি দিয়েছেন এবং এই সঙ্গে মিশনের কিছু কিছু মতামতের উদ্ধৃতি দিয়েছেন কিন্তু দুঃখের কথা, এখনও পর্যন্ত এটা নেওয়া সম্ভব হল না। এই সভায় বিভিন্ন সময়ে আমরা দেখেছি বিভিন্ন বক্তা স্বামী বিবেকানন্দের বাড়ি অধিগ্রহণ করার জন্য সরকারের কাছে দাবী রেখেছিলেন, কিন্তু বিগত পাঁচ বছর ধরে এই দাবী রেখেও কোন ফল এখনও পর্যন্ত পাওয়া গেল না। স্বামী বিবেকানন্দ শুধু বাংলাদেশ বা ভারতবর্ষেই নয় সারা পৃথিবীর মানুষ তার নামে মাথা নত করেন শ্রদ্ধায়, আমাদের গৌরব তিনি বাংলাদেশে জন্মগ্রহণ করেছিলেন। এই জরুরী অবস্থার সুযোগে বহু কাজ হয়েছে, বহু জিনিস সরকারের পক্ষে অধিগ্রহণ করা সম্ভবপর হয়েছে, কিন্তু দুঃখের বিষয় এই বিধানসভায় বারবার এই মর্মে দাবী তোলা সত্ত্বেও, এই মহামান্য কর্মকশলী মন্ত্রী পরিষদ এই পবিত্র দেবমন্দির অধিগ্রহণ

করতে পারলেন না। আজকে খুব দুঃখ হচ্ছে—আজকে শিক্ষামন্ত্রী মহাশয় বহু প্রচেষ্টার কথা বলেছেন, অনেক কথা এখানে বলা হয়েছে—

(গোলমাল)

এই বিবৃতি আমরা চাই নি।

Mr. Speaker : No Statement please Mr. Sukumar Bandyopadhyay. No debate can follow. You cannot make a long speach. I am extremly sorry, I cannot allow this. I have to follow the rule.

শ্রীকৃষ্ণকুমার শুক্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব এক্সপ্ল্যানেশন, স্বামীজীর বাড়ি সম্বন্ধে যে বিবৃতি দেওয়া হ'ল, আমি মনে করি ঐ বিবৃতি এখনও পরিষ্কারভাবে এখানে রাখেন নি। অবিলম্বে ঐ বাড়ি অধিগ্রহণ করা হবে কিনা, আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি। উনি পরিষ্কারভাবে বলুন ১৯৭৭ সালে এটা অধিগ্রহণ করছেন কিনা, এটা আমরা জানতে চাইছি। বিবৃতির বাক্‌জালে জড়িয়ে নয়, আমরা পরিষ্কারভাবে জানতে চাইছি ঐ বাড়ি অধিগ্রহণ করা হবে কিনা।

Mr. Speaker : You have asked for a categorical assurance from the Hon'ble Minister. The Hon'ble Minister is present here. He has heard your statement. If he wants to give a reply, he can do so. I cannot force him to give a reply. If he wants to say something he will seek my permission. I will give him permission. I cannot force him to make a statement.

[2-30—2-40 p.m.]

শ্রীগঙ্গাধর প্রামাণিক : On a point of privilege, মন্ত্রী মহাশয় বলবেন কিনা সেটা তো বলতে পারেন ?

Mr. Speaker : From the sittence of the Hon'ble Minister you can come to the conclusion that he is not ready to say anything.

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত : স্যার, আমি একটা বিষয় উত্থাপন করছি যাতে শিক্ষা জগতে একটা ভয়ানক ঘটনা হতে চলেছে এবং এজন্য প্রত্যেকটি অভিভাবক ও শিক্ষক আজ উদ্বিগ্ন। আপনারা কাগজে দেখেছেন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীরা ১২ এবং ১৬ তারিখ থেকে লাগাতার ধর্মঘট করতে যাচ্ছেন। অর্থাৎ ১৭ তারিখ থেকে পরীক্ষা হবে না। তাদের দাবী অনেকদিন থেকেই আছে। আপনারা দেখেছেন উত্তরবঙ্গের উপাচার্যের কক্ষে উপাচার্য সমিতি বসেছিলেন। সেখানে তাঁরা এই কথা বলেছেন যে, স্কেল চালু করা হয়েছে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরা সেটার বিরোধী বলে এর পরিবর্তন করার কারণ আছে—এটাই উপাচার্যদের সিদ্ধান্ত। এ বিষয়ে শিক্ষামন্ত্রী মহাশয়কে দ্রুত দৃষ্টি দিতে বলছি। আর কলেজ অশিক্ষক কর্মচারী যাঁরা ১২ তারিখ থেকে লাগাতার ধর্মঘট করতে যাচ্ছেন তাঁরা বহুদিন থেকে বেতনক্রম চালু করার কথা বলছেন। ৫/৬ বছর ধরে এই আন্দোলন চলছে এবং শুনেছি তাঁরা নাকি ২০ বারের মত শিক্ষামন্ত্রীর সঙ্গে আলোচনা করে গেছেন। হয়ত তাঁদের জন্য একটা বেতনক্রম ঠিক করেছেন কিন্তু এ বিষয়ে কোনরকম সংবাদ তাঁদের কাছে নেই। দাস কমিশনের একটা রিপোর্ট এ বিষয়ে হয়েছিল, তবে কি হয়েছে তা জানি না। যাহোক, এর ফলে একটা

ভীষণ অবস্থা হতে চলেছে। বিশ্ববিদ্যালয়ের সমস্ত পরীক্ষা তো এমনিতেই পিছিয়ে আছে। এর পরেও সরকারের গাফিলতির জন্য যদি কিছু অঘটন ঘটে তাহলে শিক্ষাজগতে ভয়ানক একটা বিপর্যয় দেখা দেবে। আশা করব শিক্ষামন্ত্রী মহাশয় এ বিষয়ে দ্রুত দৃষ্টি দেবেন—না হলে সমস্ত পরীক্ষা বন্ধ হয়ে যাবে। আমার ইউনিয়ন ও কলেজের সঙ্গে যে সামান্য যোগ আছে তাতে বুঝতে পারছি যে, আশু বিপদ আসন্ন, সুতরাং আপনার হস্তক্ষেপ দ্রুত প্রার্থনীয়।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : স্যার, ডঃ শান্তিকুমার দাশগুপ্তের উল্লিখিত বিষয়ের মধ্যে দুটি অংশ আছে—একটি বিশ্ববিদ্যালয়ের অশিক্ষক কর্মীদের ব্যাপার, আর একটা কলেজের কর্মীদের ব্যাপার। বিশ্ববিদ্যালয় সম্বন্ধে কিছুদিন আগে যখন শ্রীপঙ্কজ ব্যানার্জী উল্লেখ করেছিলেন তখন আমি বলেছিলাম তাঁরা আগে যে সুবিধা পাচ্ছিলেন সেটাই পেতে থাকবেন এবং প্রমোশন পেলে তাঁদের সেই হারে যাতে সুবিধা বজায় থাকে সেদিকে সরকার দৃষ্টি দেবেন। দুঃখের বিষয় কলেজ কর্মচারীরাও ধর্মঘট করতে এগিয়ে এসেছেন—তাঁরা যদি এটা তুলে নেন তাহলে তাঁদের সঙ্গে বসে আলাপ করতে প্রস্তুত আছি—

ডঃ শান্তিকুমার দাশগুপ্ত : আগে উইথড্র করব, তারপরে আলোচনা করবেন এটা কি ঠিক হল ?

শ্রীঅনন্তকুমার ভারতী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় আজকেও বললেন অশিক্ষক কর্মচারী এবং শিক্ষক কর্মচারী—গত বছর এই সভায় আমি উল্লেখ করেছিলাম যে, স্কুল-কলেজের সাথে যে হোস্টেলগুলি থাকে তাদের যারা কর্মচারী তারা যদি অশিক্ষক কর্মচারী হয় তাহলে তাদের সম্পর্কে কিছু চিন্তা করছেন কিনা এটা একটু ক্ল্যারিফাই করুন।

শ্রীশচীন্দ্রনাথ ধর : মাননীয় স্পীকার মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে এই সভায় পেশ করছি। পার্ক সার্কাস ময়দানে জানুয়ারী মাসে আমাদের তথ্যবিভাগের কর্তৃপক্ষ শরৎচন্দ্র স্মৃতিবার্ষিকী উপলক্ষে একটা মেলা করেছিলেন। সেখানে লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে, খুব ভাল মেলা হয়েছিল, অনেক লোক হয়েছিল। কিন্তু সেই মেলার পর সেই মাঠের যা অবস্থা, এখানে-সেখানে গর্ত, সেই অবস্থায় মাঠে হাজার হাজার লোক প্রত্যেক দিন ঘুরে বেড়ায়, ছেলেরা খেলে বেড়ায়। সেই মাঠ রিপেয়ার করে গর্তগুলি বন্ধ করে দেওয়া দরকার। মন্ত্রী মহাশয়কে বলা সত্ত্বেও গর্তগুলি বন্ধ করেন নি। সেই কারণে অনেকের ডিসকন্টেণ্টে, অনেক লোক আহত হয়েছে সেই মেলার মাঠে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন মাঠটা ঠিক করে দেন। আর একটা ব্যাপার বলতে চাই যেটা হচ্ছে পার্ক সার্কাস ময়দানে প্রায় ৫/৬ লক্ষ টাকার গভর্ণমেণ্টের সি এম ডি এ'র পাইপ পড়ে আছে, সেই পাইপগুলি নিচ্ছে না। সেই পাইপগুলি অনেক কাজে লাগতে পারে। গভর্ণমেণ্টের টাকা এইভাবে নষ্ট করা ঠিক নয়। সেই পাইপগুলির জন্যে ব্যবস্থা হয় সেটাও উল্লেখ করছি।

শ্রীপ্রদীপকুমার পালিত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্যার, আমরা দেখতে পাচ্ছি যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে নারীদের উপর অত্যাচার, হামলা, শালীনতাহানী শুরু হয়েছে। এই ঘটনা হঠাৎ কি করে শুরু হল আমরা ঠিক বুঝতে পারছি না। আমাদের ভারতবর্ষের প্রধানমন্ত্রী নারী জাতির প্রতি যে-রকম মনোভাব পোষণ করেন বলে আমরা বিভিন্ন পত্র-পত্রিকার মাধ্যমে দেখতে পাচ্ছি তাতে নতুন করে সমাজ-

বিরোধীরা কি করে এই রকম কাজে লিপ্ত হয়ে উঠেছে তা আমরা বুঝতে পারছি না। এটা আমাদের কাছে অত্যন্ত সন্দেহজনক অবস্থার সৃষ্টি করেছে। শুধু সমাজবিরোধী নয়, বিগত লোকসভার নির্বাচনে যে-সমস্ত যুবকরা জনতা পার্টির হয়ে কাজকর্ম করেছে গত কয়েক দিন আগে দেখলাম আমাদের এলাকা বেলঘরিয়াতে একজন মহিলাকে হত্যা করা হল, সেই হত্যার সঙ্গে জড়িত থাকার জন্য যাদের গ্রেপ্তার করা হয়েছে কিংবা আসামী হিসাবে মিসা করা হয়েছে তারা বিগত লোকসভার নির্বাচনে জনতা পার্টির প্রার্থী অশোককৃষ্ণ দত্তের নির্বাচনে কর্মী ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবস্থার সৃষ্টি হয়েছে, ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। কারণ, আজকে ভারতবর্ষের প্রধানমন্ত্রী নারী জাতি সম্পর্কে কি দৃষ্টিভঙ্গী পোষণ করেন সেই বিষয়ে আমরা নতুন করে কাগজে দেখতে পেয়েছি, তিনি ক্ষমা প্রার্থনা করেছেন কিছুদিন আগে একজন বিদেশী মহিলার কাছে। তাঁর যেখানে এই রকম মনের অবস্থার কথা প্রকাশিত হয়েছে সেখানে তাঁর দলের লোকজন, সমাজবিরোধীরা তার সুযোগ গ্রহণ করছে, তার একটা লীলাক্ষেত্র তৈরী করার চেষ্টা করছে। আমরা দেখেছি কিছুদিন আগে উলটোডাঙায় একজন মহিলা শিল্পীর উপর অত্যাচার করা হয়েছিল, বিভিন্ন জায়গায় মহিলাদের উপর অত্যাচার করার ঘটনা আমাদের কানে এসেছে।

[2-40—2-50 p.m.]

আমাদের স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী এখন এই সভাতে নেই। আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই যে, ভারতবর্ষের প্রধানমন্ত্রী কিংবা সরকারী ক্ষমতায় অধিষ্ঠিত জনতা দল যে মনোভাবই পোষণ করুন না কেন ভারতবর্ষের আপামর জনসাধারণ এবং নারী জাতির সমস্ত দায়দায়িত্ব আমাদের সরকার পালন করবেন একথা আমি বিশ্বাস করি। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি অবিলম্বে তাঁরা যেন এই ব্যাপারে দৃষ্টি দেন।

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যাপারে তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং দাবী করছি অবিলম্বে যেন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রীরবীন্দ্রনাথ করণ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করতে চাই। হলদিয়ায় আরবান ইণ্ডাষ্ট্রিয়াল কমপ্লেক্সের জন্য, হলদিয়া শহর এবং শিল্পের সম্প্রসারণ করবার জন্য ২৫০ একর জমি অধিগ্রহণ করা হয়েছিল কিন্তু দুঃখের বিষয় যাদের জমি অধিগ্রহণ করা হয়েছিল তাদের ক্ষতিপূরণের টাকা দেওয়া হয়নি, বাস্তুভিটার ক্ষতিপূরণের টাকাও দেওয়া হয়নি। এর ফলে ওই ক্ষতিগ্রস্ত এলাকার জনসাধারণের মধ্যে বিক্ষোভ সৃষ্টি হয়েছে এবং যে-সমস্ত কাজ আরম্ভ হয়েছিল সেগুলি বন্ধ হয়েছে। আমি ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ রাখছি, হলদিয়ায় শিল্প সম্প্রসারণের কাজ যদি ত্বরান্বিত করতে হয় তাহলে ওখানকার জনসাধারণের ক্ষতিপূরণের টাকা যেটা সরকার এখনও পর্যন্ত দিচ্ছেন না সেটা অবিলম্বে দেবার ব্যবস্থা করুন। এই ব্যবস্থা যদি তাড়াতাড়ি না করেন তাহলে ভয়ানক কাণ্ড সেখানে ঘটবে। আমি আরও একটা বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি, হলদিয়ায় ওয়াটার রিজার্ভারের কাজ যেটা চলছিল সেটাও বন্ধ হয়ে গেছে। আমি আশা করি আমার বক্তব্যের প্রতি সরকার দৃষ্টি দেবেন।

শ্রীসুধীরচন্দ্র দাস ঃ *মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার জন্য দাঁড়িয়েছি। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আমাদের পশ্চিমবাংলা অন্যান্য প্রদেশ অপেক্ষা পিছিয়ে রয়েছে। আমরা লক্ষ্য করছি গত ২ বছরে ধরে এখানে প্রাথমিক বিদ্যালয়গুলির মঞ্জুরি দেবার কোন চেষ্টা হচ্ছে না। ১৯৭৫-৭৬ সালে যেখানে ১ হাজার প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরি দেবার কথা ছিল সেখানে মাত্র দেখছি ২০০টিকে মঞ্জুর করেছেন এবং বাকী ৮০০ এখনও পড়ে রয়েছে।* এই অব্যবস্থার কারণ জানতে চাই এবং কেন স্কুলগুলির মঞ্জুরি দেননি এবং এ বছরই বা কি করবেন সেটাও জানতে চাই। আমরা মনে করি প্রাথমিক বিদ্যালয় আরও বাড়ানো দরকার এবং নালা, নদী এবং আরও নানারকম বাধা-বিপত্তির মধ্যেও গ্রামাঞ্চলে প্রতিষ্ঠিত সেই প্রাথমিক বিদ্যালয়গুলির সংখ্যা আরও বাড়ানো উচিত। এই অবস্থাতেও সরকার যে মাত্র ২০০টির ক্ষেত্রে মঞ্জুরি দিয়েছেন এটা বড়ই দুঃখের কথা। এটা কেন হয়েছে এবং দলীয় কোন্দলের জন্য হয়েছে কিনা সে বিষয়ে আশা করি আলোকপাত করবেন। তারপর যে প্যানেল করা হয়েছে সেখানে দেখছি এখনও ৮ হাজার শিক্ষক বসে রয়েছেন। আপনারা টাকা খরচ করে শিক্ষকদের ট্রেনিং দিয়ে শিক্ষিত করে এনেছেন কাজেই তাঁদের বাদ না দিয়ে তাঁদের জন্য ব্যবস্থা করুন। তারপর আমার বক্তব্য হচ্ছে প্রাথমিক বিদ্যালয়ে যাতে পরিচালক সমিতি থাকে তার ব্যবস্থা আপনারা করুন এবং এই সঙ্কট দূর করে যাতে প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরি পায় তার ব্যবস্থা করুন।

শ্রীমতী ইলা মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, উল্টোডাঙায় মস্তানদের দৌরাত্ম্য এখন ভয়াবহভাবে বেড়ে গেছে। গত ১লা এপ্রিল তারিখে শুক্রবার ভোর ৪টার সময় একদল দুষ্কৃতকারী এবং মস্তানরা যারা সম্প্রতিকালে মিসাতে ছাড়া পেয়েছে তারা উল্টোডাঙার মেন রোডে বিভূতি কর্নারের বিপরীত দিকে সুরেন্দ্রনাথ দাশের মেয়েকে পাশের মাঠে নিয়ে গিয়ে পর পর কয়েকজন রেপ করে, পরে মেয়েটিকে অচৈতন্য অবস্থায় দেখে ষ্টেটবাসের লোকেরা খানায় নিয়ে যায়। মেয়েটি থাকে ১/২ এল আই জি স্কীমে, ৯ নম্বর এবং ১৫ নম্বর বাস ষ্ট্যাণ্ডের বিপরীত দিকে। মেয়েটি গায়িকা এবং একটা সাংস্কৃতিক অনুষ্ঠানে গান গেয়ে যখন সে বাড়ী ফিরছিল দুই জন লোক তার সঙ্গে ছিল তখন ঐ দুষ্কৃতকারীরা ঐ দুই জন লোকের মধ্যে একজনকে মারপিট করে এবং একজন লোক ভয় পেয়ে পালিয়ে যায়, তখনই তারা মেয়েটিকে নিয়ে গিয়ে এই সমস্ত অপকর্ম করে। এই ব্যাপারে দুই জনকে গ্রেপ্তার করা হয়েছিল কিন্তু তারপরেই তাদের ছেড়ে দেওয়া হয়েছে, এবং পাঁচজন যারা সম্প্রতি মিসা থেকে ছাড়া পেয়েছে, তারা কিন্তু সগর্বে বলে বেড়াচ্ছে আমরা এখন ছাড়া পেয়েছি আমরা যা-খুশি করব। স্যার, স্থানীয় লোকেরা অত্যন্ত উত্তেজিত। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় বা স্বরাষ্ট্র দপ্তর এই দুষ্কৃতকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা না করেন তাহলে সেখানে যে-কোন সময়ে যে-কোন ঘটনা ঘটতে পারে। জনসাধারণ প্রচণ্ডভাবে এই ব্যাপারে ক্ষুব্ধ হয়ে আছে। স্যার, এই মেয়েটি আত্মহত্যা করবার জন্য চেষ্টা করছে, কোনরকমে তাকে ঠেকিয়ে রাখা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকার দাবী করছি।

শ্রীগৌতম চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন সাধারণ মানুষের যেভাবে বিচার করা উচিত একজন ডব্লু বি সি এস অফিসার অথবা আই এ এস অফিসার তিনি

যদি অন্যায় করেন তাহলে তারও বিচার হওয়া উচিত। আমি, স্যার, বলতে চাচ্ছি আজ থেকে তিন বছর আগেকার ঘটনা। ১৯৭৪ সালে এ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, মেদিনীপুর, বর্তমানে তিনি ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট নদীয়া, সেই ভদ্রমহিলা একদিন রাতের অন্ধকারে বাগমুণ্ডি থানার অন্তর্গত পি ডব্লু রোডের উপরে দু'জন আদিবাসী এবং একজন আদিবাসী শিশুকে উইদাউট লাইসেন্সে সরকারী জীপ চালাতে গিয়ে তিনজন প্রাণীকে হত্যা করেন। আমরা স্যার, লক্ষ্য করলাম ঘটনাটি ঘটে ১৯৭৪ সালে কিন্তু ১৯৭৭ সালেও কিছু দেখতে পেলাম না। যে তিনজন অমানুষিকভাবে হত্যা হয়ে গেল তাঁর বিরুদ্ধে সরকার কোনরকম ব্যবস্থা অবলম্বন করলেন না। যে তিনটি হত্যা হয়ে গেল সেই পরিবারবর্গকে সরকারী পক্ষ থেকে কোনরকম কম্পেনসেশন দেওয়া হয়নি। আমরা বিভিন্ন মানুষের কাছ থেকে খবর পেয়েছি সেই জেলার বিভাগীয় মন্ত্রী যিনি আছেন, সেই জেলার ঊর্ধ্বতন যে-সমস্ত কর্তৃপক্ষ আছেন তাঁরা সেই পরিবারবর্গকে এ্যাসিওরেন্স দিয়েছিলেন তাঁদের কম্পেনসেশন দেবেন এবং পরিবারবর্গকে সরকারী চাকরী দেবেন কিন্তু স্যার, আমরা দেখতে পেলাম কার ইঙ্গিতে সেটা মুখ্যমন্ত্রীর না মন্ত্রিসভার কোন মন্ত্রীর ইঙ্গিতে সারা পশ্চিমবাংলার কয়েকটি জেলায় বিশেষ করে মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগণার কতিপয় আমলারা আর ঊর্ধ্বতন কর্তৃপক্ষ তারা দিনের পর দিন আমাদের বহু এম এল এ'র বিরুদ্ধে, মন্ত্রীর বিরুদ্ধে, কন্‌স্পিরেসি চালিয়ে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই মেদিনীপুরের আদিবাসীর কথা বলতে চাই, গণতান্ত্রিক রাষ্ট্রে বিচারব্যবস্থা সমানভাবে চলবে কিনা এই প্রশ্ন আপনার কাছে রাখতে চাই। যেহেতু তারা নির্বাক, যেহেতু তাদের মধ্যে শিক্ষা নেই তার জন্য একজন আই এস এস অফিসার ঐ তিনটি প্রাণীকে হত্যা করল তার কি কোন বিচার হবে না? স্যার, আমরা খবর পেয়েছি বিভিন্ন জেলায় এম এল এদের বিরুদ্ধে অন্যায়ভাবে, ন্যক্কারজনকভাবে ভিজিলেন্সের ব্যবস্থা করা হয়েছে। আমি আপনার মাধ্যমে বলতে চাই মুখ্যমন্ত্রী যদি দিনের পর দিন আই এ এসদের মাধ্যমে এইরকম শাসন চালান তাহলে দেশে কখনও শান্তি আসবে না।

[2-50—3-00 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়কে এর উত্তর দিতে হবে। আজ পর্যন্ত এর কোন বিচার হল না, কোন কন্‌স্পিরেসিতে তার উপর হস্তক্ষেপ করা হচ্ছে না।

Mr. Speaker: Mr. Biswas, every time you try to advocate the other members' case. I think honourable Shri Chakravarty is no a less important member. He can place his argument better than anybody else. He can place it very well and he has done so. He has drawn the attention of the honourable members of the House and also of the Treasury Bench. He has also very clearly stated his argument. You can place your arguments outside the House very well. But don't try to do so in the House.

শ্রীসুশান্ত ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় রাখছি এবং আপনার কাছে নিশ্চয়ই এর বিচার আশা করবো। গত সাধারণ

নির্বাচনে আপনি দেখেছেন যে, আমাদের নির্বাচনের পূর্বে আমাদের সামনে একটা প্রশ্ন এসেছিল এবং পশ্চিমবঙ্গের মানুষ বিভ্রান্ত হয়েছিল। বিভ্রান্ত হওয়ার কারণ ছিল একটাই যে, সংবাদপত্র মারফত দেখেছিলাম সেই সময় যে, ব্যালট পেপার নিয়ে অনেক বিভ্রান্তি হচ্ছে, ব্যালট পেপার ছাপার মাধ্যমে অনেক এইরকম বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে এবং এর পিছনে মাননীয় মুখ্যমন্ত্রী এবং ভারতবর্ষের জাতীয় কংগ্রেসের এবং কম্যুনিষ্ট পার্টি অব ইণ্ডিয়ার ভাবমূর্তি ক্ষুণ্ণ করবার একটা চেষ্টা পশ্চিমবঙ্গে চলেছিল বলে আমি মনে করি এবং তার জন্য আমরা সভায় বলেছি, এই বিধানসভায় বলছি যে এর জন্য নির্দিষ্ট তদন্ত দাবী করছি। সঙ্গে সঙ্গে এটাও ঠিক এই কেন্দ্রে যিনি আছেন তাঁর বিরুদ্ধে অনেক অভিযোগ রয়েছে। মার্কসিষ্ট পার্টির সঙ্গে আঁতাত করে আই পি এস অফিসার পাঁচুগোপাল মুখার্জী এবং তাঁর বিরুদ্ধে আমি অনেক স্পেসিফিক অভিযোগ সরাসরি এই বিধানসভায় এর আগেও দিয়েছি এবং আবার আমি বলছি এই পাঁচুবাবু, যাঁর বিরুদ্ধে অনেক স্পেসিফিক এ্যালিগেশন দিয়েছিলাম, তাঁর মাতলামি, নোংরামি, নারীর শ্লীলতাহানী, জাতীয় নেতাদের গালিগালাজ, অফিসের কাজকে ব্যাহত করা, কর্মরত লোকজনকে গালিগালাজ, মারধর করতে উদ্যত হওয়া, এমন কি অফিসে তিনি পিস্তল পর্যন্ত নিয়ে গিয়েছেন, কর্মীদের উপর অত্যাচার চালিয়েছেন। এই পাঁচুবাবু যাঁর বিরুদ্ধে সরাসরি আমি স্পেসিফিক অভিযোগ দিয়েছি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে, মাননীয় মুখ্যসচিবের কাছে এবং এর বিরুদ্ধে সরাসরি ভিজিলেন্স রিপোর্ট আছে। এই ভিজিলেন্স রিপোর্টে বলা হয়েছে একে সাসপেণ্ড করে দেওয়া হোক তবু আমি আশ্চর্যান্বিত হয়ে যাচ্ছি যে, কেন তিনি দিনের পর দিন সেখানকার কর্মচারীদের উপর এইরকম অত্যাচার চালিয়ে যাচ্ছেন। আমি জানি কাদাপাড়াতে একটা প্রেস আছে বি জি প্রেসের আণ্ডারে, সেই কাদাপাড়া প্রেসে যিনি ইউনিয়ন করেন, একমাত্র ইউনিয়নের নেতৃস্থানীয় কর্মী শৈলেন ঘোষালকে সেই সময় সাসপেণ্ড করা হয় এবং সেই সাসপেণ্ড করার পর তাঁকে বরখাস্ত করা হয়। আমি মাননীয় মুখ্যসচিবের কাছে যাই, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে যাই, মাননীয় মুখ্যমন্ত্রী এবং মুখ্যসচিব সরাসরি বলেছিলেন কণ্ট্রোলার অব বি জি প্রেসকে যে এটা আনকণ্ডিশনাল উইথড্র করে নাও। কিন্তু আমি বুঝতে পারছি না যে, তার কোথা থেকে এত সাহস আসে, যদিও তার সাসপেনশন উইথড্র করা হয়েছে কিন্তু তা কণ্ডিশনাল, আজ পর্যন্ত তাকে মাইনে দেওয়া হচ্ছে না। এই কুখ্যাত পাঁচুগোপাল মুখার্জী আই পি এস অফিসার, কাদাপাড়া প্রেসের কণ্ট্রোলার, তাঁর বিরুদ্ধে ভিজিলেন্স রিপোর্ট আছে। আমি মনে করি ভারতবর্ষের কম্যুনিষ্ট পার্টি এবং কংগ্রেসের উপর গত নির্বাচনে তাঁর যথেষ্ট প্রভাব পড়েছে, এই ব্যালট পেপার তৈরী করার ব্যাপারে এবং তা মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির সঙ্গে আঁতাত করে করেছে এই পাঁচুগোপাল মুখার্জী। তাঁর বিরুদ্ধে অবিলম্বে ভিজিলেন্স কমিশনার যে শাস্তি দেওয়ার কথা বলেছেন সেই শাস্তির দাবি করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীলালচাঁদ কুলমালি : মাননীয় স্পীকার মহাশয়, এবারে প্রচণ্ড খরা, সেই খরার ফলে, পুকুর খাল বিল সব শুকিয়ে গেছে। গ্রামাঞ্চলে দারুণ জলাভাব দেখা দিয়েছে, পানীয় জলের চরম সঙ্কট দেখা দিয়েছে। এই গ্রামে গ্রামে যে-সমস্ত টিউবওয়েল আছে, সেই টিউবওয়েলগুলি অধিকাংশ জায়গায় অকেজো হয়ে পড়ে আছে এবং পুকুরে জল না থাকার জন্য পানীয় জলের জন্য মানুষ প্রাণ বাঁচানোর তাগিদে ছুটোছুটি করছে, এমন কি গরু-বাছুর সমস্ত কিছুরই প্রাণ টিউবওয়েলের জল খেয়ে বাঁচানোর চেষ্টা হচ্ছে। এই অবস্থায়

আমি এর প্রতিকার প্রার্থনা করছি যে, অবিলম্বে অকেজো টিউবওয়েল সংস্কার করে, তার সঙ্গে নতুন টিউবওয়েল বসিয়ে যাতে পানীয় জলের সুরাহা হয় এবং সুবন্দোবস্ত হয়। এই বলে আমি বক্তব্য শেষ করছি।

শ্রীবলাইলাল শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা দুঃখের কাহিনী তুলে ধরছি। আপনি জানেন যে, পশ্চিমবাংলায় বর্গাদারদের স্বার্থরক্ষার জন্য আমাদের সরকারের পক্ষ থেকে বিভিন্ন সময়ে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। বর্গাদাররা কিভাবে অত্যাচারিত হয়েছে বিভিন্ন জায়গায়, তার একটি করুণ কাহিনী আপনার কাছে তুলে ধরছি। তারকেশ্বর নতুনগ্রামের বর্গাদার পূর্ণচন্দ্র গাঁতিদার, তার ঠাকুরদাও বর্গাদার হিসাবে রেকর্ডভুক্ত আছে, সে চাষাবাদ করে যাচ্ছে। কিন্তু দুঃখের বিষয় যখন ফসল কাটা হ'ল, তখন জোতদার বোমা-বাজী করে মস্তানদের নিয়ে গিয়ে ধান তুলে নিয়ে গেল। থানায় অভিযোগ করেও কোন প্রতিকার পাওয়া যায় নি। আমরা যুবকংগ্রেস, ছাত্র পরিষদ এবং কংগ্রেসের কর্মিবৃন্দ পশ্চিম-বঙ্গ সরকারের নীতিকে রূপ দেবার জন্য চেষ্টা করে চলেছি, পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমিরাজস্বমন্ত্রী ঘোষণা করেছিলেন চাষ যাই হোক ফসল বর্গাদার পাবে। আমরা জেলাশাসকের এবং থানার কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেও বর্গাদারদের কোন প্রটেকশন পাচ্ছি না। আইনের নাম করে জোতদার মিথ্যা কেস দিয়ে বর্গাদারকে নানাভাবে হয়রাণি করছে। এই বর্গাদারের বিরুদ্ধে ১৬টি থেকে ২০টি কেস চলেছে এবং বিভিন্ন সময়ে মস্তানদের নিয়ে গিয়ে, তার উপর হামলা করছে, অকথ্য অত্যাচার করছে। আমি তাই আপনার মাধ্যমে প্রার্থনা করি যে বর্গাদারের স্বার্থ যেন রক্ষিত হয়।

শ্রীমহাদেব মুখোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় ইরিগেশন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য রাখছি। আমার যে বক্তব্য সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ---নিম্ন-দামোদরের দুইধারে বাঁধ তৈরী হচ্ছে, দেবীতে হলেও কাজ শুরু হয়েছে। কিন্তু বাঁধের যে জমির মালিক, তাঁর কিন্তু ৮০ পারসেন্ট কম্পেনসেশন পাবার কথা। কিন্তু এখনও সেই কম্পেনসেশন পাননি। ইতিমধ্যে মামলা-মোকদ্দমা হয়েছে, কোর্ট-কাচারী, হাইকোর্ট পর্যন্ত হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সেই জমির মালিকেরা কম্পেনসেশন পায়নি এবং না পাওয়ার জন্য তারা খুবই ক্ষুব্ধ। যে ইলেকশন হয়ে গেল তাতে আমাদের কি অবস্থা হয়েছে? তাই এই ব্যাপারটা যেন বিবেচনা করা হয়, কেননা সামনেই ইলেকশন হচ্ছে, জমির এই মালিকদের সম্পর্কে যদি এখনই সুবিবেচনা না হয়, তাহলে কিন্তু খুব বিপর্যয় ঘটবে। তাই এই বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা কথা হল---আমার এলাকায় প্রচণ্ড বন্যা হয়ে গেল, সেখানে বাদুয়াতে বাঁধ দেওয়া হয়েছিল, নদীতে যে স্লুইস গেট হবে, তা দিয়ে যাতে মুণ্ডেশ্বরীর তিন লাখ কিউসেকের ৪০ পারসেণ্ট জল পাশ হয়, তার যেন ব্যবস্থা হয়।

[3-00---3-10 p.m.]

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মহাদেববাবুর ঐ কমপেনসেশনের ব্যাপারে বলছি---আমি খুব শীঘ্র হাওড়া ও হুগলীর এম এল এদের সঙ্গে অফিসার্স কনসার্নড নিয়ে একটা মিটিং করবো। যত তাড়াতাড়ি সম্ভব তাদের কমপেনসেশন যাতে দিতে পারি তার ব্যবস্থা করবো।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্রশিল্প বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৫৮ সালের রাইস মিলিং ইণ্ডাস্ট্রিস লাইসেন্স রেজিষ্ট্রেশন এ্যাক্টের ৬ ধারার সঙ্গে একটা ৬-এ ধারা যুক্ত হয়ে ১৯৭১ সালে একটা অর্ডিন্যান্স হয়। সেই অর্ডিন্যান্সে বলা হয়েছিল যারা ৫ টন থেকে ৭ টন চাল লেভি হিসেবে সরকার দেবে, তাদের নতুন হাস্কিং মেশিনের জন্য লাইসেন্স দেওয়া হবে। তার ফলে আমাদের ২৪-পরগণা জেলার শত শত লোক এই বেকারত্বের যুগে আপনি বুঝতেই পারছেন--- মেশিন কিনে ১০ টাকা ফি জমা দিয়ে লাইসেন্সের জন্য দরখাস্ত করে। কিন্তু আজ পর্যন্ত তার কিছুই হল না। গত ১৮-৪-৭৪ সালে অনান্যোপায় হয়ে এই সম্পর্কে হাইকোর্টে একটি আপীল করা হয় কেন ঐ অর্ডিন্যান্সবলে তারা লাইসেন্স পাবে না। হাইকোর্ট ঐ আপীলের পক্ষে রায় প্রদান করেন যে হ্যাঁ, তারা লাইসেন্স পাবে। আপনি স্যার ভেবে দেখুন হাজার হাজার টাকা খরচ করে মেশিন কিনে ১০ টাকা লাইসেন্স ফি দিয়ে দরখাস্ত করে লোকে অসহায় অবস্থায় বসে আছে। মানুষের কত টাকা এর ফলে আটকে পড়ে আছে। কিন্তু এখনো সেই লাইসেন্স দেওয়া হচ্ছে না। স্বর্ণবালার এক দরখাস্তের উত্তরে ডিস্ট্রিক্ট কণ্ট্রোলার লিখেছেন—

Your application has been duly considered and it is found that it is not a fit case for granting licences.

আশ্চর্য ব্যাপার! হাইকোর্ট থেকে আপীলের পক্ষে রায় হলো যে লাইসেন্স দেওয়া হবে। কিন্তু একজন ডিস্ট্রিক্ট কন্ট্রোলার সেই হাইকোর্টের রায়ের অবমাননা করছে। কি করে একজন ডিস্ট্রিক্ট কণ্ট্রোলার হাইকোর্টের রায়কে অমান্য করবার সাহস পায়।

Your case is not fit for granting license.

অবিলম্বে এর সম্বন্ধে একটা ব্যবস্থা হওয়া প্রয়োজন। হাজার হাজার টাকা খরচ করে মেশিন কিনে লোকে লাইসেন্স না পেয়ে বেকার বসে আছে, লাইসেন্স ফি হিসেবে ১০ টাকা জমাও দিয়েছে। অর্ডিন্যান্সবলে তারা এটি করলো, কোন খেয়ালখুশীতে করেনি। হাই-কোর্টের চীফ জাষ্টিস রায় দিলেন লাইসেন্স পাবে। অথচ একজন চুনোপুটি ডিস্ট্রিক্ট কণ্ট্রোলার তিনি বলছেন---না, তুমি লাইসেন্স পাবে না। কী আশ্চর্য—কোর্ট অবমাননা করবার সাহস হয় কি করে? তাকে কোর্ট অবমাননার দায়ে ফেলা উচিত। মহামান্য হাইকোর্ট যে রায় দিচ্ছেন yes, you are fit for getting license. একজন ডিস্ট্রিক্ট কণ্ট্রোলার সেই রায় মানছেন না। অবিলম্বে এই লাইসেন্স দেবার ব্যবস্থা করা হোক। না হলে সারা ২৪-পরগণায় একটা গুরুতর অবস্থার সৃষ্টি হবে। তারা সব হাস্কিং মেশিন কিনে আর কতদিন অপেক্ষা করবে?

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি হল, মানিকতলা উচ্চমাধ্যমিক বিদ্যালয় লরীর ধাক্কায় ভেঙে পড়ে গেছে, আজ পর্যন্ত সেটি সারানোর ব্যবস্থা হয়নি। স্কুল কর্তৃপক্ষের তরফ থেকে গ্রে ষ্ট্রীটের জংশনে তারা অবস্থান করছেন। এর কারণ হল গত এক বছর আগে লরীর ধাক্কায় স্কুলটি ভেঙে যায় এবং ভেঙে যাওয়ার সঙ্গে ১২ জন অন স্পট নিহত হয়। এই স্কুলটিতে ২ হাজার ছাত্রছাত্রী পড়াশুনা করে। আজ পর্যন্ত সেই বিদ্যালয় মেরামতের ব্যবস্থা না হওয়ার ফলে সেই বিদ্যালয়ের চেয়ার-টেবল সব রাস্তায় বের করে

দিয়ে বিদ্যালয় উঠিয়ে দেবার পরিকল্পনা করেন। ঐ এলাকায় এক মাইলের মধ্যে আর কোন বিদ্যালয় নেই। উঠে গেলে ছেলেমেয়েদের খুব অসুবিধা হবে। সেই এলাকার বহু লোক শিক্ষামন্ত্রীর কাছে ডেপুটেশন দিয়েছিলেন, কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত কিছুই হয়নি। ১ বছর ধরে বিদ্যালয়টি ভগ্ন অবস্থায় আছে এবং ২ হাজার ছাত্রছাত্রী তারা এক অনিশ্চয়তার মধ্যে পড়ে আছে। সেইজন্য ছাত্ররা অবস্থান ধর্মঘট করছে। অবিলম্বে এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীহবিবুর রহমান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে খাদ্যমন্ত্রী উপস্থিত নেই, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন গ্রামাঞ্চলে শতকরা ৮০ জন লোক বাস করেন। গ্রামাঞ্চল এবং শহরাঞ্চলে রেশনব্যবস্থা রয়েছে। এই ব্যবস্থায় গ্রামের মানুষদের অবজ্ঞা করা হচ্ছে। স্যার, গ্রামাঞ্চল আর শহরাঞ্চলে কিরকম রেশন দেওয়া হচ্ছে সেটা আমি বলছি। শহরাঞ্চলে সপ্তাহে ২০০ গ্রাম চিনি মাথাপিছু দেওয়া হচ্ছে, ৭৫০ গ্রাম চাল, ২ কেজি গম, ১ লিটার কেরোসিন তেল দেওয়া হচ্ছে। আর গ্রামাঞ্চলে ১৫ দিন অন্তর ৭৫ গ্রাম করে চিনি, মাসে বা দু' মাস অন্তর ২৫০ গ্রাম চাল, গম ২ কেজি, কেরোসিন তেল আধ লিটার। স্যার, এই বৈষম্য দূর করার জন্য কর্তৃপক্ষের আছে আমি বারবার দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু প্রতিকার হয়নি। আজকে গ্রামাঞ্চলে যে ঘাটতি এলাকা রয়েছে সেখানে রেশনের ব্যবস্থা নেই। গ্রামের মানুষ সিদ্ধ চালের মুখ দেখতে পাচ্ছে না, ২/৩ মাস পরে পরে যা দেওয়া হচ্ছে তাও আবার আতপ চাল—শহরাঞ্চলে আতপ চাল, সিদ্ধ চাল দু' রকমই রয়েছে, চিনিও আছে। স্যার, এই বৈষম্য দূর করার জন্য খাদ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। স্যার, আপনি জানেন জঙ্গীপুর মহকুমায় শতকরা ৮০ জন লোক বিড়ি শিল্পের উপর নির্ভরশীল। এদের চাষবাসের কোন জমিজমা নেই। এই বিড়ি শ্রমিকদের শহরের হারে রেশন দেবার ব্যবস্থা করা হোক। তারা যে দিনান্তে আটা গুলে খাবে তার ব্যবস্থা নেই, কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না। আমি এই প্রতিকারের দাবী জানাচ্ছি।

[3-10—3-20 p.m.]

শ্রীরথীন তালুকদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমাদের স্বাধীনতা সংগ্রাম যাঁরা সফল করেছিলেন সেই সমস্ত প্রাতঃস্মরণীয় ব্যক্তি, সেইসব ফ্রিডম ফাইটারদের নানাবিধ অভাব-অভিযোগের অনেক কথা আমাদের কাছে আসছে। আমরা জানতে পেরেছি তাঁরা পশ্চিমবঙ্গ সরকারের কাছে, মাননীয় মন্ত্রীদের কাছে তাঁদের অভাব-অভিযোগ সম্বন্ধে আলোচনা করেছেন, তাঁদের কাছে তাঁদের রাখবার চেষ্টা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে দুঃখিত হবেন এই যে-সমস্ত মানুষ যাঁরা দেশের জন্য জীবন উৎসর্গ করেছেন হয়তো দেবতার আশীর্বাদে তাঁদের জীবন রক্ষা পেয়েছে, সেই স্বাধীনতা সংগ্রামীদের যে কি অবস্থা, তারা যে কি অবস্থার মধ্যে আছে সেকথা শুনলে একটা স্বাধীন গণতান্ত্রিক রাষ্ট্রের মানুষ হিসাবে লাঞ্ছিত না হয়ে পারা যায় না। কথা ছিল স্বাধীনতা সংগ্রামীদের বিনাব্যয়ে চিকিৎসার ব্যবস্থা হবে। পশ্চিমবঙ্গ চিকিৎসার ব্যাপারে প্রভূত উন্নতি করেছে। আজকে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রীঅজিত পাঁজা মহাশয় এখানে উপস্থিত আছেন। আমি কি আশা করতে পারি যে তিনি নিশ্চয় এই স্বাধীনতা সংগ্রামীদের এবং তাঁর পরিবারবর্গের বিনাব্যয়ে চিকিৎসার ব্যবস্থা

করবেন। মহারাষ্ট্র, গুজরাট, গোয়া-দমন-দিউ এমন কি পণ্ডিচেরীর মত ছোট ছোট রাষ্ট্রে এই ব্যবস্থা হয়েছে, বিনাব্যয়ে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। বিভিন্ন জায়গায় বাসস্থানের জন্য জমি দেওয়া হয়েছে। আমাদের এখানে সরকারপক্ষ থেকে এ ব্যবস্থা করা যায় না কি? বিভিন্ন রাজ্যে বাসস্থান তৈরী করবার জন্য ১০ হাজার টাকা পর্যন্ত ঋণ তাদের দেওয়া হয়েছে। শিক্ষা বিভাগের আজকে কি অবস্থা---সেখানে যে কি অরাজকতা কি নৈরাজ্য চলছে তা সকলেই জানেন। পয়সা না থাকলে ভাল বিদ্যালয়ে, ভাল কলেজে পড়বার সুযোগ পাওয়া যাবে না। এই স্বাধীনতা সংগ্রামীদের মধ্যে অনেকে দেশ ভাগের পর ওপার বাংলা থেকে এপারে চলে এসেছে স্বাধীন ভারতবর্ষের মাটিতে। তাদের সরকারের দেয় এই সামান্য পেনশনটুকু সম্বল। আজকে পার্লামেণ্টের মেম্বারদের জন্য পেনশনের ব্যবস্থা চালু হয়েছে হয়তো আগামী দিনে এই বিধানসভার সদস্যদের পেনশনের ব্যবস্থা হবে। আমি কি আশা করতে পারি না এই যে ২০০/২৫০ টাকায় স্বাধীনতা সংগ্রামীদের জীবনের সর্বস্ব ব্যয় কি চলে? কি কষ্টে তারা আজকে জীবন কাটাচ্ছে। শুধু মস্তিষ্ক দিয়ে ভারতবর্ষ চলে না। এই মস্তিষ্কের সঙ্গে একটা বিরাট হৃদয়ের প্রয়োজন, মানবিকতার দৃষ্টি দিয়ে বিচার করতে হবে তবে দেশবন্ধুর প্রকৃত মালিক বলে পরিচয় দেওয়া যাবে।

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য স্বাস্থ্য সম্পর্কে স্বাধীনতা সংগ্রামীদের যে অবস্থার কথা বললেন মাননীয় সদস্য হয়তো জানেন না, আমরা যদিও আইন করি নি কিন্তু যখনই স্বাধীনতা সংগ্রামীদের কোন একজনের প্রয়োজন হয়েছে কোন হাসপাতালে ভর্তি হবার জন্য, ট্রিটমেণ্ট করার জন্য, সঙ্গে সঙ্গে তার ব্যবস্থা করা হয়েছে---পি জি হাসপাতালের কেবিনে ভর্তি থাকলে সরকারপক্ষ থেকে তার সমস্ত ব্যবস্থা করে দিয়েছি। শুধু স্বাধীনতা সংগ্রামী নয় যদি কোন নামী শিল্পী হন, যে উদয়শঙ্কর তারও আমরা চিকিৎসার ব্যবস্থা করে দিয়েছি---তার ঔষধপত্রের ব্যবস্থা করা হয়েছে—স্পেশ্যাল ক্যাবিনেটের মেমো নিয়ে ব্যবস্থা করে দিতে পেরেছি। আমি মাননীয় সদস্যকে আপনার মাধ্যমে জানাচ্ছি, স্বাধীনতা সংগ্রামীদের প্রণাম জানিয়ে বলছি যে তাঁদের স্বাস্থ্য সম্পর্কে প্রয়োজন হলেই সরাসরি তিনি আমাদের সঙ্গে বা ডিরেক্টর অব হেলথ সার্ভিসের সঙ্গে যোগাযোগ করলেই সরকার সম্পূর্ণভাবে তার ব্যবস্থা করে দেবেন।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে আমাদের ভারতবর্ষে যে-সমস্ত সম্প্রদায় আছে তাদের ৪টি ভাগে ভাগ করা হয়ে থাকে। তার মধ্যে অনুন্নত সম্প্রদায় বলতে একটি সম্প্রদায় আছে সেই সম্প্রদায়ের মধ্যে অনেকগুলি জাতি আছে, যেমন পশ্চিমবঙ্গে মাহাতো আছে---তাদের মধ্যে আবার সিংহ ইত্যাদি আছে। ওরা স্বাধীনতার পরে ১৯৬৪ সালে গভর্ণমেণ্টের কাছ থেকে, পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে কিছু কিছু কনসেশন পেয়ে আসছিল। কিন্তু দুঃখের কথা ১৯৬৪ সালে তাদের এইসব সুযোগ-সুবিধা তুলে দেওয়া হয়েছে। আমরা লক্ষ্য করে দেখেছি এই সম্প্রদায়ের মানুষরা এখন অনুন্নত---তারা চাকরি পায় না, উচ্চশিক্ষার ক্ষেত্রে সুযোগ-সুবিধা পায় না। সেই জন্য আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কাছে আবেদন রাখছি তাদের কথা আবার পুনরায় বিবেচনা করা হোক এবং তাদের যে কনসেশন দেওয়া হত সেটা আবার চালু করে এই সম্প্রদায়ের মানুষদের আবার সমাজে ঠিকমত বাঁচবার সুযোগ-সুবিধা করে দেওয়া হোক—এই কথা বলে আমি আপনার সামনে এই মেমোরেণ্ডামটি দিচ্ছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন, আমি আপনার মাধ্যমে তাঁর কাছে দু'-একটি কথা নিবেদন করতে চাই। আপনি জানেন গ্রামাঞ্চলের মানুষ একফোঁটা ওষুধের জন্য দারুণ কষ্টের মধ্যে আছে। কলকাতার মানুষ পি জি মেডিকেল কলেজ হাসপাতালের সঙ্গে সংলগ্ন অবস্থায় আছেন, তাঁরা গ্রামাঞ্চলের মানুষের কষ্ট বুঝতে পারেন না। পল্লী অঞ্চলের হাজার হাজার লোকের জন্য সাবসিডিয়ারি হেলথ সেণ্টার আছে। আমার কেন্দ্র বর্ধমান জেলার পূর্বস্থলী দোগাছি গ্রামে একটি সাব-সিডিয়ারি হেলথ সেণ্টার আছে। সেখানে দুটি বেড আছে। রোগী ভর্তি হতে পারে না, দুটি বেড। কারণ ওষুধ থাকে না, ডাক্তার ঠিকমত থাকে না। একটি সুইপার মাসের পর মাস, বছরের পর বছর থাকে না। ফলে রোগী গেলে ডাক্তার-নার্সরা বলে আমরা এ্যাডমিশন দিতে পারি না, ওষুধ থাকে না। ১৫/২০ হাজার লোক এই সাবসিডিয়ারি হেলথ সেণ্টারের উপর নির্ভরশীল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত নির্বাচনের আগে আমি সেখানে গিয়েছিলাম। হেলথ সেণ্টারের ব্যাপারে সমস্ত লোকের একটি মাত্র কথা। সি এম ও এইচ বলেছেন হেলথ মিনিস্টারকে বলেছি ইলেকট্রিফিকেশনের ব্যাপার নিয়ে---কিন্তু ৫ বছরের মধ্যে আজ পর্যন্ত সেখানে ইলেকট্রিফিকেশন করতে পারলেন না। হেলথ মিনিস্টারের কাছে এটা একটা সামান্য ব্যাপার হতে পারে, কিন্তু আমাদের কাছে এটা একটা অসামান্য ব্যাপার বলে মনে হয় এবং সাবসিডিয়ারি হেলথ সেণ্টারটি একটা অতি বড় বিষয় বলে এই আলোকিত বিধানসভার সামনে নিয়ে এসেছি। আমি তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে নিবেদন করব এই ক্ষুদ্র জিনিসটি অনুধাবন করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কটাক্ষ করলেন আমার মনে হয় এটা ঠিক নয়। সাবসিডিয়ারি হেলথ সেণ্টারের দাবীকে আমি নিজে কখনই নগণ্য মনে করি না। মাননীয় সদস্য এটা জানেন দুটি বেড আগেকার পুরানো সাবসিডিয়ারি হেলথ সেণ্টারে ছিল---মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে অর্থ সঙ্কুলান হবার পর দুটি বেডযুক্ত সাবসিডিয়ারি হেলথ সেণ্টারকে অন্তত ৬ শয্যাবিশিষ্ট ডায়োটারি বেড করার সিদ্ধান্ত নিয়েছি। এগুলি ফেজ ওয়াইজ যেখানে যেখানে যে-রকম প্রয়োজনীয়তা আছে সেইভাবে বাড়ানো হচ্ছে। মাননীয় সদস্যের সঙ্গে আমার প্রায় প্রত্যেক দিনই দেখা হয়েছে---তিনি একদিনও তাঁর স্বাস্থ্যকেন্দ্রে ওষুধ পাওয়া যাচ্ছে না বা কোন অসুবিধা আছে আমার নোটিশে আনেন নি---আমার নোটিশে আনতে হবে তার কোন মানে নেই। আমি নিশ্চয় সি এম ও এইচকে বলে ঘটনা কি অবস্থায় আছে সেটা জেনে তাকে জানাব। তবে ওষুধ নেই এইরকম হয়েছে বলে আমার মনে হয় না। কারণ প্রত্যেকটি সাবসিডিয়ারি হেলথ সেণ্টারে সি এম ও এইচ, ডি এইচ আই, ডিষ্ট্রিক্ট হেলথ অফিসার বা এস ডি এইচ ও সাবডিভিশন্যাল হেলথ সেণ্টার মাসে অন্তত একবার করে পরিদর্শন করেন এবং আমাদের কাছে রিপোর্ট পাঠান---কালকের মধ্যে এটা আমি জেনে আপনাকে খবরটা দিতে পারব।

[3-20—3-30 p.m.]

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ভাগ্য ভাল যে, মাননীয় সেচমন্ত্রী মহাশয় এখন হাউসে উপস্থিত আছেন, আমি স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকৃষ্ট করছি। স্যার, গত মাসে আমাদের পূর্বস্থলী কেন্দ্রের

খরাজনিত পরিস্থিতি নিয়ে এই হাউসে আমি মেনশন করেছিলাম এবং বলেছিলাম যে হাজার হাজার চাষীর বোরো ধান জলের অভাবে শুকিয়ে যাচ্ছে। স্যার, চাষীরা খোড়ো নদীর জলে চাষ করে কিন্তু এবারে সেই সেচের ব্যবস্থা নেই। এবারে একটি বাঁধ তৈরী করে সেই সেচের ব্যবস্থা বন্ধ করে দেওয়া হয়েছে। স্যার, আমি আমার মেনশনে বলেছিলাম যে, জল আটকে দিয়ে এক জায়গার চাষী প্রচুর জল পাবে আর অন্য জায়গার চাষীর হাজার হাজার বিঘা জমির ধান শুকিয়ে যাবে, তাদের মুখের গ্রাস নষ্ট হয়ে যাবে এটা সম্ভব নয়। সেইজন্য কিছুটা বাঁধ কেটে জল দেবার কথা বলা হয়েছিল। এই প্রসঙ্গে আপনার অবগতির জন্য জানাচ্ছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, দৈনিক বসুমতীতে একটি খবর বেরিয়েছে দেখলাম---কংগ্রেসের মাননীয় সদস্য শ্রীতুহিনকুমার সামন্ত মহাশয় বলেছেন যে, কাটোয়া মহকুমার বি ডি ও (দুই) সম্প্রতি বর্ধমানের খোড়ো নদীর বোরো বাঁধ পুলিশের সাহায্যে কেটে দিয়েছেন। এতে গ্রামবাসীরা খুবই ক্ষুব্ধ। স্যার, এটা ঠিক নয়। জেলাশাসক ও মহকুমা শাসকের নির্দেশমত তিনি সেখানে গিয়েছিলেন চাষীদের শুকিয়ে যাওয়া ধানে কিছু জল দেবার জন্য। স্যার, এটা কিরকম স্পর্ধার কথা দেখুন যে, সেখানকার কিছু লোক বি ডি ও সাহেবকে আক্রমণ করেছে অস্ত্রশস্ত্র নিয়ে। স্যার, বি ডি ও এবং ওখানকার কিছু ভদ্রলোক ও কিছু ছেলে আহত হয়ে এখনও হাসপাতালে আছেন। তাঁরা মারাত্মক অস্ত্রশস্ত্রের আঘাতে গুরুতর আহত হয়েছেন বলে আমি শুনেছি যদিও আমি নিজে এখনও যেতে পারিনি। সামান্য জলের জন্য যদি এইরকম ব্যাপার হয় তাহলে আমি বলব, তার জন্য একটা ব্যবস্থা করা দরকার। আমি এই ঘটনার তদন্ত দাবী করছি এবং মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, সেখানকার কৃষকরা যাতে ধান বাঁচাতে পারে তার জন্য সেচের ব্যবস্থা করুন।

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ Sir, it is not my concern.

শ্রীসরোজ রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দুর্ভাগ্য এখানে মাননীয় ভূমি ও ভূমিরাজস্বমন্ত্রী মহাশয় উপস্থিত নেই। যাই হোক, এর আগে আমি এই ঘটনার কথা বারতিনেক এই হাউসে তুলেছিলাম কিন্তু কোন ব্যবস্থা না হওয়ায় আপনার মাধ্যমে স্যার, এই হাউসের কাছে সেই ঘটনার কথা আবার রাখছি। ঘটনাটি হচ্ছে, মেদিনীপুর জেলার গড়বেতা থানার কতকগুলি রেকর্ড জাল করা হয়েছে। সরকারী জমির রেকর্ড জাল করেছে কয়েকজন পয়সাওয়ালা লোক। সেই রেকর্ড জাল হওয়ার পর যখন তা আমাদের হাতে এল তখন আমি সেই একটা জাল রেকর্ড মন্ত্রী মহাশয়ের কাছে পাঠিয়ে দিই। মন্ত্রী মহাশয় সেই রেকর্ড নিয়ে এনকোয়ারী করে আমাকে পরিষ্কার জানিয়ে দিলেন যে, এই রেকর্ডটি ফোর্জ করা হয়েছে---জাল করা হয়েছে। এই কথা বলে তিনি আমাকে জানালেন, যে-সমস্ত সরকারী অফিসারের যোগসাজসে এই জিনিস হয়েছে তাদের আমি পানিশমেণ্ট দিয়ে দিলাম। ভাল কথা। কিন্তু স্যার, যে জোতদার রেকর্ড জাল করে সেই সরকারী জমি দখল করেছিল সে আজও জোর করে সেই জমি দখলে রেখে ভোগ করছে। বারবার বলা সত্ত্বেও সরকারের এমনই দুরবস্থা যে, তাদের হাত থেকে ঐ জমি নিয়ে যাদের সেই জমি পাবার কথা তাঁদের হাতে সেই জমি সরকার তুলে দিতে পারছেন না। শুধু এই একটি ঘটনা নয়, এর পর আরো একটি জাল রেকর্ড পাওয়া গেল। সেই রেকর্ড পাবার পর সেই ঘটনার কথা জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে জানানো হল। জেলা ম্যাজিষ্ট্রেট এনকোয়ারী করে আমাকে জানালেন যে, রেকর্ড জাল করা হয়েছে এবং যে-সমস্ত সরকারী কর্মচারী তার সঙ্গে

জড়িত আছে তাদের আমি পানিশমেণ্ট দিয়ে দিয়েছি। খোঁজ নিয়ে দেখলাম সেটা ঠিক। কিন্তু স্যার, যে মালিক রেকর্ড জাল ক'রে সেই জমি দখল করেছিল সে আজও সেই জমি দখল করে আছে। মন্ত্রী মহাশয় বলুন বা তাঁর দপ্তরই বলুন, এরা যে কেন সেই জমি সেই জালিয়াতদের হাত থেকে বার করে নিয়ে এসে কৃষকদের হাতে দিতে পারছেন না সেটা বোঝা যাচ্ছে না। এই জিনিসটা যথেষ্ট সন্দেহজনক। মন্ত্রী মহাশয়কে বারবার বলা সত্ত্বেও তিনি কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। তাই স্যার, বাধ্য হয়ে আপনার মাধ্যমে এই হাউসের কাছে তথা মন্ত্রিসভার কাছে এই জিনিসটা আবার আমি তুলে ধরলাম। এখানে একজন মাননীয় মন্ত্রী আছেন, তিনি যদি দয়া করে এই ব্যাপারটির প্রতি একটু নজর দেন তাহলে ভাল হয়। স্যার, আশ্চর্যের কথা, জাল রেকর্ড বলে যেখানে প্রমাণিত হয়েছে সেখানে ক্যাবিনেটের ক্ষমতা হচ্ছে না সেই জোতদারের হাত থেকে সেই জমি বার করা। তাই আমি ওঁদের বলি, আপনারা কোন্ জায়গায় আছেন সেটা একটু বুঝতে চেষ্টা করুন। পরিশেষে বলি, এর একটা ব্যবস্থা করা অত্যন্ত প্রয়োজন।

শ্রীনন্দলাল গুরুং ঃ মিঃ স্পীকার, স্যার, উইথ ইওর পারমিশন আমি একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, বিষয়টি হচ্ছে দার্জিলিং স্কুল বোর্ড সংক্রান্ত। ওখানে অর্ডার হওয়া সত্ত্বেও এখনও ডিয়ারনেস এ্যালাউন্স তারা পাচ্ছে না। এই অর্ডার হয়েছে ১লা এপ্রিল, ১৯৭৬ সালে। এক বছর হয়ে গেছে কিন্তু এখনও তারা এটা পাচ্ছে না। স্যার, অর্ডার যেটা ফাইন্যান্স ডিপার্টমেণ্ট থেকে বেরিয়েছে, তার নং হচ্ছে ২৯৫৮ কিন্তু এখনও তারা এই ১৬ টাকা পাচ্ছে না। সেজন্য তারা খুব দুঃখিত। দার্জিলিংয়ের লোক, সেখানের স্টাফরা, এমপ্লয়িরা ডিয়ারনেস এ্যালাউন্স পাবে না, এটা অত্যন্ত দুঃখের ব্যাপার। সেজন্য এটা আপনার মাধ্যমে নিয়ে আসছি যাতে এই ব্যাপারে একটা ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রীনিতাইপদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কমপ্রিহেনশিভ এরিয়া ডেভেলপমেণ্ট কর্পোরেশন বলে একটা কর্পোরেশন আমরা এই বিধানসভায় তৈরী করে দিয়েছিলাম. আইন পাশ হয়েছিল। এটা কৃষকের উন্নয়ন করার জন্য করা হয়েছিল, তাদের সুযোগ-সুবিধার জন্য করা হয়েছিল। কিন্তু অভিজ্ঞতা থেকে দেখা যাচ্ছে যে এই সি এ ডি পি কর্পোরেশন কৃষকের কাছ থেকে যে সেচকর বাবদ আদায় নিচ্ছে সেটা অমানুষিক। কৃষকদের খাজনা ইত্যাদি ঋণের দায়ে তারা নাজেহাল, তার উপর সি এ ডি পিকে যে ওয়াটার ট্যাক্স দিচ্ছে—ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েলে মারাত্মক ওয়াটার ট্যাক্স দিচ্ছে। অর্থাৎ বোরো ধানের জন্য ৪৮০ টাকা একরে, গম ১২০ টাকা, আউস বোনা ১২০ টাকা, আউস রোয়া ১০০ টাকা, পাট ১২০ টাকা। অথচ সরকার যেখানে বোরোতে ৯৬·৫০ পয়সা নিত, আরো কমেছে। সেই সরকারের একটা অংশ, একটা কর্পোরেশন, তারা এইরকম অত্যধিক ওয়াটার ট্যাক্স কৃষকদের কাছ থেকে নিচ্ছে। এই ট্যাক্স দিয়ে কোন কৃষকের পক্ষে, আমাদের সি এ ডি পি এলাকায় গরীব কৃষক, সাধারণ প্রান্তিক চাষীর পক্ষে এই ট্যাক্স দিয়ে চাষ করা সম্ভব হচ্ছে না। অতএব আপনার মাধ্যমে আমি সরকারের কাছে দাবী করছি যে সরকারী হারে, সরকার যে হারে বর্তমানে ডিপ টিউবওয়েলের ওয়াটার ট্যাক্স নিচ্ছে সেই হারে বোরো, গম, ধান, পাটের উপর ট্যাক্স নেবার জন্য। সি এ ডি পি এলাকায় এস এফ ডি এ সেখানে গরীব চাষীকে সুযোগ-সুবিধার সাবসিডি দেওয়া হয়, এই এলাকাতেও সেইরকমভাবে দিতে হবে এবং ইণ্টারেস্ট রেট ৪ শতাংশ করতে হবে এবং কর্মচারীদের স্কেল অব পে করে দিতে হবে। অন্যান্য

কর্পোরেশনের কর্মচারীদের যে-রকম ভাতা এবং অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়া হয় সি এ ডি পিতে যারা কাজ করছে তাদের ক্ষেত্রেও এই ভাতা, ফি ইত্যাদি দিতে হবে। এই দাবী জানিয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশেখ দৌলত আলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আগামীকাল থেকে পশ্চিমবাংলায় রেজিস্ট্রেশন এমপ্লয়িজরা অনশনে নামছে। প্রথম এবং প্রধান কারণ হচ্ছে সরকারের চরম ঔদাসিন্য এবং চরম অবহেলা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, সরকার এদের নিয়োগপত্র দেন অথচ এরা সরকারী কর্মচারী হিসাবে ট্রিটেড হয় না। আপনি জানেন যে আজকে এই ধরনের যারা এক্সট্রা মোহরার হিসাবে কাজ করে, এক্সট্রা কপিষ্ট হিসাবে কাজ করে তারা এম-এসসি, বি-এসসি, পাশ করা ছেলে। আজকে তারা প্রতিদিন ১৬ পৃষ্ঠা করে কাগজ লিখে নজরানা পায়। তাদের প্রত্যেক পেজ ওয়াইজ মাত্র ৩৭ পয়সা করে দেওয়া হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিচার বিভাগের কাছে এই কর্মচারীরা কি সুবিচার পাবে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে এরা পশ্চিমবাংলার বিভিন্ন ক্ষেত্রে নিজেরা অত্যন্ত পরিশ্রম করে সরকারকে বাঁচাবার চেষ্টা করেন। এদের মজুরী থেকে গতবার আমাদের সরকার ২ কোটি ৭ লক্ষ টাকা রোজগার করেছে। অথচ এদের দুটি পয়সা দেওয়া অথবা এদের স্কেল তৈরী করে দেওয়া, এগুলি আজ পর্যন্ত একশ্রেণীর সরকারী আমলারা করতে চাচ্ছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন যে, সমস্ত পশ্চিমবাংলার মধ্যে এই ডিপার্টমেণ্টের ১৮জন কর্মচারী ইউ ডি সিতে উন্নীত এবং তাঁরা কেউ ম্যাট্রিক পাশ নন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আরো অবাক হবেন, এখানে অনেকবার চেষ্টা করা হয়েছে ফাইলিং সিস্টেমের মধ্য দিয়ে, মাননীয় মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে যখন এরা ডেপুটেশনের পর ডেপুটেশন দিয়ে, এদের দাবীসনদ নিয়ে উপস্থিত হয়েছে প্রত্যেকবার তারা আশ্বাস পেয়েছে, প্রতিশ্রুতি পেয়েছে। কিন্তু এখন পর্যন্ত এদের রেগুলারাইজেশন করা হচ্ছে না।

[3-30—4-05 p.m.]

(Including Adjournment)

আপনি শুনলে অবাক হয়ে যাবেন, একশ্রেণীর আমলাতন্ত্র, তাঁরা এদের বাদ দিয়ে, অর্থাৎ ফাইলিং সিস্টেমের মধ্যে দিয়ে এমন এক কারচুপি করে যাচ্ছেন, তাতে অধিক সংখ্যক কর্মচারী বাদ পড়ে যাচ্ছেন। সেইজন্য আপনার মাধ্যমে বিচার বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—ফাইলিং সিস্টেম অভিনন্দনযোগ্য—সেই সিস্টেমের মধ্যে দিয়ে এক্সট্রা মোহরার, এক্সট্রা কপিইস্ট, এরা সবাই সুযোগ পান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, প্রত্যেকটা ক্ষেত্রে যতবার দাবিদাওয়া নিয়ে তারা গেছে, ততবার প্রত্যাখ্যাত হচ্ছে। সেই প্রত্যাখ্যানের ফলে তারা অনশন করতে চাইছে। এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, আপনি যে এইটুকু বলবার সুযোগ দিয়েছেন, তার জন্য আপনাকে

ধন্যবাদ জানাচ্ছি। আজকে অমৃতবাজার পত্রিকায় একটা হেড লাইনে "স্টেট কেবিনেট শেক আপ মুভ" এই স্যারকে একটা খবর বেরিয়েছে, এটা আমি মনে করি জনসাধারণের জানা উচিত।

Another close associate of the Chief Minister said that there would be certainly a reshuffling in the West Bengal Cabinet by the end of the third week of April. He was of the opinion that a very senior cabinet Minister and two state Ministers were likely to be dropped.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা চলছে, আমি জানি না, মুখ্যমন্ত্রী এই কথা বলেছেন কিনা, তিনি মন্ত্রিসভার পারিষদবর্গের এ্যাপয়েণ্টমেণ্ট দিতে পারেন এবং পরিবর্তন করতে পারেন, এটা তাঁর নিজস্ব ব্যাপার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা চলাকালে এইরকম একটা স্টেটমেণ্ট করা, খবরের কাগজে বেরোন, আমি মনে করি এটা নিয়ম বহির্ভূত কাজ। আমাদের না জানিয়ে কোন কথা বেরোতে পারে না। আমরা জানতে চাই মুখ্যমন্ত্রীর এমন কোন ক্লোজ এ্যাসোসিয়েট আছে কিনা, তিনি এইরকম কোন কথা বলেছেন কিনা কিংবা আজকে আমাদের এই বিধানসভার অভ্যন্তরে ডিফেকশন আনার জন্য অপপ্রয়াস চলছে, এটা যদি চিফ মিনিষ্টার না বলেন তাহলে আমাদের বিভ্রান্তি দূর হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পোজিশন তিনি ক্লিয়ার করবেন বলে আমাদের বিশ্বাস।

Presentation of the Twentieth Report of the Committee on Estimates, 1976-77

The Chairman (Shri Paresh Chandra Goswami): Sir, I beg to present the Twentieth Report of the Committee on Estimates, 1976-77.

(At this stage the House was adjourned for 30 minutes)

(After Adjournment)

[4-05—4-15 p.m.]

The West Bengal Nationalised Text-Books Bill, 1977

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to introduce the West Bengal Nationalised Text-Books Bill, 1977

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the West Bengal Nationalised Text-Books Bill, 1977, be taken into consideration.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে এই প্রসঙ্গে ২/১টি কথা হাউসের সামনে রাখতে চাই। আপনারা জানেন যে, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা-বিভাগ প্রাথমিক পাঠ্যপুস্তক নিজেরাই প্রকাশ করেন এবং পঞ্চম শ্রেণীর কিছু কিছু পাঠ্য-পুস্তকও পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে প্রকাশ করা হয়। এগুলি অনুমোদিত বা স্বীকৃতি-প্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বিনামূল্যে দেওয়া হয়। আমরা অনেক সময় অভিযোগ পেয়েছি। এই বইগুলি বাজারে নাকি বিক্রি করা হচ্ছে এবং বেশী দামে। অনেক ক্ষেত্রে এর মানেবই তৈরী করে এগুলি বিক্রি করা হয় এবং বলা হয় মানেবই নিলে পাঠ্য-

পুস্তক পাওয়া যাবে। আমরা অনুসন্ধান করে দেখেছি কোন কোন ক্ষেত্রে এইভাবে বিক্রি করা হচ্ছে। যাহোক, এই পরিস্থিতির মোকাবিলা করার জন্য আমরা ডিসেম্বর মাসে একটা অর্ডিন্যান্স করেছিলাম যেখানে আমরা বলেছিলাম সরকারের দ্বারা প্রকাশিত পাঠ্যপুস্তকগুলি অন্য কেউ প্রকাশ এবং বিক্রি করতে পারবে না এবং তার কোন মানেরই সরকারের অনুমতি ছাড়া প্রকাশ বা বিক্রি করতে পারবে না। যদি বিক্রি করে তাহলে সে অপরাধী হবে এবং তার জন্য তার সাজার ব্যবস্থা করা হবে। আমাদের আসল উদ্দেশ্য আমাদের সরকারী পুস্তক যাতে বিনামূল্যে ছেলেদের কাছে দেওয়া যায় এবং সেগুলি নিয়ে কোনরকম বাজারে কেনা-বেচা যাতে না হয়, বেশী দামে যাতে বিক্রি না হয় এইজন্য এই অর্ডিন্যান্স করেছিলাম। আজকে সেই অর্ডিন্যান্সটা বিলে পরিণত করার উদ্দেশ্যে হাউসের সামনে রেখেছি এবং সেটাকে আপনার মাধ্যমে সকল সদস্যদের সমর্থন করার জন্য অনুরোধ করছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য : মিঃ স্পীকার, স্যার, ১৯৭৬ সালের যে অর্ডিন্যান্স সেটা আইনে পরিণত হচ্ছে। এই অর্ডিন্যান্স বা এই আইন সমর্থনযোগ্য। তার কারণ শিশুদের পাঠ্যবই নিয়ে চোরাকারবার নিশ্চয়ই বন্ধ হওয়া দরকার এবং এতদিন যে এটা চলেছে এটা আমাদের সরকারের পক্ষে কোন গৌরবজনক হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় যা বলেছেন বিষয়টা কিন্তু তার থেকে গুরুতর ছিল। বই পাওয়া যেত না নোটবই ছাড়া। শুধু তাই নয়, সেই নোটগুলি অত্যন্ত বাজে লেখা। প্রথমত কিশলয় বা ঐ জাতীয় বইয়ের কোন নোট হয় না বা নোট হওয়া উচিত নয় এবং শিক্ষাজগতে যে দুর্নীতি চলছিল সেটা বন্ধ করা বহু পূর্বেই দরকার ছিল। এই আইন এলেই যে এটা বন্ধ হবে তা নয়, তার কারণ চোরাকারবার কেন হয়, কোন্ কোন্ পথে হয়, সেটা কিন্তু সরকার এতদিন জেনেও কোন ব্যবস্থা অবলম্বন করেন নি। বণ্টনব্যবস্থায় যে ত্রুটি ছিল সেই ত্রুটি এখন থাকবে। তাই আইন করেও এই চোরা-কারবার বন্ধ হবে বলে আমার মনে হয় না। মিঃ স্পীকার, স্যার, মন্ত্রী মহাশয় জানেন যে, বই পেতে পেতে প্রায় বছর ঘুরে যেত। গভর্ণমেণ্ট স্কুলগুলিকে বই দেবেন, স্কুলগুলির কাছে বই ছেপে পৌঁছোতে এত দেরী হত, ন্যাচারল কোর্সের মাধ্যমে, সরকারী বণ্টনব্যবস্থার মাধ্যমে এত দেরীতে পৌঁছোয় জুলাই মাসে কি আগস্ট মাসে পূজার সময় যে তার আগে লেখাপড়া শুরু হয়ে যায়। স্বভাবতই অভিভাবকরা আর অপেক্ষা করতে রাজী হন না এবং চোরাকারবারীদের কাছে বই কিনতে ছুটে যান। এই বইগুলি কোথা থেকে পাওয়া যায়, ফুট-পাথে বই কোথা থেকে আসে—মিঃ স্পীকার, স্যার, ভুয়া স্কুলের নামে, অথবা ভুয়া ছাত্রসংখ্যা দেখিয়ে এই বইগুলি সরকারের কাছ থেকে একদল ব্যবসায়ী নিয়ে যেতেন। দুঃখের বিষয় বলতে হচ্ছে যে, হয়ত কোন কোন স্কুলের প্রধান শিক্ষকও এর সঙ্গে জড়িত থাকতেন, অফিসারদের এক অংশ জড়িত থাকতেন বলে পুস্তক ব্যবসায়ী মহলের ধারণা। কথা হচ্ছে যে পদ্ধতিতে এই বণ্টনগুলি করা হত উনি কিন্তু বণ্টনব্যবস্থার আমূল পরিবর্তন করে দেবার কোন প্রতিশ্রুতি এই সভায় রাখেন নি। উনি বলতে পারতেন যে, বণ্টনব্যবস্থার আমূল পরিবর্তন করে দেব, আমি কথা দিচ্ছি ডিসেম্বর মাসের ভেতর সমস্ত বই ছেপে জানুয়ারীর ৭ তারিখের মধ্যে জেলায় জেলায় পৌঁছে দেব, সেই জেলা অফিস থেকে হেড মাস্টার মহাশয়রা বই নিয়ে চলে যাবেন, এইরকম একটা ব্যবস্থা যদি উনি বলতে পারতেন তাহলে বিলের উদ্দেশ্য রক্ষিত হত। তা না হলে বিলের উদ্দেশ্য রক্ষিত হবে না। পুস্তক ব্যবসায়ীরা এই বই নিয়ে বিক্রি করতে চান না কমিশন পান না বলে এবং যদিও বা কমিশন পান তা অত্যন্ত কম।

[4-15—4-25 p.m.]

যে কারণে সাধারণ দোকানের মাধ্যমে বণ্টন না করে এগুলি জেলা অফিসারের মাধ্যমে বা প্রধান শিক্ষকের মাধ্যমে বণ্টনের ব্যবস্থা করতে হবে এবং পুস্তকগুলি যাতে যথাসময়ে প্রকাশিত হয় এবং বণ্টিত হয় তার ব্যবস্থাও মন্ত্রী মহাশয়কে করতে হবে। এটা গেল বণ্টনের ব্যাপার। এবারে আমি এই প্রসঙ্গে অন্য দু'-একটা কথা বলতে চাই। সরকারী প্রাইমারী পুস্তকগুলি যা আমাদের ছোট ছোট ছেলেমেয়েরা পড়ে, জীবনের প্রথমে যে বইগুলির মাধ্যমে তাদের লেখাপড়ার প্রতি আকর্ষণ সৃষ্টি হবার কথা তার ছাপা এবং বাঁধাইয়ের দিকটা আপনি লক্ষ্য করেছেন কি? এই বইয়ের ছাপা এবং বাঁধাই এত ড্রাব, এত অনাকর্ষণীয় যা বলার নয়। এই বইগুলিতে সুন্দর কোন ছবি নেই। অন্যান্য দেশে প্রাইমারী পুস্তকগুলি মাল্টি কালারে ছাপা হয়। কিন্তু আমাদের দেশের ছাপা বইগুলি দেখলে ছেলেমেয়েদের লেখাপড়ার প্রতি আর আগ্রহ থাকে না। তারপর লেখাব মধ্যে এমন সব উচ্চমানের স্পীচ সংযোজিত করেছেন যেগুলি অভিভাবকদের মাথার উপর দিয়ে চলে যায়। আমার মনে হয় একমাত্র শিক্ষামন্ত্রীই বোধহয় এগুলি ভালভাবে বুঝতে পারেন। তাবপর প্রাইমারী স্কুলে যে সরকারী বইগুলি দেওয়া হয় তার সংখ্যা অত্যন্ত কম, এতে লেখাপড়া কমপ্লিট হয় না। পাঠ্যপুস্তকের বাইরে অনেক বই না পড়ালে ছোট ছোট ছেলেমেয়েদেব লেখাপড়ার প্রতি আগ্রহ হয় না। আমি মনে করি সেগুলো ছাপা এবং বণ্টন কবার সময় এসেছে। শুধুমাত্র পিকক রীডার, কিশলয় বাংলা ছাড়াও অনেক ভাল ভাল বই ছেপে বণ্টন করা উচিত। এই সমস্ত বইয়ের বাইরের দাম এত বেশী যে, আমাদের দেশের কোন গার্জিয়ানের পক্ষে তা সংগ্রহ করা সম্ভব নয়। আপনি জানেন ছোটবেলায় আপনি কি কি বই পড়েছেন। আপনি পড়েছেন, কথা-মালা, কথাসরিৎসাগর, সুকুমার রায়েব হ য ব র ল, আপনি পড়েছেন খগেন মিত্রের "ভোম্বল সর্দার", ইশপের গল্প ইত্যাদি ইত্যাদি। এইগুলি না পড়লে লেখাপড়া ঠিকভাবে হয় না। আমরা জানি এখন বিজ্ঞানেরও অনেক বই বাংলা ভাষায় প্রকাশিত হয়েছে। রবীন্দ্র পুরস্কার-প্রাপ্ত লেখক গোপালবাবুর বইও ছাপা হয়েছে। আজকাল থ্রীকচাবাল মেথডে ইংরেজী শেখানো হচ্ছে। যেমন, দিস্ ইজ এ পেন, দিস্ ইজ এ হাউস, দ্যাট ইজ এ বুক, দ্যাট ইজ এ বয় ইত্যাদি ইত্যাদি। আমার মনে হয় শুধুমাত্র এই সমস্ত শিখে লেখাপড়া শেখা সম্ভব নয়। আমি পশ্চিমবঙ্গ সরকারকে ভাবতে অনুরোধ করি বেসবকারী পুস্তক যেগুলি পড়া দরকার তার দাম যখন খুব বেশী তখন সেগুলি আপনারা ছাপাবার ব্যবস্থা করুন। ছোটদের রামায়ণ, ছোটদের মহাভারত, কথামালা, হিতোপদেশ এই সমস্ত বইগুলি আপনাদের ছাপাতে হবে এবং ৪ আনা/৮ আনা দামে এগুলি ছেলেদের কাছে পৌঁছে দিতে হবে। স্যার, সর্বোপরি আমি ওকে বলি বিশ্বভারতীর কিছু বই যেগুলি আজকের পাঠ্যপুস্তক নয় অথচ পাঠ্যপুস্তক হওয়া উচিত কিন্তু তার দাম অত্যন্ত বেশি। সেইজন্য সরকার বিশ্বভারতীর সঙ্গে চুক্তিতে আসুন যে তোমরা কম দামে ছাপো অথবা বিশ্বভারতীর বইগুলি নিজেরা নিয়ে নিন। কথা ও কাহিনী অথবা সহজপাঠ এই সমস্ত বইগুলি এখন বিশ্বভারতী ৪-৫ গুণ দাম করে দিয়েছে। আপনি শুনলে স্যার অবাক হয়ে যাবেন যে, সহজপাঠের দাম ছিল চার আনা তার দাম হয়েছে দু' টাকা। যে কথা ও কাহিনীর দাম ছিল আট আনা তার দাম হয়েছে পাঁচ টাকা। বিশ্ব-ভারতীর মত এত বড় ব্যবসাদারী প্রতিষ্ঠান এ বাজারে আর দেখতে পাওয়া যাচ্ছে না। সাধারণ গীতাঞ্জলির দাম যখন ৩২ টাকা হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রীকে আজকে ভাবতে হবে

এই সমস্ত বইগুলি কি করে প্রাইমারী শিশুদের হাতে পৌঁছে দেওয়া যায়। আমি তাই আবেদন করবো উনি সরকারী বইগুলির বণ্টনব্যবস্থার রূপরেখার উপরে কিছু বলুন। উনি কি করতে চান এবং নতুন নতুন বই ছাপিয়ে ছাত্রছাত্রীদের ভিতর সস্তায় দিতে চান কিনা এ সম্বন্ধে তাঁর কি বক্তব্য সেটা শুনতে চেয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল উত্থাপন করেছেন তা আমি সমর্থন করি। আজকে প্রাথমিক শিক্ষার জন্য শিশু ছাত্রছাত্রীদের যে বই সেই বই নিয়ে ব্যাপক হারে পশ্চিমবঙ্গে দুর্নীতি চলছিল এবং এই বিলের মাধ্যমে সেই দুর্নীতি অনেকটা বন্ধ করা যাবে এইজন্য আমি এই বিলকে সমর্থন করছি। গত বছর নভেম্বর মাসে এই হাউসে আমরা দারুণভাবে আপত্তি তুলেছিলাম যে সরকার প্রকাশিত বইগুলি এখনও প্রাইমারী স্কুলে গেল না অথচ পরীক্ষার মাত্র দু'-চার মাস বাকী আছে। এইভাবে সরকার প্রকাশিত বই ছাত্রছাত্রীদের কাছে সময়মত না পৌঁছোনোর ফলে সরকারী কার্যকলাপ সম্বন্ধে একটা ভীতি এবং ভুল ধারণার সৃষ্টি হয়ে থাকে। মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের গ্যারাণ্টি দিন যে, সরকার কর্তৃক প্রকাশিত বইগুলি ঠিক সময়মত এবং যথেষ্ট পরিমাণে স্কুলের ছাত্রছাত্রীদের কাছে গিয়ে পৌঁছোবে। সাব-ইন্‌স্পেক্টর অব স্কুল এবং বি ডি ও অফিসের মারফত এই বইগুলি বিলি করা হয়। যে স্কুলে ৫০টি বইয়ের দরকার সেখানে ১০ খানা দিয়ে বলা হয় আরও পরে দেওয়া হবে। এই নিয়ে স্কুলে দারুণভাবে রিএ্যাকশন হয়। তাই আমি অনুরোধ করবো ৩১শে ডিসেম্বরের মধ্যে না হলেও অন্তত জানুয়ারী মাসের প্রথম সপ্তাহের মধ্যে বইগুলি যাতে স্কুলে পৌঁছোয় সেইরকম ব্যবস্থা করবেন।

[4-25—4-35 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বইয়ের ষ্ট্যাণ্ডার্ড সম্বন্ধে দু'-একটি কথা বলা দরকার। আমরা গতবারে এখানে বলেছিলাম যে সরকারের কর্তৃত্বাধীনে ছাপা বইতে প্রচুর পরিমাণে ভুল থাকে এবং সেই ভুল শিশুরা অনুকরণ করে স্বাভাবিকভাবেই এবং ভবিষ্যতে তারা সেই বানান ভুল থেকে শুরু করে বিভিন্ন ভুল রপ্ত করে ফেলে, ফলে ভবিষ্যতে আর তাদের তা সংশোধন করার কোন উপায় থাকে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে সরকারী ছাপা বই তা যেন আদর্শস্থানীয় হয় এবং সেখানে এই যেসব ভুল বানান বা ভুল তথ্য পরিবেশিত হয়—আমরা অনেক উদাহরণ দিতে পারি, অধ্যক্ষ মহোদয়, সরকারী কর্তৃত্বে ছাপা বইয়ে প্রচুর ভুল তথ্য, প্রচুর ভুল তত্ত্ব এবং প্রচুর বানান ভুল থাকে এবং সেগুলি শিক্ষাক্ষেত্রে দারুণভাবে ক্ষতি করে এবং তাই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বলছি যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যেন দয়া করে এমন ব্যবস্থা করেন যাতে আজকে এই সরকারী বইগুলি আদর্শ বই হতে পারে এবং শিক্ষার অনুরূপ হতে পারে এবং ভুলগুলি যেন দূরীভূত হয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আর একটি কথা এই যে সরকার শিক্ষাক্ষেত্রে যে নীতি ঘোষণা করেন, ধরুন কর্মভিত্তিক শিক্ষা বা ধরুন বুনিয়াদী শিক্ষা এই ধরনের শিক্ষার কথা সরকার নীতি হিসাবে ঘোষণা করেন কিন্তু যদি আপনি সেই সরকারী ছাপা বইটা দেখেন তাহলে মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি অবাক হয়ে যাবেন, আমি এই কথাই বলতে চাই যে সরকার কর্তৃক ছাপা বই সরকার কর্তৃক ঘোষিত শিক্ষানীতির অনুরূপ হওয়া দরকার। আমরা অনেক ক্ষেত্রে দেখেছি যে সরকার কর্তৃক ঘোষিত বুনিয়াদী শিক্ষা বা

এই যে কর্মভিত্তিক শিক্ষা, এই যে নীতি হিসাবে সরকার ঘোষণা করেন অথচ সেই সরকার কর্তৃক ছেলেমেয়েদের জন্য ছাপা বইতে কিন্তু সেই নীতি ঠিকমত প্রতিফলিত হয় না---এটাও দেখা দরকার। এখানে কোন কোন অফিসার এইসব ভুলগুলি করেন সেটা যদি উনি খতিয়ে দেখেন আমার মনে হয় তাতে যথেষ্ট ভাল ফল হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার এখানে ৭(১) ক্লুজে আপত্তি আছে, ওঁকে আমি ভেবে দেখবার জন্য অনুরোধ করছি। উনি বলেছেন যে, কোন বইয়ের দোকানের মালিক যদি বই বিক্রি করে তার শাস্তি হবে কিন্তু যদি কোন কোম্পানী করে এবং স্পেসিফিক এ্যালিগেশন যদি সেই কোম্পানীর বিরুদ্ধে না থাকে তাহলে সেখানে তার বিরুদ্ধে শাস্তি হবে না। তার মানেটা কি? তার মানেটা হল যে ৫০০ টাকা দিয়ে একটা ছোট দোকান করে চালাচ্ছে সেই গরীব মানুষের দোকানে যদি বই পাওয়া যায় তাহলে তার জেল অনিবার্য কিন্তু ৫ লক্ষ টাকা দিয়ে যিনি কোম্পানী চালাচ্ছেন তার ঘরে যদি ১০ হাজার টাকার বই পাওয়া যায় তাহলে ৭(১) ক্লুজে কিন্তু তার কোন শাস্তি হবে না, সে এসকেপ করে যাবে। এইজন্য আপনার মাধ্যমে, মাননীয় অধ্যক্ষ মহোদয়, শিক্ষামন্ত্রী মহাশয়কে বলছি ৭(১) ক্লুজটা উনি দয়া করে ভেবে দেখবেন এবং এর সঙ্গে আর একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করবো সেটা হচ্ছে এই যে, আজকে অনেক প্রদেশে অনেক প্রাদেশিক সরকার কিন্তু ক্লাশ টেন পর্যন্ত ছেলেমেয়েদের বই বিনা পয়সায় সরবরাহ করছে এবং আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে বলবো যে আপনি এই পশ্চিমবাংলায় একটা নতুন উদাহরণ সৃষ্টি করুন শুধু ক্লাশ ফাইভ পর্যন্ত কেন, ক্লাশ টেন অবধি, সেকেণ্ডারী এডুকেশন অবধি যে-সমস্ত ছেলেমেয়ে পড়বে তাদের বই সরকার থেকে সরবরাহ করা হোক। সমস্ত শিক্ষাটা ন্যাশনালাইজ না হলেও অন্তত একটা দৃঢ় পদক্ষেপ হিসাবে---মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আর একটা বিল আনুন যাতে ক্লাশ টেন অবধি সমস্ত ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গে বিনা পয়সায় বই সরবরাহ করা যায় এবং তাহলেই পশ্চিমবাংলার গরীব মানুষ শিক্ষার আলো পাবে এবং শিক্ষার যে নীতি এবং আমাদের কনষ্টিটিউশন যে নীতি নির্ধারণ করেছে সেটাও রূপায়িত হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্।

শ্রীশীষ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বিলটা নিয়ে এসেছেন সেই বিলের উদ্দেশ্য এবং হেতু মোটামুটি ভাল। কারণ এটা আজকের দিনের কথা নয়, হরশংকরবাবুও বলেছেন যে সুদীর্ঘকাল থেকে এটা যাঁরা বই লেখেন বা যাঁরা বই বিক্রয় করেন তাঁরা অতি উচ্চমূল্য নেয়, তারপর অনেক সময় বই উধাও হয়ে যায় বাজার থেকে, পাওয়া যায় না, ফলে এই বইয়ের জন্য, এই টেক্সট বুক বা অন্যান্য বইয়ের জন্য সেই ছেলের পিতাকে বা গার্জিয়ানকে হন্যে হয়ে দ্বারে দ্বারে ঘুরে বেড়াতে হয়।

কোন কোন সময় বই পাওয়া যায় না, কোন কোন সময় চেষ্টা করে পাওয়া গিয়েছে। আবার কোন কোন সময় শত চেষ্টা করেও পাওয়া যায় না। কিন্তু যদি অধিক মূল্য দেওয়া যায়, তখন বাজারে বই পাওয়া যায়। সরকার দয়াপরবশ হয়ে পশ্চিমবঙ্গে শিক্ষা বিস্তারের জন্য, অভিভাবকদের সুবিধা করে দেবার জন্য এই টেক্সট বুক বিনা পয়সায় ছাত্রদের বাড়ীতে পৌঁছে দেবার ব্যবস্থা করেছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জিনিস আমরা দেখব এই জিনিস সরকারের কাছ থেকে ছাপলেও, সেই বইগুলি ইন্সপেক্টরদের, ছাত্রদের কাছে পৌঁছে দেবার মধ্যে অনেক গলদ থেকে যায়। আমরা আইন করি কিন্তু আইনের ইম্পলিমেণ্টেশন করতে গিয়ে, আমরা শিক্ষকরা আজকে ইম্পলিমেণ্ট করতে পারি না, বা

আইনের সুযোগ নিয়ে মানুষ অনেক কারবার করে। ইন্সপেক্টররা সেই বই নিয়ে গিয়ে বলেন—এক-একটা অজুহাত দেন, অমুক জায়গায় স্পোর্টস আছে, ফাংশন আছে, কি কোন জায়গায় চ্যারিটি করে থিয়েটার হবে, তাই মাস্টার মহাশয়দের চাঁদা দিতে হবে, মাস্টার-মশায়রা তাদের পকেট থেকে সেই চাঁদা দিয়ে দেন তারপর দেখা যায়, মাস্টারমশায়রা ইন্সপেক্টরের কাছ থেকে সেই বই নিয়ে এসে ছাত্রদের কাছ থেকে পয়সা নেন, সরকার ডিষ্ট্রিবিউশন করে বিনা পয়সায় কিন্তু মাস্টারমশায় বুঝিয়ে দেন, অল্পস্বল্প না দিলে বই পাওয়া যায় না, ইন্সপেক্টরকে দিতে হয়। সরকারের এই জিনিসগুলি দেখবার জন্য আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। তাছাড়া সরকার থেকে ক্যাশ সিক্সের জন্য যে পারিজাত রীডার তা বহুদিন ধরে পড়িয়ে আসছি। দেখা যায় বাজার থেকে হঠাৎ এই বই উধাও হয়ে গেছে। আমি বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি। পাওয়া যায় না, কিন্তু আবার অধিক মূল্য দিলে পাওয়া যায়। ছাত্রদের এটা বিনা পয়সায় দিতে হবে। আমরা ছোটবেলায় দেখেছি, যদি স্কুলে একদিন কি দু'দিন না গেলে, যদি কামাই হয়ে যায়, তো সেই দু'দিনের পড়া মেকআপ করতে সারাবছর লেগে যায়। কোন স্কুলে পড়ানো আরম্ভ হয়ে যায়, কোন স্কুলে বই আসে দেরীতে কিন্তু পরীক্ষাতে তো একই রকম প্রশ্ন থাকে এবং তার বেসিসেই পাশ-ফেল স্থির হয়ে যায়। আমি এ্যামেণ্ডমেণ্ট নিয়ে এসেছি, অন্তত স্পেসিফিক একটা ডেট থাকা দরকার। তাহলেই সরকার এ সম্বন্ধে মাথা ঘামাবে যে এত তারিখের মধ্যে ছাত্রদের বই দিতে হবে এবং পাবলিকেশন করে ফেলবে এই সময়ের মধ্যে। আমি যথেষ্ট সময়ও দিয়েছি জানুয়ারী ৩১শে পর্যন্ত, এর মধ্যে বই ছাত্রদের কাছে পৌঁছে দেওয়া দরকার। তা যদি না হয়, বাঁধাধরা নিয়ম না থাকে, দেখা যাবে সূচ হয়ে ঢুকে হালের ফালা বেরোবে সুযোগ নিয়ে। সেজন্য একটা নির্দিষ্ট টাইম ফিক্সড থাকা দরকার, সেটা উল্লেখ করুন। তারপর এই বইগুলি যাঁরা লেখেন দেখা যায়, তাঁদের ডি-লিট টাইটেল থাকে। আমরা আগে পড়েছি যে শিশু যদি গঠন করতে হয়, তাহলে তাকে শিশু পর্যায়ে যেতে হবে, শিক্ষককে শিশু হতে হবে, সেইরকম যাঁরা বই শিশুদের জন্য লেখেন তাঁদেরও শিশু পর্যায়ে যেতে হবে, তা না হলে, আমার মনে আছে একবার আমি রাকেশ চন্দ্রে যাবার ব্যাপারে রকেট সম্বন্ধে পড়াতে গিয়ে নিজেই রকেট হয়ে গিয়েছিলাম, যাঁরা তাই বড় বেশী কোয়ালিফায়েড, তাঁরা যেন ছোট ছাত্রদের জন্য বই না লেখেন।

[4-35—4-45 p.m.]

আগেকার দিনের লেখকরা কম্পিটিশনে বই লিখতেন কে কত সরল, সোজা ভাষায় শিশু পাঠকদের সহজে বোঝাবার জন্য লিখেছেন। সে তুলনায় আজকের দিনে যে বই আমরা সাধারণত পড়ি, তাতে শিক্ষিতের মনও হরণ করা যায় না, শিশুমন তো দূরের কথা। মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, বর্তমানে সরকার থেকে যে বই ফ্রি ডিস্ট্রিবিউশন হচ্ছে—সেইসব বই লিখবার জন্য লেখকদের মধ্যে একটা কম্পিটিশন হওয়া দরকার যে কে কত সহজ সরল ভাষায় শিশুমনের গ্রহণযোগ্য করে লিখতে পারেন। অনেক অফিসার আছেন, ডাইরেক্টর আছেন, ডি-আই আছেন যাঁরা বেনামীতে অপরের নাম দিয়ে লিখছেন এবং সহজে গভর্ণমেণ্টের এ্যাপ্রোভ্যাল নিয়ে নিচ্ছেন। আমি বলতে চাই এই বই লেখার ব্যাপারে একটি কম্পিটিশন থাকা দরকার এবং কে কত সহজ, সরল ভাষায় লিখে শিশুমনকে আকর্ষণ করতে পারবেন। তার জন্য কিছু পুরস্কারেরও ব্যবস্থা থাকবে। তা না হলে একটি কিম্ভূতকিমাকার

গল্প লিখে শিশুমনে হতাশার সৃষ্টি হবে, তারা প্রকৃত মানুষ না হয়ে ছাগলে পরিণত হবে। যাতে যথাসময়ে বইটা ছাত্রদের কাছে পৌঁছে যায় তার ব্যবস্থা আপনি করবেন। দেখা গেল জানুয়ারী মাস তো দূরের কথা এপ্রিল মাসেও সেই বই গিয়ে পৌঁছোয় না, এমনই মিস ম্যানেজমেণ্ট। দেখা যাবে যার উপর এই ডিস্ট্রিবিউশনের দায়িত্ব দিয়েছেন সে বই নিয়ে স্মাগলিং করছে, কালোবাজারী করছে, চতুরতার আশ্রয় নিয়েছে। এইরকম অব্যবস্থা যাতে না হতে পারে, সময়মত ছাত্রদের ঘরে গিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে বই পৌঁছোয়, সেদিকে মন্ত্রিমশায় যেন দৃষ্টি রাখেন। সেই আবেদন জানিয়ে আমি আমার এ্যামেণ্ডমেণ্ট মুভ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে তিনজন মাননীয় সদস্য এই বিলটি সমর্থন করেছেন, তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। তাঁরা সমর্থনের সঙ্গে সঙ্গে যে সমালোচনা রেখেছেন, তার উত্তর দেবার জন্য চেষ্টা করবো। অনেকে বলেছেন যে সরকারী বইগুলির যেন রং-চং ভাল হয়। এর মধ্যে যে বস্তু থাকে তা যেন ভাল হয়। আবার কেউ কেউ বলেছেন এই বইয়ের বিলিব্যবস্থা যেন ভাল হয়। আমার মনে হয়, আমাদের সাম্প্রতিক-কালের প্রকাশিত পুস্তকগুলি তাঁদের কারো নজরে আসেনি। এই বইয়ের গেটআপের ভেতরের কনটেণ্ট এবং এর বিলিব্যবস্থা আগেকার তুলনায় আমরা অনেক উন্নতি করেছি সে বিষয়ে কোন সন্দেহ নেই।

তাঁরা বললেন ডিস্ট্রিবিউশন ঠিক সময়মত হয় না। নিশ্চয়ই হয়। এমন একটা দৃষ্টান্ত আপনারা দিতে পারেন যেসব জেলায় বই এখনো যায়নি তাহলে সে সম্বন্ধে আমি অনুসন্ধান করে দেখবো। আমার যতদূর ধারণা ফেব্রুয়ারীর মধ্যে প্রায় সব জেলায় প্রয়োজনীয় সংখ্যক বই আমরা পাঠিয়ে দিয়েছি। আমি বহু জায়গায় ঘুরেছি, কোন কোন জায়গায় দেখেছি বই পড়ে আছে—বেশী বই সেখানে পাঠানো হয়েছে। আপনি জানেন স্যার, এক কোটির মত বই সরকারী পুরানো মেশিনারী যা বাড়ানো হয়নি তার মাধ্যমে দূর দূর এলাকার স্কুলে পৌঁছে দেওয়া খুব একটা সহজ কাজ নয়। এই এক কোটি সংখ্যা সম্প্রতি বেড়েছে, আগে ছিল ৬০ লক্ষ কি ৭০ লক্ষ। এখন এক কোটি বই ছেপে এক জায়গায় ষ্টোর করা, তারপরে বিভিন্ন জেলার হেড-কোয়ার্টার্সে পাঠিয়ে দেওয়া এবং সেখান থেকে আবার দূর দূর বিদ্যালয়ে পৌঁছে দেওয়া আদৌ সহজ কাজ নয়। এগুলি প্রায় সম্পূর্ণ অবৈতনিকভাবে আমরা পালন করি। বহু প্রকাশক ও বিক্রেতা উঁচিয়ে আছে এই কাজটা নেবার জন্য। যদি তাদের সেই মতে আমরা মত দিই, বই প্রকাশ করতে ও বিলি করতে দিই তাহলে এই হাউসে সমালোচনার স্বর এত উঁচুতে চড়ে যাবে যে আপনার এবং সকলের কান ঝালাপালা হয়ে যাবে। তাই মাননীয় সদস্যগণ যেসব সাজেশনস দিয়েছেন সেগুলো নিশ্চয় আমি যতদূর সম্ভব বিলি করে দেবার চেষ্টা করবো। কিন্তু ডিষ্ট্রিবিউশন যে একেবারে বাড়বে তা আমি বলি না। আমাদের সমস্যা এতো বিরাট এবং ব্যাপক যে আমি শুধু বলতে পারি সাধ্যমত চেষ্টা করবো কি করে যাতে আরও ভাল করা যায়। আমাদের সেইদিকে লক্ষ্য থাকবে। এই কথাগুলো বলে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Mrityunjoy Banerjee that the West Bengal Nationalised Text-Books Bill, 1977, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3

The question that Clauses 1 to 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

Shri Shish Mohammad : Sir, I beg to move that in Clause 4, in line 3, after the words "the Director" the following be added, namely :—

"Nationalised text books shall be distributed among the pupils within 31st day of January each year."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য রাখার সময় বলেছি যে যদি একটা নির্দিষ্ট সময়ের উল্লেখ না থাকে তাহলে জালিয়াতির সুযোগটা থেকে গেলো। আমরা যত রকমেই প্রচেষ্টা করি না কেন, যারা কাজ করবে তারা কিন্তু আমাদের থেকে অনেক শেয়ানা। কাজেই শেয়ানাদের বাধা দিতে গেলে নির্দিষ্ট একটা সময় বেঁধে দেওয়া দরকার। যদি মন্ত্রী মহাশয় এটা এ্যাকসেপ্ট না করেন তাহলে মন্ত্রী মহাশয় এই দিকে প্ররোচিত করছেন এটা ধরে নেবো। নির্দিষ্ট সময়ের মধ্যে যদি বই সাপ্লাই না দেয় এবং তিনি যদি ক্যাটাগরিক্যালি ব্যবস্থা অবলম্বন না করেন তাহলে সেটাই ধরে নেওয়া যায়। এইরকম প্ররোচনার দিকে না গিয়ে যদি ছাত্রদের কল্যাণ করতে চান, যদি ছাত্রদের দরজায় যথাসময়ে বই পেঁাছে দিতে চান তাহলে এটা করা দরকার। সাধারণত পাড়াগাঁয়ে বহু গরীব ছেলে পড়ে। গরীব ছেলেদের কোয়ালিফিকেশন বেশি হয় না। আজকে শিক্ষা প্রসারের জন্য হয়তো কিছুটা হয়েছে। তবু তারা বই চেয়েটেয়ে পড়ে। এটা করলে এই গরীব ছেলেদের খুব সুবিধা হয়। তা না হলে বেশি দামে বই কিনতে হবে। তাই আমি অনুরোধ করি এই যে টাইম দিয়েছেন এটা এ্যাকসেপ্ট করুন।

Shri Mrityunjoy Banerjee : Sir, I oppose the amendment.

The motion of Shri Shish Mohammad that in Clause 4, in line 3, after the words "the Director" the following be added, namely :—

"Nationalised text books shall be distributed among the pupils within 31st day of January each year", was then put and lost.

The question that Clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 5 to 10 and Preamble

The question that Clauses 5 to 10 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the West Bengal Nationalised Text-Books Bill, 1977, as settled in the Aseembly, be passed.

The motion was then put and agreed to.

[4-45—4-55 p.m.]

Mr. Speaker : I now call upon Shri Sudhir Bera to mention something.

শ্রীসুধীর বেরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, চৌরঙ্গী হকার্স এ্যাসোসিয়েশন এবং এসপ্ল্যানেড ইষ্ট হকার্স এ্যাসোসিয়েশনের নেতৃত্বে একটি শোভাযাত্রা এই বিধানসভা অভিমুখে আসছিল। সেই শোভাযাত্রা পুলিশ দ্বারা পথে বাধাপ্রাপ্ত হয়। তাদের বক্তব্য ছিল ময়দানে বিধানচন্দ্র রায় মার্কেট নামে ৪৭টি নতুন ষ্টল যে করা হয়েছে সেগুলি বিতরণের ব্যাপারে বহু দুর্নীতি, স্বজনপোষণ ইত্যাদি নাকি সেখানে হয়েছে। এমন কি প্রভাবশালী এম এল এ-রাও নাকি এর সঙ্গে জড়িত আছেন। এখানে এই বিধানসভা প্রিমিসেসের মধ্যেও নাকি এ নিয়ে পরস্পরের মধ্যে কথা কাটাকাটি হয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে তাদের প্রতিনিধিদের সঙ্গে একটু কথাবার্তা বলবার জন্য অনুরোধ জানাচ্ছি। কারণ বহু দুর্নীতি এবং স্বজনপোষণ নাকি সেখানে হয়েছে এবং সে সম্বন্ধে তাদের তীব্র ক্ষোভ আছে। আপনি দয়া করে মন্ত্রী মহাশয়কে তাঁদের সঙ্গে কথাবার্তা বলার জন্য অনুরোধ জানান।

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1977

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to introduce the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1977 and to place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1977, be taken into consideration.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতিক্রমে আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা এই হাউসের সামনে রাখতে চাই। আমি যে সংশোধনী বিলটি এনেছি এটা মোটামুটি মামুলি ধরনের। আমি এই মর্মে গত এপ্রিল মাসে অর্ডিন্যান্স জারি করি। এখন এটাকে বিলরূপে এখানে আনা হয়েছে। স্যার, আপনি জানেন আজ থেকে ১৩-১৪ বছর আগে West Bengal Secondary Education Act পাশ হয়। সম্প্রতি কিছু কিছু প্রশাসনিক পরিবর্তনের প্রয়োজন এসেছে। কারণ ডি পি আই সেকেণ্ডারী বোর্ডের মেম্বার ছিলেন। কিন্তু বর্তমানে সেকেণ্ডারী ডিরেক্টরেকে আলাদা করা হয়েছে এবং সেখানে ডিরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন এই অফিসার নিয়োগ করা হয়েছে। যেখানে ডি পি আই সদস্য ছিলেন এখন ডিরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন সদস্য হবেন এই সংশোধনী আনা হয়েছে। আর একটা প্রধান ধারা এর সঙ্গে সংযোজন করা হয়েছে। কোন কোন ক্ষেত্রে প্রয়োজন হয় পশ্চিমবাংলার সামান্য বাইরে অবস্থিত বাংলা মাধ্যম বিদ্যালয়-গুলিকে অনুমোদন দেওয়া। আমাদের দৃষ্টান্ত আছে। আইনে এই প্রভিশন ছিল না। তাই এখানে এই মর্মে একটা অধিকার দেওয়া হচ্ছে। তৃতীয় ধারা আনা হয়েছে যেটা সেটা যদিও গুরুত্বপূর্ণ কিন্তু মামুলি ধরনের। বোর্ডে হয়তো কোন সময় এমন পরিস্থিতি দাঁড়ায় বোর্ডের কাজকর্ম অচল হয়ে যাচ্ছে তখন তাকে সুপারসিড করে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করার অধিকার এতে আনা হয়েছে। একটা বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে আমাদের ব্যবস্থা অবলম্বন করতে হয়েছিল। অবশ্য আপাতত এমন পরিস্থিতি নয় যাতে এটা প্রয়োগ করা যেতে পারে। একটা ক্ষমতা দেওয়া হচ্ছে সরকারকে যদি প্রয়োজন হয় তাহলে সরকার বোর্ডকে সুপারসিড করে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করতে পারবে। মোটামুটি এই সংশোধনী-গুলি আনা হয়েছে। আশা করি মাননীয় সদস্যগণ এই বিলকে সমর্থন করবেন।

শ্রীশীষ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৭৭ এই বিল সম্বন্ধে বিশেষ কিছু বলার না থাকলেও একটা জিনিস বলবো। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী যেটা নিয়ে এসেছেন আমাদের ষ্টেট ছাড়াও অন্যান্য ষ্টেটে যদি বাংলা মিডিয়ামের কোন স্কুল থাকে তাহলে তাদের রিকগনাইজেশন দেওয়ার কথা। এটা ভাল কথা। দু'-একটা জায়গায় হয়তো আছে। এর দ্বারা তারা কিছুটা উৎসাহিত হবে, আমাদের বাংলা ভাষার কিছু প্রসারও হবে। এদিকে উৎসাহ ভালই আছে। আর যেখানে বলা হয়েছে বোর্ড কোনরকম ক্ষমতার অপব্যবহার করেছে বা সন্দেহজনক কাজ করেছে, সেক্ষেত্রে ষ্টেট গভর্ণমেণ্ট ইচ্ছে করলে সেটা ভেঙে দিতে পারে এবং সেখানে এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করে দিতে পারে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে আইনে একটা ধারা রাখা উচিত ছিল বোর্ড যে ক্ষমতার অপব্যবহার করেছে বা অপপ্রয়োগ করেছে এবং প্রতীয়মান হচ্ছে বোর্ড যে কাজ করেছে তাতে শিক্ষাবিভাগ বা শিক্ষাক্ষেত্রে একটা চূড়ান্ত ক্ষতি হতে চলেছে সেটা স্টেট গভর্ণমেণ্ট মনে করছেন সেক্ষেত্রে এরকম হওয়া উচিত ছিল তাদের বক্তব্য কি ভেঙে দেওয়ার পূর্বে সে সুযোগ দেওয়া। এটায় একেবারে বলা হচ্ছে কোন কথা শোনা হবে না। সরাসরি প্রতীয়মান হয়ে গেল। কাজেই অন্তত একবার হিয়ারিং দেওয়া দরকার। কিন্তু গভর্ণমেণ্ট মনে করছেন ক্ষমতার অপব্যবহার হয়েছে, কি কি ক্ষেত্রে হয়েছে তাদের শো-কজ নোটিশ দেওয়া হোক, এইবার তারা কারণ দর্শাক। যদি প্রতীয়মান হয় সেটা অপ-ব্যবহার করেছে তাহলে সেক্ষেত্রেও এই সুযোগ দেওয়া উচিত। আর বোর্ড কি করেছে না করেছে আর অমনি তুলে দিলো এইরকম হওয়া উচিত নয়। তারপর তাকে সরিয়ে দিয়ে এমন একজন লোক নিয়ে আসছেন, এ্যাডমিনিষ্ট্রেটর তিনি নিজে হতে পারেন অথবা বোর্ডের একজন কর্মচারীকে নিয়োগ করে দিতে পারেন। এ্যাডমিনিষ্ট্রেটর হতে গেলে সেইরকম নিয়ম আছে। ভাল কথা। আমরা দেখতে পেয়েছি, রামকৃষ্ণ মিশন সারদা বিদ্যাপীঠ এমন আমলা বসিয়েছেন আগে ছিল এক চোর, তারপর বসিয়েছেন মহাচোর। কাজেই এ্যাডমিনিষ্ট্রেটর করতে গেলে আমি ওয়াকফ ষ্টেটের ক্ষেত্রে বলেছিলাম সেটা দেখার জন্য যে এমন একজনকে বসানো হয়েছে যিনি নবাবের উপর আর এক নবাব। কোটি কোটি টাকা চুরি করে, বিক্রি-বাটা করে শেষ করে দিলো। এই যে আমলা বসানো হচ্ছে সে যে ক্ষমতার অপব্যবহার করবে না, সে যে ঠিকভাবে চলবে তার কোন গ্যারাণ্টি নেই। দু' বছর বা তিন বছর পরে করবে। কাজেই এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করতে গেলে তাই হবে। আমি বলি হিয়ারিং থাকা অন্তত দরকার যে বোর্ড বা গভর্ণমেণ্ট মনে করছেন তার বিরুদ্ধে এ্যালিগেশন আছে। ক্ষমতার অপব্যবহার হয়েছে বলে তাকে সুযোগ দেওয়া উচিত তাদের বক্তব্য বলবার জন্য। সেটা না থাকলে সম্পূর্ণ অগণতান্ত্রিক হয়ে গেলো। এর দ্বারা গণতন্ত্রকে হত্যা করা হচ্ছে। এই বিলের মধ্যে কোন অধিকার থাকছে না। কারণ সেখানে সমষ্টিগত মানুষই থাকবে। কাজেই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি এই বিষয়ে চিন্তা করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। আমি আমার মোশান মুভ করছি।

[4-55—5-05 p.m.]

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিলের মধ্যে বহুরকমের সংশোধন করে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বিলটি উপস্থিত করলেন এবং তার গুরুত্বের বিভিন্নতা আছে, প্রকৃতিতে ভেদ আছে। যাই হোক, ৫টি মূল বিষয় এই সংশোধনীতে

আছে। প্রথমে যে বিষয়টা সেটা ঠিকই আছে যে, বাইরের স্কুল, তা যদি পশ্চিমবাংলার বাইরে থাকে, বেঙ্গলি মিডিয়াম স্কুল, তারা যদি রিকগনিশন চায় দেওয়া হবে। এটা আগেও ছিল। কোলকাতা বিশ্ববিদ্যালয় যখন ম্যাট্রিকুলেশন পড়াতো সেই সময় এমন কি বর্মা, রেঙ্গুন পর্যন্ত সেখানে এ্যাফিলিয়েশন দিত। তবে একটা অসুবিধা আছে এই কারণে যে, আমরা এটা চাই, পশ্চিমবাংলার বাইরে যেখানেই স্কুল থাকুক, বাঙালী পপুলেশন থাকুক তারা সেখানকার জনসাধারণের সঙ্গে ইণ্টিগ্রেটেড হয়ে যাবে তাদের লেখাপড়া ইত্যাদির ব্যাপারে। যতদিন তা পুরো ভারতবর্ষে না করতে পারা যাচ্ছে ততদিন থাকুক, কোলকাতা বিশ্ববিদ্যালয় এটা করতেন, এটাতে আপত্তি নেই। দ্বিতীয়টি হচ্ছে, এটা একেবারে প্রশাসনিক ব্যাপার। ডি পি আই ছিলেন, ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন হয়েছেন, তাঁকে ওখানে নিতে হবে। তৃতীয়টি সামান্য হলেও খুব গুরুত্বপূর্ণ। একথাটা আমি আগেও বলেছিলাম যে, ১১/১২ ক্লাশের জন্য যখন নতুন প্রেসিডেণ্ট হলেন তখন তাঁরও মধ্যশিক্ষা পর্ষদের মধ্যে আসা উচিত, এটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। আমরা প্রাথমিক থেকে উপর পর্যন্ত ইণ্টিগ্রেটেড পাঠক্রমের কথা ভাবছি এবং তার জন্য পরিশ্রম করতে হবে, তবে প্রশাসনিক ক্ষেত্রে তার জন্য প্রেসিডেণ্টকে আনতে হবে, এটা ভাবা দরকার। চতুর্থটি সামান্য ব্যাপার, রিজার্ভ ব্যাঙ্কের জায়গায় ষ্টেট ব্যাঙ্ক ট্রানজাকশন করবে, এটাও প্রশাসনিক ব্যাপার। পঞ্চমটা হচ্ছে খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। গভর্ণমেণ্ট এই বিলের মাধ্যমে একটি ক্ষমতা হাতে নিচ্ছেন, সেটা হচ্ছে, বোর্ডকে তারা সুপারসিড করবেন। এখন স্যার, আমি শীষ মহম্মদ সাহেবের মতন একেবারে বিশুদ্ধ গণতন্ত্র, যাকে আগমার্ক গণতন্ত্র বলে তাতে আমি বিশ্বাসী নই। কোন প্রতিষ্ঠান কাজকর্ম না করলে বা যে পারপাসের জন্য তৈরি সেই কাজ না করলেও গভর্ণমেণ্ট তাকে সুপারসিড করতে পারবেন না এটাতে আমি বিশ্বাস করি না। নিশ্চয় মাঝে মাঝে করতে হবে, করা উচিত। আমরা তো রবীন্দ্রভারতীর মতন বিশ্ববিদ্যালয়কেও সুপারসিড করেছি, সেটা আলাদা কথা। কিন্তু এখানে এই বিলের মধ্যে যা আছে তাতে দুটি খুব মারাত্মক জিনিস আছে। একটা হচ্ছে, কিছুই জিজ্ঞাসা করবেন না, একেবারে সরাসরি সুপারসিড করে দেবেন। কেন তাড়ালেন তার কোন কারণ বললেন না, কিছুই বললেন না, একেবারে সুপারসিড করে দিলেন। স্যার, এটা খুব সংবেদনশীল ব্যাপার। কেননা, শিক্ষাবিদ, শিক্ষকদের প্রতিনিধি, হেডমাষ্টারদের প্রতিনিধি প্রভৃতি এঁদের নিয়েই বোর্ড। এমন কি ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশনও আছেন। ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন যখন বোর্ডের মেম্বার তখন তিনি

Part of the Board. He may be removed, he can also be removed without showing any reason.

সুতরাং আমি মনে করি এটা ভাল হয়নি, এ বিষয়ে আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে একটু ভাবতে অনুরোধ করছি। যদিও আমি কোন সংশোধনী দিইনি তবুও বলছি, একটা নির্দিষ্ট সময় দেওয়া হোক যে এই তারিখের মধ্যে উত্তর দিতে হবে সরকারের যে-সমস্ত চার্জেস আছে তার এবং তারপরে এই প্রশ্নটা আসবে এইরকমই হওয়া উচিত। অর্থাৎ শো-কজ করা—সব জায়গাতেই করে, ফাঁসির আসামীকেও করে, আর মধ্যশিক্ষা পর্ষদ, যারা মধ্য-শিক্ষাটা চালায় তাদের একেবারে তাড়িয়ে দেবেন কোন কারণ জিজ্ঞাসা না করে এটা ঠিক নয়। তারপরে দ্বিতীয়টি আরো মারাত্মক। এখানে সরকার সুপারসেশন করবেন এবং দরকার

হলে তিন বছর পর্যন্ত হাতে রাখবেন—এটা খুব মারাত্মক। আমার মনে হয় শিক্ষামন্ত্রী মহাশয় এটা বোধহয় ভাল করে ভেবে দেখেন নি। আমার মনে হয় সরকারী বিভাগ এটা তাড়াতাড়ি করা দরকার বলে এইরকম করেছেন। স্যার,

It is a Bill not of principle, rather of expediency.

এতে খুব মারাত্মক ক্ষমতা সরকার হাতে নিচ্ছেন যে তিন বছর পর্যন্ত সুপারসিড করে রাখবেন। আমি শিক্ষামন্ত্রীকে বলব, এতে প্রচণ্ড পাবলিক রিসেণ্টমেণ্ট হবে, আপনি দয়া করে এটা বদলান। আমি অত্যন্ত স্ট্রংলি এটার অপোজ করছি এবং আশা করছি যাঁরা শিক্ষার সঙ্গে যুক্ত আছেন তাঁরা সকলেই তা করবেন। এটা তিন বছর হওয়া উচিত নয়। তারপর মজা হচ্ছে, স্যার, তিন বছর পর্যন্ত সময় সরকার হাতে নিলেন, তারপর বোর্ডকে ৬ মাস বসতে দিলেন তারপর আবার তিন বছরের জন্য করলেন। যার ফলে এমন একটা ব্যবস্থা হয়ে যাবে যাতে সরকারের হাতেই মধ্যশিক্ষা পর্ষদটা থাকবে।

এখন এ্যাডমিনিষ্ট্রেটর কে হবেন? বোর্ডের প্রেসিডেণ্ট—যে বোর্ডের মধ্যে ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন থাকবেন, আরো ২/১ জন উচ্চপদস্থ সরকারী অফিসার থাকবেন, তাকে সুপারসিড করে এ্যাডমিনিষ্ট্রেটর কে হবেন আমি জানি না। গোকুলে বাড়িছে কে, কোন্ গুণসম্পন্ন এ্যাডমিনিষ্ট্রেটর মধ্যশিক্ষা পর্ষদ চালাবেন সেটা আমি বুঝতে পারছি না। ওনার মাথায় আছে, উনি দয়া করে বলবেন যে কোথায় সেই সর্বগুণান্বিত শ্রীকৃষ্ণ, যিনি মধ্যশিক্ষা পর্ষদকে ত্রাণ দিতে পারেন! মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ৫ম অংশ যেটা বিলের উদ্দেশ্য তার ঘোরতর বিরোধিতা করছি। আর প্রথম ৪টি অংশকে সমর্থন করছি। এই প্রসঙ্গে মধ্যশিক্ষা পর্ষদের কথা যখন উঠেছে, এই বছর শিক্ষা বাজেট নেই, অনেক কথা বলার সুযোগ আমরা বাজেটে পাই, সেই সুযোগ এবারে আমরা পাচ্ছি না। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়, তাঁর নিশ্চল ধৈর্য নিয়ে তিনি আমার কথা শুনছেন। আমি তাকে এই সম্পর্কে কিছু বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে মধ্যশিক্ষা পর্ষদ সম্পর্কে, সেকেণ্ডারী এডুকেশন সম্পর্কে আমার চিন্তা-ভাবনা এবং দুর্ভাবনাও বটে বারবার এই সভাতে উত্থাপন করেছি। কিন্তু এখন অবস্থা কি দাঁড়িয়েছে আপনি জানেন। এ একধরনের অপূর্ব সুন্দর ডাইয়ারকি। যার ফলে একটা অচল অবস্থা শুরু হয়েছে। সেটা কি? ধরুন স্কুল রিকগনিশনের ব্যাপারে মধ্যশিক্ষা পর্ষদ আইনগত রিকগনিশন দেবার মালিক। কিন্তু সরকার টাকা দেবেন আর মধ্যশিক্ষা পর্ষদ রিকগনিশন দেবেন এই তো অবস্থা। সরকারের টাকা তারা কম দেবেন, মধ্যশিক্ষা পর্ষদ রিকগনিশন নিয়ে বসল—এই নিয়ে একটা সময় খুব স্টেলমেট অবস্থা হয়েছে। এইরকম অবস্থায় মধ্যশিক্ষা পর্ষদ স্পেশ্যাল পারমিশনের সুযোগ দেবে শিক্ষা দেবার জন্য, সরকার তাদের প্রোক্যুমেশনে দিতে বারণ করবে। এখন এইরকম অবস্থা হয়ে আছে এবং যার জন্য মধ্যশিক্ষা পর্ষদের সঙ্গে সরকারের বিরোধ। এটা আজকে সকলেই জানেন। দ্বিতীয়ত ধরুন বর্তমানে এই যে মধ্যশিক্ষা পর্ষদ, তার যিনি প্রেসিডেণ্ট, তিনি আমাদের হরশঙ্করবাবুর সহকর্মী এবং অধ্যাপক ব্যানার্জীরও সহকর্মী কিনা জানি না, তার সঙ্গে কর্মচারীদের একটা তিক্ত সম্পর্ক। যার ফলে মধ্যশিক্ষা পর্ষদের কাজ করা খুব কঠিন। সেখানে কোন হেল্থলি এ্যাটমোসফিয়ার নেই। বছর দু'য়েক আগে আপনার বোধহয় মনে আছে যে একটা স্ট্রাইকে কয়েকজন কর্মচারীকে ছাঁটাই করা হয়েছিল এবং একটা স্টেলমেট অবস্থা তৈরী করা হয়েছিল। যেখানে শিক্ষা গাইডেড হবে সেখানে এমন একটা অবস্থা

বিরাজ করছে যার ফলে কর্মচারীদের সঙ্গে এইরকম একটা তিক্ত সম্পর্ক, কিন্তু এই সম্পর্কে কোন উদ্যোগ দেখিনি। রিজিওন্যাল অফিস একটা হয়েছে। আমি এটা মনে করি যে আমাদের পশ্চিমবাংলায় যখন উচ্চশিক্ষা দেবার জন্য, একই ধরনের এডুকেশন দেবার জন্য এতগুলি ইউনিভারসিটি আছে, ৩টি এ্যাফিলিয়েটেড কলেজ আছে, এখন আবার আর একটা হবে; সেখানে আমি মনে করি একটা মধ্যশিক্ষা পর্ষদের হাতে পশ্চিমবাংলার মধ্যশিক্ষা ব্যবস্থা ছেড়ে দেওয়া যায় না, এটা বন্ধ করতে হবে। সরকারকে এই সম্পর্কে ভাবতে হবে। এবং তার জন্য রিজিওন্যাল অফিস, তার জন্য দরকার হলে অনেকগুলি মধ্যশিক্ষা পর্ষদ অর্গানাইজেশন তৈরী করতে হবে। আজকে যে মধ্যশিক্ষা পর্ষদ আছে, সারা পশ্চিমবাংলার মধ্যশিক্ষা তারা পরিচালনা করার ফলে কি হয়েছে? এটা হচ্ছে পরীক্ষা নেবার যন্ত্র। আজকে পরীক্ষা, কালকে পরীক্ষা, পরশু পরীক্ষা, কেবল পরীক্ষা, শুধু পরীক্ষাই নেয় এ্যাণ্ড নাথিং এল্‌স। পশ্চিমবাংলার স্কুলগুলিতে লেখাপড়া শেখানো হয় কিনা তার ইন্সপেকশনের দায়িত্ব কার? কারোর নেই। মধ্যশিক্ষা পর্ষদ মাঝখানে সুপার এ্যানুয়েটেড ইন্সপেকটরস নিয়ে একটা ইন্সপেকটরস টিম করেছিলেন এবং তাও সব রিটায়ার লোকদের নিয়ে করা হয়েছিল। তারা প্রোগ্রাম করেছিলেন। সেই অকালবৃদ্ধের দল, তাঁরা ঘুরে ঘুরে স্কুল দেখবেন। সারা পশ্চিমবাংলায় ইন্সপেকশন করবেন। তাঁরা কি ইন্সপেকশন করেছিলেন আমি জানি না। সেই সময় আমাদের মধ্যশিক্ষার ক্যারিকিউলামের মধ্যে বিরাট একটা পরিবর্তন হয়েছে। সেখানে ওয়ার্ক এডুকেশন আছে, অন্যান্য ধরনের জিনিস আছে, সেখানে অন্যান্য ধরনের বক্তৃতা হয়েছে, যার ফলে কোন ইন্সপেকশন নেই এবং ফলে ওরা কেবল পরীক্ষাই নেয়। মধ্যশিক্ষা পর্ষদ নিয়মিত কোর্স করছে, কিন্তু স্কুলগুলিতে সেগুলি পড়ানো হয় কিনা বা পড়াতে পারছে কিনা তা দেখার কোন লোক নেই। প্রেসিডেণ্ট কেবল বক্তৃতা করেন। আজকে এখানে সেমিনার করছেন, কালকে ওখানে সেমিনার করছেন এবং এই বক্তৃতার একটা অবশ্যম্ভাবী ফলশ্রুতি আছে, সেটা আপনি জানেন যে ট্রাভেলিং এ্যালাউন্স। সভাপতি এবং তার কিছু কর্মচারী তাঁরা বক্তৃতা করে বেড়ান, সেমিনার করে বেড়ান, তাতে দু'-একটা লোক এ্যাটেণ্ড করেন এবং তাঁদের ইন্সপেকশনের কোন ব্যাপার নেই। ফলে মধ্যশিক্ষা পর্ষদ, তার উপর আরোপিত কাজ পশ্চিমবাংলায় মধ্যশিক্ষার তত্ত্বাবধান করা, তার প্রগতির গতি সম্পূর্ণ ব্যর্থ হচ্ছে। আমি পশ্চিমবাংলার নাগরিক হিসাবে সম্পূর্ণ দায়িত্ব নিয়ে একথা বলতে পারি।

[5-05—5-15 p.m.]

আমি স্যার, পুরো দায়িত্ব নিয়ে এই কথা বলতে পারি পশ্চিমবঙ্গের নাগরিক হিসাবে, এই কাজটাও করতে দেওয়া হয়নি এবং তাঁরা করেন নি। সুতরাং আজকে মধ্যশিক্ষা পর্ষদ সম্পর্কে আমি যে এ্যামেণ্ডমেণ্ট এনেছি

They conduct examination, they appoint examiners, they attend seminars and take T. A.

এই হচ্ছে মধ্যশিক্ষা পর্ষদ, সুতরাং আমি আজকে শিক্ষামন্ত্রী মহাশয়কে ভাবতে বলবো, আজকে গভীরভাবে চিন্তা করার আছে। তিনি এখনও শিক্ষামন্ত্রী, তিনি সমস্যাগুলো যে বোঝেন না তা নয়। মধ্যশিক্ষা পর্ষদকে ডিসইণ্টিগ্রেট করা, কয়েকটি মধ্যশিক্ষা পর্ষদের দিকে যাওয়া—সেইগুলোর জন্য নাম দিন। পশ্চিমবঙ্গে মধ্যশিক্ষা পর্ষদ এক বা একাধিক যেগুলো হবে,

সেইগুলো সত্য সত্য মধ্যশিক্ষা পর্ষদের গার্জেন হবে, অভিভাবক হবে, এই অবস্থা যদি না করতে পারেন তাহলে মধ্যশিক্ষা পর্ষদের পক্ষে সমূহ বিপদ। আমি এই জন্য বলি যে, মন্ত্রী মহাশয় যেটা ভাবছেন এক্সপিডিয়েন্সি বললেন,

It is not a Bill of principle, but it is a Bill of expediency.

উনি ভাবছেন মধ্যশিক্ষা পর্ষদ সম্পর্কে, যখন প্রচুর সমস্যা দেখা দেবে তখন গভর্ণমেণ্ট ওটা নিয়ে নেবেন। তাঁর ডি পি আই দপ্তর, অর্থাৎ ওখানে প্রেসিডেণ্ট এবং তার কিছু অনুগামী ডিরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন দপ্তরের অফিসাররা, যেসব মেম্বারদের কথা বললাম, তাদের রাজত্বের বদলে ডি পি আই অফিস এবং ডি আই এর রাজত্ব হবে, এটা ঠিক বাঞ্ছনীয় নয়। এটা নিয়ে ভেবে দেখতে হবে কিভাবে আমরা মধ্যশিক্ষা পর্ষদ যথার্থ পরিচালনা করার জন্য একটা গণতান্ত্রিক পর্ষদ তৈরী করতে পারি সেই সম্পর্কে আপনি ভাবুন। আপনি ভাবতে যে পারেন না তা নয়, আপনি ভাবতে পারেন কিন্তু আপনার ইনিশিয়েটিভটা একটু কম অসুবিধা সেখানে এবং কেবিনেটকে একটু কম বোঝাতে পারেন। আমি শিক্ষা-মন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করবো যে তিন বছর ধরে বোর্ডকে সুপারসিড করে যে ক্ষমতা হাতে নেবার চেষ্টা করছেন, এটা উচিত নয়। এটার অত্যন্ত ফার রিচিং কন্সিকোয়েন্সেস এবং ইম্প্যাক্ট আছে। এটা বদল করে সরকার নিজে এ্যামেণ্ডমেণ্ট আনুন, এটা করলে অত্যন্ত ক্ষতি হবে। গভর্ণমেণ্টকে পরিষ্কারভাবে ব্যুরোক্রাসি যেটা আমরা বলি—ব্যুরোক্রাসি সব সময় খারাপ নয়, ব্যুরোক্রাসি নামটা খুব খারাপ—সরকারী অফিসের ফাইলের মধ্যে সেকেণ্ডারী এডুকেশন চলে যায় এটা বাঞ্ছনীয় নয় বেশী দিনের জন্য। আপনি যদি সুপারসিড করেন তাহলে এক বছরের জন্য করুন, তিন বছরের জন্য করছেন কেন? সেই জন্য আমি এই ধারাটাকে তীব্র প্রতিবাদ করছি এবং আমার বক্তব্য শেষ করছি এবং প্রথম চাবটে সমর্থন করছি।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা সম্পর্কে আমি সংক্ষেপে কয়েকটি বক্তব্য বলবো। মূলত কয়েকটি অবজেক্ট বা উদ্দেশ্য এই বিলে বর্ণিত হয়েছে, সেই উদ্দেশ্য আমি ভাগ করে দেখলাম পাঁচটি উদ্দেশ্য। তার মধ্যে প্রথমোক্ত চারটি উদ্দেশ্য সম্পর্কে আমার দ্বিমত নেই, আমি সেইগুলো সমর্থন করি। কিন্তু মারাত্মক যে ক্লজ সেটা হ'ল বোর্ডকে বাতিল করে তার জায়গায় এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করবার যে বিধান এই আইনে দেওয়া হচ্ছে—আমি একটা কথা বলতে পারি যে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন এ্যাক্ট ১৯৬৩ সালে চালু হয়েছিল। এই আইনের সেকশন ফোরে বিভিন্নভাবে এই বোর্ডের রিকন্‌স্ট্রাক-শনের ব্যবস্থা ছিল, আপনি যদি এই আইনের দিকে তাকিয়ে দেখেন এবং শিক্ষামন্ত্রী মহাশয় যদি একবার দয়া করে কম্পোজিশন অব বোর্ড সেকশন ফোরটা দেখেন তাহলে দেখবেন বিশিষ্ট বিশিষ্ট ব্যক্তি এবং শিক্ষাবিদদের দিয়ে এই বোর্ড তৈরী করা হয়েছে। এখন বলা হচ্ছে যদি রাজ্য সরকার মনে করেন যে বোর্ড ইজ নট ফাংশনিং প্রপারলি তাহলে এরা সুপারসিড করবেন।

এই কথা শীষ মহম্মদ সাহেবও বলেছেন কারণ দেখা যায় কোন বিধান নেই। যখন ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন আইন করা হয় তখন আমি এই হাউসের সদস্য ছিলাম। আমরা জানি যেসব বক্তৃতা কংগ্রেস বেঞ্চ থেকে করা হয়েছিল তখন বলা হয়েছিল শিক্ষাক্ষেত্রে আমরা স্বায়ত্তশাসন নীতি চালু করতে চাই। এখন দেখা যাচ্ছে বোর্ড তৈরী করে রাইটার্স বিল্ডিংস থেকে কর্তৃত্ব সরিয়ে নিয়ে আসছে ক্ষমতাকে ডিফিউজ করে সেটাই ছিল মূল লক্ষ্য।

এখন বোর্ড থেকে সমস্ত ক্ষমতা কেড়ে নিয়ে এ্যাডমিনিষ্ট্রেটর করা হচ্ছে। বোর্ড যদি মনে করেন বোর্ডের কোন ব্যক্তি বা সদস্য ঠিকমত কাজ করছেন না তাঁরা বোর্ড চেঞ্জ করতে পারেন। কিন্তু আমি জিজ্ঞাসা করছি একটা জটিল প্রশ্ন স্বাভাবিকভাবে তিনি উড়িয়ে দেবেন না। আপনি জানেন এই আইনে অনেকগুলি কুজের ব্যবস্থা আছে এবং অনেকগুলি কমিটির ব্যবস্থা আছে—যেমন সিলেবাস কমিটি এক্জামিনেশন কমিটি, রেক্গনিশন কমিটি, আপীল কমিটি। ধরা যাক রাজ্য সরকার একটা নির্দেশবলে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশনকে সুপারসিড করলেন, সেখানে তাহলে আপীল কমিটির কি বিধান হবে। স্কুলের মাস্টার মহাশয় সাসপেণ্ডেড হলেন—তাঁর আদালতে মামলা করার কোন বিধান নেই। আদালতের কথা হলে বলবেন যে আদালত সমস্ত ফাসট্রেট করে দিচ্ছে। আপীল কমিটি আছে যাদের আদালতের ক্ষমতা দেওয়া হয়েছে যেখানে সমস্ত ডিসমিস্ড টিচারদের কেস শোনা হবে। আমি জিজ্ঞাসা করছি যদি বোর্ড সুপারসিডেড হয়ে গেল সেখানে আপীল কমিটি কোথায় যাবে? শিক্ষকরা তাঁদের অবিচার ডিসমিশ্যাল, সাসপেনশন, বরখাস্তের বিরুদ্ধে কোথায় আপীল করবে? কারণ আদালতে যেতে পারবে না, আপীল কমিটি তো বলে গেল। বোর্ড সুপারসিডেড হয়ে গেলে এ্যাডমিনিষ্ট্রেটর করলে আপীল কমিটি কোথায় যাবে? এটা চিন্তা করে দেখবেন। এই আইনে কোথাও বলা হয়নি বোর্ড মিন্স এ্যাডমিনিষ্ট্রেটর। এ্যাডমিনিষ্ট্রেটর যদি বোর্ড হয় তাহলে সুপারসেশনের পর এই কমিটিগুলি কে করবে তার কোন বিধান নেই। এমন কি পেরেণ্ট এ্যাক্ট ৫৩ তার বিধান নেই। আপনারা করছেন কিন্তু আদালতের কাছে গিয়ে হোচট খেতে হবে এবং স্ট্রিকচার নিতে হবে। ইলেকশনের মধ্যে দেখেছেন ক্ষমতা কেন্দ্রীভূত হবার জন্য কি হয়েছে। এক্জামিনেশন কমিটিকে এ্যানসার স্ক্রিপটস্ করতে হবে, কোয়েশ্চেন পেপার তৈরী করতে হবে, এক্জামিনার এ্যাপয়েণ্ট করতে হবে। কিন্তু সুপারসিড হয়ে গেলে এগুলি কে করবে? অর্থাৎ ডিভলিউশন অব পাওয়ারের কোন ব্যবস্থা থাকছে না। সুতরাং কি মারাত্মক জিনিস আপনারা করতে যাচ্ছেন। শিক্ষার ক্ষেত্রে অটোনমি আপনাদের অন্যতম অঙ্গীকার ছিল তাকে নস্যাৎ করে দিয়ে আপনারা কণ্ট্রোলাইজেশন, আনলিমিটেডেড পাওয়ারের দিকে যাচ্ছেন। নির্বাচনের মধ্যে একটা মূল লক্ষ্য ছিল এই লিমিটলেস পাওয়ার থাকবে কিনা। যেখানে সীমাহীনতা থাকে সেখানে গণতন্ত্রের বিনাশ হয়। কিন্তু আপনারা গণতন্ত্রের সীমাবদ্ধতায় তার প্রিন্সিপ্যালকে লঙ্ঘন করে ক্ষমতা সীমাহীনতার দিকে যাচ্ছেন। বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন এ্যাক্টের ৮নং রুলে বলা হয়েছিল যখন কোন ম্যানেজিং কমিটি সুপারসিড করবেন আপনারা তার হেয়ারিং দেবেন। এর আগের আইনে ছিল কোন হেয়ারিং দিতে হবে না। অর্থাৎ কাজীব বিচার এবং যখন-তখন ম্যানেজিং কমিটির উপর এ্যাডমিনিষ্ট্রেটর করতে পারেন। পরে আইন সংশোধন করে হেয়ারিং ব্যবস্থা হল। ম্যানেজিং কমিটি বরখাস্ত করতে গেলে সেখানে হেয়ারিংয়ের ব্যবস্থা করলেন। কিন্তু এতবড বোর্ড যার বিশাল ক্ষমতা তার হেয়ারিংয়ের কোন ব্যবস্থা নেই। বোর্ডের প্রতি যদি আস্থা না থাকে তাহলে বোর্ড রাখার কোন দরকার নেই।

[5-15—5-25 p.m.]

অতএব আমি মনে করি এখানে আপনারা একটা নীতি লঙ্ঘন করেছেন। সরকার যদি মনে করেন যে বোর্ড ঠিকমত কাজ করছেন না তাহলে এক্স পার্টি জাজমেণ্ট করে তাদের সিটগমেটাইজ করছেন, অপরাধীকে আত্মপক্ষ সমর্থনের একটা সুযোগ দিচ্ছেন না। এই

বোর্ড একটা এমিনেণ্টলি কনস্টিটিউটেড বডি, একটা স্ট্যাটুটরি অটোনোমাস বডি, তার ক্ষমতা কেড়ে নিচ্ছেন অথচ তাকে একটা শুনানির সুযোগ দিচ্ছেন না। এটা সমস্ত সভ্য-নীতিবিরোধী এবং উচিত্তবোধবিরোধী। আপনারা এক জায়গায় বললেন ২ বছর সুপারসিড করে এ্যাডমিনিস্ট্রেটর রাখতে পারেন, আবার পরে বলছেন ৩ বছরের জন্য করতে পারেন। ধরুন ১৯৭৭ সালের এপ্রিল মাসে বা মে মাসে সুপারসিড করে এ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দিলেন। ৩ বছর হয়ে যাওয়ার পর আবার একটা বোর্ড করে এইভাবে তাকে সুপারসিড করে ৩ বছর এ্যাডমিনিস্ট্রেটর রাখতে পারেন যদি আপনার মনোমত লোক না পান। এটা যদি করেন তাহলে আপনাদের উদ্দেশ্য সম্বন্ধে মানুষের মনে গভীর সন্দেহ থাকবে। বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশনের কার্যকলাপ সম্বন্ধে অনেকের সন্দেহ এসেছে। আপনি নিজে জানেন বহু স্কুলকে দিনের পর দিন এইরকমভাবে সুপারসিড করা হয়েছে। আজকে ট্রেজারী বেঞ্চের সদস্যদের কাছে, কংগ্রেস দলের সদস্যদের কাছে অনুরোধ আপনারা এই যে জিনিসটা মেনে নিচ্ছেন, আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি ভারতবর্ষের প্রধানমন্ত্রী মাননীয় মোরারজী দেশাই যে ঐতিহাসিক ভাষণ দিয়েছেন জাতির উদ্দেশ্যে তার মূল সুর হল ডিভলিউশন অব পাওয়ার, ক্ষমতার বিকেন্দ্রীকরণ, এই হাউসে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেদিনও বলেছেন আমরা চাই কেন্দ্রের যে-সমস্ত মৌল নীতি সেগুলি সম্প্রসারিত হোক, সেগুলি কার্যকরী হোক, সেই ব্যাপারে আমরা সহযোগিতার হস্ত সবসময় প্রসারিত রাখব। এই উক্তির মধ্যে এবং আজকে আপনারা যে বিল এনেছেন তার মধ্যে যে আচরণ প্রতিফলিত হচ্ছে তার মধ্যে একটা মৌলিক বৈপরীত্য লক্ষ্য করছি। এটা ক্ষমতা বিকেন্দ্রীকরণের প্রিন্সিপিলকে নস্যাৎ করছে। সেজন্য আমি মনে করি এই যে বিল এনেছেন এই বিলের সুপারসেশনের ধারাটি আপনারা অনুগ্রহ করে উঠিয়ে নিন, এটা এইভাবে রাখবেন না। যেকথা মাননীয় সদস্য শীষ মহম্মদ সাহেব বলেছেন এবং সি পি আই সদস্যরা বলেছেন আমিও তাঁদের সঙ্গে একমত হয়ে বলছি যে এটা সার্কুলেশনে দেওয়া উচিত, এর আলোচনা নিয়ে জনমত নেওয়া উচিত এবং এইভাবে জবরদস্তি করে একটা বডিকে সুপারসিড করে নিজেদের হাতে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করবেন না। এতে একটা দারুণ সঙ্কট আসবে এবং আপনারাই তাতে হিমসিম খেয়ে যাবেন। এই ধরনের পথে আপনারা পা বাড়াবেন না, আপনারা গণতান্ত্রিক পথে পা বাড়ান আপনাদের কাছে এই আবেদন। সুপারসেশন করার ক্লজ নতুন করে বিবেচনা করার জন্য শিক্ষাব্রতীদের মতামত নিন। শিক্ষকদের, অভিভাবকদের, জনসাধারণের মতামত নিন, সার্কুলেশনে পাঠান, তারপর আসবেন। এই কথা বলে আমি এই বিলের এই ধারাটির তীব্র বিরোধিতা করছি।

শ্রীনিতাইপদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এ্যামেণ্ডমেণ্ট বিল সম্পর্কে আমাদের মাননীয় বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় বিস্তারিতভাবে বলেছেন। এ্যামেণ্ডমেণ্টের সবগুলি বিষয় আমরা সমর্থন করছি, শুধু তিনি যে এ্যাডমিনিষ্ট্রেটরের কথা বলেছেন সেই বিষয়টা আমরা সমর্থন করতে পারছি না। তবে তাঁর সেণ্টিমেণ্টের সঙ্গে আমি একমত, কারণ, তিনি এই যে বোর্ডের সীমাহীন পর্বতপ্রমাণ গাফিলতি, অদক্ষতা, অকর্মণ্যতার জন্য তাঁদের হাতে শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকদের যে সমদুর্গতি সেটা আজকের দিনে খানিকটা উপলব্ধি করেছেন। পঞ্চায়েতের মত যারা মৌরসিপাট্টা নিয়ে বোর্ডের মধ্যে বসে আছে, ব্যক্তিগতভাবে কারোর প্রতি কোনরকম কথা বলছি না, তাদের কাজকারবার সম্পর্কে বিশ্বনাথদা বলেছেন,

আমি আর বলতে চাই না। কি যে তাঁরা বোর্ডকে সাহায্য করেছেন সে সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় গোপনে নিশ্চয়ই খবর নিয়েছেন। আমার মনে হয় এ্যাডমিনিষ্ট্রেটর না বসিয়ে সরকারের নিজের ক্ষমতা আছে বোর্ডকে পরিবর্তন করার। আরো গণতান্ত্রিকভাবে যাঁরা শিক্ষাক্ষেত্রে নতুন নতুন চিন্তা-ভাবনা করছেন, মাধ্যমিক শিক্ষা বা অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে যাতে করে নতুনভাবে বোর্ডকে ঢেলে সাজানো যায় সেই বিষয়ে তিনি ভেবে দেখতে পারতেন। সত্যই আজকে মধ্যশিক্ষা পর্ষদকে দিয়ে আমরা বিশেষ কিছু লাভবান হতে পারছি না।

একজন শিক্ষক হিসেবে আমার যে নিদারুণ অভিজ্ঞতা আছে তাতে আমি বলতে পারি ছেলেমেয়েদের ভয়ানক দুর্দশা হবে। মার্কশিটের জালিয়াতির জন্য ছেলেরা আত্মহত্যা পর্যন্ত করেছে এরকম ঘটনা আছে। কাজেই এদের ক্ষেত্রে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন? মন্ত্রী মহাশয় হয়ত ভেবেছেন শেষ পর্যন্ত এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করে একটা কিছু করবেন। কিন্তু আমরা তাতে শান্তি পাচ্ছি না। মাননীয় সদস্য বিশ্বনাথবাবু বলেছেন, এরকম শ্রীকৃষ্ণ আপনি কোথায় পাবেন। বহু লোক একত্রিত হয়ে যদিও বা খারাপ কাজ করছে কিন্তু আপনি যদি সেখানে একজন লোক নিয়ে আসেন এবং ৩ বছরের জন্য তাঁকে বসিয়ে দেন তাহলে আমার মনে হয় চরম দুর্গতি হবে এবং তার থেকে রেহাই পাবার কোন পথ আমরা পাব না। এতদিন পর্যন্ত এই ধারা আনার কোন প্রয়োজন হয়নি, আমাদের মন্ত্রী মহাশয়, ক্যাবিনেট বা শিক্ষা পর্ষদও এই এ্যাডমিনিষ্ট্রেটরের প্রয়োজনীয়তা আছে বলে এতদিন পর্যন্ত ভাবেন নি। আমার বক্তব্য হচ্ছে এই এ্যাডমিনিষ্ট্রেটরের ক্লজটা বাদ দিয়ে আপনারা এই বোর্ডকে রি-অর্গানাইজ করুন এবং যেটা হবে সত্যিকারের বোর্ড। শুধু তাই নয়, একে বিকেন্দ্রীকরণ করে আরও ২/৪টা বোর্ড করে দিয়ে মাধ্যমিক বিদ্যালয়ের ছেলেমেয়েদের ভাগ্য যা এদের হাতে রয়েছে এবং এই সমস্ত ছেলেমেয়ে যাদের আমরা দেশের জন্য তৈরী করছি তাদের যাতে একটা উন্নত ধরনের বোর্ডের হাতে দেওয়া যায় তার ব্যবস্থা আপনারা করুন। তারপর, টু ক্লাশ, ফোর ক্লাশ, টেন ক্লাশ পর্যন্ত বহু স্কুল আপনাদের দিকে পারমিশনের আশায় চেয়ে রয়েছে। আপনারা যদি কিছু না করেন তাহলে বলে দিন এতদিন পর আর স্কুল খুলবে না, স্কুল হবে না। এই ধরনের স্কুল যারা চালিয়ে যাচ্ছে তারা আপনাদের দিকে তাকিয়ে রয়েছে এবং তাদের কি গতি হবে তা আমরা জানি না এবং তারাও জানে না। তারা আমাদের কাছে আসছে কিন্তু আমরা তাদের কোন সৎ পরামর্শ দিতে পারছি না। কাজেই মন্ত্রী হিসেবে আপনাকে বলছি, আপনি এটা শিথিল করে দিন, বোর্ডকে ক্ষমতা দিন এবং যাদের সত্যিকারের ক্ষমতা আছে সেই সমস্ত টু ক্লাশ, ফোর ক্লাশ এবং জুনিয়র হাইস্কুলকে অনুমোদন দিয়ে এই অরাজকতার হাত থেকে তাদের বাঁচান। তারপর, কাশীবাবু, বিশ্বনাথবাবু যেকথা বলেছেন আমিও সেকথা বলছি যে, এই বোর্ডকে গণতান্ত্রিকভাবে গঠন করা হোক এবং যারা মৌরসিপাট্টা নিয়ে বসে আছে তাদের সরিয়ে দিয়ে এই বোর্ডকে রি-অর্গানাইজ করুন। আমি এই বিলের সমস্ত কিছু সমর্থন করছি, কিন্তু এ্যাডমিনিষ্ট্রেটরের ওই ক্লজটা আমি সমর্থন করতে পারছি না। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-25—5-35 p.m.]

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আনন্দিত যে যেসব সদস্য আলোচনায় অংশগ্রহণ করলেন তাঁরা বিলের প্রথম দিকের তিন-চারটি ধারা সম্পূর্ণভাবে সমর্থন

করেছেন যদিও ওগুলি খুব মামুলি। আমার মতে বাকী ধারাগুলিও মামুলি। আমি শ্রদ্ধেয় বিশ্বনাথবাবুর সঙ্গে একমত যে এ বিল নট অব প্রিন্সিপিল বাট অব এক্সপিডিয়েন্সি। সুপারসেশন নিয়ে তাঁরা আপত্তি করেছেন। তবে নীতিগতভাবে কেউ কেউ সমর্থন করেছেন। এই ব্যাপারে তাঁদের আপত্তি বোধহয় কিছুক্ষণ বাদে খণ্ডন হয়ে যাবে তাঁরা নিজেরাই দেখতে পাবেন। তবে কাশীবাবু নিছক টেকনিক্যাল এবং লিগ্যাল গ্রাউণ্ড তুলে কতকগুলি দুর্বলতা দেখিয়েছেন। তাঁর দু'-একটি যুক্তির প্রবণতাকে আমি মানি। আমার যা মনে হচ্ছে আমাদের যে প্রভিশন আছে সুপারসিডেড হলে পরে

All powers and duties of the Board shall be performed by the administrator.

এটির দ্বারা আমরা কমিটির ক্ষেত্রেও সেই কাজটা করতে পারবো। তবে বিষয়টি নিশ্চয় তিনি যখন বলেছেন তখন আমাদের অনুসন্ধান করে দেখা দরকার যে অন্য আরও কিছু সাপ্লিমেণ্টারী প্রভিশন লাগবে কিনা কমিটির কাজগুলি চালু রাখার ক্ষেত্রে। তবে একটি জিনিস তিনি বলেছেন যে ক্ষমতার ইভলিউশনের কথা। নতুন প্রধানমন্ত্রীর যে ভাষণ তারও উল্লেখ করেছেন। আমি ব্যক্তিগতভাবে এটি অনবরত প্রয়োগের কথা ভাববো না। এটি ইমারজেন্সি মেজার। আজকে ইমারজেন্সি উঠে গেছে হয়তো এ বিষয়টি পুনর্বিবেচনা করার সুযোগ পেলে তার কাছাকাছি মত দিতে পারতাম। কিন্তু ইমারজেন্সি প্রভিশন অব দি কনাষ্টিটিউশন সেটি রয়ে গেছে, প্রয়োজন হলে ইমারজেন্সি প্রয়োগ করতে পারি। সুতরাং এখানে এই ধারাটি থাকার মানে রোজ রোজ বছর বছর এটি কাজে লাগানো তা নয়। ইমারজেন্সি প্রভিশনের মত একটা এক্সপিডিয়েন্সি দরকার হলে যাতে আমরা এই কাজটি করতে পারি সেইজন্যই এটি নেওয়া হয়েছে। এখানে কেউ কেউ বলেছেন দু' বছর তিন বছর এতদিন অবধি কেন এটি অধিগ্রহণ করা হবে। অবশ্য বিশ্বনাথবাবু কামারপুকুর নেওয়ার সময় চার বছরের জায়গায় ছয় বছরে যখন আমরা করলাম সেটাকে তিনি সমর্থন করেছিলেন। আজকে এখানে ম্যাক্সিমাম তিন বছর রাখছি, তার মানে তিন বছর রাখতেই হবে তার কোন মানে নেই। প্রথম অর্ডার সুপারসেশন দুই বছর নেওয়া আছে। সেটা ম্যাক্সিমাম দুই বছর করা হবে তা নয়। এটা একটা ম্যাক্সিমাম পিরিয়ড। ইমারজেন্সি প্রভিশনগুলি অত্যন্ত দরকার ছিল। তবে বিশ্বনাথবাবু ও নিতাইবাবু বোর্ডের কাজকর্মের সমালোচনা করেছেন। সত্যিই সত্যিই শিবের গানটা যদি মাথায় এসে যায় তাহলে ধান ভানাই হোক আর কুম্ভমেলাই হোক সে গানটা গাইতেই হবে। সুতরাং এ বিষয়ে আমি বাক্‌বিতণ্ডায় যাচ্ছি না। তবে শ্রীকৃষ্ণের কথা যা বলেছেন তা পাওয়া খুব মুশকিল। যাত্রাদলের শ্রীকৃষ্ণকে আমরা এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করবো তা নয়। বেছে বেছে করবো। রবীন্দ্রভারতীতে করেছি। আশা করি এই বিলটি সকলে সমর্থন করবেন।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় শিক্ষামন্ত্রী যদি একটু ক্ল্যারিফাই করে দেন ইমারজেন্সি ধারার কথা। আগের আইনে বোর্ডের যে ধারা ইমারজেন্সি পাওয়ারে আছে রুল ৮, সেকশন ২৮ অব দি ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এ্যাক্টে যার দ্বারা স্কুলের ম্যানেজিং কমিটিতে সুপারসিড করা যায়। সেখানে বলা হয় ইমারজেন্সি এসেছে, প্রেসিডেণ্ট সার্টিফায়েড ইমারজেন্সি পাওয়ার ইভোগ করা দরকার। মাননীয় শিক্ষামন্ত্রী বললেন সংবিধানে ইমারজেন্সি ধারা এখনও আছে যদিও ইমারজেন্সি উঠে গেছে এবং ইমারজেন্সিতে আমরা এইরকম পাওয়ার করি। আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি সেকশনটা পড়ে দেখুন—এখানে ইমারজেন্সির

উল্লেখ নেই। এখানে বলা হচ্ছে যেখানে প্রয়োজন মনে করবো সেখানে করবো এবং সেখানেই এ্যাবিউস প্রচণ্ডভাবে হবে।

Mr. Speaker : Mr. Shish Mohammad, I understand you are not moving your amendment ?

Shri Shish Mohammad : No, Sir.

The motion of Shri Mrityunjoy Banerjee that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1977, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 7

The question that Clauses 1 to 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Mr. Speaker : There is an amendment by Shri Gyan Singh Sohanpal in Clause 8. I now call upon Shri Gyan Singh Sohanpal to move his amendment.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that in Clause 8, in the proposed Section 49, sub-Section (2) be omitted.

Shri Mrityunjoy Banerjee : Sir, I accept the amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that in Clause 8, in the proposed Section 49, sub-Section (2) be omitted, was then put and agreed to.

The question that Clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : স্যার, পরিষদীয় মন্ত্রীর নামে যে এ্যামেণ্ডমেণ্ট মুভ করা হোল এটি ভালই হয়েছে। নোটিশ যেখানে দেওয়া দরকার হবে না সেখানে তুলে নিলেন, কিন্তু স্যার, এটি হোল নেতিবাচক ভাল। অর্থাৎ নোটিশটা দেওয়া দরকার হবে না বলে তুলে নিলেন। কিন্তু নোটিশটা যে দেওয়া দরকার হবে বোর্ডকে কতকগুলি নির্দিষ্ট কারণ দেখিয়ে শোকজ করতে বলা হবে সেটির যদি পজেটিভ এ্যামেণ্ডমেণ্ট গভর্ণমেণ্টের দিক থেকে আসতো তাহলে সকলে খুশি হতাম। সে এ্যামেণ্ডমেণ্ট এলো না আমরাও কোন এ্যামেণ্ডমেণ্ট দিইনি। মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো আপনারা রুলে সেটা যদি ইনকরপোরেট করে দেন তাহলে ভাল হয়। সেইজন্য জ্ঞানসিং সোহনপালের এ্যামেণ্ডমেণ্টকে নেগেটিভ এ্যামেণ্ডমেণ্ট বলছি।

Shri Mrityunjoy Banerjee : Sir, I object to what he said.

The motion of Shri Mrityunjoy Banerjee that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1977, as setteled in the Assembly, be passed, was then put and agreed to.

[5-35—5-45 p.m.]

The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Amendment) Bill, 1977

Shri Abdus Sattar : Sir, I beg to introduce the Bidhan Chandra Krish Viswa Vidyalaya (Amendment) Bill, 1977, and to place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill).

Sir, I beg to move that the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Amendment) Bill, 1977, be taken into consideration.

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১লা সেপ্টেম্বর, ১৯৭৪ সালে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় আইনবলে পশ্চিমবঙ্গের প্রথম কৃষি বিশ্ববিদ্যালয়ের সৃষ্টি হয়। রাজ্য সরকারের কৃষিবিভাগের পরিচালনাধীনে এই বিশ্ববিদ্যালয় কার্য শুরু করে। তদবধি রাজ্য সরকার বিভিন্ন খাতে এই বিশ্ববিদ্যালয়কে অর্থমঞ্জুরি ও অনুদান দিতেছেন। কিন্তু এই অনুদান প্রদানকালে কতকগুলি বাস্তব অসুবিধার সম্মুখীন হইতে হয়। যদিও সরকার বিশ্ববিদ্যালয়ের স্বাধিকারে নিঃসন্দেহে বিশ্বাসী তথাপি কার্যকালে যে-সমস্ত অসুবিধাবোধ হইয়াছে, তাহাতে এই বিশ্ববিদ্যালয়ের খরচপত্রের উপর কিছু বিধিনিষেধ আরোপ করা অত্যন্ত জরুরী হইয়া পড়িয়াছিল। বস্তুত শিক্ষাবিভাগের পরিচালনাধীন অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলিতে এই মর্মে ইতিমধ্যেই বিধি-নিষেধ আরোপ করিয়া একটি আইন চালু করা হইয়াছে। বিশ্ববিদ্যালয়গুলির সুষ্ঠু পরিচালনার জন্য শিক্ষাবিভাগ উপাচার্যদের বয়সেরও একটি ঊর্ধ্বসীমা বাঁধিয়া দিয়াছেন। পশ্চিমবঙ্গের সমস্ত বিশ্ববিদ্যালয়ে একই নিয়ম চালু থাকা উচিত বলিয়া বিধানচন্দ্র কৃষি বিদ্যালয় আইনেরও ২০ নং, ৩৩ নং ও ৩৭ নং ধারার সংশোধন প্রয়োজন। এছাড়া কার্য পরিচালনকালে মূল আইনের কয়েকটি ধারার সামান্য সংশোধন প্রয়োজন হইয়াছে। সেই উদ্দেশ্যে গত ১৩ই মার্চ একটি অর্ডিন্যান্স জারী করা হয়।

এই কয়টি কথা বলিয়া আমি উক্ত অর্ডিন্যান্সটি বাতিল করিয়া বর্তমান বিলটি উত্থাপন করিতেছি এবং বিলটিতে আপনাদের অনুমোদন প্রার্থনা করিতেছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় স্পীকার মহাশয়, দেখতে এটা খুব নিরীহ বিল হলেও, বিলটা কিন্তু তত নিরীহ নয়। মাননীয় স্পীকার মহাশয়, বিলটা সুগার-কোটেড কুইনাইন, জিনিসটা খুব সহজ নয়। প্রথমে সূচনাতেই আমি বলি---এইসব বিল শিক্ষামন্ত্রী কেন আনবেন না। কেন কৃষিমন্ত্রী বিশ্ববিদ্যালয় বিল আনবেন? এটা প্রশাসনিক অব্যবস্থা, অথবা অব্যবস্থিতচিত্ততা এই মন্ত্রিমণ্ডলীর মধ্যে আছে, কৃষি বিশ্ববিদ্যালয় বলে সেটা কৃষিবিভাগের ব্যাপার হবে কেন? সেটা হচ্ছে শিক্ষাবিভাগের ব্যাপার। এখনও পর্যন্ত যা আছে, বিশ্ববিদ্যালয়ের সঙ্গে চাষবাসের সম্পর্ক নেই। এটাতে আছে বোটানি শিক্ষার ব্যবস্থা, কেমিষ্ট্রি শিক্ষার ব্যবস্থা, যদি খোঁজ করে দেখেন তো দেখবেন, সোসিওলজি শিক্ষারও ব্যবস্থা এতে আছে। এগ্রো-ইকনমি, এগ্রিকালচারাল কেমিষ্ট্রি, এগ্রিকালচারাল স্ট্যাটিসটিক্স ইত্যাদির সঙ্গে শিক্ষাবিভাগের যতটা সম্পর্ক, কৃষিবিভাগের সঙ্গে ততটা সম্পর্ক নেই। এই প্রশাসনিক দায়দায়িত্ব বদল হওয়া বাঞ্ছনীয় বলে আমি মনে করি। এই বিলটা যখন প্রথমে আসে, তখন থেকেই আমি একথা বলে আসছি। এখনও পর্যন্ত সে বিষয়ে কোন সিদ্ধান্ত নেওয়া হল না। আমি আশা করি আপনি দ্রুত কোন সিদ্ধান্ত নিয়ে

দায়মুক্ত হবেন। এটার দরকার নেই। অব্যাপারস্য ব্যাপারং, এটার দরকার নেই। অন্যের হাতে ছেড়ে দিয়ে আপনি দায়মুক্ত হোন।

এই দায়মুক্ত না হওয়াতে কতকগুলি ক্ষতি হচ্ছে। এ আরো অনেক কারণে দরকার। এগ্রিকালচার কমিশনার, ভেটেরিনারী সেক্রেটারী, এগ্রিকালচার সেক্রেটারী, এনিম্যাল হাসবাণ্ড্রী সেক্রেটারী—এইসমস্ত আমলাদের হাতে পড়ে এই কৃষি বিদ্যালয়ের লেখাপড়ার নাভিশ্বাস উঠেছে। আপনি চিন্তা করুন স্যার, একটা ইউনিভারসিটি পরিচালনা করছে কারা? সেই এনিম্যাল হাসবাণ্ড্রী সেক্রেটারী, এগ্রিকালচার সেক্রেটারী, কমিশনার, এইরকম সব লোকেরা যারা লেখাপড়া থেকে অনেক বেশী বিচ্যুত। সেখানে শিক্ষক সমস্যা, গবেষণার সমস্যা, এ্যাকচুয়্যালি ক্ল্যাশরুমে ছাত্রদের সমস্যা—এইসমস্ত সমস্যা তাঁরা তাঁদের ছাত্রজীবন শেষ করবার পরে আর দেখেন নি। তাঁরা নিজেরা নিজ নিজ ক্ষেত্রে বিশেষ বিশেষ ব্যাপারে বিশেষজ্ঞ বা এক্সপার্ট ঠিকই। কিন্তু একটা বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যাপারে তাঁদের এক্সপার্ট হিসেবে ডাকা হবে, তাঁরা তাঁদের ওপিনিয়ন দেবেন। ইউনিভারসিটি ম্যানেজমেণ্ট, টিচিং এণ্ড রিসার্চ ম্যানেজমেণ্ট ইত্যাদি এইসমস্ত ব্যাপারের ভার সেক্রেটারী তথা ব্যুরোক্রাটদের হাতে দেওয়ার আমি বিরোধিতা করছি। এ্যাকাডেমিক কালচার তথা ডিফারেণ্ট টাইপ অব কালচার আছে তাই বলে আমি তাঁদের আনকালচারড লোক বলছি না। তাঁদের জীবনধারণের পদ্ধতি থেকে তাঁদের রীতিনীতি চালচলনের ধরন গড়ে উঠেছে। এই শিক্ষাবিভাগের প্রত্যেকের, শিক্ষকের, ছাত্রের, কর্মচারীদের হাতে এই বিশ্ববিদ্যালয়ে পরিচালনার ভার ছেড়ে দেওয়া হোক। এই বিশ্ববিদ্যালয় আইন আপনি অনেকদিন হল পাশ করেছেন। তারপর থেকে এখন পর্যন্ত নমিনেটেড মেম্বার দিয়ে এর কাজ পরিচালনা করা হচ্ছে। সেই পরিচালনব্যবস্থার মধ্যে শিক্ষক প্রতিনিধি নেই, ছাত্র প্রতিনিধি নেই, কোন গ্রাজুয়েট প্রতিনিধিও নেই, এমন কি কোন কর্মচারী প্রতিনিধিও সেখানে নেওয়া হয়নি। শুধুমাত্র এগ্রিকালচার সেক্রেটারী, কমিশনার, এনিম্যাল হাসবাণ্ড্রী সেক্রেটারী, কমিশনার, ভেটেরিনারী সেক্রেটারী একটা নমিনেটেড বডি দিয়ে সেখানকার কাজ চালানো হচ্ছে। এ বিষয়ে সাত্তার সাহেব একটু ভাবুন। মিনিষ্ট্রি অব এগ্রিকালচার ইঞ্জিনীয়ারিং, কলেজের জন্য টাকা দেন। আমাদের বর্ধমান ইউনিভারসিটি মিনিষ্ট্রি অব ইরিগেশন থেকে টাকা পায়, সেণ্ট্রাল এগ্রিকালচার থেকে টাকা পায়, আই সি এ আর থেকে টাকা পায়, কলকাতা বিশ্ববিদ্যালয়কে এ্যাপ্লায়েড বোটানী ডিপার্টমেণ্টকে আই সি এ আর টাকা দিচ্ছে; এ্যাপ্লায়েড ফিজিক্স বিভাগকে ডিফেন্স ডিপার্টমেণ্ট টাকা দিচ্ছে। তার মানে কে ডিফেন্সের উপর তার পরিচালনভার ছেড়ে দিতে চান? বিভিন্ন জায়গা থেকে টাকা আসতে পারে, কিন্তু বিভাগটি তাদের হাতেই থাকে। আপনারা মনে করছেন এটা আপনাদের একটা বিভাগ হয়ে থাকে। তাই নমিনেটেড বডি দিয়ে এটাকে চালাচ্ছেন। সেখানে কোন ছাত্র, শিক্ষক, কর্মচারী, নন-টিচিং স্টাফ কারো কোন প্রতিনিধি নেই। এর ফল কী হয়েছে? সিনেট মিটিং হয়েছে মাত্র একবার। দু'-তিন বছর হয়ে গেল সিনেট মিটিংয়ের দরকার নেই, ওটা রাইটার্স বিল্ডিংসের একটা এ্যানেক্সার হয়ে গেছে। কাজেই আর সিনেট মিটিংয়ের দরকার হয় না। কিন্তু এর এক্সপ্ল্যানেশন দিতে হবে পাবলিকের কাছে। এরা ইউনিভারসিটি চালাচ্ছেন—কিন্তু তার জন্মের পর একবারের বেশী সিনেট মিটিং হল না। এই ব্যুরোক্রাটদের কণ্ট্রোলের জন্য আমাদের আপত্তি ভাইস-চ্যান্সেলর রেগুলার এ্যাপয়েণ্টমেণ্ট হচ্ছে না, দু' মাস একমাস করে পাচ্ছে, পাছে এগ্রিকালচার কমিশনারের কণ্ট্রোল না থাকে—পাছে রাইটার্স

বিল্ডিংসের কণ্ট্রোলে চলে যায়। নিয়মিতভাবে চালাতে গেলে---নিয়মিত এ্যাপয়েণ্টমেণ্ট দিতে হবে। দিজ ইজ নট দি ওয়ে। এভাবে একটা বিশ্ববিদ্যালয় চলে না।

[5-45—5-55 p.m.]

বিশ্বভারতীতে নিয়ম হচ্ছে বছরে চারটে অন্তত সিনেটের মিটিং করতে হয় সেখানে ছ'বার হয়। বর্ধমানে তিনবার করবার কথা আইনে আছে, গতবছরে চারবার হয়েছে। পয়েণ্ট হচ্ছে এরা সিনেটের মিটিং ডাকবার দরকার বোধ করেন না। এ্যাড-হক ডিসিশন করেন। অন্যের সঙ্গে আলোচনা করে একটা সিদ্ধান্ত নেওয়ার দরকার বোধ করেন না। এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, তাদের একটা মতামত থাকতে পারে এই চিন্তা নেই। আনফরচুনেটলি ব্যাপারটা এইরকম। আপনি জানেন সেক্রেটারী অব দি এমপ্লয়িজ ইউনিয়ন তাকে পর্যন্ত বরখাস্ত করা হয়েছে, মানে সাসপেণ্ড করা হয়েছে। এই সাসপেনশনের পিছনে কারণ কি জানি না সাত্তার সাহেব জানেন এবং উনি জানেন এটা অন্যায় হয়েছে। যদি একটা সিনেটের মিটিং হতো, যদি আপনাদের শুধু নমিনেটেড মেম্বার না থাকতো, যদি শিক্ষক, গ্রাজুয়েটদের মধ্যে থেকে এবং নন-টিচিং এমপ্লয়িজদের তরফ থেকে প্রতিনিধি থাকতো তাহলে তারা আলোচনা করে সাসপেনশন উইথড্র করে দিতেন। তবে সাসপেনশন হওয়ার কারণটা আছে কিনা ভাবতে পারেন। আমি আপনাকে একটা উদাহরণ দেবো, আজকে এই বিলটা আনা হয়েছে, কিজন্য আনা হয়েছে, আমরা টাকা দিচ্ছি, ইউনিভারসিটি বেশি খরচ না করে সেইজন্য এই কণ্ট্রোল।

Sir, Who constitutes the University? Large majority of members are Government nominees—Agricultural Commissioner, Finance Commissioner. Agricultural Commissioner, Finance Commissioner, Veterinary Commissioner, Secretary of the Veterinary Department—all of them are Government officers. How can you say that Government control is not there. When they sit at the university meetings.

তারা কি তখন গভর্ণমেণ্টের কণ্ট্রোল মানেন না?

But there are Government nominess, none else. Even if all of them join, Government,

সেখানে নমিনেটেড মেম্বার তারা সংখ্যায় বেশি আইনটা এমনভাবে তৈরী। তবু কেন অটোনমি হরণ করছেন? এটা কি ইউনিভারসিটি চলছে। দু'জন লোক নিয়েছেন পরিচালক সমিতিতে ফারমারস রিপ্রেজেনটেটিভ হিসাবে তারা কারা? আপনি ফারমার আনুন। নুরুল ইসলাম সাহেবকে নিয়েছেন আমার প্রিয় ছাত্র, কিন্তু আমি তাকে ফারমারস রিপ্রেজেনটেটিভ হিসাবে দেখতে চাই না। নুরুল সাহেব কত ধানে কত চাল জানেন না, জীবনে ধানচাষ করেন নি, তিনি রাজনীতি করেন। আর আপনি নিয়েছেন শ্রীআনন্দমোহন বিশ্বাসের ভাই শ্রীপ্রণব বিশ্বাসকে। আপনি জানেন প্রণব বিশ্বাস সে ব্যবসা করে ইউনিভারসিটির সঙ্গে, তাকে মেম্বার অফ সিনেট করেছেন।

How should he and why should he enter into the business relations with the university, taking money and at the same time directing where the money should go.

এগুলো কি হয়নি? জানেন এগুলো হতে পারে না যদি ফুল ফ্লেজেড বডি করে দেন। যাতে শিক্ষক থাকে, ছাত্র থাকে, ইউনিভারসিটির কর্মী থাকে, যদি কনস্টিটিউশন অফ দি

ইউনিভারসিটি, ডেমোক্রেটিক ম্যানেজমেণ্ট করেন, আর চয়েস অফ ফাবমারস বিপ্রেজেনটেটিভ ডেফিনাইটলি আনডেমোক্রেটিকভাবে হয়েছে। এটা আপত্তিজনক। মিনিষ্টারের ভাই, নুরুল ইসলাম এরা কেউ চাষী নয়, চাষী যারা হাল ধরে তাদের আনুন। এই যে আনডেমোক্রেটিক, আনএ্যাডাডেমিক ম্যানেজমেণ্ট এর ফল কি?

আনন্দমোহন বিশ্বাসের ভাই, কিরকম ভাই আমি ঠিক জানি না, আমি জেনে বলবো। আপনি কি রিফিউজ করছেন যে আনন্দমোহন বিশ্বাসের ভাই নয়, একটু জেনে নেবেন। আপনার জানবার সোরস অনেক বেশী আমার চেয়ে। জেনে নেবেন। এই যে ম্যানেজমেণ্ট একটা ইউনিভারসিটি চালাচ্ছে—আনন্দমোহন বিশ্বাস হিষ্ট্রির এম-এ তাকে এগ্রিকালচার ইউনিভারসিটির ডি-ফিলের রেজিস্ট্রেশন কেন দেওয়া হয়েছে। এইসব কথা আর বলবেন না আমরা জানি।

How the university run ? Secretary is running the university.

একটা হিষ্ট্রির এম-এ তাকে এগ্রিকালচার ইউনিভারসিটির ডি-ফিল রেজিষ্ট্রেশন দেওয়া হয়েছে ডক্টরেট পাবে। একটা এগ্রিকালচার ইউনিভারসিটি থেকে এটা কিরকম হচ্ছে। মাননীয় স্পীকার স্যার,

(গোলমাল)

আপনারা তাহলে বলছেন ভাই নয় বন্ধু—বেশ তাই হোল। এডুকেশন ডিপার্টমেণ্টের একটা সার্কুলার আছে সেটা হচ্ছে কোন বিশ্ববিদ্যালয় কোন পোষ্ট স্যাংশন করতে গেলে এডুকেশন ডিপার্টমেণ্টের কাছ থেকে জেনে নেবেন। স্যার, আমি আবার বলছি এই যে এডুকেশন ডিপার্টমেণ্ট একটা আছে তখন এটার আর দরকার কি? সব যদি গভর্ণমেণ্ট নমিনি এখানে বসে থাকে তাহলে তারা নিজেরাই তো জানতে পারে পলিশি অব দি স্টেট গভর্ণমেণ্ট কখন তারা টাকা দিতে পারবে না পারবে। একটা ইউনিভারসিটির অটোনমি যেভাবে কার্টেল করা হোল আমরা সেই ইউনিভারসিটির অটোনমি কার্টেল করার এগেনেষ্টে। অন্য ইউনিভারসিটির বেলায়ও কার্টেল করা হয়েছে বলে আমরা যেমন আপত্তি করেছিলাম এই বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের অটোনমি কার্টেল করাকেও আপত্তি করছি। অন্যান্য জায়গায় একটা আইন আছে দিল্লী এডুকেশন কোড। গভর্ণমেণ্টের কাছ থেকে একটা পোষ্ট স্যাংশন করতে হয় একটা টাইম লিমিট থাকে যে তিন মাসের ভিতর যদি আপত্তি না করে তাহলে ধরে নিতে হবে অটোমেটিক্যালি স্যাংশন হয়েছে। এখানে কোন টাইম লিমিট নেই। গভর্ণমেণ্ট চেপে রেখে দেবেন। রাইটার্স বিল্ডিংসের সেক্রেটারীর পছন্দ না হলে ভাইস-চ্যান্সেলার নিরুপায়, বোর্ড অব ম্যানেজমেণ্ট নিরুপায়, একাডেমিক কাউন্সিল নিরুপায়।

Only the commissioner and the secretary will do everythings.

স্যার, বোর্ড অব ম্যানেজমেণ্টের স্বাধীনতা না থাকলে কি হয় এবং ডেমোক্রাটিক না হলে কি হয় আপনি চিন্তা করুন প্রত্যেকটি বিভাগে উপযুক্ত সংখ্যক শিক্ষক নেই। যদি শিক্ষক প্রতিনিধি বোর্ড অব ম্যানেজমেণ্টে থাকতো তারা বলতে পারতো। কিন্তু শিক্ষক প্রতিনিধি নেই বোর্ড অব ম্যানেজমেণ্টে বলবে কে? ভাইস-চ্যান্সেলারের সঙ্গে এগ্রিকালচার কমিশনারের মুখ দেখাদেখি নাও থাকতে পারে ইণ্ডিভিজুয়াল প্রোপেনসিটিজ আলাদা হতে পারে। সুতরাং স্বাভাবিকভাবে প্রত্যেকটি বিভাগে এই অবস্থা। আমি বলছি আই সি এ আর যে স্পেসি-ফিকেশন আছে এ্যাবাউট দি এগ্রিকালচারাল ইউনিভারসিটিস ইন ইণ্ডিয়া সেই স্পেসিফিকেশনের

তুলনায় প্রত্যেকটি বিভাগে শিক্ষক কম। লেখাপড়া ভাল হবে কি করে? টাইপিষ্ট নেই, এ্যাসিসেটেণ্ট নেই, কোন অফিস এ্যাসিসেটেণ্ট নেই—ইউনিভারসিটিটি একটা স্কুলের অধম হয়ে চলছে। কোন ডিন এ্যাপয়েণ্ট করেন নি, ডিরেক্টর অব রিসার্চ এ্যাপয়েণ্ট করেন নি, আইনে যে-সমস্ত পোষ্ট ওঁরা পেতে পারেন সেইসব পোষ্ট ওঁরা এখনও পর্যন্ত ভর্তি করেন নি। আপনি শুনলে অবাক হবেন একটা ইউনিভারসিটি তৈরী হয়েছে তার কোন ষ্ট্যাটিউট তৈরী হয়নি। একটা ইউনিভারসিটি যখন তৈরী হয়, আমরা যখন ইউনিভারসিটির আইনগুলি এই বিধান-সভায় পাশ করেছি স্যার, দেখবেন কলকাতা, বর্ধমান, নর্থ বেঙ্গল, রবীন্দ্রভারতী ইউনিভারসিটি প্রত্যেকটির ক্ষেত্রে আইনের সঙ্গে সঙ্গে প্রথমে কিছু কিছু ষ্ট্যাটিউট পাশ হয়ে যায়, ঐ আইনকে কার্যকরী করা যায় অথবা ওঁরা বলে থাকেন যে আইন পাশ হবার পর ইউনিভারসিটির প্রথম সিনেট মিটিংয়ে কতকগুলি ষ্ট্যাটিউট পাশ করে দেয়। একটা ষ্ট্যাটিউট ওঁরা পাশ করান নি, একটা ষ্ট্যাটিউট তৈরী হোল না।

University, how it is being managed ? How it is being run without any statute ? Without any statutes

যখন এ্যাডমিনিষ্ট্রেশন চলে তখন সেখানে স্বেচ্ছাচারিতা হয় যদি কোন আইন না থাকে, রুলস না থাকে, ষ্ট্যাটিউট না থাকে তাহলে সেখানে কোন এ্যাডমিনিষ্ট্রেশন চালাতে গেলে স্বেচ্ছাচারিতা হয়। তার একটা সবচেয়ে বড় উদাহরণ হচ্ছে ওদের ইউনিয়নের সেক্রেটারীকে সাসপেণ্ড করা। বড় অফিসারের নৈতিক অবনতিতে সে বাধা দিয়েছিল বলে সে বেচারা সাসপেণ্ড হয়ে গেল।

[5-55—6-05 p.m.]

এটা হচ্ছে তার একমাত্র অপরাধ। এটাই হচ্ছে দুঃখের কথা। মাননীয় স্পীকার স্যার, এ্যানেক্সারে আসুন। ইউ জি সি টিচার, লেকচারার, প্রফেসর, রিডারদের যে স্কেল করেছে এই স্কেলগুলি এগ্রিকালচারাল ইউনিভারসিটি মেনে নিয়েছে। আই সি এ আরের সারকুলার আছে। এখন একটা এগ্রিকালচারাল ইউনিভারসিটির ক্ষেত্রে ইউ জি সি সারকুলার ফর অল আদার অর্ডিনারী টিচার্সের ক্ষেত্রে প্রযোজ্য, কিন্তু এটা স্পেশালাইজড টাইপ অফ ইউনিভারসিটি। এখানে রিসার্চ অফিসারের কোন স্কেল নেই, রিসার্চ এ্যাসিসটেণ্টের কোন স্কেল নেই। একজন সয়েল কেমিষ্ট নিতে হয়, তার কোন স্কেল নেই। এগুলো ইউ জি সি হুবহু নিতে পারেন না। তিনটে নিতে পারেন—প্রফেসর, রিডার, লেকচারার।

What about other Categories which an agricultural university requires ?

এগ্রিকালচারাল ইউনিভারসিটিতে আরও অনেক পোষ্ট দরকার হয়। তাদের কোন পে স্কেল নেই। সেটা ইউনিভারসিটিও তৈরী করতে পারলেন না, সরকারও তৈরী করতে পারলেন না। মাননীয় মন্ত্রী মহাশয়, অনুরোধ করবো দপ্তর বদল করুন, শিক্ষা দপ্তরের হাতে ছেড়ে দিন। আর সিনেট তৈরী করুন, উপযুক্ত লোককে মনোনীত করুন। নমিনেশন ক্যারেক্টলি করুন, ডেমোক্রাটিক ম্যানেজমেণ্ট করুন। অটোনমি দিন। রাইটার্স বিল্ডিংসের গ্রিপ কণ্ট্রোল কমিয়ে দিন। আপনি বলুন, তোমরা যখন ওখানে বসছো,

You help the Vice-Chancellor, teachers and students. You are no longer Government Officers.

আপনি এটা তাদের বলুন, অটোনমি রেসটোর করুন। আমি আর কাশীবাবুর মতো ডিভ্যালুয়েশনের কথা বলছি না, মোরারজী দেশাই যা বলেছেন। কিন্তু অটোনমি এটা চেরিসড আইডিয়া, এটা ইংরাজ আমল থেকে শুরু হয়েছে। আশু মুখার্জীর আমল থেকে এটা শুরু হয়েছে। এটা নতুন নয়। নতুন হরশঙ্কর এটা বলছে না। যে-কোন শিক্ষাপ্রতিষ্ঠানে অটোনমি এটা আশু মুখার্জীর আমল থেকে আরম্ভ হয়েছে। আপনি অটোনমি মানুন, বোর্ড অফ ম্যানেজমেণ্ট মানুন। সমস্ত স্তরের প্রতিনিধি নিয়ে শিক্ষার উন্নতি করুন। আর অন্য কিছু বললাম না। কৃষি বিশ্ববিদ্যালয় কি কি কাজ করেন এস্টাবলিশমেণ্ট অফ আদার কলেজের সম্বন্ধে কি করেছেন, কেমন করে হাত-পা কেটে ঠুঁটো জগন্নাথ হয়ে বসে আছেন। আমি আর সে-সব আলোচনা করলাম না। এই কথা বলে এই বিলের ব্যাপারে কি বলি, বিরোধিতা করবো না সমর্থন করবো বুঝে উঠতে পারছি না। তাই ব্ল্যাঙ্কেট সমর্থন করছি না। বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনিতাইপদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিস্তারিত বক্তব্য আমাদের দলের মাননীয় সদস্য শ্রীহরশঙ্কর ভট্টাচার্য মহাশয় রেখেছেন, আমি আর তার মধ্যে যাচ্ছি না, আমি কর্মচারীদের বিষয় কয়েকটি অনুরোধ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখবো। স্যার, এসব বিষয় বলার সুযোগ সবসময় পাওয়া যায় না, তাই আমার মন্ত্রী মহাশয়ের কাছে প্রথম অনুরোধ, আইন তো অনেকদিন হল, সেখানে শিক্ষক প্রতিনিধি, ছাত্র প্রতিনিধি, অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধিদের নিয়ে গণতান্ত্রিক ইউনিভার্সিটির সিনেট সেটা কিভাবে করা যায় তা আপনি ভাবুন। আইন পাশ করানোর সময় যে-সমস্ত ধারাগুলি ছিল তাতে একথাগুলি ছিল যে এই এই বিভাগ থেকে রিপ্রেজেনটেটিভস নিয়ে একটা সর্বাঙ্গসুন্দর ইউনিভার্সিটি হিসাবে একে গড়ে তুলবেন। আমি আপনাকে সেই পুরানো কথাগুলি মনে করিয়ে দাবী করছি, অবিলম্বে ছাত্র, শিক্ষক, অশিক্ষক কর্মচারী এবং প্রকৃত কৃষিজীবীদের প্রতিনিধি নেবার ব্যবস্থা আপনি করুন। কর্মচারীদের সম্বন্ধে বলি, এখানে এই এগ্রিকালচারাল ইউনিভার্সিটিতে অনেক গবেষণা হয়। সেই সমস্ত গবেষণার কাজে যে-সমস্ত ক্ষেতমজুররা নিযুক্ত আছেন--- অনেক ভাল ভাল কাজ সেখানে হচ্ছে। যদি সত্যিকারের এটা ব্যবহৃত হয় তাহলে নদীয়া জেলার কৃষকরা, যারা ঐ ইউনিভার্সিটির আশেপাশে আছেন তাঁরা অনেক কিছু হাতেকলমে শিখতে পারবেন। কিছু কিছু অধ্যাপক বা গবেষকবৃন্দ ইতিমধ্যেই গ্রামে গিয়ে কৃষকদের হাতেকলমে শিখিয়ে তাদের সাহায্য করবার জন্য প্রচেষ্টা করছেন। গবেষকরা যে এরিয়া নিয়েছেন সেই এরিয়া নদীয়া জেলার বিভিন্ন ব্লকে যাতে সম্প্রসারিত করা যায় তার জন্য ব্যবস্থা করা দরকার। হরিণঘাটা এবং চাকদা ব্লকের কতকগুলি এলাকা তাঁরা নিয়েছেন, সেই এলাকার সম্প্রসারণের দাবী আমি এই সুযোগে রাখছি। তাছাড়া নদীয়ার পাশে ২৪-পরগনা জেলার যে অংশ সেখানেও এই এলাকা সম্প্রসারিত করা হোক এই দাবীও আমি জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গবেষণার কাজে অসংখ্য ক্ষেতমজুর অক্লান্ত পরিশ্রম করে ঐ অধ্যাপক এবং গবেষকদের মূল্যবান কাজ করাতে তাঁদের সাহায্য করছেন। সেখানে তাঁরা ২৮০ দিন কাজ করছেন কিন্তু তাঁদের এখনও রেগুলারাইজ করা হয়নি। তাঁদের সরকারের নির্ধারিত যে ডেলি ওয়েজ ৮·১০ পয়সা, সেটা পর্যন্ত দেওয়া হচ্ছে না। যারা সত্যিকারের পরিশ্রম করছে তাদের যাতে ঐ মজুরি দেওয়া যায় তার জন্য বিবেচনা করতে মাননীয় কৃষিমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। এর সঙ্গে যাদের ২৮০ দিন কাজ হয়ে গিয়েছে তাদের

রেগুলারাইজ করবেন এবং তারা যাতে ট্রিপল বেনিফিট পায় সে ব্যবস্থাও করবেন এ অনুরোধও এই সঙ্গে মাননীয় কৃষিমন্ত্রীর কাছে রাখছি। তাছাড়া স্যার, হরিণঘাটা ফার্ম থেকে ২৩৫ জন এখানে এসেছেন, তাদের এখনও অপশান নেওয়া হয়নি। তাদের যাতে রেগুলারাইজ করা হয় সেটাও একটু মন্ত্রী মহাশয় দেখবেন। এই সমস্ত কর্মচারীদের কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনে রেগুলার কর্মচারী হিসাবে নিয়ে তাদের রবিবারের বেতন, ছুটি, তাদের ট্রিপল বেনিফিট দেবার ব্যবস্থা এগুলি করুন এই অনুরোধ মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

[6-05—6-15 p.m.]

পরিশেষে এই বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় ওয়ার্কার্স এ্যাসোসিয়েশন কর্তৃপক্ষের কাছে বিভিন্ন সময় বিভিন্ন দাবীদাওয়া উপস্থিত করেছেন। শুধু তাদের বেতন বাড়ানোর দাবীই তাঁরা উপস্থিত করেন নি। তাঁরা ২০ দফা কর্মসূচী ঘোষিত হবার পরে কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা করতে গিয়েছিলেন। তাঁরা বলেছিলেন যে ওয়ার্কার্স পার্টিসিপেশন ইন দি ম্যানেজমেণ্ট, এই যে দফা রয়েছে, এই দফার ভিত্তিতে তাঁরা কর্তৃপক্ষের কাছে দিয়েছিলেন, আমরা ইউনিয়নের পক্ষ থেকে কাজ করতে চাই। যে-সমস্ত জমি পড়ে আছে, যে-সমস্ত জমিতে বছরে তিনবার ফসল ফলানো যায় না বা ভাল বীজ তৈরী করে যে-সমস্ত জমি পড়ে আছে, যে-সমস্ত জমিতে চাষ হয় না, অনেক জিনিস আইডেল পড়ে থাকে, অনেক মেশিন আইডেল পড়ে থাকে সেই সমস্ত মেশিনগুলিকে আইডেল ফেলে না রেখে সমস্ত জমিকে চাষের আওতায় এনে নদীয়া জেলা বা অন্যান্য জেলায় ভাল বীজ বা গবেষণার কাজ নেওয়া যায়, এই কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়ে যাতে করা যায় সেজন্য কর্তৃপক্ষের সঙ্গে আমরা সহযোগিতা করছি, আমাদের সহযোগিতা গ্রহণ করুন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় কর্তৃপক্ষ এখনও কর্মচারীদের সঙ্গে সহযোগিতা করেন নি। আজকে ওয়ার্কার পার্টিসিপেশনে কিভাবে জমিজমা চাষ করা হবে, গবেষণার কাজগুলি কিভাবে করা হবে, কর্মচারীরা হাতেকলমে করেন, তাঁরা গবেষকদের সাহায্য করতে পারেন কিন্তু তাঁদের কোন সাহায্য কর্তৃপক্ষ নিচ্ছেন না। অতীতেও এই বিষয়ে কোন সাহায্য নেওয়া হয়নি। আর মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে দাবী করবো যে এই সমস্ত কর্মচারীরাই আসলে মাটি কোপায়, তারাই মাটি নিড়ানীর কাজ করছে, তারাই জমিজমা দেখাশুনা করছে, ওখানে অধ্যাপকদের যে নির্দেশ, তাঁরা যে নির্দেশ দিচ্ছেন সেটা অক্ষরে অক্ষরে পালন করছেন এবং জলসিঞ্চন থেকে আরম্ভ করে লালন-পালন সবকিছু তাঁরাই করেন, তাঁদের দৃষ্টির উপর অনেক কিছু নির্ভর করে। কাজেই সেই কর্মচারীদের যাতে সন্তুষ্ট করা যায় সেই চেষ্টা করুন। পরিশেষে মন্ত্রী মহাশয়কে বলবো যে কল্যাণী বিশ্ববিদ্যালয় একটা অভিশাপের মত ছিল আমাদের নদীয়ার ক্ষেত্রে। যখন একসঙ্গে ছিল তখন এই সম্পর্কে ভুরি ভুরি অভিযোগ আমি কেন বহু বিধান-সভার সদস্যরা করেছিলেন। আপনি কে কে সেনের আমলের কথা স্মরণ করুন, তার আগের আমলের কথা ভাবুন, এইরকম বহু কারচুপির কথা আছে। আজকে মন্ত্রী মহাশয় অর্থনৈতিক ক্ষমতা চাচ্ছেন। আমি সানন্দে দিতে পারি, কিন্তু আমি মনে করি এই সরকারী অর্থ যেখানে যাবে, এই অর্থ অপচয় করার ক্ষমতা কারো থাকা উচিত নয় এবং ন্যায্যতভাবে যাতে দেওয়া হয় সেটা আমাদের সরকারের দেখা অবশ্য দায়িত্ব আছে এবং নিশ্চয়ই দেখবেন। কিন্তু এই ২টি বিশ্ববিদ্যালয় আলাদা হবার পরে এই বিশ্ববিদ্যালয় কৃষি বিশ্ব-বিদ্যালয়ের অধীনে থাকা সত্ত্বেও আজকে আমরা দাঁড়িয়ে এই অভিযোগ করছি, এখনও

পূর্ণাঙ্গভাবে সত্যিকারের ন্যায়নিষ্ঠার প্রশাসন এই কল্যাণী বিশ্ববিদ্যালয়ের জন্য তৈরি হয়নি। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় অনেক কিছু জানেন, অনেক অভিযোগের কথা জানেন। এখানের রেজিষ্ট্রার সম্পর্কে অনেক কথা বলা হয়েছে এবং তিনি ব্যক্তিগতভাবেও অনেক খবর রাখেন। সেই রেজিষ্ট্রারের সেই সমস্ত জিনিসগুলির তদন্ত করে উপযুক্ত শাস্তির ব্যবস্থা করে, এই বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের মধ্যে যে দুর্নীতি বাসা বেঁধেছে, সেই দুষ্টচক্রের অপসারণ করে একটা সুস্থ পরিবেশ সৃষ্টি করে নদীয়া কেন সারা বাংলাদেশের চাষের জন্য গবেষণালব্ধ জ্ঞান যাতে নিয়ে যেতে পারেন তার ব্যবস্থা তিনি করবেন এবং শ্রমিক-কর্মচারীদের কথাও ভাববেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, হরশঙ্করবাবু এই মূল বিলের উপর আজকে যে বক্তব্য রেখেছেন ঠিক সেইভাবে সেদিনও তিনি রেখেছিলেন। আমি যে সংশোধনী এনেছি, সেই সংশোধনীর উপর তিনি খুব কম কথা বলেছেন। সংশোধনীর বাইরের বিষয়গুলি নিয়ে আলোচনা খুব বেশী করেছেন। তিনি আক্ষেপ করেছেন। তার আক্ষেপ, কেন এই কৃষি বিশ্ববিদ্যালয় সরকারী বিভাগে না থেকে কৃষিবিভাগে আছে। দ্বিতীয়ত তার দুঃখ কিম্বা অভিযোগ হচ্ছে, কেন নুরুল ইসলাম শিক্ষকদের প্রতিনিধি হিসাবে আছে। কেন আনন্দ বিশ্বাসের ভাই, প্রণব বিশ্বাস এখানে মেম্বার হয়েছে। আমি প্রথম কথা বলছি মাননীয় সদস্যকে যে, প্রণব বিশ্বাসের বাড়ী হচ্ছে কৃষ্ণনগরে। আর আনন্দ বিশ্বাসের বাড়ী হাসখালি। এই প্রণব বিশ্বাস হচ্ছেন মাহিষ্য। আর আনন্দ বিশ্বাস হচ্ছেন নমশুদ্র। কাজেই এঁর সঙ্গে তাঁর কোন রিলেশন নেই। আর এই প্রণব বিশ্বাস—আমার একটা ভাল ফার্ম আছে কৃষ্ণনগরে—

মিঃ স্পীকার ঃ এই যে কৃষি বিশ্ববিদ্যালয়ের যাঁরা এ্যাপয়েন্টিং অথরিটি, তাঁরা আপনাদের গভর্ণমেণ্টের পলিসি অনুযায়ী এ্যাপয়েণ্টমেণ্ট ফলো করেছিলেন কিনা?

শ্রীআবদুস সাত্তার ঃ আমি পলিসি ফলো করতে বলেছি এবং সিডিউল্ড কাস্ট এবং ট্রাইবসদের জন্য যে কোটা তাও ফলো করতে বলেছি, আমার বিশ্বাস যে সেটা সম্পূর্ণভাবে ফলোড হয়েছে। তবে আপনি যখন বলছেন তখন নিশ্চয়ই আমি ডিরেকশন দেবো এবং এই বিষয়ে দেখবো।

মিঃ স্পীকার ঃ যদি না হয়ে থাকে তাহলে এর জন্য যাঁরা দায়ী তাঁদের প্রসিকিউট করবেন কি?

শ্রীআবদুস সাত্তার ঃ আইন হবার পর যদি না হয়ে থাকে তাহলে প্রসিকিউট হবার দরকার আছে।

মিঃ স্পীকার ঃ এই আইন হওয়ার পরে এটা ফলোড না হলে, আপনি জানেন একডিং টু সেকশন সেভেন—

শ্রীআবদুস সাত্তার ঃ হ্যাঁ, আমি জানি, আইন হবার পরে যদি ফলো না হয় তাহলে প্রসিকিউট করার বিধান আছে।

হরশঙ্করবাবু একজন শিক্ষাবিদ্, তিনি বললেন নুরুল ইসলামের জায়গায় আমি গেলে চাষীদের কথা ভাল বলতে পারবো। উনি বললেন আমাকে, কিন্তু আমি যেতে পারিনি, আমি পরে যাবো বলেছিলাম। কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি-সংক্রান্ত ব্যাপার, আপনি জানেন সেখানে খামার ইত্যাদি কৃষি বিষয়ে রিসার্চের জন্য আই সি আর থেকে টাকা পাওয়া যায় এবং কেন্দ্র এবং স্টেট এই দুটো মিলে এটা পরিচালনা করা হয় এবং প্রত্যেক জায়গায়— আমার মনে হয় অন্যান্য প্রদেশেও এই কৃষিদপ্তরই দেখে। মাননীয় হরশঙ্করবাবু, শিক্ষাবিভাগ এটা দেখেন না। আপনি জানেন এই বিশ্ববিদ্যালয় হবার আগে যখন কল্যাণী বিশ্ব-বিদ্যালয়ের অংশ হিসাবে ছিল তখন শিক্ষাবিভাগের অধীনে ছিল, তখন কি আপনি বলছেন করাপশন কম ছিল এখন বেড়েছে? সেটা তো ওয়ান ওয়ে ট্রাফিক ছিল। একবার যে টেম্পোরারীভাবে ঢুকতো, সে আর বেরিয়ে আসতে পারতো না এবং এটা তো আপনারা অভিযোগ করেছেন। কল্যাণী ইউনিভার্সিটি সম্পর্কে অনেক অভিযোগ এনেছেন, আজকে যে এ্যাপয়েণ্টমেণ্ট দেবার ক্ষমতা সম্পূর্ণ বোর্ডের আছে, সেখানে আমরা কণ্ট্রোল এই জন্য করছি যে, অযথা অনেক সময় এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয় সেটা যাতে না দেওয়া হয় সেই জন্য খানিকটা কণ্ট্রোল এনেছি। এর আগেও সমস্ত বিশ্ববিদ্যালয় সম্পর্কে এই ধরনের বিল শিক্ষাবিভাগ এনেছিলেন এবং একই ধরনের বিল আমরা এনেছি। এই সম্পর্কে আপনার কোন বক্তব্য নেই। আমার মনে হয় আমরা যে ধারাগুলো সংশোধন করছি তাতে আপনার সম্পূর্ণ মত আছে এবং এই সম্পর্কে আমার কোন সন্দেহ নেই, সেই জন্য আমি নিতাইবাবু এবং আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কারণ এই ব্যাপারে আপনারা কিছু বলেন নি। আইনটা করার সময় যে সমালোচনা করেছেন এখনও তা করছেন এবং ভবিষ্যতেও করবেন এই আমার বিশ্বাস। আপনারা বলছেন আপনারা কেবল এক্স অফিসিও সেক্রেটারীগুলো দেখবেন ইউনিভার্সিটিতে, কিন্তু তার সঙ্গে সঙ্গে এটাও বললেন

The representative of the Indian Council of Agriculture and Research to be nominated by the council.

এই একটা আছে। কিন্তু সেকেণ্ডারী বোর্ড অব এডুকেশনের প্রেসিডেণ্ট মেম্বার তাদের কথা বললেন না।

One person to be elected by the teachers from each faculty.

আমরা স্ট্যাট্যুট্স করে ফেলেছি। এটা কমপ্লিট হয়ে গেছে।

Constitution, Power and duties of different authorities of the university.

এটার স্ট্যাট্যুটস হয়ে গেছে।

Procedure of election by the teachers to the university and Board

স্ট্যাট্যুট্স হয়ে গেছে।

Procedure of election by the students to the Board and academic council

স্ট্যাট্যুটস হয়ে গেছে।

[6-15—6-25 p.m.]

এগুলি আমরা ইউনিয়নকে দিয়েছি, সেগুলি এ্যাপ্রুভড্ করে নোটিফিকেশন দিয়েছে। প্রসিডিওর অব ইলেকশন টু দি ইউনিভার্সিটি বাই গ্রাজুয়েটস। এটা হয়েছে—আস্তে আস্তে হবে। দু' বছর হয়েছে এই সময় কেউ হাঁটতে পারে না। আমরা হাঁটছি। এছাড়া টু পারশনস

টু বি ইলেকটেড বাই স্টুডেণ্টস ফ্রম এ্যামংস্ট দেমসেলভস। এ সম্পর্কে স্ট্যাটুটস হল। টু পারশনস টু বি ইলেকটেড বাই দি ইউনিভার্সিটি গ্রাজুয়েটস এ সম্পর্কে স্ট্যাটুটস হয়েছে। আপনার কেবল এক্স অফিসিও-ব দিকে লক্ষ্য, বাকী যে-সমস্ত ক্যুজ আছে সেগুলি সম্বন্ধে বললেন না। আপনারা বলেছেন সিনেটের মিটিং সম্বন্ধে—আমরা বছরে চারবার করে সিনেটে বলব। আমরা এখানে বলছি বোর্ড অব ম্যানেজমেণ্ট। এই বোর্ড বা ম্যানেজমেণ্টের মিটিং এভরি টু মান্থস হয়। আর যে বোর্ডের কথা বলেছেন গভর্নর তার চেয়ারম্যান। এটা সেকশন ৩-এ আছে। বোর্ড অব ম্যানেজমেণ্টের রেগুলার মিটিং হচ্ছে। আর যে-সমস্ত কথা বললেন সেগুলি সম্বন্ধে স্ট্যাটুট করাতে হবে। যেমন ডাইরেক্টর, রিসার্চ, ডাইরেক্টর এক্সটেনশন কিংবা সাইনটিস্ট যাঁরা আছেন তাঁদের জন্য কোন ইউ জি সি স্কেল নেই। আমরা মোটামুটিভাবে প্রফেসরের স্কেল দিয়েছি। তাঁদের সার্ভিস কণ্ডিশনগুলি করতে হবে। এ কাজ আমরা শীঘ্র করছি। আপনারা এ্যামেণ্ডমেণ্টের কোন সংশোধন দেননি বা এর বিরুদ্ধে কিছু বলেন নি বলে ধন্যবাদ। তবুও জানি না কি কারণে খানিকটা বিরোধিতা করেছেন। আপনারা মূল আইনের কোন বিরোধিতাই করেন নি। মূল আইনের সময় এ সমস্ত বিষয়ে আলোচনা হয়েছে। অটোনমির উপর জোর দিয়েছি, আমরাও চাই অটোনমি থাকা উচিত। কিন্তু এই কল্যাণী বিশ্ব-বিদ্যালয়ের বিরুদ্ধে যে-সমস্ত অভিযোগ ছিল তার জন্য আজ বাজেট ও এ্যাপয়েণ্টমেণ্টের বিষয়ে সরকার কিছু বিধিনিষেধ আরোপ করতে যাচ্ছে। এই কথাগুলি বলে এই আইনটাকে পুরোপুরিভাবে অনুমোদন করার জন্য সদস্যদের কাছে প্রার্থনা করছি।

The motion of **Shri Abdus Sattar** that the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Amendment) Bill, 1977, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 5

The question that Clauses 1 to 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in Clause 6, for the proposed Section 37A, the following be substituted, namely :

"Retirement of teachers :—33B, Every teacher of the University or any College in receipt of pay in the revised scale shall retire from service on attaining the age of sixty years."

The motion was then put and agreed to.

The question that Clause 6, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 7 to 10 and Preamble

The question that Clauses 7 to 10 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Abdus Sattar: Sir, I beg to move that the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Amendment) Bill, 1977, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

Mr. Speaker : The House stands adjourned till 1 p.m. on Wednesday, the 6th April, 1977.

Adjournment

The house was accordingly adjourned at 6-23 p.m. till 1 p.m. on Wednesday, the 6th April, 1977, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the April, 1977, at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI APURBA LAL MAJUMDAR) in the Chair, 11 Ministers, linisters of State, 1 Deputy Minister and 185 Members.

)0—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet le an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

STARRED QUESTIONS
(To which oral answers were given)

আমরবাটী মৌজায় খালের উপর কাটব্রীজ নির্মাণ

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং * ২০) **শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ** সেচ ও জলপথ বিভাগের মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার জাঙ্গীপাড়া থানা এলাকায় আমরবাটী মৌজায় ডি-দুই খালের উপর ৮৮ চেনেতে একটি কাটব্রীজ নির্মাণের জন্য একটি স্কীম ডেপুটি ডাইরেক্টর অব ডিজাইন, সেণ্ট্রাল ডিজাইন অফিস (ইরিগেশন)-এর নিকট পড়িয়া আছে; এবং

(খ) সত্য হইলে জনগণের স্বার্থে ঐ কাটব্রীজটি নির্মাণের ব্যাপারে সরকারের বিলম্বের কারণ কি?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ

(ক) এইরূপ একটা স্কীম আছে।

(খ) স্কীমটির ডিজাইন করা সম্বন্ধে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই স্কীম সম্বন্ধে ১৪ সালে প্রশ্ন করেছিলাম, উত্তর দিয়েছিলেন জমা পড়ে আছে, ১৯৭৫ সালে প্রশ্ন ছিলাম, একই উত্তর দিয়েছেন যে, জমা পড়ে আছে, গত বছর প্রশ্ন করেছিলাম, একই দিয়েছেন, আপনি কি দয়া করে জানাবেন কত বছর স্কীমটা জমা পড়ে থাকবে?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ আমাদের যে-কোন স্কীম ইমপ্লিমেণ্ট করতে হলে ভেস্টিগেশন এ্যাণ্ড প্ল্যানিং সার্কেলের গ্রীন সিগন্যাল দরকার। আমরা সেই গ্রীন সিগন্যাল নও পাইনি, ডাটা সংগ্রহ করা হচ্ছে, সয়েল ইনভেস্টিগেশন হাইড্রোলজিক্যাল ডাটা, সাব-ল ইত্যাদি এগুলি সংগ্রহ করার পর তাঁরা স্কীম তৈরী করে দেন, স্কীমটা তখন ডাইরেক্টর ডিজাইন এ্যাপ্রুভ করেন। এখনও আমাদের কাছে এটা আসেনি।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় প্রচণ্ড প্রসিডিওরের কথা বললেন, সব প্রসিডিওর আমার জানা আছে। আপনার অবগতির জন্য জানাচ্ছি এই স্কীম সম্পর্কে ৩-৬-৭৬ তারিখে আপনার অফিস থেকে ১০৩২ মেমোতে আপনার সুপারিশ মত একটা রিমাইণ্ডার পাঠালেন যে এই স্কীমটা তাড়াতাড়ি করে দাও। এটা একটা জাস্টিফায়েড স্কীম, এখান দিয়ে গরুর গাড়ী যায়, মানুষ যায়, স্কুলের ছেলেরা যায়, এটা করা দরকার। এই স্কীমের ১ মাইল আপ ষ্ট্রীমের উপরে ব্রীজ আছে এবং ১ মাইল ডাউন ষ্ট্রীমের নীচে ব্রীজ আছে। এটা অত্যন্ত ইমপর্ট্যাণ্ট ব্রীজ।

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ মাননীয় সদস্যকে বলছি না যে এটার দরকার নেই। আমার কাছে যে তথ্য আছে সেই তথ্য থেকে আমি বলছি এখনও আমাদের কাছে এই স্কীমটা আসেনি, স্কীমটা এলে করে দেব। এটা ইনভেস্টিগেশন এ্যাণ্ড প্ল্যানিং সার্কেলে আছে। আপনি যদি আমার সঙ্গে দেখা করেন আমি নিশ্চয়ই সব জেনে দেখব কত তাড়াতাড়ি করা যায়।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ এই রকম ছোট ছোট কাজ কালভার্ট, কাঠের ব্রীজ যেগুলি আপনার ডিপার্টমেণ্ট থেকে হয় এই কাজগুলি যাতে অযথা বিলম্বিত না হয় তার জন্য কি কি পথ অবলম্বন করেন জানাবেন কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ আমাদের ইনভেস্টিগেশন কমপ্লিট না হলে আমাদের পক্ষে কোন অর্ডার দেওয়া খুব ডিফিকাল্ট। যেমন আপনি জানেন মেদিনীপুরে প্রায় ৬ লক্ষ টাকার ৭৩টা স্লুইস আমাদের নষ্ট হয়ে গেল। ইঞ্জিনীয়াররা বললেন মিসবিহেভিয়ার অব দি সাব-সয়েল, এগুলি টেষ্ট না করে চট করে কোন কাজ করাতে ডিফিকালিটজ আছে। আমরা টেকনিক্যাল লোকের মতামত ছাড়া কোনরকম নির্দেশ দিতে পারি না। যেটুকু ডিলে হয় সেটুকু টেকনিক্যাল ওপিনিয়ানের জন্য। টেকনিক্যাল মানুষরা চট করে এটার সুরাহা যাতে বের করতে পারেন সেটা দেখব।

শ্রীগণেশচন্দ্র হাটুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন বড় বড় জায়গায় টেকনিক্যাল পয়েণ্ট আছে, আমিও বিজ্ঞানের ছাত্র এই রকম ধরনের কালভার্ট এবং ছোট ছোট কাটব্রীজে বিরাট টেকনিক্যাল নো-হাউ থাকার দরকার নেই, একজন সেকশন অফিসার এমনকি একজন এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনীয়ার তিনিও এগুলি করতে পারেন, এগুলির জন্য বিরাট টেকনিক্যাল নলেজের দরকার হয় না। যে-সমস্ত ছোট ছোট কাজ আছে আপনি যে টেকনিক্যাল পয়েণ্ট তুলেছেন তার যদি আপনি গাইড লাইন ঠিক করে দেন তাহলে আমার মনে হয় কাজগুলি করা সম্ভব হবে। এ সম্পর্কে আপনি কি চিন্তা করছেন ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ এটা আমাদের চিন্তা করার কিছু নেই। এটি টেকনিক্যাল ব্যাপার। টেকনিক্যাল ব্যাপারে ১০ হাজার টাকা খরচা করলেও টেকনিক্যাল ওপিনিয়ন নিতে হবে, ১০ লাখ টাকা খরচা করলেও টেকনিক্যাল ওপিনিয়ন নিতে হবে।

শ্রীআফতাবউদ্দিন মণ্ডল ঃ ডিজাইন না হওয়ার জন্য স্কীমগুলি পড়ে আছে বললেন কিন্তু ডিজাইন হয়ে যাবার পরও এবং টেকনিক্যালি এ্যাপ্রুভ হয়ে যাবার পরেও এবং টাকা এ্যালট হবার পরেও কাজ হয়নি এইরকম অনেক স্কীম পড়ে আছে সে সম্বন্ধে আপনি কি বলেন ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ যদি বাজেটে স্যাংশন থেকে থাকে তাহলে সে কাজটা হওয়া উচিত। আপনি যদি তথ্য দেন আমি দেখব।

শ্রীআফতাবউদ্দিন মণ্ডল ঃ আপনি জানেন যে বাজেটে টাকা এ্যালটেড হয়ে যাবার পরও এ্যাসেম্বলী ফ্লোরে দাঁড়িয়ে ঘোষণা করার পরেও আপনাদের কোন অদৃশ্য হাতে সেই বাজেট থেকে সেই টাকা অন্য জায়গায় চলে গিয়ে খরচ হচ্ছে সে-সব তথ্য আমার কাছে আছে—এগুলি সম্বন্ধে আপনি কি করবেন জানাবেন কি?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ দয়া করে তথ্য দিন আই থিংক দেয়ার মাস্ট বি সাম মিসআণ্ডারস্ট্যাণ্ডিং কোন স্কীমের টাকা আই উইল সারটেনলি লুক ইনটু ইট।

শ্রীআফতাবউদ্দিন মণ্ডল ঃ পুরানো খাল স্কীমের জন্য গত বছরে ৩০ লক্ষ টাকা এ্যালটেড হয়েছিল তার সমস্ত টাকা উইথড্র করে অন্য স্কীমে খরচ করা হয়েছে এটা আপনি জানেন কি?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ আমি পারটিকুলার আইটেমের কথা জানি না, অনেক সময় স্লুইসের কতকগুলি জিনিসপত্র পাওয়া যায় না, কতকগুলি বাইরে থেকে আনতে হয় সেজন্য সেই জেলায় অন্য কাজে সেই টাকা দেওয়া হতে পারে। কিন্তু কখনও হয় না যে এক জেলার টাকা অন্য জেলায় চলে যায়।

শ্রীআফতাবউদ্দীন মণ্ডল ঃ আমি স্যার জানাতে চাইছি যে সমস্ত মেটিরিয়াল থাকতেও কাজ হয়নি এবং সেই টাকা অন্য জেলায় নিয়ে গিয়ে খরচ করা হয়েছে। এইরকম প্রমাণ আমার কাছে আছে।

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ এই সম্বন্ধে আমার কিছু জানা নেই।

Mr. Speaker, Sir, this may be an exception. I cannot say about that.

[1-10—1-20 p.m.]

(নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপশন)

শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ স্যার, মন্ত্রী মহাশয় অসত্য কথা বলেছেন। এক জেলার টাকা অন্য জেলায় খরচ করা হয়েছে।

(নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপশন)

মিঃ স্পীকার ঃ এই কোশ্চেনের উপর এই সাপ্লিমেণ্টারি আসে কিনা সেটা দেখতে হবে। এখানে কোশ্চেনে আছে, আমরবাটী মৌজায় ডি-দুই খালের উপর ৮৮ চেনেতে একটি কাটব্রীজ নির্মাণের জন্য একটি স্কীম, এখানে বর্ধমানে কি হয়েছে, দার্জিলিংয়ে কি হয়েছে, নদীয়ায় কি হয়েছে, সেই সব প্রশ্ন এর মধ্যে আসে কিনা।

It does not come within the scope of this question.

যদি এই মৌজায় ব্রীজটার সম্বন্ধে কিছু বলতে চান তাহলে আলাদা কথা।

However, I call upon Shri Jyotirmoy Mazumder to put his supplementary.

শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়ের উত্তরের উপর বিভিন্ন সাপ্লিমেণ্টারি আমরা বিধানসভায় করে থাকি, এটাই নিয়ম এবং এই নিয়ম অনুযায়ী তিনি যে-সমস্ত উত্তর দিয়েছেন যে একটা নির্ধারিত জেলার টাকা অন্য জেলায় খরচ করা হয় না, এটা একটা অসত্য ভাষণ তিনি এখানে রেখেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করছি যে, বর্ধমান সেচ-দপ্তরের জন্য ধার্য টাকা মালদা জেলায় খরচ করা কি হয়নি?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচদপ্তরের নিয়ম হচ্ছে টাকা ব্যয় করা হয় জেলা অনুযায়ী নয়, স্কীম অনুযায়ী। যেমন আমরা খরচ করেছি কিছু কিছু নিম্ন-দামোদর পরিকল্পনায়। সেখানে স্কীম অনুযায়ী খরচ করা হয়েছে, আমরা জেলা অনুযায়ী খরচ করিনি। যেমন আমরা মালদায়—যেকথা সদস্যরা বলেছেন, মহানন্দা প্রকল্পে টাকা খরচ করেছি। মিঃ স্পীকার, স্যার, যেমন তিস্তায় টাকা খরচ করছি, এবার তাতে ৫ কোটি টাকা খরচ হয়েছে এবং এই প্রকল্পে সবচেয়ে বেশী উপকৃত হবে দিনাজপুর।

(Noise—Several members rose to speak)

Mr. Speaker : Please sit down. It is not in accordance with the traditions of the House. Please maintain minimum courtesy and decency in the House.

(Shri Rabindra Ghosh rose to speak)

Mr. Ghosh, please take your seat. You can place another question. You can have your calling attention or you can make it a mention case, but not a supplementary from the present question.

বিদ্যুৎ সঙ্কটের ফলে শিল্পসঙ্কট

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩) **শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে পশ্চিমবাংলায় নিয়মিত বিদ্যুৎ সঙ্কটের ফলে যে শিল্পসঙ্কট দেখা দিয়েছে তা দূর করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : গত ২০-৩-৭৭ তারিখে সাঁওতালদি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ১ নং ইউনিটটি বিকল হয়ে যাওয়ায় বিদ্যুৎ উৎপাদন হ্রাস পায়। এছাড়া সি ই এস সি'র মূলাজোড় বিদ্যুৎ কেন্দ্রের শ্রমবিরোধের জন্য বিদ্যুৎ উৎপাদন কিছুটা ব্যাহত হয়। সম্প্রতি ডি ভি সি'র নিকট থেকেও মাঝে মাঝে বিদ্যুৎ সরবরাহ হ্রাস পায়। এইসব কারণে বিদ্যুৎ সরবরাহে ইদানিং কিছু ঘাটতি দেখা দেয়। এর ফলে শিল্পগুলিতে বিদ্যুৎ সরবরাহ কিছুটা বিঘ্নিত হয়।

প্রয়োজনীয় মেরামতের পর সাঁওতালদির ইউনিটটি গত ৩-৪-৭৭ তারিখে পুনরায় চালু হয়েছে। এর ফলে বিদ্যুৎ উৎপাদনে উন্নতি হচ্ছে। সি ই এস সি'র মূলাজোড় কেন্দ্রেও শ্রমবিরোধের মীমাংসা হওয়াতে উৎপাদনের উন্নতি হচ্ছে। ডি ভি সিকেও নিয়মিতভাবে নির্দিষ্ট পরিমাণে বিদ্যুৎ সরবরাহের জন্য অনুরোধ করা হয়েছে।

এইসব ব্যবস্থার ফলে আশা করা যায় বিদ্যুৎ সরবরাহে সাময়িক অসুবিধা শীঘ্রই দূর হবে।

শ্রীমহম্মদ দেদার বক্স ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বিদ্যুৎ সরবরাহের সাময়িক অসুবিধার তিনটি কারণ বলেছেন, তার মধ্যে একটি হচ্ছে গত ২০-৩-৭৭ তারিখে গাঁওতালদি বিদ্যুৎ কেন্দ্রের এক নম্বর ইউনিটটি বিকল হয়ে যাওয়া, কি কারণে এটা বিকল হয়েছিল বলতে পারেন কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ এতক্ষণ আমি বিস্তারিত কলিং এ্যাটেনশনে উত্তর দিয়েছি, আপনি তো ছিলেন, শুনেছেন।

শ্রীমহম্মদ দেদার বক্স ঃ ডি ভি সি'র বিদ্যুৎ সরবরাহ মাঝে মাঝে হ্রাস পায় বলেছেন, তার কারণ কি জানাবেন ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ টেকনিক্যাল ডিফেক্ট হলে যা হয়, এটাতে আমার হাত নেই। কলকাতায় ৯৫ মেগাওয়াট এপ্রিল মাসে পাওয়া যাবে বলে ডি ভি সি প্রতিশ্রুতি দিয়েছিল, সেই জায়গায় ডি ভি সি'র টোটাল জেনারেশন ফল করে, ন্যাচারেলি তারা দিতে পারে না, ন্যাচারেলি তাহলে লোডশেডিং হবে।

শ্রীমহম্মদ দেদার বক্স ঃ মাঝে মাঝে এই যে হ্রাস পাচ্ছে এর উন্নতি করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করার কথা ভাবছেন কিনা ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ হাঁ ইজ এ টেকনিক্যাল ডিফেক্ট, এ-সম্বন্ধে আমরা আগে থেকে কিছু বলতে পারি না, এটা তো কেউ চায়না যে ডিফেক্টটা হোক তাহলে আপনাদের বলতে হয়

At present the total demand of power in West Bengal is 1007 megawatt. Present supply is 845 megawatt. So, shortfall is 162 megawatt. We are trying to secure a balance between the total availability of power and total demand for power which through restrictive measures imposed under Energy Control Order, 1974, was suppressed. Successful operation of the Control Order together with a better availability record accounted for an improvement of the power position during 1976. The Power Control Order was amended in July, 1976 as a result of which it has been possible to meet the demand for new connections, additional power to existing units for fuller capacity utilisation and/or expansion/modernisation to sustain the tempo of industrial regeneration.

Moreover, Cotton Textile mills have been allowed to work all 21 shifts and 15% cut on their off-take has been restored. All other H.T. industrial units have been allowed to work 6 days a week (instead of 5 days as provided for in the original Control Order, 1974). Restrictions over L.T./M.T. printing presses and Atta Chakkis have been lifted. আমরা অনেক ছেড়ে দিয়েছি relax করেছি। To meet the growing demand of power in the State new power stations are being commissioned.

[1-20—1-30 p.m.]

শ্রীজগদীশচন্দ্র দাশ ঃ এই যে বিদ্যুৎ সঙ্কটের ফলে আপনি পাওয়ার রেশনিং করলেন তার ফলে সেদিন থেকে আজ পর্যন্ত কতগুলি শ্রমদিবস নষ্ট হয়েছে—তা বলবেন কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ সে তথ্য আমার কাছে নেই, নোটিশ চাই।

শ্রীজগদীশচন্দ্র দাশ ঃ এজন্য আর্থিক ক্ষতির পরিমাণ কত?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ নোটিশ চাই।

শ্রীজগদীশচন্দ্র দাশ ঃ তার ফলে কত শ্রমিক বেকার হয়েছে?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ নোটিশ চাই।

শ্রীজগদীশচন্দ্র দাশ ঃ এই বিদ্যুৎ সঙ্কট, এই শর্টফল আর কতদিন পর্যন্ত চলবে বলে আপনি মনে করেন?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ আমি আগেই বলেছি যে আমাদের কলকাতায় যা এখন বর্তমান ডিম্যাণ্ড তার জন্য দরকার হচ্ছে ১০০ এম এম ডব্লু।

শ্রীজগদীশচন্দ্র দাশ ঃ এই সঙ্কট আর কতদিন পোয়াতে হবে—সে সম্বন্ধে কোন আশ্বাস কি আপনি দিতে পারেন?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ তা বলা খুব ডিফিকাল্ট, আমরা আমাদের যে কর্মসূচী আছে সেই অনুযায়ী এগোচ্ছি। সে কর্মসূচী যদি কার্যে পরিণত করতে পারি—তাহলে আমরা মনে করি—যে পাওয়ার ডিফিকালটি আছে সে পাওয়ার ডিফিকালটিজ দূর হতে পারে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ মাননীয় মন্ত্রিমশায় কি জানাবেন কলকাতা এবং বৃহত্তর কলকাতা এলাকায় যে বিদ্যুৎ সঙ্কট দেখা দিয়েছে তার জন্য কলকাতা ও বৃহত্তর কলকাতা এলাকার বিদ্যুৎ সরবরাহ করবার দায়িত্ব যে কলকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের—সেই কর্পোরেশন তাদের ক্যাপাসিটি ফুললি ইউজ করছে কিনা?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ তাদের যে জেনারেশন আছে, সেই জেনারেশন দিয়ে তারা আজকে কলকাতায় ডেফিনেটলি ফুল পাওয়ার সাপ্লাই করতে পারে না। সেজন্য তারা পাওয়ার স্টেট বোর্ড, ডি পি এল ও ডি ভি সি'র কাছ থেকে নেয়। আমার কাছে যে তথ্য আছে তা থেকে দেখতে পাচ্ছি যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাইকে যে পাওয়ার দেবার কথা তা থেকে ৩০ এম ডব্লিউ কম দিচ্ছে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ তারা এই ৩০ মেগাওয়াট পাওয়ার কতদিন কম দিচ্ছে?

Mr. Speaker : Mr. Chakravorty, please take your seat.

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ Sir, It is a question of very national importance. একটি বিদেশী কোম্পানী আমাদের পশ্চিমবঙ্গের প্রাণকেন্দ্র কলকাতার বিদ্যুৎ সঙ্কটের মধ্যে নিক্ষেপ করছে।

Mr. Speaker : মিঃ চক্রবর্তী, আমার রুলিং দেখুন I cannot allow more than 5 minutes for a question. If I allow more than 5 minutes for a question then how can I finish all these questions.

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ Sir, it is my appeal to you. আমি মন্ত্রিমশায়ের কাছে জানতে চাচ্ছি—আপনি পরিষ্কার করে বলুন এই ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের যে জেনারেটিং স্টেশনগুলো আছে তার ক্যাপাসিটি তারা পুরোপুরি ইউটিলাইজ করছে কিনা?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ আপনি যেভাবে কথা বলছেন ঐভাবে আমার পক্ষে কথা বলা খুব ডিফিকালট কেননা, কোন্ পাওয়ার ষ্টেশনের ক্যাপাসিটি কত, সে কত পাওয়ার দিচ্ছে ডে-টু-ডে হিসাব দেওয়া ডিফিকালট ব্যাপার। আমরা সাধারণত যা করে থাকি সেটা হচ্ছে এই—যেমন এপ্রিল মাসে কতটা পাওয়ার দেবে তার একটা চার্ট করি---কলকাতা ইলেকট্রিক সাপ্লাইয়ের এপ্রিল মাসে দেবার কথা ২৩০ মেগাওয়াট। এখন সি ই এস সি যদি ২৩০ মেগা-ওয়াট দিতে না পারে তাহলে আমরা বলি সি ই এস সি কলকাতায় এত মেগাওয়াট পাওয়ার দিতে পারেনি। এখন যদি আপনি বলেন যে এর আরো বেশী ক্যাপাসিটি ছিল, ওরা আরো দিতে পারত, দিচ্ছে না, এর উত্তর আমি দিতে পারব না। কারণ, এইগুলি ঠিক করেন ইঞ্জিনিয়াররা---ইঞ্জিনিয়ার তাঁরা আমাকে চার্ট ঠিক করে দেন যে ষ্টেট বোর্ড এত পাওয়ার দেবে, ডি পি এল এত পাওয়ার দেবে, ডি ভি সি এত পাওয়ার দেবে---ডি ভি সি'র রিপ্রেজেণ্টেটিভ থাকেন, ষ্টেট বোর্ডের রিপ্রেজেণ্টেটিভ থাকেন, তাঁরা টোটাল ডিমাণ্ড ঠিক করেন, তার সঙ্গে জেনারেশন পিকচার ঠিক করেন। সেই জেনারেশন পিকচারে যে তথ্য আছে সেই তথ্য থেকে আমি বলছি সি ই এস সি'র কোটা এপ্রিল মাসে ২৩০ মেগাওয়াট হয়েছিল যদি ইন দি মান্থ অব এপ্রিল দিতে না পারে তাহলে আমি বলব তারা দিতে পারেনি, সেটা ফল করেছে। এখন সেই জায়গায় যদি আপনি বলেন যে এই তথ্য ভুল তথ্য সি ই এস সি ৩০০ মেগাওয়াট দিতে পারবে তাহলে তার উত্তর আমার কাছে নেই।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ সি ই এস সি ডেলিবারেটলি বৃহত্তর কলকাতা পাওয়ার সাপ্লাইয়ে সাবটেজ করছে, আপনি এটা সত্য বলে মনে করেন কিনা ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ In the past I do not know about today. I took the views of experts and experts have told me that the Calcutta Electric Supply Corporation cannot give more power than what they are giving at the present moment.

ডোমকল ব্লকে কালাচাঁদ-খালিডারা স্লুইস গেট

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯) **ডাঃ এক্রামুল হক্ বিশ্বাস ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত ডোমকল ব্লকে কালাচাঁদ খালিডারা স্লুইস গেট স্কীমের জন্য কত টাকার অনুমোদন দেওয়া হয়েছে; এবং

(খ) উক্ত স্লুইস গেট স্কীমের কাজ কতদূর অগ্রসর হয়েছে ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ

(ক) বর্তমান আর্থিক বৎসরে ৩ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

(গ) খাল খনন ও বাঁধের কাজ আংশিক সম্পন্ন হয়েছে।

ডাঃ এক্রামুল হক্ বিশ্বাস ঃ কালাচাঁদ-খালিডারা স্লুইস গেট স্কীমের জন্য কত টাকার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, মন্ত্রী মহাশয় বলবেন কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ ৫ লক্ষ ১০ হাজার।

ডাঃ এক্রামুল হক্ বিশ্বাস ঃ মোট কত টাকা এ পর্যন্ত খরচ করা হয়েছে জানাবেন কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ ১৯৭৬-৭৭ সালে কোন টাকা বরাদ্দ ছিল না, এইবার ৩ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

ডাঃ এক্রামুল হক্ বিশ্বাস ঃ এই খাল খনন করার জন্য যে-সমস্ত জমি অধিগ্রহণ করা হয়েছে তার পরিমাণ কত এবং যে জমি নেওয়া হয়েছে তার কমপেনসেশনের ব্যবস্থা করা হয়েছে কিনা ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ আমি অফ হ্যাণ্ড কিছু বলতে পারব না, নোটিশ চাই। আমরা পলিসি ঠিক করেছি ৩ মাসের মধ্যে ৮০% কমপেনসেশন দিয়ে দেব—তবে কোথাও দেরী হতে পারে সেটা আমি জানি না।

ডি ভি সি'র শাখা ক্যানেলের জন্য অতিরিক্ত বাঁধ

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬) **শ্রীঅশ্বিনী রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ডি ভি সি'র শাখা ক্যানেলগুলিতে অধিকতর পরিমাণ জল সরবরাহের জন্য আরও একটি বাঁধ নির্মাণের পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্য হইলে—
(১) উক্ত প্রকল্পের বিবরণ ও
(২) আনুমানিক নির্মাণব্যয় ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ

(ক) পশ্চিমবঙ্গ সরকারের এরকম কোন বাঁধ নির্মাণের পরিকল্পনা নেই,

(খ) (১) প্রশ্ন উঠে না।
(২) প্রশ্ন উঠে না।

[1-30—1-40 p.m.]

শ্রীঅশ্বিনী রায় ঃ এই যে বর্তমানে যে কয়টি ডি ভি সি'র ড্যাম আছে সেটা বাড়াবার জন্য পশ্চিমবাংলা ছাড়া অন্যান্য রাজ্যগুলি নিয়ে যে সংস্থা আছে, যারা তৈরী করে তাদের এই ধরনের কোন পরিকল্পনা আছে কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ সে তথ্য নেই। তবে বিহারের সঙ্গে যে ডিফিকালটি আছে সেটা মেটাবার চেষ্টা করছি। সেটা করলে মাইথন এবং পাঞ্চেৎ থেকে জল নিয়ে আরও জমিতে জল দিতে পারবো, বন্যা নিয়ন্ত্রণ করতে পারবো। এছাড়া অন্য স্কীম নেই।

শ্রীঅশ্বিনী রায় ঃ সাতটি প্ল্যান ছিল। বর্তমানে চারটি আছে। পাঁচটি ড্যাম তৈরী করার কোন পরিকল্পনা আছে কিনা ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ বর্তমানে এইরকম কোন পরিকল্পনা নেই। তবে আমাদের টারগেট হচ্ছে খরিফে যেমন ৯ লক্ষ ৭ হাজার জমিতে জল দিতে পারি—যেটা পারছি না সেটা হোল বন্যা নিয়ন্ত্রণ এবং রবিশস্যতে জল দেওয়া। মাইথন-পাঞ্চেৎ থেকে জল পেলে আমরা ফারদার ল্যাণ্ডে জল দিতে পারবো এবং সেটা খুব হেলফুল হবে।

শ্রীঅশ্বিনী রায় ঃ কত পরিমাণ জমিতে জল দিতে পারবেন ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : বিহার মোট কত জমি এ্যাকয়ার করতে দেবে সেটা ক না হলে বলতে পারবো না।

শ্রীঅশ্বিনী রায় : আপনারা তো একটা সার্ভে করেছেন। কত জমি এ্যাকয়ার রতে পারবেন, তার পরিমাণটা কত বলুন।

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : আমি এখন বলতে পারছি না। বিহারের সঙ্গে কথা-র্তা হচ্ছে। যদি ডিটেলস জানতে চান তাহলে নোটিশ দিলে জানিয়ে দেবো।

Speaker : Starred Question Nos. 19 and 21 will be taken together.

মুণ্ডলিকা, আঁইয়া, কৌশিকী ও দই-আসরী নিকাশী খাল

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২২) **শ্রীগণেশচন্দ্র হাটুই :** সেচ ও জলপথ বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার জাঙ্গীপাড়া ও চণ্ডীতলা থানার অন্তর্গত মুণ্ডলিকা, আঁইয়া ও হরিপুর অঞ্চলের মধ্য দিয়া প্রবাহিত বহু পুরাতন কৌশিকী ও দই-আসরী নিকাশী খালটির খননের জন্য নিম্ন-দামোদর পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে, কবে নাগাদ এই নিকাশী খালটির খননের কাজ শুরু হইবে?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় র্তৃক---

(ক) এবং (খ) : নিম্ন-দামোদর পরিকল্পনার ফলে যে এলাকা উপকৃত হইবে, প্রশ্নে ল্লিখিত অঞ্চলে সেই এলাকার অন্তর্গত। ঐ অঞ্চলের জল নিষ্কাশনের মূল ভূমিকা ডাকাতিয়া াইভারশন চ্যানেলের এবং তৎপরে কৌশিকী ও দই-আসরী নিকাশী খালের। নিম্ন-দামোদর রিকল্পনার অন্তর্ভুক্ত ডাকাতিয়া ডাইভারশন চ্যানেলের উপর দুইটি পুল নির্মাণের কাজ তীত ঐ চ্যানেল খননের কাজ শেষ হইয়াছে। অবশ্য উক্ত পুল দুইটি নির্মাণের কাজ শেষ া হওয়া পর্যন্ত ডাকাতিয়া ডাইভারশন চ্যানেল দ্বারা জল নিষ্কাশন সম্ভব হইবে না বলিয়া ্যানেলের উপকারিতা বুঝা যাইবে না।

আগামী বর্ষার পূর্বে উক্ত পুলনির্মাণকার্য শেষ করা যাইবে বলিয়া মনে হয় না, তবে র্তমান আর্থিক বৎসরের মধ্যে শেষ করা যাইবে, আশা করা যায়।

ঐ নির্মাণকার্য শেষ হওয়ার পর ডাকাতিয়া ডাইভারশন চ্যানেল দ্বারা কথিত অঞ্চলের নিকাশী ব্যবস্থা পর্যবেক্ষণের পরে প্রয়োজন বুঝিলে কৌশিকী ও দই-আসরী খালের খনন-র্য শুরু করা হইবে।

ডাকাতিয়া ডাইভারশন চ্যানেল

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪) **শ্রীগণেশচন্দ্র হাটুই :** সেচ ও জলপথ বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী ও হাওড়া জেলায় নিম্ন-দামোদর পরিকল্পনার অন্তর্ভুক্ত ডাকাতিয়া ডাই-ভারশন চ্যানেল খননের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত খালটির খননের কাজ বর্তমান আর্থিক বছরে শেষ হইবে কি?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী :

(ক) ডাকাতিয়া ডাইভারশন চ্যানেল যে দুইটি স্থানে পূর্তবিভাগের সড়ক অতিক্র করিয়াছে তথায় দুইটি পুল নির্মাণের পরিকল্পনা আছে। ঐ দুইটি পুল নির্মাণের কাজ ব্যতী চ্যানেল খননের কাজ শেষ হইয়াছে।

(খ) খাল খননের কাজ শেষ হইয়াছে এবং পুল নির্মাণের কাজ ১৯৭৭-৭৮ আর্থি বৎসরে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

শ্রীগণেশচন্দ্র হাটুই : এ্যাডমিটেড কোশ্চেন নং ২২-এ যা উত্তর দিয়েছেন তা থেকে আমি বুঝতে পারছি ডাকাতিয়া ডাইভারশন চ্যানেল সম্পর্কে বললেন—কিন্তু পুরাতন কৌশিক ও দই-আসরী নিকাশী খাল সম্পর্কে কিছু নেই। ডাকাতিয়া ডাইভারশন চ্যানেল কাটা হ গেলে মুণ্ডলিকা, আঁইয়া ও হরিপুর এই তিনটি অঞ্চলের বিস্তীর্ণ এলাকার আমন ধানের জ যেটাকে ডি ভি সি'র ক্যাচমেণ্ট এরিয়া বলা হয়—এই বিরাট ক্যাচমেণ্ট এরিয়ার জ নিকাশের জন্য সেপারেট স্কীম নেই।

Drainage channal from river Kausiki along the Western border of mouza Bor panchaberia and uttarsondel under Executive Engineer, Howrah Irrigatic Division.

এই ডাকাতিয়া ডাইভারশন চ্যানেল নিম্ন-দামোদর পরিকল্পনার মধ্যে অন্তর্ভুক্ত ন এটা আলাদা স্কীম। এই বন্যা রোধ করার জন্য যে স্কীম জমা দেওয়া হয়েছে সে সম্প আপনি কিছু বলবেন কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : আমার কাছে যে তথ্য আছে ডাকাতিয়া ডাইভারশ চ্যানেল কাজে লাগানো হচ্ছে না, কাজ করছে না যেহেতু দুটি ব্রীজ করার কথা ছিল সে দুটি ব্রীজ করা হয়নি। এই দুটি ব্রীজ হলে প্রচুর জল পাবে এবং তারপর এটা দেখে আম যে পরিকল্পনার কথা আপনি বলছেন সেই পরিকল্পনার কাজ আরম্ভ করব।

শ্রীগণেশচন্দ্র হাটুই : ডাকাতিয়া ডাইভারশন চ্যানেল কাটা হচ্ছে সেখানে ব্রী হবে, এটার সঙ্গে রিলেটেড নয়। কিন্তু কৌশিকী ও দই-আসরী খাল দুটি যে মজে গে সেটা খনন করা হবে কিনা ? এই ব্যাপারে হুগলী জেলার মন্ত্রী মহাশয় ফোনে আপনাকে বলেছিলেন, তখন আপনি বলেছিলেন ৪০ হাজার টাকা স্যাংশন করা হয়েছে, কিন্তু আ পর্যন্ত কিছুই হয়নি—এটা আপনি বলতে পারবেন কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : আমাকে যা বলেছে তাই দেখেছি, আপনি যদি দয় করে আমার কাছে আসেন আমি দেখব।

শ্রীগণেশচন্দ্র হাটুই : নিম্ন-দামোদর পরিকল্পনার অন্তর্ভুক্ত ডাকাতিয়া ডাইভারশ চ্যানেলে আজ পর্যন্ত কত টাকা ব্যয় করা হয়েছে এবং এই পুল দুটি টাকার অভাবে নির্মা করেন নি—এটা মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : এই প্রশ্ন থেকে এটা আসে না। আপনি যদি নোটিশ দেন তাহলে কত টাকা খরচ হয়েছে সেটা বলব।

শ্রীগণেশচন্দ্র হাটুই : নিম্ন-দামোদর পরিকল্পনার জন্য বরাদ্দ টাকা অন্য কোন খাতে য় করা হয়েছে কিনা জানাবেন কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : না, আমি সেটা জানি না। তবে কিছু কাজ বন্ধ ল, ল্যাণ্ড এ্যাকুইজিশন ডিফিকাল্টি ছিল, হাইকোর্টে ইনজাংশন ছিল, নানারকম ডিফিকাল্টি ল এবং আপনার নিশ্চয় মনে আছে আপনাদের নিয়ে আমি বহুবার মিটিং করেছি, কি করে াজ দ্রুত আরম্ভ করা যায়—লাষ্ট ইয়ারে বেশ কিছু কাজ হয়েছে। কি হয়েছে না হয়েছে পনি যদি আমাদের কাছে আসেন তাহলে ডিটেলস আপনাকে বলব। কিন্তু আমার যতদূর না আছে নিম্ন-দামোদর পরিকল্পনার টাকা আমরা স্কীম অনুযায়ী খরচ করি, সেই স্কীম নুযায়ী খরচ করা হয়েছে।

শ্রীগণেশচন্দ্র হাটুই : নিম্ন-দামোদর পরিকল্পনার কোন টাকা কেন্দ্রীয় সরকারের াছে ফিরে গেছে কিনা ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : আমি যতদূর জানি কোন টাকা ফেরত যায়নি।

শ্রীমহম্মদ সফিউল্লা : নিম্ন-দামোদর পরিকল্পনার অন্তর্ভুক্ত হুগলী জেলার জাঙ্গীপাড়া না ছাড়া আর কোন্ কোন্ থানা ইনক্যুডেড আছে জানাবেন কি ?

·40—1-50 p.m.]

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : নোটিশ চাই।

শ্রীমহম্মদ সফিউল্লা : এটাতে নোটিশ চাই কেন স্যার, আমি বুঝতে পারছি না। ামার প্রশ্নটা হচ্ছে, নিম্ন-দামোদর পরিকল্পনা যদি একটা থাকে তাহলে সেই নিম্ন-দামোদর রিকল্পনার অন্তর্ভুক্ত হুগলী জেলার কতগুলি খাল সংস্কার করা হবে মাননীয় মন্ত্রী মহাশয় নাবেন কি ?

Mr. Speaker : Hon'ble Minister wants notice.

শ্রীসুশান্ত ভট্টাচার্য : নিম্ন-দামোদর প্রকল্পের জন্য যে সাড়ে চার কোটি টাকা বাজেটেড ্যামাউণ্ট ছিল গত বছর সেই এ্যামাউণ্টটা পুরো খরচ হয়েছে কি ? আমাদের কাছে যে খবর াতে পুরো খরচ হয়নি এইরকম খবরই আছে।

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : এই প্রশ্ন থেকে এটা আসে না। আমার যতদূর ানা আছে—

Mr. Speaker : Mr. Khan Choudhuri you are not sure, don't give any ich answer about which papers are not ready with you.
যতদূর মনে আছে' এইভাবে প্রশ্নের উত্তর দিলে সেটা ঠিক হবে না।

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : নোটিশ দিন, উত্তর দিয়ে দেব।

শ্রীআফতাবউদ্দিন মণ্ডল : আমার শোনা ভুল হতে পারে, তবে যতদূর শুনেছি তাতে ঝলাম মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন ডাকাতিয়া ডাইভারশন চ্যানেল—হুগলী থেকে হাওড়া র্যন্ত যে ক্যানেলটি কাটা হচ্ছে সেটার কাজ শেষ হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় যদি একথা ালে থাকেন তাহলে বলব, একথা ঠিক নয়, এর কাজ কমপ্লিট হয়নি, কাজটি শুরু হয়েছে

মাত্র। যাই হোক, এবারে আমি মূল প্রশ্নে আসি। বর্তমানে যাঁরা এর সঙ্গে যুক্ত আছেন এই-রকম কিছু কিছু ইঞ্জিনিয়াররা বলছেন, এই স্কীমটা ডিফেকটিভ এবং আমরাও তাই সন্দেহ করছি। এর কিছু কিছু ফলও এবারে আমরা পেয়েছি। আমরা দেখেছি, লোয়ার পোরশন অর্থাৎ হাওড়া জেলার যে পোরশন দিয়ে এই ডাকাতিয়া ডাইভারশন যাচ্ছে সেই পোরশনের গোটা তিনেক অঞ্চল বর্ষার সময় জলের তলায় থাকবে। এ সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু জানাবেন কি?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : মাননীয় স্পীকার মহাশয়, এই স্কীমটা কনট্রোভারসিয়াল স্কীম। এখানে অনেকবার মিটিং করা হয়েছে। আমাদের ইঞ্জিনিয়াররা এই স্কীমটা করেছিলেন এবং এখানে যাঁরা এক্সপার্ট আছেন তাঁদের ওপিনিয়ান নেওয়া হয়েছে, সি ডব্লু ডি সি'র ওপিনিয়ান নেওয়া হয়েছে। একটা পার্টিকুলার টাকার বেশী হলে আমরা সেই স্কীম স্যাংশন করতে পারি না যতক্ষণ না গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার টেকনিক্যাল মানুষরা স্যাংশন দেন। এম এল এদের সঙ্গে যখন আমরা মিটিং করেছিলাম তখন সি ডব্লু ডি সি'র যিনি চিফ ম্যান তাঁকে আমরা আনিয়েছিলাম এবং তাঁর সামনেই মিটিং হয়েছিল। সেই মিটিংয়ে তিনি বলেছিলেন, এটা মোটেই কনট্রোভারসিয়াল স্কীম নয়, এই স্কীমটা ভাল স্কীম। এছাড়া আমার আর কিছু বলবার নেই।

শ্রীআফতাবউদ্দিন মণ্ডল : সি ডব্লু ডি সি'র ইঞ্জিনিয়াররা সেদিন যেকথা বলেছিলেন তারপরে দেখা গেল বাস্তবে তা মিললো না। আমরা দেখলাম, ডাকাতিয়া ডাইভারশনের কাজ কিছুটা এগুনোর পর ঐ এলাকাটা বছরে ৪ মাস জলের তলায় রয়ে গিয়েছে। এখন যদি দেখা যায় একটা স্কীমের ৭০ পারসেণ্ট সাকসেসফুল হয়েছে, ৩০ পারসেণ্ট হয়নি তাহলে ৩০ পারসেণ্টের জন্য আলাদা স্কীম আমরা তৈরি করবো, এটা আপনার কথা, গভর্ণমেণ্টের কথা। আমার জিজ্ঞাস্য, যে এলাকাটি জলের তলায় রয়ে গেল তার জন্য কিছু চিন্তা করছেন কিনা এবং কনট্রোভারসিয়াল স্কীমগুলি কার্যকরী করা ঠিক হয়েছে কিনা জানাবেন কি?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : 'কনট্রোভারসিয়াল স্কীম' কথাটি আমি এইজন্য বলেছি যে, কিছু মানুষ বলছেন এই স্কীমটি করা ঠিক নয়। তবে বেশীরভাগ মানুষ গভর্ণমেণ্ট ইঞ্জিনিয়ার, ইনক্লুডিং গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়াস ইঞ্জিনিয়ারস তাঁরা আমাকে টেকনিক্যাল ওপিনিয়ান দিয়েছেন, সি ডব্লু ডি সি থেকে পাশ করানো হয়েছে, গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া থেকে টাকা দিয়েছেন এবং তাঁদের কথা অনুযায়ী আমরা এম এল এদের সঙ্গে বহুবার মিটিং করেছি। যদি দরকার হয় সি ডব্লু ডি সি থেকে লোক আনিয়ে আবার মিটিং করবো, তাতে আটকাবে না। কিন্তু এই স্কীমটা ভাল না খারাপ, আমি টেকনিক্যাল লোক নই, এটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

ভগবানগোলায় বসন্তনালা স্লুইস গেট

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রীমহম্মদ দেদার বক্স :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় ভগবানগোলা থানার বসন্তনালার স্লুইস গেটের কাজ এখনও সমাপ্ত না হওয়ায় উক্ত এলাকার জনসাধারণের খুব অসুবিধা হইতেছে;

(খ) সত্য হইলে, উক্ত কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সরকারের কি কি ব্যবস্থা গ্রহণ করার পরিকল্পনা আছে; এবং

(গ) উক্ত জেলায় রামঘাটে একটি স্লুইস গেট নির্মাণের পরিকল্পনা বাস্তবায়িত না হওয়ার কারণ কি?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ

(ক) প্রশ্নে উল্লিখিত স্লুইস নির্মাণের কাজ এখনও সমাপ্ত না হওয়ায় স্থানীয় জনসাধারণ কার্য চলাকালীন সাময়িক অসুবিধা ভোগ করিতেছেন এবং যতদূর সম্ভব অসুবিধা দূর করিবার ব্যবস্থা গ্রহণ করিয়া কাজ চালানো হইতেছে।

(খ) উক্ত কাজ দ্রুত সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকলরকম মালমশলা যেমন ইঁট, পাথর, বালি, লোহা, সিমেণ্ট ইত্যাদি স্লুইস সাইটে (Site) সংগ্রহ করা হইয়াছে এবং ঠিকাদারদের বকেয়া পাওনা আংশিকভাবে মিটাইয়া দেওয়া হইয়াছে। আশা করা যাইতেছে, আগামী বর্ষার পূর্বেই কাজটি শেষ হইবে।

(গ) রামঘাটের প্রস্তাবিত স্লুইস নির্মাণের কাজ গত বৎসর সম্পন্ন হইয়াছে। উহার কপাটগুলি এ বৎসর বসানো হইবে।

শ্রীমহম্মদ দেদার বক্স ঃ এই স্লুইস সম্পন্ন না হওয়ার জন্য জনসাধারণকে অনেকদূর ঘুরে আসতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, আপনি অবগত আছেন যে, এই যে কণ্ট্রাক্টর বা যে ঠিকাদার কাজ করছে তাদের গাফিলতির জন্য অর্থাৎ ঠিকমত কাজ করছে না বলে অনেকদিন এটাতে লাগবে। কাজেই এই কণ্ট্রাক্টরদের কাজ করার জন্য এবং যাতে এই কাজটি তাড়াতাড়ি হয় এর জন্য তাদের পরামর্শ দেবেন কিনা?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ আমি তো বলেছি যে আশা করা যাচ্ছে দি ওয়ার্ক উইল বি কমপ্লিটেড বিফোর দি মনসুন।

শ্রীমহম্মদ দেদার বক্স ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই যে স্লুইস হচ্ছে, এতে কত টাকা খরচ হবে?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী ঃ আমার কাছে এইরকম তথ্য নেই।

মহম্মদপুর-চুলকাটি দাড়া ক্যানেল

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *৫১) **শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা নির্বাচনী এলাকায় মহম্মদপুর হইতে চুলকাটির দাড়া নামক ক্যানেলের কাজ বর্তমানে কি পর্যায়ে আছে; এবং

(খ) উহার কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী :

(ক) উক্ত কাজের একটি পরিকল্পনা তৈয়ারী করা হইয়াছে এবং উহা স্টেট টেকনিক্যাল কমিটির অনুমোদনের অপেক্ষায় আছে।

(খ) কমিটির অনুমোদন পাওয়া গেলে কাজটি এ বৎসর শুরু করা যাইবে বলিয়া আশা করা যায়।

শ্রীমহম্মদ দেদার বক্স : মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি, সামনে বর্ষা এসে যাবে, এই কাজটা তাড়াতাড়ি অনুমোদন করে বর্ষার আগে আরম্ভ করা যাবে কি ?

শ্রীএ বি এ গণিখান চৌধুরী : আমাদের যে টেকনিক্যাল কমিটি আছে, তাদের এ্যাপ্রোভ্যাল পেলে, তবেই তো আমরা বলতে পারবো, তার আগে বলি কি করে ?

[1-50—2-00 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : I have received a notice of Adjournment Motion from Shri Sudhir Bera on the subject of various irregularities in the matter of providing employment through Cabinet sub-Committee set up for the purpose. This is a matter which is of continuing nature. The Cabinate sub-Committee was set up long back and irregularities continued therewith came up for discussion in the House again and again in the past. So, it cannot be said to be a specific matter of recent occurrence. The provision of Rule 61(iii) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly stands in the way of moving such adjournment motion. I therefore refuse my consent to it. The mover of the motion may however read out the text.

শ্রীসুধীর বেরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেবিনেট সাব-কমিটি চাকরি দেবার ক্ষেত্রে যা করেছে তাতে অনেক মন্ত্রী দুর্নীতি ও স্বজন-পোষণ ছাড়া আর কিছুই করেন নি। মেদিনীপুর জেলার ব্যাপারে এই অভিযোগ আরও প্রকট। যদি এই ব্যাপারে বলার জন্য সময় দেন তাহলে হাউজকে বুঝিয়ে বলতে পারি।

Mr. Speaker : No. I cannot allow you to make a speech. Please sit down.

Calling Attention Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 35 notices of calling attention on various subjects out of which I have selected the notice of Shrimati Ila Mitra on the subject of indefinite hunger strike by the CESC Majdoor Samity. The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject, if possible, today, or give a date for the same.

Shri Gyan Sing Sohanpal : The statement will be given now by the Labour Minister.

ডাঃ গোপালদাস নাগ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনে চারটি ইউনিয়ন আছে তার মধ্যে একটি ইউনিয়ন রেকগনাইজড নয়—এদের সঙ্গে চাকুরির শর্ত সম্বন্ধে যে বিভিন্ন দাবিদাওয়া ছিল এই তিনটি রেকগনাইজড ইউনিয়নের সঙ্গে দীর্ঘ দু' বছর ধরে ম্যানেজমেণ্টের আলোচনা চলছিল, এর মধ্যে একটা এ্যাডমিনিষ্ট্রেটিভ ইস্যুও সংযুক্ত ছিল, এদের বর্তমানে যে কম্পিউটার মেশিন আছে, সেটা চেঞ্জ করে একটা কম্পিউটার মেশিন মোর ভার্সেটাইল রিপ্লেসমেণ্ট করা হয়েছে। এই সমস্ত ইস্যু সম্বন্ধে চূড়ান্ত একটা নিষ্পত্তি সম্প্রতি হয়। তিনটি ইউনিয়ন এবং কর্তৃপক্ষ একত্রিত বসে একটি চুক্তি খসড়া করেন। সেই চুক্তিতে মজদুর সমিতি, তাঁরা সম্মত হন না। উপরন্তু এই তিনটি ইউনিয়নের সঙ্গে ম্যানেজমেণ্টের যে আলাপ-আলোচনা হয়েছে কম্পিউটার মেশিন সম্পর্কে এবং সেটা সম্বন্ধে যে নিষ্পত্তি হয়, সেটা তারা অস্বীকার করেন।

পরবর্তীকালে ম্যানেজমেণ্ট বাকী ৩টি ইউনিয়নের সঙ্গে একটি বাই-পারটাইট আলোচনার মাধ্যমে একটা চুক্তিপত্র তৈরী করে সরকারের কাছে নিয়ে আসেন এবং শর্ত দেন মজদুর সমিতি যদি সরকারের রেকমেণ্ডেশন গ্রহণ করেছেন একথা ব'লে যদি আগেকার চিঠি প্রত্যাহার করেন তাঁহলে মজদুর সমিতির সঙ্গে চুক্তি করতে রাজী আছেন। কিন্তু তারা প্রত্যাহার করতে রাজী হয় না। সুতরাং তার ফলে আলোচনা হয় না। ৩টি ইউনিয়নের মধ্যে ২টি রেকগনাইজড্ ইউনিয়ন, তাদের সঙ্গে চুক্তি হয়। সেই চুক্তিকে সরকার ত্রিপক্ষীয় চুক্তিতে রূপান্তরিত করেন। এ বিষয়টার দিকে আমার দৃষ্টি আকর্ষণ করা হয়। ইউনিয়নের পক্ষ থেকে আমার সঙ্গে আলোচনা করে গেছেন। তাঁদের বলেছি সমস্ত বিষয়টা আমি নিজে পর্যালোচনা করব এবং কর্তৃপক্ষের সঙ্গে কথা বলব এবং যাতে একটা সুষ্ঠু মীমাংসা হয় তার জন্য চেষ্টা করব এবং তাঁদের অনশন প্রত্যাহার করতে অনুরোধ করি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ ৩টি ইউনিয়নের মধ্যে ২টি রেকগনাইজড্ এবং একটি আনরেকগনাইজড্। তাদের সঙ্গে চুক্তি করে কোম্পানী গভর্নমেণ্টের কাছে এল। কিন্তু লেবার ডিপার্টমেণ্টের এই চুক্তির সঙ্গে একজন অনুপস্থিত হল কি করে?

ডাঃ গোপালদাস নাগ ঃ প্রথমে যে ইউনিয়ন এই চুক্তি স্বাক্ষর করেনি তারা চিঠি দিয়ে সরকারের রেকমেণ্ডেশন মানতে অস্বীকার করে। এর জন্য যতক্ষণ না পর্যন্ত তারা সরকারের রেকমেণ্ডেশন মানছে ততক্ষণ পর্যন্ত আমরা আলোচনা করব না। আবার বাকী ২টি ইউনিয়ন বলেছে যতক্ষণ না তারা সরকারের রেকমেণ্ডেশন মানছে ততক্ষণ আমরা আবার তাদের সঙ্গে আলোচনা করে চুক্তিবদ্ধ হব না। ১৯৭১ সালে পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত নেন মাল্টিপ্লিকেশন অব ইউনিয়ন বিভিন্ন কারখানায় থাকার দরুন যদি কোন কারখানা বা আণ্ডারটেকিং ও মোর দ্যান ওয়ান ইউনিয়ন থাকে এবং একটি ছাড়া বাকী সমস্ত ইউনিয়ন চুক্তিপত্রে সই করতে রাজী হয় এবং সরকার যদি মনে করেন সেই এগ্রিমেণ্ট শ্রমিকস্বার্থবিরোধী নয় তাহলে সরকার সেখানে ত্রিপাক্ষিক চুক্তির পার্টি হতে পারে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ অন এ পয়েণ্ট অব ইনফরমেশন, স্যার, আমরা দেখেছি পশ্চিমবাংলার বিধানসভার বাহিরে ও ভেতরে মন্ত্রীরা অনেক সময় যেসব প্রতিশ্রুতি দেন দুঃখের বিষয় তার অনেক পালিত হয় না। কিন্তু আপনি যে প্রতিশ্রুতি দেন তা কোনদিনই

দেখিনি যে পালিত হয়নি। আমি একবার বলেছিলাম যে দয়া করে বিদ্রোহী কবি নজরুলের একটি প্রতিকৃতি বিধানসভার লবিতে যেন রাখা হয়। আপনি কবির প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেছিলেন যে আপনি এ বিষয়ে গুরুত্ব দিয়ে বিবেচনা করবেন যাতে অবিলম্বে কবির প্রতিকৃতি বিধানসভার লবিতে টাঙানো যায়। আমার মনে হয় আপনি এ-বিষয়ে নিশ্চয় চেষ্টা করছেন এবং সরকারের সঙ্গেও যোগাযোগ করছেন।

মিঃ স্পীকার ঃ আমি খুশী হয়েছি যে আমাদের মাননীয় সদস্য সুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় বিষয়টি মনে করে রেখেছেন। আমি সেদিনও বলেছি যে এখানে দু'জনের ছবি টাঙানো হবে---ডাঃ আম্বেদকর এবং বিদ্রোহী কবি নজরুল ইসলামের। তার মধ্যে আমি জানিয়ে দিই ডাঃ আম্বেদকরের ছবি তৈরি প্রায় শেষ হয়ে গেছে, আগামী ১৪ই এপ্রিল তারিখে বিধানসভা ভবনে সেটা টাঙানো হবে। ডাঃ বি আর আম্বেদকরের জন্মদিন উপলক্ষে একটা অনুষ্ঠান করে এখানে টাঙানো হবে। যে আর্টিস্ট সেটা করছেন তাঁর কাছে বিদ্রোহী কবি নজরুল ইসলামের ছবি সম্পর্কে কথাবার্তা বলেছি, আম্বেদকরের ছবি ফিনিশ হয়ে যাবার পর ওটাতে তিনি হাত দেবেন। আমি এই বিষয়ে সবসময় সতর্ক আছি, সেটাও টাঙানো হবে, আমাদের কাজ এগিয়ে চলেছে।

শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব এক্সপ্ল্যানেশন। স্যার, একটা কথা আমি জানতে চাই সেটা হচ্ছে এগ্রিমেণ্ট যেটা হয়েছে গভর্ণমেণ্টের রেকমেণ্ডেশন ইউনিয়ন মানল কি না মানল সেই ব্যাপারে কোম্পানীর ইণ্টারফেয়ার করার কোন অধিকার আছে কি নেই। কারণ, আপনি যেটা বলেছেন কম্পিউটার সম্পর্কে গভর্ণমেণ্টের রেকমেণ্ডেশন ইউনিয়ন মানতে রাজী নয়। চিঠি দিয়েছে সে আমি জানি, কোম্পানী বলছে ওটা না মানলে আমরা কিছু করব না। গভর্ণমেণ্টের রেকমেণ্ডেশন সম্পর্কে আমরা গভর্ণমেণ্টের সঙ্গে ফাইট করতে পারি, তাতে বলার কোন অধিকার নেই। আপনি আর একটা কথা বলেছেন অন্যান্য ইউনিয়নগুলি আপত্তি করেছে যে কম্পিউটারের প্রস্তাব না মানলে সেই ইউনিয়নের সঙ্গে বসে আমরা এগ্রিমেণ্ট করব না। এটা সম্পর্কে কোন লিখিত দলিল আছে কিনা যে অন্যান্য ইউনিয়নগুলি আপত্তি করেছে এই ইউনিয়নকে সঙ্গে নিয়ে এগ্রিমেণ্ট করতে, এটা সম্পর্কে আমরা জানতে চাই।

ডাঃ গোপালদাস নাগ ঃ কোন লিখিত নেই, শুধু আপত্তি করেছে।

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্য শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় যেকথা বললেন সেই প্রসঙ্গে আমি হাউসের সমস্ত সদস্যদের কাছে আবেদন রাখছি যে বিদ্রোহী কবি নজরুল ইসলামের যে দু'-একটা ছবি পাওয়া গেছে সেগুলি খুব ভাল নয়, খুব ভাল ফটো এখন পর্যন্ত আমি হস্তগত করতে পারিনি, যার জন্য আর্টিস্টের সঙ্গে কথা বলেও তিনি ঠিক কাজ দেখাতে পারছেন না। আমি সমস্ত সদস্যের কাছে আবেদন জানাব যদি তাঁদের কারোর কাছে বিদ্রোহী কবির ভাল ফটো থাকে যেটা রিপ্রেজেনেটিভ ক্যারেক্টারের, যেটা এ্যাক্-সেপ্টেবল টু দি পিপল এইরকম ছবি যদি কারোর কাছে থাকে তাহলে সেটা যদি আমার সেক্রেটারিয়েটকে দেন তাহলে আমার কাজটা তাড়াতাড়ি করতে খুব সুবিধা হয়। প্রেসের কাছেও অনুরোধ করছি যদি কারোর ভাল ছবি থাকে তাঁরা যদি আমার সেক্রেটারিয়েটের

হাতে সেই ছবি দেন তাহলে কাজটা তাড়াতাড়ি হওয়ার পক্ষে খুব সুবিধা হয়, এই আবেদন আমার সকলের কাছে রইল।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি বলতে চাই কবিপুত্র কাজী সব্যসাচী এবং আর একজন পুত্র পরলোকগত কাজী অনুরুদ্ধ এঁদের বাড়ীতে আমি নিজে গিয়ে দেখেছি, কবি যখন জীবিত ছিলেন সেইসময় আমি কৃষ্টোফার রোডের বাড়ীতে দেখেছি খুব সুন্দর সুন্দর ছবি আছে। সেখান থেকে ছবি সংগ্রহ করা যেতে পারে। তারপর চুরুলিয়া নজরুল এ্যাকাডেমি থেকে সংগ্রহ করা যেতে পারে।

Mr. Speaker: I would request you to meet my secretary and help him in the matter.

শ্রীরথীন তালুকদারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ডাঃ প্রতাপচন্দ্র চন্দের বাড়ীতে ভাল ছবি আছে।

Mr. Speaker: I would request you also to help my secretary in the matter. Now, the remaining notices of calling attention are taken as read and laid on the table.

Daily wastage of drinking water in Calcutta—from Shri Md. Safiullah and another.

Completion of Norghat bridge over the Haldia—from Shri Md. Safiullah and another.

Re-opening of Closed Jute Mills—from Shri Md. Safiullah and another.

Apprehended strike by tramwaymen on April, 20—from Shri Md. Safiullah and another.

Reported out-break of Cholera in Calcutta—from Shri Md. Safiullah and another.

Traffic in girls—from Shri Md. Safiullah and another.

Immediate T.B. work in rural areas—from Shri Md. Safiullah and another.

Financial assistance to dilapidated primary school premises—from Shri Md. Safiullah and another.

Hired-lorries-system in Calcutta Corporation—from Shri Md. Safiullah and another.

Fly-over near Sealdah Station—from Shri Md. Safiullah and another.

Repair of derelict tubewells and sinking of new ones—from Shri Md. Safiullah and another.

Alleged irregularities in Clerkship Examination conducted by Calcutta Corporation—from Shri Md. Safiullah and another.

Crisis in oil mills—from Shri Md. Safiullah and another.

Cease-work by conservancy men of Howrah Municipality—from Shri Md. Safiullah and and another.

Repair of Haldia oil jetty—from Shri Md. Safiullah and another.

Attempt burglary in C. U. Strongroom—from Shri Md. Safiullah and another.

Limb-fitting centre in Calcutta—from Shri Md. Safiullah and another.

Threntened strike by Durgapur Transportmen—from Shri Md. Safiullah and another.

Taking over of Industrial Plants Ltd., Howrah—from Shri Md. Safiullah and another.

Harassment by No. 2 Taxis in Horwah—from Shri Md. Safiullah and another.

Beautification of Calcutta—from Shri Md. Safiullah.

Water scarcity in Asansol, Durgapur etc.—from Shri Md. Safiullah and four others.

Exploitation by money lenders in Colliery—from Shri Md. Safiullah and two others.

Practice of forgery at Coochbehar Govt. Press—from Shri Md. Safiullah and two others.

Progress in land acquisition for Howrah-Amta and other ancillary Rly. lines—from Shri Md. Safiullah and four others.

Tragic murder of basket ball player in Calcutta—from Shri Md. Safiullah and five others.

Theft from burial grounds of Burdwan District—from Shri Md. Dedar Baksh and another.

Hunger-strike by five students of Kalyanpur Polytechnic—from Shri Md. Dedar Baksh and two others.

Rehabilitation of the evicted hawkers—from Shri Md. Dedar Baksh and two others.

Release of political prisoners—from Shri Sukumar Bandyopadhyay.

Black-marketing of adulterated tea—from Shri Md. Dedar Baksh and another.

G.R. and T.R. for draught-hit rural areas—from Shri Md. Dedar Baksh and three others.

Two days token cease-work by College and University teachers—from Shri Md. Safiullah and four others.

Radio license forgery—from Shri Md. Safiullah and another.

Indefinite hunger strike by C.E.S.C. Majdoor Samity—from Sm. Ila Mitra.

Mr. Speaker : Now, I can upon Dr. Zainal Abedin to give a personal explanation.

[2-00—2-10 p.m.]

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাউসে ছিলাম না, পরশুদিন মাননীয় সদস্য ডাঃ দত্ত হরিরামপুরের দেওয়ান আবদুল গণি কলেজ নিয়ে কিছু অভিযোগ তুলেছেন। ওঁর সামনে ডিষ্ট্রিক্ট প্ল্যানিং কমিটি, যাতে উনি উপস্থিত ছিলেন, অন ৫-৯-৭৬ তারিখে এই কলেজের প্রস্তাবনার স্বপক্ষে এ্যালোকেশন করে আউট অব নর্থ বেঙ্গল ফাণ্ড।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিম দিনাজপুর জেলা অনুন্নত এবং এডুকেসন্যালি ব্যাকওয়ার্ড এরিয়া। আমরা এ্যাপ্লাই করেছিলাম এবং শিক্ষা দপ্তর আপাতত জুনিয়র কলেজের জন্য অনুমতি দিয়েছেন এবং কলেজ কমিটি স্থানীয় জনসাধারণের উদ্যোগ নিয়ে কাজকর্ম সেখানে শুরু করেছেন। তিনি বলেছেন এটা নাকি অজগ্রাম, গণ্ডগ্রাম। আমি এটা অপমানসূচক কথা বলে মনে করি। রমেনবাবু বোধহয় আমাদের প্রধানমন্ত্রী মোরারজী দেশাই সম্প্রতি যে মন্তব্য করেছেন তার প্রতি দৃষ্টিপাত করেন নি। প্রধানমন্ত্রী বলেছেন উন্নয়ন হওয়া উচিত গ্রামমুখী। আজকে পশ্চিমদিনাজপুরের এই জায়গায় যদি একটা কলেজ প্রতিষ্ঠিত হতে পারে সরকার এবং জনসাধারণের যৌথ চেষ্টায় তাহলে আমি মনে করি সেটা ভাল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে খুশী হবেন জুনিয়র কলেজের স্ট্রেংথ যেটা চলে এখানে সেটা প্রায় আড়াই গুণ হয়ে গেছে অর্থাৎ এ্যাবাভ সেভেণ্টি স্ট্রেংথ এখানে হয়ে গেছে। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন ইলেভেন/টুয়েল্ভ ক্লাশ অতিক্রম করবার পর যখন সময় আসবে তখন আমরা ডিগ্রি কলেজের কথা সহানুভূতির সঙ্গে বিবেচনা করব। এখানে কথা উঠেছে স্যুভেনির প্রকাশ করা নিয়ে। কলেজ অথরিটি যদি এটা প্রকাশ করবার জন্য উদ্যোগী হয়ে থাকে এবং সেখানে সমবায়সহ অন্যান্য প্রতিষ্ঠান যদি তাদের আহ্বানে সাড়া দিয়ে থাকে তাহলে অন্যায় কি হল আমি বুঝতে পারছি না। এই ব্যাপারে আমাকে জড়িত করবার যে প্রচেষ্টা হয়েছে আমি তাকে উদ্দেশ্যপ্রণোদিত, ষড়যন্ত্রমূলক এবং হীন চক্রান্ত বলে মনে করি। আপনি জানেন আন্তর্জাতিক চিন্তাধারায় সমবায় আজকে চিন্তা করছে ইউনিটি অব ইকনমিক এ্যাণ্ড সোস্যাল ফ্যাংশনস অব কো-অপারেটিভ আদার দ্যান ইকনমিক পারপাস। সোস্যাল রেসপনসিবিলিটি সমবায়ে যদি আনতে হয় তাহলে সেখানে কোন কোয়ার্সন নেই, ফোর্স নেই, লেজিসলেশন নেই। আপনি জানেন শুধু এখানে নয়, বিভিন্ন প্রতিষ্ঠান বিভিন্ন সময়ে স্যুভেনির প্রকাশ করে। স্যার, আমি গর্বিত যে এই প্রতিষ্ঠানটি ইতিমধ্যেই মুখ্যমন্ত্রী, শিক্ষামন্ত্রী এবং তৎকালীন রাষ্ট্রপতির প্রাইভেট সেক্রেটারীর শুভেচ্ছা এবং আশীর্বাদবাণী লাভ করেছে। রমেনবাবু আরও একটা হীন কথা বলেছেন যে, এখানে নাকি রড এবং সিমেণ্ট যাচ্ছে। আপনি জানেন কলকাতা ছাড়া কোথাও বাজার নেই। আমাদের ওখানে কোন শিল্প নেই রড এবং সিমেণ্ট ম্যানুফ্যাকচার করে। কাজেই কলেজ অথরিটি যদি কোথা থেকে কিনে থাকে এবং সেটা এখান থেকে গিয়ে থাকে তাহলে আমি সেটাকে দোষের বলে মনে করি না। তিনি আরও বলেছেন এটা নাকি আমার বাড়ীতে যাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আমার পাঁচ ভাই। আমার পিতার মৃত্যুর পর স্থানীয় জনসাধারণ উদ্যোগ নিয়ে আমাদের ডোনার করেছেন। রমেনবাবু কলেজের সেক্রেটারীর বিরুদ্ধেও অভিযোগ করেছেন যে, তিনি নাকি মিসার আসামী ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রমেনবাবুর অনেক খেলাই আমরা দেখেছি কাজেই তিনি কখন যে কার বিরুদ্ধে

যাবেন জানি না। যা হোক, তিনি ধৃত হননি, সরকার তাঁর অর্ডার মকুব করেছেন, বিবেচনা করেছেন। আমি মনে করি এই জাতীয় অভিসন্ধিমূলক এবং উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য যে-কোন ব্যাকওয়ার্ড এরিয়ার উন্নয়নের পক্ষে অন্তরায়। সম্প্রতি আমাদের প্রধানমন্ত্রী বলেছেন উন্নয়ন হবে প্রথমে গ্রামমুখী। আমরা দেখছি সোস্যাল, এডুকেশন্যাল এবং ইণ্ডাষ্ট্রিয়াল ইন-ফ্রাস্ট্রাকচারের দিক থেকে সারা পশ্চিমদিনাজপুরসহ সমস্ত নর্থ বেঙ্গল পিছিয়ে রয়েছে। আপনি যদি অনুমতি দিতেন তাহলে আমি দেখাতাম আমাদের জেলায় সরকারী কলেজ নেই, স্পনসর্ড কলেজ কিছু আছে এবং আপনি শুনলে অবাক হবেন সরকারী বিদ্যালয় একটাও নেই। জেলাটা ভাগ হয়ে গিয়েছিল এবং সরকারী উদ্যোগ চলে গিয়েছিল ওপারে আজকে যেটা বাংলাদেশ। রমেনবাবু কি মনে করছেন জানি না, তবে সেখানে তিনি ছিলেন এবং জানেন এ্যালোকেশন যেটা করা হয়েছিল তার অনুকূলে গভর্ণমেণ্ট অর্ডার ইস্যু করা হয়েছিল যে এই কলেজকে নর্থ বেঙ্গল ডেভেলপমেণ্ট ফাণ্ড থেকে ১ লক্ষ টাকা দেওয়া হোক। এঁরা একটা দীর্ঘস্থায়ী পরিকল্পনা নিয়েছেন এবং যেভাবে কাজ অগ্রসর হচ্ছে তাতে আশা করা যায় এটা জনসাধারণের পক্ষে স্বার্থক হবে। আমি রমেনবাবুর বক্তব্যের তীব্র প্রতিবাদ করছি এবং ষড়যন্ত্রমূলক বলে নিন্দা করছি।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ আমি জানতে চাই যেখানে অন্য কোন ডিপার্টমেণ্টে এ্যালো-কেশন নেই সেখানে শুধু কো-অপারেটিভে এ্যালোকেশন হল কেন ?

[2-10—2-20 p.m.]

Statements under Rule 346

Mr. Speaker : I now call upon Honourable Shri Siddhartha Shankar Ray to make a statement under Rule 346.

Shri Siddhartha Sankar Ray : I may be permitted to make three statements.

Mr. Speaker : Yes.

Shri Siddhartha Sankar Ray : Sir, the House is aware that we had given an assurance regarding the refixation of water rates in irrigated areas.

The present rates of surface irrigation are :-

Kharif :	Rs. 20/- per acre
Rabi :	Rs. 24/- per acre
Boro :	Rs. 96.50 per acre

2. These rates were also made applicable to the areas served by the D.V.C. Project with effect from Kharif 1976 by an amendment of the West Bengal Irrigation (Imposition of Water Rate for D.V.C. Water) Act, 1958.

3. As a first measure to give effect to our assurance, we are now refixing the surface irrigation water rates as follows :

Kharif :	Rs. 15/- per acre
Rabi :	Rs. 20/- per acre
Boro ;	Rs. 50/- per acre

4. These rate will take effect from Kharif 1977.

Mr. Speaker, Sir, as the House is aware that pay scales of Government servants have not been revised, it has been decided therefore to set up a One-Man Pay Commission with a retired Judge of the Calcutta High Court.

2. The terms of reference of the Commission will be as follows :—

(a) to examine the structure of emoluments of all employees under the rule-making control of the State Government of West Bengal and advise on what changes in emoluments of different classes of such employees are desirable and feasible in the persent economic situation with due regard also for other competing claims on the resources available to the state Government ;

(b) to examine the principles for granting ;

(i) special pays and (ii) dearness allowance ; and

(c) to examine the existing emoluments of Chowkidars and Dafadars and to recommend what should be the suitable emoluments for them.

3. In giving its advice, the Commission should pay due regard to—

(a) the likely cost of implementing the suggestions ;

(b) the financial resources of the State, current as well as what is likely to be available in future ; and

(c) the degree of economic development already attained by the State and requirements for future economic development of the State.

4. The Commission will devise its own procedure and may call for such information and take such evidence as it may consider necessary. Administrative Departments, Service Associations and others concerned may extend to the Commission full co-operation and assistance in this regard.

5. The Commission will be requested to give its advice to the State Government preferably within six months from the date of this order.

6. Pending a decision to be taken by the State Government on the recommendations of the Pay Commission, employees will be granted additional ad-hoc pay at the following rates :—

(1) Rs. 15/- per month to the employees whose total income from salaries and allowances does not exceed Rs. 8000/- per annum.

(2) Rs. 25/- per month to employees whose income from salaries and allowances exceed Rs. 8000/- per annum.

7. The ad-hoc increase I have just announced will take effect from 1st April, 1977 and will be subject to adjustment after the recommendations of the Commission are accepted.

Mr. Speaker, Sir, Several complaints have been made about the awarding of contracts to M/s. E.M.C. and its subsidiaries by the West Bengal State Electricity Board. We have, therefore, decided to appoint a Commission headed by Mr. Justice S. K. Dutta to enquire into this matter under Section 3 of the Commissions of Enquiry Act, 1952. Mr. Justice Dutta, as you know is a very respected retired judge of the Calcutta High Court.

The terms of reference of the proposed Enquiry Commission will be as follows :—

(i) To examine the contracts awarded by the West Bengal State Electricity Board to M/s. E.M.C. Ltd. and its subsidiary M/s. E.M.C. Steelal Ltd during the period 1972 to 1976 and to give its views regarding justifiability or otherwise of the contracts, regard being had to the best interests of the Board ;

(ii) In case there has been any irregularity in the award of such contracts, particularly with regard to calling or non-calling of tenders and fixation of rates, to fix responsibility for the same ;

(iii) To recommend measures for improvement, if any, in the procedure with regard to award of contracts by the West Bengal State Electricity Board and

(iv) Such other matters which may be incidental to the above.

শ্রীনরেশচন্দ্র চাকী : স্যার, প্রাইমারি টিচার্সদের কি হবে ?

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় : প্রাইমারী টিচার্সদের সম্বন্ধে অলরেডি বলেছি।

শ্রীরবীন্দ্রনাথ বেরা : স্যার, আমি নিম্ন ও নিম্ন-মধ্যবিত্ত কৃষকদের পক্ষ থেকে সরকার, মুখ্যমন্ত্রী তথা মন্ত্রিসভাকে আমরা পূর্ণ অভিনন্দন জানাচ্ছি। তবে, স্পীকার স্যার, একটা কথা, কিছু ভুলের ফলে—এক একটা ব্লকে হয়তো এক-তৃতীয়াংশ এলাকা সেচ পাচ্ছে কিন্তু পুরো এলাকাটাকেই সেচ এলাকা বলে রেকর্ড করা হচ্ছে। ইরিগেশন ডিপার্টমেণ্টের ভুল ইনফরমেশনের ফলে ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্ট সেটাকে সেচ এলাকা বলে—বর্তমানে যে সেটেলমেণ্ট চলছে, তাতে রেকর্ড করা হচ্ছে ডাঙা, ডহর, উঁচু জায়গা, সব এলাকাকেই সেচ এলাকা বলে রেকর্ড করা হচ্ছে। এইজন্য আমি মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করছি যে অবিলম্বে এই রেকর্ড তৈরি করা বন্ধ রেখে কোন্‌টা সেচ এবং কোন্‌টা অসেচ এলাকা তা আগে নির্ধারিত করা হোক এবং তারপরে রেকর্ড তৈরি করার জন্য নির্দেশ দেওয়া হোক।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় : এই বিষয়ে আমরা আলোচনা করেছি এবং শীঘ্রই আমরা একটা সিদ্ধান্ত নেবো এবং আমার কোন সন্দেহ নেই যে সেই সিদ্ধান্ত বিধানসভা সদস্যদের মনঃপূত হবে না।

Shri Nandalal Banerjee : Sir, I would like to draw the attention of the Hon'ble Chief Minister of West Bengal to the news item published on 5th April in The Hindusthan Standard under the heading "Ray washes his hands of Emergency". The report reads like this—"Chief Minister, Mr. S. S. Roy has

in a letter to the Prime Minister, Mr. Desai pleaded that he played no part in the promulgation of the Emergency, the press censorship and other undemocratic actions taken by Mrs. Gandhi's Government. He has stated that he is a democrat and has full faith and confidence in Mr. Desai. Mr. Ray's letter dated 26th March was handed over to Mr. Dasai through a special messenger during Mr. Roy's recent stay in Delhi."

Sir, naturally we are interested to know from our Hon'ble Chief Minister the purport of this letter because last time I had drawn your attention to the news item which involved your name and all the doubts were dispelled when you made a statement. We know our Chief Minister's integrity, character and his boldness and in this connection Mr. Das Gupta of C.P.I.(M) has made certain speculations. We know that they are well versed in making wise speculations thereby misleading the minds of the people. We do not like to place any importance on the statement made by Mr. Das Gupta but I would request the Chief Minister through you, Sir, to throw some light in regard to this letter.

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল বিকালে আমি এই সংবাদটা দেখেছি সেই সংবাদপত্রে যেটা মাননীয় সদস্য এইমাত্র এখানে পড়লেন। এটা সম্পূর্ণ মিথ্যা, এর কোন ভিত্তি নেই, একেবারে আষাঢ়ে গল্প। এইরকম একটা দায়িত্বশীল সংবাদপত্র যে এইরকম কথা লিখতে পারে—আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে আমরা কোন্ যুগে বাস করছি। ক্যারেক্টার এ্যাসাসিনেশন বলে একটা জিনিস আছে, আমরা কোথায় চলে গিয়েছি জানি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বপ্রথম মাননীয় প্রধানমন্ত্রীকে ২৪শে মার্চ '৭৭ সালে এই বার্তা পাঠানো হয়—চিঠি নয়, একটা টেলেক্স মেসেজ পাঠিয়েছিলাম।

"On behalf of the people of West Bengal and the State Government and also on my personal behalf may I send you best wishes on your assumption of office as Prime Minister of India. I can assure you that our Government will fully co-operate the Central Government in all constructive work and have no doubt that co-operation existing between the last Central Government and present State Government will continue.

Kindest regards,"

এটা শ্রীমোরারজী দেশাই প্রধানমন্ত্রী হবার পর আমি এই মেসেজ পাঠাই, তার উত্তরে প্রধানমন্ত্রী আমাকে একটা চিঠি পাঠান যেটা আমি এই হাউসে পড়েছি, সেই চিঠিটা আমি আবার পড়ছি। এটা টেলিগ্রাম নয়, টেলেক্স ছিল।

"Dear Shri Ray,

I have received your telegram of felicitations. I appreciate the assurance that you have given on behalf of the Government of West Bengal. I have always believed the Centre cannot be strong if the States are weak. We should therefore work together in a spirit of co-operation regardless of of our political persuasion. What we need is, mutual trust and understanding. You will not find the Union Government wanting in sympathy for the genuine problems of the State."

আমি চিঠিটা বিধানসভায় রাখি তখন মাননীয় সদস্যরা এটা খুবই সমর্থন করেছিলেন। প্রধানমন্ত্রীকে জিজ্ঞাসা না করেই তাঁর চিঠিটা এই বিধানসভায় আমি প্লেস করেছিলাম তাই আমি মনে করলাম এটা আমার ভদ্রতা প্রধানমন্ত্রীকে জানানো যে তাঁর চিঠিটা আমি বিধানসভায় প্লেস করেছি, তাই ১লা এপ্রিল ১৯৭৭ সালে আমি একটা চিঠি লিখি, এটাই আমাদের সর্বশেষ চিঠি।

"Dear Prime Minister,

Thank you very much for your letter dated the 26th March, 1977. I could not resist temptation of reading the letter out in the Vidhan Sabha. When I was replying to debate on the Governor's addrses your letter was greatly appreciated and there was a long applause when I finished reading of your letter".

[2-20—2-30 p.m.]

এটা টেলেক্স, প্রধানমন্ত্রীর চিঠি ২৬শে মার্চ ১৯৭৭ সাল, আর আমার চিঠি ১লা এপ্রিল ১৯৭৭ সাল, প্রধানমন্ত্রী মোরারজীকে লেখা, এই ফাইল, এছাড়া আর কোন চিঠি কোথাও লেখা হয়নি। আমি আর একটু দেখলাম প্রধানমন্ত্রী বলেছেন সিদ্ধার্থ মাস্ট গো ফার্স্ট এটা এই কাগজেই বেরিয়েছিল প্রথম। আমি সমস্ত দায়িত্ব নিয়ে বলতে পারি যে প্রধানমন্ত্রী একথা বলেন নি, একথা মিথ্যা, আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে একথা বলছি। তবে এখন এই খবরটা বেরোবার জন্য প্রধানমন্ত্রীকে যে চিঠি লেখা হয়েছিল, সংবাদ দুটোই পাঠিয়ে দিচ্ছি, দেখবার জন্য যে কিরকমভাবে ক্যারেক্টার এ্যাসাসিনেশন হয়। সে চিঠি আমি জীবনে লিখি নি। আমি কি বলব ইমার্জেন্সীর জন্য আমার কোন দায়িত্ব নেই? আমি কি মুখ্যমন্ত্রী যেদিন ইমার্জেন্সী হয়? আমাকে মানতে হবে না? কংগ্রেস দলে যাঁরা যাঁরা আছেন, তাঁদের দায়িত্ব মানতে হবে। আমরা যেখানে ভুল করেছি, স্বীকার করতে হবে, এটা সস্তা রাজনীতি নয়। অনেক অসুবিধার মধ্যে, অনেক বাধা-বিঘ্ন অতিক্রম করে তবে আমরা সরকারের আসনে বসেছি। আমরা ভবিষ্যতে থাকব কি থাকব না সেটা জনগণ বিচার করবে, কিন্তু তাই বলে জনগণের কাছে কি মিথ্যা বলব যে ইমার্জেন্সীর জন্য কোন দায়িত্ব নেই? নিশ্চয়ই দায়িত্ব আছে। ইমার্জেন্সী যেদিন হয়, আমি মুখ্যমন্ত্রী ছিলাম, আপনি জানেন অধ্যক্ষ মহাশয়, আমি যেদিন আসলাম, রাজ্যসভার নির্বাচন ছিল, ইমার্জেন্সী যেদিন ঘোষিত হয়, আমি সেদিন এখানে। সুতরাং সেই দায়িত্ব নিশ্চয়ই আমার আছে। ইমার্জেন্সী অনুযায়ী আমরা কাজ করিনি? এটাও কখনও লেখা যেতে পারে? এ ধরনের বানিয়ে লেখাটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউসের প্রিভিলেজ হয় কিনা? আমি একজন আইন ব্যবসায়ী, আমি বুঝতে পারি না, এটা একটা অদ্ভুত ব্যাপার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমার বিষয়ে একথা লিখেছে, সেদিন আপনাকে নিয়েও একটা লেখা হয়েছিল—আপনাকে আমি পাঠিয়েছিলাম জগজীবনবাবুর সঙ্গে দেখা করতে, জগজীবন রাম মহাশয়কে বলতে তিনি যেন মন্ত্রিত্বে যোগদান না করেন, সোস্যালিস্ট বা অন্যান্য দলের মধ্যে যেন যান। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন এটা সম্পূর্ণ মিথ্যা। আপনি যে দিল্লী গেলেন, কখন গেলেন? আপনি কি আমাকে জিজ্ঞাসা করেছিলেন, না আমি জানতাম? সম্পূর্ণ মিথ্যাকথা। কত মন্ত্রী দিল্লী যান, স্পীকার দিল্লী যান, বিধানসভার সদস্যরা দিল্লী যান, তাঁরা কি এটা আমাকে জানিয়ে যান? আমাকে বলে যান? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা রাজনীতিতে

এসেছি কিছু যদি করতে পারি, তার চেষ্টা করছি, আইন ব্যবসা করতাম, রাজনীতিতে এসেছি, এইরকম মিথ্যার শিকার যদি হই, এইরকম চরিত্রহনন যদি হয়, কোথায় গিয়ে দাঁড়াব?

আজ কোথায় এরা আমাদের রাজনীতিকে নিয়ে যেতে চাচ্ছে। আজকে কি স্যার এর কোন প্রতিবিধান নেই?

(A Voice : আনন্দবাজার পত্রিকা নাকি?)

আমি কোন কাগজের কথা বলছি না। আজকে যারা রাজনীতি করছে, তাদের কী অবস্থা দেখুন! মানুষের সামনে এ নিয়ে একটা বক্তব্য রাখুন। আপনাকে স্যার, বলতে চাই যে সংবাদ কাগজে বেরিয়েছে তা সম্পূর্ণ মিথ্যা, সম্পূর্ণ ভিত্তিহীন এবং অভিসন্ধিমূলক এবং উদ্দেশ্যপ্রণোদিত। এটা একটা আষাঢ়ে গল্প ইচ্ছে করে বলা হয়েছে চরিত্রহননের জন্য।

শ্রীনন্দলাল ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে অনুরোধ করছি এটা আষাঢ়ে গল্পই হোক আর না-ই হোক এটা আমাদের ইমেজ নষ্ট করবার জন্য আমাদের জনপ্রতিনিধিদের চরিত্রহননের জন্য দুরভিসন্ধিপ্রসূত। আপনি এই সম্পর্কে হাউস থেকে একটা ব্যবস্থা অবলম্বন করুন।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় প্রধানমন্ত্রীকে এই সম্পর্কে একটা চিঠি লিখতে চাচ্ছি। প্রধানমন্ত্রী মহাশয়কে জানাতে হবে যে আপনার নামও এইসবের মধ্যে জড়ানো হয়েছে।

(A Voice : এটাকে প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক স্যার।)

Mr. Speaker : I will examine the matter and if I feel satisfied that deliberately and calculatedly the news has been published in order to malign the House and the Leader of the House, then certainly I can take action suo motu referring the matter to the Privilege Committee. I will examine the matter and then I will take the decision.

শ্রীবাসুদেব সাউটিয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অমৃতবাজার পত্রিকায় আমার সম্পর্কে একটা রিপোর্ট বেরিয়েছে এই বলে যে আমি নাকি কংগ্রেস দল ত্যাগ করে জনতা পার্টিতে যোগ দিয়েছি। আমি, দৌলত আলি শেখ ও সন্তোষ মণ্ডল আমরা এই তিনজন নাকি জনতা পার্টির নেতা—মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের সঙ্গে দেখাসাক্ষাৎ করে কথাবার্তা বলে সব ঠিক করে নিয়েছি জনতা পার্টিতে যোগ দেবার জন্য। কাগজে এই যে রিপোর্ট বেরিয়েছে এটা সম্পূর্ণ মিথ্যা ও সম্পূর্ণ ভিত্তিহীন এবং সম্পূর্ণ অভিসন্ধিমূলক। তাই আমি আপনার কাছে অনুরোধ জানাতে চাই অমৃতবাজার পত্রিকার এই ঢাক রিপোর্টার যে এইরকম মিথ্যা ধাপ্পাবাজি সংবাদ এই পত্রিকায় পরিবেশন করলেন, তার জন্য ঐ রিপোর্টার আমাদের সর্বসমক্ষে এসে ক্ষমা চাক। কেন তিনি একজন এম এল এ সম্বন্ধে এইরকম হঠাৎ কাউকে কিছু না জানিয়ে দলত্যাগ করলাম—এইরকম ঘৃণ্য অপপ্রচার করলেন। এর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বনের জন্য আপনাকে অনুরোধ করছি। আপনি এর জন্য একটা ব্যবস্থা গ্রহণ করুন অবিলম্বে।

শ্রীশেখ দৌলত আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অমৃতবাজার পত্রিকায় দেখলাম আমার নামে একটা রিপোর্ট বেরিয়েছে আমি নাকি কংগ্রেস দল পরিত্যাগ করে জনতা পার্টিতে জয়েন করেছি। এটা একটা প্রচণ্ড জঘন্য মিথ্যাকথা ও অভিসন্ধিমূলক অপপ্রচার। আমি এর তীব্র

প্রতিবাদ করছি। এইরকম নির্লজ্জ মিথ্যা সংবাদ যারা ছাপিয়েছে আমি তাদের প্রিভিলেজ কমিটির সামনে এনে বিচারের জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনাকে অনুরোধ করছি, এবং সঙ্গে সঙ্গে যারা এই ধরনের সংবাদ সরবরাহ করেন, ছাপছেন—আমি একজন জনপ্রতিনিধি হিসেবে আপনার প্রোটেকশন চাচ্ছি। পশ্চিমবাংলার সংবাদপত্রের বর্তমানে এই যে অবস্থা মিথ্যার বেসাতি করে জনপ্রতিনিধিদের চরিত্রহনন করবার একটা অপচেষ্টা করছে, তার বিরুদ্ধে কি আমরা আপনার প্রোটেকশন চাইতে পারি না? যারা দেশের ও জাতির সততার দিকে লক্ষ্য না রেখে এইরকম মিথ্যা ভাঁওতা-জুয়াচুরির খবর খবরের কাগজে প্রকাশ করে তাদের কি শাস্তির বিধান করা যায় না?

(হর্ষধ্বনি)

তাই আমি এই জরুরী ব্যাপারটাকে প্রিভিলেজ কমিটিতে পাঠানোর জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[2-30—2-40 p.m.]

শ্রীসত্যরঞ্জন বাপুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সন্তোষ মণ্ডল ট্রেজারীতে কাজে গেছেন—যাবার সময় বলে গেছেন এটা উঠলে তার হয়ে বলতে—সে এইরকম কোন ষ্টেটমেণ্ট করেনি, কোথাও যায়নি, তার সম্বন্ধে মিথ্যাকথা বলা হয়েছে, সে একটু পরে এসেই ষ্টেটমেণ্ট দেবে। আমাদের সকলের দাবী এই বিষয়ে হাউস চলাকালীন আপনি যদি ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে আমাদের বাধ্য হয়ে দিল্লী যেতে হবে এবং সমস্ত এম এল এ দিল্লী গিয়ে বলব এই জিনিস বন্ধ করুন, যদি বন্ধ না হয় তাহলে সেখানে ধর্ণা দেব, অনশন শুরু করব—এর একটা সমাধান হওয়া প্রয়োজন আছে।

Mr. Speaker : I have got a copy of the newspaper Amrita Bazar Patrika dated 6th April, 1977. I assure the House that I will look into the matter and if I am satisfied that deliberately and calculatedly the images of the M.L.A's have been tarnished, the House has got, I think, enough power to take action in the matter. Let me examine the matter and I assure you that in the case of the Leader of the House as also in the cases of three M.L.A's which have been reported in the Amrita Bazar Patrika, after examination I will take necessary action if I am satisfied that deliberate and calculated attempt to damage the images of the members of the House is there.

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি আবেদন করছি—কয়েকদিন ধরে এই সভায় খবরের কাগজ সম্পর্কে নানারকম কথা উঠছে এবং নির্বাচনের পূর্বে এবং পরে নানারকম লেখা বেরোচ্ছে যা নিয়ে শুধু সদস্যদের মধ্যে কেন, বাইরেও একটা বিক্ষোভ আছে। তাই আমি আপনাকে বলব এই সভায় খবরের কাগজের ভূমিকা নিয়ে একঘণ্টা আলোচনা করা উচিত। কেন না স্যার, অনেক ভুল ধারণা হতে পারে, খবরের কাগজগুলি আজকে ভুল সংবাদ দিচ্ছে। ভারতবর্ষে সংবাদপত্রগুলি একচেটিয়া পুঁজির দ্বারা পরিচালিত হয়। এই সংবাদপত্রগুলি যে-কোন শ্রমিক-কর্মচারী, সাধারণ মানুষের কথা লেখে না। ৮ জন বিদ্যুৎ পর্ষদের কর্মী যে অনশন করে আছে সেই খবর কোন কাগজে প্রকাশিত হয়নি। এরা ভারতবর্ষের মালটি ন্যাশনাল করপোরেশনের ব্যবসা সম্প্রসারণের খবর দিচ্ছে, এরা মনোপলির সঙ্গে যুক্ত।

আপনি জানেন বেশীরভাগ ব্যবসায়ীরাই সংবাদপত্র পরিচালনা করেন, তাদের এ্যান্টি-ন্যাশনাল ভূমিকা এবং তারা যে কি পরিমাণ ব্যবসা করে খবরের কাগজগুলি খুললেই বুঝতে পারবেন। মাত্র কয়েকটি খবর থাকে বাকি সব বড় বড় ব্যবসায়ীদের ব্যবসার খবর থাকে। এরা খালি ব্যবসা করার জন্য, ভারতবর্ষের একচেটিয়া পুঁজিপতিদের ওকালতি করার জন্য, সাম্রাজ্যবাদের ওকালতি করার জন্য, স্বাধীনতার ৩০ বছর পরেও ভারতবর্ষের সংবাদপত্রগুলি একটা ন্যক্কার-জনক ভূমিকা চালিয়ে যাচ্ছে কিছু সংবাদপত্র, সব নয়। আমরা পলিটিক্যাল বডি, যেহেতু জনসাধারণের দ্বারা নির্বাচিত প্রতিনিধি সেইজন্য তাদের সম্পর্কে আমাদের কথা বলার প্রয়োজন আছে। সেইজন্য স্যার, এই বিষয়ে একঘণ্টা আলোচনা করার জন্য আপনার কাছে আবেদন জানাচ্ছি।

শ্রীসরোজ রায় : জার্নালিজমের কতকগুলি কমন এথিকস আছে, এই কমন এথিক্স সকলেই মানে। কিন্তু কয়েকটি কাগজ ভায়োলেট করে যাচ্ছে। কাজেই এই সম্পর্কে ডিসকাশনের প্রয়োজন আছে।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য শুনলাম এবং মাননীয় সদস্য শ্রীনন্দলাল ব্যানার্জী মহাশয় আপনার মাধ্যমে যে সংবাদটির দৃষ্টি আকর্ষণ করেছেন সেকথাও শুনলাম। একটি সংবাদপত্র আমাদের ভাগ্য, আমাদের ভবিষ্যৎ নিয়ে খেলা করুক এটা আমরা কেউ বরদাস্ত করতে পারি না। ইমারজেন্সি যখন ছিল, প্রেসের উপর সেন্সার ছিল, তখন সংবাদপত্ররা ইচ্ছায় হোক অনিচ্ছায় হোক তাদের সংবাদ সুষ্ঠুভাবে পরিবেশন করার ক্ষমতা ছিল না। নতুন সরকার আসার পর ইমারজেন্সি উঠে গেল, সংবাদপত্রের স্বাধীনতা ফিরে এলো। সংবাদপত্র সেই স্বাধীনতার সুযোগ নিয়ে আমরা যাঁরা জনসাধারণের প্রতিনিধি তাঁদের হনন করার চেষ্টা নিশ্চয় সেটা নিন্দার বস্তু। সঙ্গে সঙ্গে কোনরকম একটা ইনফরমেশন পেয়ে একটা খবর ছাপলো এবং কেবলমাত্র ছাপলো বলে সেই কাগজকে পুড়িয়ে দেবো, রিপোর্টারদের মারবো, সেই কাগজের লোকদের মারবো এটাও ঠিক নয়। আমাদের বিধানসভার সদস্য বাসুদেববাবু এবং দৌলত আলি সাহেব গুরুতর অভিযোগ করেছেন। এই অভিযোগের সঙ্গে রাজনীতি যুক্ত। এই রাজনীতির যুগসন্ধিক্ষণে এসে দাঁড়িয়ে যুক্তিপূর্ণভাবে জানিয়েছেন তাঁরা জনতা দলে যাননি। আমিও জানি তিনি যাননি বা কোন পরিকল্পনা আছে কিনা জানি না। এই জনতা পার্টির যিনি প্রধান এই পশ্চিম-বাংলার তথা পূর্ব-ভারতের শ্রীপ্রফুল্লচন্দ্র সেন যিনি কিছুদিন আগে এই সভার সদস্য ছিলেন—এই সভার সদস্যপদ ত্যাগ করে লোকসভায় গিয়েছেন, তাঁর পক্ষ থেকে এই কথা বলতে পারি যে, ওঁরা জনতা দলে যাবার চেষ্টা করেন নি। এবং জনতা দলে আসবার টিকিটও পাননি। জনতা দল এমন নয় যে, সেখানে আসতে চাইলেই আসতে দেওয়া হবে। এ দল এমন নয় যে, যাকে-তাকে এণ্ট্রি দেওয়া হবে। ডিফেকশন করা চলবে কি চলবে না সেটা বিচার-বিবেচনা করে যোগদানের প্রশ্ন আসবে। এইরকম যখন-তখন যা-খুশী লোক আসবে এটা আমরা চাই না।

Mr. Speaker : In reply to Shri Biswanath Chakrabarti, if such motion comes before me, certainly, I will give my anxious consideration in the matter for discussion of the role of the newspaper. If such motion comes before me I will, certainly, give my anxious consideration.

শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রীজয়নাল আবেদিন সাহেবের দৃষ্টি আকর্ষণ করছি। কল্যাণী স্পিনিং মিল—এটা একটা রাষ্ট্রায়ত্ত সংস্থা। এই মিলের যেসব কর্মী রয়েছে তাদের দাবীদাওয়া সম্পর্কে মুখ্যমন্ত্রী, মাননীয় মন্ত্রীর কাছে বহু আবেদন-নিবেদন করেছে কিন্তু কোন সুরাহা হয়নি। তিন হাজার কর্মী এখানে কাজ করে। ডি-এ ভেরিয়েশনে তাদের মাইনে কমে কিন্তু যখন বাড়ার দরকার তখন বাড়ে না। তাই সেখানে কর্মীদের পক্ষ থেকে আমরণ অনশন শুরু করেছে। ৩৬ ঘণ্টা হয়ে গেল—এদের জীবন বিপন্ন। এরা গরীব মানুষ। কেন্দ্রীয় সরকার এবং পশ্চিম-বাংলা সরকার অনেক ভাল ভাল কাজ করেছেন ৮·৩৩%। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এদের জন্য কিছু করুন। তারা ম্যানেজিং ডিরেক্টারের কাছে বহু আবেদন-নিবেদন করেছে, আপনার কাছেও আবেদন জানিয়েছে, জয়নাল সাহেবের কাছেও আবেদন জানিয়েছে কোন ফলই হয়নি। আপনারা যদি এর ব্যবস্থা না করেন তাহলে আমি এবং এম এল এ জগদীশবাবু দু'জনেই আগামী ৮ তারিখ থেকে আমরণ অনশন শুরু করবো। অন্যায়ভাবে তাদের ন্যায্য দাবী থেকে বঞ্চিত করা হচ্ছে।

[2-40—2-50 p.m.]

সেইজন্য আমি আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী এবং প্রিয় মন্ত্রীদের কাছে আবেদন জানাচ্ছি দয়া করে শ্রমিক-কর্মচারীদের সামান্য যে ডি-এ বেড়েছে আপনারা এখুনি এটা দেবার বন্দোবস্ত করুন। তা না হলে জনপ্রতিনিধি হিসাবে আমাদের একটা দায়িত্ব আছে, কর্তব্য আছে, আগামী ৮ তারিখ থেকে আমরণ অনশন শুরু করব, তার দায়দায়িত্ব মন্ত্রিসভাকে বহন করতে হবে।

শ্রীজগদীশচন্দ্র দাস : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্য মহাশয় যে বিষয়টি উল্লেখ করলেন সেটা পরশুদিন আমি মেনশন করেছিলাম। সেখানকার শ্রমিকরা আমরণ অনশনের পথে—মাননীয় মন্ত্রী আবেদিন সাহেব আছেন তিনি এই ব্যাপারে আমাদের কাছে কিছু বলুন যাতে করে শ্রমিকদের কাছে গিয়ে আমরা কিছু বলতে পারি—তাদের যে পাওনা মহার্ঘভাতা সেটা ঘোষণা করুন এবং সেটা দিয়ে বলুন অন্যান্য দাবীদাওয়াগুলি দেওয়া হবে, তারা আজকে আমরণ অনশনের পথে—

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় স্পীকার, স্যার, আমি আসানসোল এলাকা থেকে টেলিগ্রাম পেয়েছি সেখানকার প্রচণ্ড জলকষ্ট নিয়ে—স্বাস্থ্যমন্ত্রী এখানে রয়েছেন, টেলিগ্রামটি পড়ছি, আশা করি এই বিষয়ে জবাব পাব।

"Prevailing drought scarcity of water at Asansol—pipelines of water have been damaged at Telejora as a result people of this area facing trouble for want of water. Immediate steps for repair of the pipelines, your presence is indispensible. Price of one bucket of water at Re. 1/- at Asansol town. Water supply system on the verge of collapse."

স্যার, আসানসোল শহরে একটিন জলের দাম এক টাকা। আসানসোল শহরের প্রায় অর্ধেক অংশে জল সরবরাহ হচ্ছে না। আমি এই টেলিগ্রামটি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর

কাছে দিচ্ছি এবং তার কাছ থেকে এই সম্পর্কে বক্তব্য আশা করছি। স্যার, আর একটি টেলিগ্রাম আছে কন্যাপুর পলিটেকনিক সম্পর্কে—সেটা হল,

"120 hours passed, Condition of hunger strikers serious Kanyapur Polytechnic situation grave immediate action solicited."

এখানে মাননীয় শিক্ষামন্ত্রী রয়েছেন, আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি কন্যাপুর পলিটেকনিকের হাঙ্গার স্ট্রাইক সম্পর্কে—এই দুটি টেলিগ্রামই আমি আপনাকে দিচ্ছি।

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীনিরঞ্জন ডিহিদার মহাশয় যেদিন এই সম্বন্ধে বলেন সেই দিন মাননীয় শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় তাঁর মত সমর্থন করে আসানসোল সম্বন্ধে আমাকে জানান তখন তার পরের দিনই ডেপুটি সেক্রেটারি এন কে সাহাকে আসানসোল সাবডিভিশনে পাঠিয়েছিলাম—তিনি ফিরে এসে ইতিমধ্যেই রিপোর্ট দিয়েছেন সেখানে ট্যাঙ্কারে করে জল সরববাহের জন্য প্রতি বছর যা করা হয় তার ব্যবস্থা করা হয়েছে এবং ৪ লক্ষ টাকা ডি-এমকে দেওয়া হয়েছে, যাতে করে যেখানে যেখানে জলের অসুবিধা হচ্ছে সেখানে সেখানে ট্যাঙ্কারে করে জল নিয়ে যেতে পারে। এছাড়া আসানসোলসহ অন্যান্য জেলার মিউনিসিপ্যালিটিগুলিতে যেখানে যেখানে জলের অসুবিধা হচ্ছে সে সম্বন্ধে পুরো রিপোর্ট আমরা ফাইন্যান্স মিনিষ্টারের কাছে পাঠাব এবং আজকেও ক্যাবিনেটে মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে আমরা এই ব্যাপারে ব্যবস্থা নিয়েছি—পুরো রিপোর্ট নিয়ে কালকের মধ্যেই ফাইন্যান্স মিনিষ্টারের কাছে পাঠাচ্ছি, টাকা বরাদ্দ হলেই অন্যান্য জেলার মিউনিসিপ্যালিটিগুলি এবং আসানসোলের ব্যবস্থা নেব। আর পাইপ খারাপ সম্বন্ধে যা বললেন সেটা সম্বন্ধে ইঞ্জিনিয়ারদের কাছে খবর পাঠাব—এখনই এটা বলা সম্ভব নয়।

শ্রীমহম্মদ ইদ্রিস আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি অত্যন্ত ছোট কিন্তু এর গুরুত্ব কম নয়। স্যার, গত ৫ বছর ধরে গ্রামের লোকেরা আজ পর্যন্ত নতুন রেশন কার্ড পায়নি। যাদের ইতিপূর্বে একটাও রেশন কার্ড ছিল না, যাদের পরিবারগুলি পৃথক হয়ে গেছে সেই পৃথক পরিবারের লোকেরা এবং যারা অন্য জায়গা থেকে এসেছে তাদের এ পর্যন্ত রেশন কার্ড দেওয়া হয়নি এবং কিছু কিছু যাদের পুরানো কার্ড ছিঁড়ে গেছে সেগুলিও পরিবর্তন করার মত রেশন কার্ড নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে আমি বহুবার খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। তিনি তাঁর উত্তরে বলেছিলেন সরকারী পয়সার অভাবে নাকি রেশন কার্ড ছাপানো হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, কাজেই যাতে ৩ মাসের মধ্যে এই সমস্ত লোককে নতুন রেশন কার্ড দেওয়া হয় তার ব্যবস্থা করার জন্য আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশচীনন্দন সাউ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই জরুরী বিষয় উত্থাপনকালে আপনার মাধ্যমে মন্ত্রিসভা এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কারণ আজকে আমাদের সরকার গরীব মানুষের স্বার্থে কাজ করছে। আমাদের সরকার কৃষকের স্বার্থে কাজ করছে এবং আমাদের সরকার আজকে প্রকৃত বঞ্চিত মানুষের স্বার্থে কাজ করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে একথা বলতে চাই যে, আমরা লক্ষ্য করছি যে-সমস্ত গরীব চাষী, যারা সত্যিকারের লাঙ্গল কাঁধে কাজ করে, যারা বিপন্ন চাষী তাদের উপর আমাদের সরকারের

পক্ষ থেকে কিছু কিছু কৃষিঋণ এবং গ্রুপ ঋণ দেওয়া হয়। এই ব্যাপারটা আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। এই ঋণ যা আমরা দেখেছি সেটা হচ্ছে মাত্র ৫০ টাকা, ৪০ টাকা, ৩০ টাকা, ২৫ টাকা—এই ধরনের ছোট ছোট লোন দেওয়া হয় গরীব মানুষকে। এই মানুষের লোনগুলি সম্পর্কে আজকে আমি সরকারকে অনুরোধ করবো যে, সরকার সহৃদয়তার সঙ্গে বিচার-বিবেচনা করে এই লোনগুলিকে তুলে নেবেন। তার কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সামান্য লোন, এই লোনকে সাবসিডি হিসাবে সরকারের দেওয়া উচিত আমাদের যদি কৃষককে প্রতিষ্ঠিত করতে হয়। সেই সঙ্গে সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলতে চাই যে, আজকে গ্রামীণ অর্থনীতিকে যদি সুদৃঢ় করতে হয় এবং কৃষকের জীবনকে আরো উন্নত করতে হয় তাহলে এগুলি করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বেও আপনার মাধ্যমে এই বিধানসভায় বলেছিলাম শস্যবীমা এবং বলদবীমা প্রচলনের কথা। আজকে আমাদের সরকারের চিন্তা আছে। গরীব মানুষ এবং কৃষকের স্বার্থে কাজ করার চিন্তা নিয়ে এই সরকারকে এগিয়ে আসতে বলবো এবং অবিলম্বে একটা শস্যবীমা এবং বলদবীমার প্রচলন যাতে করা যায়—কারণ অর্থনীতির বুনিয়াদকে যদি সুদৃঢ় করতে হয়, গ্রামীণ মানুষের জীবনকে যদি সুস্থ করতে হয় তাহলে এটা করার একান্ত প্রয়োজন আছে। এই বিধান-সভার অধিকাংশ সদস্য গ্রামবাংলার। আমি আপনার কাছে প্র্যাকটিক্যাল কথা বলছি যে, বাসমালিকের যদি বাসের ইনসিওর হয়, ট্রাকমালিকের যদি ট্রাকের ইনসিওর হয়, ট্যাক্সি যার আছে তার যদি ট্যাক্সির ইনসিওর হয় তাহলে যারা গরীব মানুষ, গরীব চাষী তাদের বলদের ইনসিওরেন্সের কোন ব্যবস্থা কেন থাকবে না? শস্য ইনসিওরেন্স করার কোন ব্যবস্থা কেন থাকবে না? আমি আপনার মাধ্যমে এই বিষয়টি আমাদের সহৃদয় মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশীষ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এক নম্বর বিদ্যাসাগর ষ্ট্রীট, কলিকাতা-৯-এ পোষ্ট গ্র্যাজুয়েটের একটা হোষ্টেল আছে সেখানে ছাত্ররা থাকে এবং সেখানে কতকগুলি সমাজ-বিরোধী লোক ছাত্রের নাম নিয়ে সুদীর্ঘকাল ধরে আছে এবং পড়ুয়া ছাত্র যারা তাদের উপর বিভিন্ন সময়ে এরা হামলাবাজী করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৩-৩-৭৭ তারিখে এই অশান্তিকারীরা কয়েকজন স্থানীয় লোক নিয়ে সেই হোষ্টেলের ভিতরে ঢোকে এবং সেখানে কর্তব্যরত দারোয়ান কৃপানন্দ ঝা, তাদের বাধা দিতে গেলে তাকে বেপরোয়াভাবে মারে এবং সেই হোষ্টেলের এমন কি শ্রীদেবব্রত বিশ্বাস সেই ঘরের তালা ভাঙতে যায়। সেই সময় আর একজন আবাসিক ছাত্র শ্রীইন্দ্রনাথ মুখার্জী বাধা দিলে থাকে বেপরোয়াভাবে মারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অশান্তি সৃষ্টিকারীদের বিরুদ্ধে অশান্তি সৃষ্টি করার প্রতিবাদে তারা প্রতীক ধর্মঘট করে। কিন্তু তাতে মাননীয় উপাচার্য মহাশয় সেখানে উপস্থিত হন নি।

[2-50—3-00 p.m.]

তারপর তারা অনশন ধর্মঘট করেন এবং অনশন ধর্মঘট করার পর সেখানে উপাচার্য উপস্থিত হন বটে কিন্তু তাদের দাবীদাওয়া কোন কিছু শোনেন না। সেখানে তিনি এমন সুপারিশ করেছেন যে, সেগুলি তাদের দাবীদাওয়ার পরিপূরক নয়। স্যার, অনশন প্রত্যাহার করার পর বাইরের কিছু অশান্তি সৃষ্টিকারী দুর্বৃত্ত সেখানে যায়। সেখানে সোমেন মিত্র এম এল এ

মহাশয়ও যান এবং যারা অশান্তি সৃষ্টি করছে তাদের কোন ক্ষতি হবে না এ ভরসাও সেখানে দেওয়া হয়। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবী, যারা অশান্তি সৃষ্টি করছে, যারা ছাত্র নয় অথচ হোষ্টেলে বসবাসে করছে এবং নিরীহ ছাত্রদের উপর অত্যাচার করছে তাদের হোষ্টেল থেকে বের করে দেওয়া হোক এবং তাদের শাস্তির ব্যবস্থা করা হোক। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবী, বাইরের লোক যারা অশান্তি সৃষ্টি করেছে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা যাতে গ্রহণ করা হয় তার ব্যবস্থা করুন। দেবব্রত, যে তালা ভাঙতে গিয়েছিল, যারা কৃপাসিন্ধুকে মেরেছে, ইন্দ্রনাথ মুখার্জীকে অজ্ঞান করে ফেলে দিয়েছিল তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবার দাবী জানাচ্ছি।

শ্রীলালচাঁদ ফুলমালি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ঘটনার প্রতি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকা ময়ূরেশ্বর থানার একটি জায়গায় গত তিন তারিখে একজন গরিব প্রান্তিক চাষীর বাড়ীতে ঋণ আদায় করতে গিয়ে সেখানে কিছু না পেয়ে তার বাড়ীর দরজা দুটিই খুলে নিয়ে চলে এসেছে। স্যার, সেই গরিব লোকটি এখন ঘুরে বেড়াচ্ছে পুলিশ এবং সরকারী কর্মচারীদের অত্যাচারের হাত থেকে বাঁচবার জন্য। এখানে কংগ্রেসের অনেক মাননীয় সদস্যও বলেছেন যে, এই গরিব কৃষকদের ঋণ মকুব করা হোক। একটু আগেই বীরভূম জেলার শচীনন্দনবাবু বললেন, এই গরিব প্রান্তিক চাষীদের ঋণ মকুব করা হোক। স্যার, আমিও দাবী করছি, খরাপীড়িত বীরভূম জেলা, যেখানে শস্যহানি হয়েছে সেখানকার গরিব কৃষকদের ঋণ আদায়ের নামে জুলুমের হাত থেকে রক্ষা করা হোক এবং যাতে ঐ ঋণ মকুব করা হয় তার ব্যবস্থা করা হোক।

শ্রীপ্রেম ওরাঁও ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইমারজেন্সীর সময় চা-বাগান ওয়ার্কার্স ইউনিয়নের যে-সমস্ত কর্মীকে মিসাতে আটক করা হয়েছিল তারা এখনও রেহাই পায়নি। স্যার, তাদের বাড়ীর অবস্থার কথা আমরা জানি এবং জানি পরিস্থিতি কোন দিকে যাচ্ছে। আমার দাবী, এই পরিস্থিতিতে তাদের অবিলম্বে রেহাই দেওয়ার ব্যবস্থা করা হোক। যারা সত্যিকারের ট্রেড ইউনিয়ন করেন তাদের কেন রেহাই দেওয়া হচ্ছে না আমি বুঝতে পারছি না। মন্ত্রিসভার কাছে আবার আমি দাবী করছি, অবিলম্বে তাদের রেহাই দেওয়া হোক।

শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বীরভূম জেলার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, গত বৎসর বৃষ্টির অভাবে জলসেচ প্রায় হয়নি এবং অনেক আগে থেকেই পুকুর-ডোবা ইত্যাদি শুষ্ক হয়ে গিয়েছিল। স্যার, বর্তমানেও গ্রামে-গঞ্জে যে-সমস্ত কুয়ো ছিল সেগুলির অধিকাংশ শুকিয়ে গিয়েছে। গ্রামের দু'-একটি কুয়োতে যেখানে জল আছে সেখানে গ্রামের অধিকাংশ ছেলেমেয়েরা গিয়ে ভিড় করছে। তাছাড়া স্যার, আমার নির্বাচন এলাকা গড়বেতা এবং চন্দ্রকোনা রোডে যে দুটি ওয়াটার সাপ্লাই স্কীম স্যাংশন হবার কথা ছিল আজ পর্যন্ত তার কোন কাজ আরম্ভ হয়নি। ফলে স্যার, পানীয় জলের ব্যাপারে একটা ভয়াবহ সমস্যা দেখা দিয়েছে। স্যার, আপনার মাধ্যমে পানীয় জলের বিভিন্ন ব্যবস্থা করার জন্য মন্ত্রিসভার কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলতে চাইছি সেটা সারা পশ্চিমবাংলার একটি গুরুত্বপূর্ণ ব্যাপার। স্যার, বর্তমান সময়ে বিভিন্ন জায়গাতে যে পঞ্চায়েত ট্যাক্স বসেছে সে সম্পর্কেই আমি বলতে চাইছি। প্রাইমারী স্কুলের শিক্ষকদের

আয়ের উপর, সেকেণ্ডারী স্কুলের শিক্ষকদের আয়ের উপর, জমির আয়ের উপর, বাড়ী আয়ের উপর নতুন করে ট্যাক্স বসানো হয়েছে। স্যার, গত বছর যে ট্যাক্স ছিল তা চেয়ে এবারে কোথাও তিনগুণ, কোথাও দশগুণ ট্যাক্স বেড়েছে। শিক্ষক, যাঁরা চাকরি করেন, যাঁরা একবার ট্যাক্স দেন, আয়কর যাঁরা দেন, তাঁদের উপর আবার ট্যাক্স বসানো হয়েছে। তাই পঞ্চায়েত বিভাগকে স্যার, আপনার মাধ্যমে বলতে চাই, অবিলম্বে এই যে আইনী ট্যাক্স—এই বর্ধিত ট্যাক্স যা এ-বছর ধার্য করা হয়েছে—৫/৬ গুণ বেশী করা হয়েছে সেগুলি অবিলম্বে বন্ধ করুন। স্যার, আপনি জানেন, সুন্দরবন এবং অন্যান্য কয়েকটি জেলাতে এমন অনেক এলাকা আছে যেখানে খরা হয়েছে। স্যার, এই খরা এলাকার লোকেরা আজ এই ট্যাক্সের বোঝা বইতে পারছে না।

শ্রীচন্দ্রকুমার দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের চুঁচুড়ার ইমামবাড়া হাসপাতালে ডাঃ পি কে সেন বলে একজন ডাক্তারবাবু আছেন। স্যার, এই ডাঃ পি কে সেনের ট্রান্সফারের অর্ডার বারবার হওয়া সত্ত্বেও তিনি সেখান থেকে যাচ্ছেন না। এখন আমরা আবার জানতে পারলাম সেই ডাঃ পি কে সেনের বীরভূমে ট্রান্সফারের অর্ডার হয়েছে কিন্তু সেই অর্ডারকে ক্যান্সেল করানোর চেষ্টা চলছে। ঐ ডাক্তারবাবু সেখানে ৭ বছর ধরে আছেন সেখানে তাঁর ডাক্তারী চিকিৎসা সম্বন্ধে পাবলিকের বিভিন্ন অভিযোগ থাকা সত্ত্বেও তাঁকে সেখানে রাখার ব্যবস্থা করা হচ্ছে। তিনি নন-প্রাকটিসিং এ্যালাউন্স নেন অথচ সেখানকার হেল্থ হোমে চাকরি করেন। আমি সেখানকার এম এল এ হিসাবে পাবলিকের কাছ থেকে যে-সমস্ত অভিযোগ পেয়েছি তার ভিত্তিতে আমি চেয়েছিলাম তাঁকে সেখান থেকে ট্রান্সফার করা হোক। আমি আমার বক্তব্য পরিষ্কারভাবে রাখা সত্ত্বেও সেই ডাঃ পি কে সেনকে সেখানে রাখার ব্যবস্থা করা হচ্ছে। স্যার, আমি পরিষ্কারভাবে বলতে পারি, সেখানে ডাঃ পি কে সেন হাসপাতালের কয়েকজন ডাক্তার এবং কিছু কর্মচারী মিলে একটা চক্রের সৃষ্টি করে সেই চক্রের মাধ্যমে হাসপাতালের ঔষধ বিক্রির ব্যবস্থা করেছে এই রকম খবর আমি পেয়েছি। তাই স্যার, আমি দাবী করছি, সেই ডাক্তার পি কে সেনকে বদলি করা হোক এবং ঐ চক্র খুঁজে বের করা হোক। ঐ ডাঃ পি কে সেন অর্থসংগ্রহের জন্য সেখানে চোরাকারবারী করছে এই অভিযোগ আমি আনছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে পরিশেষে আমি পুনরায় দাবী করছি, এই রকম দুষ্টচরিত্রের ডাক্তারকে সেখান থেকে অবিলম্বে বদলি করা হোক।

শ্রীজয়রাম সোরেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকার কথা আমি গতবারেও বলেছি, এবারে আবার বলছি। স্যার, ওখানে ২০/২১টি মৌজায় মোটেই জল নেই অথচ সেখানে সরকারী লোন ও খাজনা আদায়ের জন্য দারুণভাবে চেষ্টা করা হচ্ছে। আপনারা সকলেই জানেন, আমি গতবারেও বলেছি, আমাদের ঐ ঝাড়গ্রাম মহকুমাতে প্রতি বৎসরই শুখা যায়। এ বৎসরও বৃষ্টি হয়নি। বৃষ্টির অভাবে পানীয় জলের সঙ্কট অত্যন্ত বেড়েছে। যাতে কূপগুলি সংস্কার করে অবিলম্বে পানীয় জলের ব্যবস্থা করা যায় এবং ঝরণা, খানাগুলি বেঁধে চাষীদের জল দেবার ব্যবস্থা করা যায় তার দ্রুত ব্যবস্থা করার জন্য আমি মন্ত্রিসভার কাছে অনুরোধ রাখছি। স্যার, লোককে খাদ্য দিতে পারি আর না পারি তাদের পানীয় জল তো দিতেই হবে। অথচ স্যার, সেই পানীয় জলের অভাবে তারা হয়রাণ হচ্ছে। এ ব্যাপারে আশু সুব্যবস্থা যাতে হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীবীরেশ্বর রায় ঃ স্যার, পশ্চিমদিনাজপুর জেলার প্রাক্তন শিবির কর্মচারীরা আজ প্রায় ৫০ দিন যাবৎ কর্মের জন্য অবস্থান ধর্মঘট করছেন। আজ দীর্ঘদিন যাবৎ এদের কোন ব্যবস্থা করা হচ্ছে না। গত ৪-১-৭৭ তারিখে মুখ্যমন্ত্রীর নিকট এদের হয়ে একটা স্মারকলিপি পেশ করেছিলাম, তখন তিনি তাঁদের বলেছিলেন কিছু কিছু লোকের চাকরীর ব্যবস্থা হবে। কিন্তু এখনও পর্যন্ত কিছু হয়নি। আমাদের ডি-এম এদের চাকরীর জন্য একটা লিস্ট তিস্তা প্রকল্পের সুপারিনটেনডেণ্ট ইঞ্জিনীয়ারের কাছে পাঠিয়েছিলেন। এটা কোন্ আদেশবলে তিনি সেখানে পাঠালেন আমরা তার কিছু জানি না। এঁরা সব একটা বিভ্রান্তির মধ্যে পড়ে আছেন। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে বলব তিনি যেন এদের বলেন অবস্থান ধর্মঘট তুলে নেন এবং তাঁদের জন্য চাকরীর ব্যবস্থা হবে এই আশ্বাস যেন দেন। এই দাবী তাঁর কাছে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকৃষ্ণপদ রায় ঃ স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৪ মার্চ থেকে হাওড়া পৌরসভার একশ্রেণীর শ্রমিক-কর্মচারী বে-আইনী ধর্মঘটের জন্য হাওড়া শহরাঞ্চলের কয়েক লক্ষ মানুষ যন্ত্রণার মধ্যে আছে এবং পল্লীতে পল্লীতে জঞ্জালের পাহাড় জমে আছে। সংবাদপত্রেও বলেছে হাওড়া শহর নরককুণ্ডে পরিণত হয়েছে। কিন্তু এই শ্রেণীর কর্মচারীরা মাসিক বেতন পরিশোধ করার পর কি কারণে তারা গত ২৪ তারিখ থেকে কাজ বন্ধ করে দিয়ে শহরের মানুষকে মহামারীর সামনে ঠেলে দিচ্ছে সেটা জিজ্ঞাস্য ? এ-বিষয়ে আমরা সব চিন্তিত। আশা করব সরকার এ বিষয়ে দৃষ্টি দিয়ে হাওড়া শহরের মানুষকে যন্ত্রণার হাত থেকে মুক্ত করবেন।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ স্যার, কোলকাতার কাছে গার্ডেনরীচ মিউনিসিপ্যালিটি বটতলা থেকে জলের যে পাম্পিং স্টেশন ছিল সেটা খারাপ হয়ে গেছে। এর ফলে গত কয়েকদিন ধরে সেখানকার প্রায় ২০ হাজার লোক জলকষ্টে ভুগছে। সেখানকার মিউনিসিপ্যালিটির কোন নলকূপ নেই। সেখানে যে-সমস্ত কাছাকাছি পুকুর আছে তার জল ব্যবহার করা উচিত নয়। আস্তে আস্তে সেগুলিও শুকিয়ে যাচ্ছে। ঐ পাম্পিং স্টেশনের সমস্ত যন্ত্রপাতি এমন খারাপ হয়েছে যে, সেখানকার ইঞ্জিনীয়ার এস্টিমেট দিয়েছেন তাতে ৪০ হাজার টাকা যদি না দেওয়া যায় তাহলে সেটাকে সারানো যাবে না। কিন্তু সেই টাকা মিউনিসিপ্যালিটির নেই এবং তারা কবে পাবে তাও ঠিক নেই। আবার মিউনিসিপ্যালিটি যদি পায় সেই ৪০ হাজার টাকা নিয়ে কবে টেণ্ডার বিলি করে মেরামত করবে তার কোন ঠিক নেই। সেদিকে লক্ষ্য করে এখুনি সেখানকার ২০ হাজার লোকের জলকষ্ট দূর করার জন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅনন্তকুমার ভারতী ঃ স্যার, কোলকাতার পৌরসভা যে কত কর্মতৎপর সে বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রিসভায় দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৬৮ সালে যখন শ্রীগোবিন্দ দে মেয়র ছিলেন তখন আমাদের এলাকা মানিকতলায় একটা চেষ্ট ক্লিনিক তৈরী করা হয় এবং দীর্ঘদিন বাদেও সেই চেষ্ট ক্লিনিক এখনও খোলা হয়নি। আমি স্বাস্থ্যমন্ত্রীকে এ বিষয়ে বহুবার টেলিফোন করেছি, নিজে হপ্তায় একদিন করে গেছি। টেন ইয়ারর্স বাড়ী তৈরী হয়ে পড়ে আছে। আজও সেই বাড়ী ওপেন হয়নি। সমস্তরকম মেশিনারী, ডাক্তার এ্যাপয়েণ্টমেণ্ট, স্টাফ দরকার—সমস্তরকম এ্যাপয়েণ্টমেণ্ট হয়েছে। অথচ সেই চেষ্ট ক্লিনিক আজ পর্যন্ত খোলা হয়নি। আমি আপনার

মাধ্যমে মন্ত্রিসভায় দৃষ্টি আকর্ষণ করছি যাতে এখানে চেষ্ট ক্লিনিক খুলে ঐ অঞ্চলের যারা গরী মানুষ তাদের সুবিধা করা হয়।

[3-00—3-10 p.m.]

শ্রীললিতমোহন গায়েন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তর ২৪-পরগণায় কল্যাণী স্পিনি মিলে চলছে আমরণ অনশন এবং দক্ষিণ ২৪-পরগণার বারুইপুর এবং যাদবপুরে কৃষ্ণা গ্লাসে চলছে অনশন। তাদের দাবী হচ্ছে ৩ দফা এবং তার মধ্যে আছে বেতন বৃদ্ধি না করে পূজ এ্যাডভ্যান্স কাটা বন্ধ, ঘরভাড়া প্রত্যেক শ্রমিককে দিতে হবে এবং অন্তর্বর্তীকালীন ভাতা দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালের নির্বাচনে জয়লাভ করবার পর আমি প্রথম যেদি এই পবিত্র বিধানসভায় বক্তব্য রেখেছিলাম তখন আমি বলেছিলাম যে, বন্ধ হয়ে যাওয়া কৃষ্ণ গ্লাসের দরজা খুলতে হবে। ১৯৬৯ সালে এই কৃষ্ণা গ্লাস বন্ধ হয়ে যায়। তার আগে পর্যং এই কৃষ্ণা গ্লাস শুধু আমাদের পশ্চিমবাংলাতেই নয়, ভারতবর্ষের মধ্যে এবং ভারতবর্ষের বাইরে মাল রপ্তানি করে যথেষ্ট সুনাম অর্জন করেছে। ইরাণ, টার্কি, থাইল্যাণ্ড এবং পাকিস্তানে প্রচু মাল রপ্তানি হোত এই কৃষ্ণা গ্লাস থেকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৩ সালের ১৯শে মা মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে, কেন্দ্রীয় সরকার এখানে বোর্ড অব ম্যানেজমেণ্ট এব বোর্ড অব ডাইরেক্টর্স এ্যাপয়েণ্ট করেছেন এবং এখানে ১ কোটি ৬০ লক্ষ টাকা দেওয়া হল এখানে যে বোর্ড অব ডাইরেক্টর্স গঠন করা হল সেই বোর্ড অব ডাইরেক্টর্সে যাঁরা সদস্য ছিলেন তাঁদের মধ্যে একজন হচ্ছেন এ বসু, রিটায়ার্ড আই এ এস, আর কে ভট্টাচার্য, আই এ এস এব পি আর গুহমজুমদার, আই এ এস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কৃষ্ণা গ্লাসের শ্রমিকদের কথ চিন্তা করবার জন্য আমি আপনার মাধ্যমে এই বক্তব্য রাখলাম।

শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন পশ্চিমবঙ্গের মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত মানুষ প্রধানত ধানের উপর নির্ভরশীল। কিন্তু অবস্থা যা দাঁড়িয়েছে তাতে পশ্চিমবাংলার ধানচাষীরা আজকে ধানচাষ করতে নিরুৎসাহ হয়ে পড়ছে এবং এই অবস্থা গত কয়েকবছর ধরেই চলছে। আজকে ধান উৎপাদনের ক্ষেত্রে জমির খাজনা, সারের বর্ধিত মূল্য, বর্গাদার আইন কৃষিমজুর আইন এবং তারপর ধান উৎপাদনের খরচ এরকম একটা জায়গায় এসেছে যাতে করে পশ্চিমবাংলার মধ্যবিত্ত এবং নিম্ন-মধ্যবিত্ত চাষীরা আর ধান উৎপাদন করতে ভরসা পাচ্ছে না। আজকে চাষীরা নিজেদের কাছে এবং আমাদের কাছে প্রশ্ন করছে কেন আপনারা আমাদের ধান চাষ করতে বলেন এবং কিভাবে আমরা ধানচাষ করব বলতে পারেন? আজকে যে অবস্থ সৃষ্টি হয়েছে তাতে তারা ধান উৎপাদন করতে নিরুৎসাহ বোধ করছে এবং সেইজন্য আমি সরকারের কাছে অনুরোধ করছি পশ্চিমবাংলায় ধানের বিক্রয়মূল্য কুইণ্টল প্রতি ১১৫ টাকা কর হোক এবং কেন্দ্রীয় সরকারকেও এই ১১৫ টাকা নির্ধারণের ব্যাপারে অনুরোধ করা হোক এই ব্যবস্থা যদি না হয় তাহলে পশ্চিমবাংলার ধান উৎপাদন ব্যাহত হবে এবং পশ্চিমবাংলার মধ্যবিত্ত এবং নিম্ন-মধ্যবিত্ত চাষী আর ধান উৎপাদন করবে না। আজকে ধানচাষীরা দিনের পর দিন নানারকম কষ্টভোগ করছে কাজেই তাদের রক্ষা করা উচিত। আমি আবার অনুরো জানাচ্ছি ধানচাষীদের অবস্থা বিবেচনা করে ধানের বিক্রয়মূল্য ১১৫ টাকা থেকে ১২০ টাকা করার ব্যবস্থা করুন।

শ্রীঅশ্বিনী রায় : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার আউসগ্রাম থানাটি অনুন্নত এলাকা। এখানে শতকরা ৩৫ ভাগ আদিবাসী এবং তপশীলজ াতি বাস করে। এই তপশীল এবং আদিবাসী এলাকায় বাস্তাঘাটের কোন যোগাযোগ নেই এবং এই তপশীল এবং আদিবাসীরা রাজনৈতিকভাবে বিভ্রান্ত। এখানে ৯ মাস আগে কোন প্রশাসন ছিল না এবং এটা একটা জঙ্গলমহলে পরিণত হয়েছিল। এখানে ৩০/৩২টি খুন হয়েছে এবং এঁরা নকশাল ইডিওলজিতে চলে গেছে। এই অবস্থা বিচার করে রাজ্যপাল তাঁর ভাষণে এই জঙ্গলমহলের উন্নয়নের জন্য বিশেষ দৃষ্টি দিয়েছেন। বর্তমানে ওখানে কোন হাসপাতাল নেই এবং এই জায়গাটি বর্ধমান থেকে ৪০ মাইল দূরে। ওখানকার অবস্থা চিন্তা করে আমি অনুরোধ জানাচ্ছি গুসকরার স্বাস্থ্যকেন্দ্রটি যেন ৫০টি বেডে উন্নীত করা হয়।

[3-10—3-20 p.m.]

শ্রীমহাদেব মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার এলাকার একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে উল্লেখ করতে চাই। আমাদের এলাকায় ভয়ানক জলকষ্ট শুরু হয়েছে এবং দেখা যাচ্ছে গ্রামের অনেক নলকূপ অকেজো হয়ে গেছে। জনসাধারণের এই নিদারুণ জলকষ্ট হওয়া সত্ত্বেও এই নলকূপগুলোর কোন সংস্কার করা হচ্ছে না। আমার দাবী হচ্ছে এই নলকূপ-গুলোর পুরানো প্রথা বাতিল করে সিলিণ্ডার সিস্টেম চালু করা হোক। বর্তমানে যে নলকূপগুলো আছে সেগুলো ১/২ বছর পরই নষ্ট হয়ে যাচ্ছে কাজেই ওই সিলিণ্ডার সিস্টেম চালু করা ছাড়া আর কোন পথ নেই। আমাদের ওখানকার নলকূপগুলোয় যাতে অবিলম্বে এই সিলিণ্ডার সিস্টেম চালু করা হয় তার জন্য আমি সরকারের কাছে অনুরোধ রাখছি।

শ্রীবলাইলাল শেঠ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভা এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। অনেকদিন আগে হুগলী জেলার বেকার যুবক যারা ছিল তারা প্রাথমিক শিক্ষক পদের জন্য দরখাস্ত করেছিল এবং তার মধ্যে তপশীল জাতি, উপজাতি এবং বেসিক ট্রেনিং পাশ ছিল এবং তাদের ইণ্টারভিউ নিয়ে আমরা সমস্ত কাগজপত্র ডি আই-র মাধ্যমে ডি পি আই-র কাছে পাঠিয়েছিলাম। কিন্তু আজ পর্যন্ত দেখছি কোন কাজ হল না। তারপর, প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের জন্য ডিষ্ট্রিক্ট প্ল্যানিং কমিটি, সিডিউল্ড কাস্ট কমিটি এবং স্কুল বোর্ড এ্যাডভাইসরি কমিটির পক্ষ থেকে যেগুলোকে পাঠানো হয়েছে সেখানে দেখছি কোন না কোন অজুহাত দেখিয়ে সেই স্কুলগুলোকে বাতিল করা হয়েছে। আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ রাখছি যথাযথভাবে এই বিদ্যালয়গুলোর অনুমোদনের ব্যবস্থা করুন এবং শিক্ষক পদের জন্য দরখাস্ত করে যারা হতাশায় ভুগছে তাদের ব্যবস্থাও করুন।

শ্রীনরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের গ্রামাঞ্চলে গমের দাম পড়ে যাওয়ায় চাষীরা ভয়ানক কষ্টের সম্মুখীন হয়েছে। আপনারা জানেন বর্তমান চাষের যে পদ্ধতি আছে তাতে এক কুইণ্টল গম তুলতে ১০৫ টাকা থেকে ১১৫ টাকা খরচ পড়ে অথচ আজকে গ্রামবাংলায় গমের দাম ৯০ টাকা থেকে ১০০ টাকা অর্থাৎ এই দামেই গ্রামবাংলায় আজকে গম বিক্রি হচ্ছে। আপনারা জানেন এই সময় চাষীদের দেনা শোধ করতে হয় এবং তার জন্য তারা ডিষ্ট্রেস সেল করতে বাধ্য হয়। আমরা জানি সরকারী নির্ধারিত দাম হচ্ছে ১০৫ টাকা, কিন্তু এই ১০৫ টাকায় গম কেনার কোন ব্যবস্থা নেই। এই পরিস্থিতিতে আমি

চাষীদের দুরবস্থার হাত থেকে বাঁচাবার জন্য অনুরোধ করছি কো-অপারেটিভ সোসাইটি মাধ্যমে বা এফ সি আই-র মেশিনারি দিয়ে বা খাদ্যদপ্তরের মাধ্যমে সরকার নির্ধারিত দা গম কেনার ব্যবস্থা করুন।

শ্রীসুকুমার ব্যানার্জী ঃ মাননীয় স্পীকার মহাশয়, জনতা পার্টির কাঁধে চড়ে মার্কসবা কমিউনিষ্ট পার্টি ইউনিয়ন নতুন করে পুনর্বাসন শুরু করেছে এবং গান্ধীবাদী জনতাদর্শনে সঙ্গে মার্কসবাদী মহাভারতের বাসরশয্যা পূর্ণ না হতেই মার্কসবাদীরা গান্ধীবাদীসমেত উপরে গাঁটছড়াটিও তালাক দিতে শুরু করেছে। স্যার, একটা ঘটনার খবর আপনাকে বলছি, হুগলি জেলার রিসড়ায় জয়শ্রী টেক্সটাইল যেখানে প্রায় ৫ হাজার শ্রমিক কাজ করেন এবং যে কারখানা বছরে ৩।। কোটি টাকা বৈদেশিক মুদ্রা অর্জন করে, সেই কারখানাটি বন্ধ হতে চলেছে। বিড়লাদে ঐ কারখানায় গত তিন তারিখে ডাবলিং ফ্রেম বলে একটা ডিপার্টমেণ্ট আছে সেখান থেকে ডাবলিং ফ্রেম ডিপার্টমেণ্টের মেশিন এক ঘর থেকে অন্য ঘরে নিয়ে যাওয়া হবে সেই সিদ্ধান্তে বিরুদ্ধে প্রতিবাদ করে মার্কসবাদী ইউনিয়ন সিদ্ধান্তকে প্রতিরোধ করে এবং সেখানকার কর্মচারীদে ঘেরাও করে এবং হিংসাত্মক কার্যকলাপে লিপ্ত হয় এবং যে-সমস্ত কর্মচারীরা কাজ করতে চা তাদের কাজে বাধা দেওয়া হয়। সেখানে আই এন টি ইউ সি এবং সি পি আই পরিচালি ইউনিয়ন আছে তারা কিন্তু এটা ভাল করে জানেন যে ডাবলিং ফ্রেম ডিপার্টমেণ্টে ডাবলি ফ্রেম যে মেশিন আছে, একঘর থেকে অন্য ঘরে নিয়ে গেলে বেতনের হ্রাস বৃদ্ধি হচ্ছে না কোন ইনসেনটিভও কাটা যাচ্ছে না, কোন বোনাসও নষ্ট হচ্ছে না কেবলমাত্র উৎপাদনে স্বার্থে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল কিন্তু এখন স্যার, মার্কসবাদী কমিউনিষ্ট পার্টিতে বিপ্লবী জোয়ারের এক ঢল নেমেছে এবং তারা তাই বহুদিন পরে একটা আন্দোলন করার সুযোগ পেয়ে জয়শ্রী টেক্সটাইল কারখানাকে বন্ধ করার চেষ্টা করছেন। এবং জয়শ্রী টেক্সটাইলের আরেকটা ডিপার্টমেণ্ট আছে সেখানে প্রায় দুই হাজার কর্মচারীকে তারা কাজ করতে দিচ্ছেন না এবং এখন এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যার ফলে ৫ হাজার কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল ৩০ হাজার লোকের উপর দারিদ্র্যের অন্ধকার নেমে আসছে এবং যে-কোন মুহূর্তে ঐ কারখানাটি বন্ধ হয়ে যেতে পারে। স্যার, গতকাল সেই কারখানার কয়েকজন শ্রমিক আমার সঙ্গে দেখা করে গেছেন এবং তাঁরা পরিষ্কারভাবে বলে গেছেন যে, মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি পরিচালিত সিটু ইউনিয়ন রিসড়ার জয়শ্রী টেক্সটাইলে যে কর্মপন্থা গ্রহণ করেছেন তার ফলে মালিকপক্ষ ছাঁটাই করার সুযোগ পাবে—বছরে যে ৩।। কোটি টাকার মুদ্রা আয় করে তা বন্ধ হয়ে যাবে। স্যার, এখানে শ্রমদপ্তরের মন্ত্রী মহাশয় এখন উপস্থিত নেই সেজন্য আপনার মাধ্যমে আমি তাকে জানাতে চাই যাতে এই কারখানা বন্ধ না হয় এবং উৎপাদন যাতে বন্ধ না হয় তার জন্য আপনি ব্যবস্থা গ্রহণ করবেন। স্যার, ভারতের প্রধানমন্ত্রী মোরারজী দেশাই যে শিল্পে শান্তি রক্ষার কথা বলেছেন সেখানে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির ইউনিয়ন এই বৃহৎ শিল্পকে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছেন তাকে প্রতিহত করবার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে দাবী রাখছি।

শ্রীতুহিনকুমার সামন্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ের প্রতি, স্যার, সারা রুরাল লাইব্রেরী এবং ডিষ্ট্রিক্ট লাইব্রেরীর কর্মচারীরা যারা দীর্ঘদিন ধরে বঞ্চিত তারা তাদের বিভিন্ন দাবীদাওয়ার ভিত্তিতে দুইদিন ধরে অবস্থান ধর্মঘট করছে এবং আজকে তাদের প্রতিনিধিরা শিক্ষামন্ত্রীর

কাছে এসেছে তাদের দাবীদাওয়ার কথা জানাতে। তাদের দাবীর মধ্যে বেতনের পুনর্বিন্যাস আছে, পেনশন-গ্র্যাচুইটি এবং মেডিক্যাল এবং বাড়ীভাড়া ভাতা ইত্যাদি আছে। শুধু তাই নয় তাদের দাবী কন্টিনজেন্সি ৫২ সালে যা ছিল দুই হাজার টাকা এখনও তাই আছে এবং প্রত্যেক বছর লাইব্রেরীর বই কেনার জন্য যে তিন হাজার টাকা তারা পেত এখনও তাই আছে। স্যার, তাদের দাবী হচ্ছে যে, মাননীয় শিক্ষামন্ত্রী যেন এই সমস্ত জিনিস মেনে নেন। আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব যে, অবিলম্বে এর একটা ব্যবস্থা গ্রহণ করুন।

[3-20—3-30 p.m.]

শ্রীসরোজ রায়ঃ স্পীকার, স্যার, আপনার অনুমতি নিয়ে একটা জরুরী কথা এখানে রাখছি। কতকগুলি আদিবাসী এবং সিডিউল্ড ক্যাস্টের লোক তারা মেদিনীপুর থেকে এখানে দৌড়ে এসেছে। একটি ব্যাপার হয়েছে—যে-সমস্ত প্রাইভেট ফরেষ্ট ছিল কিছুকাল আগে সরকার প্রাইভেট ফরেষ্ট এ্যাক্ট করে সেইসব প্রাইভেট ফরেষ্ট নিয়ে নিয়েছেন এবং তার সঙ্গে হাজার হাজার বিঘা যেসব ভাঙা-ডহর ছিল তাও প্রাইভেট ফরেষ্ট বলে নিয়ে নেওয়া হয়েছে। সেই সমস্ত জায়গায় যে-সমস্ত আদিবাসী, সিডিউল্ড কাষ্ট বসবাস করছিল একশ'-দেড়শ' বৎসর ধরে, যারা সেখানে কদু, বুদলু, গম ইত্যাদি চাষ করে সংসার চালাতো, এখন ফরেষ্ট ডাইরেক্টরেট থেকে তাদের সমস্তকে জোরজুলুম করে সেখান থেকে দূর করে দেওয়া হচ্ছে। তারা এখন গৃহহীন হয়ে যাচ্ছে, জমিহীন হয়ে যাচ্ছে এবং তাদের উপর অকথ্য অত্যাচার শুরু হয়েছে। যার ফলে সারা মেদিনীপুর জেলা বিশেষ করে ঝাড়গ্রাম মহকুমায়—সেখানকার যিনি এখানে আছেন তিনিও বলতে পারেন, একটা প্রচণ্ড বিক্ষোভ দানা বেঁধে উঠেছে। দ্বিতীয়ত, ফরেষ্টের আয় বাড়াবার নাম করে ঝাঁটি, শালপাতা, গরু চরানোর উপর ট্যাক্স নেওয়া শুরু করেছেন যার ফলে সেখানকার গরীব মানুষদের উপর একটা প্রচণ্ডভাবে অত্যাচার শুরু হয়েছে। সেইজন্য আমি আজকে চিফ মিনিষ্টারের কাছে এ্যাপিল করছি, তিনি তো বুঝতে পেরে গ্রামীণ অর্থ-নৈতিক উন্নতির দিকে চেয়ে রেণ্ট, ওয়াটার রেট ইত্যাদি এখন কমাচ্ছেন, তখন এই ফরেষ্ট সম্পর্কে ঐ যারা ভাঙা-ডহরে এতদিন ধরে বাসবাস করে আসছে তাদের ঐ যে অধিকার, চাষ-বাস করার যে সমস্ত অধিকার তা তাদের দিতে হবে। যারা এ্যাবলিশ্‌ট ১৯৬৯ সাল পর্যন্ত বসবাস করে এসেছে তাদের সেই অধিকার দিতে হবে। কারণ '৬৯ সালে সেই সময় গভর্ণমেণ্ট একটা সার্কুলার দিয়েছিল যে, যে-সমস্ত লোক '৬৯ সাল পর্যন্ত ওখানে ছিল, যে-সমস্ত গরীব মানুষ যারা জঙ্গল, ডাঙা, ডহরে এতদিন ধরে বসবাস করে আসছিল তাদের সেখানে থাকতে দেওয়া হোক। যারা যে-সমস্ত জঙ্গলে গরু চরাতো তাদের ট্যাক্স মকুব করা হয়েছিল। সেখানে কৃষকেরা জঙ্গলের আকাট, পাতা, ফলমূল, মহুয়া ইত্যাদি যাতে পায় তার ব্যবস্থা না করলে ঐ সব জঙ্গল অঞ্চলে একটা প্রচণ্ড বিক্ষোভ দানা বাঁধবে। তাই আমি আপনার মাধ্যমে এটা মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেবঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও আপনার মাধ্যমে এটা মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। সরোজবাবু এখানে যে প্রস্তাব দিয়েছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব। আমরা যারা গ্রামাঞ্চলে থাকি আমরা দেখেছি যে বহু মানুষ এই ফরেষ্ট ডিপার্টমেণ্টের অত্যাচারে, অবিচারে গৃহহারা হচ্ছে, তাদের উপর জুলুম হচ্ছে। এই ব্যাপারে একটা বিস্তৃত আলোচনা হওয়া দরকার এবং আমি অনুরোধ করবো যে, এই সমস্ত মানুষদের যাতে বিহিত হয় সেই ব্যাপারে সরকার দৃষ্টি দেবেন।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, '৭৪ সালে সরকারী ডাক্তার ও ইঞ্জিনীয়ারদের যে আন্দোলন হয় সেই সময় মুখ্যমন্ত্রীর সঙ্গে একটা লিখিত চুক্তি হয়েছিল। কিন্তু তারপরেই অজয় মুখার্জী কমিটির রায়ের পর এই চুক্তির শর্তগুলি অস্বীকার করা হয়। চুক্তি ছিল ধর্মঘটী ডাক্তারদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না, নো এ্যাকশন উইল বি টেকেন এগেনষ্ট ষ্ট্রাইকিং ডক্টরস এ্যাণ্ড ইঞ্জিনীয়ার্স, কিন্তু জরুরী অবস্থায় ক্ষমতার সুযোগ নিয়ে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় ডাক্তারদের উপর অত্যাচার শুরু করলেন এবং করছেন। বাধ্যতামূলক অবসর গ্রহণ, চাকরী থেকে বরখাস্ত, সুপারসেশন ইত্যাদি করতে শুরু করলেন। আমি এখানে মাত্র কয়েকটি উদাহরণ দেবো কারণ কতকগুলি কেস হাইকোর্টে আছে সেগুলি বলতে চাই না। ডাঃ কালীনাথ ভট্টাচার্য, প্যাথলজিষ্ট, সৎ এবং নন-প্র্যাকটিশিং ডাক্তার এবং জনপ্রিয় শিক্ষক, তাকে বাধ্যতামূলক অবসর করিয়ে দেওয়া হয়েছে। ডাঃ সুভাষ চক্রবর্তী, এ্যাসোসিয়েশনের সেক্রেটারী হিসাবে কাজ করার জন্য এর বিরুদ্ধে চার্জসিট দেওয়া হয়েছে। ডাঃ পূর্ণিমা গুপ্ত ও ডাঃ প্রভা দত্ত, অন্যায়ভাবে এদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় অপমান করেন এবং এই অন্যায়ের বিরুদ্ধে প্রটেষ্ট করার জন্য তাদের অধস্তন পদে বদলি করেন। এদের মধ্যে একজন হাইকোর্টের প্রার্থী হলে এই অন্যায় আদেশ প্রত্যাহৃত হয়। ডাঃ মহম্মদ আবতাব উদ্দিন কাটোয়ায় ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশনের রাজ্য সম্মেলনে সক্রিয় অংশগ্রহণ করার জন্য অন্যায়ভাবে তাকে বদলি করা হয়। এটা ছিল চিকিৎসকদের চিকিৎসা বিষয়ে সম্মেলন। এর পাশাপাশি চলছে পক্ষপাতিত্ব, বৈষম্যমলক প্রোমোশন, জুনিয়ার সিনিয়ারকে ডিঙিয়ে যাচ্ছে। ডাঃ সত্যনারায়ণ সিংহ বহু সিনিয়ারকে ডিঙিয়ে মুর্শিদাবাদের সি এম ও হয়েছেন। ডাঃ মদন মণ্ডল, একেও ঐভাবে নদীয়ার সি এম ও করা হয়েছে। ডাঃ শিশির দত্ত, সারজেণ্ট একেও ঐভাবে প্রোমোশন দেওয়া হয়েছে। এইসব প্রোমোশনের ব্যাপারে পাবলিক সার্ভিস কমিশনের কোন ওপিনিয়ন নেওয়া হচ্ছে না। অথচ সবচেয়ে মজা হচ্ছে কোন ইঞ্জিনীয়ারের উপর কোন এ্যাকশন নেওয়া হয়নি। যা-কিছু অত্যাচার চলছে নিরীহ ডাক্তারের উপর। অতএব ডাক্তারদের প্রত্যেকের মনে লাগবে। সেজন্য আমি বলব যে, স্বাস্থ্যমন্ত্রী যেন একটু দেখেন আর কোন অত্যাচার না হয়। আমি আর একটা কথা বলব কলেজের ব্যাপারে যেটা আবেদিন সাহেব বলেছেন, সবকিছু ডিনাই করলেন, আমি সি এমকে অনুরোধ করছি ইমপার্শিয়েলি তিনি ইনকুয়ারি করুন, করে দেখুন আমি সত্য বলছি না আবেদিন সাহেব সত্য বলছেন। ইনকুয়ারিতে আমি সাহায্য করব। তিনি একটা কথা স্বীকার করেছেন যে, সেক্রেটারী মিসার আসামী ছিল, এ্যারেস্ট করা হয়নি, তার চার্জ উইথড্র করা হয়েছে।

শ্রীশরৎচন্দ্র দাস ঃ পুরুলিয়ার ডাক্তার যার নাম করলেন তিনি বদলী হয়ে গেছেন, দু'বার হাইকোর্ট ইনজাংশন করেছে, নির্মম এবং নিষ্ঠুরভাবে সকলের সঙ্গে ব্যবহার করেছে। উনি বলেছেন নিরীহ ডাক্তারের উপর অত্যাচারের কথা, ডাঃ জয়নাল সাহেব সেদিন যা ইচ্ছে বলুন, ডাক্তারই ডাক্তারের উপর অত্যাচার করছেন, এটাই আমি বলতে চাইছি।

(একথা শুনে মাননীয় সদস্যরা হাসতে লাগলেন)

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে অনেকগুলি কলেজের নাম আছে, অনেকগুলি উদ্যোগ আছে, আমি জানতে চাইছি, ডাক্তার দত্তের কাছে জানতে চাইছি, তিনি কি ভিত্তির উপর দাবী করছেন? ইট ইজ ওপেন, তবে আমি বিশ্বাস করি তাঁর সম্বন্ধে মানুষের যে ধারণা তাতে নিন্দনীয় হবে, (নয়েজ) হোয়াটেভার হি ক্যান, মাননীয় অধ্যক্ষ

মহাশয়, এটা ম্যাটার অব রেকর্ড, আপনার কাছে দিচ্ছি এই পেপার, হি ওয়াজ প্রেজেণ্ট ইন দি মিটিং—ইট ইজ উনানিমাস, ডিষ্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে হয়েছে, এ্যালোকেশন অব ওযান লাখ রুপিজ ইন ফেভার অব দি প্রপোজড কলেজ, হি ওয়াজ প্রেজেণ্ট ইন দি মিটিং, হাউ ক্যান হি ডিনাই?

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডাঃ রমেন দত্ত বললেন যে, ডাক্তার এবং ইঞ্জিনীয়ারদের ষ্ট্রাইকের সময়, আমার দপ্তর থেকে ডাক্তারদের উপর কিছু প্রতিশোধ নেবার ব্যবস্থা করা হয়েছে—ভিক্‌টিমাইজেশন করা হয়েছে, এটা সবৈব মিথ্যা। প্রত্যেকটি এ্যাকশন যেগুলি বলা হয়েছে, সেগুলি এ্যাডমিনিষ্ট্রেটিভ।

মিঃ স্পীকার : মিথ্যা না বলে অসত্য বললেই ভাল হয়।

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ এ্যালিগেশন অসত্য, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সর্বৈব মিথ্যা, যখন সেটা মিথ্যা, তখন আমি আশা করি আপনি আমাকে তা বলতে পারমিশন দেবেন 'মিথ্যা' এটা বলতে। একথা বলার কারণ প্রত্যেকটা বিষয় এখানে ডিরেক্টার অব হেলথ সার্ভিসেস আছেন, কমিটি আছে, তাঁরা নিজেরা মিলে বিবেচনা করেন। ডাঃ কালীময় ভট্টাচার্য, আর জি করের ডাক্তার, তাঁকে যদি মীন করে থাকেন, এটা আমি নিজে করিনি, কম্পালসারি রিটায়ারমেণ্ট একটা কমিটি করে, যেখানে চীফ সেক্রেটারী কনভেনার হিসাবে আছেন। তাঁকে কম্পালসারি রিটায়ারমেণ্ট করানো হয়েছিল ইমার্জেন্সীর সুযোগ বলে নয়, ইমার্জেন্সীর অনেক আগে। ডাঃ সুভাষ চক্রবর্তী যার সম্বন্ধে উনি বলেছেন, উনি হয়ত ভাল করেই জানেন, হয়ত সি এফ ডিতে যোগ দিয়েছেন বলে একথা বলছেন, তাকে ট্রান্সফার করা হয়েছিল এক হাসপাতাল থেকে আর এক হাসপাতালে, এখন বাইরে থেকে যে ডাক্তার এলেন তাঁকে তিনি কোয়ার্টার ছাড়বেন না, তিনি কি রাস্তায় ঘুরে বেড়াবেন? উনি নিজে হেলথ সার্ভিস এ্যাসোসিয়েশনের সেক্রেটারী বলে যা-ইচ্ছে তাই করে যাবেন, তা চলতে পারে না। তাই আইনত যে ব্যবস্থা তাই নিয়েছি। তিনি হাইকোর্টে গেছেন, হাইকোর্ট যে আদেশ দেবেন, আমরা সে অনুযায়ী চলব। অন্য দু'জন ডাক্তার সম্বন্ধে বলেছেন ডাঃ এস এন সিংহ সি এম ও এইচ, মুর্শিদাবাদ এবং ডাঃ এম এন মণ্ডল, সি এম ও এইচ, নদীয়া, ইমার্জেন্সীর বহু আগে থেকেই এঁরা সি এম ও এইচ হয়ে আছে। সুতরাং ইমার্জেন্সীর সুযোগ নিয়ে কাউকে সি এম ও এইচ করা হয়নি বা কাউকে বাদ দিয়ে তাদের সি এম ও এইচ করা যায়নি। এই সি এম ও এইচ করা হয় এফিসিয়েন্সী এবং কতদিনের সার্ভিস এটা দেখে, অর্থাৎ আমরা এফিসিয়েন্সী-কাম-সিনিয়রিটি এই দুটি দেখে কনসিডার করি। তিনি হয়ত ভাল ক্লিনিক্যাল টিউটর হতে পারেন, তিনি হয়ত ভাল রোগী দেখতে পারেন, কিন্তু তিনি ভাল এ্যাডমিনিষ্ট্রেটর নন। তাকে সি এম এইচ ও করতে গেলে অনেক অসুবিধা আছে। এই সি এম এইচ ও হচ্ছে নন-প্র্যাকটিশিং পোস্ট। যাঁরা প্র্যাকটিশ করছেন, আমরা তাঁদের ঐ পদে নিতে পারি না। তাছাড়া তাঁরাও প্রাকটিশ ছেড়ে দিয়ে ঐ পদে চাকরী নিতে ততটা উদগ্রীবও হবেন না। আমি পশ্চিমবাংলার সমস্ত ডাক্তারদের জানিয়ে দিতে চাই যে, বর্তমানে একটা ভেস্টেড ইণ্টারেস্টের দল মাথা চাড়া দিয়ে উঠছে। তাঁরা অত্যন্ত খারাপ পথ অবলম্বন করছেন। তাঁদের অন্য কোন কাজ নেই—তাঁদের চিন্তা কেবল কি করে দরিদ্র মানুষের উপর অত্যাচার করে, দরিদ্র রোগীদের উপর অত্যাচার করে নিজের রোজগারের পথ প্রশস্ত করতে পারেন এবং তারপর মাননীয় সদস্যদের কাছে গিয়ে প্রোটেকশন

চাওয়া, ওয়েষ্ট দিনাজপুরের কয়েকজন ডাক্তারকে বদলী করা হয়নি—তাহলে তিনি সেগুলিও বলতেন।

[3-30—4-10 p.m. including adjournment]

(At this stage the House was adjourned for half an hour)

(After adjournment)

Presentation of petition under Rule 156 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Shri Nandalal Banerjee : Sir, under Rule 156 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I beg to present a petition to the effect that appropriate legislation be made to protect the interests of the mentally deranged and the lunatics who are now being exploited by so-called unqualified Psychotherapists having neither any medical training in the line nor any recognised University degree in Psychology or training in medical health.

Mr. Speaker : The petition stands referred to the Committee on Petitions in terms of Rule 165 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

[4-10—4-20 p.m.]

Shri Ananta Kumar Bharati : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে মাননীয় সদস্য প্রদ্যোত মহান্তি মহাশয় বললেন যে কংগ্রেস সদস্যকে জনতা পার্টিতে নেওয়া হবে না কিন্তু আজকে হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ডে যে সংবাদ বেরিয়েছে মিঃ সেন যার কথা উনি নিষ্ঠার সঙ্গে বলছেন। Mr. Sen when asked, said,...

Mr. Speaker : Mr. Bharati, please do not rely on papers only. If you have got personal knowledge place it before the House. Some time ago honourable members were excited over some of the news items and expressed resentment. Please contact either the person against whom it has been reported, or the gentleman who has been referred to in the newspaper as making the statement and ascertain facts. Satisfy yourself about the correctness of the news and bring the matter before the House.

Shri Krishna Kumar Shukla : স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার—আমার বক্তব্য হচ্ছে যে, এখানে মাননীয় সদস্য মহান্তি মহাশয় একটা বিবৃতি দিয়েছেন, তারপর এই সংবাদটি বেরিয়েছে। হয় উনি বিবৃতি উইথড্র করুন না হলে ঐ বিবৃতিতে হাউসকে মিসলিড করা হবে।...My point of order is that he has misled the house.

Mr. Speaker : The rule of the House is that when speaking from a press report it is the duty of all the honourable members to take personal interest in the matter and satisfy themselves about the authenticity of the news. If the honourable members are not satisfied about the authenticity of the news items, I think it is better not to refer those news items.

Shri Krishna Kumar Shukla : এ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই হাউসে মিঃ মহান্তি একটা স্টেটমেণ্ট করেছেন।

Mr. Speaker : হাউসের মধ্যে তিনি যা বলেছেন সেটা সত্য বলে মেনে নেব। তিনি ফুল রেসপনসিবিলিটি নিয়েই বক্তব্য রেখেছেন। We accept that and not any press report.

The West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1977

Dr. Zainal Abedin : Sir, I beg to introduce the West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1977 and to place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, this Bill formalises the West Bengal Ordinance (No. 1 of 1977) notified in the Gazette on 4th January, 1977 after the Governor has promulgated it on 31st December, 1976. This Ordinance had to be promulgated since the Assembly was not in session ; substantial benefits were intended to be given to weaker sections and Government felt that it was not expedient to postpone the same.

Thank you, Sir.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1977 be taken into consideration.

Sir, I would like to make a brief statement.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইন, ১৯৭৩ বিগত ১লা নভেম্বর, ১৯৭৩ সাল থেকে চালু হবার পর এই রাজ্যে সমবায় আন্দোলন অনেক পরিমাণে ত্রুটি-বিচ্যুতিমুক্ত, গতিশীল ও যুগোপযোগী হতে পেরেছে।

২। পূর্ণ বাজেট অধিবেশনে, ১৯৭৬-৭৭ আর্থিক বছরে সমবায় আন্দোলন সম্পর্কে পরিপূর্ণ চিত্র আশা করি মাননীয় সদস্যগণের জানার সুযোগ হবে। আপাতত এটুকু উল্লেখ করলেই যথেষ্ট হবে যে, ১৯৭২ সালের তুলনায় বিভিন্ন ক্ষেত্রে সমবায় সেবার সম্প্রসারণ খুবই সন্তোষজনক হয়েছে যেমন, স্বল্পমেয়াদী ঋণদান ৮২০ শতাংশ, দীর্ঘমেয়াদী ঋণদান ৪৬৮ শতাংশ, সার বিতরণ ১৮০ শতাংশ, কাঁচাপাট ক্রয় ৬,১৩৮ শতাংশ, বাসগৃহ নির্মাণ, ঋণদান ৩৩৬ শতাংশ এবং মূল্যের হিসাবে ভোগ্যপণ্য সরবরাহের পরিমাণ ১৭৬ শতাংশ বৃদ্ধি হয়েছে।

৩। গত কয়েক বছরে যে-হারে সমবায় আন্দোলনের প্রসার ঘটেছে তাতে নিঃসন্দেহে আশান্বিত হওয়া যায় যে, পশ্চিমবঙ্গ সমবায়ের ক্ষেত্রে পিছিয়ে পড়া রাজ্য তো নয়ই পরন্তু অদূর ভবিষ্যতে আশাতীত অগ্রগতির সম্ভাবনার দ্বারে উপস্থিত। এটা জেনে মাননীয় সদস্যগণ আনন্দিত হবেন যে, এই রাজ্যে মোট যত পরিমাণ কৃষিঋণ দেওয়া হয়েছে তার প্রায় অর্ধেক

পেয়েছেন ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা। আরও যা ঋণ দেওয়া হবে তার শতকরা ৬০ ভাগ যাতে দুর্বলতর শ্রেণীর লোকেরা পান তার প্রতিও বিশেষ দৃষ্টি রাখা হচ্ছে।

৪। মাননীয় অধ্যক্ষ মহোদয় ও সদস্যগণ অবগত আছেন যে, ১৯৭৫ সালে রাজ্য সরকার যে-সকল ঋণ মকুব আইন পাশ করেছেন তাতে স্বভাবতই আশঙ্কা হয়েছিল যে, মহাজনী ও অন্যান্য চিরাচরিত ঋণের উৎস শুকিয়ে যাবে, ফলে দুর্বলতর শ্রেণীর লোকেরা, বিশেষত গ্রামীণ ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, ভূমিহীন ক্ষেতমজুর ও গ্রাম্য কারিগররা ঋণের অভাবে বিশেষ অসুবিধার সম্মুখীন হবেন। এইসব শ্রেণীর লোকেদের সমবায়ের আওতায় আনা তাই অত্যন্ত প্রয়োজনীয় হয়ে পড়ে, কারণ ঋণ যোগান অক্ষুণ্ণ রাখার বড় একটি বিকল্প উৎস হল সমবায় কৃষি ঋণদান সমিতি। এরই পরিপ্রেক্ষিতে রাজ্যের সমবায় আইনের প্রয়োজনীয় সংশোধন দরকার হয়। পূর্বে রাজ্য সমবায় আইনের ৫৯ ধারামতে কোন ব্যক্তির সমবায় সমিতির সদস্য হবার জন্য দরখাস্ত সেই সমিতি কর্তৃক মঞ্জুর না হলে তা বাতিল বলে গণ্য হত। উক্ত ধারাটির পরিবর্তনসাধনের জন্য পশ্চিমবঙ্গ সমবায় সমিতি (সংশোধন) অর্ডিন্যান্স, ১৯৭৬ গত ৪ঠা জানুয়ারী, ১৮৭৭ বলবৎ করা হয়। এর ফলে সদস্যপদ লাভ করার যোগ্যতাসম্পন্ন, যে-কোন ব্যক্তি দরখাস্ত করলেই সাধারণত সমবায় সমিতির সদস্য হতে পারবেন। বর্তমান বিলে উক্ত সংশোধনকেই স্থায়ী করতে চাওয়া হয়েছে।

৫। মাননীয় অধ্যক্ষ মহোদয় ও সদস্যগণ উপলব্ধি করবেন যে, এই সংশোধনী বিলটি গৃহীত হলে সমবায় সেবার সুযোগ দুর্বলতর শ্রেণীর জনগণের কাছে সম্প্রসারিত হবে। সুতরাং, তাঁদের স্বার্থে এই বিলটি সভা কর্তৃক গৃহীত হবে বলে আমি আন্তরিকভাবে আশা রাখি।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী : মিঃ স্পীকার, স্যার, আমার বিপদ হয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় সমবায় সম্বন্ধে কি করছেন আর আমার এই গরীব বেচারীর উপর সেই সম্পর্কে কিছু বলার দায়িত্ব এসেছে—এই ব্যাপারে আমাকে কিছু বলতে হবে। স্যার, আপনি দেখতে পাবেন মাঝে মাঝে কাগজে বিজ্ঞাপন দেওয়া হয়—"কস্তুরী মৃগসম আপন গন্ধে বিভোর হয়ে" উনি আছেন—থাকুন, আমরা বাধা দিতে চাই না। সমবায় সমিতিতে কিছু উন্নতি হয়েছে, এই কথা অস্বীকার করার কোন কারণ নেই। জয়নাল ভায়ের চুল এখনও সব পাকেনি, বয়স হয়েছে অস্বীকার করতে পারেন না, আরো কিছুদিন বাঁচবেন, বাঁচার শক্তি আছে—কিছু বৃদ্ধি হয়েছে, উন্নতি হয়েছে বলে একেবারে খুশীতে ডগমগ হবার কিছু নেই। কারণ সমবায় যে দৃষ্টিভঙ্গী থেকে মহাত্মা গান্ধী, পণ্ডিত নেহরু দেখেছিলেন, স্থির করেছিলেন সেই দৃষ্টিভঙ্গী বিকাশের দিকে উনি যাচ্ছেন না, সুতরাং সেই দিকে আমাদের ভাল করে মনোযোগ দেওয়া প্রয়োজন। আপনি যে দিক এনেছেন সেটা নিশ্চয় প্রশংসনীয়—প্রান্তিক গরীব কৃষক যাতে ঋণ পায় তাদের কথা ভাবতে হবে, সেদিক দিয়ে যা করছেন সেটা নিশ্চয় প্রণিধানযোগ্য তাতে কোন সন্দেহ নেই।

[4-20—4-30 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, অনেক জিনিস আছে যা উপর থেকে দেখতে খুবই সরল কিন্তু তার ভেতরে ঢুকলে দেখা যায় তার মধ্যে অনেক কুটিলতা রয়েছে। এখন সেগুলি অনুসন্ধান না করেই যদি ঐ সরলতার মুখোশ দেখে সেই জিনিসটি বিচার করা হয় তাহলে তাতে অনেক ভুল থেকে যাবে। আমি এই প্রসঙ্গই এখানে আলোচনা করবো।

স্যার, এই যুগটা হচ্ছে ইট ইজ এ্যান এজ কো-অপারেশন। যে অধনতান্ত্রিক পথে আমরা সমাজকে নিয়ে যেতে চাচ্ছি—অধনতান্ত্রিক পথে সমাজতন্ত্রে যেতে হলে কাগজে শুধু সমাজতন্ত্র লিখলে হবে না, তার একটা বৈজ্ঞানিক সংজ্ঞা আছে। সেই সংজ্ঞাতে যেতে হলে প্রাথমিক স্তরে আমাকে সেই একচেটিয়া পুঁজিপতিদের হাত থেকে সমস্ত জিনিস বের করে আনতে হবে। সেটা ব্যক্তি-মালিকানার হাত থেকে সরিয়ে আনতে হবে এবং তার জন্য আমাকে কো-অপারেশনের পথ ধরতে হবে। কিন্তু সেইদিকে আমরা এগুচ্ছি কি? আজকে যে বিলটি এসেছে সেটা নিঃসন্দেহে ইনোসেণ্ট বিল, একে আক্রমণ করে ক্ষতবিক্ষত করার কিছু নেই, সঙ্গে সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে একথা বলব যে, আমার এ্যামেণ্ডমেণ্টগুলি যদি দেখেন তাহলে দেখবেন সেগুলিও খুব ইনোসেণ্ট, কোন আক্রমণাত্মক ব্যাপার আমি সেখানে ঘটাই নি, কাজেই আপনাকে অনুরোধ, আপনি সেগুলি বিচার-বিবেচনা করে দেখুন। স্যার, এখানে উনি বলেছেন, দরখাস্ত করলেই মেম্বারশিপ সে পাবে। আমার জিজ্ঞাস্য, এর বিপদটা কি সেটা ভেবেছেন? আমার মনে হয় আপনি সেটা ভাবেন নি। নিশ্চয় আপনার মহৎ উদ্দেশ্য ছিল বলেই আপনি ভাবেন নি, আপনার উদ্দেশ্য খারাপ একথা আমি বলছি না কিন্তু আপনাকে আমি এ ব্যাপারটা একটু ধীরস্থিরভাবে চিন্তা করতে অনুরোধ করছি। ধরুন একজন 'ক' সমবায়ের মেম্বার, সে 'খ' সমবায়ের মেম্বারশিপের জন্য দরখাস্ত করলো। এখানে এলিজিবিলিটি দেখবার কোন যন্ত্র নেই কাজেই ডুয়েল মেম্বারশিপ হয়ে যাচ্ছে। এর প্রতিকার কি করে করবেন? তারপর আজকের দিনে একটা রাজনৈতিক দলের মধ্যেই যখন এত উপদল তখন ওর মধ্যেও উপদল হওয়াটা অসম্ভব নয়। একজন দল পাকাবার জন্য ধরুন পটাপট মেম্বার করতে আরম্ভ করলো, অন্যরা জানতেই পারলো না সেখানে কিন্তু সে মেম্বার করে ফেলতে পারলো। কাজেই আমার প্রশ্ন যাদের জন্য এতসব করার কথা চিন্তা করছেন সেই গরিব প্রান্তিক চাষী তাদের কি হবে সেটা কি চিন্তা করছেন? তারা তো এসব কিছুই জানতে পারবে না। সেইজন্য আমার প্রস্তাব, এখানে একটা ঘোষণার ব্যাপার রাখতে হবে। স্যার, এই প্রসঙ্গে বলি, আজকে কেন্দ্রীয় সরকার এবং প্রাদেশিক সরকারগুলির অভিমত হচ্ছে, স্থানীয় ছোট ছোট কাগজগুলিকে উৎসাহিত করা, কাজেই সেখানে আপনারা বিজ্ঞাপন দিতে পারেন যে, এই এই লোক মেম্বার হবে এবং তার জন্য একটা সময়ও দিতে পারেন। এটা যদি করেন তাহলে যে উদ্দেশ্য নিয়ে করছেন সেই উদ্দেশ্যের সার্থকতা আসতে পারে বলেই আমি মনে করি। তারপর সমবায় সমিতিগুলির একটা এরিয়া অব অপারেশন আছে যার বাইরে তারা যেতে পারে না। এখন ধরুন, রাস্তার এ-পাশে বা একটা এলাকায় একটা সমবায় সমিতি আছে যেখানে আমি মেম্বার ছিলাম কিন্তু ডিফল্টার, আমার আর একটা এলাকায় এসে মেম্বারশিপের জন্য আমি আর একটা সমবায় সমিতিতে দরখাস্ত করে দিলাম, এখানে চেকিংয়ের কোন ব্যবস্থা নেই। এতে আর একটা সমবায় সমিতির সর্বনাশের পথ খুলে যেতে পারে। এর প্রতিকার কোথায়? কাজেই এখানে একটা প্রভিশন থাকা দরকার যাতে লোকে জানতে পারে যে অমুক লোক এখানে টাকা মেরেছে, সে যাতে আর এক জায়গায় গিয়ে টাকা মারতে না পারে। তারপর ঐ সার্ভিস কো-অপারেটিভ আর প্রাইমারী কো-অপারেটিভ—বিশেষ করে আপনার অবজেক্টস এ্যাণ্ড রিজনসে বলেছেন গ্রামাঞ্চলের দিকে আপনারা বেশী জোর দিতে চাইছেন কারণ তাদের ঋণ পেতে অসুবিধা হয়। কিন্তু হোয়াট এ্যাবাউট আদার কো-অপারেটিভস? সে সম্পর্কে আমি সেখানে বলেছি অল আদার কো-অপারেটিভস—এটা ভেবে দেখবেন। যে সম্প্রসারণ আপনি চাচ্ছেন, যে বিকাশ আপনি করতে চাচ্ছেন সেই বিকাশ

করাতে হলে এই জায়গায় নিয়ে যেতে হবে। আর দ্বিতীয় হচ্ছে আরবান কো-অপারেটিভের মধ্যে একটা বিষয় নজর রাখা উচিত যে, কো-অপারেটিভগুলির যদি কনসেণ্ট না থাকে, যদি মেম্বাররা বিশেষ করে এমপ্লয়িজ কো-অপারেটিভ যেগুলি আছে, তার আইনে বলা আছে যে, দে মাষ্ট গেট প্রাইওর কনসেণ্ট ফ্রম এ মাদার ইউনিট, সে অন্য জায়গায় মেম্বার হতে পারে। কিন্তু তার কনসেণ্ট নেবার ব্যাপারটায় আপনি এখানে কোন প্রভিশন রাখেন নি। তৃতীয়ত, আমি আর একটা জিনিস মাননীয় স্পীকার স্যার, আপনার কাছে তুলে ধরতে চাই মাননীয় সদস্যদের অবগতির জন্য। আপনি দেখেছেন কি পরিমাণ করাপশন এই সরকারী যন্ত্রের মধ্যে লুকিয়ে আছে এবং অহরহভাবে রোজই আমাদের বিধানসভায় বিভিন্ন বিষয়ে প্রস্তাব উঠছে যে, এইরকম হচ্ছে, ঐরকম হচ্ছে। সেখানে আপনি বলছেন যে, অফিসার অফ হিজ ওন—রেজিষ্ট্রারার ইচ্ছা করলে একজনকে ডেকে এনে হিসাবিং দিয়ে শেষ করতে পারে। এখন এতখানি লাগাম ঢাড়ার ব্যাপার কখনও রাখা উচিত নয়। রাখলে কে গুরুতর জায়গায় নিয়ে যাবে—আজকে আমাদের সমস্ত জায়গায় এই ঘটনাগুলি ঘটছে। যে-কোন ডিপার্টমেণ্টে দেখবেন যে, সেখানে যদি অফিসারকে ক্ষমতা দিয়ে থাকেন, অফিসার অফ হিজ ওন, তিনি কোন জিনিস তদন্ত করে করবেন না। তাহলে যে-কেউ গিয়ে কানভারি করবার একটা সুযোগ পেয়ে যান এবং সর্বনাশ ঘটে থাকে। আমি এটার জন্য একটা চেক রাখতে চাচ্ছি। পিপলস কমিটি—এসব বড় কথা আমি আপনার সামনে আনতে চাচ্ছি না। আমি শুধু একটি কথা বলতে চাই সেটা হচ্ছে যে, আমাদের যে বিচার হবে, আমরা মেম্বার থাকবো কি থাকবো না, আমাদের ত্রুটি হয়েছে কি হয়নি সেটা রেজিষ্ট্রাররা কি করে ঠিক করবেন? সামবডি যা বুঝবে তাই হবে? এটা হতে পারে না। তাহলে কখনও কো-অপারেটিভ টেকে না। যেজন্য বারেবারে আমরা বিধানসভায় এ কথাগুলি আপনাকে বলি যে, কো-অপারেটিভের স্পিরিট অব কো-অপারেশন যদি না গ্রো করে—আমি আপনার জন্য, আপনি আমাদের জন্য, সকলের তরে সকলে আমরা—এই সেন্স যদি না আসে তাহলে কো-অপারেটিভকে কিছুতেই বড় করা যাবে না। আপনি অনেক টাকা ঋণ দিয়েছেন। অনেক ঋণ আদায়ও করেছেন। এগুলি সবই ঠিক করেছেন, প্রশংসার কাজ করেছেন। কেউ বলছে না যে কো-অপারেটিভের ঋণ কমিয়ে দিয়েছেন। কিন্তু সেই জায়গায় যাতে একটা স্বার্থকতা পেতে পারে, সেই মানুষ যাতে মনে করে ইট ইজ মাই কো-অপারেটিভ, এটা সরকারের কো-অপারেটিভ নয়। এই কথা যদি আপনি জানতে চান তাহলে আপনাকে কো-অপারেটিভ সোসাইটিগুলিকে কিছু ব্যাপক সুযোগ দিতে হবে। সেজন্য আমি বলেছি কো-অপারেটিভ যতক্ষণ সোসাইটি কমপ্লাণ্ট না করছে ততক্ষণ অফিসার অন হিজ ওন বিচারের দায়িত্ব নেওয়াটা ঠিক হবে না। কারণ তাতে কোন কোন সময়ে ভাল হয়। ভাল হয় না তা নয়, ভাল হয়। যদি সেখানে অফিসার কো-অপারেটিভের মেম্বার হয়। আর যদি অফিসার বুরোক্র্যাটিক হন তাহলে সর্বনাশ ঘটে। কাজেই এই সর্বনাশের কথা রোজই আপনি বিধানসভায় শুনছেন যে, বুরোক্র্যাটিক, বুরোক্র্যাটিক। কাজেই বুরোক্র্যাটিকে যেমন কিছু কিছু ভাল হয় তেমনি খারাপের দিকটা বড় বেশী আছে এবং যার বুরোক্র্যাটিকের বিরুদ্ধে সকলের একটা অভিযোগ আছে। এক ভদ্রলোক আমাকে বললেন যে, বুরোক্র্যাসি বলে আমাদের আপনারা গালাগালি দেন কেন? আপনারা কি জানেন না যে, আমরা ঐ লালবাড়ীর চৌহদ্দীর বাইরের কিছু জানি না। আমরা ফাইল ঘাঁটি, ফাইলের বাইরে জনতার সঙ্গে আমাদের সম্পর্ক কিছু থাকে না। ফলে স্বাভাবিক গতিতেই আমরা বিচ্ছিন্ন মানুষ। সেজন্য আমাদের ত্রুটি হয় যদি স্বাভাবিকভাবেই ধরি। এদের সঙ্গে জনতার সম্পর্ক থাকে না। হোল প্রসেসের মধ্যে থাকে, গভর্ণমেণ্ট যে প্রসেস করছেন

তাই। সেজন্য অনেক সময় একথা বলি ঐ লালবাড়ীর অফিসারদের ট্রান্সফার করা উচিত অন্য জায়গায়। কিছুদিন জনতার সঙ্গে তাঁরা ঘুরে আসুন। রক্তটা একটু শোধন হোক কিন্তু তা তো করা হচ্ছে না। কাজেই এর প্রতিকার করতে পারবো না। কিন্তু আমি একথা বলি যে, অন হিজ ওন বিচারের দায়িত্বটা এই কো-অপারেটিভের বিলে রাখা ঠিক হবে না। এটা দূরীভূত করতে হবে। আর একটা কথা হচ্ছে চেকিং মেশিনারীর কথা আমি আপনার কাছে বলেছি। দ্বিতীয় কথা হচ্ছে এই যে আপনি দিয়েছে, যদি কোন মেম্বার অযোগ্য হয় তাহলে রেজিষ্ট্রারার ইচ্ছা করলে একটা ইনস্পেক্টর পাঠিয়ে খোঁজখবর নিতে পারেন।

[4-30—4-40 p.m.]

আমি বলি, জয়নালভাই, এটা করবেন না, তার কারণ আমাদের সকলের অভিজ্ঞতা। এই সুপারভাইজার এবং ইনস্পেক্টররা ওখানে গিয়ে কিছুই করতে পারে না। এদের তো কোন অপরাধ নেই, এদের হাতে না আছে লাঠি, না আছে বন্দুক, না আছে কিছু। তারা যখন যায় তখন তাদের কব্জায় গিয়ে পড়ে এবং তাদের যা বলে তাই শুনতে তারা বাধ্য হয়। সেখানে ইনস্পেক্টরের ইচ্ছা থাকলেও যে অন্যায়ের প্রতিকার করে আসবে তার কোন উপায় নেই। সেইজন্য আমি বলছি, এই ইনস্পেক্টর এবং সুপারভাইজার, অডিটার এদের হাতে এই সমস্ত দায়িত্ব দেওয়াটা ঠিক নয়। এখন যে যদি খুব বড়া লোক হয় তাহলে অন্য কথা। সে যদি বলে, মন্ত্রী আমাকে যে-কোন জায়গায় ট্রান্সফার করে দিক আমি চলে যাব, আমি কারুর পরোয়া করি না, আমি ন্যায়বিচার করবোই তাহলে হতে পারে, সেরকম দু'-একটি মানুষ হতে পারে কিন্তু অধিকাংশই ঐ চাপে পড়ে তাদের কথা অনুযায়ী কাজ করতে বাধ্য করা। যেখানে তাদের বলা হয় তোমার দাঁত ভেঙে দেব যদি উল্টো বিপোর্ট দাও—এই ভাবে তাদের ভয় দেখানো হয়। এখন স্যার, চিন্তা করে দেখুন, চাকরি করতে এসে তার দাঁত চলে যাবে সে ঝামেলার মধ্যে সহজে কেউ যেতে চায় না কাজেই তাদের কথা অনুযায়ী চলতে হয়। সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে, এটাকে আরো একটু উপরের স্তরে রাখতে হবে। এ্যাসিস্টেন্ট রেজিষ্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটিজ তাদের করতে পারেন কারণ তাদের এতখানি চাপের মধ্যে থাকতে হয় না, কিন্তু ইনস্পেক্টরদের এই চাপের মধ্যে থাকতে হয়। তার শেষ কথা, একটা চেকিং এজেন্সী রাখার দরকার আছে। যদিও আপনার দৃষ্টিভঙ্গী বা মনোভাব প্রশংসার যোগ্য যে বিষয়ে কোন সন্দেহ নেই যে, আমাদের কো-অপারেটিভগুলির মেম্বার তাড়াতাড়ি হোক, তার ব্যাপকতা হোক, তাতে কোন আপত্তি নেই কিন্তু আমাদের কথা হচ্ছে, সেই ব্যাপকতা করতে গিয়ে যদি আমরা দেখি এমন একটা অবস্থার সৃষ্টি হচ্ছে যাতে ব্যাপকতার জায়গায় সর্বনাশ ঘটে যাচ্ছে তাহলে ব্যাপারটা অন্যরকম হয়ে দাঁড়ায়। সেইজন্য আমি বলব, দরখাস্ত করার পর সেখানে একটা টাইম রাখতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, অটোমেটিক খিয়োরির কথা, আমি বলব, সেসব পরে হবে যখন মানুষের সমবায় সম্বন্ধে চেতনা আরো বাড়বে। যদিও আমি এ্যামেণ্ডমেণ্ট দিই নি, তবুও বলছি, এই চেকিং মেশিনারীর দরকার আছে তা না হলে গণ্ডগোল হবে। সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে, দরখাস্ত করলেই অটোমেটিক মেম্বারশিপ না দিয়ে অন্তত এক মাস সেখানে সময় দেবার প্রয়োজন আছে। অবশ্য আপনি যদি একমাস সময়টা কমিয়ে ১৫ দিন করতে চান করতে পারেন, কিন্তু একটা সময় আপনাকে দিতে হবে। তা না হলে এত অভিযোগ আপনার কাছে আসবে তখন দেখবেন এবং ভাববেন অজিতবাবু ঠিকই বলেছিলেন, এখন বিপদে পড়ে গেলাম। তখন আর ঠেকাবার কেউ থাকবে না। এখানে মূল কথাটা হচ্ছে, যাদের সত্যিকারের

ঋণ দরকার, তাদের ঋণ পাবার ব্যাপারে যে-সমস্ত অসুবিধা আছে, সেই অসুবিধার সুরাহা করার ব্যাপারে আমাদের দৃষ্টি দিতে হবে। এখন সেই কাজ করতে গিয়ে যদি আমরা একটা বিপদের জাল সৃষ্টি করে ফেলি তাহলে মুশকিল। সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে, যারা ঋণ আকাঙ্ক্ষা করছে, যোগ্য লোক যাতে ঋণ পেতে পারেন এবং দুর্নীতি যাতে সেখানে বাসা বাঁধতে না পারে এবং আপনার সদিচ্ছার সুযোগ নিয়ে যাতে সর্বনাশ না করতে পারে সেটা দেখতে হবে। আপনি দেখেছেন, যাদের আপনি মনোনয়ন দিয়ে নিয়ে এলেন তারাই আপনাকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে চলে যাবে।

আজ আমরা এই বিল পাশ করতে এসে দেখতে পাচ্ছি উপরে সুন্দর কিন্তু এর মধ্যে ত্রুটি আছে। যে মানুষ ঋণ পাবে তার সেই ঋণ পাবার সুযোগ হোক, যে ন্যায্য লোক সে মেম্বার হোক। দুর্নীতিপরায়ণরা এর মধ্যে ঢুকে এর সর্বনাশ করতে পারে। এ সমস্ত দিক বিবেচনা করে আশা করি আমি যে সংশোধনীগুলি এনেছি, তার মধ্যে কোনরকম ইনোসেণ্টনেশের অভাব নেই, সেগুলি গ্রহণ করবেন। এই কথা বলে আমি সংশোধনীগুলি মুভ করলাম।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ অধ্যক্ষ মহাশয়, সি পি আই-এর বন্ধুর কথা শুনে ভাবছিলাম যে, একজন সমবায়ী বন্ধু হিসেবে ওঁর ভাষণের মধ্যে কোন বাস্তব অভিজ্ঞতা বা যুক্তি নেই। ইউনিভার্সাল মেম্বারশিপের জন্য আমরা সমবায় আইন পরিবর্তন করছি। তিনি বোধহয় জানেন না যে, এই সমবায় আইনের মাধ্যমে আমরা পশ্চিমবাংলায় একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ এনেছি এবং আমাদের আইন বহু রাজ্যে গ্রহণ করার চেষ্টা করেছে। সমবায় আইন পরিবর্তন করে তার সংবর্ধন ও সংবর্জন করে নতুন রূপ নিয়ে চেষ্টা করা হচ্ছে কিভাবে সমবায়ের সমস্ত ক্ষেত্রে উন্নতি করা যায়। সমাজতন্ত্রের কথা যদি তাঁরা বলেন, তাহলে সমবায়ের উপর খুব বেশী জোর দিতে হয়। মূল কথা হচ্ছে ওঁরা যদি আমাদের সঙ্গে একমত হন তাহলে সমবায়ের উপর জোর দিতে হবে। সমবায়ের অগ্রগতি তিনি নিশ্চয় লক্ষ্য করেছেন। সমবায় ব্যাঙ্ক এবং অন্যান্য যেসব এ্যাপেক্স সোসাইটি আছে তাদের কার্যকলাপও নিশ্চয় লক্ষ্য করেছেন। সুতরাং এদিক থেকে আমাদের আইনকে আরও ফ্লেক্সিবল করা উচিত। স্বাধীনতা পাবার পর বহু রাজ্য আছে যেখানে সমবায় আইন নেই। সমবায় হল সাধারণ মানুষের আন্দোলন এবং এর জন্য যে আন্দোলন তা সাধারণ মানুষের মধ্যে থেকে হবে। এর জন্য প্রাথমিক পর্যায়ে কিছু কিছু আইনের প্রয়োজন আছে সমবায় সোসাইটিগুলি ঠিকভাবে পরিচালনা করার জন্য। তিনি চুরির কথা বলেছেন। আজ তাঁকে বলব সমবায়ের মাধ্যমে যাতে সততা, নিষ্ঠা প্রতিষ্ঠিত হয় তার জন্য আইনের প্রয়োজন আছে এবং কিছু কঠোরতর আইনের প্রয়োজন আছে। এখানে তাই সাময়িক যতটা তাকে ফ্লেক্সিবল করতে পেরেছি তার চেয়ে আর বেশী করা যায় না। বর্তমান পরিস্থিতিতে আমাদের দেশ ডেনমার্ক-সুইডেন হয়নি। আমাদের দোষ যে আমাদের দেশে এখনও সমবায় আইনের প্রয়োজন আছে। তাই সমবায়মন্ত্রী যে আইন এনেছেন একজন সমবায়ী হিসেবে একথা বলতে পারি যে, এই আইনের দ্বারা সমবায়ের উন্নতি, উপকার ও দেশের মানুষের ভাল হবে এবং অজিতবাবু ও তাঁর দলের উপকার হবে। এই কথা বলে আমি এই সংশোধন বিল সমর্থন করছি এবং আশা করিছ মাননীয় সদস্যরা এই বিলকে গ্রহণ করবেন।

[4-40—4-50 p.m.]

শ্রীশরৎচন্দ্র দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায়মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল সভায় পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি দু'-চার কথা নিবেদন করতে চাই।

শ্রদ্ধেয় সদস্য অজিতবাবু এই বিলের সমালোচনা যা করেছেন এবং যে সংশোধন দিয়েছেন সেটা নিশ্চয়ই তিনি একটা দৃষ্টিভঙ্গী নিয়ে দিয়েছেন। কারণ, সমবায়ের দৃষ্টিভঙ্গী দু'রকমের হয়—একটা লোকায়ত্ত সমবায়, আর একটা রাষ্ট্রায়ত্ত সমবায়। লোকায়ত্ত সমবায় এবং রাষ্ট্রায়ত্ত সমবায় রাষ্ট্রের কাছে সবরকম সাহায্য এবং সমর্থন নেবে। রাষ্ট্র অর্থ বিনিয়োগ করবে অথচ রাষ্ট্রের কোন নিয়ন্ত্রণ মানবেন না এই রকম সমবায় যতদিন থাকবে ততদিন সমবায়ের পরিপূর্ণতা প্রাপ্ত হতে পারে না। অতএব আপনার যুক্তিটা টেকে না। রাষ্ট্র যেখানে সমস্ত অর্থ বিনিয়োগ করবে সেখানে তার নিয়ন্ত্রণ থাকা অত্যাবশ্যক। যেখানে লোকায়ত্ত সমবায় হবে সেখানে রাষ্ট্রের কোন হস্তক্ষেপ থাকবে না, সেখানে রাষ্ট্র অর্থ বিনিয়োগ করবে না। রাষ্ট্রের অর্থ গ্রহণ না করে সর্বসাধারণের অর্থে অর্থাৎ শেয়ার বিক্রি করে যে সমবায় হবে সেখানে নিশ্চয়ই আপনার দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমার দৃষ্টিভঙ্গী সম্পূর্ণ একমত। কিন্তু রাষ্ট্রের অর্থ, সাহায্য, সমস্তরকম সহযোগিতা নেব অথচ সম্পূর্ণ নিয়ন্ত্রণ কেবল ঐ সদস্যদের মধ্যে থাকবে আপনার এই ধারণার সঙ্গে আমি একমত হতে পারছি না, তার জন্য আমি দুঃখিত। সদস্য-ভুক্তির ব্যাপারে হতে পারে যে আপনার সমবায়টা হয়ত ঠিক, কিন্তু অনেক জায়গায় আছে ভেস্টেড ইণ্টারেষ্টের গোষ্ঠী যারা বহুকাল যাবৎ একচেটিয়া মনোপলি করে সমবায়কে রেখেছে এবং অন্য লোককে তারা আসতে দিতে চায় না। যারা সমবায়ে আগ্রহী এবং সমবায়ের প্রচার এবং প্রসার যারা করতে চায় তাদের আটকে রাখার যে বাধা আছে সেই বাধাটা দূর করবার জন্য এই সংশোধনী বিল। সেই হিসাবে এই বিল পূর্ণাঙ্গ সমর্থন পাবে, নিশ্চয়ই আপনি আমার সঙ্গে একমত হবেন। এই যে বিলটা এসেছে এই বিলের সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয় যদি আর একটু জুড়ে দিতেন তাহলে বিলটা আরো সর্বাঙ্গসুন্দর হত, সেটা হচ্ছে এ্যাড-মিনিষ্ট্রেটর তিনি নিয়োগ করছেন, সেটা অনির্দিষ্টকাল ধরে বছরের পর বছর থাকছে, সেটা থাকা উচিত নয়। যেখানে সমবায়ে গণ্ডগোল আছে সেখানে একটা নির্দিষ্ট সময়সূচীর মধ্যে এ্যাডমিনিষ্ট্রেটর থাকা উচিত। এ্যাডমিনিষ্ট্রেটর আমার এলাকায় ২ বছর ধরে কিছুতেই হস্তান্তর করছে না। আপনি এমন করুন যে, একটা নির্দিষ্ট সময়সূচীর ভেতর সেই সমবায় সমবায়ের হাতে তারা ফিরিয়ে দেবেন। আপনি এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করছেন, তারা সেখানে সেবার মনোভাব নিয়ে যাবেন, সমবায়ের ভেতর যদি গণ্ডগোল, ঝগড়া থাকে তাহলে সেটা মিটিয়ে দেবেন, এই তাঁদের ডিউটি থাকা উচিত। কিন্তু তাঁরা সেখানে যাচ্ছেন প্রভুত্ব করতে এবং সমবায়ীদের উপর ছড়ি ঘোরাতে এবং নিজের আয়ত্তে কতদিন তাঁরা রাখতে পারেন এইভাবে কাজ করছেন। এই কথা বলে এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমি আশা এবং বিশ্বাস করি যে আপনি এইগুলির উপর দৃষ্টি দেবেন।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে এ্যামেণ্ডমেণ্ট বিলটা এসেছে এটাকে সমর্থন করছি। এই প্রসঙ্গে দু'-একটা কথা বলতে চাই। ক্লজের মধ্যে আছে দেখলাম এ্যাপ্লাই করলে অটোমেটিক্যালি মেম্বার হয়ে যাবে। এখানে একটা ব্যাপার হচ্ছে যে, কোন লোক এ্যাপ্লাই করলেই সে মেম্বার হয়ে যাবে সে ক্ষেত্রে একটা রেসট্রিকশান থাকা দরকার যে, রেসিডেণ্ট উইদিন দি এরিয়া অব দি কো-অপারেটিভ, এই জিনিস এর মধ্যে হওয়া উচিত এবং সে কোন কো-অপারেটিভের লোন শোধ করেনি এই রকম একটা ক্যাণ্ডিডেট নয়, এই দুটো জিনিস দরকার। আপনি জানেন এমন এলাকা আছে যেখানে ২/৩টি কো-অপারেটিভ আছে। একজন একটা কো-অপারেটিভের লোন বাকি ফেলে আর একটা

কো-অপারেটিভের মেম্বার হয়ে যাচ্ছে। এই জিনিস যাতে না হতে পারে তার জন্য এই দুটো জিনিস এ্যাড করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলি মহাশয় বলেছেন ইউনিভার্সাল মেম্বারশিপ দেওয়ার কথা। আমার বক্তব্য একটা লোক একটা জায়গায় বাস করছে, ২০ মাইল দূর থেকে সে এ্যাপ্লাই করল, করে সে মেম্বার হল। তাকে টাকা লোন দেওয়া হল, এই লোনটা আদায় হবে কি করে? সেজন্য এইভাবে ইউনিভার্সাল মেম্বারশিপ না করে দ্যাট স্যুড বি রেসট্রিকটেড টু দি এরিয়া হয়ার দি কো-অপারেটিভ ইজ ফাংশানিং, এই হল আমার বক্তব্য। এই কথা বলে এই বিলটা আমি সমর্থন করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের ধন্যবাদ যে তাঁরা এই সংশোধনী বিলটাকে সমর্থন করেছেন এবং এর জন্য সংশোধনও কেউ কেউ রেখেছেন। এই বিলের প্রাইমারী অবজেকটস যদি দেখা যায় তাহলে দেখা যাবে রুরাল ইনডেণ্টনেশ যদি আমরা দূর করতে চাই, মানি লেণ্ডার্স কিংবা এই জাতীয় নন-ইনষ্টিটিউশন্যাল ক্রেডিট যদি বন্ধ করতে চাই তাহলে ইজি এ্যাভেলিবিলিটি অব ক্রেডিটের পথ প্রশস্ত করতে হবে, সেজন্য যতদূর পারি উই হ্যাভ রিল্যাক্সড। যারা বর্গাদার, যারা প্রান্তিক চাষী, ইভেন যারা ক্ষেতমজুর তাদের ক্ষেত্র ওপেন করে দিতে চাই যাতে তারা সহজে ঋণ পান। অন্যদিকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আর একটা কনটেমপ্লেশান আছে ইভেন ফর কনজাম্পশান লোন কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে এটা বিতরণ করা হবে। যদি কেউ সদস্য না হয় হি উইল নট বিকাম এলিজিবল টু হ্যাভ এনি লোন ফ্রম দি সোসাইটি। সেজন্য আমরা প্রথমে রুরাল ক্রেডিট সোসাইটিগুলিকে এবং ২ নং ফারমার্স সার্ভিস সোসাইটিগুলিকে বেছে নিয়েছি এখানে ইউনিভার্সালাইজেশান অব মেম্বারশিপ করা যায় কিনা। আপনি শুনে খুশী হবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অর্ডিন্যান্স পাশ করার পর এর প্রোগ্রেস আপ টিল নাউ স্যাটিসফ্যাক্টরি। অজিতবাবু যেটা বললেন ভূরি ভূরি অভিযোগ পাওয়া গেছে, অজিতবাবু নিজে জানেন প্রায় ৬৬ খাউজ্যাণ্ড নিউ এনরোলমেণ্ট হয়েছে, লোন দেওয়ার সময় এনরোলমেণ্টটা ম্যাক্সিমাম হয়, আজকে আপনি যে অভিযোগের আশঙ্কা করছেন আমরা সেই অভিযোগগুলি পাইনি। ২ নং কথা হচ্ছে আপনি যে পাবলিসিটির কথা বলেছেন আমরা সেটা ওয়েলকাম করছি, দিস ইজ বিইং ডান। লোকাল নিউজ পেপার, রেডিও অল মিডিয়া ইভেন আমাদের যে পাবলিসিটি মিডিয়া আছে তার মাধ্যমে, টেলিভিশান, সেমিনার ইভেন আমাদের সদস্যদের অফিসারদের পর্যন্ত বলেছি যে, এর মাধ্যমে এটা প্রচার করুন এবং আমরা এটা করছি। এতে আপনারা আরো যদি সাহায্য করতে পারেন সার্টেনলি আমরা ওয়েলকাম করব। মানুষকে আগে জানাতে হবে তার কি রাইট এবং তার সামনে কি সুযোগ আছে। আমরা এটাকে এনকারেজ করি যদি মিডিয়ার মাধ্যমে কো-অপারেটিভের মতবাদ প্রচার করা যায়। ২ নং কথা আপনি যেটা বলেছেন আপনার এ্যামেণ্ডমেণ্টে যে সার্ভিস কো-অপারেটিভ সোসাইটি ওয়ার্কস অল আদার —বোধ হয় এটার এখনও উপযুক্ত সময় আসেনি। ধরুন হাউসিং কো-অপারেটিভ সোসাইটি কিংবা পার্টিকুলার ইণ্ডাষ্ট্রিয়াল কো-অপারেটিভ সোসাইটি, হয়ার দি উইকার সেকশান অব দি সোসাইটি ইজ দেয়ার, সার্টেনলি উই উইল এক্সটেণ্ড ইট টু আর্টিজানস কো-অপারেটিভ সোসাইটি ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি, হ্যাণ্ডলুম কো-অপারেটিভ সোসাইটি। বোধ হয় এই সংবাদ রাখেন অনেকগুলি অসুবিধা দেখা দিয়েছে। সবগুলির সম্পর্কে পিছনের দরজা খুলে দেওয়া যায় না। আমাদের উদ্দেশ্য হয়ার দি উইকার সেকশান অব দি সোসাইটি ইজ দেয়ার

হাউসিং সোসাইটি সম্পর্কে কোন আপত্তি নেই, ইণ্ডাষ্ট্রিয়াল সোসাইটি যেগুলি উইকার সেকশানের কাজ করে সেই সোসাইটিগুলিকে আমরা ধীরে ধীরে এই আইনের আওতায় নিয়ে আসতে চাই। সেকেণ্ড কো-অপারেটিভ ডেভেলপমেণ্ট কাউন্সিল যেটা হয়েছিল সেখানে এই জাতীয় সুপারিশ এসেছে, আমরা এটা গভীরভাবে বিবেচনা করে দেখছি। গ্র্যাজুয়্যালি ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটির উইকার সেকশান, হ্যাণ্ডলুম কো-অপারেটিভ সোসাইটির উইকার সেকশান, এদের মধ্যে এটা এক্সপাণ্ড করা যায় কিনা সার্টেনলি এটা আমরা দেখছি।

4-50—5-00 p.m.]

আপনি ইনস্পেক্টরে আপত্তি করেছেন। আপনি দেখুন আমরা এটা বাড়াতে চাচ্ছি। যদি এই জাতীয় অভিযোগ হয় যে, ম্যাসিভ রিফিউজাল কিম্বা মেজরিটি রিফিউজড করতে হচ্ছে এবং যদি তা রেঞ্জ অফিসার বা এ্যাসিস্ট্যাণ্ট রেজিস্ট্রারর্স দিয়ে করতে হয় তাহলে দেখবেন এদের সংখ্যা খুব সীমিত। আজকে এদের একার ক্ষমতায় সবগুলি কেস ডিসপোজ-আপ করা সম্ভব হবে না সুতরাং ইনস্পেক্টরদের দরকার এবং দে আর অলসো গেজেটেড অফিসার্স এ্যাণ্ড রেসপনসিবিল অফিসার্স, তাদের উপর এই দায়িত্ব দিতে হবে। আপনারা বলছেন বুরোক্র্যাসির কথা, কিন্তু বোধকরি কো-অপারেশনে একটা মৌলিক পরিবর্তন মানুষের মধ্যে এসেছে। আপনারা যতই বলুন আমরা এখানে আত্মশ্লাঘা করছি তা না হলে ভারত-বর্ষের এই রাজ্যে রেট অব গ্রোথ অব দি মুভমেণ্ট এত দ্রুত সম্ভব হতো না। এই রেট অব গ্রোথ অব দি মুভমেণ্ট ইন দিস স্টেট এটা যদি ডাইরেক্টরেটের অফিসার, যারা এটা একজিকিউট করবে, যে মেশিনারি, তারা যদি ইনভল্ভড না হতো তাহলে বোধকরি এটা সম্ভবপর হতো না। জনসাধারণ কো-অপারেটিভের নন-অফিসিয়াল লিডার, সবাই মিলে এই আন্দোলনটাকে গতিশীল করার চেষ্টা করছে এবং সেইখানে তাদের উপর আমাদের নির্ভর করতেই হবে। আমাদের অলটারনেটিভ মেশিনারি কি আছে? আপনি চেকস এ্যাণ্ড ব্যালেন্সের কথা বলেছেন, ম্যানেজিং কমিটি অব দি সোসাইটি ইটসেল্ফ ইজ এ চেক্। সেখানে তো একটা মেম্বার নেই, ম্যানেজিং কমিটি যদি দেখে এই লোকদের এই দোষ, তারা অন্য সোসাইটিতে ডিফল্টার কিম্বা অন্য কোনখানে দোষ করেছে, কিম্বা এই লোকটা মোটিভেটেড, কিম্বা এ এখানে থাকে না, আমাদের রুলস্ ৮-এ কি কি প্রকারে মেম্বার হওয়া যায়। আমাদের সেকশন ৫৯-এ এটা ডিফাইন করে দিচ্ছে কারা এই সোসাইটির এলিজিবিল টু বিকাম মেম্বার্স। আজকে সেদিক দিয়ে আমার মনে হয় কোন অসুবিধার কথা নয়। আপনি বলেছেন অন কমপ্লিশন অব দি সোসাইটি সুয়োমোটো করতে হবে, সোসাইটির কি অবজেক্ট সেটা তাকে জানতে হবে এবং এটার আমরা দ্রুত নিষ্পত্তি করতে চাই, কুইকলি। আমাদের এখন ধরুন, আপটিল নাউ কম-বেশী ১৬·৭৫ লক্ষ মেম্বারশিপ আছে, এবার হয়েছে ৬৬ থাউজাণ্ড, আমাদের টারগেট এই বৎসরে—যদি আমরা এর মধ্যে বিপ্লব আনতে পারতাম তাহলে ভাল হতো, আমরা তার জন্য বাজেটে প্রভিশন রেখেছি ইভেন ফর উইকার সেকশন। আমরা চাচ্ছি এস এফ ডি এ থেকে শেয়ার ক্যাপিটালের টাকা তাদের দেওয়া হোক। আজকে যেখানে যেখানে এস এফ ডি এ অপারেট করে না গভর্ণমেণ্ট ফাণ্ড থেকে, আউট অব ইটস্ ওন গভর্ণমেণ্ট ফাণ্ড গরিব মানুষদের অনুকূলে এবং মেম্বারশিপের পয়সা দেওয়া হোক এই ব্যবস্থা আমরা দ্রুত করতে চাচ্ছি। কারণ কুইকলি আমরা অতীতের যে মহাজনী সূত্রের খত সেটাকে সারাতে চাই। মাননীয় সদস্য বাপুলি মহাশয় এটাকে সমর্থন করেছেন এবং

তিনিও এই ষ্টেট কো-অপারেটিভ মুভমেণ্টকে উপযুক্ত নেতৃত্ব দিয়েছেন। এই মুভমেণ্ট প্রসারের জন্য শরৎবাবু এটাকে সমর্থন করেছেন। খালি একটা কথা বলেছেন যে, এ্যাড মিনিষ্ট্রেটর এখানে আসে না। আপনি দেখেছেন যে, আইনে বিধান আছে ৫ বৎসরের অতিরি কোন এ্যাডমিনিষ্ট্রেটর রাখার কথা নয়, একসেপ্ট অন—যেখানে ষ্টেট কো-অপারেটিভে আম নিষ্পত্তি করতে পারছি, আনটিল উই রিসিভ ভাডিক্ট অব দি কোর্ট, সুতরাং এ্যাডমিনিষ্ট্রেট একটা নির্দিষ্ট পিরিয়ডের জন্য থাকে এবং আমরা সেই চেষ্টা করি সবসময়ে যে টু রেস্টো ডিমোক্র্যাসি ইন দি কো-অপারেটিভ সোসাইটি। মাননীয় ডাঃ দত্ত যে সংশোধনী এনেছেন এ বক্তব্য রাখার চেষ্টা করেছেন, বোধহয় রুল ৮ নং পড়লে সেই সমস্যার সমাধান হয়ে যায় আমাদের এখানে বলা আছে যে, এই এরিয়াটা কোথায় হবে এবং ইনসিডেন্স অব মেম্বারশি ইন টু সোসাইটিস্, এখানে দিস এ্যামেণ্ডমেণ্ট ইজ প্রাইমারিলি টু হেল্প পিপিল ইন দি রুরা এরিয়াস, আপনার নিজের অভিজ্ঞতা এবং আমাদের নিজের অভিজ্ঞতায় দেখেছি একটা মানু দুটি সোসাইটির মেম্বার খুব রেয়ার, এক পাসেণ্ট কি দু' পাসেণ্ট, নেগলিজিবিল, এবং সেখা যে ম্যানেজমেণ্ট কমিটি আছে তারা অন্য গ্রামবাসীর আচরণ কি তা দেখে, তার চরিত্র জানে তার কর্মকাণ্ড জানে, তারাই চেক্স এ্যাণ্ড ব্যালান্স হিসাবে কাজ করতে পারে। আজকে আপা ডিফল্টারের কথা বলেছেন যে, একটা সোসাইটিতে ডিফল্টার হলে আর একটা সোসাইটি দে না। আমাদের প্রাইমারি উদ্দেশ্যটা কি? তাহলে তাকে মহাজনের কাছে যেতে হবে কি আরবান সোসাইটির টাকা তা কো-অপারেটিভের মাধ্যমে আমরা দেবো এটা মেনলি কনফাই রাখছি টু রুরাল ক্রেডিট এ্যাণ্ড ফারমার্স ক্রেডিট সোসাইটি এবং এটা প্রডাকশন করবে সুতরা এটা আমাদের ডিনাই করা এই স্তরে উচিত হবে না। তাছাড়া ডিফল্টার হলে তা আদায় করা জন্য অনেকগুলি হাতিয়ার, অনেকগুলি উপায় সবরকম সোসাইটির হাতে আছে, সরকারে হাতে আছে। সেইজন্য একদিকে যে-রকম আমি মাননীয় অজিতবাবুর সংশোধন প্রস্তাবগুলি গ্রহ করতে পারলাম না, একই কারণে মাননীয় দত্তর সংশোধনীগুলিও গ্রহণ করতে পারলাম না আমি দুঃখিত। আমি আশা করবো আমরা এখানে ষ্টেটমেণ্ট অব অবজেক্টস্ এ্যাণ্ড রিজিনসে য দিয়েছি সেটা পড়বেন এবং অনুরোধ করবো আমি প্রারম্ভিক ভাষণে যে বক্তব্য রেখেছি, আমর সবাই মিলে যদি এতে অংশগ্রহণ করি এবং সমাজের আমূল পরিবর্তন করার জন্য যদি আমর সবাই মিলে উদ্যোগী হই তাহলে আশা করি আমরা সফল হবো। আমি আবার মাননী সদস্যদের সাধুবাদ জানাই কারণ তাঁরা সবাই এই বিলটিকে সমর্থন করছেন যদিও আমি তাঁদে সংশোধনীগুলি গ্রহণ করতে পারলাম না।

The motion of Dr. Zainal Abedin that the West Bengal Co-operativ Societies (Amendment) Bill, 1977, be taken into consideration, was then pu and agreed to.

Clause—1

The question that clause do stand part of the Bill was then put an agreed to.

Clause—2

Mr. Speaker: There are amendments to Clause 2 by Shri Ajit Kuma Ganguly, Amendment Nos. 1 to 4 and by Dr. Ramendra Nath Dutt, Amendment No. 5. I now call upon Shri Ajit Kumar Ganguly to move his amendments.

Shri Ajit Kumar Ganguly : Sir, I beg to move that in Clause 2, in the roposed sub-Section (4A), in Clause (a), in line 2, before the words "an ıdividual", the words "after due publicity in public places and Local lewspapers from the Co-operative Societies" be inserted.

Sir, I also beg to move that in Clause 2, in the proposed sub-Section (4A), Clause (a), in line 4, after the words "Service Co-operative Society", the words ınd all other Co-operative Societies" be inserted.

Sir, I also beg to move that in Clause 2, in the proposed sub-Section (4B), line 8, for the word "Inspector", the words "Assistant Registrar" be ıbstituted.

Sir, I also beg to move that in Clause 2, in the proposed sub-Section (4C), line 3, for the words "on his own", the words "on complain from the ɔciety" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব সুস্থভাবে মাননীয় মন্ত্রী মহাশয়ের কথা শুনলাম কন্তু আমার মনে হল যে, তিনি আমার স্পিরিটটা ঠিকমত উপলব্ধি করেন নি। তিনি লেছেন যে, লোকাল নিউজ পেপারে আমরা দিতে বলেছি, রেডিওতে দিতে বলেছি এবং ামি বলবার সময় তিনি বলেছেন যে, সাধারণত মেম্বারশিপটা হয় লোন ডিষ্ট্রিবিউশনের আগে। টা সবাই আমরা জানি। যদি ঠিক সেই সময় এই পাবলিসিটিগুলি হয় তাহলে এটা হতে ারে। কিন্তু এটা কখন করছেন, না করছেন তা বলা যায় না। স্পিকার মহাশয়, আপনিও াডিও শোনেন, এই সমবায়ের মেম্বারশিপ নিয়ে বিশেষ পাবলিসিটি হচ্ছে না এটা বেদনার ঙ্গে বলতে হচ্ছে এবং এখানে অফিসাররা আছেন তাঁরাও শুনে যান। আমি যে রোজ রেডিও লি তা বলছি না কিন্তু যখন খুলি কোন সময়েই আমি এটা শুনিনি বা লোকাল নিউজ পপার—আমাদের ওখানে যতগুলি কাগজ আসে, তার একটাতেও বের হতে দেখিনি। বিজ্ঞাপনে মন বেশকিছু টাকাকড়ি লাগে না কিন্তু এটা যদি করা হয় তাহলে লোক জানতে পারে যে, ামাকে মেম্বার হতে হবে। আমি কুড়িয়ে-বাড়িয়ে আমার স্বার্থ পূরণ করতে পারি কিন্তু এটা ক নয়। সেইজন্য আমি আশা করবো যে, এটা আপনি গ্রহণ করবেন। এখানে আমি ারটিই একসঙ্গে বলে দিচ্ছি। দ্বিতীয় কথা, আপনার কোথায় বাধা জানি না, আপনি ক মনে করেন যে, কো-অপারেটিভ সোসাইটিগুলি সব বদলে যাবে? ওখানে অফিসারদের জ্ঞাসা করুন। এখানে আমি বলেছি এ্যাণ্ড অল আদার কো-অপারেটিভ সোসাইটিস্, তাতে াপনি এখানে এইটুকু যোগ করতে পারেন অব উইকার সেকশন অব দি সোসাইটি যেমন ইভার, ফিসারমেন ইত্যাদি। এদের টাকা দেবার কোন সোর্স নেই, এরা খুব দুর্দশার মধ্যে াছে। আমি আপনাদের এটা অনুধাবন করতে বলবো। জয়নালভাই আপনি এটা ভেবে খুন, আপনি হাউসিং বাদ দিন, এদের দিকে লক্ষ্য করেই বলেছিলাম অল আদার কো-াপারেটিভ সোসাইটিস্, রুরাল সেকশানকে আপনি দেখুন। সেইজন্য আপনি যদি এইটুকু নেন াহলে কৃতার্থ হবো যে, ঐ গরীব মানুষরাও কিছু পাচ্ছে। আবার আমি আবেদন রাখছি। ার একটা কথা বলছি, আপনি একবার বললেন, যে ভূরি ভূরি অভিযোগ আসছে না, াবার বলছেন অভিযোগগুলি দ্রুত ত্বরান্বিত করতে হলে ইনস্পেক্টর র‍্যাঙ্কে আমাদের নিতে ে কারণ আমাদের ষ্টাফ কম। নিশ্চয়ই রেজিষ্ট্রারার কম, প্রত্যেক ডিষ্ট্রিক্টে একজন কি

দু'জন থাকতে পারে একথা বুঝি কিন্তু যখন বলছেন যে, ভূরি ভূরি অভিযোগ আসছে না তখন স্তর পর্যন্ত রাখায় ক্ষতিটা কি? আমি এইজন্য বলছি যে, এটা আপনি ভেবে দেখবেন যে, অ কমপ্লেন ফ্রম দি সোসাইটি না এলে, অন্য কেউ কমপ্লেন করলে অনেক জটিলতা দেখা দেবে আমি আশা করি এই সংশোধনগুলি আপনি নেবেন।

[5-00—5-10 p.m.]

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে এরিয়া অব এ্যাক্টিভিটি লিমিট করে দিতে বলছিলাম তার কারণ বিভিন্ন জায়গা থেকে সেই কো-অপারেটিভের মেম্বার হয়, তাদের মধ্যে ডিফলিটিং-এর একটা টেণ্ডেন্সি দেখা যায়, এক জায়গায় টাকা দেবে না আবার আর একটা কো-অপারেটিভে মেম্বার হবে এবং সেখান থেকেও লোন নেবে। সেজন আপত্তি করেছিলাম। যদি এক জায়গায় টাকা না দিয়েও অন্য জায়গা থেকে লোন পায় তাহলে যারা রেগুলারলি পেমেণ্ট দিচ্ছিল, তারাও দেখাদেখি ভাববে, অন্য জায়গায় মেম্বার হয়ে যাব এবং ডিফলিটিং-এ এনকারেজড হবে। এই কারণে আমি আপত্তি করেছিলাম।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমি এ সম্বন্ধে আগেই রিপ্লাই দিয়ে দিয়েছি। আমি ডাঃ দত্তের দৃষ্টি রুল ৮-এর প্রতি আকর্ষণ করছি। রুল এইট বলছে—

Rule 8 Formation of Co-operative Society—

(1) No primary credit society shall be registered unless the applicants—

(i) Reside or hold landed property in the same town or village o in the same group of villages ; or

(ii) Are members of the same class or occupation.

সেদিক দিয়ে এটা গোড়ায়ই আছে, ডিফলিটিং-এ এনকারেজড হবেন। এই জন্য যে তিনি শুনলে খুশী হবেন ১৯৭১-৭২ সালে যখন দায়িত্ব নিয়েছিলাম তখন রিয়েলাইজেশন ছিল টুয়েণ্টি পারসেণ্ট, আজকে স্যার, সেটা হাইয়েষ্ট ইন দি কাণ্ট্রি, রেট অব রিয়েলাইজেশন ইন ওয়েষ্ট বেঙ্গল ইজ দি হাইয়েষ্ট ইন দি কাণ্ট্রি। সেদিক দিয়ে দাবী করছি না যে, সকলেই দেবে তবে এক পারসেণ্ট হয়ত হবে সেটা নেগলিজিবল্ দু'-একজন থাকতে পারে, এখনই তাই ইনক্যাপাসিটেট করাটা বোধ হয় ঠিক হবে না। সেজন্য সংশোধনী গ্রহণ করলাম না।

The motions of Shri Ajit Kumar Ganguly that in Clause 2, in the proposed sub-Section (4A), in Clause (a), in line 2, before the words "an individual", the words "after due publicity in public places and Local Newspapers from the Co-operative Societies" be inserted ;

That in Clause 2, in the proposed sub-Section (4A), in Clause (a), in line 4 after the words "Service Co-operative Society", the words "and all other Co-operative Societies" be inserted ;

That in Clause 2, in the proposed sub-Section (4B), in line 8, for the word "Inspector", the words "Assistant Registrar" be substituted ;

That in Clause 2, in the proposed sub-Section (4C), in line 3, for the words "on his own", the words "on complain from the Society" be substituted were then put and lost.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3 and Preamble

The question that Clause 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Zainal Abedin : Sir, I beg to move that the West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

শ্রীসুধীর বেরা :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ডে একটা খবর বেরিয়েছে, সেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। খবরের হেডলাইন হচ্ছে—রিপোর্টার এ্যাবুউসড ইন থানা, রিপোর্টার অব উর্দু ডেইলি—"ঘাজি" ঘটনার বিবরণে প্রকাশ রঞ্জিতকুমার কুণ্ডু উর্দু ডেইলি "ঘাজি"-এর রিপোর্টারকে গভীর রাতে ডেকে নিয়ে গিয়ে ডিটেইন করে, থানায় অকথ্য-কুকথ্য ভাষায় গালিগালাজ করে।

Government has changed in the Centre but it is not in the State. You Journalists are the root of all evils. Don't thing that change in Government at the Centre means freedom to write whatever you want. We are not dead. We can teach you lessons that you well remember of your life.

(Noise and interruptions) very important...

Mr. Speaker: Now, Calcutta Municipal (Amendment) Bill, 1977. (Shri Sudhir Bera was still speaking amidst noise and interruptions), Mr. Bera, please take your seat. You know there is no scope of any speech here. I allowed you to draw the attention of the House to a particular matter but I did not permit you to make any speech.

(Shri Sudhir Bera again rose to speak)

বলা হয়েছে কেন্দ্রীয় সরকার বদলে গেছে।...সাংঘাতিক লাঞ্ছনা...

(Noise and interruptions)

(Voices—ওটা গল্প)

Shri Md. Safiullah : Mr. Speaker, Sir, he is defying the chair.

(Voices—উনি চেয়ারের অবমাননা করছেন, স্যার)

(Noise and interruptions)

Mr. Speaker : Mr. Bera, may I request you to take your seat ? I have not given you permission to make any speech. I have only allowed you to draw the attention of the House to a particular piece of news but you have inflicted a long speech. It is not desirable. You have not taken my permission to make that speech.

(Shri Sudhir Bera again rose)

(Voices—উনি ক্ষেপে গেছেন, স্যার)

(Noise and interruptions)

Mr. Bera, you know the sentiment of the House. Just some time back some of the honourable members were opposing some press reports which, according to them, were totally false and untrue, and even the Leader of the House has stated that the press has been publishing false and untrue statements. So you know the sentiment of the House regarding the news in certain papers. Even then I allowed you because I thought that if anything was there which had some bearing on you or which you might feel should be mentioned in the House. Certainly if there is anything against any journalist, it should be brought to the notice of the House. I do appreciate that feeling and so I have allowed you to speak. But you know the sentiment of the members because in some press they have made some serious allegations today. So I allowed you just to draw the attention of the House but not to make any speech. It would be unfortunate if you go beyond the limit of the rules.

(Shri Sudhir Bera again tried to stand up)

Mr. Bera, don't try to stand up. I request you that in future you must limit yourself to the rules and do not go beyond that limit. I am very sorry.

(Shri Sudhir Bera again rose)

(Noise and interruption)

(Voices—উনি পেপারের এজেন্সি নিয়েছেন, স্যার)

[5-10—5-20 p.m.]

Mr. Speaker: If you make this sort of allegations, certainly, other members will also speak. You cannot use any language that may, to some extent, hurt other members. You can say that news has been published in the paper. But if you make any allegation, other members will feel aggrieved. I hope you will appreciate the position. Mention means, just to draw the attention of the Government. But if I find that you are criticising a policy of the Government or any member, then, you are misusing the power given to you. Please do not do that. I request you not to do so in future. I always give time specially to Opposition Members to speak till they express their feeling. But you must not injure the feeling of the other honourble members of the House. You are an Advocate, Mr. Bera. I am also told that you assisted Mr. Ashoke Sen in the case of Mrs. Indira Gandhi. I expect this from an honourable member who has got such a legal background.

(Shri Sudhir Bera rose to speak)

(Noise)

Mr. Speaker: Mr. Bera, may I know who is the Leader of your group ?

শ্রীরথীন তালুকদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অনুগ্রহ করে শ্রীসুধীরচন্দ্র বেরা মহাশয়কে কিছু বলবার জন্য অনুমতি দিয়েছিলেন। শ্রীসুধীরচন্দ্র বেরা মহাশয় অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা আপনার সামনে উপস্থাপন করেছিলেন। সেই ঘটনা বলতে গিয়ে দু'-চারটি কথা বিশেষভাবে তিনি বলেছিলেন। কারণ যারা শান্তিরক্ষার দায়িত্ব গ্রহণ করেছে সেই পুলিশ বন্ধুরা সাংবাদিক বন্ধুকে ডেকে তাকে লাঞ্ছনা করেছে, অপমান করেছে। আমরা মনে করি আমাদের বন্ধু শ্রীসুধীর-চন্দ্র বেরা মহাশয় যেকথা বলেছেন তার মধ্যে কোন অন্যায় নেই। মানুষের ব্যথা-বেদনার কথা যদি আমরা বিধানসভায় বলতে না পারি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেকথা কার কাছে গিয়ে বলবো, কার কাছে গিয়ে জানাবো। এই সাংবাদিকের এখানে আসবার কোন অধিকার নেই, তাঁর কথা আপনার কাছে বলবার সুযোগ নেই। আমরা বিধানসভায় এসেছি আপনার কাছে বিচারের জন্য। আপনি ওই পুলিশ কুকুরগুলোকে সাবধান করুন। বিগত ১৬ই মার্চ জনসাধারণ এর যোগ্য জবাব দিয়েছে। ওরা ধূলিসাৎ হয়ে গিয়েছে। জনসাধারণ যোগ্য রায় দিয়েছেন। চিৎকার করে আমাদের কণ্ঠরোধ করা যাবে না। আমরা সি এফ ডি'র পক্ষ থেকে এর প্রতিবাদ করছি।

(Noise)

Mr. Speaker : Mr. Talukdar, please take your seat, I am on my legs. I draw your attention to Rule 351. No matter can be raised on the floor of the House which is not a point of order, until and unless the Speaker gives special permission for the same. In this case I requested him to speak only on that particular point and draw the attention of the House and not to go beyond the limit. I expected from the honourable member having legal background that he would not go beyond the rules.

If the honourable members misuse the Rule 351 in future mention cases will have to be stopped and the honourable members will lose the most important weapon in their hands to draw the attention of the House. Previously Rule 351 was not allowed and it was introduced by me only so that the honourable members could express their feelings in the floor of the House. It is not the time for mention cases but even then I have allowed Shri Bera to just mention this particular case. Sometime it happens that a procession has came or some memoranda have to be handed over and in those cases I allow the honourable members to mention their cases but long speech on that is not permitted by me. In future if the honourable members give long speeches in such matters then I have to consider the matter and place it before the Business Advisory Committee, whether in future Rule 351 would be allowed or not.

শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটা বক্তব্য এখানে রাখছি। এখানে মাননীয় সদস্য শ্রীসুধীর বেরা আপনার নির্দেশ ব্যতিরেকে যে ন্যক্কার-জনক অবস্থার সৃষ্টি করলেন এবং যেসব বক্তব্য রেখেছেন সেগুলি প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করা হোক। উনি চেয়ারকে অবমাননা করেছেন। আর একটি কথা স্যার, ভবিষ্যতে সুধীর বেরার সঙ্গে যখন কথা বলবেন বাংলায় বলবেন। কারণ আমার মনে হয় উনি ইংরাজী কম জানেন।

Mr. Speaker : I hope Shri Sudhir Bera will express sorrow for taking so much time of the House to mention this particular case, without my permission.

Shri Sudhir Bera : Sir, I am sorry for taking so much time of the House in mentioning this matter.

শ্রীকৃষ্ণকুমার শুক্লা : স্যার, আমার প্রস্তাব রইলো ওনার বক্তব্য প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করা হোক।

(Noise and interruptions)

Mr. Speaker : Honourable members, please take your seats. Shri Bera has expressed regret and I also express thanks to him for this. I will look into the proceedings and see if any word that has been used is unparliamentary or there is any word which ought not to have been used in this connection. I will look into it and if necessary those words will be expunged. When Shri Bera has expressed sorrow in this matter I think the matter ends here. So long I am here I will give protection to the opposition members and I will protect their legitimate rights but I would again say that I will look into the whole proceedings and if anyone uses unparliamentary word or expression that will be expunged, if necessary.

[5-20—5-30 p.m.]

Twentieth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the Twentieth Report of the Bussiness Advisory Committee which at its meeting held on the 6th April, 1977 in my chamber revised the programme of business for the 11th April, 1977 and also considered the question of allocation of time for the disposal of legislative business and recommended as follows :—

Monday, 11.4.77	(i) The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1977 (Introduction, Consideration and Passing) ...	1 hour
	(ii) The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1977 (Introduction, Consideration and Passing) ...	½ hour
	(iii) The West Bengal Central Valuation Board Bill, 1977 (Introduction, Consideration and Passing)	1 hour
	(iv) The West Bengal Fire Services (Amendment) Bill, 1977 (Introduction, Consideration and Passing)	½ hour
	(v) The West Bengal University Laws Amendment (Repealing) Bill, 1977 (Introduction, Consideration and Passing) ...	½ hour
	(vi) Motion under 185 regarding untoward role of a section of the Press ...	1 hour
	(vii) The West Bengal Payment of Pension to members of legislature Bill, 1977 (Introduction, Consideration and Passing) ...	½ hour

There will be no question, calling attention or mention cases on the above mentioned date.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Twentieth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

The Calcutta Municipal (Amendment) Bill, 1977

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুকাল ধরে কোলকাতায় যেখানে-সেখানে বড় বড় বাড়ী তৈরী হচ্ছে। এই সব বিরাট বিরাট বাড়ী তৈরীর ফলে শহরের আলো-বাতাস চলাচল, আগুন নেভানো, আগুন লাগার আশঙ্কা দূরীকরণ, যানবাহন চলাচল এবং আরও অনেক বিষয়ে বিভিন্ন জটিল সমস্যার সৃষ্টি হয়েছে। ১৯৫১ সালের কোলকাতা পৌর আইনের ১৬ নং সিডিউলে যে বিল্ডিং রুলস্ আছে তাতে এই ধরনের সমস্যা দূর করা সম্ভব নয়। তাই এই বিল্ডিং রুলস্ পরিবর্তন করার কথা সরকার চিন্তা করেছিলেন। কয়েকজন বিশেষজ্ঞকে মিলিতভাবে ন্যাশনাল বিল্ডিং কোডের পরিপ্রেক্ষিতে কোলকাতার বিল্ডিং রুলসগুলি বিচার করে প্রয়োজনীয় পরিবর্তনের সুপারিশ করতে অনুরোধ করা হয়েছিল। এই দলে ছিলেন পশ্চিমবঙ্গ সরকারের চীফ গভর্ণমেণ্ট আর্কিটেক্ট, ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ইনষ্টিটিউশনের ডেপুটি ডিরেক্টর জেনারেল, কোলকাতা কর্পোরেশনের একজন ডেপুটি কমিশনার ও সিটি আর্কিটেক্ট এবং পশ্চিমবঙ্গ দমকলবাহিনীর ডিরেক্টর। এই দল ন্যাশনাল বিল্ডিং কোডের পরিপ্রেক্ষিতে তাঁদের সুপারিশ দেন। করপোরেশন এই সুপারিশ গ্রহণ করেন এবং সরকারকে সেইমত আইন সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানান। সেইমত সরকার বিল্ডিং রুলসের প্রয়োজনীয় সংশোধন করা মনস্থ করেন। সেই সঙ্গে সরকার বিল্ডিং লাইন (বাড়ির সারি) ও ষ্ট্রীট এ্যালাইনমেণ্ট (রাস্তার গতিপথ) সংক্রান্ত পৌর আইনের ৩৫৬ নং ও ৩৫৭ নং ধারায় কিছু রদবদলেরও সিদ্ধান্ত নেন এবং কর্পোরেশনকে (বিল্ডিং লাইন ও এ-বিষয়ে প্রয়োজনীয় ষ্ট্রীট এ্যালাইনমেণ্ট) পরিবর্তন করার ক্ষমতা দানের সিদ্ধান্তও সরকার গ্রহণ করেন।

নতুন বিল্ডিং রুলসের প্রধান প্রধান বৈশিষ্ট্য হচ্ছে---

১) বাড়ীগুলিকে সাধারণভাবে তিন শ্রেণীতে ভাগ করা হয়েছে :---

(ক) ১৮ মিটার পর্যন্ত উঁচু.

(খ) ১৮ মিটারের বেশী এবং ৩৬ মিটার পর্যন্ত উঁচু.

(গ) ৩৬ মিটারের চেয়ে বেশী উঁচু।

২) নতুন রুলগুলির দ্বারা ছোট বাড়ী অর্থাৎ ১৩·৫ মিটার পর্যন্ত উঁচু বাড়ীর মালিকদের ক্ষেত্রে কিছু সুবিধার ব্যবস্থা করা হয়েছে। এইসব সুবিধা ৪, ৮, ৯, ১৯ এবং ৬০ নং রুলের উল্লেখ করা আছে।

৩) বিভিন্ন শ্রেণীর বাড়ীর সামনে, পাশে এবং পেছনে খালি জায়গা রাখার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

৪) বাড়ীর উচ্চতা সামনের রাস্তা এবং পেছনের খালি জায়গার ওপর নির্ভর করবে।

৫) ১৮ মিটার পর্যন্ত উঁচু বাড়ীর ক্ষেত্রে জমির দুই-তৃতীয়াংশের ওপর এবং ১৮ মিটারের বেশী উঁচু বাড়ীর ক্ষেত্রে জমির অর্ধেক অংশের ওপর বাড়ী করা চলবে। বাকি অংশ ফাঁকা রাখতে হবে।

৬) বাড়ীর উচ্চতা এবং পরিমাপের উপর নিয়ন্ত্রণ রাখার জন্য ২১ নং রুলে ফ্লোর এরিয়া রেশিও প্রবর্তিত হয়েছে।

৭) বড় বড় বাড়ীর ক্ষেত্রে গাড়ীর জন্য জায়গা রাখার ব্যবস্থাও নেওয়া হয়েছে। বাড়ীর সবকটি তলের মোট আয়তনের অন্তত ১০ শতাংশ জায়গা পার্কিং স্পেস হিসাবে রাখতে হবে।

৮) বাড়ীতে যাতে সহজে আগুন না লাগতে পারে এবং আগুন লাগলে নেভাবার ব্যবস্থা ও বেরোবার জন্য বাড়ীর বাড়তি সিঁড়ির বন্দোবস্ত করার বিধিও বিল্ডিং রুলস-এ করা হয়েছে।

৯) বাড়ীতে ঘরের পরিমাপ আলো-বাতাস চলাচলের সুযোগ সম্বন্ধে বিধিগুলিও সময়োপযোগী করা হয়েছে।

১০) বাড়ীতে যাতে সহজে আগুন না লাগে এবং আগুন নেভাবার যথেষ্ট ব্যবস্থা থাকে সেইদিকে লক্ষ্য রেখে ১৩·৫ মিটারের চেয়ে উঁচু নতুন বাড়ী ব্যবহারের পূর্বে অকুপেন্সি সার্টিফিকেট নিতে হবে। বাড়ী পরিদর্শিত হবার পর এই সার্টিফিকেট দেবার ক্ষমতা করপোরেশনের কমিশনারকে দেওয়া হয়েছে। ১৮ মিটারের চেয়ে উঁচু বাড়ী ও গুদাম শ্রেণীর বাড়ীর ক্ষেত্রে দমকলবাহিনীর ডিরেক্টরের সঙ্গে এই পরিদর্শন করতে হবে।

১১) পুরানো বাড়ীর পরিবর্তন ও পরিবর্ধন করতে হলে আগে করপোরেশনের অনুমতি নিতে হবে।

পূর্ববর্ণিত সমস্যাসমূহের সমাধানের উদ্দেশ্যে সরকার এই নতুন বিধিগুলি যথাশীঘ্র সম্ভব চালু করার জন্য অত্যন্ত উদ্বিগ্ন ছিলেন। তাই কলিকাতা পৌর (সংশোধন) অর্ডিন্যান্সের ১৯৭৭-এর মাধ্যমে এই সংশোধিত রুলস বিধিবদ্ধ করা হয়।

এই অর্ডিন্যান্সের ধারাগুলি পাকাপাকিভাবে বহাল রাখার জন্য এই বিধেয়ক আনা এনেছি। বাড়ী তৈরীর অনুমতির স্থিতিকাল এবং ভুল বা অসত্য বিবরণের ভিত্তিতে প্রদত্ত অনুমতি বাতিল করার ক্ষমতা সম্বন্ধে প্রয়োজনীয় দুটো ধারা যা অর্ডিন্যান্সে অন্তর্ভুক্ত করা হয়নি এই বিলে সেগুলি অন্তর্ভুক্ত করার ব্যবস্থা করা হয়েছে। আমি এখন কলিকাতা পৌর (সংশোধন) বিধেয়ক, ১৯৭৭ আইনসভায় পেশ করছি এবং আমি আশা করি এই বিলটি আইনসভার পূর্ণ সমর্থন লাভ করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলেই আমি আমার প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

(Secretary then read the title of the Bill)

Shri Subrata Mukhopadhaya : Sir, I beg to move that the Calcutta Municipal (Amendment) Bill, 1977, be taken into consideration.

Mr. Speaker : There are two motions for circulation of the Bill by Shri Biswanath Chakrabarti and Shri Harasankar Bhattacharya. The Bill seeks to replace the Calcutta Municipal (Amendment) Ordinance, 1977 (West Bengal Ordinance No. III of 1977) which will cease to be operative at the

expiration of six weeks from the reassembly of the House on the 23rd March, 1977. In terms of Clause (2) of Article 213 of the Constitution the motion does not specify the period for eliciting opinion. Apparently, therefore, the amendment is dilatory and defeats the purpose of the Bill. I therefore rule that the motions are out of order. Even then I call upon Shri Biswanath Chakrabarti to speak on the consideration motion.

[5-30—5-40 p.m.]

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে সার্কুলেশনের জন্য মোশান দিয়েছিলাম, আমি এটা জানতাম যে, যেহেতু অল্পকাল সময় আছে, আমি শুধু প্রোটেষ্ট লজ করতে চেয়েছিলাম এই বলে যে কলকাতা কর্পোরেশন সম্পর্কে অনেক কথা আমি হাউসে বলেছি। স্যার, আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে, কলকাতা পৌরসভা সুপারসিডেড হবার পর এই হাউসে অনেকগুলি এ্যামেণ্ডমেণ্ট বিভিন্ন সময়ে এসেছে এবং বহু সংশোধন মন্ত্রী মহাশয় এই সভায় পাশ করিয়ে নিয়েছেন। আমি তাকে শুধু একথা বলতে চাই যেগুলি মাইনর সংশোধন করছেন সেগুলি করতে পারেন তার জন্য কোন অসুবিধা নেই। কিন্তু বড় বড় সংশোধন এই বিধানসভায় করেছেন। মজার কথা হচ্ছে এই যে, আমাদের কলকাতায় একটা কর্পোরেশন আছে কিন্তু সেই কর্পোরেশন এখন সরকার চালাচ্ছেন। এই বিলের উদ্দেশ্য সম্পর্কে আমার কোন আপত্তি নেই। উদ্দেশ্য খুবই ভাল। কিন্তু লক্ষণীয় হচ্ছে এই বিলের যে উদ্দেশ্যর কথা বলা হয়েছে, বিল পাশ করে নেওয়া হচ্ছে। এখন বিল্ডিং রুলস যেগুলি সেটা একজিকিউটিভ করবেন কমিশনার এবং কমিশনার একজন সরকারী কর্মচারী, যিনি কর্পোরেশনে আছেন। স্যার, আমি বিলের মেরিটে যাবার আগে আপনার মাধ্যমে বলতে চাই আই ওয়াণ্ট টু রেজিষ্টার এ ষ্ট্রং প্রোটেষ্ট এগেনেষ্ট দি ওয়াকিং অব দিস মিনিষ্ট্রি—সেটা হচ্ছে এই, পশ্চিমবাংলায় গত ৫ বছর কোন ডেমোক্র্যাটিক প্রিন্সিপাল এ্যানিহিলেটেড হয়েছে কিনা আমি জানি না। কিন্তু দি প্রিন্সিপাল সব সেল্ফ—গভর্ণমেণ্ট হ্যাজ বিন টোটালি এ্যানিহিলিটেড ইন দিস ষ্টেট—৫ বছরের বেশীকাল ধরে এই কর্পোরেশন সরকারের অধীনে আছে। আপনি জানেন স্যার, এখানে পঞ্চায়েত সম্পর্কে আলোচিত হয়েছে, এখানে মিউনিসিপ্যালিটি সম্পর্কে আলোচনা হয়েছে। আমি শুধু আজকে মন্ত্রী মহাশয়ের কাছে ষ্টেট করে জানতে চাই যে, কর্পোরেশনকে কলকাতার নাগরিকদের নির্বাচিত প্রতিনিধির হাতে ফিরিয়ে দেওয়া হবে কিনা? বিল্ডিং-এর কি রুলস করলেন, আমি এক্সপার্ট নই, উনিও এক্সপার্ট নন, যাঁরা করছেন তাঁরা কতখানি এক্সপার্ট আমি জানি না। সেটা বড় কথা নয়। রুলস করতে পারেন, আর্কিটেক্টরা করতে পারেন। কিন্তু আজকে যখন কলকাতা কর্পোরেশান-সংক্রান্ত একটা বিল উত্থাপিত হয়েছে, আমি তার কাছে প্রথমে একথা জানতে চাই যে, সরকার এবং মন্ত্রী মহাশয় স্পষ্টভাবে ঘোষণা করুন যে কর্পোরেশনকে তার নির্বাচিত নাগরিকদের প্রতিনিধিদের হাতে ফিরিয়ে দেওয়া হবে? এটাই আমার প্রথম কথা। দ্বিতীয় কথা এই বিল সম্পর্কে আমি যা বলতে চেয়েছি, সেটা হচ্ছে ন্যাশন্যাল বিল্ডিং কোড একটা আছে। এতে কতকগুলি ডাইরেকশন দেওয়া আছে। সেই অনুযায়ী তারা কতকগুলি নিয়ম করছেন। ভাল করছেন। উচ্চ বাড়ীর সময় যথেষ্ট পরিমাণ সাবধানতা, নিরাপত্তা, নতুন করে উচ্চ বাড়ী করা সম্পর্কে করেছেন। কর্পোরেশন নামে কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ হয়েছে। এই ব্যাপারে আমরা খুব খুশী। তবে অকাল নিদ্রাভঙ্গ হয়েছে কিনা জানি না।

অকাল নিদ্রাভঙ্গ হলে কি পরিণতি হয় সেটা রামায়ণে লেখা আছে। তাহলেও কর্পোরেশনের নিদ্রাভঙ্গ হয়েছে। কলকাতায় বহু উচ্চ বাড়ী যথেচ্ছভাবে কর্পোরেশনকে একটা বৃহৎ বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে তৈরী হয়েছে। কলকাতা শহরে এতদিন পরে কর্পোরেশানের নিদ্রাভঙ্গ হয়েছে যে, উচ্চ বাড়ী সম্পর্কে নিয়ন্ত্রণ করতে হবে। আগুন লাগা—আগুন লাগা সম্পর্কে উনি এখন প্রোটেকশন করছেন বলে বাড়ী নিয়ন্ত্রণ করছেন। আপনি জানেন যে, কলকাতা হচ্ছে এখন আগুনের শহর। কলকাতার মত এত অগ্নিকাণ্ড ভারতবর্ষের কোন শহরে হয় না। আগুন লেগে মহাকরণের সামনের বাড়ী পর্যন্ত পুড়ে যায়। আগুন লেগে বড় ব্যাঙ্ক পুড়ে যায় মহাকরণের সামনে। আগুন লেগে কারখানা পুড়ে যায়। আগুন লেগে ট্রাম পুড়ে যায়। কলকাতা একটি অগ্নিকাণ্ডের শহর। এতদিন পরে মনে হয়েছে যে, বাড়ী তৈরী করে যাতে আগুন না লাগে সেই ব্যবস্থা করতে হবে। সেজন্য এই বিলের যে উদ্দেশ্য তাতে আপত্তি নেই। বাড়ী তৈরী নিয়ন্ত্রণ করুন। কিন্তু মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই যে, কর্পোরেশনকে আপনি জানেন, ইউ নো হোয়াট এ্যান অর্গানাইজেশন ইট ইজ—আমি আপনাকে লিখে দিতে পারি, এই যে আইন আপনি পাশ করলেন, পাশ করার পরে এই আইনের জটিল ধারাগুলি তৈরী হয়েছে, বিভিন্ন মাপের বাড়ীর নানারকম ফর্ম, সার্টিফিকেট ইত্যাদিতে সাধারণ মধ্যবিত্ত নাগরিকরা হয়রাণ হয়ে যাবে এবং একদল অসাধু কর্মচারীদের টাকা রোজগারের ব্যবস্থা করে দেওয়া হল দিস ইজ হোয়াট কর্পোরেশন ইজ। অকুপেনসি সার্টিফিকেট তাও দেবেন কমিশনার, প্লানের সার্টিফিকেট দেবেন তিনি, প্লান রিজেক্ট করবেনও তিনি। তিনি ডাইরেক্ট করবেন, এগুলি হবে নুতন বাড়ী সম্পর্কে—আর পুরানো কলকাতা বড়বাজারে যান—কি করবেন? পুরানো কলকাতা উত্তর কলকাতার ঘিঞ্জি অঞ্চলে যান—কি করবেন? তাও রয়ে গেল। সুতরাং আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলতে চাই, আইন যেমন করছেন তেমনি এটা টোটাল টাউন প্ল্যানিং ছাড়া কেবল যে নুতন বাড়ী নির্মাণ হবে তার ক্ষেত্রে এক রেসট্রিকশন রাখলে কিছু হবে না। টোটাল টাউন প্ল্যানিং উত্তর কলকাতায় কি করবেন? বড়বাজারে কি করবেন, জোড়াসাঁকোর ঘিঞ্জি অঞ্চলগুলোতে কি করবেন? সেখানে করার কিছু নেই। সুতরাং আমি মন্ত্রী মহাশয়কে এই কথা বলতে চাই যে, সর্বাত্মক একটা টাউন প্ল্যানিং ছাড়া এই ধরনের আইন কার্যকরী করা মুশকিল—এর মধ্যে দিয়ে মধ্যবিত্তরাই কেবল হয়রাণী হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনের ধারাগুলো একটু দেখুন, কমিশনারের হাতে কি প্রচণ্ড ক্ষমতা দেওয়া হয়েছে। প্রথমে বিল্ডিং সাইটসের কথা বলা হয়েছে—

"No piece of land shall be used as a site for the erection of a building—
(i) If the building is to abut on a street, unless the site is of such a shape that the fact of the building can be made parallel to the line of the street, or as nearly parallel to the said line as the Commissioner may consider practicable."

আইনে বলা হচ্ছে যে রাস্তার সঙ্গে বিল্ডিং ফেস প্যারালাল হবে। এমন সুন্দর সাজানো জায়গা কলকাতা শহরে কত পাওয়া যাবে আমি জানি না যাতে এমন করে ফেস অব দি বিল্ডিং হবে সেটা রাস্তার লাইনের সঙ্গে প্যারালাল হবে। এই রকম জায়গা কত পাওয়া যাবে জানি না নুতন বাড়ির। সল্টলেকে করতে পারেন, সল্টলেকে এখনও কর্পোরেশনের কোন অধিকার প্রতিষ্ঠিত হয়নি মন্ত্রী মহাশয় এটা জানেন না। যাই হোক তারপর বলা হচ্ছে As nearly parallel to the said line as the Commissioner may consider practicable. এ্যাজ নিয়ারলি কথাটার মধ্যেই কিন্তু করাপশনের সুযোগ রয়ে গেল। কমিশনার

বলে ভদ্রলোক, অর্থাৎ কমিশনার এবং তার তলাকার কর্মচারীরা কান দিয়ে শোনেন এবং চোখ দিয়ে দেখেন। এ্যাজ নিয়ারলি প্যারালাল কথাটা এসে গেল, ওমনি সঙ্গে সঙ্গে রজত মুদ্রার ঝনঝন ঐ কর্পোরেশনের লাল বাড়িতে শুরু হয়ে গেল। সুতরাং এই ধরনের আইন করার আগে তার ইমপ্লিকেশন কি,

impact on the patience of the rate payers.

কি হতে পারে সেটা মন্ত্রী মহাশয়ের ভাবা উচিত ছিল। যাই হোক এটা একটা প্রচণ্ড ক্ষমতা, আবিট্রারী ক্ষমতা এবং আমি আশঙ্কিত, কর্পোরেশনের এখন যা অবস্থা, এটা প্রচণ্ডভাবে মিস ইউজ হবে। তারপর দেখুন কি রকম ক্ষমতা দেওয়া হয়েছে।

"The Commissioner may also grant a temporary certificate of occupency for a building or part thereof in accordance with sub-Rule (1) before the entire work covered by the permission granted for erection, re-erection or alteration of such building has been completed, provided that—(i) Such portion or portions may be occupied safely prior to full completion of the building without endangering life or public safety, and (ii) the owner has in this behalf made a written request duly certified by his licensed building architect.

স্যার, একটা বাড়ী কমপ্লিট হবার আগে টেম্পোরারী অকুপ্যান্সি সার্টিফিকেট দেওয়া হবে। আমি মন্ত্রী মহাশয়কে বলছি, এটা আর একটা জায়গা, ঐ এ্যাজ নিয়ারলির মত আর একটা করাপশনের জায়গায়। একটা বড় বাড়ী তৈরি হতে হতে জীবনে কলকাতা শহরে বাড়ী তৈরী হল না এবং তার ফুল এ্যাসেসমেণ্ট হল না, এমন অনেক বাড়ী রয়েছে কলকাতা শহরে।

[5-40—5-50 p.m.]

Because the building is under construction and no assessment whatsoever may be made.

এমন বাড়ী কলকাতায় আছে যার ওনার জীবনে বাড়ী শেষ করল না। কালকাটা কর্পোরেশনের লোকেরা গিয়ে বলল বাড়ী ইনকমপ্লিট সুতরাং ফুল এ্যাসেসমেন্ট হবে না ভ্যালুয়েশনের কথা পরে বলব। সুতরাং টেম্পোরারী অকুপেন্সি সার্টিফিকেট মানে আর একটা দুর্নীতির জায়গা তৈরী হয়ে গেল। কর্পোরেশনকে খুব ভাল করতে চাইছেন, কিন্তু কর্পোরেশন এত পচা যে ভাল করতে গেলে হাতে দুর্গন্ধ লাগবে। সুতরাং টেম্পোরারী অকুপেন্সি কথাটার বিষয়ে একটু চিন্তা করবেন। তারপর ড্রেনেজ সম্বন্ধে কথা আছে। প্রথমে বিল্ডিং সাইটের ক্ষেত্রে দেখব যে—

If the building is intended for human habitation, unless the site is certified by the Commissioner to be dry and well-drained, or unless the Commissioner is satisfied that it is capable of being well-drained and that the owner will take nccessary steps to drain it.

কথা হচ্ছে ওয়েল ড্রেন হওয়া বাড়ী, না পাড়ার কার দায়িত্বে তা জানি না। মনে হচ্ছে কর্পোরেশন সেই দায়িত্ব পালন করবে না। এটা ওনারের দায়িত্ব। তারপর কমিশনার দেখবেন হিউম্যান হেবিটেশনের যোগ্য কিনা? আপনি জানেন কর্পোরেশনে অনেক কিছু

হয়। পচা ড্রেন অনেক জায়গায় আছে। ড্রেন বে-আইনীভাবে বার করে দেয়। আমার কথা হচ্ছে কমিশনারের হাতে সমস্ত ক্ষমতা দিলেন—যিনি একজন আই এ এস রাইটার্স থেকে যান, কিন্তু তাঁর নীচের যন্ত্রটি যে একই থেকে গেল? কর্পোরেশনের একটা অন্য নাম যে আছে সেটাও আপনি জানেন। সেই কর্পোরেশনের হাতে সমস্ত সুযোগ দিয়ে দিলেন এবং তার ফলে যতই ভাল আইন করুন তার মিস ইউজ হবেই, মধ্যবিত্তরা ভীষণভাবে হ্যারাসড্ হবে। বিল্ডিং প্ল্যান অর্ডিনারী সার্ভেয়াররা করতে পারবে না, কারণ এখানে আপনি আর্কিটেক্ট করেছেন যাঁদের প্রচুর ফি দিতে হবে তবে তাঁরা প্ল্যান করবেন। আর প্রতিটি স্টেপে ১০ পাতা ডিটেল লিপির সুযোগ নিয়ে প্রতিবার প্ল্যান ফেরত দেওয়া হবে এবং রিজেক্ট করা হবে। আবার প্ল্যান যদি পাশ হল সেটা ওয়েল ড্রেন নয় এই বলে কর্পোরেশন রিজেক্ট করবে। কমিশনার স্যাটিসফাইড হবে না এবং শেষ পর্যন্ত একটা বিল্ডিং পারসিয়ালি উঠলে তাকে টেম্পোরারী সার্টিফিকেট দিতে হবে। অর্থাৎ এই-রকমভাবে দুর্নীতি চলতে থাকবে। সুতরাং এই বিলে উদ্দেশ্য যতই ভাল থাক এগুলি মন্ত্রী মহাশয়কে বুঝতে হবে। এর ফলে কর্পোরেশনের একদল অসাধু কর্মচারীর হাতে অনেক পরিমাণে সুযোগ দেওয়া হবে। এজন্য বলছিলাম আরও ভালভাবে চিন্তা করে সামগ্রিকভাবে কর্পোরেশনের পরিবর্তনসাধন করা এবং তবে সবচেয়ে আগে কর্পোরেশনের নির্বাচিত প্রতিনিধিদের হাতে দিয়ে পরিবর্তন করা উচিত, না হলে খুব অসুবিধা হবে। আমি আর খুব বেশী বলতে চাই না, কেননা খুব খুঁটিনাটি ব্যাপার এবং ফর্ম ইত্যাদি দেখতে মাথা গুলিয়ে যায়। আমার মাথা বোধহয় এত হিসাব নেবার জন্যও তৈরী হয়নি। যা হোক, একটা আইন তাঁরা করেছেন এবং ভবিষ্যতে কর্পোরেশনের দিকে তাকিয়ে থাকব এই আইন কতখানি তাঁরা কার্যে পরিণত করেছেন সেটা দেখার জন্য। এটা জানি যে, কোলকাতা শহর হচ্ছে ভারতবর্ষের একচেটিয়া পুঁজিপতিদের শহর এবং তারাই এখানে বসবাস করে। তারা কর্পোরেশনকে বলে একটা নখদন্তবিহীন প্রতিষ্ঠান এবং তাকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে বাড়ী তৈরী করা যাবে এবং মাঝখান থেকে মধ্যবিত্তরা মারা যাবে। এইসব আশঙ্কার কথা বলে আমি এই বিলকে অপোজ করছি না, তবে যখন আপনি সারকুলেশনে দিলেন না তখন মন্ত্রী মহাশয়কে বলছি আইন যখন প্রয়োগ করবেন এবং রুল করবেন তখন এগুলি ভালভাবে চিন্তা করবেন। এই বলে আমি শেষ করছি।

[5-50—6-00 p.m.]

শ্রীনন্দদুলাল ব্যানার্জী: মিঃ স্পীকার, স্যার, এই ১২ নং বিল ১৯৭৭ সালে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যামেণ্ডমেণ্ট বিল যেটা মাননীয় পৌরমন্ত্রী মহাশয় এনেছেন আমি তাকে সমর্থন করছি এবং দু'-একটা পরিবর্তন আমি চাইছি। একটা বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে এই বিল্ডিং রুলসের এ্যামেণ্ডমেণ্ট এনেছেন। কলকাতার সঙ্গে দীর্ঘদিন পরিচিত থাকার দরুন আমি এটা দেখেছি এটা বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে রচনা করা হয়েছে। একটা কথায় বিশ্বনাথ-বাবুর সঙ্গে আমি একমত হতে পারি যে, ক্যালকাটা কর্পোরেশনের বহু আইন আছে, নতুন আইন যতই করি এ্যাডমিনিষ্ট্রেশনের মধ্যে এমন একটা শলথ ধারা আছে যার ফলে সেগুলি ইমপ্লিমেণ্টেড হয় না। এখানে আন-অথরাইজড্ বিল্ডিং রাশি রাশি তৈরী হয়ে যায়, তাকে

ডিটেক্ট করলে পরও তার সমাধান হয় না, তাকে ডিটেক্ট করবার মত লোকও নেই। যেমন আমার কাশীপুরে একটা ইনস্পেক্টর আছে, তিনি ইচ্ছা করলে ধরেন, মানে বিশেষভাবে ধরেন, তাদের জিহ্বা বের করে দেন টেনে আনঅথরাইজড কনস্ট্রাকশন সামান্য হলে পরে। একটা পয়েণ্ট আপনাকে বলছি, একটা বাড়ী আগুন ধরে পুড়ে গেল, এ্যাসিস্ট্যাণ্ট পুলিশ কমিশনার বললেন যে, লোকটাকে সাহায্য কর, একেবারে ভিখারী হয়ে গেছে। সেখানে সে টিন চাপাতে গেল, পাশের একজন ধনী মারোয়াড়ী বিল্ডিং ডিপার্টমেণ্টে কমপ্লেণ্ট করার জন্য দোলের দিন ট্যাক্সি করে ইনস্পেক্টরের কাছে যাচ্ছে আর আসছে। আমি কাশীপুর অফিসকে বললাম এই যে পর পর লাইন ধরে তৈরী হয়ে যাচ্ছে এখানে একবারও তো এল না, আর ওর আগুনে পুড়ে গেছে, পুলিশকে আমি নির্দয় বলি কিন্তু সেও বলছে ওকে সাহায্য কর, কিন্তু সেখানে ঘণ্টায় ঘণ্টায় ট্যাক্সি করে যখনই টেলিফোন পাচ্ছে আসছে। এই অবস্থা যদি থাকে তাহলে এই সমস্ত করে মানুষের কতখানি কল্যাণ হবে আমি জানি না। আর একটা কথা হচ্ছে আমাদের ক্যালকাটা কর্পোরেশনের বিস্তৃত এলাকায় আনডেভেলপ্‌ড এলাকা আছে। এটা ঠিক কথা যে কণ্ট্রাক্টরকে দিয়ে বাড়ী তৈরী করানো হয়। সেখানে ট্যাঙ্ক ফিল্ড ল্যাণ্ড গার্বেজ দিয়ে বোজান, সেই বাড়ীর প্লিন্থ সেইভাবে দেখা হল না, কর্পোরেশনের দেখবার মত এত লোকও নেই। বাড়ীটা কিনল একজন মধ্যবিত্ত গরীব, দেখা গেল দু' বছর বাদে বাড়ীটা ফেটে-ফুটে একাকার। সুতরাং সেখানকার সেই যে সয়েল টেষ্ট এবং তার যে সার্টিফিকেট দরকার হবে বিফোর কমেন্সমেণ্ট অব দি বিল্ডিং অর বিফোর পাসিং অব দ্যাট বিল্ডিং প্ল্যান, এটা খুবই সত্য সাধারণ মানুষের কল্যাণার্থে এটা দরকার। তবে একটা কথায় বিশ্বনাথবাবুর সঙ্গে একমত হব এবং পৌরমন্ত্রী মহাশয়কে বলব যে, কমিশনারকে আপনি যদি এই ভারটা দেন তাহলে কমিশনার তো নিজে করবেন না, এটা করবে চীফ ইঞ্জিনীয়ার, চীফ ইঞ্জিনীয়ার দেবে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনীয়ারকে, ডিষ্ট্রিক্ট ইঞ্জিনীয়ার দেবে এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনীয়ারকে, এই করতে করতে বর্তমানে যে একটা বিল্ডিং আইন আছে তাতে একটা বিল্ডিংস প্ল্যান পাশ করতে যেটা তিনমাসে করা দরকার সেটা হয়ে যায় ছ'মাস, ন'মাস। কখনও এরা একসঙ্গে দশটা অবজেক্‌শান থাকলে দেন না, দুটো দিলেন, বিল্ডিং প্ল্যান রিভাইজড করা হল, আবার দুটো দিলেন। এতগুলি ক্ষমতা যদি কমিশনারের হাতে রাখেন তাহলে কিন্তু অনেক হয়রানি হবে, অনেক সময় লাগবে। আমি পৌরমন্ত্রীকে অনুরোধ করেছিলাম যে, কমিশনারের জায়গায় আপনি ওখানে লিখে দিন চীফ ইঞ্জিনীয়ার, তাহলে জানব সরাসরি ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেণ্টের হাতে গেল। এটা খুবই সত্যকথা আমার পৌরমন্ত্রী একটা যে কথা বলেছেন তাঁর দৃষ্টিভঙ্গীতে বা যাঁরা এই আইন প্রণয়ন করেছেন আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি যে, ১৩·৩ মিটার পর্যন্ত যে বাড়ী অর্থাৎ তিনতলা বা চারতলা যে বাড়ী সেখানে অনেকখানি লিনিয়েন্সি দেখিয়েছেন। মধ্যবিত্ত যারা বাড়ী তৈরী করবে তাদের প্রতি লিনিয়েন্সি ওঁরা দেখিয়েছেন। যেমন ধরুন, আগে দোতলার উপর তিনতলা করতে গেলে সেট ব্যাক করতে হত নিচে ১০ ফুট, উপরে ১৪ ফুট, তাতে ফ্লোর স্পেস অনেকখানি কমে যেত। ওঁনারা সেই পয়েণ্টটা ডিলিট করে দিয়েছেন দিয়ে সেখানে ওঁরা করেছেন ১০ ফুট হলে পর চারতলা পর্যন্ত যাবে। বর্তমানে যেখানে এ্যাকোমডেশানের অভাব সেই পরিপ্রেক্ষিতে এই যে রিল্যাক্সেশান দিয়েছেন এতে মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত যারা বাড়ী করবে তারা এটাকে আশীর্বাদ হিসাবে গ্রহণ করবে। কিন্তু আমি পৌর কর্তৃপক্ষ এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি একটা পয়েণ্টে সেটা

হচ্ছে এই যে, রিয়ার স্পেস এবং ফ্রন্ট স্পেস সম্বন্ধে সেখানে কিন্তু কর্পোরেশনের এ্যাড-মিনিষ্ট্রাশানকে একটা ক্লিয়ার আউটলুক নিতে হবে। ওঁনারা গোলমাল করে ফেলেছেন, অলরেডি অনেকে আমার কাছে এসে বলেছে যে, তর্জমাটা ওঁনারা ঠিক করছেন না। রিগার্ডিং রিয়ার স্পেস কথা হচ্ছে ৪ ফুট ব্যাক আগে দেওয়া হত ১০ ফুটে, ৪০ স্কোয়ার ফুটে প্রিভি এবং বাথ তারা করতে পারত, কিন্তু বর্তমানে কথা হচ্ছে যেখানে ১০ ফুট ছাড় দিলে পর চারতলা অবধি উঠবে, বর্তমান আইনে যদি এ্যাকসেস থাকে তাহলে ১০ ফুটে ওরা গ্যারেজ করে দিচ্ছে, এটা এ্যানাদার ইমপ্রুভমেণ্ট, এটা কিন্তু অতীতে ছিল না। কিন্তু যদি তিনতলা করতে হয় তাহলে নিচের পায়খানা তাকে ভেঙে দিতে হবে। নিচের পায়খানা ভেঙে দিলে সে কি করে একতলা, দোতলা এ্যাকোমডেট করবে এটা আমি কর্পোরেশন কর্তৃপক্ষের এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা রুলস ফ্রেমের সময় বলেছেন সেটাকে ঠিক করে নেবেন। একটা বিষয়ে আমি পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই বিষয়ে একটা এ্যামেণ্ডমেণ্টও দিয়েছি সেটা হচ্ছে বর্তমানে ১৩.৩ মিটার, তিনতলা, চারতলা কি দোতলা এই সমস্ত বাড়ীগুলির লাইসেন্সড বিল্ডিং সারভেয়াররা প্ল্যান করে, আমাদের কলকাতা কর্পোরেশনের আওতায় ৩ হাজার লাইসেন্সড বিল্ডিং সারভেয়ার আছে, দামী দামী রাস্তায় বড় বড় বাড়ী যেখানে হবে নিশ্চয়ই সেখানে আর্কিটেক্ট প্ল্যান দেবেন, কারণ সেই বাড়ীর এলিভেশানের দরকার আছে, আর্কিটেক্চারাল ফিচারের দরকার আছে। শহরে নতুন করে যেখানে বাড়ী তৈরী হচ্ছে সেখানে শহরকে আমরা নষ্ট করতে দিতে পারি না, আমরা নিশ্চয়ই বোম্বের মত, দিল্লীর মত এমন কি লাখনৌ-এর মত শহরে নতুনভাবে শহর তৈরীর যে প্রয়াস তাকে স্বাগত জানাব, কিন্তু এই যে ছোট বাড়ী সেই বাড়ীর মালিককে যদি আর্কিটেক্টকে দিয়ে প্ল্যান করাতে হয় তাহলে দেখা যায় ১ হাজার, ১।। হাজার, ২ হাজার টাকা খেয়ে বসে, আনডেভেলপ্‌ড এরিয়ায় যেমন কাশীপুর, মানিকতলা, টালিগঞ্জ, বালিগঞ্জ, বেহালা কি উল্টোডাঙ্গা এইসব অঞ্চলে যদি আর্কিটেক্টকে দিয়ে প্ল্যান করাতে হয় তাহলে ঢাকের দায়ে মনসা বিকিয়ে যাবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এ্যামেণ্ডমেণ্টের তর্জমায় একটু গণ্ডগোল হচ্ছে, আমি মুভ করে রাখছি, এটাকে ওঁনারা একটুখানি ঠিক করে নেবেন, ৩৭৮, ৩৭৯, ৩৮০ এই যে তিনটি ধারা পেজ নং ২তে, ক্লজ ৫-এ দিয়েছেন সেখানে লাইসেন্সড বিল্ডিং সার্ভেয়ার ডিলিট করে দিয়ে সেখানে ওঁনারা বলেছেন এনি আর্কিটেক্ট, কিন্তু আর্কিটেক্টকে দিয়ে প্ল্যান স্যাংশান করাতে গিয়ে সাধারণ মধ্যবিত্তদের এতগুলি টাকা দেওয়া যেমন অসম্ভব তেমনি সঙ্গে সঙ্গে ৩ হাজার যে লাইসেন্সড বিল্ডিং সার্ভেয়ার আছে তাদের যদি ৫ জন করে ধরি তাহলে ১৫ হাজার লোককে আপনারা একটা দায়িত্বের মুখে, অনশনের মুখে ঠেলে দিচ্ছেন। সুতরাং ১৩.৩ মিটার পর্যন্ত ছোট মধ্যবিত্ত লোকের বাড়ীর ক্ষেত্রে আপনারা যেমন লিনিয়েন্সি দেখাচ্ছেন, তার সেট ব্যাকে লিনিয়েন্সি দেখাচ্ছেন, তার কভার্ড এরিয়ায় লিনিয়েন্সি দেখাচ্ছেন তেমনি এখানে ঐ লাইসেন্সড বিল্ডিং সার্ভেয়ারদের ১৩.৩ মিটার পর্যন্ত এ্যালাও করুন এটা আপনাদের কাছে আমার অনুরোধ। আর একটা কথা স্যার, আমরা যে বিল্ডিং প্ল্যান করতে দিলাম সেই বিল্ডিং প্ল্যান ঠিক হল কি না হল বড় বড় স্কাই-স্ক্র্যাপার তৈরী হয়ে যায়। কর্পোরেশন বিল্ডিংয়ের সিটি আর্কিটেক্টের ঘরের দিকে আপনি যদি তাকিয়ে দেখেন তাহলে দেখতে পাবেন ঠিক দক্ষিণ-পূর্ব দিকে একটা এগারতলা বাড়ীর আনঅথরাইজড কনস্ট্রাকশন হয়ে গেল, কর্পোরেশন আজো সেটাকে ভাঙতে পারেনি। সুতরাং তার কমেন্সমেণ্ট সার্টিফিকেট,

কমপ্লিশন সার্টিফিকেট আর্কিটেক্টকে দিয়ে ইন কেস অব স্কাই স্ক্র্যাপার অথবা হাই টেল বিল্ডিং যদি দরকার হয় এবং না হলে পর সেখানে জল দেব না, সেখানে অন্যান্য যে ফেসিলিটি সেগুলি দেব না, এই বাইও যা করেছেন সেটাকে আমি বলব যেখানে কর্পোরেশনের বর্তমান মেশিনারীকে দিয়ে আনঅথরাইজড বাড়ী তৈরী বন্ধ করতে পারছেন না সেখানে এটাকে কার্যকরী করতে পারবেন না। এমনও হতে পারে যে কর্পোরেশনের নিম্নতম কর্মচারী যাদের দায়িত্ব ঘুরে ঘুরে দেখা, তারা না দেখার জন্য আনঅথরাইজড কনস্ট্রাকশন চেক করতে পারছেন না, ডেভিয়েশন ফ্রম দি মেন প্ল্যান চেক করতে পারছেন না। এই চেকগুলি আপনারা আজকে হয়ত মনে করবেন যে, কিছু কিছু অন্তরায় সৃষ্টি করছে, কিন্তু এগুলি যদি ইমপ্লিমেণ্টেড হয় তাহলে আমি নিশ্চয় করে বলতে পারি যে, এই চেকগুলি ভবিষ্যতের পক্ষে খুব মঙ্গলদায়ক হবে। আমি সাপোর্ট করছি, কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমি মুভ করছি যে, ক্লজ ৫-যে এই যে ৩৭৮, ৩৭৯, ৩৮০-তে যেখানে প্রত্যেকটি জায়গায় আর্কিটেক্ট কথাটা বলা আছে সেখানে আমি এ্যামেণ্ডমেণ্ট দিচ্ছি ১৩·৩ মিটার হাইট অব বিল্ডিং, মেনলি সাধারণ মধ্যবিত্ত যেগুলি তৈরি করবে সেখানে লাইসেন্সড বিল্ডিং সার্ভেয়াররাই প্ল্যান দেবেন, সেখানে কমপ্লিশন সার্টিফিকেটের দরকার হবে না, ওনারা আইনে অলরেডি বলে দিয়েছেন কমেন্সমেণ্ট সার্টিফিকেটের দরকার হবে না, শুধু বিয়ণ্ড ১৩·৩ মিটারের জায়গায় দরকার হবে। আমি এই এ্যামেণ্ডমেণ্ট দিচ্ছি যে, লাইসেন্সড বিল্ডিং সার্ভেয়ার কথাটা ইনসার্ট করা হোক। এখানে যে ৩৭৮, ৩৭৯, ৩৮০ আছে এটা ওনলি ইন কেস অব বিল্ডিংস নট এক্সিডিং ১৩·৩ মিটার হাইট, এই কথাটা বলে আমি আশা করব পৌরমন্ত্রী বিল্ডিং সম্বন্ধে যে আইন এনেছেন সেই আইন পুরোপুরিভাবে প্রযোজ্য হবে, নিচের কর্মচারীরা তা প্রয়োগ করতে পারবেন এবং কমিশনারের হাত থেকে কাজগুলি যেগুলি ডাইরেক্ট চীফ ইঞ্জিনীয়ারকে দিলে হয় কমিশনার সেটা ডেলিগেট করে দিতে পারেন। এই বিষয়ে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে রেখেছি, এগুলি যেন চীফ ইঞ্জিনীয়ারের হাতে ডেলিগেট করে দেন। এই কথা বলে আমি এটাকে সমর্থন করছি এবং আশা করি এর ফল ভবিষ্যতে ভালই হবে।

শ্রীরথীন তালুকদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা পৌরসভা বিল যা এসেছে সে সম্বন্ধে আমি দু'-চারটি কথা বলতে চাই। ১৯৫২ সালে নববাংলার রূপকার ডাঃ বিধানচন্দ্র রায় ক্যালকাটা পৌরসভা এ্যাক্ট তিনি আমাদের কাছে উপহার দিয়েছিলেন। এই বিলের মধ্যে অনেক প্রগতিশীল কথাবার্তা আছে, এটা সত্য, তরুণ মন্ত্রী যিনি পৃথিবীর বিভিন্ন দেশ পরিভ্রমণ করে এসেছেন, বড় বড় টাউন দেখার তার সুযোগ হয়েছে। তার দিকে নজর রেখে তিনি বুড়ি কলকাতাকে তরুণী কলকাতায় রূপান্তরিত করবার চেষ্টা করছেন। আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। মাননীয় সদস্য নন্দলাল ব্যানার্জী বললেন এবং যে সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। আমরা জানি কলকাতা শহরে নিম্ন-মধ্যবিত্ত সাধারণ মানুষের বাস সবচেয়ে বেশী। সেই সাধারণ মানুষের সামান্য জমি এবং সেই জমিতে ব্যাঙ্ক থেকে টাকা লোন করে অথবা প্রভিডেণ্ড ফাণ্ড থেকে টাকা তুলে একটা ছোট বাড়ী করবেন সেই বাড়ী যদি বিল্ডিং সার্ভেয়ারের হাতে না রেখে আর্কিটেকচারের হাতে দেওয়া হয় তাহলে প্ল্যান করতেই তার টাকা শেষ হয়ে যাবে, বিল্ডিং আর হবে না। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো বাস্তব অবস্থার দিকে দৃষ্টি রেখে নন্দবাবুর প্রস্তাবটা সমর্থন করুন। স্যার, আমরা জানি কলকাতা শহরে কার-পার্কিং জোন তৈরী করে কলকাতা পৌরসভা আয়বৃদ্ধির জন্য করা হয়েছে। স্যার, আপনি শুনলে দুঃখিত

হবেন কার-পার্কিং জোনে যেসব বেকার যুবক কমিশন বেসিসে কাজ করে কণ্ট্রাক্টরদের টেণ্ড ডাকা হোত এবং সেই অনুযায়ী কণ্ট্রাক্ট দেওয়া হোত। যখন কোন কণ্ট্রাক্টরের সময় শেষ হয়ে য তখন সেই তার আণ্ডারের বেকার যুবকদের কাজ চলে যায় যদিও অনেক কিছু ন্যাশনালাইজ কর হচ্ছে এবং আমরা অনেক ভরতুকি দিচ্ছি যেমন জয়নাল সাহেবের পাবলিক আণ্ডারটেকি ডিপার্টমেণ্ট একটা লস ডিপার্টমেণ্ট হয়েছে সেইরকম আমাদের এই বেকার যুবকদের যদি তরু মন্ত্রী মহাশয় এই সমস্ত বেকার যুবকদের পৌরসভার অধীন কর্মচারী হিসাবে গ্রহণ করেন তাহলে তাদের চাকুরীর স্থায়িত্বও থাকবে এবং তাদের বেকারত্বও ঘুচে যাবে এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন বিষয়টি ভেবে দেখেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সংশোধনী বিল এসেছে, আমরা দেখলাম যে, মাননীয় পৌরমন্ত্রী মহাশয় কমিশনারকে প্রায় রাজ্যপালের সমান করে তুলেছেন। আমরা কি একথা মনে করতে পারি যে, আগামী দিনে নির্বাচিত প্রতিনিধিরা পৌরসভার দায়িত্ব গ্রহণ করবেন আমরা কি মনে করতে পারি না যে, আমরা যাঁরা কলকাতার নাগরিক, যাঁরা কলকাতার নির্বাচকমণ্ডলী, যাঁরা কলকাতার ভোটার তাঁরা ভোট দিয়ে পৌর প্রতিনিধি নির্বাচন করবেন, যাঁরা পৌরসভার দায়িত্ব গ্রহণ করবেন তাঁরা বিল্ডিং কমিটি করতে পারেন। বিল্ডিং কমিটির জন্য ইতিপূর্বেও লক্ষ্য করবেন ১৯৫১ সালে বিল্ডিং কমিটি ছিল, তারও কমিশনার ছিল। তাতে ঐ বিল্ডিং কমিটি নিজেরা বিচার-বিবেচনা করতেন এবং তাতে আমরা জানি দশজনে মিলে যদি কাজ করি সেখানে কাজের মধ্যে চুরি, জুয়াচুরি, দুর্নীতি কম হতো বলে আমার বিশ্বাস। যে দায়িত্ব কমিশনারকে দেওয়া হচ্ছে, আমার মনে হয় মাননীয় পৌরমন্ত্রীকে কিছু আমলা, কিছু বুরোক্র্যাট, তাঁকে বুদ্ধি দিয়েছেন, তাঁর এই বিল রচনায় হয়তো তাঁর বাস্তব বুদ্ধি তিনি যা দেখাতে চেয়েছিলেন তার প্রতিফলন এই সংশোধনী বিলের মধ্যে আমরা বোধহয় তাই দেখতে পাচ্ছি না। তাই আমি তাঁকে অনুরোধ করবো কমিশনারের হাতে এতো ক্ষমতা না দিয়ে যাতে কলকাতা শহরে যতদিন পর্যন্ত এই কলকাতা পৌরসংস্থা সরকারের হাতে আছে ততদিন পর্যন্ত এই পৌরসংস্থার অন্তত এই বিল্ডিং বা প্ল্যান স্যাংশন এবং অন্যান্য বিষয়ের জন্য একটা হাই পাওয়ার কমিটি নিয়োগ করা হোক যে কমিটি বিল্ডিং প্ল্যান দেখবেন এবং সেই প্ল্যান মঞ্জুর করা উচিত কিনা তাঁরা বিবেচনা করবেন। আমরা জানি মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যিনি কলকাতাকে তিলোত্তমা করতে চান, আমি নিশ্চয়ই ভগবানের কাছে প্রার্থনা করবো, শ্রীশ্রীকালী মার কাছে প্রার্থনা করবো, তাঁর শুভবুদ্ধি জয়যুক্ত হোক। ওঁরা যদিও কালীঘাটের নাম তুলে দিয়েছেন তবু আমি জানি কালীঘাটের দক্ষিণা কালিকা তিনি জাগ্রত, তিনি আছেন।

[6-00—6-10 p.m.]

ডাঃ কানাইলাল সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পৌরমন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন তাকে সর্বান্তঃকরণে সমর্থন করে নন্দবাবু যে এ্যামেণ্ডমেণ্টটা নিয়ে এসেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই যে বিলটা এনেছেন এর মধ্যে অনেকগুলি ক্ষমতা কমিশনারের হাতে ন্যস্ত হয়েছে। আপনারা নিশ্চয়ই জানেন যে কর্পোরেশনে যদি একটা বিল্ডিং প্ল্যান দেওয়া হয় তার স্যাংশন হতে যেটা ২-৩ মাসে হতে পারে সেটা ২-৩ বৎসর লাগে। অনেকরকম বাধা আছে। যেমন প্রথমতঃ বিল্ডিং ইনস্পেকশনে যিনি আছেন তিনি সাইটটি দেখেন, সাইটটি দেখে প্ল্যানটি দেখেন, প্ল্যানটি আসবার পর সার্ভে ডিপার্টমেণ্টে

যায়, সার্ভে ডিপার্টমেণ্ট থেকে বৎসরখানেক পর স্যাংশন হয়ে আসে এবং সার্ভে ডিপার্টমেণ্ট থেকে পরে সি আই টি ডিপার্টমেণ্টে যায় কোন এ্যালায়েণ্টমেণ্ট আছে কিনা দেখবার জন্য। এইভাবে একটা বিল্ডিং প্ল্যান স্যাংশন হতে বহুদিন লেগে যায়। মধ্যবিত্ত মানুষ, যারা গরীব মানুষ, তাদের পক্ষে একটা বিল্ডিং প্ল্যান স্যাংশন করা খুব শক্ত ব্যাপার হয়ে পড়ে। অথচ আমরা দেখেছি যারা বড় বড় ধনী, তারা একটা বিল্ডিং প্ল্যান একমাস দেড়মাসের মধ্যে স্যাংশন করে নিয়ে বাড়ী করতে শুরু করে দিয়েছে। এ আমাদের এলাকায় অন্তত গোটাদশেক বাড়ী এইভাবে হয়েছে আমরা দেখেছি।

আমি সেই অনুরোধ করব মন্ত্রী মহাশয়কে যে আইনগুলি হয়েছে, সেই আইনগুলি যাতে ঠিকমত ডেলিগেটেড হয়। কমিশনারের উপর ভার দিয়েছেন, আমাদের নন্দবাবু বলেছেন চীফ ইঞ্জিনীয়ারকে ডেলিগেট করে দিতে। আমি জানি সিটি আর্কিটেক্ট একজন সিভিল ইঞ্জিনীয়ার, তার পক্ষে বিল্ডিংয়ের অনুমোদন করে দেওয়ার নিশ্চয়ই যোগ্যতা আছে। আমি মনে করি যেগুলি নর্মাল সেগুলি সিটি আর্কিটেক্টের উপর ন্যস্ত থাক। আর যেগুলি স্পেশাল পাওয়ারে আছে, কমিশনার এ্যাডমিনিষ্ট্রেটিভের উপর আছে, সেগুলি চীফ ইঞ্জিনীয়ারের কাছে দেওয়া হোক, সিটি আর্কিটেক্ট যেগুলি করতে পারেন না সেগুলি চীফ ইঞ্জিনীয়ার করুন। রিগার্ডিং সাইটস প্ল্যান যেটা আছে, সেটা ডিপার্টমেণ্ট প্ল্যান স্যাংশন হবার মত আছে কিনা সেটা তারা দেখুন, সেখানে চীফ ইঞ্জিনীয়ার বা কমিশনার দরকার কেন বুঝতে পারি না। আমাদের যে বিল্ডিং রুলস আছে ১৯৫১, তাতে সিটি আর্কিটেক্টের ক্ষমতা নেই বাইরের কোন বিল্ডিং স্যাংশন করার, তার জন্য আলাদা ডিপার্টমেণ্ট আছে, সেগুলি সিটি আর্কিটেক্ট দেখার পর, সকলের অনুমোদন হলে, তিনি সই করবেন সিটি আর্কিটেক্ট হিসাবে। সিটি আর্কিটেক্টের ক্ষমতার বাইরে যদি হয় সেটা আমি চীফ ইঞ্জিনীয়ার বা কমিশনারের কাছে ন্যস্ত করতে চাই। চীফ ইঞ্জিনীয়ার স্পেশাল পাওয়ারে স্যাংশন যা তা তিনি করবেন। আজ একটা নতুন আইন এসেছে লাইসেন্সড বিল্ডিং সার্ভেয়ার সম্বন্ধে, তিন হাজার লোক যার উপর তাদের জীবিকা নির্ভর করত, এখন নতুন আইন এসেছে যে আর্কিটেকচার লাইসেন্সড লোক না হলে বিল্ডিং স্যাংশন হবে না, সেজন্য নন্দবাবু যে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন, সেটা সমর্থন করি। চারতলা বাড়ীগুলির প্ল্যান স্যাংশন তারা করতে পারবে যদি সেই স্যাংশন অনুমোদনযোগ্য হয়, তার উপর যদি হয়—৫/৬/৭/১০ তলা, সেগুলির জন্য আর্কিটেক্ট দরকার, ফায়ার ফাইটিং দরকার, আর্কিটেক্ট লাইসেন্স দরকার, তাহলে সেগুলি নিশ্চয়ই দেখা সম্ভব হবে। একটা জিনিস যেটা এসেছে সাইট হিসাবে টালীগঞ্জ এলাকার, হয়ত ডোবার উপর একটা খুঁটি পুঁতে দিয়ে বাড়ী তৈরী করেছে, সেখানে পুকুর বুজিয়ে বাড়ী তৈরী করতে হবে, সেইসব জায়গায় খুঁটিনাটি দরকার হয়তো সেখানে কোন প্ল্যান স্যাংশন করা সম্ভব নয়, সেখানে মোটামুটি বাড়ী রেস্ট করবে কি না, সেটা যদি দেখা যায় তবে যথেষ্ট হবে। তারজন্য যদি আবার নতুন করে মাটি খোঁড়া দরকার হয় তো সেটা সম্ভব নয়। যদি বিল্ডিং সার্ভেয়ারদের উপর পাওয়ার ডেলিগেট করার বন্দোবস্ত হয়, আমাদের বিল্ডিং ডিপার্টমেণ্ট সার্ভে করে কোথায় কোথায় এলাইমেণ্ট আছে, সেটা পাঠিয়ে দেয় সি আই টি-র কাছ থেকে বিল্ডিং ডিপার্টমেণ্টে এবং বিল্ডিং ডিপার্টমেণ্ট সেগুলি দেখে সেখান থেকে বন্দোবস্ত করে তাহলে বিল্ডিং প্ল্যান তাড়াতাড়ি স্যাংশন হতে পারে। আমরা দেখেছি গরীব মধ্যবিত্ত স্যাংশন যেগুলি চায়, তাতে বহুদিন লেগে যায়, চুল কাঁচা থাকলে পেকে যায়, হাঁটাহাটি

করতে জুতোর সুখতলা ক্ষয়ে যায়, আমি তাই নন্দবাবুর যে এ্যামেণ্ডমেণ্ট তা সমর্থন কা এবং আমি যে অবজারভেশনগুলি করলাম সেগুলির প্রতি যদি মাননীয় মন্ত্রী মহাশয় লক্ষ রেখে সংশোধন করেন, সেই অনুরোধ রেখে এই যে বিল মন্ত্রী মহাশয় এনেছেন এটাকে সমর্থন করে, বক্তব্য শেষ করছি।

[6-10—6-20 p.m.]

শ্রীভবানী মুখোপাধ্যায় :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই ক্যালকাটা মিউনিসিপ্যাল (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৭' সম্বন্ধে দু'-একটি কথা বলতে চাই। আমার প্রথম কথা হচ্ছে এই যে বিল্ডিং সম্বন্ধে আইন করছেন তারজন্য আপনার স্পেসিফাইড এরিয়া ঠিক করা উচিত। কারণ আমরা দেখতে পাচ্ছি কলকাতা শহরটা শুধুমাত্র বড়লোকেদের নয়। কাজেই এই স্পেসিফাইড এরিয় আপনাদের ঠিক করা উচিত বলে আমি মনে করি।

তারপর আপনি বলছেন স্পেশ্যাল পারমিশান কমিশনারকে দিয়ে দেবেন। এই ে স্পেশ্যাল পারমিশান কমিশনারকে দিয়ে দেবেন তার সঙ্গে কিন্তু আপনি এ্যাডভাইসারি কমিটি মত একটা কমিটি যেটা বরাবর কলকাতা কর্পোরেশনে ছিল, সেইরকম একটা নিয়ম করুন আপনি বা গভর্ণমেণ্ট যখন ঠিক করবেন যে ভোটের দ্বারা নির্বাচিত প্রতিনিধি বা পাবলিকে হাতে কলকাতা কর্পোরেশনকে ছেড়ে দিই তখন তাঁরা যা করবার করবেন। কিন্তু আপনা কাছে আমার একটা অনুরোধ আপনি বেশী উঁচু বাড়ী তৈরী করবার পারমিশান দেবেন না কারণ তাতে কমপ্লিকেশন বাড়বে। যখন এই পারমিশান দিতে যাবেন তখন তাদের পারকি প্লেস রাখার কথা চিন্তা করতে হবে। সেখানে যদি কখনো আগুন লাগে, সেখানে যাতে সহজে ফায়ারব্রিগেড ওয়ার্ক করতে পারে তার কথাও ভেবে রাখতে হবে। তার জন্য সাফিসিয়েণ্ট স্পেস না থাকলে মানুষের সমূহ বিপদ হবে।

তারপর নন্দবাবু, কানাইবাবু, রথীনবাবু ও অন্যান্যরা যে সার্ভেয়ারের কথা বলেছেন সার্ভেয়ার যারা রয়েছে কলকাতা কর্পোরেশনে তাদের রুটি আপনি মারবেন না। তাদের কথা আপনাকে শান্তভাবে চিন্তা করতে হবে। কলকাতা শহর কেবলমাত্র বড়লোকদের জন্য নয় এখানে মধ্যবিত্ত ও গরিব লোকও বসবাস করে থাকে। সেকথাও আপনার মনে রাখা দরকার আমি এই বিলটি সমর্থন করবার সঙ্গে সঙ্গে নন্দবাবু যে এ্যামেণ্ডমেণ্ট বলেছেন সেটাও সমর্থন করছি।

Shri Abdur Rauf Ansari: Sir, I rise to support the Bill. The Bill i entirely dealing with buildings in the city of Calcutta. This city of Calcutt has got a history. It occupies a unique place in the map of the world. I you go back to the administration side of the city of Calcutta you will fin there was no Corporation, there was no Municipality even. It used to b administered by the Fort William authorities. As time passed, with the growt of population the Municipality came and, then, came the Corporation. Afte that the Municipal Act of 1923 was brought in providing amenities for th citizens of the city. In that Municipal Act provisions were made for building rules were framed, for the benefit of the citizens. These rules provided for th

types of buildings that should be there in the city. Of course, between the present population and the population of those days there is a gulf of difference. In the past there was no difficulty with population.

But with the growth of population the number of problems have also developed and that has forced the present Government and the Minister-in-Charge of the Municipal Affairs to come forward with a Bill to meet the growing needs of the People and residents of the city of Calcutta. Sir, it has got two aspects. One is that the city of Calcutta is mostly occupied by the middle-class poor people and working class people. Some of them have got large families and some of them are divided families. Some families have got ancestral houses but with the number of families are increasing they are not in a position to buy new lands in the city and they are passing very hard times in the city. So I find in bringing this Bill the Minister-in-Charge has tried to give some relief to these people. In the Municipal Act, 1951 there was the provision that if after the first floor anyone wanted to construct second or third floor, he must leave some space. Naturally there are so many unauthorised constructions because with the number of families increasing there is no space to live and so they are forced to do some wrong work just to take shelter there. I have just now said that they are not in a position to buy new lands or to construct new buildings but to make some additional constructions somewhere in the same building for taking shelter. In the present Bill we find that the Minister-in-Charge has tried to give relief to these middle-class families. That is a very good thing. The second part is just to beat the growth of the population by making provision not to construct tall buildings in the shortest space. If you go to these buildings you will find how in shortest space tall buildings have been constructed I know that in those cases very intelligent architects have somehow managed to get it sanctioned by the Corporation just complying rules in any way to construct these high-rise buildings causing inconvenience to the traffic movement, ventilation, fire-fighting, fire prevention and many other things. For these tall buildings i. e. four-stories, five-stories and upwards space for garage and lift has to be provided and some other facilities have to be given. So we find that in this Bill that some restrictions have been made in regard to construction of these tall buildings and I think it is the only way to minimise congestion and to help fire brigade. The Minister-in-Charge has said that one of the causes for these restrictions is to prevent fire which may break out at any time. This aspect will have to be taken into account because we find that here quite often so many fires are taking place in the city and as you know, Sir, the existing ground hydrants from where we will try to fight the fire are not sufficient. There are hundreds and hundreds of hydrants but most of them are out of order. So it is very essential that these ground hydrants are in good condition but we have seen that most of the ground hydrants are of no use. This is a very important thing in order to remove the chances of fire. I would like to

In addition to this programme, I Auxiliary Water Source has been sanctioned at Kankata, within the municipal area of Bankura at an estimated cost of Rs. 1,63,000/-. In view of urgency this scheme has been taken up by PHE Directorate in anticipation of sanction.

During the current year 20 water sources are going to be taken up construction/renovation of wells) etc., At present 3 drilling rigs are in operation in this district. After the purchase of 4 rigs, 1 more will be placed in this district shortly. This year almost all the water sources in the rocky areas will be rig-bored tubewells.

In view of grave emergency the works in these two districts have been taken up on an war footing and besides funds and materials more Engineering staff have been sent in these two districts. Considering the gravity of the situation one Rig Division is going to be sanctioned for Purulia district. In Bankura there are already one Civil Division and one Rig Division to deal with the problems.

Presentation of the Report of the Committee on Public Accounts, 1976-77

The Chairman (Shri Somnath Lahiri): Sir, I beg to present the Report of the Committee on Public Accounts, 1976-77, Part III. I am laying on the table a typed copy of the Report as the printed copies have not yet been received from the press. As soon as these are received from the press, those will be circulated to the honourable members.

Presentation of the Third Report of the Committee on Subordinate Legislation, 1976-77

The Chairman (Shri Kumar Dipti Sen Gupta): Sir, I beg to present the Third Report of the Committee on Subordinate Legislation, 1976-77.

[1-20—1-30 p.m.]

শ্রীঅসমঞ্জ দে ঃ মিঃ স্পীকার, স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ কথা আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে তুলে ধরছি। নির্বাচনের পর কয়েকদিন ধরে আমরা লক্ষ্য করছি মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির কর্মীরা কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার চালাচ্ছে। সুভাষ সরকারের উপর জঘন্যভাবে হামলা করা হয়েছে, তিনি যুবকংগ্রেসের সভাপতি। কল্যাণী হাসপাতালে তিনি আশঙ্কাজনক অবস্থায় রয়েছেন।

(গোলমাল)

Mr. Speaker: Mr. De, I have not given you permission. So, your statement will not form part of the proceedings.

Presentation of the Second Report of the Library Committee, 1976-77

The Chairman (Shri Satya Ghosal): Sir, I beg to present the Second Report of the Library Committee, 1976-77. I am laying on the table a typed copy of the report for the honourable members. Printed copies will be made available to the honourable members as soon as they are received from the press.

Presentation of the Fourth Report of the Committee on Petitions, 1976-77

The Chairman (Shri Puranjoy Pramanik): Sir, I beg to present the Fourth Report of the Committee on Petitions, 1976-77 on the question of amending the existing laws in order to bring relief to the poor and marginal cultivators as well as landless labourers by liquidating rural indebtedness arising out of various forms of Government loans and other allied incumbrances.

I am laying on the table a typed copy of the report for the honourable members Copies of the report will be made available to the honourable members after the same are printed.

STATEMENT BY MINISTER

Shri Ananda Mohan Biswas: Sir, I beg to make a statement on the affairs of the West Bengal Schedule Castes Development and Finance Corporation.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাইতেছি যে পশ্চিমবঙ্গ তফসিলী উন্নয়ন ও বিত্ত নিগম-সংক্রান্ত খসড়া বিলটি বিধানসভায় আলোচনার জন্য প্রথমে ২৮-১১-৭৫ তারিখে এবং পরবর্তী সময়ে ২৩-২-৭৬ তারিখে বিধানসভায় পেশ করা হয় এবং উক্ত বিলটি গত ২৪-৩-৭৬ তারিখে বিধানসভায় মাননীয় সদস্যগণ কর্তৃক আলোচিত হইবার পর বিধানসভার মঞ্জুর লাভ করে। রাষ্ট্রপতির অনুমোদন লাভের পর আইনটি গত ১৬-১০-৭৬ তারিখ হইতে কার্যকরী করা হয়। মাননীয় মুখ্যমন্ত্রীর আদেশ অনুযায়ী উক্ত ১৬-১০-৭৬ তারিখে এক সরকারী নির্দেশনামা দ্বারা নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া করপোরেশন গঠন করা হয়।

(১) সচিব, কৃষিবিভাগ
(২) সচিব, পশুপালন বিভাগ
(৩) সচিব, সমবায় বিভাগ
(৪) সচিব, কুটিরশিল্প বিভাগ
(৫) সচিব, বনবিভাগ
(৬) সভাপতি, পশ্চিমবঙ্গ খাদি পর্ষদ
(৭) শ্রীআনন্দমোহন বিশ্বাস (সভাপতি)
(৮) শ্রীসুশান্তকুমার কুণ্ডু
(৯) শ্রীদৌলত সিং রসিলী
(১০) শ্রীঅনিমেষ মণ্ডল
(১১) শ্রীকে সি সাহা
(১২) অধ্যাপক মনোরঞ্জন প্রামাণিক
(১৩) সচিব, তফশিলী ও আদিবাসী কল্যাণ বিভাগ (সহ-সভাপতি)
(১৪) অধিকর্তা, তফশিলী ও আদিবাসী কল্যাণ বিভাগ

করপোরেশনের প্রাথমিক মূলধন হিসাবে ১৯৭৫-৭৬ সালে ক্যাবিনেটের সুপারিশ অনুযায়ী ২৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়।

উক্ত আর্থিক বৎসরে করপোরেশন গঠন না করিতে পারায় এবং একাউন্টেন্ট জেনারেলের আপত্তি থাকায় উক্ত টাকা পাওয়া যায় না। পরবর্তী বৎসরে করপোরেশন সংগঠিত হওয়ার পর উক্ত টাকা পুনর্বরাদ্দের জন্য গত ২৫-১১-৭৬ তারিখে ক্যাবিনেটের অনুমোদন লওয়া হয়।

তফশিলী ও আদিবাসী দপ্তরের ১৯৭৬-৭৭ সালের বাজেটে সংশোধিত ( ) করপোরেশন খাতে আরও ১৪ লক্ষ টাকা বরাদ্দ রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়।

পশ্চিমবঙ্গ তফশিলী উন্নয়ন ও বিত্ত নিগম আইনে যদিও করপোরেশনের সভা আহ্বান করার বিষয়ে কোন বিধি নির্দিষ্ট করা নাই, তথাপি করপোরেশনের প্রাথমিক কার্যক্রম প্রণয়নের নিমিত্ত গত ২২-২-৭৭ তারিখে করপোরেশনের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় যোগদানের জন্য সদস্যগণকে পত্র ও প্রয়োজন অনুসারে টেলিগ্রাম মারফত অনুরোধ জানানো হয়। প্রসঙ্গত বলা যাইতে পারে যে বিধানসভার সদস্য শ্রীমনোরঞ্জন প্রামাণিক মহাশয়কে টেলিগ্রাম ও চিঠি মারফত অনুরোধ জানানো হয়। সভায় স্থির হয় যে করপোরেশনের এ্যাড-মিনিষ্ট্রেটিভ অফিসার এবং এ্যাকাউন্টস অফিসার নিয়োগসাপেক্ষে তফশিলী ও আদিবাসী কল্যাণ বিভাগের অধিকর্তা উক্ত দুইটি পদ-সংক্রান্ত যাবতীয় কার্যের দায়িত্বে থাকিবেন এবং সরকার প্রদত্ত সমস্ত অনুদান বা অর্থ বরাদ্দ গ্রহণ করিবেন। উক্ত অধিকারবলে তফশিলী ও আদিবাসী কল্যাণ বিভাগের অধিকর্তা গত ৩১-৩-৭৭ তারিখে অর্থাৎ মাত্র আজ থেকে ১১ দিন পূর্বে ১৯ লক্ষ টাকার অর্থ করপোরেশনের দরুন গ্রহণ করিতে সমর্থ হন।

করপোরেশনের খাতে এতাবৎকাল কোন অর্থ না থাকার জন্য করপোরেশন এ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসার নিয়োগের জন্য কোন সুপারিশ সরকারের কাছে রাখিতে পারে নাই। বর্তমানে সকল পদ পূরণের নিমিত্ত করপোরেশনের একটি সভা সত্বর ডাকার ব্যবস্থা লওয়া হইতেছে।

1-30—1-40 p.m.]

করপোরেশন-সংক্রান্ত আইনটি প্রচারিত হওয়ার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের তফশিলী সম্প্রদায়ভুক্ত যুবকগণের নিকট হইতে যে অভূতপূর্ব সাড়া পরিলক্ষিত হয় করপোরেশনে লক্ষ্য ও কার্যক্রম সম্বন্ধে অনুরূপ হারে বিভ্রান্তিও সংক্রামিত হইতে থাকে। এই বিষয়ে একটি সুনির্দিষ্ট কর্মপন্থা প্রচারিত করাইবার উদ্দেশ্যে নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহণ করা হয়।

১। তফশিলী ও আদিবাসী কল্যাণ বিভাগের ১-১১-৭৬ তারিখের এক পত্রদ্বারা জেলাশাসক ও জিলা ও মহকুমাস্থিত তফশিলী ও আদিবাসী বিভাগের ভারপ্রাপ্ত আধিকারিকগণের নিকট নির্দেশনামার অনুলিপি প্রচারিত করা হয়।

২। তফশিলী আদিবাসী কল্যাণ বিভাগের ৬-১-৭৭ তারিখের টেলিগ্রাম দ্বারা বিভাগীয় প্রাধিকারিকগণকে করপোরেশনের জন্য দরখাস্ত গ্রহণ করিবার জন্য নির্দেশ দেওয়া হয়।

৩। তফশিলী ও আদিবাসী কল্যাণ বিভাগের ২৭-১-৭৭ তারিখের ডি ও পত্রদ্বারা বিভাগীয় প্রাধিকারিকগণকে তফশিলী সম্প্রদায় অধ্যুষিত সমষ্টি উন্নয়ন ব্লক হইতে অন্ততপক্ষে ১০টি দরখাস্ত একমাসের মধ্যে সংগ্রহ করিয়া পাঠাইবার জন্য নির্দেশ দেওয়া হয়।

৪। বহুল প্রচারের নিমিত্ত একাধিক পত্রিকায় করপোরেশনের উদ্দেশ্য ও কর্মপন্থার বিজ্ঞপ্তি মুদ্রিত করা হয়। প্রকাশ থাকে যে উক্ত বিজ্ঞপ্তি মুদ্রণের দরুন দেয় অর্থব্যয় করপোরেশনের ২২-২-৭৭ তারিখের সভায় মঞ্জুর করা হয়।

গত ২২-২-৭৭ তারিখ অবধি তফশিলী ও আদিবাসী কল্যাণ বিভাগের অধিকর্তার নিকট সর্বমোট ৪৩৬টি দরখাস্ত বিভিন্ন তফশিলী সম্প্রদায়ভুক্ত যুবকগণ ও তাহাদের সংগঠিত সমবায় সমিতি ও যুগ্মসংস্থার নিকট হইতে সংগৃহীত হয়। উক্ত তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী সমবায় সমিতি ও যুগ্মসংস্থার নিকট হইতে প্রাপ্ত দরখাস্তগুলি সংশ্লিষ্ট সরকারী বিভাগের মন্তব্যের জন্য প্রেরণ করা হয়। যে-সকল দরখাস্ত তফশিলী যুবকগণের নিকট হইতে ব্যক্তিগতভাবে প্রাপ্ত হয় সেইসকল দরখাস্ত কৃষিবিভাগের পর্যালোচনার জন্য প্রেরিত হয়। বিভাগীয় সুপারিশপ্রাপ্ত প্রস্তাবগুলি অনুমোদনের পূর্বে এবং করপোরেশনের ভবিষ্যৎ কর্মসূচী প্রণয়ণের পূর্বে বিধানসভা কমিটি প্রদত্ত **নির্দেশকগুলির** প্রতি যথাযথ গুরুত্ব আরোপ করা হইবে। বিনিয়োগকৃত অর্থের যথাসময়ে পরিশোধ বিষয়ে উপযুক্ত পরিবেশ গঠনে উক্ত কমিটির সুচিন্তিত অভিমতকে যথাযথ মর্যাদা দান করা হইবে।

Annual Report on the Working and Affairs of the West Bengal Industrial Development Corporation Limited, for the year 1975-76

Shri Gyan Singh Sohanpal : Sir, with your permission, I beg to lay the Annual Report on the Working and Affairs of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1975-76.

Annual Report on the Working and Affairs of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 1974-75

Shri Gyan Singh Sohanpal : Sir, with your permission, I beg to lay the Annual Report on the working and affairs of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 1974-75.

Annual Report on the Working and Affairs of the Westinghouse Saxby Farmer Limited for the year 1975-76

Shri Gyan Singh Sohanpal : Sir, with your permission, I beg to lay the Annual Report on the working and affairs of the Westinghouse Saxby Farmer Limited for the year 1975-76.

Delimitation of Parliamentary and Assembly Constituencies Order, 1976

Dr. Motahar Hussain : Sir, I beg to lay an authentic copy of the Delimitation of Parliamentary and Assembly Constituencies Order, 1976.

Resolution regarding different Assembly Committees

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that—

Whereas the time at hand is too short for this House to reconstitute most of the Assembly Committees, it is hereby resolved not withstanding anything contained in the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly in so far as they relate to the constitution of different Assembly Committees, the following Committees of the Assembly do contiune to function of in their existing composition for a further period of three months from this date or till they are reconstitued, whichever is earlier, namely :

1. Committee on Petitions
2. Committee on Public Accounts
3. Committee on Estimates
4. Committee on Public Undertakings
5. Committee on Government Assurances
6. Rules Committee
7. Committee on Subordinate Legislation, and
8. Library Committee

The motion was then put and agreed to.

শ্রীরথীন তালুকদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র জ্ঞানসিং সোহনপাল মহাশয় যে রেজলিউশান রিগার্ডিং ডিফারেণ্ট এ্যাসেম্বলী কমিটিস আনলেন সে সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, আমরা মনে করছি এতে বিধানসভায় যে-সমস্ত দল আছেন তার মধ্যে কোন কোন দল ক্ষতিগ্রস্ত হতে পারে। এখানে আমাদের দলের অর্থাৎ কংগ্রেস ফর ডেমোক্রাসি দলের যে-ধরনের রিপ্রেজেনটেশান থাকা উচিত সেই ধরনের রিপ্রেজেনটেশান যাতে আমাদের দলের থাকে সেটা দেখার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

মিঃ স্পীকার ঃ আমিও এ বিষয়ে একমত যে, এখানে যে-সমস্ত গ্রুপ, সেকশান, পার্টিস আছেন তাদের রিপ্রেজেনটেটিভস যতদূর সম্ভব বিভিন্ন কমিটিতে এ্যাকোমোডেট করা দরকার। এ-বিষয়ে আমি নিশ্চয় পার্লামেণ্টারী এ্যাফেয়ার্সের মিনিষ্টারকে অনুরোধ করবো দেখার জন্য এবং এর সঙ্গে সঙ্গে একথাও বলব যে, আমার তরফ থেকে যে-সমস্ত কমিটিগুলি আমি নমিনেট করি তাতে যাতে রিপ্রেজেনটেটিভস থাকে তার জন্য নিশ্চয় আমি চেষ্টা করবো।

শ্রীজ্ঞানসিং সোহনপাল ঃ জনতা পার্টির কিছু আছে নাকি ?

মিঃ স্পীকার ঃ যদি সম্ভব হয় মে মাসে রিকনষ্টিটিউটেড হবে। আজকেও যদি সম্ভব হয় দু'-একটি কমিটি আমি রিকনষ্টিটিউটেড যদি করতে পারি সেটা দেখবো এবং তাতে আমি তাঁদের সদস্য নেবার চেষ্টা করবো। তাছাড়া একথাও বলব, একজিসটিং কমিটি রিকনষ্টিটিউটেড হবার সময় মিঃ তালুকদার যে অনুরোধ করলেন তাকে আমি নিশ্চয় যথাযথ গুরুত্ব দেব।

LEGISLATION

The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1977

Shri Abdus Sattar : Sir, I beg to introduce the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1977, and to place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

[1-30—1-40 p.m.]

Shri Abdus Sattar : Sir, I beg to move that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1977, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালের দি ওয়েষ্ট বেঙ্গল এগ্রিকালচারাল প্রডিউস মার্কেটিং (রেগুলেশান) এ্যাক্টে আইনভঙ্গকারীদের যথোপযুক্ত শাস্তির ব্যবস্থা না থাকায় বিভিন্ন কায়েমী স্বার্থ এই আইনের সুষ্ঠু প্রয়োগে বাধা সৃষ্টি করে আসছিল। সেজন্য কয়েকটি প্রয়োজনীয় সংশোধনের মাধ্যমে চাষী, ক্রেতা এবং ব্যবসায়ীদের স্বার্থে কঠোরতর শাস্তিবিধান এবং বাজার কমিটিগুলির অর্থভাণ্ডারের সদ্ব্যবহারকে সুনিশ্চিত করার উদ্দেশ্যে মন্ত্রিসভা ১৯৭৬ সালের জুলাই মাসে প্রচলিত আইনটিকে সংশোধনার্থে একটি অর্ডিন্যান্স জারী করার সিদ্ধান্ত করেন। কেন্দ্রীয় সরকারের পরামর্শলাভে এবং সেই অনুসারে কিছু সংশোধনে স্বাভাবিক বিলম্ব ঘটে। ১৯৭৭ সালের মার্চ মাসে রাজ্যপাল এইসব সংশোধনীসহ অর্ডিন্যান্সটি জারী করেন। এই অর্ডিন্যান্সটিকে আইনে পরিণত করার জন্যই বর্তমান বিল আনা হয়েছে।

প্রস্তাবিত আইনে মুখ্য পরিবর্তন ও সংযোজনগুলির উদ্দেশ্য :

(১) আইনভঙ্গকারীদের কঠোরতর শাস্তিবিধানের জন্য অন্যান্য রাজ্যের আইনের সঙ্গে সামঞ্জস্য রেখে শাস্তির ব্যবস্থা করা। মার্কেট ফি-এর হারকে সঙ্গতিপূর্ণ করা এবং তাঁর আদায়ের সুবিধার ব্যবস্থা। দি ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট মার্কেটিং বোর্ডকে ক্ষমতা দেওয়া হয়েছে যাতে সরকারী অনুমোদনের অপেক্ষা না করে তারা নিজেদের কর্মচারীদের চাকুরীর শর্তাদি নির্ধারিত করে নিতে পারেন। উক্ত বোর্ডের অর্থকোষের সদ্ব্যবহারকে সুনিশ্চিত করবারও ব্যবস্থা করা হয়েছে। বাজার কমিটিগুলির অর্থভাণ্ডারের সদ্ব্যবহারকে সুনিশ্চিত করার জন্য কোন্ কোন্ কাজে 'ঐ অর্থ' ব্যয়িত হবে তা বিশদভাবে নির্দিষ্ট করে বাজার কমিটিগুলিকে কিছু অতিরিক্ত ক্ষমতা দেওয়া হয়েছে যাতে তারা সঠিক বাজার নিয়ন্ত্রণের জন্য বাই ল' তৈরি করতে পারেন। লাইসেন্সধারীদের অসুবিধা দূরীকরণের জন্য রিনিউয়্যাল ফি প্রয়োজনমত পরিবর্তন করতে পারেন। ব্যবসায়ীগণ কর্তৃক কর ফাঁকি রোধ ব্যবস্থা গ্রহণ করতে পারেন এবং কর্মচারী নিয়োগে বিলম্ব পরিহারের জন্য তাদের চাকরির শর্তাবলী নির্ধারিত করে দিতে পারেন। আমি এই কয়েকটি কথা বলে এই বিল অনুমোদনের জন্য সুপারিশ করছি।

Mr. Speaker : There are motions for circulation by Shri Aswini Kumar Roy, Shri Ajit Kumar Ganguly and Shri Saroj Roy. I call upon Shri Saroj Roy to speak.

[1-40—1-50 p.m.]

Shri Saroj Roy : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st May, 1977.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র মাননীয় মন্ত্রী মহাশয় এ্যামেণ্ডমেণ্ট বিল সম্পর্কে বলতে গিয়ে বললেন যে, ১৯৭২ সালে যে বিল হয়েছিল সেই বিলের ভেতর দুর্বলতা ছিল, তাতে কায়েমী স্বার্থকে রক্ষা করা হয়েছিল, সেজন্য এই বিলে কয়েকটি নতুন প্রভিশান যোগ করেছেন। সেটা কি—সেটা বললেন মার্কেটিং কমিটি কিভাবে হবে, মার্কেটিং কমিটির হাতে ফাইন করার, পেনালিটি বাড়ানোর কিছু ক্ষমতা দেওয়া হয়েছে এবং তাদের হাতে যে অর্থ আসবে সেটা কিভাবে ব্যবহৃত হবে সেটা এর ভেতর দেওয়া হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে একটু ভাল করে শুনতে বলব। ইতিপূর্বে বহুবার যখন সরকারী নীতি বিষয়ক কোন বিষয় নিয়ে এখানে আলোচনা হয়েছে তখন সরকার থেকে বলা হয়েছে যে বিভিন্ন সময় আমাদের দেশের যারা দরিদ্র কনজিউমার্স, যারা উৎপাদক, তাদের স্বার্থের দিকে প্রধানত সরকার নজর রাখেন। আমরা সকলেই জানি, মন্ত্রী মহাশয়ও জানেন যে আমাদের দেশে একধরনের ফড়িয়া এবং দালাল যারা গ্রামে এবং শহরে বসে আছে তারা উৎপাদকদের মালটা কিনে নিয়ে সমস্ত মার্কেটটা কণ্ট্রোল করে। আমি আশা করেছিলাম ১৯৭২ সালের পরে যখন এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে তখন অন্তত এই ব্যাপারে সরকারের একটু নজর থাকবে কি করে উৎপাদকদের এই ফড়িয়াদের হাত থেকে বাঁচাতে পারবেন। কিন্তু তার কোন প্রভিশান কোনদিক থেকে নেই। এইভাবে এক-একটা এ্যামেণ্ডমেণ্ট আনা হয় যেগুলির কোন মূল্য থাকে না, কতক-গুলি টেকনিক্যাল ব্যাপার পরিবর্তন করে এখানে দেওয়া হয়, ঘণ্টার পর ঘণ্টা আলোচনা হয়। এই বিলটা যদি লক্ষ্য করি তাহলে দেখব এর একটা দিক হল কেনা এবং বেচা, আর একটা দিক হল উৎপাদক যাদের জন্য আজকে সমাজে এই সমস্ত মার্কেটগুলি তৈরি হচ্ছে যেগুলি সরকার দ্বারা কণ্ট্রোল্ড হবে সেগুলির জন্য আজকে মার্কেটিং কমিটি তৈরি করা হচ্ছে, তাদের হাতে পাওয়ার দেওয়া হচ্ছে।

কিন্তু যেটা মূল ব্যাপার ছিল, আমাদের পশ্চিমবাংলায় যারা এই সমস্ত উৎপাদন করে, কাঁচা আনাজ আছে, নানারকম শস্য আছে, যা মার্কেটে আসে, সেগুলিকে কিরকমভাবে কণ্ট্রোল করা হবে সেটা এর মধ্যে আছে, কিন্তু কিভাবে ফড়িয়াদের কণ্ট্রোল করা হবে, কিভাবে কনজিউমাররা, যারা উৎপাদক তারা ন্যায্য মূল্য পাবে সেদিক থেকে এতে কিছু নেই। বিলটা অত্যন্ত হতাশ করে দিয়েছে। অথচ এখানে তিনি এটা অনায়াসে রাখতে পারতেন। আমি আর বেশী সময় নেবো না কারণ এই বিলটাকে অল্প সময় দেওয়া হয়েছে। এখানে ধরুন কি কি হয় তার দু'-একটা উদাহরণ দিলেই পরিষ্কার বুঝতে পারবেন। আমার যেটুকু অভিজ্ঞতা আছে তাতে দেখেছি ফড়িয়ারা কি করে? যখন কোন বাজারে মাল আসে, যেমন মেদিনীপুর ডিষ্ট্রিক্টের নর্থের দিকে এবং বাঁকুড়ার একটি অঞ্চলে প্রচুর তিলের চাষ হয়। তিলটা সাধারণত প্রান্তিক কৃষক, গরীব চাষীরাই চাষ করে। তিলচাষ করতে গেলে খরচাটা কম হয় এবং শুকনো জমিতেও তিলচাষ হয় বলে চাষ খুব বাড়ে। যে বৎসরে তিল প্রচুর উৎপাদন হয় তখন আমরা দেখেছি যে মার্কেটে যখন তিলগুলি আসতে শুরু করে ন্যায্য মূল্য পাওয়ার আশায় তখন কিছু ফড়িয়ারা একসঙ্গে বসে মিটিং করে ঠিক করে ফেলে যে সাত দিন তারা তিল কিনবে না। সাত দিন তারা তিল কেনা বন্ধ করে

দেয়। তখন সেই উৎপাদক, গরীব উৎপাদক, বাজারে তিলটা এনে যেটুকু না বেচলে তাদের কোন উপায় নেই, চোখের জল ফেলে তারা ফড়িয়াদের বাড়ীতে তা তুলে দিয়ে চলে যায়। এইরকম অবস্থায়, আজকে পশ্চিমবাংলায় গ্রামাঞ্চলে যারা উৎপাদক, পড়ে আছে। কেন? এইটুকু কি আজকে তিনি করতে পারতেন না নতুন করে একটা এ্যামেণ্ডমেণ্ট এনে এর পাশাপাশি—যদি তিনি ফড়িয়াকে একেবারে তুলতে না পারেন, ফড়িয়াদের কাছাকাছি সরকারের নিজের ব্যবস্থাধীনে যদি কোন দোকান করতেন তাহলে এইরকম অবস্থা হলে সরকার তা কিনে নিতে পারতেন, তাহলে ফড়িয়াদের সেখানে রেজিষ্ট করা যেতো, ফড়িয়াদের ষড়যন্ত্রকে ব্যর্থ করা যেতো। তাহলে বুঝতে পারতাম যে আজকে সত্যিকারের, সরকার গ্রামাঞ্চলের উৎপাদকদের সম্পর্কে যে পলিসির কথা বলেন, তারা সেদিকেই আছেন এবং আজকে তাহলে সেটা প্রমাণিত হতো। আজকে প্রমাণিত হলো কি, সমস্ত মার্কেটটা কণ্ট্রোল করবে যারা দালাল, যারা ফড়িয়া তারা। আপনারা কি করবেন? বড় জোর একটা পাওয়ার দিয়ে দিলেন মার্কেট সোসাইটিকে। তারা যদি কোন অন্যায় করে তাহলে একটু ফাইনটা বাড়িয়ে দিলেন, তাদের কোর্টে নিয়ে গিয়ে ফেলার কিছুটা অধিকার দিয়ে দিলেন। এতে তাদের কিছুই হবে না। যারা লক্ষ লক্ষ বাড়তি টাকা রোজগার করছে গরীব কনজিউমারকে হত্যা করে তারা ৫ হাজার, ১০ হাজার টাকা ফাইন দিয়ে দেবে, তাতে তাদের কি এসে যাবে। তাকে আজকে বন্ধ করার জন্য যদি আপনি এতে একটা প্রভিশনও রাখতেন তাহলে আমরা বুঝতে পারতাম যে আপনারা মাঝে মাঝে প্রডিউসারদের সম্পর্কে যে বক্তৃতা দেন, চোখের জল ফেলেন, পলিসি সম্পর্কে বলেন তা কিছুটা ঠিক। আজকে এইরকম একটা সুযোগ এই বিলের মধ্যে ছিল কিন্তু আপনারা তা নিয়ে এলেন না। এই থেকে পরিষ্কার বোঝা যায় এবং যদি বলি তাহলে কোন অন্যায় হবে না যে আপনাদের পলিসি হল দরিদ্র কনজিউমারকে বাঁচান না, কনজিউমারের মাথার উপর দাঁড়িয়ে এক শ্রেণীর ফড়িয়া এবং দালাল যা সৃষ্টি হয়েছে তাদের রক্ষা করা। আপনাদের মূল লক্ষ্য হওয়া উচিত যে এটাকে কি করে বন্ধ করা যায়। ধরুন যেখানে মার্কেট নেই, বহু ছোট ছোট শহর আছে সেখানে যদি কনজিউমার্স কো-অপারেটিভ করেন, ধরুন একটা জায়গায় সবচেয়ে বেশী আলু হয়, ধরুন একটা জায়গায় বেশী তাঁতের কাপড় হয়, সেখানকার লোককে দিয়েই যদি কনজিউমার্স কো-অপারেটিভ করেন, মালগুলি যদি তাদের কাছে এনে দেন, তাহলে আজকে রিয়াল প্রডিউসাররা দালালদের হাত থেকে বাঁচতে পারে, তাহলে তাদের দু'পয়সা পাওয়ার সম্ভাবনা হয়।

[1-50—2-00 p.m.]

যেখানে কনজিউমার কো-অপারেটিভ আজকে করতে পারছেন না সেখানে সরকার থেকে কেনার যদি কিছু দায়িত্ব নেন, সরকারী দোকান যদি থাকে, তার যদি দরটা ঠিক করে দেন তাহলে দরিদ্র কনজিউমাররা এসে সেখানে তারা মাল নেবার সুযোগ পাবে। তারা তাহলে ফড়িয়ার হাতে, দালালের হাতে শিকার হবে না। সেই জন্য আপনার কাছে আমি অনুরোধ করব যে এখনও হাতে সময় আছে আপনি যদি এইরকম কিছু আনতে পারেন যে বিভিন্ন এলাকায় বা ঐ যে মার্কেটগুলি হচ্ছে সেখানে সরকার থেকে এইরকম একটা প্রভিশন রাখুন যারা প্রডিউস করে তারা যেন কো-অপারেটিভে মালটা দিতে পারে কিম্বা সরকার তার একটা মেশিনারী দিয়ে মাল কেনার ব্যবস্থা করেন। এই যদি করতে পারেন শহরগুলিতে যেখানে বাজার এখনও হয়নি বা যেসব জায়গায় বাজার হয়েছে সেই সমস্ত জায়গায়—যাদের জন্য

আপনি বিলটা নিয়ে এসেছেন সেটা যদি করতে পারেন তাহলে পশ্চিমবঙ্গের গ্রামে যারা দরিদ্র প্রডিউসার তারা লাভবান হবে। আমি একদিন মন্ত্রী মহাশয়কে বলেছিলাম, আমি যে জায়গা থেকে এসেছি এবং হুগলী জেলার অনেক বন্ধু আছেন তাঁরা জানেন যে এইসব জায়গায় প্রচুর আলু উৎপন্ন হয় সেখানে বড় বড় ফড়িয়ারা তারা আলু ধরে রেখে দেয় কারণ ছোট ছোট প্রডিউসাররা তারা ধরে রাখতে পারে না সেজন্য অত্যন্ত কম দরে ফড়িয়াদের কাছে বেচতে বাধ্য হয়। ছোট ছোট প্রডিউসাররা তারা কলকাতায়ও পাঠাতে পারে না। সেজন্য আমি এখানে অনুরোধ করছি যে এইরকম একটা প্রভিশন এখানে রাখুন যেখানে পশ্চিমবঙ্গের দরিদ্র চাষী, তাঁতি, কুটিরশিল্পী যারা এই সমস্ত মাল তৈরী করে যাতে ন্যায্য দরে মাল বেচতে পারে---হয় সরকার সেখানে কিনুন কিম্বা প্রডিউসারদের দ্বারা কো-অপারেটিভ করুন। তা না করে পেনালটি বাড়ান তারা বড় ফাঁকি দিচ্ছিল সেজন্য বাড়িয়ে দিলাম এতে করে কিছু উপকার হবে না। তারা একদিক থেকে কেনে আরেক দিক থেকে বেচে কিন্তু আসল সম্পর্ক হল দরিদ্র মানুষ যারা উৎপাদন করে সেই দিকটা একটু বুঝুন। আমি সেজন্য এটা সারকুলেশানে দেবার কথা বলছি। একটু সময় নিয়ে এ জিনিসটা বুঝবার চেষ্টা করুন, তাহলে বুঝব যে আপনারা যে নীতির কথা বললেন তার সঙ্গে সামঞ্জস্য থাকবে। এখনও সময় আছে যদি আমাদের কথা শুনে এ্যামেণ্ডমেণ্ট দেন তাহলে সরকারের পক্ষে এটা গ্রহণযোগ্য হবে। দরিদ্র প্রডিউসারদের জন্য একটা প্রভিশন নিয়ে আসুন।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও এই বিলে আমি এ্যামেণ্ডমেণ্ট দেওয়ার সুযোগ পাইনি, আমি আমার বক্তব্য এতে রাখতে চাইছি। আলোচনার শুরুতে মাননীয় সদস্য শ্রীসরোজ রায় মহাশয় যে কয়েকটি বক্তব্য রাখলেন তার অনেকগুলির সঙ্গে আমি একমত। আমি এই আইন সম্বন্ধে কৃষিমন্ত্রীকে অনুরোধ করবো এবং বিচার-বিভাগীয় যিনি মন্ত্রী আছেন তাঁকেও, তাঁর যথেষ্ট অভিজ্ঞতা আছে গ্রামের এবং হাউসের অধিকাংশ সদস্য গ্রামের প্রতিনিধি সুতরাং তাঁরা সকলেই জানেন এই আইনটা মহাজনদের যারা গরীব চাষী তাদের উপর শোষণের হাতিয়ার হয়ে দাঁড়াচ্ছে। আপনি নিশ্চয় জানেন অধ্যক্ষ মহাশয়, এই আইনের বৈধতা নিয়ে মহামান্য হাইকোর্টে চ্যালেঞ্জ হয়েছে এবং তারপর অবস্থা জারি হবার পূর্বে কয়েকটি মামলা বিচারাধীনও আছে। আমার বিনীত অনুরোধ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এই বিষয়ে তিনি যেন মত দেবার আগে একটু ভাবেন। এই আইন সম্বন্ধে আগেই বলা হয়েছে যে, প্রত্যেকটি বাজারে যে কেনাবেচা হয় তার ১০০ টাকা কেনাবেচা হলে ১ টাকা করে ফি লেভি করা হবে। এখন বলছেন ২ টাকার বেশী হবে না অর্থাৎ ১ টাকা কমপক্ষে এবং ২ টাকা রাখছেন সর্বাধিক। আগে ছিল ১ টাকা ফিক্সড। আপনারা যদি একে ফি করেন তাহলে সংবিধানের সিডিউল আলোচনা করলে দেখা যাবে ইট ইজ এ ট্যাক্স অন প্রপার্টি কালচারাল প্রডিউস, নট লেভি অর ফি অ্যাজ সাচ। আপনি জানেন স্যার এবং মাননীয় মন্ত্রী মহাশয়ও জানেন এবং মাননীয় সদস্যরাও জানেন যে অর্থনীতি শাস্ত্রে লেভি এ্যাণ্ড ট্যাক্সের মধ্যে মৌলিক পার্থক্য আছে। ফি এবং ট্যাক্স দুটি পৃথক জিনিস। ফি লেভির মধ্যে কোয়ালিটেটিভ ডিফারেন্স কনসেপ্ট আছে। ফি হচ্ছে বিশেষ ধরনের ইম্পোজিশন, যা চাপানো যেতে পারে। কিন্তু যখন ইম্পোজ করবেন তখনই বিচার করে দেখতে হবে যে পরিমাণ ধার্য করা হচ্ছে লেভি হিসেবে বা ফি হিসেবে তার জন্য যে সার্ভিস দেওয়া হচ্ছে তার কোন সম্পর্ক আছে কিনা। যেমন ধরুন, মিউনিসিপ্যালিটি লাইসেন্স ফি ইম্পোজ করতে পারে সেটাকে

ট্যাক্স বলা হয় না। মিউনিসিপ্যালিটি লোকের কাছ থেকে যে ফি আদায় করে তার জন্য সার্ভিস রেণ্ডার করা হয়। কিন্তু যখন ট্যাক্স ইম্পোজ করা হয় তখন এই ধরনের সার্ভিস রেণ্ডার করার বিধান নেই। সেইজন্য অর্থনীতি শাস্ত্রে ট্যাক্সের বেলায় কমিটমেণ্ট অব সার্ভিস নেই। এলিমেণ্ট অব ফি হলে ইউ ডু দিস ফর মি এ্যাণ্ড আই ডু দিস ফর ইউ—এটা ফি এবং লেভির বেলায় প্রযোজ্য। কিন্তু ট্যাক্সের বেলায় এই সার্ভিস দেবার বিধান নেই। আমি বলছি এই ব্যাপারে আপনি এ্যাডভোকেট জেনারেলের মতামত নিন, ক্যাবিনেটে আবার বিচার করুন। এত তড়িঘড়ি করে পাশ করাবেন না। এটা হাইকোর্টে বিচারাধীন রয়েছে, আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে মামলার আলোচনা চলছে। সেইজন্য আমি বলছি এটা যদি ট্যাক্স হয়ে যায় তাহলে সংবিধানের ধারা অনুযায়ী অবৈধ হয়ে যাবে এবং এটা যদি ফিও হয়—তাহলেও টিকবে না। মার্কেট প্রোডিউস যে-সমস্ত করে তার উপরে ফি ইম্পোজ করছেন কিন্তু কোন সার্ভিস রেণ্ডার করছেন না এবং সার্ভিস রেণ্ডার না করেই ফি ইম্পোজ করছেন। অতএব এই জিনিসটা বে-আইনী বলে, অবৈধ বলে, সংবিধানবিরোধী বলে আমার ব্যক্তিগত ধারণা।

দ্বিতীয়ত, একটা বাজারের মধ্যে যখন কোন চাষী পণ্য নিয়ে আসছে তাকে কত ট্যাক্স দিতে হচ্ছে দেখুন। তাকে পঞ্চায়েত ট্যাক্স দিতে হচ্ছে। আলু, পিঁয়াজ, শব্জী যা-কিছু বাজারে ঢুকছে—ফড়িয়াদের কথা সরোজবাবু বিশেষ করে বলেছেন, ফড়িয়া বা দোকানদার ১০০ টাকার বেশী যারা কিনে নিচ্ছে তার প্রত্যেকটি টার্ণ ওভারে ট্যাক্স দিতে হচ্ছে এবং তার ফলে আনাজের দাম বাড়বে। ফড়িয়াদের শোষণের হাত থেকে, চাষীদের শোষণের হাত থেকে রক্ষা করার কোন ব্যবস্থা নেই। কোন এলাকায় মার্কেট কমিটি গঠন করতে পারেনি, আপনারা মাত্র পশ্চিমবাংলায় কয়েকটি জায়গায় নোটিফিকেশন করে মার্কেট কমিটি গঠন করতে পেরেছেন। তাহলেও ধরুন মার্কেট কমিটির এলাকার মধ্য দিয়ে যদি কোন চাষী তার গরুর গাড়ী বোঝাই করে বা বাঁকে করে মাল নিয়ে আসে বাজারে এবং বাজারে বিক্রি না করে অন্য জায়গায় চলে যায়, যে মুহূর্তে সে মার্কেটে ঢুকবে সেই মুহূর্তে ট্যাক্স আদায় করবে এটা হচ্ছে আইন। আমি বলছি পশ্চিমদিনাজপুরে যে নোটিফিকেশন আপনারা করেছিলেন সেই নোটিফিকেশন পরীক্ষা করার সুযোগ আমার হয়েছিল। আমি আইনমন্ত্রীকে অনুরোধ করব পশ্চিমদিনাজপুরের যে নোটিফিকেশন সেটা আপনি পড়ে দেখবেন যে মার্কেট কমিটি করেছেন বলতে গেলে একটি মাত্র কমিটি এবং কোচবিহারে একই কমিটি হয়েছে সেখানে ঢুকতে গেলে অন্য এলাকা দিয়ে আসতে হবে এবং মার্কেটে ঢুকতে গেলে সঙ্গে সঙ্গে ট্যাক্স দিতে হবে। এটা কেন হবে?

[2-00—2-10 p.m.]

অতএব আমি বলছি এই আইন যেটা আজকে নতুন করে সংশোধিত আকারে আনছেন এটা গরীবের উপর বোঝা হিসাবে চাপবে এবং এটা হচ্ছে টার্ণ ওভার ট্যাক্স, মাল্টিপিল ট্যাক্স সিস্টেম হয়ে যাচ্ছে। এই ধরনের টার্ণ ওভার, মাল্টিপিল ট্যাক্স কখনই ইম্পোজ করা উচিত নয় এবং আমি অনুরোধ করছি এই বিলটি এখন প্রত্যাহার করে নিন এবং এর জন্য জনমত সংগ্রহ করুন এবং বিশেষজ্ঞদের কাছে পাঠান, অর্থনীতিবিদদের কাছে পাঠান, প্ল্যানিং বোর্ডের মতামত আনুন, প্ল্যানিং বোর্ডের মেম্বারদের ভিউজ জানুন যে এই ওয়েষ্ট বেঙ্গল এগ্রিকালচারাল প্রোডিউস মার্কেটিং রেগুলেশন বিল সত্যিকারের চাষীদের স্বার্থে, না মহাজনদের স্বার্থে, না ফড়িয়াদের স্বার্থে—না, সত্যিকারের যারা কনজিউমার্স তাদের স্বার্থে? এই বিল যারা কনজিউমার্স তাদের স্বার্থের বিরুদ্ধে যাবে, এই আইন গরীব মানুষের বিরুদ্ধে যাবে, এই আইন যারা চাষী

পরিবারের লোক মেয়ে-পুরুষ বাহিরে থেকে ক্ষেতের ফসল নিয়ে এসে অল্প দামে বিক্রি করত তাদের উপর শোষণের বোঝা চাপাবে, এই বিল সর্বসাধারণের স্বার্থের বিরুদ্ধে যাবে এবং জিনিসপত্রের দাম, কাঁচামালের দাম, আনাজের দাম বাড়বে। অতএব আমি অনুরোধ করছি এটা জনমত সংগ্রহের জন্য পাঠানো হোক।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে যখন এই বিলটি উত্থাপিত হয় তখন আমরা বক্তব্যের মধ্যে বলেছিলাম যে এই বিলের দৃষ্টিভঙ্গী কি? আপনি বাজার নিয়ন্ত্রণ করবেন এই কথা বলছেন। বাজার নিয়ন্ত্রণ যদি করতে হয় তাহলে মূল্য নিয়ন্ত্রণ করবে কে? কাজেই ১৯৭২ সালে যে আইনটা প্রাথমিকভাবে হল সেই আইনে এই প্রশ্নটা ছিল যে বাজার নিয়ন্ত্রণ করতে গেলে মূল্য নিয়ন্ত্রণ করা দরকার। কিন্তু সেই প্রশ্নের মীমাংসা আজ পর্যন্ত হল না। পরে আপনারা আবার এটাকে ১৯৭৫ সালে সংশোধন করলেন, তারপর ১৯৭২ সালে গ্রামাঞ্চলে বা কতকগুলি এলাকা নিয়ে খালি কমিটি গঠন আপনারা করে দিলেন। সেই কমিটি যখন গঠন করলেন তখন বলেছিলেন এক একটি জেলাতে হয়ত ৪/৫টি এই ধরনের মার্কেট কমিটি হবে। পশ্চিমবঙ্গে ১৪/১৫টি বড় বড় জেলা আছে, এই মার্কেট কমিটি তৈরী হলে উপরে থাকছে ষ্টেট গভর্ণমেণ্ট—কাজেই এই মার্কেট কমিটি এবং ষ্টেট গভর্ণমেণ্টের মাঝখানে যে গ্যাপ থেকে যাচ্ছে সেটার সংযোগ করবে কে? ১৯৭৫ সালে সেকশান ৩৬ এ্যামেণ্ড করে ষ্টেট লেভেলে আপনারা একটা বোর্ড তৈরী করলেন—তখন কিন্তু এই নিয়ন্ত্রণের মূল উদ্দেশ্য ছিল মূল্য নিয়ন্ত্রণ, এই প্রশ্নটা তখন এড়িয়ে গিয়েছিলেন। আজকে যে সংশোধনী আনছেন সেই সংশোধনীতে ভাল ভাল কথা আছে—কিছু কিছু কথা রেখেছেনও যেমন ডিসট্রেস সেল হলে এই মার্কেট কমিটি সেই ডিসট্রেস সেলের হাত থেকে যাতে রক্ষা করতে পারে তার ক্ষমতা তাদের হাতে থাকবে—এটা একটা ভাল কথা। আপনারা বলছেন ছোট চাষী এবং প্রান্তিক চাষীদের কো-অপারেটিভ গঠন করা—এগুলি থাকা উচিত, এইরকম কতকগুলি ভাল ভাল কথা নিয়ে এসেছেন। কিন্তু ভাল কথা থাকলেও যদি আপনার দৃষ্টিভঙ্গীটা স্বচ্ছ না হয় তাহলে সেই ভাল কথাকে কাজে পরিণত করতে পারবেন না। সেই দিক থেকে আমি বলছি ১৯৭২ সালে যখন এই বিলটা এখানে এসেছিল তখন আপনাদের দৃষ্টিভঙ্গী কি সেটা আপনাদেরই জানা ছিল না। কিন্তু এখন সংবিধান সংশোধন হবার পরে যখন সমাজতন্ত্র, গণতন্ত্র, ধর্ম-নিরপেক্ষতা এটা হল অবজেকটিভ—তখন সেই সমাজতন্ত্রে পৌঁছতে গেলে এই ধরনের বাজার নিয়ন্ত্রণের যে কাঠামোগুলি আপনারা করছেন সেই কাঠামোগুলির কতটা কোন্ দিকে যাবে সেটা ঠিক করা উচিত। সেদিক থেকে মূল্য নিয়ন্ত্রণের ব্যাপারে এখন পর্যন্ত কোন স্থির থাকল না। এখন মূল্য নিয়ন্ত্রণের প্রশ্নটা যদি না থাকে তাহলে কেউ আলু নিয়ে গেলে, পাট নিয়ে গেলে, ধান নিয়ে গেলে, যে-কোন জিনিস নিয়ে গেলে তার ডিসট্রেস সেলের ব্যাখ্যাটা কি হবে, এর মাপকাঠি কি হবে? সেইজন্য আসল ব্যাপারটা এই বিলে এড়িয়ে গেলেন যেখানে ফিক্সেশান অব প্রাইস এ্যাণ্ড কণ্ট্রোল অব প্রাইস—এটা কিভাবে হবে? আপনাদের কথা ডিসট্রেস সেল রক্ষা করার জন্য বাজার কমিটির দায়িত্ব—এটা আপনি একেবারে এ্যাভয়েড করে গেলেন—খালি এই ধরনের কথাগুলি বলে গেলেন। পশ্চিম-বঙ্গের হিমঘরে এগ্রিকালচার ডিপার্টমেণ্টের আইন আছে। কোল্ড ষ্টোরেজ এ্যাক্টে আছে প্রায়রিটি টু দি কো-অপারেটিভস—এখন বলছেন স্মল মার্জিন্যাল ফারমারদের প্রায়রিটি—ঐখানে একটি কথা বলেছিলেন প্রায়রিটি টু দি কো-অপারেটিভ—১৬-১৭ বছর আইনটা পাশ হয়েছে

কোল্ড ষ্টোরেজের, কিন্তু নতুন করে কটা কো-অপারেটিভ কোল্ড ষ্টোরেজ তৈরী হয়েছে ?

কাজেই প্রাসঙ্গিক যে করছেন একটাও তৈরী হয়েছে ? কাজেই সমবায় ক্ষেত্রে, বাজার নিয়ন্ত্রণের ক্ষেত্রে এটা যদি এসমপ্যাসিস থাকে তাহলে যে আইনগুলি আপনারা করছেন সেই আইনগুলির ক্ষেত্রেও সেই দৃষ্টিভঙ্গী থাকা উচিত এবং সেইভাবেই সংশোধনী হওয়া উচিত। কাজেই সেই ধরনের সংশোধনী আপনি করছেন না। মামুলী কতকগুলি আপনি করছেন। কাজেই সমাজতন্ত্রে যাবার পারসপেকটিভ যেভাবে আইনটা পরিবর্তিত হওয়া উচিত সেই পরিবর্তন আপনি করছেন না। আমাদের মাননীয় সদস্য কাশীবাবু বলে গেলেন যে হ্যাঁ, নানা ধরনের ট্যাক্স বেড়ে যাবে। বাজারের মধ্যে যে জিনিস কিনবে মার্কেট কমিটির অধিকার থাকবে টু ইম্পোজ লেভি---আমি কনজিউমার হিসাবে এক কুইণ্টাল চাল কিনব, বায়ারের লাইসেন্সড ডিলার আমি নই, তাহলে মার্কেট কমিটি কনজিউমার হিসাবে আমার উপর লেভি করবে জমিদারদের আমলে যারা বাজার থেকে তোলা তুলত সেইরকমভাবেই তুলে নিচ্ছে---আপনি কনজিউমারদের মধ্যে কোন এক্সেম্পশান দিচ্ছেন না। কাজেই সেই-জন্য আমি বলছি বিলটি এইরকম তাড়াহুড়ো করে না এনে এটাকে সারকুলেশনে দেওয়া হোক এবং তাড়াতাড়ি যেমন অর্ডিন্যান্স করেছেন সেইরকমভাবে ১লা মের মধ্যে সারকুলেশান করে যাতে মতামত দেওয়া যায় তার ব্যবস্থা করা হোক---এই ধরনের কথাই আমরা বলেছি। এই সম্পর্কে প্রত্যেকটি ক্লজে বহু সংশোধনী দিতে হয়েছে। এখন সংশোধনী দেবার পরে দেখা যাচ্ছে পুরানো কাপড়ে ছেঁড়া জায়গাগুলি জুড়তে জুড়তে একেবারে পুরো কাপড়টাই জোড়া কাপড় হয়ে গেছে। কাজেই খুব সুচিন্তিতভাবে, যেখানে সমাজতন্ত্রের দিকে যাবার গতি আছে সেই গতির দিকে লক্ষ্য রেখে এই বাজার কমিটিগুলিতে রাজ্য সরকারের যে বোর্ড, ষ্টেট গভর্ণমেণ্টে যে ক্ষমতা আছে সেগুলি সুষ্ঠুভাবে বিচার-বিশ্লেষণ করে উৎপাদনের সেটা প্রাথমিক জিনিস যারা উৎপাদন করে সেই উৎপাদকদের বেনিফিট যাতে হয় সেদিকে লক্ষ্য রেখে---ডিসট্রেস সেল যাতে না করতে পারে এইরকম অবস্থার দিকে লক্ষ্য রেখে আইন আনা উচিত। সেইজন্য আমরা সারকুলেশন মোশানের প্রস্তাব রাখছি। আর বাকি যেসব সংশোধনী আছে সেইগুলির ক্ষেত্রে বলব এই সারকুলেশন মোশানের দিকে লক্ষ্য রেখে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের দ্বারা প্রডিউসাররা কোন-রকমভাবেই বেনিফিটেড হবেন না। ন্যায্য দাম যেটা তাদের পাওয়া উচিত এই বিলের দ্বারা সেটা তারা পাবে না এবং যারা কনজিউমার তারাও এর দ্বারা বেনিফিটেড হবেন না। মাঝখান থেকে শুধু মিডলম্যানরাই বেনিফিটেড হবে। এ বিষয়ে মাননীয় সদস্য সরোজবাবু যেটা বলেছেন আমি সেটাকে সমর্থন করছি। ফড়িয়াদের হাত থেকে বাঁচানোর জন্য ডাইরেক্ট পারচেস করার ব্যবস্থা না করলে কোন সুবিধা প্রডিউসার এবং কনজিউমাররা পাবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেকশান ৩০(১) এ বলা হয়েছে মার্কেট প্রপার, মার্কেট এরিয়ার কথা। এটাতে একটা বিভ্রান্তির সৃষ্টি হবে। এই প্রসঙ্গে আমি একটি স্পেসিফিক কেস ওয়েষ্ট দিনাজপুরের উল্লেখ করছি। গত তিন-চার মাস আগে সেটা হয়েছিল। সেখানে ইসলামপুর এরিয়াতে একটা মার্কেট আছে। সেই মার্কেট এরিয়ার পাশে একটা মেলা হয়। মার্কেট কমিটি তারা ক্লেম করছে মেলার টাকা আমরা নেব কিন্তু যারা মেলার মালিক তারা

এটাতে বাধা দেয় এবং এই নিয়ে সেখানে ঝগড়াঝাটি হয়। আমার মনে হয় সেইজন্য এই মার্কেট এরিয়া কথাটা নতুনভাবে এ্যামেণ্ড করা হয়েছে যাতে সেই এলাকায় যে-কোন জায়গায় যে-কোন ট্রান্জাকশন হোক তাতে মার্কেট কমিটি কণ্ট্রোল করতে পারবে। এটা খুব আপত্তিকর। একটা এলাকা তারা হয়ত কণ্ট্রোল করছে কিন্তু সেই কণ্ট্রোলটা গোটা এলাকাতে ছড়িয়ে দিলে ফড়িয়াদের পোয়া বারো হবে। সেইজন্য বলছি, এর মধ্যে একটা লিমিট রাখা উচিত। যদিও আমি কোন এ্যামেণ্ডমেণ্ট দিইনি তবুও এই বিষয়টা মন্ত্রী মহাশয়কে বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

[2-10—2-20 p.m.]

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আইনমন্ত্রী মহাশয় বিলটির ব্যাখ্যা যেভাবে করলেন তাতে দেখা যাচ্ছে অবিরোধিতা থেকে যাচ্ছে। মাননীয় সদস্য সরোজবাবু বিলটির সম্বন্ধে বিস্তারিত আলোচনা করেছেন, আমি বিস্তারিতভাবে আর আলোচনা না করে সার্কুলেশান মোশানকে সমর্থন ক'রে দু'-একটি কথা বলছি। স্যার, এখানে দেখা যাচ্ছে, যেখানে মার্কেট কমিটি একবার অধিকার পাচ্ছেন সেখানে আবার ষ্টেট গভর্ণমেণ্ট, তারও সেই অধিকার আছে। এই বিলটা যদি এইভাবে পাশ হয় তাহলে অনবরত ষ্টেট গভর্ণমেণ্টের সঙ্গে মার্কেট কমিটির ধাক্কাধাক্কি বেঁধে যাবে। এখানে ব্যাপারটা আদৌ স্বচ্ছ করা নেই। মন্ত্রী মহাশয় যে দৃষ্টিভঙ্গী নিয়ে বলেছেন সেখানে বাস্তবতা আছে নিশ্চয় কিন্তু তারমধ্যে ত্রুটি থেকে যাচ্ছে। মার্কেট কমিটিকে এমন কতকগুলি ক্ষমতা দেওয়া হচ্ছে যেগুলি ইতিমধ্যেই ষ্টেট গভর্ণমেণ্টকে দেওয়া আছে। এখন স্যার, আমি একটা নির্দিষ্ট সংস্থা হিসাবে যদি কিছু একটা করতে যাই তাহলে স্বভাবতই আমি যেগুলি বলবো সেগুলি হবে অভিজ্ঞতার ভিত্তিতে। আর ষ্টেট গভর্ণমেণ্ট একটা নীতির ভিত্তিতে করতে চাচ্ছেন। এখন অভিজ্ঞতায় যা দেখা যাচ্ছে সেটা এইমাত্র রমেনবাবু বললেন যে, এই মার্কেটের এরিয়া নিয়ে গণ্ডগোল বেঁধে যাবে। আমি তাই মাননীয় সাত্তার সাহেবকে অনুরোধ করবো এ বিষয়ে আরো একটু চিন্তা-ভাবনা করুন, এখনই বিলটা আনবেন না। আমি বলেছি দেখেছেন নিশ্চয় যে ১লা মে'র মধ্যে—আজকে ১১ই এপ্রিল, মাত্র ২০ দিন বাকি, একটু বিচার-বিবেচনা করে ২০ দিন পরে আনলে কোন ক্ষতি হবে না। তবে আপনারা যদি মনে করে থাকেন যে, এই বিধানসভা আর থাকবে না, নির্বাচন হবে আর আলোচনার অবকাশ থাকবে না অতএব যে অবস্থায় আছে সেই অবস্থায় পাশ করিয়ে নেওয়া হোক সেটা আলাদা কথা, কিন্তু আমি মনে করি না যে, জোর করে না ভাঙলে এই আইনসভা ভেঙে যাবে, সেরকম পরিস্থিতি এখনও হয়নি। সেইরকম পরিস্থিতি যদি হয় আলাদা কথা কিন্তু তা যখন হয়নি তখন এটা নিয়ে একটু চিন্তা-ভাবনা করুন, বিলটা সার্কুলেশানে দিন। তা যদি দেন তাহলে আপনার মতামত পাওয়ার পক্ষে সুবিধা হবে। এই এতক্ষণ যে সময়ের কথা আমরা বলেছি তার মধ্যেই আমরা পরস্পর মিলে এটাকে একটা সুষ্ঠু জায়গাতে নিয়ে যেতে পারবো। স্যার, আপনি জানেন, এই বিলটা পাশ হয়েছিল ১৯৭২ সালে কিন্তু দু'বছর যেতে-না-যেতেই আবার সংশোধন করতে হয়েছে এবং আজকে এই ১৯৭৭ সালে আবার সংশোধন করতে হচ্ছে। এখন স্যার, এইভাবে সংশোধন করতে করতে এর আসল আর কিছুই থাকে না, এটা জোড়াতালি দেওয়ার মতন ব্যাপার হয়ে যায়, কাজেই সেদিক থেকেও আমার অনুরোধ এটাকে সার্কুলেশানে দেবার সিদ্ধান্ত করুন তাতে সর্বাঙ্গসুন্দর বিল হবে। যারা পণ্য উৎপাদন করে বাজারে বিক্রি করতে আসে তাদের

স্বার্থের দিকে লক্ষ্য রাখার জন্য যে জোর দিচ্ছেন সেখানে আপনার সঙ্গে আমি একমত কিন্তু সেটাকে যদি সার্থক করতে হয় তাহলে আমি প্রস্তাব করবো এই বিলটিকে সার্কুলেশানে দেওয়া হোক। কিন্তু সেটাকে যদি সম্পূর্ণ করতে হয়, যদি সার্থকতা আনতে হয়, তাহলে আমি প্রস্তাব করবো এটা সার্কুলেশানের জন্য দেওয়া প্রয়োজন।

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রীসরোজ রায়, শ্রীকাশীকান্ত মৈত্র, শ্রীঅশ্বিনীকুমার রায়, ডাঃ রমেন দত্ত, শ্রীঅজিত গাঙ্গুলী সার্কুলেশনের জন্য যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করছি। স্যার, আমি মনে করি কাশীবাবু বোধহয় আইনটা পড়েন নি। তিনি বলেছেন যে কনজিউমারদের উপর এটা একটা চাপ সৃষ্টি করা হচ্ছে, কিন্তু বিলের উদ্দেশ্য, এটা কনজিউমারদের সঙ্গে কোন সম্পর্ক নেই। যারা কনজিউমার কিংবা যারা প্রডিউসার, এদের কোন লেভি ফি লাগবে না। যারা বায়ার্স তাদের উপর ফি ধার্য হবে। ১০০ টাকার নিচে হলে লাগবে না তার উপর হলে লাগবে। সেটা একটা লিমিট রেখে দেওয়া হয়েছে। আর রুল ৮(১), তাতে বলা আছে চাষীরা যাতে ক্রেতাদের কাছে বিক্রি করতে পারে, সেটা বলা হয়েছে, সেখানে বলা হয়েছে কনজাম্পশনের জন্য কিংবা রিটেল ট্রানজ্যাকশনের জন্য যদি খরিদ বিক্রি হয় তাহলে সেটা একজাম্পশন হবে। রুল ৮(১)-এ সেটা পরিষ্কারভাবে বলে দেওয়া হয়েছে।

শ্রীঅশ্বিনী রায় ঃ অন এ পয়েন্ট অব অর্ডার, আপনি আইনে কোন একজাম্পশন দিলেন না, রুলে বলছেন একজাম্পশন। আইনে যদি ভায়াবিলিটি না থাকে তাহলে এটা ঠিক হবে কি?

শ্রীআবদুস সাত্তার ঃ আমাদের রুল করার অধিকার আছে সেই আইনে। এবং কি কি বাবদে রুল করতে পারি সেটাও বলা আছে। আপনারা যদি সব কিছুতে বাধা দেন তাহলে আমার বলার কিছু নেই। কনজাম্পশন বা রিটেল ট্রানজ্যাকশনের জন্য এটা একজাম্পশন হবে। যারা প্রডিউসার তাদের উপর কোন লেভি বসাবে না। তারপর যে ফড়িয়াদের কথা বলেছেন সরোজ রায় মহাশয়, এখানে ফড়িয়াদের সমস্ত রকম ঈশ্বরবৃত্তি কিংবা অন্যান্য খারাপ কাজ থেকে নিবৃত্ত করার জন্য এই বিল আনা হয়েছে। সেকশন ৩৩টা পড়ুন তাহলে বুঝতে পারবেন। সেকশন ৩৩ যদি কনট্রাভেনশন হয় তাহলে আমরা তার পেনাল ক্লজ রেখেছি, তার শাস্তি কি হবে। আজকে তাদের ফড়িয়াদের হাত থেকে প্রডিউসারদের বাঁচানো হয়েছে। ঈশ্বরবৃত্তি কিংবা অন্য বৃত্তির নামে কিংবা ভগবানবৃত্তির নামে যে-সমস্ত জিনিস আদায় হত সেটা বন্ধ হয়ে গেছে সম্পূর্ণভাবে। সুতরাং এটা ভাল করে পড়ুন তারপর সার্কুলেশনের কথা বলুন। সেইজন্য আমি এর ঘোর আপত্তি করছি।

[2-20—2-30 p.m.]

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion there on was then put and lost.

The motion of Shri Abdus Sattar that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1977, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Mr. Speaker : There are amendments to Clause 3 by Shri Ajit Kumar Ganguly and Shri Aswini Kumar Roy, Amendment Nos. 4 and 5. I now call upon Shri Ajit Kumar Ganguly to move the amendments.

Shri Ajit Kumar Ganguly : Sir, I beg to move that in Clause 3, after the proposed Clause (xiii), the following proviso be added, namely :

"Provided that the market committee may frame such rules that are not contemplated in Section 38 of the Act."

স্যার, সারকুলেশনের ব্যাপারে বলার সময়ে বলেছি অথরিটিজের পাওয়ার আছে এবং একথা তিনি বললেন স্টেট গভর্ণমেণ্ট রুল তৈয়ারী করতে পারে। সেখানে কমিটিকে রুল তৈরী করার অথরিটি দেবার কোন অর্থ হয় না, সেজন্য বলেছি যে এই বাই-ল'টা বদলানো হোক। আশা করি এটা তিনি গ্রহণ করবেন।

শ্রীঅশ্বিনী রায় ঃ স্যার, সেকশন ৩৮-এ যে যে ধারাগুলির দ্বারা রুল তৈরী হবে সেটা ষ্টেট গভর্ণমেণ্টকে দিয়ে দিয়েছেন। আবার ক্লজে দেবার জন্য এ্যামেণ্ডমেণ্ট নিয়ে এসেছেন তাতে মার্কেট কমিটিকে কতকগুলি রুলস এ্যাড রেগুলেশনস, বাই-ল'জ তৈরী করার অধিকার দিচ্ছেন। এই দুটোই পরস্পরবিরোধী হচ্ছে। সেজন্য আমার কথা হচ্ছে মার্কেট কমিটিকে দিতে পারেন, যেমন এডুকেশন এ্যাক্টে আছে ষ্টেট গভর্ণমেণ্ট এ্যাক্ট তৈরী করবে এবং সেকেণ্ডারী বোড কতকগুলি এ্যাক্ট তৈরী করবে। সেজন্য এই এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি যে সেকশন ৩৮-এ যে যে বিষয় ষ্টেট গভর্ণমেণ্টে অধিকার দেওয়া হয়েছে ফর ফ্রেমিং অব রুলস মার্কেটিং কমিটি তার অথরিটিকে ইউজারণ করবে না। সেজন্য ৩৮-এ সেই পাওয়ারকে বাদ দিয়ে বাকী যেটা থাকে সেটা মার্কেটিং কমিটি করবে। ইট ইজ এ্যান ইমপ্রুভমেণ্ট টু ইয়োর অরিজিন্যাল এ্যামেণ্ডমেণ্ট, আশা করি এটা গ্রহণ করবেন।

শ্রীআবদুস সাত্তার ঃ স্যার, যে এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে তার বিরোধিতা করছি, কারণ মনে হয় তাঁরা বুঝতে পারেন নি

"In sub-Section (1) of Section 12 of the Said Act, after Clause (xii), the following clause shall be added, namely :—(xiii) to frame bye-laws for the purpose of carrying out the provisions of this Act and the rules made thereunder."

রুলস আর বাই-ল'জ এক নয়। রুলস যে উদ্দেশ্যে করা হবে সেটা ক্যারি আউট করার জন্য এই বাই-ল'জ। সুতরাং এটা পরস্পরবিরোধী নয়। আইনের যে প্রভিশন আছে সেকশন ৩৮-এ তাতে গভর্ণমেণ্ট রুলস্ করবে না এবং সেজন্য এই বাই-ল' করা হয়েছে। এটাই সেখানে বলা হয়েছে।

The motion of Shri Ajit Kumar Ganguly that in Clause 3, after the proposed Clause (xiii), the following proviso be added, namely :

"Provided that the market committee may frame such rules that are not contemplated in Section 38 of the Act," was then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill was the put and agreed to.

Clause 4

Shri Aswini Kumar Roy : Sir, I beg to move that Clause 4(b) be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি এই আইনে বলেছেন যে লাইসেন্স ফি প্রথমে কত হবে সেটা ষ্টেট গভর্ণমেণ্ট ঠিক করে দিয়েছেন। আবার রিনিউয়্যালের সময় ষ্টেট গভর্ণমেণ্ট সেটাকে স্পেসিফাই না করে মার্কেটিং কমিটিকে দিয়ে দিচ্ছেন। আমি বলছি ওটা যেমন প্রাথমিক আইনে আছে লাইসেন্স ফি কত হবে সেটা ষ্টেট গভর্ণমেণ্ট ঠিক করবেন, তেমনি আইনে এটাও স্পেসিফাই করে দেওয়া উচিত যে তার রিনিউয়্যাল ফি এটা হবে। প্রত্যেক জিনিসের ক্ষেত্রে রিনিউয়্যাল ফি আছে কোল্ড-ষ্টোরেজ, রেডিও লাইসেন্স, তার রিনিউয়্যাল ফি-এর একটা ষ্ট্যাণ্ডার্ড আছে। কাজেই মার্কেটিং কমিটিকে এই পাওয়ার দেওয়া ঠিক নয়। ওটা আইনে রিনিউয়্যালের ক্ষেত্রে বলে দিন যে এত রিনিউয়্যাল ফি করতে যাচ্ছি।

শ্রীআবদুস সাত্তার ঃ স্যার, আমি এর বিরোধিতা করছি।

The motion of Shri Aswini Kumar Roy that Clause 4(b) be omitted, was then put and lost.

The question that Clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 5

The question that Clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Shri Aswini Kumar Roy : Sir, I beg to move that in Clause 6, after the proposed Section 17(1), the following proviso be added, namely ;

"Provided that in case the buyer is a small and marginal farmers' Co-operative in the area for this purpose of levy fee for the produce be realised at a rate not exceeding Rupee one."

Sir, I also beg to move that in Clause 6, after the proposed Section 17(2)(ii), the following proviso be added, namely :

"Provided that in case the buyer himself is a cousumer no fee will be levied for such quantity of produce as will be prescribed."

শ্রীঅশ্বিনী রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লুজ ১৭(১) যেটা আছে Provided that in Clause 6 buyer is a small and marginal farmers' Co-operative in the area for this purpose of levy fee for the produce be realised at a rate not exceeding Rupee one

উনি মার্কেটিং কমিটিকে একটা অধিকার দিচ্ছেন যে একটা ফি তারা লেভি করবেন, সেটা এক টাকার বেশী হবে না। আবার উনি আর একটা সেকশানে বলছেন যে স্মল এণ্ড মার্জিন্যাল ফারমার্সদের যে কো-অপারেটিভ সেই কো-অপারেটিভ যাতে বেঁচে থাকে বা যাতে গড়ে উঠে তার জন্য সরকারের একটা দৃষ্টিভঙ্গী রয়েছে। তাহলে প্রাইভেট টেডার্স এবং যারা উৎপাদন করছে ছোট এবং প্রান্তিক চাষী তাদের যে কো-অপারেটিভ এই দুটো পাশাপাশি থাকলে আপনি যদি কো-অপারেটিভকে কিছু সুযোগ-সুবিধা না দেন তাহলে সেই কো-অপারেটিভ

বেঁচে থাকতে পারে না। সেজন্য ছোট এবং প্রান্তিক চাষীদের যে কো-অপারেটিভ তাদের সুযোগ-সুবিধার জন্য তাদের লেভি অব কি যাতে না বাড়ে তার জন্য এই ধরনের একটা সংশোধন দিচ্ছি। যদি আপনার দৃষ্টিভঙ্গী এটা হয় যে ছোট এবং একটা প্রান্তিক চাষীদের কো-অপারেটিভকে উৎসাহ দেব তাহলে আমার এই সংশোধন গ্রহণ করা উচিত।

শ্রীআবদুস সাত্তার : স্যার, একই কথা উনি বারবার বলছেন। এটা মার্কেট কমিটির উপর ভার দেওয়া আছে। তাঁরা যদি মনে করেন সেই সোসাইটির লেভি ছাড় করা উচিত সেটা তাঁরা করতে পারেন, সেটার ব্যাপারে কমিটির উপর ক্ষমতা দেওয়া আছে। সুতরাং আমি এটার বিরোধিতা করছি।

[2-30—2-40 p.m.]

The motions of Shri Aswini Kumar Roy that in Clause 6, after the proposed Section 17(1), the following proviso be added, namely :

"Provided that in case the buyer is a small and marginal farmers' Co-operative in the area for this purpose the levy fee for the produce be realised at a rate not exceeding Rupee one."

and

That in Clause 6, after the proposed Section 17(2)(ii), the following proviso be added, namely :

"Provided that in case the buyer himself is a consumer no fee will be levied for such quantity of produce as will be prescribed."

Were then put and a division taken with the following results :—

AYES—29

Ali Ansar, Shri
Basu, Shri Ajit Kumar (Singur)
Bera, Shri Sudhir Chandra
Bhattacharjee, Shri Sibapada
Bhattacharya, Shri Sakti Kumar
Bhattacharyya, Shri Harasankar
Chakrabarti, Shri Biswanath
Chatterjee, Shri Gobinda
Das, Shri Bimal
Das, Shri Sarat Chandra
Das Mohapatra, Shri Kamakhanandan
Dutt, Shri Ramendra Nath
Ganguly, Shri Ajit Kumar
Ghosal, Shri Satya
Ghosh, Shri Sisir Kumar
Maitra, Shri Kashikanta
Mondal, Shri Raj Kumar
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Murmu, Shri Rabindra Nath
Oraon, Shri Prem
Panda, Shri Bhupal Chandra
Phulmali, Shri Lal Chand
Roy, Shri Aswini Kumar
Roy, Shri Saroj
Saha, Shri Nirad Kumar
Sarkar, Shri Nitaipada
Sinha, Shri Nirmal Krishna
Soren, Shri Jairam
Talukdar, Shri Rathin

NOES—113

Abdul Bari Biswas, Shri
Abdus Sattar, Shri
Aich, Shri Triptimay
Bandopadhayay, Shri Shib Sankar

Bandyopadhyay, Shri Sukumar
Banerjee, Shri Pankaj Kumar
Bapuli, Shri Satya Ranjan
Bar, Shri Ram Krishna
Basu, Shri Ajit Kumar (Mid.)
Bauri, Shri Durgadas
Bera, Shri Rabindra Nath
Bharati, Shri Ananta Kumar
Bhattacharyya, Shri Pradip
Bhattacherjee, Shri Susanta
Biswas, Shri Kartic Chandra
Chakraborty, Shri Gautam
Chakravarty, Shri Bhabataran
Chattaraj, Shri Suniti
Chattopadhay, Shri Sukumar
Das, Shri Bijoy
Das, Shri Jagadish Chandra
Das, Shri Sudhir Chandra
De, Shri Asamanja
De, Prof. Chandra Kumar
Dutta, Shri Adya Charan
Ekramul Haque Biswas, Shri
Ghiasuddin Ahmed, Shri
Ghosh, Shri Lalit Kumar
Ghosh Moulik, Shri Sunil Mohon
Goswami, Shri Paresh Chandra
Goswami, Shri Sambhu Narayan
Gyan Singh, Shri Sohanpal
Habibur Rahaman, Shri
Hajra, Shri Basudeb
Halder, Shri Birendra Nath
Halder, Shri Harendra Nath
Halder, Shri Manoranjan
Hatui, Shri Ganesh
Hembram, Shri Sital Chandra
Hemram, Shri Kamala Kanta
Kar, Shri Sunil
Khan, Shri Gurupada
Khan, Shri Nasiruddin
Khan, Samsul Alam, Shri
Kolay, Shri Akshay Kumar
M. Shaukat Ali, Shri
Mahapatra, Shri Harish Chandra
Maity, Shri Prafulla
Majhi, Shri Rup Sing
Maji, Shri Saktipada
Malladeb, Shri Birendra Bijoy
Mandal, Shri Arabinda
Mandal, Shri Gopal
Mandal, Shri Nrisinha Kumar
Mandal, Shri Santosh Kumar
Mazumdar, Shri Indrajit
Md. Safiullah, Shri
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Ahindra
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Mira Rani
Mohammad Dedar Baksh, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shri Jokhi Lal
Mondal, Shri Khagendra Nath
Moslehuddin Ahmed, Shri
Mukherjee, Shri Mrigendra
Mukherjee, Shri Sibdas
Mukherjee, Shri Subrata
Mukhopadhaya, Shri Subrata
Mukhopadhyaya, Shri Ajoy
Mundle, Shri Sudhendu
Naskar, Shri Ardhendu Sekhar
Nurunnesa Sattar, Shrimati
Panja, Shri Ajit Kumar
Patra, Shri Kashinath
Paul, Shri Sankar Das
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Debendra Nath
Roy, Shrimati Ila
Roy, Shri Jagadananda
Roy, Shri Krishna Pada
Roy, Shri Madhu Sudan
Saha, Shri Dulal
Saha, Shri Radha Raman
Sahoo, Shri Prasanta Kumar
Samanta, Shri Tuhin Kumar

Santra, Shri Sanatan
Saraogi, Shri Ramkrishna
Saren, Shrimati Amala
Saren, Shri Dasarathi
Sarkar, Shri Nil Kamal
Sautya, Shri Basudeb
Sen, Dr. Anupam
Sen, Shri Sisir Kumar
Sen Gupta, Shri Kumar Dipti
Shamsuddin Ahmed, Shri
Shaw, Shri Sachi Nandan
Sheth, Sri Balai Lal
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Lal Bahadur
Singha, Shri Satyanarayan
Singha Roy, Shri Probodh Kumar
Sinha, Shri Atish Chandra
Sinha, Shri Niren Chandra
Sinha, Shri Panchanan
Sinha Roy, Shri Bhawani Prosad
Ta, Shri Kashinath
Tirkey, Shri Iswar Chandra
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 29, and the Noes 113, the motions were lost.

The question that Clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Shri Aswini Kumar Roy : Sir, I beg to move that in Clause 7, after the proposed Section 17C, the following proviso be added, namely :—

"Provided that the stoppage of the vehicle by the officer or employee empowered by the State Government should not exceed 48 hours from the time the conveyance has been stopped."

শ্রীঅশ্বিনী রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ধারায় বলছে যে যদি অফিসাররা, সরকারী কর্মচারীরা মনে করে যে মার্কেট থেকে, বাজার থেকে কোন গাড়ী অপসারিত হচ্ছে তাহলে সেই গাড়ী বা সেই নৌকাটা ডিটেন করতে পারবেন, ষ্টপ করতে পারবেন। এখন এখানে অনেক জিনিস থাকে, কাঁচামাল থাকে, সেই কাঁচামাল মনে করুন ২৪ ঘণ্টার পর খারাপ হয়ে যাবে। সেইজন্য কতক্ষণ আপনারা ষ্টপ করে রাখতে পারবেন সেটা এই আইনে বলা নেই। সেখানে আমরা বলছি ৪৮ ঘণ্টার বেশী যেন সেটা ষ্টপ করে না রাখতে পারে। তা না হলে কাঁচামাল সব খারাপ হয়ে যাবে।

Mr. Speaker : The time on the Bill is going to expire at 2.37. So with the sense of the House I like to extend the time by half an hour.

(Voices : Yes)

So the time is extended by half an hour.

শ্রীসরোজ রায় : মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে এইদিকে একটু নজর দিতে বলছি। কারণ এই যে এ্যামেণ্ডমেণ্টটা দেওয়া হয়েছে এটাকে শুধু অপোজিশনের এ্যামেণ্ডমেণ্ট হিসাবে না দেখে এর যৌক্তিকতাটা দেখবেন। যেকথা অশ্বিনীবাবু বললেন যে যদি কাঁচামাল আটক করেন, কাঁচামাল, আনাজপত্র অনেকে নৌকায় করে বা গাড়ীতে করে নিয়ে আসে সেই মালটা কতক্ষণ আটকে রাখবে সেই সময়টা যদি বলে দেওয়া না

থাকে, হয়তো দশদিন আটকে রাখলেন যার ফলে সেই কাঁচামালগুলি পচে যাবে। এটা একটা কমনসেন্সের ব্যাপার। ২৪ ঘণ্টা দিলেই ভাল হতো কিন্তু অনেক কিছু ভেবে এখানে ৪৮ ঘণ্টা দেওয়া হয়েছে। এর বেশী রাখলে হয়তো সেই কাঁচামালগুলি শেষ হয়ে যাবে। এটা অত্যন্ত যুক্তিসঙ্গত। বিরোধী পক্ষ থেকে দেওয়া হয়েছে এইরকম না ভেবে এই যুক্তিসংগত এ্যামেণ্ডমেণ্টটা গ্রহণ করুন।

শ্রীআবদুস সাত্তার ঃ স্যার, ওঁরা ৪৮ ঘণ্টা বলছেন কিন্তু আমাদের এখানে আছে এ্যাজ লং এ্যাজ মে রিজিনিবলি বি নেসেসারি, আমি তাঁদের বলছি যে এটা আপনারা প্রেস করবেন না, আমাদের যে একজিকিউটিভ অর্ডার পাঠাতে হবে তাতে বলা থাকবে যে এটা যাতে টোয়েণ্টি ফোর আওয়ার্সের মধ্যেই হয়।

The motion of Shri Awaini Kumar Roy that in Clause 7, after the proposed Section 17C, the following proviso be added, namely :

"Provided that the stoppage of the vehicle by the officer or employee empowered by the State Government should not exceed 48 hours from the time the conveyance has been stopped," was then put and lost.

The question that Clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 8 and 9

The question that Clause 8 and 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

Shri Aswini Kumar Roy : Sir, I beg to move that in Clause 10, in the proposed sub-Section (1)(xvi), after the words "and advances", the words "payment of bonus as per law" be inserted.

Shri Saroj Roy : I beg to move that in Clause 10, in line 1, after the the word "leave", the words "and house" be inserted.

[2-40—2-50 p.m.]

শ্রীঅশ্বিনী রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমার একটা ছোট্ট সংশোধনী। এটা হচ্ছে মার্কেটিং কমিটির যে ফাণ্ড সেটা কিভাবে খরচ হবে, সেটাই এই ক্লজে বলেছেন। তাতে আছে যে বেতন দেওয়া হবে মার্কেটিং কমিটির কর্মচারীদের, মেডিকেল এলাউন্স ইত্যাদি সমস্ত কিছু দিতে হবে। কিন্তু আর একটা জিনিস যেটা আজকে চালু হয়েছে, সেটা হচ্ছে বোনাস, এখানে আইনে সেটা দিচ্ছেন না, এই অধিকারটা আইনে দিচ্ছেন না। বোনাস, আইন অনুযায়ী যদি কর্মচারীদের প্রাপ্য হয় এবং তারা তা দাবী করে তাহলে তারা তা দিতে পারবে না। শ্রমিক শ্রেণীর অধিকার হিসাবে এই দাবী উঠবে, সেজন্য যে খরচ করবে, এই যে ফিরিস্তি দিয়েছেন, তার মধ্যে এই বোনাস যোগ করতে চাই। বোনাস য়্যাজ পার ল' ইফ এ্যাডমিসিবল্, কারণ এই আইনটা করে দিলে ঠিক হয় মার্কেটিং কমিটির কাছে কর্মচারীরা বোনাস চাইবে, তখন মার্কেটিং কমিটি অসুবিধায় পড়বে, সেজন্য কর্মচারীরা যে-সমস্ত পাবে বলে ফিরিস্তি দিয়েছেন, তার সঙ্গে বোনাস কথাটাও দিতে চাইছি।

শ্রীআবদুস সাত্তার ঃ স্যার, এটা কোন ইণ্ডাষ্ট্রি নয়, গ্রাণ্ট অব লোনস এণ্ড এ্যাডভান্সের টু এমপ্লয়িজ এটা যেটা করা হয়েছে মার্কেটিং রেগুলেশন এ্যামেণ্ডমেণ্ট বিলে, এটা নিয়ে আসা হয়েছে ফর দি ডেভেলপমেণ্ট অব দি মার্কেট। এখানে বোনাসের ব্যাপারটা আসে না, যদি আসে তাহলে দিতে বাধ্য থাকব। বোনাস এ্যাক্টে বোনাসের প্রশ্ন আসে, কিন্তু দিস ইজ নট এ্যান ইণ্ডাষ্ট্রি, এটা হচ্ছে মার্কেটকে ডেভেলপ করার জন্য। যারা কন্‌জিউমার্স, যারা প্রডিউসারস তাদের আসার জন্য রাস্তাঘাট নির্মাণ ইত্যাদি কতকগুলি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই ঈশ্বরবৃত্তি, অন্যান্য বৃত্তির লোপ চেয়ে ইত্যাদি ব্যবস্থার জন্যই বিলটা এনেছি, যাতে কন্‌জিউমার্স এণ্ড প্রডিউসার্স চীটেড না হয় এবং মার্কেটের ডেভেলপ হয়। বোনাস যদি দিতে হয় তাহলে ডেভেলপ হবে না। সামগ্রিকভাবে যাতে মার্কেটের উন্নতি হয় সেটাই চাই। আশা করি মাননীয় সদস্য প্রেস করবেন না।

The motion of Shri Aswini Kumar Roy that in Clauses 10, in the proposed sub-Section (1)(xvi), after the words "and advances", the words "payment of bonus as per law" be inserted, was then put and lost.

The motion of Shri Saroj Roy that in Clause 10, in line 1, after the word "leave", the words "and house" be inserted, was then put and lost.

The question that Clause 10 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 11 and 12

The question that Clauses 11 and 12 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 13

Shri Aswini Kumar Roy : Sir, I beg to move that in Clauses 13, in the proposed Section 34(8)(a), in line 6, for the word "double", the words "fifty percent" be substituted.

Sir, I beg to move that in Clause 13, in the proposed Section 34(8)(a), in line 7, for the word "greater", the word "lesser" be substituted.

Shri Saroj Roy : Sir, I beg to move that in Clause 13, after the proposed Section 34(10), the following proviso be added, namely :—

"Provided that the arrest of any person committing any offence normally have the prior intimation to the Marketing Committee"

শ্রীঅশ্বিনী রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা ছোট সংশোধনী, এই সংশোধনী হচ্ছে যদি কেউ মার্কেটিং কমিটির যে-সমস্ত প্রাপ্য সেটা নির্দিষ্ট সময়ের মধ্যে না দেয়, তাহলে পাওনা ডাবল আদায় করবে, দ্বিগুণ আদায় করবে। আমি সেখানে বলছি এটা অতি বেশী পীড়নমূলক হবে, সেজন্য এই পাওনা দ্বিগুণ না করে অন্তত আরও ৫০ ভাগ অতিরিক্ত আদায় করুন, অর্থাৎ যেখানে আপনি ডবল বলছেন, আমি সেখানে দেড়গুণ করতে বলছি। এই হচ্ছে এক নম্বর। দু' নম্বর যেটা আমি বলতে চাই সেটা হচ্ছে ৫০০ টাকা পর্যন্ত, ডবল আর ৫০০ এর মধ্যে যেটা বেশী হবে, সেটা আদায় করা হবে। যদি পাওনা হয় ২০০ টাকা, তাহলে তার ডবল হবে ৪০০ টাকা, সেই জায়গায় ওঁরা বলছেন ৫০০ টাকা

নেবেন, ডবল আর পাঁচশোর মধ্যে যেটা বেশী হবে সেটা গ্রহণ করবেন। ওইখানে আমার এ্যামেণ্ডমেণ্টে আমি বলছি যে, পাঁচশো টাকার নীচে যদি হয়, ডবল হিসাব করে হয়, তাহলে অন্তত যেটা কম সেইটা নেওয়া উচিত। আশা করি মন্ত্রী মহাশয় এটাই গ্রহণ করবেন।

শ্রীআবদুস সাত্তার ঃ স্যার, আমি এটা গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Aswini Kumar Roy that in Clause 13, in the proposed Section 34(8)(a), in line 6, for the word "double", the words "fifty percent" be substituted.

That in Clause 13, in the proposed Section 34(8)(a), in line 7, for the word "greater", the word "lesser" be substituted,

were then put and lost.

The motion of Shri Saroj Roy that in Clause 13, after the proposed Section 34(10), the following proviso be added, namely :—

"Provided that the arrest of any person commiting any offence normally have the prior intimation to the Marketing Committee.", was then put and lost.

The question that Clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 14-16

The question that Clauses 14 to 16 do stand part of the Bill was then put and agreed to.

Clause 17

Shri Saroj Roy : I beg to move that in Clause 17(b), in the proposed sub-Section (3) (xiii), line 1, after the word "leave", the word "House" be inserted.

I also move that in Clause 17(b), in the proposed sub-Section (3)(xiii), after the word "leave", the words "and House" be inserted.

Shri Aswini Kumar Roy : I beg to move that in Clause 17(b), in the proposed sub-Section (3) (ii), in line 4, after the word "farmers", the words "and share cropper" be inserted

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ক্লজটাতে উনি সমস্ত কথাটা বলেছেন। শেয়ার ক্রপার, বর্গাদারদের কথা বলেছেন, ব্যাখ্যা দেওয়ার ক্ষেত্রে বলেছেন। কিন্তু ব্যাখ্যা দেওয়ার ক্ষেত্রে শেয়ার ক্রপার যেভাবে রেখেছেন তাতে তার অন্তত ২ একরের বা নীচে জমি আছে, মারজিন্যাল ফারসার, স্মল ফারমার এদের ডেফিনেশান দিয়েছেন। দিয়ে বলেছেন শেয়ার ক্রপার অলসো তিনি এই স্মল ফারমারের মধ্যে পড়বেন। এখানে শেয়ার ক্রপারের যদি জমি না থাকে তাহলে তিনি স্মল ফারমারের মধ্যে পড়ছেন না। উনি যখন শেয়ার ক্রপারকে রক্ষা করতে চান এখানে আইনের গাইড্ লাইন যেখানে রয়েছে,

Marketing of Agricultural produce on co-operative lines and assisting the co-operative merkating societies in the procurement of produced belonging to small and marginal farmers and their disposal.

এইখানে কথাটা বলছেন এদের যদি কোন কো-অপারেটিভ থাকে তাকে তাঁরা উৎসাহ দেবেন। এখানে তার সঙ্গে আমি খালি শেয়ার ক্রপার কথাটাকে এ্যাড করতে চাইছি। এমনও তো হয় যে একজন বর্গাদার আছেন তার এক কাঠাও জমি নেই, অথচ তিনি ১৮ বিঘে বা ১৬ বিঘে পর্যন্ত জমি বর্গায় চাষ করেন। তাহলে তার অধিকার শেয়ার ক্রপারের কো-অপারেটিভ যদি থাকে তাহলে সেই কো-অপারেটিভকে তিনি উৎসাহ দিতে চাইছেন না। ওই আইনের আওতায় পড়ছে না, বিকজ কোন জমি নেই। কাজেই যখন এতদূর উনি বর্গাদারদের রক্ষা করতে চাইছেন, শেয়ার ক্রপারদের যখন সুযোগ-সুবিধা দিতে চাইছেন তখন স্মল এবং মারজিন্যাল ফারমারদের সঙ্গে এই শেয়ার ক্রপার কথাটা উনি যুক্ত করে নিন।

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে জবাবটা দিতাম, অশ্বিনীবাবু নিজেই দিয়ে দিয়েছেন। উনি যা চাইছেন তা আইনের ভিতরেই আছে। উনি প্রথম দিকে লক্ষ্য করেন নি, এখন লক্ষ্য করেছেন যে, এক্সপ্ল্যানেশানে আছে। এখন ঘুরিয়ে ব্যাখ্যা করতে চাইছেন। অশ্বিনীবাবু যা চাইছেন তা এখানে আছে।

[2-50—3-00 p.m.]

The motion of **Shri Aswini Kumar Roy** that in Clause 17(b), in the proposed sub-Section (3)(ii), in line 4, after the word "farmers" the words "and share cropper" be inserted.

Shri Saroj Roy that in Clause 17(b), in the proposed sub-Section (3)(xiii), line 1, after the word "leave", the word "House" be inserted, and

That in Clause 17(b), in the proposed sub-Section (3)(xiii), after the word "leave", the words "and House" be inserted, were then put and lost.

The question that Clause 17 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 18, 19 and the Preamble

The question that Clauses 18, 19 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Abdus Sattar : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1977, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1977

Shri Abdus Sattar : Mr. Speaker, Sir, I beg to introduce the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1977.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1977, be taken into consideration.

শ্রীআবদুস সাত্তার ঃ

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালের পূর্বে ১৮৮৭ সালে প্রাদেশিক ছোট আদালত আইনের ১৫ ধারার ২ ও ৩ উপধারা অনুযায়ী ছোট আদালতের সাধারণ এবং বিশেষ ক্ষমতা ছিল যথাক্রমে ৫০০ ও ১০০০ টাকা মূল্যের মামলার বিচার করার—১৯৭২ সালে ঐ আইন সংশোধন করিয়া ঐ ক্ষমতা বাড়াইয়া যথাক্রমে ২৫০০ টাকা এবং ৫০০০ টাকা করা হইয়াছে। ১৮৮৭ সালে বাংলা, আগ্রা, আসাম দেওয়ানী আদালতসমূহ আইনের ২৫ ধারা অনুযায়ী কোন সাব-জজ এবং মুনসেফকে বিশেষ ক্ষমতা দেওয়া হইয়াছিল যথাক্রমে অনধিক ৭৫০ টাকা এবং ৩০০ টাকা মূল্যের ছোট আদালতের এক্তিয়ারভুক্ত মামলার বিচার করিতে পারেন। ১৮৮৭ সালে প্রাদেশিক ছোট আদালত আইনের ১৯৭২ সালে সংশোধনীর পরিপ্রেক্ষিতে ১৮৮৭ সালের বাংলা, আগ্রা, আসাম দেওয়ানী আদালতসমূহ আইনের ২৫ ধারা সংশোধন করিয়া সাব-জজ ও মুনসেফের বিশেষ ক্ষমতা বাড়াইয়া যথাক্রমে ৫০০০ টাকা ও ২৫০০ টাকা মূল্যের ছোট আদালতের এক্তিয়ারভুক্ত মামলার বিচার করিতে পারেন—উপরন্তু এই বৃদ্ধির ফলে সাব-জজ এবং মুনসেফ কোর্ট-এ জমে থাকা অনেক মামলার দ্রুত নিষ্পত্তি হবে। তাই এই সংশোধনীটি বিধানসভার অনুমোদনের জন্য সুপারিশ করিতেছি।

শ্রীঅজিতকুমার বসু ঃ বাংলা, আসাম এ্যাণ্ড আগ্রা এই সমস্ত এলাকার স্মল কজেস কোর্টের একটা নির্দিষ্ট পরিমাণ টাকার কেসের বিচার যাতে সাব-অর্ডিনেট জাজেস এবং মুনসেফরা করতে পারেন তার জন্য এই বিল এসেছে। আমি আইনজ্ঞ নই কাজেই এই বিলের উপর বেশী কিছু বলতে চাই না। এখানে কাশীকান্তবাবুরা আছেন, তাঁরা যদি এই বিলের ভেতর থেকে কিছু টেনেটুনে বার করতে পারেন করুন, আমাদের এই বিলে আপত্তি করবার কিছু নেই, একে আমরা সমর্থন করছি।

শ্রীআবদুস সাত্তার ঃ স্যার, এতে পরিষ্কার বলা আছে যে, এতে সাব-জজ এবং মুনসেফদের কয়েকটা ক্ষমতা বাড়িয়ে দেওয়া হয়েছে, এতে আর বিশেষ কিছু বলার নেই। স্যার, আইনের ব্যাপারেও অজিতবাবু বক্তব্য রাখবেন এটা আমি ভাবতে পারি নি।

The motion of **Shri Abdus Sattar** that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1977, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 4 and Preamble

The question that Clauses 1 to 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Abdus Sattar : Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed. The motion was then put and agreed to.

Mention Cases

Mr. Speaker : I now call upon Shri Biswanath Mukherjee, the Leader of the Opposition to speak.

[3-00—3-10 p.m.]

শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি—বিরোধী দলের নেতা হিসাবে আমাকে যে বিশেষ অনুমতি দিয়েছেন তার জন্য। আজকে এই অধিবেশনের শেষ দিনে একটা জরুরী বিষয়ে গভর্ণমেণ্টের মনোযোগ আকর্ষণ করবার জন্য আমি দাঁড়িয়েছি। বিষয়টা হচ্ছে শ্রমিক অসন্তোষ। আমরা সকলেই জানি এবং এই হাউসের সদস্যরা বারেবারে সেদিকে দৃষ্টি আকর্ষণ করেছেন। অনেক জায়গায় শ্রমিক অসন্তোষ চলছে এবং সেটা ন্যায্য কারণেই হচ্ছে। আমি বিশেষভাবে দু'-একটি বিষয়ে গভর্ণমেণ্টের দৃষ্টি আকর্ষণ করছি এবং এইগুলো সমাধানের চেষ্টা করার জন্য অনুরোধ জানাচ্ছি। একটা হচ্ছে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন—ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের অফিসের সামনে —ভিক্টোরিয়া হাউসের সামনে তাদের যে মেজরিটি ইউনিয়ন, স্বীকৃত ইউনিয়ন, ইলেকট্রিক সাপ্লাই মজদুর সমিতি, তাদের নেতারা অনশন করছেন তের দিন যাবৎ, তার মধ্যে চারজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ার ফলে তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে, বাকিরা এখনও অনশন করছে। তাদের অনশন করবার কারণ হল এই যে, এই কোম্পানী যারা পাবলিককে দারুণ-ভাবে শোষণ করে, সেই কোম্পানী তাদের শ্রমিকদেরও শোষণ করে। যাই হোক, তাদের যে বিরোধ, সেই বিরোধের যে মীমাংসা—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথাটা দয়া করে একটু শুনবেন। আমি বলছিলাম এই কথা, এরা কম্পিউটার নিয়ে আসে, খুব দামী কম্পিউটার বসিয়ে শ্রমিকদের এবং কেরাণী কর্মচারীদের কাজ কম্পিউটার দিয়ে করাতে চায়। সেই নিয়ে অনেক বিরোধিতা ছিল, তাছাড়া শ্রমিকদের অনেক বিষয়ে অনেক দাবি ছিল, এই নিয়ে তাদের সঙ্গে একটা মীমাংসা হয়, বিভিন্ন ইউনিয়নের সঙ্গে ১০ই ফেব্রুয়ারী তারিখে যে কম্পিউটারের ব্যাপারটা নিয়ে আলোচনা চলবে এবং ৩১শে মার্চের মধ্যে অন্যান্য দাবি-দাওয়া নিয়ে মীমাংসা হবে। কিন্তু কোম্পানী এই পর্যন্ত আলোচনা না চালিয়ে, অপেক্ষা না করে একটা চিঠি দেয় এবং যেহেতু এই ইউনিয়ন কম্পিউটার চালাতে আপত্তি করেছিল সেইজন্য এই ইউনিয়নকে বাদ দিয়ে তারা কম্পিউটার চালিয়ে দেয়। গভর্ণমেণ্টের কাছে এই বিষয়ে রেফার করা হয়েছিল, তার জন্য অপেক্ষা না করে ১লা মার্চ তারা চালিয়ে দেয়। তারপর গভর্ণমেণ্ট চিঠি দেন যে আমরা এই এই কারণে কম্পিউটার চালাবার অনুমতি দিচ্ছি। এই ইউনিয়ন তাতে কোন আপত্তি করেনি। তা সত্ত্বেও এই ইউনিয়নকে কোম্পানী ডেকে বলেন, তোমরা যে কম্পিউটার চালাবার বিরোধিতা করেছিলে, তা উইথড্র কর। যদি সেই চিঠিটা উইথড্র না কর তাহলে তোমাদের সঙ্গে মীমাংসায় বসবো না। আমি কম্পিউটার চালানোয় আপত্তি করেছিলাম, আমি গভর্ণমেণ্টকে রেফার করেছি, গভর্ণমেণ্ট যা বিচার করেছে, আমি তা মেনে নিয়েছি। কিন্তু আমাকে সেই চিঠি উইথড্র করতে হবে, তবে আমি মীমাংসায় বসতে পারবো, তা না হলে মীমাংসায় বসতে দেওয়া হবে না। এবং মেজরিটি ইউনিয়ন, যখন এই ইউনিয়নকে বাদ দিয়ে ৩১শে মার্চ তারিখে কোম্পানী মীমাংসা করতে পারে সবচেয়ে দুঃখের কথা গভর্ণমেণ্ট পার্টি হয়েছে ত্রিপাক্ষিক মীমাংসায়, এই ধরনের যদি চলে তাহলে সুস্থ ইউনিয়নিজম বলতে যা বোঝায়, সেটা কি করে চলতে পারে? এই ব্যাপারে আমাদের ডেপুটি লিডার শ্রীমতী ইলা মিত্র এই হাউসে দৃষ্টি আকর্ষণ করেছিলেন এবং তাকে ৬ তারিখে শ্রমমন্ত্রী মহাশয়, তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, আমি হস্তক্ষেপ করবো এবং মীমাংসা করে দেব। কিন্তু তা তিনি করেন নি। এইরকমভাবে শ্রমিকদের আরও অনেক সুযোগ-সুবিধা কেটে নেওয়া হয়েছে তাদের যে ওভারটাইম, তাদের যে

ইনসেন্‌টিভ, সেইগুলো কমিয়ে দেওয়া হয়েছে। মাইনে একটু বাড়িয়ে দিয়ে, ওভারটাইম, ইনসেন্‌টিভ কমিয়ে দেওয়া হয়েছে। ওপরের দিকের কর্মচারী বাড়িয়ে দেওয়া হয়েছে এবং নিচের দিকের যারা শ্রমিক তাদের কমিয়ে দেওয়া হয়েছে। এই বিষয়ে গভর্ণমেণ্ট যদি হস্তক্ষেপ না করেন তাহলে কি করে চলতে পারে জানি না। আর একটা ঘটনার কথা উল্লেখ করছি, সেটা হচ্ছে ন্যাশন্যাল রাবার, সেখানে ১৫ শত কর্মচারী বেকার হয়ে বসে আছে এবং এখন চক্রান্ত হচ্ছে তার ভেতর থেকে ৮০০ জনকে বরাবরের জন্য ছাঁটাই করে দেওয়া হবে। এই বিষয়ে এই হাউসে অনেক আলোচনা হয়েছে, উভয় পক্ষ থেকেই এই কথা উঠেছে। সেখানকার তিনটি ইউনিয়ন একমত হয়ে দাবি করেছেন যে, গভর্ণমেণ্ট এটা টেক ওভার করুন, কিন্তু গভর্ণমেণ্ট তা করেন নি এবং এই ব্যাপারে এখন হস্তক্ষেপ করা হচ্ছে না। আর একটা কথা বলবো, আমাদের এখানে পার্লামেণ্টারী মিনিষ্টার রয়েছেন, তিনি একটু দয়া করে শুনবেন। খড়গপুরে যে স্কুটার ফ্যাক্টরী রয়েছে, সেই ফ্যাক্টরীর সামনে আই এন টি ইউ সি, এ আই টি ইউ সি'র লিডাররা অনশন করছেন। আমি শুনলাম যে, কংগ্রেসী এবং সি পি আই লিডাররা অনশন করছেন, কারণ সেখানে স্থানীয় লোকেদের কাজে নেবার কথা ছিল, এটা একটা জয়েণ্ট সেক্টার, তা তো তারা নিচ্ছেন না। এমন কি যারা ফ্যাক্টরী তৈরী করবার জন্য কাজ করেছেন, কনস্ট্রাকশন করেছেন, তাদের বাদ দিয়ে তারা বাইরের লোক নিচ্ছেন। এই সমস্ত বিভিন্ন বিষয়ে শ্রমিকদের ভিতর একটা দারুণ অসন্তোষ সৃষ্টি করা হয়েছে। বিশেষ করে ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের কর্মচারীরা যে আন্দোলন চালাচ্ছে এবং তাদের অবস্থা যা আশঙ্কাজনক হয়েছে, আমি গভর্ণমেণ্টকে বিশেষভাবে অনুরোধ করবো, তাঁরা অবিলম্বে এই বিষয়ে হস্তক্ষেপ করুন। ৬ তারিখে শ্রমমন্ত্রী কথা দিয়েছেন হস্তক্ষেপ করবেন, এখনও করেন নি কেন এবং রেকগনাইজড্ ইউনিয়ন, মেজরিটি ইউনিয়ন তাকে বাজে অজুহাতে বাদ দিয়ে মীমাংসা করে ইউনিয়নের যে-সমস্ত নীতি-নিয়ম, সেই নিয়ম যদি কোম্পানীকে ভঙ্গ করতে দেন তাহলে কখনও হেল্‌দি ইউনিয়নিজম পশ্চিমবাংলায় আশা করতে পারেন না। এই বলে আমি আপনার মাধ্যমে গভর্ণমেণ্টের দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রীগিরিজা মুখার্জী ঃ কন্সিলিয়েশন অফিসার হিসেবে তিনি সই করতে পারেন না, কিন্তু করেছেন। ত্রিপাক্ষীয় আলোচনায় তিনি কন্সিলিয়েট করেছেন—এটা হতে পারে না। মন্ত্রী মহাশয়রা এর একটা ব্যবস্থা করুন, না হলে সকলের উপর এসে পড়বে। অর্থাৎ সুস্থ ট্রেড ইউনিয়নিজম যদি সমর্থন না করেন তাহলে এর খাঁড়া সকলের উপর এসে পড়বে।

(Shri Abdul Bari Biswas rose to speak)

Mr. Speaker : Mr. Biswas, I have not given you permission. Please take your seat.

I have received a notice of Privilege Motion from Shri Sudhir Bera. I find that the same subject matter was raised as an Adjournment Motion and th same Adjournment Motion was also not given consent to by me. I may sa that there is no prima facie case in it, and is an executive order given by th Government outside the precincts of this House. So, I disallow it.

(At this stage Shri Sudhir Bera rose to speak)

(Noise)

[3-10—3-20 p.m.]

শ্রীপঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধ হয় শুনেছেন এবং কিছু কিছু পত্রিকায় বেরিয়েছে গত ২ দিন আগে নদীয়া জেলার যুবকংগ্রেসের সভাপতির উপর নির্মমভাবে গুলি চালনা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্বাচনের কয়েক দিন পর থেকে আমরা লক্ষ্য করছি পশ্চিমবাংলার গ্রামে-গঞ্জে গণতান্ত্রিক রাজনৈতিক দলের কর্মীরা কোথাও লাঞ্ছিত হচ্ছেন, কোথাও আহত হচ্ছেন, কোথাও বা নিহত হচ্ছেন। এর আগে এই পবিত্র বিধানসভায় বলেছিলাম ডায়মণ্ডহারবারে কংগ্রেস কর্মীকে খুন করে গাছে ঝুলিয়ে রাখা হয়েছে এবং মাটির তলায় পুঁতে রাখা হয়েছে। উত্তর কলকাতায় পার্থ বসু নামক যুবকংগ্রেস কর্মীর উপর পাইপগানের গুলি চালনা করা হয়েছে। তারপর নদীয়ার যুবকংগ্রেস সভাপতি সুভাষ সরকারের উপর পর পর ৮ রাউণ্ড গুলি চালনা করা হয়েছে এবং এই গুলি চালিয়েছে সি পি এমের কুখ্যাত সমাজবিরোধীরা, নদীয়ায় যারা দিনের পর দিন সি পি এমের পক্ষ হয়ে সি পি এমের নির্দেশে গণতান্ত্রিক কর্মীদের কণ্ঠ নীরব করার চেষ্টা করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন বারেবারে এই সমস্ত দলের কাছে, নতুন প্রেমিক যাঁরা জুটেছেন সি এফ ডি নেতা এবং জনতা পার্টির নেতাদের কাছে শুনে আসছি তাঁরা নাকি গণতান্ত্রিক পথে বিশ্বাস করেন, গণতান্ত্রিক পথে যদি তাঁরা বিশ্বাস করেন, গণতান্ত্রিক পথে যদি তাঁরা রাজনীতি করতে চান তাহলে তাঁদের কাছে আমি বিনীতভাবে জিজ্ঞাসা করতে চাই এটা কোন্ ধরনের গণতন্ত্র যে যুবকংগ্রেস কর্মীরা রাস্তায় কংগ্রেসের কাজ করতে পারবে না, তাকে বাড়ীতে ঢুকে গুলি করা হবে? কি অপরাধ করেছে কংগ্রেস কর্মীরা? তাদের অপরাধ হচ্ছে তারা শোষিত মানুষের পাশে দাঁড়াবার চেষ্টা করেছে, শোষিত মানুষের হয়ে রাজপথে নেমে আন্দোলন করেছে, শ্রমমানুষের পাশে দাঁড়িয়ে সেই শোষিত কণ্ঠকে তুলে ধরবার চেষ্টা করেছে, আজকে তার পরিণতি হিসাবে বুলেট দিয়ে যদি আমাদের কণ্ঠ স্তব্ধ করে দেওয়ার চেষ্টা করা হয় তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী দিনগুলি কিন্তু খুব রক্তাক্ত হয়ে উঠবে। ১৯৬৭ থেকে ১৯৭১ সাল পর্যন্ত অন্ধকার রাজনীতি আমরা দেখেছি, পাড়ায় পাড়ায় যুবক এবং তরুণদের দেহ কাঁধে নিয়ে বাংলাদেশের শ্মশানভূমিতে জ্বালিয়ে দিয়ে আসতে বাধ্য হয়েছিলাম। আমরা আমাদের পিতামহদের দেহ নিয়ে যাইনি, ১৬ বছরের ছেলে, ২২ বছরের ছেলে, ২৫ বছরের যুবকদের রক্তাক্ত দেহ নিয়ে আমাদের বাংলাদেশের শ্মশানভূমিতে ঘুরতে হয়েছিল। ৫ বছর দিনের পর দিন হাজার হাজার কংগ্রেস কর্মী সাধারণ মানুষের পাশে থেকে রক্তাক্ত পশ্চিমবঙ্গকে রক্ষা করেছে, ধ্বংসপ্রাপ্ত পশ্চিমবঙ্গকে রক্ষা করেছে, থেমে থাকা পশ্চিমবঙ্গকে আবার গতি দিয়েছে। আবার এই সমস্ত সমাজবিরোধীরা রাস্তায় নেমে যে অপচেষ্টা চালাচ্ছে তাতে এই মুহূর্তে সরকার থেকে এর বিরুদ্ধে ব্যাপক প্রচেষ্টা নিন, যাঁরা গণতান্ত্রিক দল বলে দাবী করেন তাঁরা গণতন্ত্রের মুখোশ পরা এই খুনী সি পি এমের এই ঘৃণ্য প্রচেষ্টার বিরুদ্ধে জনতা পার্টির নেতা এবং তাঁদের শরিক নতুন প্রেমিক সি এফ ডি'র নেতাদের কাছে আবেদন জানাই আপনারা যৌথভাবে প্রতিবাদ করুন, এই প্রতিবাদে আপনারা রাস্তায় নামুন, না হলে আগামী দিনে পশ্চিমবঙ্গের মানুষ যেমন করে সি পি এমকে ১৯৭২ সালে ডাস্টবিনে নিক্ষেপ করে দিয়েছিল, এবারেও তা থেকে মুক্তি পাবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে এই আক্রান্ত রক্তাক্ত যুবসমাজের পক্ষ থেকে বলতে চাই আমরা আর কত রক্ত রাস্তায় দেব আর কত বুকের রক্ত দিয়ে এই কালো রাস্তা লাল করে দিলে এই খুনী সন্ত্রাসবাদীরা তাদের ভুল বুঝতে পারবে এটাই আপনার কাছে আমার আবেদন এবং আমার জিজ্ঞাসা।

শ্রীরথীন তালুকদার ঃ মিঃ স্পীকার, স্যার, এইমাত্র পঙ্কজ ব্যানার্জী মহাশয় যে কথা তুলেছেন হিংসার রাজনীতির কথা আমরা তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এই বিধানসভার পবিত্র প্রাঙ্গণে গত ৪-৫ বছর ধরে পশ্চিমবঙ্গ সরকারকে এবং পশ্চিমবঙ্গ সরকারকে যারা চালনা করেছেন তাঁদের এই সম্পর্কে সতর্ক করে দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোষ্ঠিবিরোধের জন্য পশ্চিমবঙ্গে ১৭ শো কর্মী নিহত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ চণ্ডীপদ মিত্রের বিধবা পত্নী বসে আছেন, আমি জিজ্ঞাসা করতে চাই তাঁকে কোন্ সি পি এমের গুণ্ডা হত্যা করেছিল? আমি জানতে চাই অখিলেশ বন্দ্যোপাধ্যায়কে কোন্ সি পি এমের গুণ্ডা হত্যা করেছিল? আমরা হিংসায় বিশ্বাস করি না, হিংসার বিরোধিতা করি। কিন্তু যারা কংগ্রেসী রাজনীতি দেখেছে তারা দেখেছে গোষ্ঠি-রাজনীতি। এই গোষ্ঠি-রাজনীতিতে আমাদের দেশে ১৭ শো যুবক নিহত হয়েছে যারা সি পি এম করেনি। নিজেদের অন্তর্দ্বন্দ্বে তারা নিহত হয়েছে।

(নয়েজ এণ্ড ইণ্টারাপশনস)

শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ মিঃ স্পীকার স্যার, মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জী মহাশয় এবং আমাদের অন্যান্য সদস্য আমাদের পক্ষ থেকে একাধিকবার এই পবিত্র বিধানসভার বারেবারে দৃষ্টি আকর্ষণ করে বলেছেন যে, পশ্চিমবাংলার রাজনীতিতে হত্যা এবং নৃশংসতার ছায়া দেখা দিয়েছে এবং জায়গায় জায়গায় কংগ্রেস কর্মীরা একের পর এক আহত হচ্ছে আঘাত পাচ্ছে এবং মৃত্যুর মুখে চলে যাচ্ছে। এই সম্বন্ধে সরকারের বারবার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিন্তু সরকার এখনও পর্যন্ত নিশ্চুপ। আমি সরকারের কাছে অত্যন্ত বিনীতভাবে নিবেদন করব যে এই ব্যাপারে সরকার যেন চুপ করে বসে না থাকেন। এখানে তাঁরা বিবৃতি দিন, আশ্বস্ত করুন যে, পশ্চিমবাংলায় আমাদের গণতান্ত্রিক পদ্ধতিতে রাজনীতি করা সম্ভব হবে কিনা? আমি আশ্চর্য হয়ে গেলাম এই বিষয়ে অবতারণা করতে গিয়ে মাননীয় সদস্য রথীনবাবু হঠাৎ কনট্রাক্ট নিয়ে ফেলেছেন মার্কসবাদী কমিউনিষ্ট পার্টিকে আড়াল করবার জন্য। আমি কাউকে কটূক্তি করতে চাইনা, কিন্তু পশ্চিমবাংলার রাজনীতিতে যাদের হাতে রক্তের দাগ আছে তাদের সঙ্গে হাত মিলিয়েছেন রথীনবাবুরা। আজ যদি তাদের দালালীতে নামেন, তাদের সমর্থন করেন, মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির হাতে আমাদের ছেড়ে দিতে চান সেটা কখনই সম্ভবপর হবে না। আমি অত্যন্ত পরিষ্কারভাবে এই আবেদন রাখতে চাইছি যে, সরকার আমাদের কর্মীদের সুস্থ পরিবেশে রাজনৈতিক কাজকর্ম করবার সুযোগ দেবেন কিনা? আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে এই বিষয়ে একটি সুস্পষ্ট বিবৃতি চাইছি। তিনি আমাদের আশ্বাস দিন যে হিংসাহীন গণতান্ত্রিক রাজনীতি আমরা করতে পারব কিনা? এই আশ্বাস না পাওয়া পর্যন্ত আমরা মনে করি সরকার কিংবা স্বরাষ্ট্রমন্ত্রী এখনও পর্যন্ত এর গুরুত্ব বুঝতে পারছেন না। মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির যে ভূমিকা আমরা পশ্চিমবাংলায় দেখেছি তাতে সময়মত যদি ব্যবস্থা গ্রহণ না করা যায় তাহলে ফের এর পুনরাবৃত্তি ঘটতে পারে। অতএব স্বরাষ্ট্রমন্ত্রী এবং সরকারের কাছে আমি দাবী করব যে, পঙ্কজবাবুর দৃষ্টি আকর্ষণী প্রস্তাব যেন হাল্কাভাবে দেখা না হয়।

শ্রীরবীন ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিধানসভায় একটি গুরুত্বপূর্ণ ঘটনা আমি ধরতে চাই। উলুবেড়িয়ার লকগেটের সন্নিকটে সর্বজনশ্রদ্ধেয় জননায়ক

স্বর্গত হেমন্তকুমার বসু মহাশয়ের মর্মরমূর্তি দুষ্কৃতকারীরা অপহরণ করেছে। এই ঘটনা শুধু উলুবেড়িয়াবাসীর নয়, সমস্ত জাতির জীবনে একটা কলঙ্কময় ঘটনা। আমি অনতিবিলম্বে এই ঘটনার উপযুক্ত তদন্তের দাবী করছি এবং সেই সঙ্গে দুষ্কৃতকারীদের খুঁজে বের করবার দাবী জানাচ্ছি। জননায়ক হেমন্তকুমার বসু মহাশয়ের মর্মরমূর্তি ৬ তারিখে গভীর রাত্রে দুষ্কৃতকারীরা অপহরণ করে। মহকুমশাসক এবং থানা অফিসারের কাছে লিখিতভাবে ঘটনা জানানো হয়েছে। স্থানীয় পত্রিকা "পল্লীলক্ষ্মী" কাগজে ফটো তুলে দেখানো হয়েছে যে, হেমন্তবাবুর মর্মরমূর্তি চুরি গেছে। সেই ফটো আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার এবং মুখ্যমন্ত্রীর কাছে আমি দিতে চাই। যেসব দুষ্কৃতকারীরা এই মূর্তি অপহরণ করেছে তাদের খুঁজে বের করে শাস্তি দেবার ব্যবস্থা করা হোক। তা না হলে উলুবেড়িয়া গ্রামবাসীদের কাছে তথা পশ্চিমবঙ্গের মানুষের কাছে এটা অত্যন্ত দুঃখজনক ঘটনা হয়ে থাকবে। হেমন্তবাবু দলমত-নির্বিশেষে শুধু পশ্চিমবঙ্গের মানুষের কাছে নয়, সকলের কাছেই 'দাদা' হিসেবে পরিচিত ছিলেন। ১৯৭১ সালে নিহত হবার পর ১৯৭৩ সালে আমরা তাঁর একটি মর্মরমূর্তি প্রতিষ্ঠা করেছিলাম। দুষ্কৃতকারীরা সেই মূর্তি অপহরণ করেছে। এই দুষ্কৃতকারীদের অবিলম্বে খুঁজে বের করে শাস্তি দেবার ব্যবস্থা করবার জন্য আমি দাবী জানাচ্ছি।

[3-20—3-30 p.m.]

শ্রীমৃগেন মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এমন একটা অবস্থা ৭-৮ দিন ধরে পশ্চিমবঙ্গে চলেছে, তার যথাযথভাবে কোন খবর রাখা হচ্ছে না। গত কয়েক সপ্তাহ ধরে, কয়েকদিন ধরে, মিসায় যত 'বি' ক্লাশ আসামীদের ছেড়ে দেওয়া হচ্ছে। অথচ বরদা ডিনামাইট কেসে ফার্ণানডিসদের মত সত্যকার রাজনৈতিক বন্দীদের একটাও ছাড়ার কথা না বলে 'বি' ক্লাশ গাঁটকাটা ডাকাতদের ছেড়ে দেওয়া হয়েছে। ফলে রাস্তাঘাটে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে তিন ঘণ্টায় বেনারস রোডে দুটি ডাকাতি হয়েছে—পরশুদিন, কাগজে ঠিকমত বেরোচ্ছে না, স্যার। আর একটা কথা, সি এফ ডি দলের কথা, সি পি এমের থেকে এরা বাড়া। সি পি এম এখন অনেক সামলে গিয়েছে, এখন স্যার, মনে হচ্ছে শ্রীপ্রফুল্ল সেনের নিরাপত্তার জন্য আমাদের না যেতে হয়। প্রফুল্ল সেনের সঙ্গে আমরা এক-মত যে সি এফ ডি দেশের সর্বনাশ আনছে। হাওড়ার আমরা আরো উদাহরণ দিচ্ছি স্যার। উৎপল ভৌমিক বলে এক ব্যক্তি কংগ্রেসের মত কোম্পার জন্য দায়ী, যিনি তিনটি মার্ডার কেসের আসামী, তাকে সি এফ ডি লেবার পাণ্ডা করেছে হাওড়াতে এবং তার পদত্যাগের খবর সংবাদপত্রে বেরিয়েছে। অধ্যক্ষ মহোদয়, গোটা হাওড়া জেলাতে যেগুলিকে আমরা বোঝা বলে মনে করি তারা তিনটি পতাকা—সি এফ ডি, জনতা ও লাল ঝাণ্ডা নিয়ে জিপে করে ঘুরে বেড়াচ্ছে, মাস্তানরাজ আরম্ভ হয়েছে। বাঁশের চেয়ে কঞ্চি দড়, মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টি মারধর খেয়ে এবং নানা ঘটনার জন্য তারা খানিকটা সামলে চলছে কিন্তু এদের অবস্থা খুব খারাপ। সেদিন যা দেখলাম তাতে প্রফুল্লচন্দ্র সেন মহাশয়েরও নিরাপত্তার দরকার হচ্ছে, তাদের ঘরের কাঁচফাচ সব ভেঙে দিয়েছে, প্রফুল্ল সেন মহাশয় বলেছেন যে, দেশের সর্বনাশ সি এফ ডি আনছে। সি এফ ডি নেতাদের কাছে অনুরোধ করছি আমরা যেসব ঝোড়ে ফেলে দিয়েছি, যারা আজ ডাষ্টবিনের আবর্জনা, এগুলিকে নিয়ে আর রাজনীতি করবেন না। আজকে তাদের জন্য এই অবস্থা হয়েছে। গত কয়েকদিন ধরে, স্যার, কংগ্রেস কর্মীদের উপর, সাধারণ মানুষের উপর প্রকাশ্য দিবালোকে মাস্তানি করেছে। মস্তানরা বেরিয়েছে, মিসার

আসামীরা বেরিয়েছে, মিসা উইথড্র করার পর তারা সব সি এফ ডি ক্যাম্পে চলে যাচ্ছে আমি একটার পর একটা করে নথি দিয়ে দেখাবো হাওড়ার যতগুলি আসামী আছে তার সি এফ ডি'র জনতা পার্টির পতাকা উড়াচ্ছে, জনতারাজ জিন্দাবাদ বলে শ্লোগান দিচ্ছে, স্যার জনতা পার্টির নেতা এসে আমার সামনে স্যার, জিজ্ঞাসা করছে যে ভাই, তোমরা কোথায় যাচ্ছো? তারা বললো ওসব জানি না জনতা পার্টি জিন্দাবাদ। তখন তিনি আমার কাছে এসে বললেন যে আমরা কিভাবে বাঁচবো। এইরকম অবস্থা স্যার, পশ্চিমবঙ্গে বিভিন্ন জায়গায় ঘটছে। তাই আমি অনুরোধ করছি স্যার, আপনার মাধ্যমে যাঁরা পশ্চিমবাংলার রাজনীতি থেকে শিক্ষা গ্রহণ করেছেন, '৭২ সাল ও '৬৭ সালে শিক্ষা গ্রহণ করেছেন, পশ্চিমবাংলায় রক্তাক্ত ছবি যাঁরা দেখেছেন, তাঁরা বিধানসভায় এই দায়িত্ববোধ নিয়ে আসুন। জনতার আঘাতে আমরা জর্জরিত হয়েছি একটি কারণে, মস্তানদের আমরা ঠিকমত কায়দা করতে পারিনি। স্যার, ডাষ্টবিন যোগাড় হয়ে গিয়েছে, আর করবেন কি? সেই ডাষ্টবিন তাঁরা মাথায় করে বেড়িয়ে বেড়াচ্ছেন। এই ডাষ্টবিন তাঁরা ফেলে দিয়ে সুস্থ রাজনীতি করুন আপনার মাধ্যমে এই আবেদন আমরা তাদের কাছে জানাচ্ছি।

শ্রীশীষ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঙ্কজ ব্যানার্জী মহাশয় সি পি এমের বিরুদ্ধে যে বক্তব্য রাখলেন তার পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই যে পশ্চিমবঙ্গে অশান্তির রাজত্ব ফিরে আসুক এটা আমরাও চাই না। আমরাও মার্কসবাদী, সি পি এম যেমন মার্কসবাদী পার্টি আমরাও মার্কসবাদী পার্টি, অশান্ত অবস্থা আবার ফিরে আসুক সেটা আমরা চাই না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলতে চাই যে ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের সময় যে অবস্থা হয়েছিল সেই অবস্থা আবার ফিরে আসছে। অধ্যক্ষ মহাশয়, আমাদের আরঙ্গবাদে দেখেছি যে কংগ্রেসের মধ্যে দুটি ভাগ হওয়ায় এই অবস্থা হচ্ছে এবং নাম দিচ্ছে সি পি এমের। তার দু'ভাগ হয়ে এখানে এসে ১৭নং ঘরে মিটিং করছে। সাত্তার সাহেবের বিরুদ্ধে রেজলিউশন করে পাঠিয়ে দিচ্ছে মুখ্যমন্ত্রীর কাছে এবং ফিরে গিয়ে সি পি এমের নাম করে গোলমাল করছে। সুতরাং এর জন্য আর এস পি বা সি পি এম দায়ী নয়। আমি জলন্ত প্রমাণ দিয়ে দেখাতে পারি যে আর এস পি বা সি পি এম অশান্তি সৃষ্টি করছে না, সুব্রতবাবুর দলরাই করছেন এবং যদি এনকোয়ারি করেন তাহলেই তা দেখতে পাবেন। আমরা অশান্তির রাজনীতি পশ্চিমবঙ্গে করতে চাই না।

শ্রীগৌতম চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঙ্কজকুমার বন্দ্যোপাধ্যায় ও মৃগেন মুখোপাধ্যায় পশ্চিমবঙ্গের আইন-শৃংখলার উপর যে বক্তব্য রেখেছেন সেই পরিপ্রেক্ষিতে বলতে চাই যে সুভাষ সরকার, নদীয়া জেলার যুবকংগ্রেসের সভাপতি, তাকে গুলি করা হয়েছে। আমরা যারা কংগ্রেস দলে থেকে গণতন্ত্রের কথা বলি, আমাদের যারা গণতন্ত্রকে রক্ষা করার জন্য প্রাণ দিয়েছে এবং আমরা যারা প্রাণ দিতে প্রস্তুত আছি, আমাদের এইভাবে বহু সহকর্মীদের---বিপুল, গুণমণি, শঙ্করের মত সহকর্মীদের সি পি এম গুণ্ডারা হত্যা করেছে। আমি জানি না সুভাষ সরকার আর আমাদের মধ্যে ফিরে আসবে কিনা, কেননা তিনি শ্বাস-কষ্টে ভুগছেন হাসপাতালের ইমার্জেন্সির মধ্যে, তিনি হয়তো আজই আমাদের ছেড়ে চলে যাবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যাঁরা আজকে গণতন্ত্রের কথা বলেন, লোকসভা নির্বাচনের পর কংগ্রেস সরকারের বিরুদ্ধে একটার পর একটা অগণতান্ত্রিক কথাকে গণতান্ত্রিক পদ্ধতিতে অরাজকতার রাজ সৃষ্টি করবার চেষ্টা করছেন তারই পরিপ্রেক্ষিতে বলতে চাই।

আমাদের নর্থ ক্যালকাটার যুবকর্মী উৎপল পাণ্ডেকে জনতার সমর্থকরা আঘাত করল। আজকে ইমারজেন্সী উঠে গিয়েছে। সুভাষ সরকারের মত যুবক আমাদের মধ্যে আগামী দিনে থাকবে কিনা জানি না। আজকে জনতা দলের লীডার শ্রীমতী আভা মাইতি জনসমক্ষে ঘোষণা করলেন, উৎপল পাণ্ডেকে আমরা মেরেছি. এইরকম উৎপল পাণ্ডের মত পশ্চিমবঙ্গের হাজার হাজার যুবকর্মী, হাজার হাজার ছাত্রকর্মী, হাজার হাজার গণতান্ত্রিক মানুষকে আমরা মারব, দেখি কংগ্রেসের ছেলেরা, ঐ কংগ্রেসের ছাত্র পরিষদের ছেলেরা, যুবকংগ্রেসের কর্মীরা আমাদের কণ্ঠরোধ করতে পারে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই—গত নির্বাচনের পর সি পি এমের পলিটব্যুরো থেকে নতুনভাবে একটা সার্কুলার দেওয়া হয়েছে, যতদিন পর্যন্ত পশ্চিমবাংলার বিধানসভার নির্বাচন না হয় ততদিন পর্যন্ত পশ্চিমবাংলায় আমরা কোন রকম খুনখারাপি করব না। কিন্তু স্যার, আপনি জানেন প্রমোদবাবুর সাথে জ্যোতিবাবুর গণ্ডগোল আছে। প্রমোদবাবু যে ইনস্ট্রাকশন দেন, জ্যোতিবাবুর গ্রুপের গুণ্ডারা তাতে পাল্টা আঘাত করে। আজকে উৎপল পাণ্ডের মত, সুভাষ সরকারের মত গণতান্ত্রিক ছেলেদের জ্যোতিবাবুর, প্রমোদবাবুর দলের গুণ্ডারা হত্যা করার চেষ্টা করছে। তাদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করার জন্য আমি স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি আর যে বেইমানরা ইন্দিরা গান্ধীর কথা বলে, জাতীয় কংগ্রেসের কথা বলে, পশ্চিমবাংলার মানুষের সাথে বেইমানি করল, সেই বেইমানদের আমি হুঁশিয়ার করে দিতে চাই যে আগামী দিনে পশ্চিমবাংলার মানুষের সাথে বেইমানি করা যাবে না, গণতান্ত্রিক মানুষকে হত্যা করা যাবে না। আমি আপনার মাধ্যমে এই অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি।

শ্রীপ্রদ্যোত মোহান্তি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বন্ধু সদস্য পঙ্কজ বন্দ্যোপাধ্যায় মহাশয়, হাউসে একটি দুঃখজনক ঘটনার মেনশন করলেন এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করলেন আমি তখন হাউসের বাইরে ছিলাম। আমি তাঁর কথাগুলি শুনেছি, তিনি বলতে চেয়েছেন যে যুবকংগ্রেসের সুভাষ সরকার মহাশয় গুলিবিদ্ধ হয়েছেন এবং তাঁর প্রাণহানির যথেষ্ট সম্ভাবনা আছে। আমরা তাঁর উদ্বেগের সঙ্গে উদ্বিগ্ন। কিন্তু আমার দুঃখ পঙ্কজ বন্দ্যোপাধ্যায় মহাশয় কেবল উদ্বেগ প্রকাশ করেন নি, তিনি এইরকম একটা দুঃখজনক ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক আসর মাৎ করতে চাইছেন। এজন্য আমি বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি যখন কথা বলছিলেন—আপনার দৃষ্টি আকর্ষণই শুধু করেন নি, সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন, যাঁরা বিরোধী পক্ষের তাঁদের দৃষ্টি আকর্ষণ করেছেন, সি এফ ডি এবং জনতা দলেরও দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি আপনার মাধ্যমে পরিষ্কারভাবে হাউসের মাননীয় সমস্ত সদস্যদের জানিয়ে দিতে চাই জনতা দলের পক্ষ থেকে যে আমরা যেমন সংবাদপত্রের স্বাধীনতাকে বিশ্বাস করি আমরা যেমন বিচারালয়ের স্বাধীনতা নিরপেক্ষতাকে বিশ্বাস করি, তেমনি বিশ্বাস করি এবং দাবী জানাই পশ্চিমবাংলার শুধু নয়, সারা ভারতবর্ষের সমস্ত রাজনৈতিক দলের রাজনৈতিক কর্মীর, রাজনৈতিক কাজকর্ম করার অধিকার আছে। কিন্তু সেই স্বাধীনতাকে অবলম্বন করে কোন রাজনৈতিক দল, সে সি পি এমই হোক, জনতা দলই হোক, সি এফ ডিই হোক, কংগ্রেসই হোক, সেই দল যদি হিংসার আশ্রয় নিয়ে অসামাজিক কাজ করে, সেই অসামাজিক কাজ করার জন্য সরকার যে-সমস্ত পন্থা অবলম্বন করে, জনতা দলের পক্ষ থেকে, জনতা দলের কর্মী হয়ে, আমি সেই সরকারের পিছনে আছি, সেই সরকারকে মদত দিতে রাজি আছি। অত্যন্ত দুঃখের বিষয় যে দু'জন

নেতৃস্থানীয় লোকের নাম করেছেন দু'জন সদস্য---শ্রীগৌতম চক্রবর্তী এবং শ্রীমৃগেন মুখার্জী মহাশয়।

[3-30—4-20 p.m.] (including adjournment)

একজন শ্রীপ্রফুল্লচন্দ্র সেন তাঁর কথা বলেছেন। তিনি নাকি সি পি এমকে হিংসাশ্রয়ী রাজনীতি করতে বলেছেন এবং তাকে প্রশ্রয় দিচ্ছেন এবং তার নিরাপত্তা রক্ষার জন্য মৃগেনবাবু নিজেকে ভলেনটিয়ার করেছেন। আমি অত্যন্ত আনন্দিত যে মৃগেনবাবু নিজেকে ভলেনটিয়ার করতে চেয়েছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের মতো লোকের, মৃগেন মুখার্জী মহাশয়ের মতো লোকের ভলেনটিয়ার করবার দরকার নেই। শ্রীপ্রফুল্লচন্দ্র সেনকে বাঁচাবে তাঁর আদর্শ, তাঁর নীতি। প্রফুল্লচন্দ্র সেনের নিরাপত্তার জন্য মৃগেন মুখার্জীর সাহায্যের দরকার নেই। শ্রীমতী আভা মাইতি মহাশয়া যে কথা বলেছেন শ্রীগৌতম চক্রবর্তা মহাশয় বলেছেন আমি জানি না, কোথায় তিনি এই কথা পেলেন। আমি বিশ্বাস করি, আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি, শ্রীমতী আভা মাইতি নেতৃস্থানীয়া ব্যক্তি। তিনি এইরকম দায়িত্বজ্ঞানহীন উক্তি করতে পারেন না। যদি তিনি এই-রকম দায়িত্বজ্ঞানহীন উক্তি করেছেন প্রমাণ করতে পারেন আমি আপনার সামনে দাঁড়িয়ে তাঁর পক্ষ থেকে এখানে ক্ষমা চাইবো এবং যে-কোন শাস্তি মাথা পেতে নেবো। আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি শ্রীমতী আভা মাইতির মতো নেতৃস্থানীয়া মহিলা যিনি এখানে মন্ত্রী ছিলেন, তিনি এইরকম দায়িত্বজ্ঞানহীন উক্তি করতে পারেন না।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, হত্যা নিয়ে কথা শুনলেন। আমি একটা অবিচারের কথা আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডে হাজার হাজার কর্মী ভাইয়েরা বিগত বছর থেকে আন্দোলনে নেমে গিয়েছেন। অনশন, মিছিল, মিটিংয়ের মাধ্যমে তাদের বিক্ষোভের কথা জানাচ্ছেন। কিন্তু এখনও তাঁরা বিচার পাননি। সেই অবিচারের কথা আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং আশা করবো তাঁরা শীঘ্র সুবিচার পাবেন। বেতন কাঠামো পুনর্বিন্যাসের পর সরকারের অনুমোদন নিয়ে অটোনমাস বর্ড ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড ইঞ্জিনিয়ারদের বেতন বাড়ালেন, কিন্তু ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড তাদের খার্ড এবং ফোরথ গ্রেড কর্মচারীদের বেতন বাড়াবার কোন সিদ্ধান্ত নিলেন না। বকেয়া বোনাস ১৯৭৬-এর, মেডিকেল এ্যালাউন্স, ঘরভাড়া এ্যালাউন্স কিছুই তারা এখনও মেনে নিতে রাজী নয়। সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি শীঘ্র ঘোষণা করুন যে-সমস্ত আন্দোলনের ভিত্তিতে কর্মচারীর ভাইয়েরা দাবীগুলি তুলেছেন, সেগুলো যাতে সুবিচার করা হয়। ইঞ্জিনিয়ারদের দাবীগুলি মেনে নেওয়া হয়েছে, কিন্তু কর্মচারীদের দাবীগুলি এখনও মেনে নেওয়া হয়নি। সেই ব্যাপারে সুবিচারের আশা রেখে আপনার মাধ্যমে আমার আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইবার একটু শিক্ষার কথা বলি। পশ্চিমবঙ্গের উচ্চশিক্ষার ক্ষেত্রে একটা প্রচণ্ড বিপর্যয় শুরু হয়ে গিয়েছে। এই সপ্তাহ থেকে আপনি জানেন আজকে এবং আগামীকাল পশ্চিমবাংলায় ৮ হাজার কলেজ শিক্ষক তাঁরা কর্ম-বিরতি পালন করছেন এবং তাদের দাবীদাওয়ার মধ্যে আছে বিভিন্ন কলেজ যারা মাইনে দিতে পারছে না, শিক্ষকদের নতুন স্কেল হওয়া সত্ত্বেও ৪ থেকে ২৩ মাস পর্যন্ত মাইনে

বাকি আছে এই সমস্ত কলেজগুলোকে ডেফিসিট গ্রাণ্টের মধ্যে নিয়ে আসা, যে ডি এ দেওয়া হয়েছে সেটা দেওয়ায় দাবী করেছেন যে কলেজকে দেওয়া হোক ইত্যাদি ইত্যাদি। তাছাড়া, আপনি জানেন ৭ তারিখে সমস্ত কলেজগুলির অশিক্ষক কর্মীরা প্রতীক ধর্মঘট করেছিল, আগামীকাল থেকে তাঁরা লাগাতর ধর্মঘট করবেন অর্থাৎ কলেজগুলি সব বন্ধ হয়ে গেলো। এই সম্পর্কে আপনি সেদিন মন্ত্রী মহাশয়ের বক্তব্য শুনেছেন। তিনি কণ্ডিশান করলেন তারা ধর্মঘট উইড্র করে আসুক পরে তিনি কথা বলবেন। অর্থাৎ শিক্ষা দপ্তর আরও সঙ্কটকে স্পেসিফিকেট করছেন। তৃতীয় কথা স্যার, আপনি জানেন যে, পশ্চিমবঙ্গের উচ্চশিক্ষার ক্ষেত্রে যখন এইরকম অবস্থা তখন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কর্মপরিষদ শিক্ষকদের একটা আচরণবিধি তৈরী করেছেন। কতকগুলো চাকরির কণ্ডিশান করেছেন তা এমন যে পরাধীন দেশের শিক্ষকরাও তা মেনে নিতে পারেন না। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি পশ্চিমবঙ্গের শিক্ষাক্ষেত্রে একজন অধ্যাপক শিক্ষামন্ত্রী যেখানে আছেন সেখানে পশ্চিমবাংলার একটা বিশ্ববিদ্যালয়ে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর কি করে এইরকম একটা সার্কুলার চাকুরি-সংক্রান্ত ব্যাপারে দিতে পারেন। মন্ত্রীরা সকলে আছেন, সিনিয়র মন্ত্রীরা আছেন তাঁরা জবাব দেবেন। বৃটিশরাও এইরকম সার্কুলার, এইরকম আচরণবিধি দিতে লজ্জাবোধ করতো। এইরকম একটা অবস্থায় আমি আপনার মাধ্যমে হাউসের শেষ দিনে মিনিষ্টারের কাছে, গভর্ণমেণ্টের কাছে অনুরোধ করবো উচ্চশিক্ষার ক্ষেত্রে যে বিপর্যয় দেখা দিলো, কলেজগুলো বন্ধ হয়ে গেলো, আজ থেকে শিক্ষকরা ধর্মঘট করলেন দু'-দিনের জন্য, অশিক্ষক কলেজ কর্মচারীরা ধর্মঘট করছেন আবার বিশ্ববিদ্যালয় কর্মচারীরা কয়েকদিন পরে ধর্মঘট করবেন এইরকম একটা অবস্থা, মন্ত্রীরা অন্তত একটা কথা বলুন যে উচ্চশিক্ষা চালু থাকবে কিনা, কলেজ এবং বিশ্ববিদ্যালয় চালু থাকবে কিনা এবং উচ্চশিক্ষার ক্ষেত্রে বিপর্যয় রোধ করবার জন্য তারা চেষ্টা করবেন কিনা। এটা আমি তাঁদের কাছে জানতে চাইছি।

(At this Stage the House was adjourned for 45 minutes)

[4-20—4-30 p.m.]

(After adjournment)

The West Bengal Central Valuation Board Bill, 1977

Shri Subrata Mukhopadhay : Sir, I beg to introduce the West Bengal Central Valuation Board Bill, 1977, and to place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the West Bengal Central Valuation Board Bill, 1977, be taken into cosideration.

শ্রীসুব্রত মুখার্জী : অধ্যক্ষ মহাশয়, বাড়ী এবং জমির উপর প্রদত্ত করই হচ্ছে কলিকাতাসহ পশ্চিমবঙ্গের সব পৌরসভারই আয়ের প্রধান উৎস। এই উৎস থেকে পৌরসভাগুলির যে আশানুরূপ না হওয়ার প্রধান কারণ হল বর্তমানে বাড়ী ও জমির মূল্যায়নের প্রচলিত রীতি। ১৩২ সালের বঙ্গীয় পৌর আইনানুযায়ী পৌরসভাগুলি সম্পত্তির মূল্য নির্ধারণের জন্য

সরকার কর্তৃক প্রস্তুত অ্যাসেসারের তালিকা হইতে একজনকে নিযুক্ত করেন। পৌরসভাগু সংবাদপত্রের মাধ্যমে এই কাজের জন্য তালিকাভুক্ত অ্যাসেসারদের নিকট হইতে দরখা আহ্বান করেন। এইসব দরখাস্তে তাঁহারা তাঁহাদের কাজের জন্য কত পারিশ্রমিক চান ও জানাতে হয়। কাজটি হাতে পাওয়ার জন্য তাঁরা যথা সম্ভব কম পারিশ্রমিকের উল্লে করেন। বহু ক্ষেত্রেই দেখা গেছে যে তাঁহারা হোল্ডিং পিছু মাত্র দেড় টাকা চান। সাধারণ তাঁহাদের পৌর এলাকার সম্পত্তির মূল্য নির্ধারণের জন্য চার থেকে ছয় মাস সময় দেও হয়ে থাকে। নিযুক্ত অ্যাসেসারদের প্রত্যেক হোল্ডিং পরিদর্শন করে নতুন মূল্যায়ন তালিক প্রস্তুত করার কথা। এইজন্য তাঁহাকে কয়েকজন কর্মচারী নিযুক্ত করিতে হয়। কর্মচারীদে মাহিনা এবং নিজের পারিশ্রমিকের তুলনায় চুক্তিবদ্ধ পারিশ্রমিক প্রায়ই খুব কম হয়। তবু তাঁহারা একাজের জন্য চুক্তিবদ্ধ হন। ফলে মূল্যায়ন তালিকা ঠিকমত রচিত হয় না কলিকাতা ও হাওড়া পৌরসভা তাঁহাদের নিজস্ব কর্মচারী মারফত এই কাজ করে থাকেন কিন্তু এইসব কর্মচারীরা নানারূপ চাপে পড়ে তাঁহাদের কাজ সুষ্ঠুভাবে করতে পারেন না এর ফলে দেখা যায় যে অধিকাংশ পৌরসভাগুলির ক্ষেত্রে সম্পত্তির মূল্য অনেক কম ধ হয়েছে এবং একই ধরনের সম্পত্তির উপর ধার্য করের মধ্যে সামঞ্জস্য নেই। সম্পত্তির মূ কম হওয়ার জন্য ইহার উপর কর হইতে যে টাকা আদায় হয় তাহার পরিমাণও কম হয়।

বঙ্গীয় পৌর আইনানুসারে করদাতারা তাঁদের উপর ধার্য কর বেশী মনে করলে ব কমানোর জন্য আবেদন করতে পারেন। এইসব আবেদন পৌরসভার চেয়ারম্যান এ কয়েকজন কমিশনারকে নিয়ে গঠিত একটি রিভিউ কমিটি বিচার করেন। জনসাধারণে দ্বারা নির্বাচিত পৌর প্রতিনিধিরা ভোটার করদাতাদের চটাতে চান না—তাই তাঁরা বেশী ভাগ ক্ষেত্রেই তাঁদের করের হার কমিয়ে দেন। ট্যাক্সেশান এনকোয়ারি কমিশন এবং লোকা ফাইন্যান্স এনকোয়ারি কমিটি পৌরসভাগুলির দ্বারা কর নির্ধারণের প্রচলিত ব্যবস্থায় সন্তু না হয়ে ইহা পালটাবার সুপারিশ করেন। জ্যাকেরিয়া কমিটি ও সারা রাজ্যে কেন্দ্রীয় এক সংস্থা দ্বারা পৌর এলাকাভুক্ত সম্পত্তির যথার্থ মূল্যায়নের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন পশ্চিমবঙ্গ সরকারও এরূপ একটি সংস্থা গঠনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে একটি আই বিধিবদ্ধ করায় তৎপর হন। আইনসভার অধিবেশন না থাকায় সরকার পশ্চিমবঙ্গ কেন্দ্রী মূল্যায়ন সংস্থা অর্ডিন্যান্স, ১৯৭৭ বিধিবদ্ধ করেন। অর্ডিন্যান্সের ধারাগুলি পাকাপাকিভা বহাল করার জন্য এই বিলটি রচিত হয়েছে।

এই বিলের মুখ্য ধারাগুলি সম্বন্ধে বিধানসভার জ্ঞাতার্থে আমি কিছু জানাচ্ছি—

(১) এই আইন কলিকাতা, চন্দননগর এবং রাজ্যের সকল পৌরসভা ও অন্যান্য ঘোষিত পৌর অঞ্চলে বলবৎ হবে। অবশ্য আইনটি সর্বত্র একসঙ্গে বলবৎ হবে না প্রয়োজনমত বিভিন্ন পৌর এলাকায় বিভিন্ন সময়ে বলবৎ করা হবে।

(২) তিনজন সভ্য নিয়ে এই সংস্থা সরকার কর্তৃক গঠিত হবে। সংস্থার চেয়ারম্যা হবেন পৌর প্রশাসন সম্বন্ধে অভিজ্ঞ একজন রাজ্য সরকারের সচিব পর্যায়ের অফিসার। অপ দু'জন সভ্যের একজন হবেন বিচার বিভাগীয় অভিজ্ঞতাসম্পন্ন অফিসার—কারণ তাঁকে সংস্থ কর্তৃক নির্ধারিত বাড়ীর কর সম্বন্ধে জনসাধারণের কাছ থেকে পাওয়া পুনর্বিবেচনা করা আবেদনপত্রগুলি শুনানীর দ্বারা নিষ্পত্তি করতে হবে। অপর সভ্য হবেন একজন বাস্তকা

সিভিল ইঞ্জিনিয়ার যিনি বাড়ীর মূল্যায়ন করতে সক্ষম হবেন। সভ্যরা পাঁচ বছরের জন্য নিযুক্ত হবেন।

(৩) এই সংস্থা কলিকাতা বা বঙ্গীয় পৌর আইনানুসারে কলিকাতা শহরের বা অন্যান্য পৌর অঞ্চলের সম্পত্তির মূল্যায়ন প্রতি পাঁচ বছর অন্তর করবেন। প্রথমে জনসাধারণের কাছ থেকে নিজ নিজ সম্পত্তির রিটার্ণ চাওয়া হইবে। রিটার্ণ না দেওয়া বা ভুল রিটার্ণ দেওয়া দণ্ডনীয় এই অপরাধ রিটার্ণের ভিত্তিতে এবং প্রাথমিক তদন্তের পর প্রাথমিক মূল্যায়ন তালিকা ড্রাফট ভ্যালুয়েশন লিস্ট প্রকাশ করা হইবে। মূল্যায়নের প্রাথমিক তালিকা প্রকাশের পর জনসাধারণ তাঁদের উপর ধার্য কর সম্পর্কে পুনর্বিবেচনার জন্য আবেদন করতে পারবেন। শুনানীর পর চূড়ান্ত তালিকা প্রকাশিত হবে। বর্তমানে বঙ্গীয় পৌর আইনানুযায়ী পৌরসভার চেয়ারম্যান, দুই থেকে চারজন কমিশনারসহ গঠিত রিভিউ কমিটি জনসাধারণের আবেদনপত্র শুনানীর দ্বারা নিষ্পত্তি করে থাকেন। এই আইনে ট্রাইবুন্যাল দ্বারা ও শুনানীর ব্যবস্থা আছে। ট্রাইবুন্যাল কদাচিৎ গঠিত হয় এবং সরকার কর্তৃক নিযুক্ত এক্সিকিউটিভ অফিসার দ্বারাই ইহা গঠিত হয়। রিভিউ কমিটি বা ট্রাইবুন্যালের সিদ্ধান্তই চূড়ান্ত হয়। বঙ্গীয় পৌর আইনে কোর্টে আপীল করার কোন বিধান নাই। কলিকাতা কর্পোরেশনের ক্ষেত্রে করদাতাগণের ধার্য করের বিরুদ্ধে প্রতিবাদপত্রগুলি পৌরসভার কমিশনার, ডেপুটি কমিশনার বা এই কাজের জন্য বিশেষভাবে নিযুক্ত অফিসারগণ শুনানীর দ্বারা নিষ্পত্তি করেন। তাঁহাদের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে করদাতাগণ প্রথমে স্মল কজেজ কোর্টে এবং পরে হাইকোর্টে আপীল করতে পারেন। এর ফলে চূড়ান্তভাবে কর ধার্য হতে বহু ক্ষেত্রেই অনেক দেরী হয়ে থাকে।

আজ আমি যে আইন বিধানসভায় পেশ করছি তার বলে করদাতাগণ ধার্য করের বিরুদ্ধে লিখিত আবেদন পেশ করতে পারবেন। সংস্থার অফিসারগণ এইসব আপত্তি শুনানীর দ্বারা নিষ্পত্তি করবেন। তাতেও সন্তুষ্ট না হলে করদাতাগণ পুনর্বিবেচনার জন্য (রিভিউর জন্য) দরখাস্ত পেশ করতে পারবেন। এইসব দরখাস্ত সংস্থান বিচার বিভাগীয় অভিজ্ঞতাসম্পন্ন সভ্য এবং সংশ্লিষ্ট পৌরসভার একজন প্রতিনিধি যুগ্মভাবে শুনানীর দ্বারা নিষ্পত্তি করবেন। এই দুইজনের মধ্যে মনের অমিল হলে বিষয়টির সম্বন্ধে সংস্থা চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। সুতরাং করদাতাগণকে তাঁদের বক্তব্য রাখবার অনেক সুযোগ আইনে দেওয়া হয়েছে।

(৪) এই সংস্থা তাঁদের কাজ চালাবার জন্য প্রয়োজনীয় কর্মচারী নিয়োগ করতে পারবেন। কলিকাতা কর্পোরেশন ও অন্যান্য পৌরসভাগুলি তাঁদের এলাকার বার্ষিক মূল্যায়নের অনুপাতে সংস্থার খরচ জোগাবেন।

(৫) এই আইন যখন কোন পৌর এলাকায় চালু করা হবে, তখন ঐ পৌরসভার কিছু কর্মচারী যাঁরা মূল্যায়ন-সংক্রান্ত কাজে নিযুক্ত ছিলেন, তাঁরা পৌরসভার প্রয়োজনের অতিরিক্ত হয়ে যেতে পারেন। তাই এই মূল্যায়ন সংস্থাকে ঐরূপ উদ্বৃত্ত কর্মচারীদের তাঁদের অধীনে নিযুক্ত করার ক্ষমতা দেওয়া হয়েছে।

এখন আমি পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় মূল্যায়ন সংস্থা বিধেয়ক, ১৯৭৭ আইনসভায় পেশ করছি এবং আমি আশা করি এই বিলটি আইনসভার পূর্ণ সমর্থন লাভ করবে।

মহাশয়, এই বলেই আমি আমার প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

Mr. Speaker : There are motions for circulation of the Bill by Sh Gobinda Chatterjee, Shri Biswanath Chakrabarti and Shri Sisir Kumar Ghos As the Bill seeks to replace the West Bengal Central Valuation Board Ordinanc 1977 (West Bengal Ordinance No. VIII of 1977) which will cease to operate the expiration of six weeks from the reassembly of the House, i.e. from the 23 March, 1977 in terms of Clause (2)(a) of Article 213 of the Constitution, the B will have to be enacted within 3rd May, 1977. The present amendment whi seeks to circulate the Bill for the purpose of eliciting opinion thereon by t 11th May, 1977, is dilatory and defeats the purpose of the Bill. I therefore ru that the amendments are out of order. However, I allow the members to speak

I now call upon Shri Biswanath Charkrabarti.

[4-30—4-40 p.m.]

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ, এই বিলটার (সার্কুলেশন মোশান দিয়েছিলাম, সেটা আউট অব অর্ডার হয়ে যাওয়া সত্ত্বেও আমাদের বলবা সুযোগ দিয়েছেন। আমি আশা করি, এই হাউসের শেষ দিনে এই বিলটা সম্পর্কে সক পক্ষের সদস্যরা অত্যন্ত গভীরভাবে ভাববেন। তরুণ মন্ত্রী, যিনি এই বিলটা এনেছেন, আমা ধারণা তিনি এই বিলটার তাৎপর্য পুরোপুরি বোঝেন নি এবং বোঝেন নি বলে এই বিল তিনি এখানে উপস্থিত করেছেন। আমি আপনার অনুমতি নিয়ে এই বিলটা সম্পর্কে এক কড়া কথা বলতে চাইছি। সেদিন আমি বক্তৃতা করতে গিয়ে বলেছিলাম গত পাঁচ বছর পশ্চিমবাংলায় একটা নীতি নিহত হয়েছে,

One principle has been delebarately annihilated and that is the principle o self-Government.

সেদিন বলেছিলাম স্বায়ত্তশাসন নীতি গত পাঁচ বছর ধরে পশ্চিমবাংলায় নিহত হয়েছে। তাকে নিহত করা হয়েছে। আমি খুব দুঃখিত যে একজন তরুণ মন্ত্রীর হাত দিয়ে এই কাজটা বারবার হয়ে চলেছে। আমি জানি না যে আগামী দিনে এই হাউস কবে বসবে না বসবে তখন সভ্য থাকবো কি থাকবো না, কিন্তু যখন আমাদের টার্ম প্রায় শেষ হয়ে যাচ্ছে তখন এমন একটা বিল তিনি উপস্থিত করলেন যে বিলটা সম্পূর্ণভাবে পশ্চিমবাংলায় যে স্বায়ত্তশাসন নীতি এবং আন্দোলন যা ব্রিটিশ আমল থেকে চলছে, সম্পূর্ণভাবে তার বিরোধী। আপনার অনুমতি নিয়ে এই বিলটাতে পশ্চিমবাংলায় স্বায়ত্তশাসনের ক্ষেত্রে একটা ব্ল্যাক বিল বা কালা কানুন নামে অভিহিত করতে চাইছি। স্যার, কথাটা কড়া হয়ে গেল। আমি একটু ব্যাখ্যা করে বলি, আপনারা জানেন আমাদের এ্যাসেম্বলিতে বহুবার কথা হয়েছে, আমাদের মিউনিসি-প্যালিটিগুলো এবং কর্পোরেশন, তারা যে বাড়ির মূল্যায়ন করে তার মধ্যে অনেক গলতি হয়েছে, অনেক গাফিলতি রয়েছে। সেখানে কোন প্রিন্সিপল লেড ডাউন নেই। যার ফলে যে পদ্ধতির কথা উনি বিস্তারিতভাবে বললেন সেটা সকলেই আমরা জানি যে গভর্ণমেণ্টের প্যানেলড এ্যাসেসারের মধ্যে থেকে মিউনিসিপ্যালিটি একজন এ্যাসেসার এ্যাপয়েণ্ট করেন এবং তিনি একটা ইমাজিনারী এ্যাসেসমেণ্ট করেন। আমরা যেটা চেয়েছিলাম যে সেখানে গভর্ণমেণ্ট যদি আইনের নির্দিষ্ট ধারা বদলাতে চান তাহলে সেই এ্যাসেসমেণ্টের মধ্যে গভর্ণমেণ্টের উচিত ছিল কতকগুলো প্রিন্সিপল লেড ডাউন করা। কতকগুলো নীতি ঠিক

করে দেওয়া। কিন্তু গভর্ণমেণ্ট করছেন কি, সমস্ত ক্ষমতাটা পৌরসভার হাত থেকে নিয়ে নিচ্ছেন। অর্থাৎ কর নির্ধারণ করবেন একটা সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড, রিভিউ করবেন তারা এবং তার খরচ দিতে হবে পৌরসভা বা কর্পোরেশনকে একটা বড় অংশ। আমি এই নীতিটাকে সম্পূর্ণভাবে স্বায়ত্তশাসন নীতি বহির্ভূত বলে মনে করি। আমি এটা বিরোধী বলে মনে করি। আমি তরুণ মন্ত্রীর কাছে বলি—আমি জানি কংগ্রেস পক্ষের অনেক মিউনিসিপ্যালিটির কমিশনার আছেন, চেয়ারম্যান আছেন, প্রাক্তন পৌরসভায় কাউন্সিলার আছেন কলকাতার, তাঁরা সকলেই আমার যে সেণ্টিমেণ্ট সেটা স্বীকার করবেন। আমি তরুণ মন্ত্রীকে বলবো এই তাঁর হাত দিয়ে আজকে যে পশ্চিমবাংলার স্বায়ত্তশাসন নীতি এটা হনন হতে যাচ্ছে, যেটা এখানে উপস্থিত করা হল, সেটা উইড্র করে নিন। আগামী দিনে সকলে মিলে ভাল করে বুঝে বিলটা বিবেচনা করতে পারবো। তিনি জ্যাকেরিয়া কমিটির সুপারিশের কথা বলেছেন। আমি জানি না আমাদের মন্ত্রী জ্যাকেরিয়া কমিটির সুপারিশ পুরো পড়েছেন কিনা, আমি পড়েছি।

সেই জ্যাকেরিয়া কমিটির অনেক সুপারিশ ছিল যেগুলি গভর্ণমেণ্ট মানছেন না, মানছেন সেন্ট্রাল ভ্যালুয়েশনের কথা। বর্তমানে পৌরসভাগুলিতে যেভাবে কর নির্ধারণ করা হয় তার কোন নীতি নেই—ইমাজিনারী ভ্যালুয়েশন হয়। অর্থাৎ এ্যাসেসার নিয়ে একটা রেণ্টাল ভ্যালুয়েশনের ভিত্তিতে একাজ করেন। এর জন্য কোন গরীব মানুষের উপর খুব বেশী কর চাপালে তারা কাউন্সিলার বা কমিশনারের কাছে যেতে পারে। কিন্তু এখানে এই বিলের প্রিএম্বেলের মধ্যে এমন কথা বলা হয়েছে যা সমস্ত পশ্চিমবাংলায় নির্বাচিত কমিশনারদের প্রতি অসম্মানজনক। এখানে অনেকেই আছেন তাঁরা এই বিল ভালভাবে পড়েছেন কিনা জানি না। সেখানে বলা হয়েছে

These valuations are further reviewed by the municipal authorities. Because of existence of local pressure, there is gross undervaluation of property and inequality in assesement both in Calcutta and in municipalities.

মন্ত্রী মহাশয় এখানে বলতে পারেন না সেন্ট্রাল ভ্যালুয়েশনের হাতে ভ্যালুয়েশনের ক্ষমতা দিলে তারা এগুলি করতে পারবে না। অপরদিকে এর মধ্যে পৌরসভার কমিশনারদের প্রতি এমন একটা স্ল্যাম আনা হল যা পশ্চিমবাংলায় পৌরসভার কোন কমিশনার এগুলি মানতে পারেন না। সেজন্য আমরা মনে করি এই বিল যদি সরকার পাশ করেন তাহলে কমিশনাররা সব পদত্যাগ করবেন। এত বছর ধরে মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েশন দাবী করছে পৌরসভার ক্ষেত্রে প্রোগ্রেসিভ রেট অব ট্যাক্সেশন হোক। কিন্তু এখানে সে বিষয়ে কোন প্রিন্সিপলের কথা নেই, জাস্ট বলা হয়েছে একটা বোর্ড করা হল, কিন্তু তাঁরা কোন নীতির উপর ট্যাক্স করবেন তা বলা হয়নি। বসতবাড়ী থেকে কমার্শিয়াল আণ্ডার টেকিংকে তফাৎ করবে কিনা তা বলা হয়নি বা দরিদ্র মানুষ যে মাটির বাড়ীতে বাস করে তার কি ভ্যালুয়েশন হবে সেকথাও বলা হয়নি।

My dear young Minister, can you guarantee in this House that your Central Valuation Board will not do this things ? You can not.

অথচ একটা সেন্ট্রাল ভ্যালুয়েশন করা হল। কিন্তু নীতি কি? অর্থাৎ এই বোর্ডের কাছে কোন নীতি নেই। নীতি ঠিক করবেন সরকারী আমলারা। আমরা দেখতে পাচ্ছি একটা

আমলা বোর্ড তৈরী হল যার উপর থাকবেন একজন সেক্রেটারী তাঁর মিউনিসিপ্যালিটিতে অভিজ্ঞতা আছে কিনা জানি না।

No principles for taxation have been laid down in this Bill.

মিউনিসিপ্যাল ব্যাপারে অভিজ্ঞ সেক্রেটারী বলতে কাকে বোঝায় সেটা তিনি বলবেন। এ-বিষয়ে আমাদের সারমাইজ কারেক্ট কিনা বলবেন যে

Probably this Bill means the secretary who has long been holding the post of secretary of local self-Government.

সেক্রেটারী আবার অভিজ্ঞ কিসের? আর একজন এ্যানিম্যাল হাসবাণ্ড্রির সেক্রেটারী কাল এল এস জি সেক্রেটারী তারপর হোম সেক্রেটারী তারপর প্রেসিডেন্সি ডিভিশনের কমিশনার। এই সেক্রেটারী হবেন এর চেয়ারম্যান। একজন জজ জুডিসিয়াল সার্ভিস থেকে আসবেন এবং আর একজনকে নমিনেট করবেন। অর্থাৎ একটা আমলাতান্ত্রিক বোর্ড করছেন। এর ফলে কোলকাতায় বড় বড় লোক যারা চৌরঙ্গী, ক্যামাক ষ্ট্রীট, লাউডন ষ্ট্রীটে থাকে তারাই সব সুবিধা পাবে এবং পশ্চিমবাংলার গ্রামের পৌরসভায় দরিদ্র করদাতারা মারা যাবে।

[4-40—4-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের ভবিষ্যৎ প্রভাবটা কি পড়বে পশ্চিমবাংলার ছোট ছোট শহরে অসংখ্য গরীব মধ্যবিত্ত বাড়ীর মালিকের উপর সেটা আমাদের মন্ত্রী মহাশয় বোঝেন নি। সেজন্য তিনি বড়মুখ করে বক্তৃতা দিয়ে এই বিলটাকে আমাদের সামনে উপস্থিত করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন আগের মিউনিসিপ্যাল এ্যাক্টে কোন লোক যদি এ্যাগ্রিভড হত ট্যাক্সের ফলে সে যেতে পারত বিভিউ বোর্ডের কাছে, রিভিউ বোর্ড না করলে সে ট্রাইব্যুনালের কাছে যেতে পারত, কোর্টে যেতে পারত। এই আইনে পরিষ্কারভাবে বলা আছে সে কোন আদালতে মামলা করতে পারবে না। এখনও মিউনিসিপ্যাল এ্যাক্টে কর্পোরেশনের মিউনিসিপ্যালিটির যদি কোন লোকের ট্যাক্স সম্বন্ধে কোন আপত্তি থাকে তাহলে তার পুরান আপত্তির মীমাংসা না হওয়া পর্যন্ত পুরান রেটে সে ট্যাক্স দিতে পারে এইরকম একটা সুযোগ রয়েছে। কিন্তু এই বিলে সে যে আপত্তি করল, তার কেসটা মীমাংসা হল না, অথচ তার একটা নতুন রেট করা হল কনসলিডেটেড রেট, সেই রেটে তাকে ট্যাক্স দিতে হবে, এইরকম একটা অন্যায়, এইরকম একটা অবিচার পশ্চিমবঙ্গের কর্পোরেশন এবং শহরতলীর মানুষের উপর করা হচ্ছে সেটা আমি ভাবতে পারছি না। স্যার, তাঁরা লোকাল প্রেসারের কথা বলছেন, প্রিন্সিপললেসের কথা বলছেন, স্যাটিসফ্যাক্টরী রেজাল্ট দিচ্ছেন না, সুতরাং তাঁরা কি করবেন---কর্মচারীদের দিয়ে ভ্যালুয়েশান করবেন। এতদিন প্যানেল এ্যাসেসাররা করতেন---প্যানেল এ্যাসেসাররা কি করে, যেখানে ৮ হাজার হোল্ডিং আছে সেখানে ১৫ হাজার কি ২০ হাজার টাকা এ্যাসেস করতে নিল, জেনেই নিল যে তার কর্মচারীরা ওখান থেকে লাখ খানেক কি ২ লক্ষ টাকা রোজগার করে নিয়ে যাবে, যেটা প্যানেল এ্যাসেসার করতো সেটা গভর্ণমেণ্টের বোর্ডের কর্মচারীরা করবে, দু'হাত ভরে লুঠ করবে পশ্চিমবঙ্গের দরিদ্র করদাতাদের। এই চিন্তা করেই আইন করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বারবার মন্ত্রী মহাশয়কে এই কথা বলছি, সাবধান করছি যে লোকাল সেলফ গভর্ণমেণ্টের যে প্রিন্সিপল সেই প্রিন্সিপলটা চেরিস করার মত জিনিস নয়। দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের আমলে, সুভাষচন্দ্র বসুর

আমলে ক্যালকাটা কর্পোরেশান নিয়ে লড়াই হয়েছে, পশ্চিমবঙ্গের লোক লড়াই করেছে। আপনারা জানেন যে পশ্চিমবঙ্গের মিউনিসিপ্যালিটিগুলির কমিশনাররা লড়াই করে যে পৌরসভাগুলিতে কেবল লিমিটেড ভোটার ছিল সেখানে এ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজকে এ্যাক্সেপ্ট করেছে গভর্ণমেণ্টকে দিয়ে, যেখানে আমরা আরো বেশী করে ক্ষমতা বাড়াবার কথা ভাবছি, পৌরসভাগুলিকে আরো ইকনমিক্যালি সলভেণ্ট করার কথা ভাবছি, আরো বেশী করে জনপ্রতিনিধিত্বমূলক কার্যকরী সংস্থায় রূপান্তরিত করার কথা ভাবছি সেখানে আজকে একটা বিলের খোঁচায় একটা বড় ক্ষমতা তাদের হাত থেকে কেড়ে নেওয়া হল। এটা অত্যন্ত অন্যায় এবং এই বিলকে পশ্চিমবাংলার মানুষ সাদা চোখে মেনে নেবে না, সহজে মেনে নেবে না। আমি বেশি বক্তৃতা করব না, আমাদের অন্যান্য মেম্বাররা বলবেন। আমি আশা করি অসমঞ্জবাবু, অনেকে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান আছেন, তাঁরা অনন্তবাবু, নন্দলালবাবু এবং পুরান কাউন্সিলার যাঁরা আছেন তাঁরা এই সম্পর্কে বলবেন। আজকে যে বিল হাউসে উপস্থাপিত হল তার সম্পর্কে কেন জনমত নেওয়া হল না, তার সম্পর্কে পৌরসভাগুলিতে সার্কুলার পাঠিয়ে তাদের মত নেওয়া হল না। কমিশনাররা কি শুধু ট্যাক্স কমিয়ে দেওয়ার জন্য বসে আছেন? লোকাল প্রেসার ইল্ড করার জন্য কি তাঁরা বসে আছেন? তাঁদের মধ্যে আমাদের মন্ত্রী মহাশয়ের চেয়ে অনেক বেশী অভিজ্ঞ, অনেক বেশী জনদরদী, অনেক বেশী লোককে সার্ভিস দেয় এমন লোক কি পৌরসভার মধ্যে নেই? আমি খুব লজ্জিত হচ্ছি এইরকম একটা কালা কানুন, ব্ল্যাক বিল একজন তরুণ মন্ত্রীর হাত দিয়ে আজকে আমাদের বিধানসভার মধ্যে উপস্থিত হল বলে। আমি মন্ত্রী মহাশয়কে বলব যে এই বিলের ইমপ্লিকেশানস ভাল করে বুঝুন। এর তাৎপর্য সুদূরপ্রসারী। আজকে পৌরসভাগুলি এ্যাসেসমেণ্ট ভাল করতে পারল না বলে, রিভিউ আণ্ডার ভ্যালু করে বলে সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড তৈরি করছেন। সব ক্ষেত্রেই এইভাবে ব্যুরোক্র্যাসির হাতে পুরো ক্ষমতা তৈরি করে দিয়ে এবং অর্থ আদায়ের এক একটা যন্ত্র তৈরি করে একদল করাপ্টেড কর্মচারীদের আদায় করার সুযোগ বারবার দেওয়া হচ্ছে। পৌর আইনের মধ্যে এ্যাসেসমেণ্টের কোন প্রিন্সিপল তৈরি করা হচ্ছে না। আমি আপনার কাছে একথা পরিষ্কারভাবে জানাতে চাই আপনাদের সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের সেক্রেটারী তিনি যেই হতে পারেন, হি মাইট বি দি গড হিমসেলফ, সুপার পাওয়ার, তিনি কি বলতে পারেন তাতে প্রোগ্রেসিভ রেট অব ট্যাক্সেশান হবে? একথা তিনি এখানে বলতে পারেন তাতে আণ্ডার ভ্যালুড হবে না? তাতে বড়লোকের কারখানাগুলি আণ্ডার ভ্যালুড হবে না এই এ্যাসিওরেন্স কি তিনি হাউসে দিতে পারেন? দিতে পারেন না। তিনি কেবলমাত্র পৌরসভার ক্ষমতা হরণ করতে পারেন। ফর গডস সেফ আমি তরুণ মন্ত্রীকে বলছি এইরকম একটা বিল যেন আপনার হাত থেকে এই বিধানসভায় পাশ না হয়। পৌরসভাগুলির ক্ষমতা আপনি হরণ করবেন না। মানুষকে কোর্টে যাওয়ার সুযোগ পর্যন্ত দেবেন না এটা কি অন্যায় কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে এবং সকল পক্ষের সদস্যদের কাছে ঠাণ্ডা মাথায় বিচার-বিবেচনা করে আমাদের এই পবিত্র বিধানসভায় স্বায়ত্তশাসনের এই জঘন্য হত্যাকাণ্ডের নীরব দর্শক না হওয়ার জন্য আবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনন্দলাল ব্যানার্জী: মিষ্টার স্পীকার স্যার, ছিন্নমস্তা নিজের মাথা কেটে রক্ত পান করেছিলেন শাস্ত্রে আছে, আর আমাদের এল এস জি মিনিষ্টার তিনি মাথা হাত পা সমস্ত কেটে ধড়টুকু রেখে দিয়ে কি কৃতিত্ব দেখালেন এই বিলের মধ্যে আমি তা বুঝতে পারছি না।

ক্যালকাটা করপোরেশান এবং এল এস ডি স্বায়ত্তশাসনের মিনিষ্টার হয়ে তিনি স্বায়ত্তশাসনের শুধু গলা কাটলেন না, তার হাত-পা সমস্ত কেটে ফুটপাথের পাশে একটা পঙ্গু ভিখারীর মত ফেলে দিয়ে কি কৃতিত্ব দেখালেন তা আমি বুঝতে পারছি না। স্যার, ইমারজেন্সির যে সমস্ত ওয়াষ্ট প্রডাক্ট, যে ইমারজেন্সির জন্য কংগ্রেসকে ডাষ্টবিনে ফেলে দিল—যে আমলাদের দ্বারা পরিচালিত হয়ে গণতন্ত্রের উপর রোলার চালিয়ে দিয়ে রাস্তার মানুষগুলোকে ধরে ধরে নাসবন্দী করে দিয়ে ঐ আপনার সঞ্জয় এবং সঞ্জয়পন্থীরা ভারতবর্ষের বুকে কংগ্রেসকে শেষ করে দিল—আজকে তারই আভাস পাচ্ছি এর মধ্যে—কারণ এরা ভুলে গিয়েছেন, ধরে নিয়েছেন ক্যালকাটা করপোরেশানে আর ইলেকশান হবে না। ক্যালকাটা করপোরেশানে আর জনপ্রতিনিধি আসবে না, ক্যালকাটা করপোরেশানে চিরকালই এই আমলাদের অত্যাচারে অত্যাচারিত হয়ে চলবে। কলকাতা করপোরেশানে যখন গণপ্রতিনিধি ছিল তখন ছিল একজন কমিশনার, তখন ছিল দুইজন ডেপুটি কমিশনার, একজন চীফ ইঞ্জিনিয়ার আর একজন ডেপুটি চীফ ইঞ্জিনিয়ার। আর কলকাতা করপোরেশানে এখন দেখছি একজন এ্যাডমিনিষ্ট্রেটর, একজন কমিশনার আর গণ্ডায় গণ্ডায় ডেপুটি কমিশনার। আর একজন ডেপুটি চীফ ইঞ্জিনিয়ার আর গণ্ডায় গণ্ডায় ডেপুটি চীফ ইঞ্জিনিয়ার। বাইরে থেকে নিয়ে এসে যদি ভাবতাম যে হ্যাঁ যে সিলেক্টেড প্রডাক্ট নিয়ে এসে এ্যাডমিনিষ্ট্রেশানকে চালাবার এরা ব্যবস্থা করেছে তাহলে বুঝতাম কিন্তু তা এরা করেনি। যে ছিল ইন্সপেক্টর সে হল সিটি আর্কিটেক্ট এবং তার থেকে সে উঠে গিয়ে সে হয়ে গেল ডেপুটি ইন্সপেক্টর। যে ছিল ডেপুটি সুপারিন্‌টেণ্ডেণ্ট সে হল ডেপুটি কমিশনার। সেদিন দেখলাম একজন লাইসেন্সর ইন্সপেক্টর—লাইসেন্স কালেক্ট করে বেডাত সে হয়ে গেল স্পেশাল ডেপুটি কমিশনার। সুতরাং ইমার্জেন্সিকে নিয়ে ক্ষমতা হাতে পেয়ে কতখানি ক্ষমতার অপব্যবহার করা যায় সেটা কলকাতা করপোরেশানে জলন্ত দৃষ্টান্ত দেখা গেল। যদি দেশবন্ধুর আত্মা কোথাও ঘুরে বেড়ায়, তিনি হয়ত আবার এখান থেকে চলে যাবেন—তারও বোধহয় অপমৃত্যু ঘটবে যে ঘটনা ঘটছে। স্যার, এটা ঠিক কথা যে কলকাতা করপোরেশানে অনেক জমি, অনেক ইমারত। একথা ঠিক যে বড়বাজারে কোন দিন এ্যাসেসমেণ্ট হয়নি তার কারণ—তারা লীজ দিয়ে ১০ হাজার টাকা রেণ্টে—২৫০০ টাকা ১০০০ টাকা লীজ দিয়ে গেছে—সেটা তারা মেনে নিয়েছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি কলকাতা করপোরেশানে যারা কর্তৃত্ব করছেন—যে স্কাই স্ক্যাপারগুলি তৈরী হচ্ছে, বড় বড় বাড়ীগুলি তৈরী হচ্ছে বেআইনিভাবে তা ধরার হিম্মত আছে—৬৯ সাল থেকে কলকাতা করপোরেশানে স্বায়ত্তশাসন নষ্ট করে দিয়ে, সেখানে জনপ্রতিনিধিত্ব নষ্ট করে দিয়ে নিজেদের হাতে ক্ষমতা রেখে দিয়েছেন তারা কি একটা কেসও ধরেছেন? বড় লোক ঠিকই আছে, তাদের ট্যাক্স ঠিকই আছে। জনপ্রতিনিধিরা গিয়ে ট্যাক্সের কথা বলে ঠিক—কিন্তু জন-প্রতিনিধিদের সকলেই দালাল এটা ঠিক নয়, এটা পৌরমন্ত্রীর জানা উচিত। তিনি বললেন তারা ট্যাক্স কমিয়ে দেয়—চোখের সামনে জলভরা চোখে—তাদের যদি প্রতিনিধিত্ব তিনি করতেন, যদি দেখতেন বৃদ্ধা চোখের জলে ভাসছে—তাদের যদি প্রতিনিধিত্ব যদি করতেন তাহলে এই সমস্ত কথা এখানে আসত না।

[4-50—5-00 p.m.]

উনি মন্ত্রী হয়েছেন তাই উনি মনে করছেন যে মিউনিসিপ্যাল কমিশনাররা, কলকাতা কর্পোরেশনের কাউন্সিলাররা দালালী করে গিয়েছে, সেখানে ট্যাক্স কমে যায়, ক্যালকাটা কর্পোরেশনের কাউন্সিলাররা দেশবন্ধুর আদর্শ নিয়ে কাজ করে, সেখানকার কাউন্সিলারদের

নেতৃত্ব দিয়েছে দি গ্যালাক্সি অব স্টার্স অব ইণ্ডিয়া, তাদের প্রতিনিধিত্বের নেতৃত্ব দিয়েছেন নেতাজী সুভাষচন্দ্র, দেশবন্ধু, সুরেন্দ্রনাথ প্রমুখ বিরাট বিরাট মহাগুণী যাঁদের নাম করলে দিন ভাল যায়, সেখানে আজকে নেতৃত্ব দিচ্ছেন, আমাদের মন্ত্রী, তরুণ নেতা এবং কতকগুলি আমলা। সুতরাং তাঁদের সঙ্গে নিজেকে তুলনা করছেন। আমি মনে করবো যে উনি রিপ্লাই দেবার সময় এটাকে উইথড্র করবেন যে—

Councillors were the true representatives of the people, they were not Dalals and they were fighting in the Corporation—they were mouth-pieces of the people to safe guard their interest.

মিঃ স্পীকার, স্যার, দেখুন কিরকম অসম্ভব কথা, ভ্যালুয়েশন লিষ্ট টাঙানো হয় ঠিক, ১৭৮ নং ধারায় ভ্যালুয়েশন লিষ্ট টাঙানো হয় সত্যি, কিন্তু একটি বস্তিতে যদি দু'জন লোক অবজেকশন দেয় তাহলে এনটায়ার বস্তির হেয়ারিং হয়। বস্তির ওনার হল একজন জমিদার, তিনি যদি একটা অবজেকশন দেন তাহলে সমস্ত বস্তির হেয়ারিং হবে। এখানে ১৮০ নং-এ যে নোটিশ তাতে উনি বলছেন যে ঝুলিয়ে দেওয়া হয়। ১৮০ নং হল প্রতিটা বাড়ীর ইনডিভিজুয়াল বিল্ডিং নোটিশ। উনি কি জানেন না যে এই বাংলাদেশে, কলকাতা শহরে শুধু বিড়লা, ডালমিয়ার বাড়ী নয়, শুধু ট্রিভলি ম্যানশন নয়, এখানে দীন, দরিদ্র, মধ্যবিত্ত, ১৫ বৎসর হয়ে গিয়েছে বাড়ীতে তাঁরা প্লাস্টারিং করতে পারেন না। এইরকম ভগ্নদশা কত মানুষ আছে উনি তো জানেন না যে তার ছেলে পাগল হয়ে গিয়েছে, তার স্বামী টিবিতে ভুগছে, পিতৃপুরুষের বাড়ীটা আঁকড়ে বসে আছে। উনি কি জানেন না যে মধ্যবিত্ত ঘরের মানুষ তাদের প্রতিনিধিত্ব নেই, তাদের ইলেকশান বন্ধ করে রেখেছেন, কে লিষ্ট থেকে নাম তুলে নিয়ে তাদের বলবে যে মাসীমা তোমার এত ট্যাক্স পড়ে গিয়েছে, কে বলবে যে এখানে তোমাকে অবজেকশন দিতে হবে। উনি তো মনে করেছেন আমেরিকার কথা, মনে করছেন চীনের কথা যে বোধহয় সবই শিক্ষিত সম্প্রদায়, সেখানে তারা গিয়ে লিষ্ট দেখবে, চট চট করে টুকে নিয়ে আসবে এবং অবজেকশন দেবে। কলকাতা কর্পোরেশনের কাউন্সিলারদের কি কাজ করতে হয় জেনে রেখে দেন। সকালবেলা উঠে কার বাড়ীর পায়খানা পরিষ্কার হয়নি, কার রাস্তায় কুকুর মরে পড়ে আছে এবং রাত্রিবেলায় শোবার সময়, মধ্যরাত্রে কে আসে, কার মড়া পোড়ান হয়নি তাকে গিয়ে সার্টিফিকেট দিয়ে আসতে হবে। কলকাতা কর্পোরেশনের কাউন্সিলারদের দায়িত্ব তিনি হয়তো কল্পনা করতে পারেন না। আমরা ৯টার সময় ঘুম থেকে উঠি না, ঠিক ৪টার সময় ঘুম থেকে উঠি। রাত্রিবেলায় খুট করে আওয়াজ হলে মাঝরাতে, এখনো ঘুম ভেঙে যায়। ১৭ বৎসরের অভ্যাস, মানুষ পড়ে গেলে তখনি দাঁড়িয়ে যাই, ওঁরা সেটা কল্পনা করতে পারেন না। সেখানে প্রতিনিধিত্ব নেই, ইলেকশন বন্ধ, কুক্ষিগত করে আমলাদের হাতে রেখে দেওয়া হয়েছে কর্পোরেশন আর আইন করে দেওয়া হচ্ছে লিষ্ট দেখে এসে তারা অবজেকশন দেবে। কে লিষ্ট দেখবে? বাড়ী বাড়ী আসে ইনডিভিজুয়াল নোটিশ, ১৮০ নং-এ কেন সেটা বন্ধ করে দেওয়া হবে? ভ্যালুয়েশন বাড়ী বাড়ী আসে, রেড কার্ড, কেন সেটা বন্ধ করে দেওয়া হবে? উনি মনে করছেন ৬০ দিনে অবজেকশন হেয়ারিং করবেন। বিল্ডিং প্ল্যান সাবমিশনের এক মাসের মধ্যে যদি বিল্ডিং প্ল্যান স্যাংশন না হয়, ধরে নেওয়া হয় ডীমড্ টু বি স্যাংশণ্ড কিন্তু ৬ মাস হয়ে যায় বিল্ডিং প্ল্যান পাশ হয় না। ৭ দিনে হেয়ারিং করবেন? কে গ্যারাণ্টি দিচ্ছে? তারপর অফিসার হেয়ারিং করলেন।

আমি তো নিজে ঘুরে দেখছি যে বড়লোকদের ব্যাপারে টেলিফোনে ফাইল পড়া হয়ে যায় গরীবের ব্যাপারে ক্যানেস্তারা বাজালেও তার কথা শোনা হয় না। গরীবের দুঃখে প্রাণ কত কেঁদেছে আজকে গরীব তার জবাব দিয়ে দিয়েছে। গরীবের দুঃখে কত প্রাণ কেঁদেছে এই ইমার্জেন্সীর সময় আমলাতন্ত্রের আজকে গরীব তার জবাব দিয়েছে মুছে দিয়েছে তারা এই সমস্ত অবাস্তব যারা এ্যাডমিনিষ্ট্রেটর, যারা এই সমস্ত অবাস্তব রুল করবার নামে বেআইনী করে গিয়েছে, ন্যায়ের নামে অবিচার করে গিয়েছে, কত মানুষকে সাহায্যের নামে অবিচার করে গিয়েছে। গরীবের দুঃখ বোঝেনি, চোখের জল দেখেনি, তারা শুধু বলেছে বড় বড় কথা যার জন্য সাধারণ মানুষ তাদের প্রত্যাখ্যান করেছে। মিঃ স্পীকার স্যার, আমার মনে হয় এই যে লিষ্ট ছাপিয়ে দেওয়া হবে সেখানে ইনডিভিজুয়াল নোটিশের কথা বাদ গেল। ১৯৭৪ সালে ওনারা কর্পোরেশনকে সুপারসিড করে নিয়েছেন, আমি কর্পোরেশনে এম এল এ হয়ে, গিয়ে গিয়ে পায়ের সুতো ছিঁড়ে গিয়েছে, আজকে তিন মাস হল তারা সেই সমস্ত এ্যাসেসমেণ্ট নোটিশ পাঠাচ্ছে এবং ৬০ দিনে হেয়ারিং করবেন। কিন্তু কর্পোরেশনে যেখানে লোক ধরে না, বাড়ীতে কুলোয় না, নিউ সেক্রেটারিয়েটের মত বাড়ী হবে ফর ফ্লিট অব অফিসারস, ফ্লিট অব কর্মচারী, তারা যে কাজ করতে পারে না বোর্ডের এই ৫ জন লোক সেই কাজ করবে এটা আমাকে বিশ্বাস করতে হবে? তিনি বলছেন যে সেখানে একটা বোর্ড তৈরি করে দিচ্ছেন, আমরা জানি যে শুধু রাজা তৈরি করে দিলেই রাজত্ব হয় না। সেই রাজা রামচন্দ্র না হয়ে তিনি রাবণ হলে পরেও একই কাজ হবে। রাজা রামও হতে পারে, রাজা রাবণও হতে পারে, তিনি রাজা তৈরি করে দিলেন কিন্তু রাজাকে হাত-পা বেঁধে দিলেন না, বলে দিলেন না তারা কি করবে। কর্পোরেশনে এই ভ্যালুয়েশন করে যারা, ১০ বৎসর হয়ে গেলেই তারা ইন্সপেক্টর র‍্যাঙ্কে প্রোমোশন পেয়ে যায়। তাদের চিনতে পারি কি করে যে ইন্সপেক্টর হয়েছে, আমি তর্কের কথা বলছি না, আসুন দেখিয়ে দেবো, যার ৪৫ কেজি ওজন ছিল, আমাকে বললো ও কি হয়েছে জানেন, আমি বললাম ইন্সপেক্টর হয়েছে বুঝি। তার আজকে ১২৭ কেজি ওজন। এনারা প্রোমোশন দিচ্ছেন, কি কোয়ালিফিকেশনে প্রমোশন দিচ্ছেন, কিসের উপর ভিত্তি করে প্রমোশন দিচ্ছেন? উনি বলেছেন ১৯৬৯ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত রাজত্ব করছেন। কি রাজত্ব, কি ইম্প্রুভমেণ্ট দিয়েছেন। উনি আজও বলেছেন যে কমিশনাররা চোখ বুজে কাজ করেছেন, ফেবারিটিজম করেছেন, তাঁরা ডুবিয়ে দিয়েছেন। আমি জনপ্রতিনিধি ছিলাম, এই অবাস্তব কথা আমি স্বীকার করতে রাজী নই। আজকে মিঃ স্পীকার স্যার, আমি আপনাকে বলব, এটা হল ওয়ার্স্ট এ্যাক্ট অব ইমারজেন্সী, এটা হল আমলাতন্ত্রের যে চক্রান্ত ভারতবর্ষের গদী থেকে ইন্দিরা গান্ধীকে তোড়ে পাঠিয়ে দিয়েছে সেই আমলাতান্ত্রিক চক্রান্ত যা পশ্চিমবঙ্গ এবং কোলকাতাবাসীর কাছে জঘন্য, নগণ্য প্রমাণ করার জন্য একটা চেষ্টা করেছে এছাড়া আর কিছু নয়।

Shri Gangadhar Pramanick : Sir, the trend of the House as it appears to me is not in favour of this Bill. Our C. P. I. friend, Shri Biswanath Chakrabarti, and Shri Nandalal Banerjee of our party has expressed their views against this Bill. May I request through you to the Hon'ble Minister let this Bill lapsed ? If the congress comes after the next election into power they would decide whether this Bill would be entertained or not. Sir, may I request through you that the Hon'ble Minister will consider this ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল নিয়ে যে ধরনের বক্তব্য রাখা হয়েছে ইতিমধ্যে এটা পরিষ্কার হয়েছে যে এটাকে ড্রামাটাইজ করার চেষ্টা করা হয়েছে। বিল পাশ হবে কি হবে না এটা ব্যক্তি সুব্রত মুখোপাধ্যায়ের দায়িত্ব নয়। সমস্ত সরকারের এটা দায়িত্ব। সুতরাং যদি কোন সদস্য মনে করে থাকেন যে এটা সুব্রত মুখোপাধ্যায়ের সম্পত্তি রক্ষার তাগিদে তাহলে তিনি মূর্খের স্বর্গে বাস করছেন। এটা সরাসরি সুব্রত মুখোপাধ্যায়কে আক্রমণ নয়, সরকার পক্ষের বেঞ্চেতে যাঁরা আছেন তাঁরা পার্লামেণ্টারী ডেমোক্র্যাসীর এ-বি-সি-ডি না জেনে এসে বসেছেন আমি তাঁদের কাছে অনুরোধ করবো।

(Noise)

Shri Gobinda Chatterjee : Sir, on a point of order.

Mr. Speaker : Yes, I will allow your point of order. Let the Minister finish his speech. Please take your seat. Yes, Mr. Mukhopadhayay, please continue with your speech.

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : এইসব বাজারে গিয়ে দেখাবেন, আমাকে দেখাবেন না।

(নয়েজ)

[5-00—5-10 p.m.]

আমি যেকথা বলছিলাম সেটা সবাইয়ের সুস্পষ্টভাবে বিবেচনা করা কর্তব্য। আমি স্পষ্ট করে যেকথা বলবার চেষ্টা করেছি আগেও এবং সে বিল নিয়ে বিতর্কের অবকাশ যথেষ্ট থাকতে পারে। এর মধ্যে কোন বাধ্যবাধকতা নেই। কিন্তু বিল থেকে সরে গিয়ে ড্রামাটাইজ করে যদি বিশেষভাবে কাকেও আক্রমণ করা হয়, ইতিহাসের কথা বলা হচ্ছে, মানুষের মধ্যে পৌরসভা সম্পর্কে যে বিরূপ প্রতিক্রিয়া আছে সেই সেণ্টিমেণ্টকে যদি সুড়সুড়ি দেওয়া হয় তাহলে বিলটাকেই অপমান করা হবে। আমি নিজে ব্যাক্তিগতভাবে মনে করি পৌরসভা দীর্ঘ চার বছর চালিয়েছি সরকারের পক্ষ থেকে এবং আমার নিজের স্পষ্ট ধারণা মানুষকে যে সিভিক এ্যামিনিটিস দেওয়ার দায়িত্ব পৌরসভার ছিল, নৈতিক এবং প্রশাসনিক তা পালন তারা করতে পারেন নি এবং পারেন নি যে এটা সম্পূর্ণ সরকারের দায়িত্ব নয়, সেই দায়িত্ব সবচেয়ে বেশি করে পৌরসভাগুলির। স্বায়ত্তশাসনের মূল নীতিগুলিকে স্বীকার করে নিয়ে আমাদের দেশে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট এবং কলকাতা মিউনিসিপ্যাল এ্যাক্টের যে-সমস্ত নীতি বৃটিশ আমল থেকে রয়েছে তার আমূল পরিবর্তন বা সংশোধন না হলে এবং যথোপযুক্ত আর্থিক ব্যবস্থা না হলে শুধু বক্তৃতা করে মানুষকে সুবিধা দেওয়া সম্ভব নয়। পৌরসভার এই আইন দিয়ে উপযুক্ত সিভিক এ্যামিনিটিসের ব্যবস্থা করা---

(জনৈক সদস্য : সেটাই করুন না।)

Mr. Speaker : Mr. Mukhopadhyaya, have you finished your speech ?

Shri Subrata Mukhopadhayay : No Sir, I want protection from you. এটা কোন রাজনীতির কথা নয়, সংকীর্ণতার বা স্বার্থের কথা নয়। আমি নিজে ব্যক্তিগতভাবে মনে করি এবং স্বীকার করি পৌরসভাগুলি যে পদ্ধতিতে আছে, যে আইনের মধ্যে আছে, যে নিয়ম-কানুনের মধ্যে আছে, যে বৃটিশ শাসনকালে ১৯৩২ সালে এবং ১৯৫১ সালের আইনের মধ্য

দিয়ে পরিচালিত হচ্ছে তাতে উপযুক্ত আর্থিক সংস্থান না করে এবং নিয়ম-কানুনের পরিবর্তন ন করে মানুষকে উপযুক্ত সিভিক এ্যামিনিটিস সরবরাহ করা সম্ভব নয় এবং চূড়ান্ত ব্যর্থতা যেখানে যেখানে দেখা গিয়েছে সেই সেণ্টিমেণ্টকে তুলে এই বিলের বিরোধিতা করা আমি যুক্তিসঙ্গত মনে করি না এবং শুধু আবেদন করতে চাই কোন নাটক সৃষ্টি না করে এই বিলকে কেন্দ্র করে যদি প্রচলিত বিধি সম্পর্কে রিজার্ভেশন থাকে যাকে পরিবর্তনের জন্য আমরা এই বি নিয়ে এসেছি, যদি কোন সাজেশান থাকে তাহলে কন্সিডার করার জন্য সরকারের পক্ষ থেকে যে-কোন দায়িত্ব নেওয়া সম্ভব হতে পারে। কিন্তু সমস্ত বিল সম্পর্কে যদি একটা কথাও খুঁজে না পেয়ে সম্পূর্ণভাবে যদি পৌরসভা বা সিভিক এ্যামিনিটিস নিয়ে নাটক করা হয় বা পৌর সভায় যখন দেশবন্ধু ছিলেন অথবা কখন নেতাজী ছিলেন সেই বিষয়ে যদি আমার তুলনা ব উপমা দেওয়া হয় তাহলে আমাকে কটাক্ষ বা ব্যঙ্গ করা সম্ভব। কিন্তু এই বিলের পরিবর্ত বা পরিবর্জন না করে সমস্ত মানুষের উপকার সম্ভব হবে না। আমি নিজে বলতে চাই ন কটাক্ষ করে, প্রশ্নটা কি, কোন মূর্খ মনে করে, আমি নেতাজী সুভাষচন্দ্রের অংশীদার হ পৌরসভা চালাচ্ছি। কোন মূর্খ মনে করে তাদের একশো ভাগের এক ভাগ যোগ্যতাও আমা আছে। আমার সীমিত যোগ্যতাকে মানুষ উপযুক্ত মনে করে আমাকে পাঠিয়েছে। আপনার সমর্থন করেছেন, মন্ত্রিসভার সদস্য নির্বাচিত হয়েছি। যোগ্যতার মাপকাঠি এইখানে। যোগ্যতা মাপকাঠি দেশবন্ধু চিত্তরঞ্জন অথবা তার উত্তরসূরী হিসাবে নয়। সুতরাং মানুষকে ব্যক্তি হিসাবে কটাক্ষ না করে আপনাদের কাছে আবেদন রাখতে চাই, কংগ্রেস পক্ষ এবং বিরোধী পক্ষ এবং আমার শ্রদ্ধেয় শিক্ষক মহাশয় বলেছেন, কঠিন বক্তব্য রাখবো। আমি খুশি। কঠি বক্তব্য শুনে আমি অভ্যস্ত। কঠিন আঘাত পেয়ে আমার ৩০ বছরের জীবন। সুতরাং কঠি বক্তব্য রাখতে গিয়ে আমাকে আঘাত না করে, এই বিলকে আঘাত করে যদি তা পরিবর্তনের চেষ্টা করতেন এবং সেই সেন্স এবং সেন্টিমেণ্ট আমাকে যদি দিতে পারতে কন্সিডার করার জন্য, আমি রিজিড নয়। কিন্তু তা থেকে সরে গিয়ে যদি শুধুমা সেন্টিমেণ্ট এবং ড্রামাটাইজ করার চেষ্টা হয় তাহলে আমি মনে করবো গোটা হাউস বিপথে চলে যাবে এবং বিভ্রান্ত করা হবে। হাউসের কাছে তাই আমার আবেদন সমগ্র বিলের উপ ভিত্তি করে বক্তব্য রাখুন, বিলের উপর ভিত্তি করে তাঁরা যে বক্তব্য রাখবেন আমি তা যথাযথ উত্তর দেবার চেষ্টা করবো। কিন্তু ইমারজেন্সী, সঞ্জয় গান্ধী, ইন্দিরা গান্ধী অথব অন্য প্রশ্ন যদি তোলা হয় তাহলে সমস্ত জিনিসটা অফ ট্রাক হয়ে যাবে এবং একটা ড্রাম করে কিছু হাততালি পাওয়া যাবে, কিন্তু মূল সমস্যার সমাধান করা যাবে না। আমি আবা বলতে চাই, আই এ্যাম নট রিজিড। পজিটিভ কথা শোনানো হোক, সে ব্যাপারে যদি আমাকে পরিচালিত করা হয় তাহলে ভাল হয়।

শ্রীনন্দলাল ব্যানার্জী : Mr Speaker, Sir, why is he using the word 'drama' আমরা এখানে কেউ অভিনয় করতে আসিনি। উই আর পিপলস রিপ্রেজেনটেটিভস হিয়ার এটা রঙ্গমঞ্চ নয়, আমরা ভালভাবেই জানি, এখানে অভিনয় করতে আসিনি।

(প্রচণ্ড গোলমাল)

শ্রীগোবিন্দ চ্যাটার্জী : স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার মাননীয় মন্ত্রী মহাশয় তাঁ বক্তব্য বলতে উঠে কোন মাননীয় বিশেষ সদস্য নয়—সাধারণভাবে সদস্যের বক্তব্যের ব্যাপা উনি বিশেষভাবে কটাক্ষপাত করেছেন এবং অগণতান্ত্রিক আনপার্লামেণ্টারি এক্সপ্রেশান ব্যবহা

করেছেন—হয়ত তিনি উত্তেজিত হয়ে পড়েছিলেন বলেই বলেছেন, তরুণ বয়সে উত্তেজিত হওয়া অসম্ভব কিছু নয়। পয়েণ্ট অব অর্ডারে আমি উঠে দাঁড়াতে তিনি এত উত্তেজিত হয়ে পড়লেন, আমার পয়েণ্ট অর্ডার শোনবার জন্য অপেক্ষা পর্যন্ত করলেন না, তিনি একাধিক-বার এ্যাট লিষ্ট ৪-৫ বার ননসেন্স এই এক্সপ্রেশানটি ব্যবহার করেছেন। ইংরাজীর জ্ঞান আমার খুব বেশী নেই, তবে ননসেন্স কথাটির বাংলা প্রতিশব্দ যা বোঝায় তা হল কারো দিকে অঙ্গুলী দেখিয়ে বললে নির্বোধ বোঝায়—পয়েণ্ট অব অর্ডার সিক করাতে মাননীয় মন্ত্রী মহাশয় এত বেশী উত্তেজিত হয়ে পড়লেন—উনি একাধিকবার অঙ্গুলী দেখিয়ে ননসেন্স শব্দটি ব্যবহার করেছেন। উনি সাধারণভাবে সমগ্র সভার সদস্যদের বক্তব্য রাখবার সময় কটাক্ষপাত করে আনপার্লামেণ্টারি কথা ব্যবহার করেছেন। গণতন্ত্রের এ-বি-সি-ডি জানেন না—ড্রামা করা হচ্ছে, নাটক করা হচ্ছে ইত্যাদি যে-সমস্ত কথা উনি বলেছেন তাতে আমার মনে হয় সভাকে অপমানিত করা হয়েছে। আরো বহু শব্দ ব্যবহার করা হয়েছে উত্তেজিতভাবে—আপনি সভার বিবরণী দেখলে বুঝতে পারবেন। আমার পয়েণ্ট অব অর্ডার হল, আপনি কি তাঁকে রাইট অব রিপ্লাই দিতে বলেছিলেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : স্যার, উনি যদি জোর করে মনে করেন ননসেন্স বলেছি তাহলে দুঃখপ্রকাশ করা ছাড়া আর কোন উপায় নেই। উনি হাউসকে মিসগাইড করছেন, ফেডআপ হয়ে যাওয়াটাই ননসেন্স, ইট ইজ ননসেন্স। ইট ইজ নট টু এনি মেম্বার—কোন মাননীয় সদস্যকে ননসেন্স আমি বলিনি, এখন জোর করে কেউ যদি মনে করেন গালাগাল দিয়েছি তাহলে বলতে হবে জোর করে গালগাল দেওয়াচ্ছেন, এছাড়া আর কিছু বলবার নেই।

Mr. Speaker : Now, let us go back to the subject matter. I assure you Mr. Chatterjee, he has explained.

যদি মনে করেন আপনাকে বলা হয়েছে তাহলে

He has expressed his regret. Now, I call upon Shri Kashi Kanta Maitra.

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব অল্প কথা বলব। এই হাউসের মাননীয় মন্ত্রী শ্রীসুব্রত মুখোপাধ্যায়, তিনি আমার চেয়ে বয়সে অনেক নবীন, ব্যক্তিগতভাবে তিনি আমার স্নেহভাজন যদিও আমরা উভয়েই পরস্পরবিরোধী রাজনৈতিক শিবিরে রয়েছি, তাঁকে আমি আপনার মাধ্যমে এইটুকু আশ্বাস দিতে পারি, বয়স হয়েছে, এখানে ড্রামা করব না এবং যেসব মাননীয় সদস্য বক্তব্য রেখেছেন আপনি একটু স্থির সময়ে নিজেই বিনয়ের সঙ্গে স্বীকার করবেন যে তারা খুব গুরুত্বপূর্ণ উল্লেখযোগ্য ভাষণ রেখেছেন—এখানে অধ্যাপক চক্রবর্তী এবং প্রবীণ কাউন্সিলার শ্রীনন্দলাল ব্যানার্জী খুব গুরুত্বপূর্ণ ভাষণ রেখেছেন—তিনি সেদিন আমার প্রশ্নের উপর একটি কটাক্ষ মন্তব্য করেছিলেন, তা সত্ত্বেও আমি বলব মাননীয় শ্রীনন্দলাল ব্যানার্জী যে বক্তব্য রেখেছেন, আপনাকে অনুরোধ করব আপনি সেটা একটু বিবেচনা করে দেখবেন। কারণ তিনি দীর্ঘদিন ধরে পৌরপ্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগের ভিত্তিতে যে অভিজ্ঞতা অর্জন করেছেন তারই ভিত্তিতে তিনি বক্তব্য রেখেছেন, তাই আমি আশা করব মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যটা বিশেষভাবে বিবেচনা করবেন।

[5-10—5-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই হাউসে মাননীয় সদস্যদের বলব, আলোচনার মধ্যে উত্তাপ সৃষ্টি না হয়ে আলোকপাত হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে

আপনাকে স্মরণ করিয়ে দিই যে, এইবারের অধিবেশন শুরু হবার অব্যবহিত পরেই আপনার অনুমতি নিয়ে কয়েকদিন পূর্বে মেনশান আওয়ারেতে আমি বলেছিলাম যে, পৌরপ্রতিষ্ঠানগুলি মিউনিসিপ্যাল এ্যাসেসমেণ্ট করতে গিয়ে মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত এবং সাধারণ মানুষের বাড়ীর উপর যেভাবে এবং যে-হারে কর বসাচ্ছে বা বাড়াচ্ছে সেটা সম্পূর্ণ অগণতান্ত্রিক, অবৈধ, সেটা যথেচ্ছচারিতার প্রতীক, যুক্তিহীন এবং উদ্দেশ্যমূলক। স্যার, আনন্দের সঙ্গে স্বীকার করছি কংগ্রেস দলের বহু সংখ্যক মাননীয় সদস্য যাঁরা পৌরপ্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত আছেন তাঁরা সকলে উঠে দাঁড়িয়ে জোরালোভাবে সেদিন এই এ্যাসেসমেণ্টের প্রতিবাদ জানিয়েছিলেন। সেদিন মাননীয় মন্ত্রী মহাশয়, আপনিও একটি গুরুত্বপূর্ণ উক্তি করেছিলেন, আপনি বলেছিলেন, আমি জানি এই সমস্ত মিউনিসিপ্যাল বডিস যেভাবে কর বসাচ্ছেন, এ্যাসেসমেণ্ট করছেন সেটাতে অনেক জায়গাতেই অন্যায় হচ্ছে, বে-আইনী হচ্ছে এবং এগুলি রদ করতে চাই এবং কতকগুলি প্রিন্সিপল ইভল্ভ করতে চাই। যে প্রিন্সিপলের কথা অধ্যাপক চক্রবর্তী খুব ন্যায়সঙ্গতভাবে এই হাউসে রেখেছেন সেই প্রসঙ্গে আমি আপনাকে কয়েকটি কথা সবিনয়ে স্মরণ করিয়ে দিচ্ছি। অবশ্য আপনি তার জন্য দায়ী নন। যে জরুরী অবস্থা চলেছিল, যে কালাকানুনের ভিত্তিতে এই জরুরী অবস্থা দেশে চাপানো হয়েছিল, যেটা দেশের জনগণের বিরুদ্ধে একটা ষড়যন্ত্র বলে প্রমাণিত হয়েছে সেই জরুরী অবস্থা চলার সময় এই অর্ডিন্যান্সটি করা হয়েছিল। আজকে দেশ থেকে জরুরী অবস্থা প্রত্যাহার করা হয়েছে এবং মৌল স্বাধীনতা—ফাণ্ডামেণ্টাল ফ্রিডমস হ্যাভ বিন রেসটোর্ড। কাজেই যে অর্ডিন্যান্সটি জরুরী অবস্থায় জন্ম নিয়েছিল সেই অর্ডিন্যান্সটিকে আজকে আইনে পরিণত করবার কি কোন যৌক্তিকতা আছে? এই কথাটি আপনার সহযোগী বন্ধু হিসাবে অত্যন্ত বিনয়ের সঙ্গে মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে জিজ্ঞাসা করছি। মিউনিসিপ্যাল এ্যাসেসমেণ্ট নিয়ে সেদিন হাউসের প্রায় সর্বাধিক সংখ্যক মাননীয় সদস্য দাবী করেছিলেন যে, ক্যানসেল করা হোক অল দিস ইনিসিয়াল এ্যাসেসমেণ্ট এবং নতুন করে বিবেচনা করা হোক। আপনিও পৌর আইন জানেন, আমরাও কিছু কিছু পৌর আইন ঘেঁটেছি, যে-সমস্ত ধারার ভিত্তিতে এই অ্যাসেসমেণ্ট হয়ে থাকে সেই আইন আপনি সংশোধন করতে পারতেন। এই বিধানসভায় আপনি এ্যামেণ্ডমেণ্ট আনতে পারতেন, এখানে আলোচনা হতে পারতো। যে প্রিন্সিপলের আশ্বাস আপনি দিয়েছিলেন সেই নীতির উল্লেখ আপনি করতে পারতেন। আপনি এই বিলটি আর একবার পড়ে দেখুন, এতে কি কোন নীতির কথা আপনি বলেছেন? এই বিলের একটা ভিত্তি হচ্ছে জরুরী অবস্থা, সেই ভিত্তি আর নেই অতএব এই বিল আর আসতে পারে না। দ্বিতীয়ত, এই বিলটার ভেতর দিয়ে একটা ধারণা জন্মাচ্ছে যে. Good Government is perhaps not a substitute of self Government.

আপনি রাজনীতিতে জানেন, গুড গভর্ণমেণ্ট ইজ নো সাবস্টিচ্যুইড অব সেল্ফ গভর্ণমেণ্ট। স্বায়ত্তশাসনের বিকল্প কল্পিত ভাল শাসন নয়। এই কল্পিত ভাল শাসনটা কি সেটা আমরা প্রত্যেকে ভালই জানি, সেটা হচ্ছে, একটা প্রবলেমেটিক জিনিস। ভাল বলে সেটাকে নির্বিচারে চোখ বুজে মেনে নেওয়া যেতে পারে না, সেখানে চেকস এ্যাণ্ড ব্যালান্স থাকা দরকার, তার জন্য ক্ষমতার সীমাবদ্ধতা দরকার। ক্ষমতার সীমাবদ্ধতা যদি না থাকে তাহলে গণতন্ত্রের বিনাশ অনিবার্য। ক্ষমতার সীমাবদ্ধতা থাকলেই গণতন্ত্রের প্রকৃত বিকাশ হবে। যে মহান নেতাদের কথা মাননীয় নন্দবাবু, অধ্যাপক চক্রবর্তী, মাননীয় মন্ত্রী মহাশয় আপনিও উল্লেখ করেছেন সেই নেতাজী সুভাষচন্দ্র, রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ, দেশবন্ধু চিত্তরঞ্জন—যাঁদের কথা আমরা সকলেই বলি,

তাঁরা কিন্তু বারেবারেই এই সেলফ গভর্ণমেণ্টের কথাই বলে গিয়েছেন। তাঁরা বারবার আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন গুড গভর্ণমেণ্ট ইজ নো সাবসিটিচুইড অব সেল্ফ গভর্ণমেণ্ট।

আজকে মাননীয় মন্ত্রী মহাশয় এই মিউনিসিপ্যাল প্রশাসনকে ঢেলে সাজাতে পারতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রতবাবু সম্বন্ধে একথা আমি বলব, আমি ব্যক্তিগতভাবে জানি তিনি একসময় চেয়েছিলেন পঞ্চায়েতের নির্বাচন হোক। তিনি ব্যক্তিগতভাবে আমাকে বলেছিলেন এবং তা অনেক মাননীয় সদস্যকেও বলেছিলেন। কিন্তু তিনি তাঁর কথা রাখতে পারেন নি। আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে একথা বলতে চাই যে, বিলের সমালোচনা মানে মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জীর সমালোচনা নয়, নন্দবাবুর সমালোচনা, অধ্যাপক চক্রবর্তীর সমালোচনা বা আমি যে কথাগুলি বলছি এগুলি যদি সমালোচনা বলে ধরেন তাহলে সেগুলি কিন্তু ব্যক্তিগতভাবে আদৌ আপনার সমালোচনা নয়। আপনি কি করবেন? মন্ত্রিসভা যে সিদ্ধান্ত নিয়েছেন আজকে আপনি মন্ত্রিসভার মাউথপিস হিসাবে এই বিলটি হাউসে রেখেছেন।

সুতরাং মাননীয় সদস্য গঙ্গাধর প্রামাণিক মহাশয় যে মূল প্রশ্ন তুলেছিলেন, যেখানে সরকারী সদস্য মাননীয় শ্রীনন্দলাল ব্যানার্জী মহাশয় এইরকমভাবে জোরালো একটা সমালোচনাপূর্ণ বক্তৃতা করলেন এবং বিরোধী পক্ষ থেকে অধ্যাপক চক্রবর্তী বক্তব্য রাখলেন, তখন আপনি বিবেচনা করে দেখবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে এই বিলটা আপাতত উইথড্র করে নেওয়া যায়। আপাতত ফিরিয়ে নিন, আবার যখন বিধানসভা বসবে তখন সভার মত নিয়ে আপনি এটা করতে পারেন। আমি আপনাকে বলছি আপনার শুভানুধ্যায়ী হিসাবে, যদি এটা করেন, আপনি জনসমক্ষে জনতার চোখে সম্মানের দিক থেকে উঁচু আসনে স্থান পাবেন। সুতরাং আপনাকে আমি বলছি, এটা বিবেচনার বিষয়, এটা করবেন না, এটা সত্য সত্যই একটা কালা কানুন। আপনারা মিউনিসিপ্যাল ভ্যালুয়েশন বোর্ড যেখানে করছেন, পশ্চিমবাংলার ১০০টির উপর মিউনিসিপ্যালিটির করদাতারা আপনি আশা করেন, তারা কলকাতায় এসে ব্যক্তিগতভাবে তাদের রিটার্ণ সাবমিট করে যাবেন? এটা অসম্ভব এবং এই সেণ্ট্রালাইজেশনের বিরুদ্ধে জনতা রায় দিয়েছে। এই সেণ্ট্রালাইজেশনের বিরুদ্ধে সেদিন আমরা বলেছি, এই সেণ্ট্রালাইজেশনের বিরুদ্ধে বিধানসভার মাননীয় সদস্যরা বলেছেন, আপনি এই আইনটা করে আবার ডিসেণ্ট্রালাইজের প্রতি বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে, আপনার অতিকেন্দ্রীয়করণের আইনের দিকে এবং তার প্রবণতা, এই আইনটা তুলে ধরলে প্রকট হয়ে উঠবে। তৃতীয়ত, আপনারা হয়তো ধরে নিচ্ছেন যে সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড করলে সেটা একেবারে ফ্ললস হবে, সেটা একেবারে ত্রুটিমুক্ত হবে। এটা মনে করা একেবারে ভুল। মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের ভ্যালুয়েশন বোর্ড বা এ্যাসেসমেণ্ট বোর্ড বা এ্যাসেসার, তাঁরা যদি ভুল করতে পারেন একজন খুব নাম করা গণ্যমান্য ব্যক্তি, বা কয়েকজন স্বনামধন্য ব্যক্তিকে কলকাতার ভ্যালুয়েশন বোর্ডের সদস্য করে যদি দেন, তাঁরাও কিন্তু সমালোচনার ঊর্ধ্বে নন। প্রধানমন্ত্রী যেমন সমালোচনার ঊর্ধ্বে নন বা ছিলেন না, কোন দল যেমন সমালোচনার ঊর্ধ্বে নয়, ভ্যালুয়েশন বোর্ডে উচ্চ পদাধিকারসম্পন্ন ব্যক্তি আসুন না কেন

However eminently constituted it may be, it will not be free from public criticism and the valuation board must continue to function to the accountability of the people.

সেই এ্যাকাউনটেবিলিটি বা হিসাব-নিকাশ দেওয়া, তাদের কাছে জবাবদিহি করবার যে বিধান, এই আইনে সেটা কোথায় আছে? আপনি গণতন্ত্রে বিশ্বাসী, আপনি আমাকে এবং এই হাউসকে আশ্বস্ত করে বলুন, হ্যাঁ, আমি সেই চেকস এ্যাণ্ড ব্যালেন্স রেখেছি, যদি ভ্যালুয়েশন বোর্ডের সদস্যরা ভুল করেন তার বিরুদ্ধে এই এই বিধান রয়েছে এবং এ প্রিন্সিপলের বিরুদ্ধে যদি যান তাহলে তারা এইগুলো লংঘন করলেন, সরকার সেখানে চুপ করে থাকবেন না। আদালতে যাবার কোন পথ থাকছে না। এই বিধানসভার ব্যাপার নিয়ে অনেক তর্ক হয়ে গেছে। আজকে আপনারা জানেন, আপনারা আইনের শাসনের কথা বলছেন, আদালত থেকে সমস্ত অধিকার কেড়ে নিচ্ছেন, গরীব করদাতারা কোথায় যাবে? আমি একটা কথা বলছি, আমি জীবনে কখনও কোনওদিন মিউনিসিপ্যালিটি বা এই ধরনের স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ছিলাম না। কিন্তু আমি আপনাকে বলছি, আপনি এটা মানবেন, সত্যকারের যারা পৌরপ্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত আছেন, যদি কোন করদাতা বিধবা বা কোন দরিদ্র ব্যক্তি যদি যান, কোন মন্ত্রী যদি সেই এলাকায় থাকেন, তার কাছে গিয়ে যদি বলেন যে আমাদের বাড়ির উপর এত উচ্চহারে কর বসানো হয়েছে যে আমি দিতে পারবো না। তিনি কিন্তু জনপ্রতিনিধি হিসাবে তার কথা শুনে চুপ করে থাকতে পারবেন না বা নির্বাক থাকতে পারবেন না। তাকে কিছু করতেই হবে। তাকে গিয়ে বলতে হয় আপনার প্রতি সত্যকারের অবিচার করা হচ্ছে। সেটা দূর করবার জন্য ভ্যালুয়েশন ডিপার্টমেণ্টের কাছে যেতে হয়, মিউনিসিপ্যালিটির এ্যাসেসমেণ্টের দায়িত্বে যারা থাকে তাদের কাছে যেতে হয়, এটা কিন্তু কারোর হয়ে রিপ্রেজেনটেশন করা নয়, সেটা যদি থাকে, সেটা নিন্দনীয় হবে না। কিন্তু গরিব মানুষের সহায়ক হিসাবে সেই এলাকার জনপ্রতিনিধিরা তাঁরা কিন্তু সেই ভূমিকা নেন এবং তাদের নিতে হয় সুতরাং আমি আপনাকে বলছি যে ভ্যালুয়েশন বোর্ডকে আপনি সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড করছেন, এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক, এটা জনস্বার্থবিরোধী এবং এটা রেট পেয়ারদের সর্বনাশ হবে। আপনাকে সেইজন্য বলছিলাম, মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটি সম্বন্ধে আগে হাউসে অনেকে বক্তব্য রেখেছেন, মন্ত্রী মহাশয় এই বিষয়ে হস্তক্ষেপ করেছিলেন, আমি জানি কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটি সম্বন্ধে উনি করেছেন, আমি তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, আপনি বলেছিলেন মাননীয় সদস্যদের—সেখানে বড় বড় গাছ কেটে ফোয়ারা করা হচ্ছে। সত্যকারের মানুষকে যেখানে খাবার দিতে পারছি না, মানুষের সীমাহীন দারিদ্র্যতা, যেখানে ৮০ ভাগ লোক প্রভার্টি লাইনের নিচে, সেখানে ফোয়ারা করবার কি প্রয়োজনীয়তা রয়েছে? এটা একটা ক্রাইম। কিন্তু কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটি এলাকায় ফোয়ারা বসানো হয়েছে এবং জনসাধারণের প্রতি উপেক্ষা করে এই জিনিসগুলো করা হয়েছে। সেই পৌরপ্রতিষ্ঠানে এ্যাডমিনিষ্ট্রেটর বসানো হয়েছে। আমি সেইজন্য মন্ত্রী মহাশয়কে বলছি, অধ্যাপক চক্রবর্তীকে ভুল বুঝবেন না, যদিও উনি অন্য ক্যাম্পের। মাননীয় সদস্য নন্দবাবু, গঙ্গাধরবাবু বা আমাদের ভুল বুঝবেন না। আমি চাই সরকার এইরকম ধরনের কোন কালা কানুনকে জোর করে পাশ করাবেন না সংখ্যাধিক্যের জোরে। যার ফলে দেশের মানুষ মনে করবে আমাদের সর্বনাশ হয়ে গেল, গরীব, মধ্যবিত্ত, সকলের সর্বনাশ হয়ে গেল। এই অবস্থা বিবেচনা করে এই আইনটাকে প্রত্যাহার করে নিন এবং এই আইনটা আপনি হাউসের কাছে বা স্পীকার মহাশয়ের কাছে বলুন, এই হাউসের সদস্যদের মতামতের প্রতি মূল্য দিয়ে আপনি এই বিলটাকে সরিয়ে নিন, পরবর্তীকালে আলোচনা করে, গণতান্ত্রিকভাবে নতুন প্রিন্সিপলে নিয়ে এই আইনটা নতুনভাবে আনবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই আইনটার বিরোধিতা করছি।

[5-20—5-30 p.m.]

শ্রীঅনন্তকুমার ভারতী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী ওয়েষ্ট বেঙ্গল ভ্যালুয়েশন বোর্ড বিল, ১৯৭৭ যা পেশ করেছেন এ সভায়, এটা নিশ্চয়ই ইয়ার্থেমিস পিরিয়ডে অর্ডিন্যান্স হিসাবে ছিল, আজকে সেটাকে এখানে বিল হিসাবে পাশ করে নিতে চাইছেন। আজকে এই কথা আপনার অজানা নেই বা আমাদের এই হাউসের সদস্যদের কারোর অজানা নেই, এখানে সমস্ত শাসনব্যবস্থা, রাষ্ট্রব্যবস্থা যেখানে বিকেন্দ্রীকরণ করার ব্যবস্থা হচ্ছে, শুধু পশ্চিমবাংলায় নয়, শুধু ভারতবর্ষে নয়, পৃথিবীর সমস্ত দেশে এটা চলছে—এই আইনটা পড়ে মনে হচ্ছে, সেই বিকেন্দ্রীকরণ ব্যবস্থাকে আবার এককেন্দ্রীকরণ করার চেষ্টা বিশেষভাবে চলছে। আজকে মাননীয় স্পীকার মহাশয়, ক্যালকাটা কর্পোরেশনের কথা ধরে নেওয়া যাক, ক্যালকাটা কর্পোরেশনে আমি দীর্ঘদিন যাবৎ কাউন্সিলার হিসাবে ছিলাম এবং ১৯৭২ সালে যখন এই হাউসে নির্বাচিত হয়ে আসি, তার কয়েকদিন পরে বোধ করি এই কর্পোরেশনকে সুপারসিড করে নেওয়া হয় এবং আমরা বলা সত্ত্বেও আজও সেখানে নির্বাচন করা হয়নি। আমি জানি না এই নির্বাচনের ব্যবস্থা করা কবে হবে।

Mr. Speaker : Mr. Bharati, time fixed for this Bill is going to expire after one minute. I find there are a number of speakers still now who intend to speak on this Bill. I think half an hour will not be sufficient. So, if the House agrees, I extend the time by one hour more.

(Voices—Yes)

So, with the sense of the House I extend the time by one hour.

শ্রীঅনন্তকুমার ভারতী ঃ ৬ বছর অন্তর ক্যালকাটা কর্পোরেশনের ভ্যালুয়েশন করা হয়। ক্যালকাটা কর্পোরেশনে ১ লক্ষ হোল্ডিং আছে। মন্ত্রী মহাশয় বলেছেন এই সেন্ট্রাল বোর্ড করা হবে তার মানে যে-সমস্ত কর্মচারী উদ্বৃত্ত হবে তাদের এখানে রাখা হবে। আজ ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয়েছে কিন্তু সেখানে যদি কাজ না হয় তাহলে ভ্যালুয়েশন কিভাবে সম্ভব হবে? আমি নিজে একজন কাউন্সিলার ছিলাম। আমার নিজের জমির জন্য অবজেকশন দিয়েছি। ২টি পিরিয়ড চলে গেছে। এখন খার্ড কিন্তু কোন হিয়ারিং হয়নি। একটা বাড়ীতে ১ হাজার ভ্যালুয়েশন হয় তার জন্য যখন ইন্সপেক্টর যান তখন সেই বাড়ীর মালিক যদি তাঁকে সন্তুষ্ট না করতে পারেন তাহলে ৮ থেকে ১০ হাজার টাকা ধরা হয়। সাধারণে আমরা বহুবার ক্যালকাটা কর্পোরেশনের এ্যাডমিনিস্ট্রেটর ও পৌরমন্ত্রীকে বলেছি, কিন্তু কোন কাজ হয়নি, আগে হিয়ারিংয়ের জন্য আমরা কাউন্সিলারদের কর্ম ছেপে দিয়ে আসতাম, কিন্তু তাতেও ৫০ শতাংশের মত বাদ যেত। কিন্তু পশ্চিমবাংলার মানুষ এমন কি এ্যালার্ট হয়েছে খুব সামান্য সময়ের মধ্যে অবজেকশন দেবেন? যাই হোক, সেই অবজেকশন দেওয়ার পর হিয়ারিং হত, হিয়ারিং হলে পর কর্পোরেশনের বাড়ীতে কমিশনারের কাছে আবেদন করলে একটা এ্যাপিল হত, সেই এ্যাপিলে পার্টি সন্তুষ্ট না হলে কোর্টে যাওয়ার জন্য কেস করা যেত। কিন্তু এমনই নিয়ম করা হয়েছে যে কেস করা যাবে না। মন্ত্রী মহাশয় বিল প্লেস করার সময় যে বক্তৃতা দিয়েছেন তাতে তিনি বলেছেন বিভিন্ন মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের এ্যাসেসমেন্টে যাঁরা নিযোজিত আছেন তাঁরা দুর্নীতিপরায়ণ, তার জন্য এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড করা হবে। অতীতে যেসব আইন ছিল সমস্ত আইনকে তুলে

দিয়ে এমন আইন করতে যাচ্ছেন যেটা আরো স্টিফ এবং আরো ভয়াবহ হবে, মানুষের কষ্ট ভীষণভাবে বেড়ে যাবে বলে আমার ধারণা। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলব তিনি যদি এই বিলটা সম্পর্কে সুবিবেচনা করেন তাহলে বাধিত হব। স্যার, আপনি দেখেছেন

"No application shall be entertained unless the amount of rate assessed on the basis of valuation determined under this Act has been paid before the application is filed".

অদ্ভুত জিনিস। আগে এইরকম ছিল না, যে-কোন এ্যামাউণ্টের ভ্যালুয়েশন করলে ট্যাক্সড এ্যামাউণ্টের টাকাটা জমা দিয়ে তারপর অবজেকশান ফাইল করতে হবে। এটা অসম্ভব জিনিস, এই জিনিস হতে পারে না। কলকাতা শহরে গগনস্পর্শী বিল্ডিং যেমন আছে, তেমনি আছে বস্তি এবং দুর্গত লোক। এখানে ৭০/৮০ ভাগ গরীব মানুষ বাস করে যারা দু'বেলা মুখে অন্ন দিতে পারে না, এইসব লোক ১০ দিন হাঁটলেও টাইমলি ভ্যালুয়েশন পাবে না। সুতরাং এই আইনের পরিবর্তন এবং পরিবর্ধন করার প্রয়োজন আছে মানুষের স্বার্থে। এই যে আইন হচ্ছে এটা শুধু কর্পোরেশনের জন্য নয়, সারা বাংলাদেশে অনেক মিউনিসিপ্যালিটি আছে যার জন্য এই আইন পাশ হচ্ছে। মিউনিসিপ্যালিটিতে যারা বাস করে তারা ধনী নয়, ক্যালকাটা কর্পোরেশনের শতকরা ৭০ জন মানুষ দরিদ্র, তারা ট্যাক্স পেমেণ্ট করে। আজকে উত্তেজনায় পরস্পরের প্রতি দোষারোপ ক'রে নয়, জনস্বার্থের খাতিরে, ট্যাক্স পেয়ারদের স্বার্থে এই আইনের পরিবর্তন দরকার। এটা বড়বাজারের কর্পোরেশান নয়, কারনানি ম্যানশনের কর্পোরেশান নয়, ক্যামাক স্ট্রীটের বিড়লা হাউসের কর্পোরেশন নয়, লক্ষ লক্ষ শোষিত মানুষ কলকাতা শহরে বাস করে, তাদের মুখের দিকে চেয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই বিলটা তিনি পুনরায় বিচার-বিবেচনা করুন।

শ্রীশিশিরকুমার ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েষ্ট বেঙ্গল সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বিল, ১৯৭৭ নিয়ে বিতর্ক হয়ে গেল এবং আমরা দেখলাম যে আমাদের মধ্যে অনেকে উত্তেজিত হয়ে পড়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিতর্কের সূত্রপাত করে মাননীয় মন্ত্রী মহাশয় যে-কথা শুরু করেছিলেন তাতে আমাদের প্রত্যেকের বিভিন্নভাবে উত্তেজিত হয়ে পড়া ছাড়া উপায় ছিল না। কারণ, যাঁরা পৌরসভার কমিশনার, ক্যালকাটা কর্পোরেশনের যাঁরা কাউন্সিলার তাঁরা দীর্ঘদিন এই পৌরসভাকে পরিচালনা করার পর, পৌর এলাকার মানুষের কিভাবে সমস্যার সমাধান করা যায়, কিভাবে তাদের কষ্টের লাঘব করা যায় তার প্রচেষ্টা করার পর তাঁদের কর্মক্ষমতার উপর এই বিধানসভায় লোকাল সেলফ গভর্ণমেণ্টের মন্ত্রীর যে কটাক্ষ, এই কটাক্ষ নিশ্চয়ই সমস্ত পৌরসভার কমিশনার এবং ক্যালকাটা কর্পোরেশানের কাউন্সিলারদের উপর একটা বিরাট আঘাত এবং ক্ষোভ, এই কথা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জানিয়ে দিতে চাই।

[5-30—5-40 p.m.]

একথা মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাতে হবে। মাননীয় স্পীকার স্যার, দীর্ঘদিন কলকাতা করপোরেশনে নির্বাচন হয় না। বিভিন্ন পৌরসভাগুলিতে তারা নির্বাচন না করে সেই পৌরসভাগুলিতে এ্যাডমিনিস্ট্রেটর দিয়ে বা এক্সিকিউটিভ অফিসার দিয়ে শাসিত হচ্ছে। আজ

পশ্চিমবাংলার প্রত্যেকটি মানুষের অভিজ্ঞতা হচ্ছে যে তাদের কোন জনপ্রতিনিধি নেই। তাদের দুঃখের কথা তাদের বেদনার কথা, তাদের অভাবের কথা জানাবার কোন জায়গা নেই। সেজন্য বারবার আমরা এই বিধানসভায় সাধারণ মানুষের সেই দাবী, সেই দাবীকে সোচ্চার করে বলেছিলাম যে কলকাতা করপোরেশনে বা পৌরসভাগুলিতে নির্বাচন হোক। যে-সমস্ত পৌরসভায় এক্সিকিউটিভ অফিসার বসিয়ে রাখা হয়েছে সেখানে নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা দেওয়া হোক এবং পৌরসভাগুলিতে সুষ্ঠু পরিচালনার ব্যবস্থা করা হোক। কিন্তু স্যার, সে কাজ এখনও হল না। ৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত বারবার শুনে আসছি এই ৩২ সালের আইনকে পাল্টানো উচিত। কিন্তু আজ পর্যন্ত এই আইনকে পাল্টানো গেল না। মাঝে মাঝে কিছু কিছু এ্যামেণ্ডমেণ্ট নিয়ে এসে ঐ আমলাদের হাতে ক্ষমতাকে কুক্ষিগত করবার ব্যবস্থা করা হয়। সেই সময় যাঁরা পৌরসভা এবং করপোরেশনের সঙ্গে যাঁরা যুক্ত এবং এখানকার এম এল এও বটে তাঁরা যখন এর বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠেছিলেন তখন মন্ত্রী মহাশয়কে অনেক ধৈর্যসহকারে, অনেক নমনীয়ভাবে তাদের সেই অভিযোগগুলি, তাদের সেই দাবীগুলি বিচার করা উচিত ছিল। স্যার, এটা একটা দৃষ্টিভঙ্গীর প্রশ্ন যে জনসাধারণ যাকে ভোট দিচ্ছে পৌরসভায় হোক বা করপোরেশনে হোক তাদের ক্ষমতাকে হ্রাস ক'রে, তাদের ক্ষমতাকে খর্ব ক'রে কিছু আমলাকে ক্ষমতায় বসিয়ে দেওয়া হবে—কিছু আমলার ক্ষমতাকে পুঞ্জীভূত করা হবে আর সাধারণ মানুষের অভাব-অভিযোগকে দূরে সরিয়ে রেখে এবং তাদের নির্বাচিত প্রতিনিধিদের দূরে সরিয়ে রেখে কলকাতার রাইটার্স বিল্ডিং-এ বা অন্য কোন অফিসে ব্যবস্থা করা হবে, সেখানে এসে জনসাধারণ তারা তাদের অভিযোগগুলি বলতে পারবে না এবং এই অভিযোগগুলি বলতে না পারার জন্য তারা ক্ষতিগ্রস্ত হবে, এটা কিছুতেই মানা যায় না। আপনি স্যার, লক্ষ্য করে দেখুন, বলা হল রিভিউ কমিটি হবে—রিভিউ কমিটিটা কি? রিভিউ কমিটি হচ্ছে, ঐ যাদের এ্যাসেসমেণ্ট হয়েছে, যারা মনে করে যে আমার ট্যাক্স বেশী হয়ে গেছে, আমি আবেদন করতে চাই—অন্যায়ের প্রতিকার চাই, তারা যখন তাদের নির্বাচিত প্রতিনিধিদের কাছে হাজির হয়, সেখানে ঐ যে রিভিউ কমিটি সেখানে চেয়ারম্যান হবেন ঐ বোর্ডের চেয়ারম্যান—সেখানে একজন কমিশনার থাকবে বা একজনমাত্র কাউন্সিলার থাকবে তাঁরা দুইজন মিলে রিভিউ কমিটিতে বিচার করবেন যে ট্যাক্স সঠিক হল কিনা। এই রিভিউ কমিটি যদি কখনও দ্বিমত পোষণ করেন এবং যদি তিনি কলকাতা করপোরেশনের কাউন্সিলার হন বা মিউনিসিপ্যালিটির কমিশনার হন তাহলে আর তিনজন যে বোর্ডের মেম্বার আছেন তাঁরা সকলেই আমলা, তাঁরাই বিচার করবেন যে তাঁদের এলাকার মানুষের অভাব আছে কিনা, তাঁদের এলাকার মানুষের ক্ষোভ আছে কিনা, তাঁদের এলাকার কিছু প্রয়োজন আছে কিনা—সেটা তাঁরাই বিচার করবেন। স্যার, আমরা জানি এই ইমার্জেন্সিকে সামনে রেখে অনেক আইন পাশ করবার চেষ্টা হয়েছে, অনেক অর্ডিন্যান্স পাশ করাবার চেষ্টা হয়েছে সেজন্য এত তাড়াতাড়ি ইমার্জেন্সি শেষ হয়ে যাবে এল এস জি ডিপার্টমেণ্ট বুঝতে পারেনি। তাই তারা অর্ডিন্যান্সকে বিলে রূপান্তরিত করতে চাচ্ছেন। স্যার, এই বোর্ডের টাকা জোগাবে কিন্তু ঐ দুস্থ মিউনিসিপ্যালিটিগুলি এবং ঐ কলকাতা করপোরেশন। স্যার, বহুদিন থেকে আমি বলছি যে ঐ আমলারা মন্ত্রী মহাশয়কে প্রভাবিত করেছে কিন্তু এখন বলতে চাই শুধু প্রভাবিত নয় সম্পূর্ণ গ্রাস করেছে। ঐ আলোচনা আপনাদের প্রভাবিত করেছে। আমি বলতে চাই যে শুধু প্রভাবিত করেনি, আপনাদের পরিপূর্ণ গ্রাস করেছে। ঐ আমলারা গ্রাস করার দরুন আজকে এই পরিস্থিতির উদ্ভব হয়েছে। সমস্ত পশ্চিমবাংলার সাধারণ মানুষের যে নিজস্ব অধিকার ছিল

সেই অধিকার আজকে খর্ব হতে চলেছে। এইজন্য আপনাদের কাছে আমাদের আবেদন এবং মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো যে অবিলম্বে এই বিলটা প্রত্যাহার করুন। আজ যদি পৌরসভার কোন কাজের প্রয়োজনে কোন লোক নিয়োগের প্রশ্ন আসে তাহলে পৌরসভার বোর্ড অব কমিশনারস, তারা আগের থেকে ঐ মন্ত্রিসভার কাছ থেকে, ঐ গভর্ণমেণ্টের কাছ থেকে পারমিশন না নিয়ে এ্যাপয়েণ্টমেণ্ট লেটার দিতে পারতো না অথচ এই বোর্ড শুধু তাদের এ্যাপয়েণ্টমেণ্ট দিতে পারবে না যাদের এক হাজার টাকার উপর মাইনে হবে। সাধারণ পৌরসভায় সাধারণত এক হাজার টাকার উপর কাউকে মাইনে দেয় না। কলকাতা কর্পোরেশনে হয়তো কিছু বেতন বেশী আছে---আমি বলতে পারবো না। এখানে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সমস্ত লোককে নতুন করে ঐখানে রিহ্যাবিলিটেড করবার জন্য, বিশেষ করে সরকারের ডিপার্টমেণ্টে যাঁরা ঐ সেক্রেটারির পদে অধিষ্ঠিত ছিলেন, তাঁদের রিহ্যাবিলিটেড করবার জন্য এই নতুন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এখানে বলা হচ্ছে যে সেক্রেটারি বা ঐরকম পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিকে চেয়ারম্যান করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিউনিসিপ্যাল এ্যাডমিনিস্ট্রেশনে ঐরকম পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিকে যদি চেয়ারম্যান করতে হয় তাহলে আপনি চিন্তা করে দেখুন আমাদের ষ্টেট গভর্ণমেণ্টের প্রচুর লোক আছে যাঁরা পদমর্যাদায় ঐ প্রেসিডেণ্ট বা চেয়ারম্যানের পোষ্টটায় আসতে পারেন। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, এদের বেতন কত হবে। এখানে বলা হয়েছে যে প্রয়োজনমত ৫ বৎসরের জন্য এখানে আসতে পারবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথায় মনে হয় নিশ্চয়ই এমন কোন বেশী সুযোগ দেওয়া হবে, এমন কোন বেশী সুবিধা দেওয়া হবে যাতে তারা ৫ বৎসরের জন্য ছেড়ে এসে এখান থেকে কাজ করে আবার ফিরে যেতে পারবে। নতুবা এমন একটা ব্যবস্থা হবে যা বিভিন্ন জায়গায় আমরা দেখে থাকি সেটা হচ্ছে যদি কেউ রিটায়ার করেন সেই রিটায়ার্ড সেক্রেটারি যেহেতু তাঁর অভিজ্ঞতা আছে এ্যাডমিনিস্ট্রেশন সম্পর্কে তাঁকে ধরে নিয়ে এসে ঐ বোর্ডের চেয়ারম্যান করে বসিয়ে দেওয়া হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে বলেছেন যে প্যানেল থেকে যে-সমস্ত এ্যাসেসর পাঠানো হয় তারা কম রেটে ঐ কাজটা পাবে বলে নেয় এবং তারা অন্য উপায়ে বেশী টাকা আয় করে চলে যায়। মাননীয় স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করুন ঐ প্যানেল থেকে যে নিয়োগ করা হয় ঐ প্যানেলটা কারা তৈরি করেছেন? এই প্যানেলটা তৈরি করেছেন ষ্টেট গভর্ণমেণ্ট, কাজেই এটা পরিবর্তন করা হল না, কোন ব্যবস্থা করা হল না যে এমন লোক যাবে যে কখনো এই জাতীয় কাজ করতে পারে না, কোন ব্যবস্থা হল না যে তার যে মূল্য সেই মূল্য আগে থেকে নির্ধারিত থাকবে, কোন ব্যবস্থা হল না যে তাদের মধ্যে যদি ত্রুটি দেখা যায়, তাদের মধ্যে যদি বিচ্যুতি দেখা যায়, হাইকোর্টে কেসে যদি দেখা যায় যে সেই প্যানেলে যারা ছিল তারা অন্যায় করেছে তাহলে তাদের প্যানেল থেকে নাম তুলে দেওয়া হবে। দুঃখের কথা, লজ্জার কথা, এইরকম প্রমাণ থাকা সত্ত্বেও এই মন্ত্রিসভা কিন্তু প্যানেল থেকে কারো নাম কাটেনি। তৃতীয় কথা, এই প্যানেল সম্পর্কে বলা হচ্ছে মিউনিসিপ্যাল এমপ্লয়িজরা, তারা বিভিন্ন রেট পেয়ার্সদের কাছে গিয়ে তারা হয়তো অন্য উপায়ে তাদের রেট কমিয়ে দেয়, এ্যাসেসমেণ্ট কমিয়ে দেয়। মাননীয় স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করুন এই তিনজন লোক, যে তিনজন লোককে নিয়ে বোর্ড তৈরি করা হচ্ছে এরা তো প্রতি ঘরে ঘরে যাবে না, এরা তো প্রতি হোল্ডিং-এ হোল্ডিং-এ যাবে না, এরা তো সবার কাছে গিয়ে প্রশ্ন করবে না এবং সমস্ত জায়গায় গিয়ে দাঁড়িয়ে দেখবে না, এখানে প্রশ্ন হচ্ছে এই বোর্ড আরো লোক নিয়োগ করবে, তারাও পাঠাবে বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে, তারাও পাঠাবে কর্পোরেশনের বিভিন্ন অলিতে-গলিতে, আর সেই সমস্ত লোক যেভাবে

স্থির করে দিয়ে যাবে তার উপর নতুন করে এ্যাসেসমেন্ট তৈরি হবে। ঐ বোর্ডের তিনজন মেম্বার হয়তো তার পিছনে একটা সই করবে। কিন্তু, মাননীয় স্পীকার মহাশয়, নতুন করে যে লোকগুলিকে নিয়োগ করা হল তারা যদি অনেষ্ট না হয় তাহলে তার প্রতিবিধান কি? সেইজন্য এই ধারা বন্ধ করতে হবে।

এই কালাকানুন আর কিছু নয়, এর একমাত্র লক্ষ্য হচ্ছে সমস্ত ক্ষমতাকে কেন্দ্রীভূত করে এমন একটা বোর্ড সৃষ্টি কর, এমন একটা নতুন সংগঠন সৃষ্টি কর, এমন একটা নতুন ব্যবস্থা সৃষ্টি কর যে ব্যবস্থা গ্রামের বা শহরের সাধারণ মানুষের যে অধিকার দেওয়া হয়েছিল নিজেদের এলাকাতে পৌর আইন শাসন করবার জন্য, নিজের নিজের প্রতিষ্ঠানে নির্বাচন করার যে সুযোগ দেওয়া হয়েছিল তাকে নষ্ট করে দেবার চেষ্টা করা হচ্ছে। এই চেষ্টা এর আগেও করেছে, এই চেষ্টা এখনও করছে, এই চেষ্টা তাঁরা এখনও চালিয়ে যাচ্ছেন। তারা মনে করেছিলেন এই চেষ্টা ফলবতী হবে। কিন্তু এখন যখন ইমারজেন্সী উঠে গেছে এবং এই বিল পাশ করার প্রশ্ন আছে তখন আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব অবিলম্বে এই বিল প্রত্যাহার করে এই কালাকানুন থেকে নিজে বাচুন এবং পবিত্র বিধানসভার সকলের সাথে একমত হয়ে এই বিলকে প্রত্যাখ্যান করার সুযোগ দিন।

5-40—5-50 p.m.]

শ্রীগোবিন্দ চ্যাটার্জী ঃ মাননীয় স্পীকার মহাশয়, খুব দুঃখের কথা যে এই মন্ত্রিসভা গঠনের সময় থেকে জনসাধারণের প্রতি একটা ডিসপ্লিন, ফিক্স করে দিতে চাইছেন। অধ্যক্ষ মহাশয়, গণতন্ত্রের কণ্ঠরোধ করার জন্য এই মন্ত্রিসভা নানাপ্রকারে প্রচেষ্টা শুরু করেছেন যে প্রচেষ্টাকে কোনমতেই সঙ্গত এবং এটা গণতন্ত্র হত্যার নব উদাহরণ। এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বিল এর আগেও আমরা দেখেছি যে, পৌরসভা এবং কোলকাতা কর্পোরেশনে সাধারণভাবে পশ্চিমবাংলার পৌরসভাগুলির ক্ষমতা অপহরণ করার চেষ্টা হয়েছে। পৌরসভায় লোক নিয়োগের জন্য পদ সৃষ্টির যে ক্ষমতা সেই ক্ষমতা অপহরণ করা হয়েছে। শুধু পদ সৃষ্টি না, ইতিমধ্যে সৃষ্ট পদে, সাময়িক পোস্টে নিয়োগের যে ক্ষমতা ছিল তাও অপহরণ করা হয়েছে। বিরাট সংখ্যক পৌরসভাতে কোলকাতা কর্পোরেশনসহ এ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দেওয়া হয়েছে। শুধু এ্যাডমিনিস্ট্রেটর বসান নি, সেকশন সিক্সটি সেভেনে এক্সিকিউটিভ অফিসার বসিয়েছেন। সেখানে বোর্ডও রইল, এক্সিকিউটিভ অফিসারও রইল। বোর্ডের ক্ষমতা রইল না, ক্ষমতা এক্সিকিউটিভ অফিসারের হাতে সব ভেস্ট হয়ে গেল। কিছু কিছু জায়গায় নমিনেটেড বডি করেছেন এবং এইভাবে তাঁরা গণতন্ত্রের প্রসার করতে চাইছেন। এছাড়া অসংখ্য আমলাতান্ত্রিক বিধিনিষেধের বেড়াজালে আজকে পশ্চিমবাংলার পৌরসংস্থাগুলিকে নিষ্পিষ্ট করে তুলেছেন, আজকে তাঁরা হাঁফ ছাড়ারও সুযোগ পাচ্ছেন না। পৌরসংস্থাগুলির সঙ্গে ডি এ-র ব্যাপারে একটা বন্দোবস্ত ছিল, ১৯৬৯ সাল থেকে সেটা চলে আসছিল এবং একটা লিখিত চুক্তি হয়েছিল এবং সেটা লিখিত সার্কুলার আকারে লিখিত চুক্তির মর্যাদা পেয়ে গিয়েছিল। সেটা হচ্ছে পৌরসংস্থাগুলিকে অতিরিক্ত ডি এ-র জন্য এইটি পারসেন্ট সারভেনশন গ্রান্ট দেওয়া হবে। বর্তমানে এই মন্ত্রিসভা সেই আইনকে লংঘন করছে, কয়েকটি ক্ষেত্রে ডি এ-র এইটি পারসেন্ট দেবার দায়িত্বও অস্বীকার করতে চান। শুধু তাই নয়, যে সারভেনশন গ্রান্টে এইটি পারসেন্ট পৌরসংস্থাগুলির পাওয়ার ক্ষমতা, সারভেনশনের ব্যাপারে সেটা তারা

ফিক্সড করে দিতে চাইছে। ইতিমধ্যে পৌরসভায় ১০/১২ বছর নির্বাচন হয়নি। বহু পৌরসভাতে ১০/১২/১৮ বছর নির্বাচন হয়নি। আমরা এই কোলকাতা শহরে বসে বিধানসভায় অধিবেশন করছি। এই কোলকাতা কর্পোরেশনে ১৯৭২ সালে এ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দেন, আজ পর্যন্ত সেখানে কোন নির্বাচন হয়নি। আমি বিশ্বাস করি মাননীয় পৌরমন্ত্রীর নির্বাচন করার সদিচ্ছা আছে। তিনি ব্যক্তিগত আলোচনায় সেকথা আমাকে বলেছেন। সেই ব্যাপারে তাঁর বিরুদ্ধে কিছু বলার নেই। কিন্তু দুঃখের কথা যে মন্ত্রিসভার প্রতিনিধিত্ব এই বিধানসভায় তিনি করছেন সেই মন্ত্রিসভাকে দিয়ে তিনি নির্বাচন করার ব্যবস্থা করতে পারেন নি এবং মন্ত্রিসভা কেন নির্বাচন করেন নি সেই প্রশ্ন সহজেই বুঝাতে পারা যায়। কোলকাতা কর্পোরেশনের ক্ষেত্রে এবং পশ্চিমবাংলার পৌরসংস্থাগুলির ক্ষেত্রে সেই একই ব্যবস্থা। যেখানে নির্বাচিত বোর্ড আছে—৪ বছরের জন্য নির্বাচিত বোর্ড ৮/৯/১০ বছর ধরে কাজ করে যাচ্ছে—নির্বাচনের কোন ব্যবস্থা নেই। পশ্চিমবাংলার পৌরসভার অপর পারে যে পঞ্চায়েতগুলি রয়েছে তারও একই অবস্থা, সেখানে কোন নির্বাচন নেই।

এইভাবে গণতন্ত্রকে তাঁরা কিভাবে প্রসারিত করবেন জানি না। গণতন্ত্রকে প্রসারিত করতে গেলে গণতন্ত্রকে রক্ষা করতে হয়। গণতন্ত্রকে রক্ষা না করে গণতন্ত্রের প্রসার ঘটানো যায় না। জরুরী অবস্থায় একটা বিষবৃক্ষ রোপিত হয়েছিল। সেই বিষবৃক্ষ আজ ফল দিতে শুরু করেছে এবং এখনও জরুরী পরিস্থিতি সরকারীভাবে শেষ হয়ে গেলেও পশ্চিমবাংলাতে সেই বিষবৃক্ষ এখনও ফল দিয়ে চলেছে এবং সেই বিষবৃক্ষের একটি বিষময় ফল হচ্ছে আজকে এই সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড। খুব সহজেই বোঝা যায় জরুরী অবস্থার সময় এই আইনের খসড়া হয়েছিল, অর্ডিন্যান্স হয়েছিল এবং এখন হুবহু একই আকারে তাকে পরিবর্তন না করে এই অর্ডিন্যান্সকে আজকে সভার সামনে উপস্থিত করা হয়েছে। এঁরা বলেছেন পৌরসভার নির্বাচিত কমিশনার ক্ষমতার অপব্যবহার করে থাকেন, তাদের উপর লোকাল প্রেসার আছে শুধু তাই নয়

Gross under valuation of property and inequality in assessment both in calcutta and in municipalities, lack of uniformity in assessment.

এই সমস্ত বক্তব্য ষ্টেটমেণ্টস অফ অবজেক্টস এ্যাণ্ড রিজিন্সের মধ্যে ওঁরা বলেছেন। স্যার, যে নির্বাচকমণ্ডলীর ভোটে আমরা এখানে এসেছি, যে নির্বাচকমণ্ডলীর ভোটে মন্ত্রী মহাশয় এই বিধানসভার সদস্য হয়ে এসেছেন সেই নির্বাচকমণ্ডলী কলকাতা করপোরেশন এবং পৌরসংস্থায় প্রতিনিধি নির্বাচন করে থাকেন এবং এ্যাডাল্ট ফ্রানচাইস ভোটে পৌরসংস্থাগুলির নির্বাচন হয়। যে ভোটার একবার মিউনিসিপ্যালিটির কমিশনার নির্বাচন করেন, সেই ভোটাররাই আবার লোকসভার নির্বাচনে ভোট দিয়ে প্রতিনিধি পাঠিয়ে থাকেন। কাজেই এই কথা বলার সঙ্গে সঙ্গে জনসাধারণের নির্বাচিত প্রতিনিধিদের অপমান করা হয়। যদি লোকসভায় দাঁড়িয়ে বিধানসভার সদস্যদের প্রতি অসম্মানজনক উক্তি করেন সেটা যেমন গণতন্ত্রবিরোধী হয়, তেমনি আজকে বিধানসভায় দাঁড়িয়ে যদি স্থানীয় স্বায়ত্তশাসনের নির্বাচিত প্রতিনিধিদের প্রতি অসম্মানজনক উক্তি করা হয় সেটাও গণতন্ত্রসম্মত নয়। এটা মন্ত্রী মহাশয়ের বোঝার প্রয়োজন আছে। এটা বুঝতে অক্ষমতার জন্যই জনসাধারণের প্রয়োজনের প্রতি তাঁরা সম্পূর্ণ অবহেলা করেছেন, সম্পূর্ণ বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন করেছেন এবং এই বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন করার শাস্তিস্বরূপ জনসাধারণ এই যারা ক্ষমতার অপব্যবহার করার জন্য তাদের গণ্ডদেশে চপেটাঘাত করেছেন। সেই জিনিস যদি তাঁরা করে চলেন এবং দেওয়ালের লিখন পড়তে যদি তাঁরা অসমর্থ হন বা

অস্বীকৃত হন তাহলে তাদের অঙ্গবিশেষে তাঁরা পদাঘাত পাবেন কিনা আমি জানি না। জনসাধারণের যে মনোভাব এবং জনসাধারণের যে মেজাজ তাতে করে এটা সহজেই অনুমেয় তারা এই জবরদস্তিকে বরদাস্ত করবে না। অধ্যক্ষ মহাশয়, আজকে কেন্দ্রীয়ভাবে জাতীয় নীতি হিসাবে প্রধানমন্ত্রী এটাকে স্বীকৃতি দিতে চলেছেন যে পৌরসভাগুলির ক্ষমতা বৃদ্ধি করা হবে, ক্ষমতার অপব্যবহার হবে না, উপরন্তু ক্ষমতা বৃদ্ধি করা হবে। শুধু তাই নয়, তারা যাতে এফিসিয়েণ্টলি কাজ করতে পারে সেইজন্য তাদের সাহায্য করা হবে। তাদের পথকে সুগম করে দেওয়া হবে। একাধিকবার প্রধানমন্ত্রী এই ঘোষণা করেছেন। ভারতবর্ষের প্রধানমন্ত্রী যে ঘোষণা করেছেন, পশ্চিমবঙ্গের মন্ত্রিসভা তা থেকে অন্য পৃথক ঘোষণা করতে পারেন কিনা জানি না। কিন্তু আজকে বিলের মাধ্যমে দেখা যাচ্ছে জাতীয় লক্ষ্য হিসাবে বিকেন্দ্রীয়করণকে একটা নির্দিষ্ট লক্ষ্য করার চেষ্টা করা হচ্ছে তখন এখানে অধিকতর কেন্দ্রীয়করণের প্রচেষ্টা হচ্ছে এবং সেই কেন্দ্রীয়করণ সমস্তরকম গণতান্ত্রিক নীতিবোধ বিবর্জিত। কোন কোন ক্ষেত্রবিশেষে প্রয়োজন হতে পারে শক্তিশালী শাসনব্যবস্থার জন্য, এটা আমরা অস্বীকার করি না। কিন্তু সেই কেন্দ্রীকরণ যদি গণতান্ত্রিক বিবর্জিত কেন্দ্রীয়করণ হয় তা জনসাধারণের অসীম ক্ষতি করে সেইটা আমরা অতীত অভিজ্ঞতা থেকে বহুবার দেখেছি, ইতিহাসে তার ভূরি ভূরি সাক্ষ্য রয়ে গিয়েছে।

[5-50—6-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পৌরসংস্থাগুলি মূল্যায়নের ক্ষেত্রে এ্যাসেসমেণ্ট এণ্ড ভ্যালুয়েশনের ক্ষেত্রে যে বিল আনা হয়েছে সেই বিলে শুধু একটা ব্যবস্থা করা হয়েছে, কিন্তু কোন নীতি-নির্দেশক বক্তব্য নেই, কোন নির্দেশ নেই যে কি পদ্ধতিতে এ্যাসেসমেণ্ট করা হবে এবং পৌর আইন আমূল সংস্কার করার যে দাবী আমরা এই বিধানসভায় বিগত কয়েক বছর ধরে প্রতিটি বক্তৃতায় করে আসছি মিউনিসিপ্যাল প্রাণ্টের বিভিন্ন সময়ে আলোচনা প্রসঙ্গে, সেই দাবীকে সম্পূর্ণভাবে অবহেলা করা হয়েছে। আমাদের সেই দাবীকে সম্পূর্ণভাবে অবহেলা করে আজকে একটা সেকশন্যাল এ্যামেণ্ডমেণ্ট এনেছেন সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের মধ্য দিয়ে। অধ্যক্ষ মহাশয়, কেন তিনি কমপ্রিহেনসিভ এ্যামেণ্ডমেণ্ট আনলেন না? মাননীয় পৌরমন্ত্রী এই সভায় একাধিকবার দাঁড়িয়ে বলেছেন কমপ্রিহেনসিভ এ্যামেণ্ডমেণ্ট আনবেন এবং বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টের সুষ্ঠু সমাধান করবেন। কিন্তু তার পরিবর্তে শুধুমাত্র একটি অংশ ধরে এ্যামেণ্ডমেণ্ট করতে চাইলেন। পৌরসভার সমস্যা শুধুমাত্র ভ্যালুয়েশন দিয়ে আছে? শুধু ভ্যালুয়েশনের পরিবর্তন করলে পৌর সমস্যার সম্পূর্ণ সমাধান হয়ে যাবে? অধ্যক্ষ মহাশয়, এই সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের মধ্য দিয়ে যে জিনিসটা সবচেয়ে প্রকট হয়ে পড়েছে সেটা হচ্ছে ট্যাক্স রেভিনিউয়ের উপর অত্যন্ত বেশী নির্ভর করা হয়েছে, নন-ট্যাক্স রেভিনিউ কিভাবে করে আয় বাড়ানো যায় সে-বিষয়ে পৌরসভাগুলির কোন প্রচেষ্টা নেই। উনি জ্যাকেরিয়া কমিটি, লোকাল ট্যাক্সেস এনকোয়ারি কমিটির কথা বললেন। তাঁরা কি শুধু সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের সুপারিশ করেছিলেন, আর যে বিভিন্ন সুপারিশ করেছেন পৌরসভা গঠন থেকে আরম্ভ করে আয় বাড়ানোর ব্যবস্থা পর্যন্ত যে-সমস্ত লোকাল ট্যাক্স কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার আদায় করে থাকেন তার শেয়ার দেবার ব্যাপারে এই সমস্ত সুনির্দিষ্ট সুপারিশ যেগুলি আছে সেগুলি কি ভুলে গেলেন? এই সমস্ত কমিটি, কমিশন বিভিন্ন সময়ে বলেনি পৌরসংস্থাগুলিকে এ্যামিউজমেণ্ট ট্যাক্স, মোটর ভেহিকল ট্যাক্স, ইলেকট্রিসিটি ডিউটির শেয়ার দাও? তাঁরা সেলস ট্যাক্স শেয়ারের কথা বলেছেন।

কোথায় গেল এ্যামিউজমেণ্ট ট্যাক্সের শেয়ার, কোথায় গেল সেলস ট্যাক্সের শেয়ার, কোথায় গেল ইলেকট্রিসিটি ডিউটি শেয়ার? সেই কথা তাঁদের মনে পড়ল না? শুধুমাত্র সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড করে দিলেই এ্যাসেসমেণ্টের ব্যবস্থা হয়ে যাবে? আমরা জানি বর্তমান ব্যবস্থার মধ্যে বহু গলদ আছে, বহু পাপ আছে, বহু দুর্বলতা আছে। কিন্তু তার সমাধান কি এই সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড? অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিলটি এনেছেন তাতে একটি বিষয়ে তিনি সম্পূর্ণভাবে অবজ্ঞা করেছেন সেটা হচ্ছে পৌরসভাগুলিকে দিয়ে কিভাবে ভ্যালুয়েশন, এ্যাসেসমেণ্ট করানো যায় সেই বিষয় সম্পূর্ণ অন্ধকারে রেখেছেন। বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট, সেকশন ৪৮-এ যে ক্ষমতা আছে তাতে শুধুমাত্র পিরিয়ডিক্যাল, কুইনকুইনিয়্যাল এ্যাসেসমেণ্টের পরে যে দু'-একটি বাড়ী হয়, ঘরদোর বাড়ে শুধু সেই ক্ষমতাই দেওয়া আছে। কিন্তু মিউনিসিপ্যালিটির হাতে এ্যাসেসমেণ্টের ক্ষমতা নেই, এই ক্ষমতা দেওয়া আছে পেনাল এ্যাসেসরের হাতে, যে পেনাল এ্যাসেসর তৈরী করেন রাজ্য সরকার—তারা এই মিউনিসিপ্যালিটির সার্ভিস দেবে। এখানে অনেক জাল-জোচ্চুরি আছে, অন্যায় আছে এটা আমরা সকলেই জানি। তার জন্য তিনি একটা আইন করলেন না কেন যে মিউনিসিপ্যালিটিগুলিকে এ্যাসেসমেণ্ট করবার ক্ষমতা দিয়ে দেওয়া হবে? তাদের পাবলিকের কাছে এ্যাকাউণ্টেবিলিটি আছে। তারা যদি আজকে ভুল কাজ করে, অন্যায় কাজ করে, নীতিহীন কাজ করে, তাহলে জনসাধারণের কাছে, নির্বাচকমণ্ডলীর কাছে তাদের কৈফিয়ৎ দিতে হবে, কিন্তু সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড তার আমলাদের সেই কৈফিয়ৎ দেবার কোন দায় নেই। অধ্যক্ষ মহাশয়, একটা ফার্ম গাইডলাইন দিয়ে এই সমস্যার সমাধান করা যেত সেটা হচ্ছে, ইনকাম ট্যাক্সের যেমন স্ল্যাব বেঁধে দেওয়া আছে ফাস্ট ক্ল্যাশ, সেকেণ্ড ক্ল্যাশ, থার্ড ক্ল্যাশ এইরকম ধরনের একটা যদি গ্রেডিং করে দিতেন এবং জনসংখ্যা অনুযায়ী পৌরসভার এলাকাগুলি শ্রেণীবিভাগ করে দিতেন এবং এলাকা ভিত্তিতে পাকা বাড়ীর ক্ষেত্রফল অনুযায়ী একটা গ্রেডিং করে দিতেন তার মিনিমাম এবং ম্যাক্সিমাম রেট ঠিক করে দিতেন তাহলে একটা প্রিন্সিপল ঠিক হয়ে যেত এবং আমলাতন্ত্রকে বর্জন করে মিউনিসিপ্যালিটিগুলি নিজেরাই এ্যাসেসমেণ্ট করতে পারত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা হল ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন—এদের যে ইলেকট্রিক পোল আছে সেই পোলগুলির উপর ভ্যালুয়েশন কিছু কিছু পৌরসভা করেছিল এই সি ই এস সি'র পোল ভ্যালুয়েশনের উপর একটা বিরাট মামলা হয়ে গেছে এবং আদালতে তার নিষ্পত্তি হয়ে গেছে। কিন্তু সেণ্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডে আদালতে যাবার অধিকার থেকে বঞ্চিত হবার ফলে সেখানে প্রিন্সিপলের ব্যাপারে যে ডিসপিউট দেখা দেবে সেই প্রশ্নের সুবিচার এখানে হবে না—হাইকোর্ট, সুপ্রীম কোর্ট গিয়ে সেই সুবিচার হতে পারে—জুডিসিয়্যাল লোকদের দিয়ে সেই সুবিচার কখন হতে পারে না। অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি এবং আমার এ্যামেণ্ডমেণ্টগুলি মুভ করছি। কিন্তু তা সত্ত্বেও আমি অনুরোধ করব এই বিলটিকে আপাতত প্রত্যাহার করে নিন এবং পরবর্তী সেশনে আনলে তিনি জনসাধারণের কাছে ধন্যবাদের পাত্র হবেন, যদি ঠাণ্ডা মাথায় এটা বিবেচনা করা যায়, এই অধিবেশনের শেষদিনে এমন তাড়াহুড়া করে বিল পাশ করলে গণতন্ত্র স্বার্থক হবে না, গণতান্ত্রিক নীতিবোধকে জলাঞ্জলি দেওয়া হবে।

শ্রীবলাইলাল শেঠ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী আজকে যে বিল এনেছেন সেই বিলকে মোটামুটিভাবে সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই

হাউসে রাখছি। স্যার, আমরা জানি, কোন জিনিসের পরিবর্তন করতে গেলে প্রথমটা ধাক্কা লাগে। আমরা দীর্ঘদিন ধরে যেভাবে অভ্যস্ত আছি সেই অবস্থা থেকে অন্যদিকে যদি যেতে হয় তাহলে স্বাভাবিক কারণেই মনে ধাক্কা লাগে। এখানে বিলের সমালোচনা বিভিন্ন দিক থেকে হয়েছে এবং এল এস জি'র সঙ্গে যাঁরা দীর্ঘদিন ধরে যুক্ত আছেন তাঁরা বিভিন্নভাবে তাঁদের বক্তব্য রেখেছেন। তবে আলোচনা-প্রসঙ্গে বিলের ধারের কাছেও অনেকে যেতে চাননি, জনসভাতে যেগুলি বলা চলে সেগুলিই আইনসভাতে রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বয়স্ক সদস্য শ্রীনন্দলাল ব্যানার্জী মহাশয় বিভিন্নভাবে রাত্রে কখন ৪টার সময় উঠতে হয়, কিভাবে রাত্রি ১২টার সময় ঘুমাতে হয় তার দীর্ঘ ফিরিস্তি দিয়েছেন। আমরা জানি অনেকে আছেন যাঁরা ৪টার সময় ওঠেন, জনসেবা করতে করতে ঘুমাবার সময় পর্যন্ত পান না, এইভাবে তাঁরা তাঁদের ওয়ার্ডের সেবা করে গিয়েছেন কিন্তু তার জন্য সেটা দীর্ঘ বক্তৃতা করে জাহির করবার প্রয়োজন নেই। স্যার, এই বিল প্রসঙ্গে আমি বলতে চাই যে, আমরা এই বিলের মধ্যে অনেক কিছুর আশঙ্কা করছি এবং সেই ভিত্তিতে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি কতকগুলি এ্যামেণ্ডমেণ্ট আনতে। স্যার, ভ্যালুয়েশন যে হয় এবং তাতে এ্যাসেসররা যে চুরি করে সেই চুরি বন্ধ করার যে সিসটেম আছে তাতে কি চুরি বন্ধ করা গিয়েছে? স্যার, আমিও পৌরসভার সঙ্গে যুক্ত আছি, আমিও এই ব্যাপারে কিছু বুঝি। সেখানে এ্যাসেসরদের পয়সা দিয়ে কমিয়ে নেয়। কমিশনারদের অবশ্য কিছু ক্ষমতা আছে, সেখানে যে রিভিউ কমিটি আছে সেই রিভিউ কমিটিতে দরখাস্ত করলে হেয়ারিং শুনে সেখানে কমিয়ে দেওয়া হয়। স্যার, আজকে পৌরসভাগুলির এই যে অচল অবস্থার সৃষ্টি হয়েছে তার কারণ অর্থের অভাব। তবে পৌরসভাতে জনগণের নির্বাচিত প্রতিনিধি থাকলেই যে সেখানে সত্যিকারের সব সমস্যার সমাধান হয়ে যাবে একথা ঠিক নয়, এই প্রসঙ্গে স্যার, বলি, সরকার থেকে যখন অডিট করতে যান তখন দেখা যায় বিভিন্ন অর্থনৈতিক গাফিলতি রয়েছে। সেগুলি দূর করার জন্য সরকার একটি দৃঢ় পদক্ষেপ নিচ্ছেন। সরকারকে এটা নিতে হয়েছে তার কারণ অনেকে সেই পৌরসভার মধ্যে থেকে যে বাড়ীর ভ্যালুয়েশন ১০ হাজার টাকা হওয়া উচিত সেটা জানা সত্ত্বেও সেটাকে কমিয়ে ১০ টাকা করে দেন। নির্বাচিত হবার জন্য ভ্যালুয়েশন কমিয়ে দিয়ে গরিব মানুষদের ক্ষতি করে ৫০ বছর কমিশনার থাকা যায় কিন্তু তাতে ওয়ার্ডের উন্নতি করা যায় না। মরে গেলে হয়ত রাস্তার নামকরণ করা যায় কিন্তু অন্য কিছু করা যায় না। স্যার, এমন অবস্থা নামকরণটা পর্যন্ত আমাদের মন্ত্রিসভার তরুণ মন্ত্রী বন্ধ করে দিয়েছেন। এইসব কারণে তাঁর দীর্ঘ দেশসেবার পর রাস্তার নামকরণটা পর্যন্ত করতে পারবেন না। স্যার, আমি জানি না, গরিবদের স্বার্থ বজায় রাখার জন্য, না, টাটা-বিড়লার স্বার্থরক্ষা করার জন্য এইসব কথা বলা হয়েছে।

[6-00—6-10 p.m.]

আমি মনে করি এই যে সেণ্ট্রাল বোর্ড, এটাকে একটু এ্যামেণ্ড করে যেন এরা সেই পৌরসভা এলাকায় গিয়ে এ্যাসেসমেণ্ট নেয় এবং কোর্টে যাবার রাইট, ফাণ্ডামেণ্টাল রাইট, যেটা তার বক্তব্য শোনার, সেটা রিভিউ কমিটি থেকে বদল করে এই বোর্ড যেন সেই পৌরসভার মধ্যে গিয়ে করে। এই বোর্ড যেন সেখানে গিয়ে করে, এই ব্যাপারটি মাননীয় মন্ত্রী মহাশয়কে বিবেচনার জন্য বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nandalal Banerjee : Mr. Speaker Sir, when I spoke with a great emotion. My young friend is really a very active Minister and he has taken certain exceptions to it. I am really sorry for that but I would still request him to send this Bill to a Select Committee.

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ ধরে অনেক বক্তার বক্তব্য অত্যন্ত মনোযোগ দিয়ে শুনলাম। আমি চেষ্টা করেছি মনোযোগ দিয়ে সমস্ত বক্তার বক্তব্য অনুধাবন করবার। আমি নিজে ব্যক্তিগতভাবে খুব খুশি এবং আনন্দিত যে দীর্ঘদিন পরে পৌরসভা-সংক্রান্ত ব্যাপারে বিধানসভায় এত গুরুত্বলাভ করেছে এবং প্রায় বহু সদস্যই বিভিন্ন-ভাবে তাঁদের দীর্ঘদিনের চিন্তা অভিব্যক্ত করেছেন। কেউ কেউ সাজেশনও রেখেছেন। আমি খুশি এই কারণে বললাম, আমি গত চার বছর ধরে কলকাতাসমেত বিভিন্ন পৌরসভার দায়িত্বে মন্ত্রী থেকে দেখেছি যে বহু সময় অন্যান্য ব্যাপার যেমন গুরুত্ব পায়, পৌরসভা সেই পরিমাণে তার আলোচনার গুরুত্ব পায় না। আমি এমনও দেখেছি, বিধানসভায় যখন পৌরসভার বিল উত্থাপিত হয়েছে বিভিন্ন সময়ে, এমন কি এই অধিবেশনেও তখন উভয় এবং বিভিন্ন দলের সদস্যরা এমন কি যাঁরা নির্বাচিত কাউন্সিলার ছিলেন দীর্ঘদিন, তাঁরা সভায় থাকেন না এবং এমন কি অনেক সময় হাজির হয়েও অংশগ্রহণ করেন না।

সেই জায়গায় আজ যে-কোনভাবে হোক তাঁরা গুরুত্ব দিয়েছেন। আজ এই পৌরসভা-সংক্রান্ত আলোচনায় আমি তাঁদের আন্তরিক ধন্যবাদ দিচ্ছি এবং এই সঙ্গে আর একটি কথা জানিয়ে দিতে চাই যে পৌরসভাকে যদি সমধিক গুরুত্ব অন্যান্য দপ্তরের মত না দেন তাহলে এমন দিন আসবে যখন পৌরসভাগুলির অস্তিত্ব রক্ষার জন্য আপনাদের বলতে হবে অথবা বাহিরে আন্দোলন করতে হবে। পৌরসভার কি ভীষণ অবস্থা তা জানি। এদের চাপ দিতে গিয়ে দেখেছি একটা টায়ার্ড হর্সকে হুইপ করা হচ্ছে। এমন পৌরসভা দেখেছি সেখানে সমস্ত দেয় ট্যাক্সও যদি দিয়ে দেওয়া হয় তাহলে পৌরসভায় মিনিমাম ওয়েজ বিল হয় না। এমন বহু পৌরসভা আছে যারা গভর্ণমেণ্টের অনুদানের জন্য চাতক পাখীর মতো অপেক্ষা করে থাকে। বহু পৌরসভা আর্থিক দুরবস্থার জন্য জল সরবরাহ করতে পারে না। এই নেই নেই অবস্থা দেখে যখনই তাদের উপর চাপ দিতে যাই তখনই লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। তাদের এমন একটা কেউ দেখাতে পারবেন না যেখানে যে পৌরসভা নিজের পায়ে দাঁড়াতে সক্ষম হয়েছে বা সিভিক এ্যামিনিটিস দিতে পেরেছে। তার কারণ ভাঁড়ে মা-ভবানী—টাকা নেই। ক্যালকাটা কর্পোরেশনেরও একই অবস্থা—২০ কোটি টাকার বাজেট এবং তা মিনিমাম ওয়েজ দিতেই খরচ হয়ে যায়। এবং সিভিক এ্যামিনিটিস দেবার জন্য একটা পয়সা থাকে না। আমরা যারা রাজনীতি করি, আমরা সবসময় দুঃখের কথা বলতে যত এক্সপার্ট তার সমাধানের কথা বলতে পারি না। আমি বিশ্বনাথ-বাবুর বক্তৃতায় অনেক জায়গায় সমর্থন করি। আমি মনে করি আদালতের হাতে সমস্ত ক্ষমতা দিয়ে দিলে খুব ভাল হবে না। ইমার্জেন্সিতে আদালতের ক্ষমতা কিছু সঙ্কুচিত করা হয়েছিল। তাতে সব না হলেও কিছুটা ভাল হয়েছিল। আদালত হচ্ছে গুড মানি, গুড ক্লথ, গুড জাস্টিস। আজও আদালতে বিচার কিনতে পাওয়া যায়। কোথায় সমাজতন্ত্র? যেদেশে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে, ৫ টাকা দিয়ে আদালতে বিচার কিনতে পাওয়া যায়। পকেট ভরে যদি টাকা নিয়ে যেতে পারেন তাহলে নিজের পক্ষে রায় আসতে পারে। সুতরাং সমস্ত ক্ষমতা তাদের হাতে দিয়ে দিলে তাতে ভেস্টেড ইণ্টারেস্টেড মানুষের সমস্যার সমাধান হবে, না ভূমিহীন,

গরীব মানুষদের সমস্যার সমাধান হবে? ২২৬-এর কথা বলব। সি পি আই-রা জানেন না, যাঁরা ভূমি, শ্রমিক আন্দোলন করে থাকেন, বড়লোকের স্বার্থ কিভাবে আদালত রক্ষা করে থাকে। শুধু টাকা ও ২২৬-এর জোরে তারা মুণ্ডু, ধান কেটে নিয়ে যাচ্ছে। সেজন্যই ইমার্জেন্সিকে আদালতে সঙ্কুচিত করা হয়েছিল। আমি ইমার্জেন্সিতে ডিপেণ্ড করি না। কিন্তু একথা অস্বীকার করি না যে ইমার্জেন্সি যখন করা হয়েছিল তখন উপযুক্ত সময়ে করা হয়েছিল। কিন্তু রূপায়ণের ক্ষেত্রে চূড়ান্ত ব্যর্থতা হয়েছিল এবং তার জন্যই আমাদের শাস্তি নিতে হয়েছে। একসময়ে ট্যাক্স বেড়েছে ফলে একটা কাগজ পাঠিয়ে দিলেন ট্রিভোলি কোর্টের মালিক। ১০-১২ কোটি টাকা কর্পোরেশনকে দেয় টাকা, গরীব লোকের টাকা মেরে তা সুদে খাটাতে লাগলেন। এইভাবে কর্পোরেশনের টাকা সুদে খাটছে। এই বিল তার প্রতিবন্ধক। এখানে বলা হয়েছে আগে ট্যাক্স দাও তারপর আদালতে যাবে এবং আদালত যদি বলে এই ট্যাক্স বেশী নিয়েছে তাহলে সেটা পরে এডজাস্ট হবে। এটা না করলে আদালতকে ফ্রিডম দেবার নাম করে কর্পোরেশনের টাকা বড়লোকেরা খাটিয়ে নেবেন।

[6-10—6-20 p.m.]

আপনারা অনেকেই এই বিলের মূল কথা খোঁজবার চেষ্টা করেন নি। আমি বারবার বলেছি এবং তার প্রতিধ্বনি করি যে আমি যতদিন মন্ত্রিসভার দায়িত্বে আছি আমি গ্যারাণ্টি দিয়ে বলছি বিচ্ছিন্নভাবে কোন ঘটনা ঘটলে আমরা তার জন্য সম্পূর্ণ দায়ী নই, সেটা নিশ্চয়ই দেখব, কিন্তু সাধারণভাবে প্রোগেসিভ হারে ট্যাকসেশন যদি হয় তবে, এর জন্য গরীব লোকের উপর করের বোঝা বাড়েনি এবং বাড়বে না। এর মধ্যে সেই প্রিন্সিপল নেই, যেটা অনেকে ভুল করেছেন। এর মধ্যে কোন প্রিন্সিপল নেই ভাল এবং মন্দবিশেষ সমালোচনা। আমি হয়ত আগের আদায়ের সিস্টেমটা পাল্টিয়েছি, আমি বেসিক প্রিন্সিপল পাল্টাই নি। এর মধ্যে একটা অক্ষরও নেই যাতে দাবি করতে পারবেন বেসিক প্রিন্সিপল পাল্টিয়েছি। এর মধ্যে ট্যাক্স আদায় করার ব্যাপারে গরীব লোক এবং বড়লোকদের পার্থক্য আছে। সেই মূল জায়গা থেকে সরে গিয়ে মাননীয় সদস্য নন্দলালবাবু বললেন তিনি গরীবের দুঃখে কেঁদেছেন, গরীবের দুঃখ বুঝছেন, আমরা কেউ বুঝিনি। তিনি তো বুঝবেনই। বৃটিশ পিরিয়ড থেকে আজ পর্যন্ত ৪ হাজার টাকা বেতনের ১২ বছর অফিসার বার্মাশেলের, তিনি যদি গরীবের দুঃখ না বোঝেন তাহলে আমি শিক্ষক, মধ্যবিত্ত পরিবারের মানুষ, আমি কি করে বুঝব। এটা বোঝাবুঝির প্রশ্ন নয়, প্রশ্ন হল মানুষের স্বার্থ। আমি আপনার কাছে আবেদন করছি আমরা আদায় করার পদ্ধতি পরিবর্তন করেছি, ট্যাক্স ইম্পোজ করার নতুন কোন প্রিন্সিপল নেই। আমি বিশ্বনাথবাবুর একথা সমর্থন করি, তিনি যে প্রিন্সিপলের কথা তুলেছেন সেই প্রিন্সিপলটা দিন, শুধু তিনি নন, তাঁর দল এবং অন্যান্য সকলে দিন যে এই প্রিন্সিপল কিভাবে হবে এবং কিভাবে ইম্পোজড হবে তার নির্দেশ দিন। আমরা পারিনি। আমি অনেক জায়গায় দেখবার চেষ্টা করেছি গরীব মানুষকে বিব্রত না করে গরীব মানুষকে বুঝিয়ে কি করে কর আদায়ের হার বৃদ্ধি করা যায়। আমি খুঁজে পাইনি এখনও। আমি একটা পেয়েছিলাম, কিন্তু তাতে গরীব মানুষের ট্যাক্স অনেক পরিমাণে বৃদ্ধি হবে। সেটার বেসিস রেণ্টের উপর না হয়ে যদি মডেল ভ্যালুয়েশনের উপর হয় যা বিশ্বের বহু দেশে রয়েছে, তা যদি হয় তাহলে বহু গরীব লোক মারা পড়ে যাবে, যার জন্য আমরা তাতে হাত দিতে পারিনি। ট্যাক্সের দুটো ভাগ—একটা হচ্ছে কালেকশন, আর একটা হচ্ছে ইম্পোজড

এ্যাসেসমেণ্ট। এ্যাসেসমেণ্টটা হল প্রথম ভাগ এবং তা ইম্পোজ করার প্রিন্সিপলটা কি হত তা জানা নেই, সেটা পেণ্ডিং আছে, ভাল-মন্দের বিচার এখনই করা যাবে না। আমি আপনাদের কাছে আরো বলতে চাই কমিশনারের ক্ষমতা সম্পর্কে অনেকে ব্যাকুল হয়ে পড়েছেন। হ্যাঁ, নিশ্চয়ই, শাক দিয়ে মাছ ঢাকতে পারব না। কমিশনারের তথাকথিত ক্ষমতা আনডিউ এ্যাডভাণ্টেজ কোন কোন জায়গায় খর্ব করা হয়েছে। শুধু এই বিলে নয়, গত ৪ বছরে যে কয়টি বিল এনেছি তার অনেক জায়গায় খর্ব করা হয়েছে। খর্ব করা মূলত হয়েছে সি এম ডি এ, কর্পোরেশনে, তার মানে ডেভেলপমেণ্টের ক্ষমতা কোন কমিশনারের হাতে নেই। খর্ব হয়েছে কোথায়, না, এই বিল যদি পাশ হয়ে যায় তাহলে ইণ্ডিভিজুয়্যাল কমিশনাররা, আমাকে ক্ষমা করবেন, কমিশনারের সঙ্গে আমার ব্যক্তিগত ঝগড়া নেই, কিন্তু একটা বাস্তব জিনিস আমাকে স্বীকার করতে হবে, বিভিন্ন জায়গায় আনডিউ এ্যাডভাণ্টেজ দেবার চেষ্টা করেছেন। প্রশাসন চালাতে গেলে, মিউনিসিপ্যালিটি কর্পোরেশন চালাতে গেলে ফাটল দিয়ে জল সরবরাহ করা যাবে না, তার জন্য টাকা চাই এবং সরকার সেই টাকা অনুদান করে যেতে পারেন না। অর্থনীতির গোড়ার কথা হচ্ছে মানুষের ট্যাক্সের মধ্য দিয়ে দেশ চালাতে হয়, সেজন্য গরীব মানুষ সম্পূর্ণ বাদ যাবে না, হয়ত লক্ষ্য রাখতে হবে যাতে প্রোগ্রেসিভ হারে ট্যাক্সটা হয়। বিশেষ এমন কোন্ দেশ আছে যেখানে ট্যাক্স ছাড়া প্রশাসন চলতে পারে?

আমিও লণ্ডন গিয়েছিলাম, লণ্ডন এটা নয় আমি জানি, কিন্তু তবুও তার অনেক ভাল জিনিস আমরা গ্রহণ করে থাকি, তারাই স্বায়ত্তশাসনের জন্মদাতা, লণ্ডন মিউনিসিপ্যালিটি তারা স্বায়ত্তশাসনের জন্মদাতা পাইওনীয়ার অব দি স্বায়ত্তশাসন। আজকে সেখানেও একই সিস্টেম। গভর্ণমেণ্ট কালেকশন করে তাদের দিয়ে দেয়---তাদের নিজস্ব কালেকশন করার কিছু নেই। আমরা কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির টাকা নিয়ে গভর্ণমেণ্টকে দেব না। গভর্ণমেণ্ট এই এ্যাসেসমেণ্ট করবে, কর্পোরেশন বা পৌরসভারই সেটা সম্পত্তি হবে, সরকারের সম্পত্তি তা হবে না। সুতরাং আমি আরও আপনাদের কাছে বলতে চাই একটা জিনিস সেটা আইনে নেই পরিবর্তনের জন্য আমি নিশ্চয়ই স্বীকার করে নেব, সেটা এক্ষুণি করা যাবে না, সেটা হল বোর্ডের রিভিউ যাতে কলকাতায় বসে না হয়---প্রত্যেকটি মিউনিসিপ্যালিটিতে যাতে রিভিউ করা হয়---সেই প্রস্তাবটা বোধহয় শিশিরবাবু দিয়েছেন---আমি এটা এক্ষণি মানতে পারছি না, আমি আপনাদের কাছে এইটুকু বলতে পারি যে এটা অত্যন্ত যুক্তিসঙ্গত প্রস্তাব, পরবর্তী পর্যায়ে আমি করব। আমি আরও আপনাদের কাছে বলতে চাই যে এই বিলের মধ্যে ট্যাক্স ইম্পোজড করার কোনরকম পদ্ধতির পরিবর্তন হয়নি। এবং শুধু আদালত এবং ঐ বোর্ডের রিভিউ না করে পৌরসভায় গিয়ে করা এইটুকু ছাড়া আমি কোন উদ্দেশ্যপ্রণোদিত হয়ে এই বিল আপনাদের সামনে উপস্থিত করিনি। পৌরসভার নির্বাচন না করার জন্য এই বিল নয়, আমি ব্যক্তিগতভাবে দ্ব্যর্থহীন ভাষায় বলতে চাই যে আমি নির্বাচন চাই এবং আমাদের সরকারও নির্বাচন চায়। নির্বাচন যদি দ্রুত চান আমাদের অবস্থা বিবেচনা না করেও তাহলে আপনারা সমস্ত সদস্যরা বিধানসভার নেতার কাছে জানান। কিন্তু এইটুকু পরিষ্কারভাবে জেনে যান যে আমি এবং আমাদের সরকার নির্বাচনে বিশ্বাস করি। আমরা চিরকাল থাকবো না, চিরকার কমিশনারদের ক্ষমতা দেব না। আমরা পরিবর্তন করবার জন্য এসেছিলাম, পরিবর্তন হয়নি কোন কর্পোরেশনে, পৌরসভায় হয়নি-- ---

Mr. Speaker: I extended the time for this Bill by one hour and that one hour will also expire at 6·22. I think the Hon'ble Minister will continue for some time more and there are also some amendments. In that case I have not got the power to extend the time. The time may be extended by a special motion under Rule 290. Mr. Mukherjee, are you going to pass this Bill today or are you thinking otherwise ?

Shri Subrata Mukhopadhaya : আমার আরও কিছু সময় লাগবে।

Mr. Speaker: I think the Hon'ble Minister wants half an hour's time. Then the Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs may move the motion under Rule 290.

Shri Gyan Singh Sohanpal : Sir, the time allotted for discussion of this Bill will expire at 6·22. Since the mover of the Bill is yet to speak and there are a number of amendments, I beg to move that the time be extended by another half an hour.

Mr. Speaker: I think the House agrees to the motion move by the Hon'ble Minister.

(Voices : Yes)

So the motion is accepted and the time is extended by half an hour under Rule 290.

[6-20—6-30 p.m.]

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ

এই বিলের মধ্যে দিয়ে একজাক্টলি কি করতে চাওয়া হয়েছে সেটা সংক্ষেপে আপনাদের কাছে রাখতে চাই যাতে আপনাদের সুবিধা হয় এটা বিচার-বিবেচনা করার। কলকাতা এবং হাওড়া ছাড়া বাংলাদেশের ৯০টি মিউনিসিপ্যালিটিতে এ্যাসেসমেণ্ট হয় একটা প্রচণ্ড খারাপ আইনের মধ্যে দিয়ে, যার মধ্যে দিয়ে ইণ্ডাষ্ট্রিস হবার সম্ভাবনা এবং কোরাপশনের সম্ভাবনা প্রচুর পরিমাণে থাকে। যেমন ধরুন এ্যাসেসরদের জন্য টেণ্ডার ডাকা হয়, টেণ্ডার ডেকে বলা হয় ঐ জায়গায় এ্যাসেস করতে হবে রেট দাও। একজন বললেন ৫ টাকা, আর একজন বললেন ২৫ টাকা। কম রেটকে টেণ্ডার দেওয়া হয়। এদের মধ্যে লড়াই চলে এবং যার রেট ২ টাকা কম হয় তাকে টেণ্ডার দিয়ে দেওয়া হল এ্যাসেস করার জন্য। এদের কোন লায়াবিলিটি নেই, এই লায়াবিলিটি গভর্ণমেণ্টের কাছেও নেই, নির্বাচিত প্রতিনিধিদের পিপিলের কাছে কমিটমেণ্ট আছে কিছু, সম্পূর্ণভাবে তারা নিজের স্বার্থের জন্য কোন জায়গায় ৫ হাজার, কোন জায়গায় ২৫ হাজার, কোন জায়গায় ২ হাজার, কোন জায়গায় ১০ হাজার এ্যাসেস করে দিয়ে চলে যান। তাকে ধরতে পারা যায় না, পৌরসভার কোন আইন নেই যা দিয়ে আমরা ধরতে পারি। আমি বিধানচন্দ্র রায় নই, মাননীয় সদস্যরা অনেকেই ভুল করেছেন, আমি তাঁর সময়ে জন্মগ্রহণও করিনি, কিন্তু বিধানচন্দ্র রায়, এত কোরাপশন এবং এত কমিটমেণ্ট না থাকা সত্ত্বেও, যে আইন তিনি করে দিয়ে গিয়েছেন তার পরিবর্তন হওয়া দরকার। আমার মনে হয় এই পরিবর্তন করা মানেই বিধানচন্দ্র রায়কে অপমান করা

নয়। যে-কোন মহাপুরুষ যখন কোন নীতি নির্ধারণ করেন, নীতি নির্ধারণ করার সঙ্গে সঙ্গে আর একটা নীতি অলক্ষ্যে রেখে যান রাজনৈতিক হোক, সমাজনৈতিক হোক, অর্থনৈতিক হোক, প্রশাসনিক নীতি হোক, সমাজের প্রয়োজনে তা পরিবর্তন করতে হবে। এই পরিবর্তন না করার মানে রক্ষণশীলতা, ব্যর্থতার পরিচয়। আজকে সেই পরিবর্তন করায় বিধানচন্দ্র রায়কে বা দেশবন্ধু চিত্তরঞ্জন দাসকে অপমান করা। কেন বলতে পারি, যেকথা কাশীকান্ত মৈত্র মহাশয় বারবার বলেছেন একই জায়গায় একইরকম বাড়ীর একটা বাড়ীতে একরকম ট্যাক্স এবং আর একটা বাড়ীতে আর একরকম ট্যাক্স যাতে প্রচণ্ড এ্যানোমালি সৃষ্টি হয়। আমরা বলেছি যে তারা সরকারী কর্মচারী নয় কিন্তু এখন সরকারী কর্মচারী হতে হবে, তখন তাদের কোনরকম ধরা-ছোঁয়ার আওতার মধ্যে রাখা যেতো না কিন্তু এখন রাখতে হবে। সমস্ত ট্যাক্স এ্যাসেসমেণ্ট করা হবে, মানুষের কাছে প্লেস করে দিতে হবে যে এই ট্যাক্স আমরা করছি। প্রত্যেক মানুষকে, আপনাকে আমাকে দেখতে হবে এবং দেখে যদি মনে করি আমার বাড়ীর পাশের লোকটার কমে গিয়েছে আমারটা বেড়ে গিয়েছে, সঙ্গে সঙ্গে আমি নোটিশ দিতে পারবো। এই আইনের মধ্যে রয়েছে প্রথম যে নোটিশটা এনকোয়ারি করে রিপোর্ট তৈরি করলেন পরবর্তীকালে ৮ দিন পরে দ্বিতীয়বার যে এনকোয়ারি করবে সে কিন্তু আর একজন। সে এনকোয়ারি করবে হাউ ফার ইট ইজ ট্রু, তারপরে নোটিশ বোর্ডে টাঙিয়ে দেওয়া হলেও যদি কারো আপত্তি থাকে তাহলে বোর্ডের কাছে যাবে, এবং এর সঙ্গে আরো একটা আইনের পরিবর্তন করা হয়েছে যেটা অনেকে আপত্তি করতে পারেন যে পৌরসভা চালাতে গিয়ে আমি আপনাদের কাছে কঠিন সত্যকথা বলছি যে পৌরসভাকে যদি টাকা না দেন, তার উপর যদি হুইপ করেন যে ভাল কাজ চাই তাহলে তা শুয়ে পড়বে, দাঁড়াতে পারবে না। আজকে টাকার সংস্থান করবার জন্য আমরা কতজন মানুষ চিৎকার করেছি বলুন? পৌরসভা বেতন দিতে পারছে না, পৌরসভা আজকে ডি-এ দিতে পারছে না, পেনশন দিতে পারছে না, পে-কমিটি অনুযায়ী মাইনে দিতে পারছে না। আগামীকাল থেকে তারা আন্দোলন করছে এক্সগ্র্যাসিয়া বোনাস দেবার জন্য, দিতে পারছি না। কেননা দিতে গেল ৬৭-৬৮ লক্ষ টাকা প্রয়োজন, সেই টাকা কে দেবে? স্বভাবতই টাকার সংস্থান করবার জন্য আর একটা নিয়ম করতে হয়েছে। ইনকাম ট্যাক্সে যে নিয়ম আছে যে এ্যাপিল করার আগে ট্যাক্স দিতে হবে, এখানে আইনে সেইটুকুই করা হয়েছে। কলকাতা পৌরসভা ও হাওড়া পৌরসভায় সেই নিয়ম নেই। হাওড়ায় একটা নির্দিষ্ট ষ্টাফ আছে কিন্তু তা সত্ত্বেও কোরাপশনটা তুঙ্গে। একটা ট্রিভোলি কোর্ট যেখানে ১০ হাজার টাকা বাড়ীভাড়া হতে পারে, রেণ্টের বেসিসে ট্যাক্স হয়, সেখানে মাত্র ৫০০০ টাকা লিখতে তারা রেণ্ট এবং বাকী টাকাটা ইনকাম ট্যাক্স ফাঁকি দিচ্ছে, কর্পোরেশনের ট্যাক্স ফাঁকি দিচ্ছে। আজকে তার পরিবর্তন করা হয়েছে। গরীব লোকদের উপর ট্যাক্স ইম্পোজ করা হয়নি। একথার কোন অর্থ নেই যে কোন পৌরসভার সদস্য বলে দিলেন যে এই প্রিন্সিপলের মধ্যে দিয়ে গরীব মরবে এবং বড়লোককে বাঁচাবার চেষ্টা হয়েছে, তবুও আপনাদের কাছে অনুরোধ করতে চাই যে অনেক জায়গায় আমরা হয়তো বিবেচনা করতে গিয়ে অন্য পথে চলে গিয়েছি, সেখানে ইমার্জেন্সি প্রো সঞ্জয়, নো সঞ্জয়, দিস এ্যাণ্ড দ্যাট, এইগুলি এই বিলের কথা নয়, তবুও আপনাদের সেণ্টিমেণ্ট শুনে মনে করি এটা সিলেক্ট কমিটিতে পাঠাবার প্রয়োজন নেই কিন্তু এটাকে কনসিডার করবার জন্য আমি আপাতত এই বিল আজকে প্লেস করলাম, পরে সার্কুলেশন করে তারপর আমি আবার এই বিল মে মাসে বিধানসভায় নিয়ে আসবো।

বিধানসভার মিনিমাম ডিগনিটি যেন আমরা বর্জন না করি। কংগ্রেস সদস্য হয়ে এরই পরিপ্রেক্ষিতে অনুরোধ করে রাখি সি পি আই অথবা আর এস পি সদস্যদের মত যেন আমরা কথা না বলি। কোন কোন সদস্য বলেছেন চুল পাকিয়ে ফেলেছেন, আমরা সবেমাত্র এসেছি, কোন শিক্ষা গ্রহণ করব। তিনি তো দীর্ঘদিন কাউন্সিলার ছিলেন, তাঁর সামনেই তো কত রাস্তা পরিষ্কার করে দিয়েছি, আমরা গভর্ণমেণ্ট থেকে ৮০ লক্ষ টাকা দিয়েছি। জগদ্দল পাথরের মত পৌরপ্রতিষ্ঠানের উপর যে ভাড়া লরি ছিল তা থেকে আমরা উদ্ধার করেছি। আজকে ভাড়া লরি একটাও নেই, একটাও ভাড়া লরি পৌরসভায় আজ চলে না। কোন কাউন্সিলার বলে যেতে পারবেন আজকে যে ২৪ ঘণ্টার মধ্যে গ্যারাণ্টি দিয়ে রাস্তা পরিষ্কার করবেন? গলিতে গলিতে আমরা তিলোত্তমা করতে পারিনি, কিন্তু কাউন্সিলারদের চেয়ে ১০০ গুণ বেশী ভাল করেছি। এই ব্যাপারে কোন কুণ্ঠা বা সংশয় আমার নেই। স্বভাবতই ধান ভানতে শিবের গীত না গেয়ে জুনিয়র অনেক কর্মী আছেন তাঁদের শেখাবার চেষ্টা করুন। এই কথা বলে আমি এই বিলকে আগামী থার্ড মে পর্যন্ত সার্কুলেশনে দেবার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : The Hon'ble Minister has accepted that the Bill be circulated for the purpose of eliciting public opinion upto 3rd day of May, 1977. I think the House unanimously agree to this.

(Voices : Yes)

So, it is accepted unanimously that the Bill be circulated for the purpose of eliciting public opinion upto 3rd day of May, 1977.

শ্রীমতী ইলা মিত্র : সি পি আই'র পক্ষ থেকে আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি ধন্যবাদ জানাচ্ছি কারণ আমাদের বক্তব্য ছিল এটা সার্কুলেশনে পাঠাবার জন্য। এটা তিনি করেছেন, একটা গণতান্ত্রিক নজীর হল, তিনি তাই হাউসে প্রত্যেকের অভিনন্দন পাবার যোগ্য। আমিও তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীবলাইলাল শেঠ : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় সিলেকশনের জন্য মাত্র ১৫ জনের উপর দায়িত্ব না দিয়ে পশ্চিমবাংলার সাড়ে চার কোটি মানুষের মতামত গ্রহণ করার জন্য যে মানসিকতা গ্রহণ করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

Presentation of a Petition under Rule 156

[6-30—6-40 p.m.]

Sri Sudhir Bera : Sir, I beg to present a Petition to the effect that the existing Rules relating to the old-age pension in our State being too inadequate, a new legistation be undertaken immediately to provide for old-age pension to all eligible persons at rates ranging from Rs. 50/- and upwards, to provide accommodation to the deserving old-age pensioners and to arrange for their free medical treatment in hospitals.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বলি যে আমাদের দেশকে ওয়েল ফেয়ার ষ্টেট করেছি, কল্যাণ রাষ্ট্র করেছি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে যখন কেউ বৃদ্ধ হয়ে যায় এবং তার যদি কোন ইনকাম না থাকে তখন তাকে দেখবার কেউ থাকে না। তখন তাকে দেখবার কোন ব্যবস্থাও হয় না। পৃথিবীর সমস্ত দেশে সে ক্যাপিটালিষ্টই হোক আর কমিউনিষ্ট

[কানাগ্রিই হোক বৃদ্ধবয়সে সেখানে তাকে দেখবার ব্যবস্থা আছে। আমাদের দেশে ওল্ড এইজ পেনশন নামে একটা প্রহসন চলে আসছে।

বোধহয় ২০ টাকা করে দেয় এবং যত ডিজারবিং লোক আছে তার দুই কি তিন পার্সেণ্টও পায় কিনা সন্দেহ। সেইজন্য আমি প্রস্তাব করছি ওল্ড এজ পেনশনের আওতায় সবাইকে আনা হোক। অন্ততপক্ষে ৫০ টাকা করে দেওয়া হোক যারা ডিজারবিং প্রত্যেককে। যদিও এই দুর্মূল্যের বাজারে এই ৫০ টাকার কোন দাম নেই। কিন্তু সরকারের আর্থিক সঙ্গতির কথা বিবেচনা করে মিনিমাম ফিফ্‌টি ফর অল ডিজারবিং পারসন্স আমি এখানে প্রস্তাব করছি।

Mr. Speaker : The petition stands referred to the Committee on Petition in terms of Rule 165 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Business Advisory Committee

Mr. Speaker : In accordance with the provision of Rule 284 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I nominate the following members of the Assembly to form the Business Advisory Committee :—

1. Shri Gyan Singh Sohanpal, Minister for Parliamentary Affairs
2. Shri Kanti Ranjan Chatterjee
3. Shri Monoranjan Pramanik
4. Shri Akshoy Kumar Kolay
5. Shri Sudhir Das
6. Shri Prodyot Kumar Mahanti
7. Sm. Ila Mitra
8. Shri A. H. Besterwitch

The Speaker shall be the Chairman of the Committee.

Committee of Privileges

Mr. Speaker : In accordance with the provision of Rule 304 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I nominate the following members of the Assembly to form the Committee of Privileges, namely :—

1. Shri Haridas Mitra, Deputy Speaker
2. Shri Nandalal Banerjee
3. Shri Kumar Dipti Sen Gupta
4. Shri Pankaj Kumar Banerjee
5. Shri Puranjoy Pramanik
6. Shri Saroj Roy
7. Dr. Santi Kumar Das Gupta
8. Shri Shish Mohammad
9. Shri Bhawani Prosad Sinha Roy

Under the proviso to Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Haridas Mitra, Deputy Speaker, to be the Chairman of the Committee.

House Committee

Mr. Speaker : I nominate the House Committee which shall consist of the following members, namely :—

1. Shri Netaipada Ghosh
2. Shri Sunil Mohan Ghosh Maulik
3. Shri Kashinath Misra
4. Shri Aswini Roy
5. Shri Tuhin Samanta
6. Shri Mahabubul Haque
7. Shri Iswar Chandra Tirkey

Under Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Netaipada Ghosh to be the Chairman of the Committee.

The West Bengal Payment of Pension to Members of Legislature Bill, 1977

Mr. Speaker : In the list of business the last item happens to be the West Bengal Payment of Pension to Members of Legislature Bill, 1977. I, as the Speaker, think that this business should be taken up just now, and I think the House will agree with me.

(Voices—Yes)

So, with the sense of the House this business will be taken up now, and I call upon the Hon'ble Chief Minister, the Leader of the House, to introduce the Bill or to make any other motion as the thinks fit.

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুল ১১১ অনুযায়ী, আমি ওয়েষ্ট বেঙ্গল পেমেণ্ট অফ পেনশন টু মেম্বার্স অফ লেজিসলেচার বিল, ১৯৭৭ এটা প্রত্যাহার করতে চাই হাউসের অনুমতিসহ। এটা গভর্ণমেণ্ট হ্যাজ ডিসাইডেড এই কারণে প্রত্যাহার করতে চাই, রুল ১০০-তে যেকথা বলা আছে এটা লেজিসলেটিভ প্রপোজাল কন্‌টেণ্ড ইন দি বিল ইজ বিয়িং ড্রপ্‌ড।

কেন বিলটা আনলাম সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয় মাননীয় সদস্যগণকে জানানো দরকার। এই হাউসে অনেক সদস্য দাবী করেছিলেন যে পেনশনের জন্য একটা আইন করা উচিত। মিঃ বেষ্টারউইচ মহাশয় ২৯শে মার্চ '৭৭ তারিখে এই বিধানসভায় বলেন, "Sir, about a year and half back in the Business Advisory Committee Hon'ble Shri Gyan Singh Sohanpal put this question about pension along with other members of the Congress and he said that it could be done if all the members including the Opposition members signed a petition." Accordingly I think we all signed a petition a year and half back.

তারপর তিনি ডিমাণ্ড করলেন এখনই এই পেনশন দেওয়া দরকার। শ্রীমতী ইলা মিত্র মহোদয়া এই বিধানসভায় ঐদিন দাঁড়িয়ে বললেন এই বিলটি যদি আনা হয় তাহলে তারা এটাকে সম্পূর্ণভাবে সমর্থন করবে। সি এফ ডি-র রমেন দত্ত মহাশয় একটি মেমোরেণ্ডাম পাঠিয়েছিলেন—সেই মেমোরেণ্ডামে তিনি সই করেছিলেন যে তিনিও চান এই বিলটি—জনতা পার্টির প্রদ্যোত মহান্তি মহাশয় একটি মেমোরেণ্ডাম পাঠিয়েছিলেন—তাতে তিনি সই করেছিলেন যে পেনশন দেওয়া উচিত।

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ তিনি পার্টি ডিসিশন না জেনেই বলেছিলেন—বিধানসভায় সি এফ ডি পার্টির তরফ থেকে যেটা বলা হয়েছিল সেটা বলছেন না কেন? সি এফ ডি লিডার যেটা বলেছিলেন সেটা বলুন।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ সি এফ ডি দল হিসাবে হাউসে ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত মহাশয় বলেছিলেন তিনি পেনশন চান না। কিন্তু সি এফ ডি-র রমেন দত্ত মহাশয় পিটিশনে সই করে পাঠিয়েছিলেন যে পেনশন চান।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ আমি ডিসিশন না জেনেই বলেছিলাম।

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ ওঁদের পার্টি ডিসিশনে তাহলে সকলে একমত নন—যেমন মিউনিসিপ্যাল বিল প্রত্যাহার করে নিন ইত্যাদি দেখলাম—এখন কেউ পার্টি ডিসিশন না জেনে থাকতে পারেন, কিন্তু সেটাকে আপনি পার্টি ডিসিশন বলবেন না—সি এফ ডি পার্টির তরফ থেকে হাউসে কি বলা হয়েছে সেটা বলুন।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এক মুহূর্তে বলিনি যে সি এফ ডি পার্টি ডিসিশনে এই কথা বলেছে—ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত মহাশয় উত্তেজিত হয়ে গেলেন—আমি বলছি সি এফ ডি-র রমেন দত্ত সই করেছেন, এতে কিছু মিথ্যাকথা আছে কি?

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ সি এফ ডি পার্টির তরফ থেকে কি বলা হয়েছে সেটা বললেন না, বাদ রাখলেন—খানিকটা সত্য গোপন করলে অসুবিধা হয়।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পেরেছি ইনকনভিনিয়েন্স কিন্তু কথা হচ্ছে এটা বাস্তব সত্য সি এফ ডি'র রমেন দত্ত মহাশয় সই করেছেন, পার্টি ডিসিশন কি ছিল সেটা এখানে রাখেন নি। আর এস পি'র বেষ্টারউইচ সাহেব যা বলেছেন তার পুরোপুরি ষ্টেটমেণ্ট এখানে আছে।

(গোলমাল)

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ এখানে লেখা উচিত সত্য গোপন করলে মিথ্যার থেকে বড় হয়ে যায়। সি এফ ডি-র একজন বললেও সি এফ ডি পার্টির তরফ থেকে এই সভায় প্রতিবাদ করা হয়েছে।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে অনুমতি চাইছি কিছু বলার—এখানে মাননীয় মুখ্যমন্ত্রী আছেন, মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র মহোদয়া আছেন তিনি জানেন, প্রথম যেদিন আলোচনার জন্য উনি এসেছিলেন আমরা তখন পরিষ্কার

বলেছিলাম উই স্যাল অপোজ দি বিল টুথ এণ্ড নেল। এখানে কয়েকজন মাননীয় সদস্যের বক্তব্য শুনেছেন—মাননীয় পঙ্কজ ব্যানার্জী এবং গৌতম চক্রবর্তী মহাশয়ের এই সম্বন্ধে আপনাদের আনইকুইভোকাল টার্মস শুনেছেন আপনারা কি করেছেন—আমাদের দলের তরফ থেকে শ্রদ্ধেয় ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত তিনি বক্তব্য রেখে বলেছিলেন আমরা এর বিরোধিতা করব, কাগজে বক্তব্যও বেরিয়েছিল। সেইজন্য আমি খুব বিনয়ের সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি দলের একজন সদস্য করতে পারেন কিন্তু আজকে হাউসে দেখেছেন দলের আলোচনা হবার পরে সিদ্ধান্ত একটা হয়েছে সেটা এখানে আলোচনা হয়েছে। কাজেই দলের পক্ষ থেকে ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত মহাশয় পরিষ্কার করে বলে দিয়েছেন, এতে ভুল বোঝাবুঝির কোন প্রশ্নই নেই।

[6-40—6-50 p.m.]

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কতকগুলি ঘটনার কথা বিধান-সভায় রাখছিলাম যে বিভিন্ন সদস্য মেমোরেণ্ডামে সই করে পাঠিয়েছেন এবং কিছু কিছু সদস্য হাউসে বক্তব্য রেখেছেন এই বলে যে, পেনশন দেওয়া উচিত। বেষ্টারউইচ সাহেব আর এস পি দলের নেতা। এখন গোপনে কি ডিসিশন হয়েছে তা তো আমি জানতে পারি না, তবে নেতা যখন একটা কথা বলে তখন আমরা ধরে নিই যে তিনি পার্টির কথাই বলছেন। সি এফ ডি'র বেলাতে কিন্তু তা হয়নি, সি এফ ডি'র বেলাতে আমি বলিও নি সে কথা। সি এফ ডির নেতা বলেছিলেন, আপত্তি জানাচ্ছি এই পেনশনের ব্যাপারেও। শান্তিবাবু বলেছিলেন, পেনশন পাবার ব্যাপারে আমরা আপত্তি জানাচ্ছি। আমি কিন্তু অন্য আর একটি ঘটনার কথা বলছিলাম, সেটা হচ্ছে, সি এফ ডি'র একজন সদস্য তিনি পার্টির ডিসিশন জানতেন কি জানতেন না সেটা তো আমার জানা সম্ভব নয়, কিন্তু তিনি একটি মেমোরেণ্ডামে সই করে দাবি করেছিলেন যে, পেনশন দেওয়া উচিত এটা হচ্ছে ঘটনা। আর বেষ্টারউইচ সাহেব খুব জোরের সঙ্গে বলেছিলেন,

So what my friend has said is quite justified that it should be done and if it is not done I think, the Minister will be responsible for this.

(নয়েজ)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেষ্টারউইচ সাহেব বলেছিলেন,

I think, we all signed the petition a year and half back, but up till now nothing has been done. So, what my friend has said is quite justified that it should be done, if it is not done, I think the Ministry will be responible for this.

(ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত : ডাঃ শান্তি দাশগুপ্ত কি বলেছিলেন সেটাও একটু পড়ে শুনিয়ে দিন।) ডাঃ শান্তি দাশগুপ্ত মহাশয় বলেছিলেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ যে আলোচনা শুনেছিলাম তাতে মাননীয় সদস্যদের পেনশন দেবার কথা উঠেছে। আমি বহু জায়গায় কথা বলে দেখেছি, তারা একথাই বলছেন, সমাজসেবা করতে গিয়ে এখন পেনশনের ব্যবস্থা করছেন এটা অন্যায়। সেইজন্য আমাদের দলের তরফ থেকে এই পেনশনের ব্যাপারে আমরা আপত্তি জানাচ্ছি। এটা তো আমি বলছি না যে আপনি বলেন নি, আপনি নিশ্চয় একথা বলেছেন। কিন্তু আমি যেটা বললাম সেটাও অস্বীকার করা যায় না যে, সি এফ ডি'র একজন

মাননীয় সদস্য সই করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা ডিসিশন কাগজ-কলমের উপর হতে পারে। আমি মেমোরেণ্ডামগুলি পাঠ করেছি, বিধানসভায় কে কি বলেছিলেন সেটা পাঠ করেছি এখন ভেতরে কি হয়েছে, না-হয়েছে সেটা তো আমি বলতে পারবো না। এখন এইসব দেখে যখন আমরা দেখলাম যে সকল দল—জনতা দল, সি এফ ডি দলের একজন সদস্য, দলনেতা বেষ্টারউইচ সাহেব এবং সি পি আই দলের নেত্রী তিনি বললেন, বিল এলে আমরা তাকে স্বাগত জানাব, তখন আমরা ভেবেছিলাম বিলটা আনার দরকার। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের কংগ্রেস পার্লামেণ্টারি পার্টির মিটিং হয়েছে এবং সেখানে প্রত্যেক কংগ্রেসী সদস্যের সঙ্গে আমাদের আলোচনা হয়েছে এবং তাদের প্রত্যেকের অভিমত হল, না, পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে, পশ্চিমবঙ্গের ভবিষ্যতের জন্য এই পেনশন বিল পশ্চিমবঙ্গে আনা যাবে না, যাবে না, যাবে না। মন্ত্রিসভাও সদস্যদের সঙ্গে একমত হয়েছেন। তাই আমরা স্থির করলাম, এই বিলের কথা যখন উঠবে তখন আমরা দাঁড়িয়ে বলব, ১১১ নং ধারা অনুযায়ী এই বিলটা আমরা প্রত্যাহার করছি। পশ্চিমবঙ্গে এরকম কোন আইন হবে না। আমরা আগে দেখবো পশ্চিমবঙ্গের জনগণের স্বার্থ এবং পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাউসের কাছে অনুমতি চাইছি এই বিলটি প্রত্যাহার করার জন্য, আশা করি সেই অনুমতি পাব।

মন্ত্রিসভা সদস্যদের সঙ্গে একমত হয়েছি। তাই আমরা স্থির করলাম যে বিলের কথা যখনই উঠবে, তখন আমরা উঠে দাঁড়িয়ে বলবো যে ১১১ নং ধারা অনুযায়ী এই বিলটা প্রত্যাহার করছি, পশ্চিমবঙ্গে এইরকম কোন আইন হবে না। আমরা সবচেয়ে আগে দেখবো পশ্চিমবাংলার স্বার্থ, পশ্চিমবাংলার ভবিষ্যৎ, পশ্চিমবাংলার জনগণের স্বার্থ। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসের অনুমতি চাইছি, এই বিলটা প্রত্যাহার করার জন্য। আশা-করি সেই অনুমতি আপনি দেবেন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এম এল এ'দের পেনশন দেওয়ার পক্ষে আমরা যারা তরুণ প্রার্থী নির্বাচিত হয়ে এখানে এসেছি, আমরা বিশ্বাস করি না যে পাঁচ বছর বা ১০ বছর জনগণের কাজ করলেই পরবর্তী জীবনের জন্য পেনশন নিয়ে সেখানে বসে যেতে হবে। আমি অত্যন্ত কৃতজ্ঞতার সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এবং আজকে আমাদের সমস্ত সদস্যরা মিলে যে ডিসিশন নিয়েছেন, যে পেনশন বিল ইনট্রোডাকশনের কথা ছিল আজকে, সেই বিল আমরা অনুরোধ করেছিলাম আমাদের দলনেতা এবং আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কে যাতে তিনি এই বিল প্রত্যাহার করে নেন এবং তিনি এই বিল প্রত্যাহার করে নেওয়ায় আমরা কংগ্রেস সদস্যদের তরফ থেকে তাঁকে এবং আপনি এই বিল প্রত্যাহার করতে অনুমতি দেওয়ায় আমি আপনাকে সম্বর্ধনা জানাচ্ছি এবং কৃতজ্ঞতা জানাচ্ছি।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে যে বিবৃতি দিলেন এবং পেনশন বিল প্রত্যাহার করার অনুমতি হাউসের কাছে চেয়েছেন, আমি তাঁকে তার জন্য অভিনন্দন জানাচ্ছি এবং আমি সঙ্গে সঙ্গে মনে করি, ওঁর এই আবেদন এবং পেনশন বিল এখান থেকে প্রত্যাহার করায় এটা একটা পথিকৃত হবে যে এম পি'দের পেনশন দেওয়া হচ্ছে, কেন্দ্রের জনতা সরকার দয়া করে ওটা প্রত্যাহার করে নিয়ে ভারত-বর্ষের জনগণের স্বার্থে পশ্চিমবাংলার পদাংক অনুসরণ করে প্রমাণ করবেন দেশের মানুষের জন্য তাঁরা জনপ্রতিনিধি হয়েছেন, টাকার লোভে তাঁরা যাননি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা পয়েণ্ট অব ইনফর্মেশন, আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি তিনি মেমোরেণ্ডামের কথা বললেন এবং এই বিধানসভায় যে বক্তব্যগুলোর কথা বললেন, আমি তাঁর কাছে জানতে চাইছি যে কতজন কংগ্রেস সদস্য মেমোরেণ্ডামে সই করেছিলেন এবং কতজন কংগ্রেস সদস্য এখানে বক্তৃতা করেছিলেন পেনশন নেবার পক্ষে?

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ কংগ্রেসের তরফ থেকে কয়েকজন করেছিলেন, সি পি আই-এর তরফ থেকে অনেকে করেছিলেন, আমি নামগুলো পড়তে চাই না, কারণ এইগুলো পড়ে কোন লাভ নেই।

শ্রীমতী ইলা মিত্র ঃ অন এ পয়েণ্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী আজকে ওয়েষ্ট বেঙ্গল পেনশন বিল উইথড্র করে নিচ্ছেন, সেইজন্য সি পি আই-এর তরফ থেকে তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু তিনি যে কথাগুলো বললেন তার সঙ্গে আরও দু'-একটি কথা যোগ করে দিতে চাই। সেটা হচ্ছে এই কংগ্রেস সদস্যরা আমাদের কাছে বলেছিলেন যে যদি এই বিল আসে তাহলে আপনারা সমর্থন করবেন না বিরোধিতা করবেন? সুস্পষ্ট ভাষায় আমরা বলেছিলাম যে এই বিল যদি সরকার পক্ষ থেকে আসে আমরা বিরোধিতা করবো না, সমর্থন করবো এবং এখানে প্রাইভেট মেম্বারদের ১৮৫-তে সেই সম্পর্কে কথা এসেছিল এ্যাসেম্বলিতে, এখানে সেটা কংগ্রেস সদস্যরা তুলেছিলেন তখনও আমি বলেছিলাম যে কথা আমাদের পার্টির পক্ষ থেকে বলেছি, সেই কথাটাই আমরা সব সময় বলে গেছি যে যদি সরকার পক্ষ থেকে বিল আসে, আমরা তার বিরোধিতা করবো না, সমর্থন করবো। এই তথ্যটা যদি পূর্ণভাবে উনি দিতেন তাহলে ভাল হত।

শ্রীসুধীরচন্দ্র দাস ঃ অন এ পয়েণ্ট অব ইনফর্মেশন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু ক্ল্যারিফাই করতে চাইছি, আমরা জেনেছিলাম যে কংগ্রেস পক্ষ থেকে এটা আনবার চেষ্টা করা হচ্ছে এবং ১৩৩ জন তাতে স্বাক্ষর করেছেন, এটা কি সত্য? উনি যেরকমভাবে ষ্টেটমেণ্ট করলেন তাতে মনে হল যেন কংগ্রেস পক্ষ থেকে এটা চাইছিলেন না। বিরোধী পক্ষের লোকেরা চেয়েছিলেন এটাই বোধহয় আমাদের মনে হয়েছে।

(গোলমাল)

[6-50—7-00 p.m.]

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ সি এফ ডি-এর একজন সই করেছেন কিন্তু কংগ্রেসের ক'জন করেছেন? কাগজে প্রকাশিত হয়েছে যে এই নন-অফিসিয়াল বিলে কংগ্রেসের ১৩৩ জন সই করেছেন। দিল্লীতে যাঁরা করেছেন সেটা তো আপনাদের সরকারই করেছেন। আমি বিশ্বাস করি এর পরিবর্তন হবে।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ ছোট দলের ৭ জনের একজন হলে কংগ্রেসের বড় দলের পারসেনটেজ একই হবে।

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ এটা নিয়ে রাজনীতি করবেন না। জনসাধারণ আপনার কৌশল জেনে গেছেন এবং আপনাকে চিনে নিয়েছেন।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় : এত ক্রোধের কি কারণ? আমরা উইথড্র করছি বলে কি অসুবিধা হচ্ছে?

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত : আপনার কৌশল ধরা পড়ে গেছে।

(গোলমাল)

The motion of Shri Siddhartha Shankar Ray that leave of the House be granted to withdraw the West Bengal Payment of Pension to Members of Legislature Bill, 1977, was then put and agrreed to.

Mr. Speaker : The Bill stands withdrawn by leave of the House.

Message

Mr. Speaker : Honourable members, I have to report that the following reply to the address of thanks has been received from the Governor ;

Dear Mr. Speaker,

I shall be obliged if you would kindly convey to the Members of the Legislative Assembly that I have received with great satisfaction the message of thanks for the speech with which I opened the present session of the West Bengal Legislative Assembly.

Yours sincerely,
A. L. Dias
Governor of West Bengal

The West Bengal Fire Services (Amendment) Bill, 1977

Shri Subrata Mukhopadhayay : Sir, I beg to introduce the West Bengal Fire Services (Amendment) Bill, 1977, and to place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the West Bengal Fire Services (Amendment) Bill, 1977, be taken into consideration.

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ দমকল সংস্থার প্রধান কাজ হল কোথাও আগুন লাগলে সেই আগুন নেভানো এবং আগুনের হাত থেকে জীবন ও সম্পত্তি রক্ষা করা। কিন্তু ১৯৫০ সালের পশ্চিমবঙ্গ দমকল আইনে (ওয়েষ্ট বেঙ্গল ফায়ার সার্ভিসেস এ্যাক্ট, ১৯৫০) শহরের বহুতলবিশিষ্ট অট্টালিকা, সিনেমা গৃহ এবং অন্যান্য নানাপ্রকার গৃহে আগুনের সম্ভাবনা নিবারণের জন্য কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার কোন বিধান নেই। কিছুকাল পূর্বে মাদ্রাজে জীবনবীমা কর্পোরেশনের অফিসে একটি বড়রকমের আগুন লেগেছিল। কলকাতায়ও সাম্প্রতিককালে কয়েকটি মারাত্মক অগ্নিকাণ্ড ঘটে। এই সমস্ত অগ্নিকাণ্ডের ফলে স্বভাবতই ভারত সরকারের এই বিষয়ে দৃষ্টি পড়ে এবং আগুনের সম্ভাবনা নিবারণের উদ্দেশ্যে উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের প্রয়োজনীয়তা বিশেষভাবে দেখা দেয়।

ভারত সরকারের ষ্ট্যাণ্ডিং ফায়ার এ্যাডভাইজারী কমিটি এই বিষয়ে কিছুকাল যাবৎ বিচার-বিবেচনা করার পরে আগুনের সম্ভাবনা নিবারণের উদ্দেশ্যে নানাবিধ নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিটি রাজ্যে "অগ্নি নিবারণ শাখা" (ফায়ার প্রিভেনশন উইং) প্রতিষ্ঠা করার সুপারিশ করেন। ভারত সরকারের স্বরাষ্ট্রমন্ত্রক উক্ত সুপারিশ গ্রহণ করে বিভিন্ন রাজ্য সরকারকে উহা দ্রুত কার্যকরী করার নির্দেশ দেন।

রাজ্য সরকার ভারত সরকারের নির্দেশক্রমে পশ্চিমবঙ্গ দমকল সংস্থায় একটি "অগ্নি নিবারণ শাখা" প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত গ্রহণ করেন। কিন্তু ১৯৫০ সালের পশ্চিমবঙ্গ দমকল আইনে (ওয়েষ্ট বেঙ্গল ফায়ার সার্ভিসেস এ্যাক্ট, ১৯৫০, "অগ্নি নিবারণ শাখা" স্থাপন করার কোন বিধান নেই। এই উদ্দেশ্যসাধনের জন্য ১৯৫০ সালের পশ্চিমবঙ্গ দমকল আইনটি যথোপযুক্ত সংশোধন করার প্রয়োজনীয়তা দেখা দেয়। বিধানসভার কোন অধিবেশন তখন না থাকায় এবং সংশোধন প্রস্তাবগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচিত হওয়ায়, ১৯৭৭ সালের ৩১শে জানুয়ারী রাজ্যপাল কর্তৃক জারী করা পশ্চিমবঙ্গ দমকল (সংশোধন) অর্ডিন্যান্স, ১৯৭৭ [ওয়েষ্ট বেঙ্গল ফায়ার সার্ভিসেস (এ্যামেণ্ডমেণ্ট) অর্ডিন্যান্স, ১৯৭৭]-এর মাধ্যমে প্রয়োজনীয় সংশোধনগুলি কার্যকর করা হয়।

সংশোধিত বিধানের বলে পশ্চিমবঙ্গ দমকল বাহিনীর অধিকর্তার (ডাইরেক্টর) অধীনে একটি অগ্নি নিবারণ শাখা প্রতিষ্ঠিত হবে। ঐ শাখার কর্মচারিবৃন্দ দমকল বাহিনীর অধিকর্তা কর্তৃক নিযুক্ত হবেন। তাঁদের সংখ্যা ও বেতনভাতা প্রভৃতি রাজ্য সরকার স্থির করবেন। উক্ত শাখার পরিদর্শকবৃন্দ সিনেমা গৃহ, থিয়েটার ও সাধারণের চিত্তবিনোদনের জন্য অন্যান্য স্থান ও অন্যান্য নানাপ্রকারের গৃহ পরিদর্শন করে সেখানে আগুন নিবারণের উদ্দেশ্যে উপযুক্ত নিরাপত্তামূলক ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কিনা তা দেখবেন এবং ঐ সকল স্থানের আগুন নেভানোর যন্ত্রপাতি ইত্যাদিও মধ্যে মধ্যে পরিদর্শন করবেন। দমকল বাহিনীর অধিকর্তা যদি দেখেন যে কোন স্থানে দাহ্য পদার্থ জননিরাপত্তার পক্ষে বিপজ্জনকভাবে সঞ্চিত করা হয়েছে তবে তিনি সেগুলি নির্দিষ্ট সময়ের মধ্যে অপসারণ করার জন্য সংশ্লিষ্ট স্থানের মালিক বা বসবাসকারীদের নির্দেশ দিতে পারবেন। যদি কেউ সেই নির্দেশ অমান্য করেন তবে অধিকর্তা পুলিশের সাহায্যে সেগুলি অপসারণ করার ব্যবস্থা করবেন এবং ঐসব দাহ্য পদার্থ সরকার কর্তৃক বাজেয়াপ্ত করা হবে।

ঐ অর্ডিন্যান্সবলে প্রবর্তিত সংশোধনগুলি কার্যকরী থাকবে এবং আইনগত মর্যাদা পাবে এই অভিপ্রায় নিয়েই বর্তমান বিলটি রচিত হয়েছে। মহাশয়, আমি আশা করি বিলটি সভার পূর্ণ সমর্থন লাভ করবে। এই বলে আমি সভার অনুমোদনের জন্য আমার প্রস্তাব পেশ করলাম।

শ্রীশিবপদ ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বিলটা যে-ভাবে এনেছেন সেটাতে এটাই বোঝায় যে এই অগ্নি নিবারণ দপ্তরটা না থাকার জন্য বুঝি পশ্চিমবঙ্গে এইসব ঘটনা সংঘটিত হচ্ছে। আপনারা জানেন এর আগে উইমকো ম্যাচ ফ্যাক্টরীতে আগুন লাগল। গভর্ণমেণ্টের ফ্যাক্টরী ইন্সপেক্টর থাকে, তাদের এইসব জিনিস দেখা দরকার, কিন্তু ফ্যাক্টরী ইন্সপেক্টর থাকা সত্ত্বেও সেখানে আগুন লাগছে। সেখানে এ্যাম্বুলেন্সের ব্যবস্থা ছিল না, যার ফলে ৬ জন মানুষ মারা গেছে। আমরা জানি যে

সিনেমা হল, থিয়েটার বা বড় বড় বাড়ী যারা বিভিন্ন দাহ্য পদার্থ রাখে তারা যখন লাইসেন্স নেয় তখন এইসব প্রিকশান নিতে হবে বলে দেওয়া হয়। কিন্তু তা সত্ত্বেও যারা আইনকে লংঘন করে তাদের সম্পর্কে কোন ব্যবস্থা এই আইনে নেই। তাদের সম্পর্কে কোন ব্যবস্থা নেই বলেই দেখা যাচ্ছে যেসব গুদামে যেসব জিনিস রাখা উচিত নয় তারা আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে সেইসব জিনিস রাখে এবং তার ফলে আগুন লাগে। পাটের গুদামে ইচ্ছাকৃতভাবে আগুন লাগায় এবং বিভিন্ন জায়গায় তাদের সমস্ত কাগজপত্র হাফিজ করে দেয়। ব্যাঙ্কে দেখেছি আগুন লাগল, তার জন্য এনকোয়ারী কমিটি বসে, কিন্তু পরবর্তীকালে দেখা যায় তারা সমস্ত জিনিসকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখায়।

[7-00—7-10 p.m.]

সুতরাং আমার যেটা মনে হচ্ছে আইনটা কেবলমাত্র কয়েকজন আমলা বা অফিসার নিয়োগ করলেই হবে না। আজকে দেখা যাচ্ছে ফ্যাক্টরীতে ফ্যাক্টরী ইন্সপেক্টর থাকা সত্ত্বেও আগুন লাগছে, ফ্যাক্টরী ইন্সপেক্টররা একবার করে ফ্যাক্টরীতে যান তাদের মাসোহারাটা নেবার জন্য। তাছাড়া তাঁরা কিছুই কাজ করেন না। এই সম্বন্ধে আইনের মধ্যে একটা ব্যবস্থা থাকা উচিত ছিল। এছাড়া মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করছি সেটা হচ্ছে আমাদের মিউনিসিপ্যাল এলাকায় কোন পানীয় জলের সুব্যবস্থা নেই। আমি উত্তর কলকাতা এলাকায় থাকি। বরাহনগর থেকে আরম্ভ করে কাঁচড়াপাড়া পর্যন্ত বহু কারখানায় দেখেছি কোন পানীয় জলের ব্যবস্থা নেই। শুধু আগুন নেভানোর জন্য নয়, পানীয় জলেরও ব্যবস্থা করা দরকার। সুতরাং যদি পানীয় জল এবং আগুন নেভানোর জন্য জলের ব্যবস্থা করলেই সাধারণ মানুষ এবং শ্রমিকরা উপকৃত হবে। আমি এখানে বলতে পারি শহরতলি অঞ্চলে বহু পুকুর আছে, জমির মূল্য বেশী হবার জন্য, বহু লোক সেই পুকুরগুলি বুজিয়ে দিচ্ছে। সুতরাং শহরতলি এলাকায় পুকুরগুলি যদি সংরক্ষিত করা যায়, তাহলে আগুন লাগলে সেখান থেকে জল পাবার ব্যবস্থা হতে পারে। পুকুরগুলি যাতে বোজানো না হয় সেজন্য যাতে ব্যবস্থা গ্রহণ করা হয়, তার জন্য অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ স্যার, আমার আর বলার বিশেষ কিছু নেই, এটুকু বলতে পারি যে দমকল আগের চেয়ে উন্নত হয়েছে এবং আধুনিক সাজসরঞ্জাম আমরা নতুন করে আমদানী করেছি, আমরা যে টাকা রাজ্য সরকার থেকে পেয়েছি তা থেকে আমরা আরও দমকলের উন্নতি করতে পারব বলে আশা করছি। এই বলে এই বিল যা বিধানসভায় স্থিরীকৃত হয়েছে, তা সকলের অনুমোদনের জন্য উপস্থিত করছি।

The motion of Shri Subrata Mukhopadhayay that the West Bengal Fire Services (Amendment) Bill, 1977, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 5 and the Preamble

The question that Clauses 1 to 5 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Subrata Mukhopadhayay : Sir, I beg to move that the West Bengal Fire Services (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Statement under Rule 346

Mr. Speaker : I now call upon the Hon'ble Education Minister to make a statement under Rule 346.

Shri Mrityunjoy Banerjee : Sir, I thank you for the special permission to state something regarding the pay conditions of non-teaching employees of universities.

Consequent on the appointment of a Pay Commission for Government employees, it is proposed to appoint a Pay Committee for the non-teaching staff other than officers of the following universities :

1. Calcutta University
2. Jadavpur University
3. North Bengal University
4. Burdwan University
5. Rabindra Bharati University and
6. Kalyani University

1. To bring about rationalisation of pay scale and to consider merging of basic pay with dearness allowance ;
2. to explore possibility of introducing new/intermediate selection grades on the lines of those adopted by the Government ;
3. to suggest a rational staffing pattern ;
4. to enquire into other incidental matters and suggest removal of anomalies, if any.

In giving its suggestion the Committee should keep in view both (a) the likely cost of implementing them, and (b) availability of resources with the Universities including what they normally get from the State Government.

The Committee will devise its own procedure and may call for such information and take such evidence as it may consider necessary. The Committee will give its advice to the Government within 6 months from the date of this order.

The West Bengal University Laws Amendment (Repealing) Bill, 1977

Shri Mrityunjoy Banerjee : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal University Laws Amendment (Repealing) Bill, 1977.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the West Bengal University Laws Amendment (Repealing) Bill, 1977, be taken into consideration.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি বিলের সমর্থনে দু'-একটি কথা হাউসের সামনে রাখতে চাই। আমরা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পরিশাসন-সংক্রান্ত আইন অদলবদলের জন্য বা তার বিভিন্ন যেসব বডি আছে, বিশেষ করে লোয়ার

বডির জন্য বা জেনারেল কাউন্সিল, তার গঠন পরিবর্তন করে একটা বিল অনেক আগে এনেছিলাম তারই পরিপ্রেক্ষিতে আমরা তাদের যে বিভিন্ন বডি আছে, ইউনিভার্সিটি বা সিনেট ইত্যাদি, তাদের নির্বাচনগুলি সাময়িকভাবে আমরা স্থগিত রেখেছিলাম। এই সাময়িক স্থগিত রাখতে হবে এটা আস্তে আস্তে বাড়িয়ে অনেকদিন পর্যন্ত চলেছিল। আজকে আমরা এই স্থগিত রাখার যে আইন সেটাকে আমরা রিপিল করে এটাই আমরা বলবৎ করতে চাই যে আগে যেভাবে নির্বাচন হতো বিভিন্ন ইউনিভার্সিটির বডিগুলিতে সেইভাবে আগেকার আইন অনুযায়ী তারা তাদের নির্বাচন করবে। এই কথাগুলি বলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের এই বিলটা সমর্থন করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় স্পীকার, স্যার, আমরা এই বিল সমর্থন করি। দীর্ঘদিন ধরে সিনেট, সিণ্ডিকেট, এই সমস্ত জায়গাতে শিক্ষক এবং অন্যান্য প্রতিনিধিদের নির্বাচন হয়নি। এই নির্বাচন অবিলম্বে হওয়া বাঞ্ছনীয়। কথাটা হচ্ছে যে কারণে এই বিলটা আনা হয়েছিল, বা এইরকম অর্ডিন্যান্স করতে হয়েছিল সেই কারণটার কি হল? অর্থাৎ ছাত্রদের প্রতিনিধিত্ব করে যে বিল আমরা এখানে পাশ করেছিলাম এবং ছাত্রদের প্রতিনিধিত্ব আনতে গিয়ে অন্যান্য অংশের প্রতিনিধিত্ব পরিবর্তন করতে হয়েছিল এবং বিলটা এই সভায় বিনা বাধায় পাশ হয়েছিল, সর্বসম্মতিক্রমে পাশ হয়েছিল, এই বিলটা এতদিন কার্যকরী হয়নি কেন? কোথায় গোল? আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় কেন এটা বললেন না? আমরা তাঁর কাছ থেকে আজকে সুস্পষ্টভাবে জানতে চাই সেই বিলটা, যেটা এই হাউস পাশ করেছিল, সেই বিলটা কবে থেকে কার্যকরী হবে। এটা আজকে না জানলে পরে উনি মাঝখান থেকে রিপিল করিয়ে নিলেন তার কোন তাৎপর্য আমরা খুঁজে পাচ্ছি না। দ্বিতীয়ত, যদিও এটা অপ্রাসঙ্গিক হবে তবুও অপ্রাসঙ্গিক নয়, আমরা বারবার ইউনিভার্সিটি সারভিস কমিশনের কথা বলেছি এবং সেই বিলে ইউনিভার্সিটি সার্ভিস কমিশন নিযুক্ত হবে এটা বলা ছিল। সেই ইউনিভার্সিটি সার্ভিস কমিশন গঠিত হবে তার পরিপ্রেক্ষিতে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে তারা শিক্ষক নিয়োগ করতে পারছে না। সরকারী সার্কুলার আছে যে ইউনিভার্সিটি সার্ভিস কমিশন হলেও তোমরা অস্থায়ীভাবে ৬ মাস করে অধ্যাপক নিয়োগ করতে পারো। এইরকম প্রায় দেড় হাজার অধ্যাপক অস্থায়ীভাবে কাজ চালাচ্ছেন, তাঁদের স্থায়ী কাজকর্ম হচ্ছে না। সুতরাং আজকে আমি শিক্ষামন্ত্রীর কাছ থেকে এইটুকু জানতে চাইছি সেই ইউনিভার্সিটি সার্ভিস কমিশনের কি হল? এই দুটি প্রশ্ন রেখে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-10—7-20 p.m.]

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ হরশঙ্করবাবুর মত আমিও এই বিলকে সমর্থন করছি। কিন্তু একটা কথা আমি জানাতে চাইছি, আমি নিজেও ঠিক হিসেব রাখিনি, আমি নিজে এ্যাকাডেমিক কাউন্সিলের মেম্বার, আমার ধারণা এটা উইথড্র হলে হয়ত মে মাসে ইলেকশন হওয়া উচিত। যদি মে মাসে হয় এত প্যারাফার্নেলিয়া করে ইলেকশন করাতে পারবেন কিনা দয়া করে জেনে নেবেন। জুনে হলে কোন অসুবিধা নেই। আর কিছু আমার বলার নেই। নিশ্চয়ই ইলেকশন হোক। আমি এটা সমর্থন করি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য : জুন-জুলাই মাসে সিনেট এবং এ্যাকাডেমিক কাউন্সিলে ইলেকশন করা চলে না। তখন সামার ভ্যাকেশন, সিনেট, সিণ্ডিকেট, এ্যাকাডেমিক কাউন্সিলের ইলেকশন করা সম্ভব নয়।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় যে দু'জন সদস্য এই বিলকে সমর্থন করলেন আমি তাঁদের সশ্রদ্ধ অভিনন্দন জানাচ্ছি। খালি হরশঙ্করবাবু দুটি প্রশ্ন তুলেছেন এবং শান্তিবাবুও একটি প্রশ্ন তুলেছেন। আমি শান্তিবাবুর প্রশ্ন নিশ্চয়ই ভেবে দেখব। হরশঙ্কর-বাবু জটিল প্রশ্ন তুলেছেন। যে বিলের পরিপ্রেক্ষিতে এই বিল আনা হয়েছে সেই বিল এ্যাসেম্বলিতে পাশ করলেও বিল পাশ বলতে যা বোঝায় সেটা হয়নি। আশা করি শীঘ্রই হয়ে যাবে। দ্বিতীয়ত, সার্ভিস কমিশনের কথা তুলেছেন। সার্ভিস কমিশনের রুল প্রায় তৈরী। আমি আশা করছি সার্ভিস কমিশন খুব তাড়াতাড়ি সেট আপ করতে পারব। এই কথা বলে মাননীয় সদস্যদের এই বিল সমর্থনের জন্য ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Mrityunjoy Banerjee that the West Bengal University Laws Amendment (Repealing) Bill, 1977, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2 and Preamble

The question that Clauses 1 and 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the West Bengal University Laws Amendment (Repealing) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Motion under Rule 185

Mr. Speaker : Now I take up Motion under Rule 185 standing in the name of Shri Biswanath Chakrabarti, Shri A. H. Besterwitch, Shri Nandalal Banerjee and Shri Pradyot Mahanti. I now call upon Shri Satya Ghosal.

(Shri Satya Ghosal rose to Speak)

শ্রীকাশীকান্ত মৈত্র : মিঃ স্পীকার স্যার, এই যে মোশনটা রয়েছে সেটা আপনার অনুমতি নিয়ে পড়ছি। এই মোশনটা হচ্ছে আমাদের যে বিধানসভার কার্যবিবরণী ধারা আছে তার ১৮৫ ধারায় সেটা আছে, যেই অনুসারে এটা আনা হয়েছে। এতে বলা হচ্ছে—

"পশ্চিমবঙ্গ বিধানসভা সংবাদপত্রের স্বাধীন ভূমিকাকে সশ্রদ্ধ স্বীকৃতি দেওয়ার সঙ্গে সঙ্গে গভীর দুঃখের ও বেদনার সঙ্গে লক্ষ্য করিতেছে যে এক শ্রেণীর সংবাদপত্র বিভ্রান্তিকর ও অসত্য সংবাদ প্রকাশ করিয়া বিধানসভার মাননীয় সদস্যদের এবং এই পবিত্র বিধানসভাকে জনমানসে হেয় প্রতিপন্ন করিবার অপচেষ্টা চালাইতেছে এবং মাননীয় সদস্যদের এই বিধান-সভায় স্বাধীন মতামত ও নির্ভীকভাবে তাহাদের সাংবিধানিক কার্যকলাপ চালাইয়া যাইবার পথে বাধা সৃষ্টি করিতেছে।

আমরা বিধানসভার সকল সদস্যবৃন্দ এই অপচেষ্টার তীব্র নিন্দা করিতেছি ও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়া ইহার বিহিত করিবার দাবী জানাইতেছি।"

আমি আপনার অনুমতি নিয়ে এখানে এর বৈধতার বিরুদ্ধে প্রশ্ন উত্থাপন করছি। এই যে রুল ১৮৫ অনুযায়ী যে মোশনটা এসেছে তা আমার মতে বৈধ হতে পারে না। এ সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি এ্যাসেম্বলি প্রসিডিওর রুলসের রুল ১৮৭ দেখুন--এই মোশন সম্বন্ধে বলা হচ্ছে--

In order that a motion may be admissible, its hall satisfy the following condisions, namely :—এক নম্বর হচ্ছে—(i) It shall raise substantially one definite issue. কিন্তু এটা এসেছে একটা মোশন আকারে। এর মধ্যে কোনই substantially definte issue—definiteness, কোন precise issue কিছু নেই—ভেইগ, এ্যাবসলিউটলি ভেইগ।

তারপর সেকেণ্ড ক্লুজে বলছে (ii) It shall not contain arguments, inferences ironical expressions, imputations or deformatory statements—

এই মোশনটা যদি আপনি পড়েন, আপনি দেখবেন হরশংকরবাবুর সঙ্গে এ নিয়ে আলোচনা করেছিলাম, তিনি এখন নেই—আপনাকে বলছি—মাননীয় সদস্যরাও বিবেচনা করে দেখবেন, মন্ত্রী মশায়রাও রয়েছেন, তাঁরাও বিবেচনা করবেন এর মধ্যে কোন্ argument রয়েছে? কোন্ ইন্‌ফারেন্স রয়েছে? কোন্ ইম্পুটেশন রয়েছে? আমি জিজ্ঞাসা করছি এর মধ্যে কোন্ ডিফারমেটারি স্টেটমেণ্ট রয়েছে? Clause (i)-এর দ্বারা স্যাটিসফাই হচ্ছে না। Clause (ii) যেটা পড়লাম এটার দ্বারাও হচ্ছে না। Clause (iii) যেটা—It shall not refer to the conduct or character of persons exceptive their public capacity-এর মধ্যেও ওটা আসছে না। (iv) It shall be restricted to a matter of recent occurance সেটা কি আমি জানি না। এর মধ্যে কোনই স্পেশ্যাল ইস্যু বা ডেফিনাইট ইস্যু বলা হয় নি। Clause (iv)-এর দ্বারা স্যাটিসফাইড হচ্ছে না। Clause (v)-এর প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি—It shall not raise a question of privilege এটা স্যাটিসফাইড হচ্ছে।

যদি আপনি স্যার শেষ প্যারাগ্রাফটা দেখেন সেখানে বলা হচ্ছে "এই বিধানসভার স্বাধীন মতামত ও নির্ভীকভাবে তাহাদের সাংবিধানিক কার্যকলাপ চালাইয়া যাইবার পথে বাধার সৃষ্টি করিতেছে।"

এটির দ্বারা নির্দিষ্ট কিছু বলা হচ্ছে না—স্যুইপিং মন্তব্য একটা স্টাটিং ইনসিনেশনের দ্বারা কীভাবে মাননীয় সদস্যদের কোন্ সাংবিধানিক কর্তব্য পালনে বাধা দিচ্ছে তা তো আমি জানি না। এটা একটা defamatory insinuation of a very devastiting and sweeping character.

Clause (v) যেটা পড়ে শোনালাম এই যে প্রিভিলেজের প্রশ্ন যদিও সাংবিধানিক প্রশ্ন, কোন সংবাদপত্র দ্বারা অধিকারভঙ্গ হচ্ছে না। সুদূর ভবিষ্যতে যদি সেই অধিকার ভঙ্গের আশঙ্কা থাকেও, তাহলে মোশনে সেটা এখন আসতে পারে না।

Clause (vi) বলছে—It shall not revive discussion of a matter which has been discussed in the House in the same Section.

এই সেশনে আমরা জানি মাননীয় সদস্য কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় একটা প্রিভিলেজের প্রশ্ন তুলেছিলেন। সেটা এখনো আপনার বিবেচনাধীন, আপনি তার রুলিং এখনো দেন

নি। আমরাও প্রশ্ন তুলেছিলাম ওটা প্রিভিলেজ কমিটিতে যাওয়া উচিত কিনা। আপনি ভেবে দেখুন আপনার আসনের মর্যাদার প্রতি লক্ষ্য রেখে যে সেটা প্রিভিলেজে যাবে কিনা, যাওয়া উচিত কিনা।

তারপর মোশনের শেষদিকে বলা হচ্ছে—"আমরা বিধানসভার সকল সদস্যবৃন্দ এই অপচেষ্টার তীব্র নিন্দা করিতেছি এই অপচেষ্টা কী? এখানেও একটি ইমপিউটেশন একটি আরজেণ্ট বা ইন্‌সিন্যুয়েশনের কোন কথা যে বলা হচ্ছে—তা বলা হচ্ছে না। এইটি ডিফেমেটরি স্টেটমেণ্ট।"

তারপরে বলা হচ্ছে "এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়া ইহার বিহিত করিবার দাবী জানাইতেছি।"

[7-20—7-30 p.m.]

এটা আপনার মাধ্যমে এসেছে আলোচনার জন্য। এখানে কেন্দ্রীয় সরকারের বিহিত করার কথা আসছে না এবং আমি প্রথম সেনটেন্সটাকেই লক্ষ্য করছি। বিধানসভা সংবাদ-পত্রকে কবে এই কথা বলেছে যে পশ্চিমবঙ্গ বিধানসভা সংবাদপত্রের স্বাধীন ভূমিকাকে সশ্রদ্ধ স্বীকৃতি দেওয়ার সঙ্গে সঙ্গে একথা বলা অর্থহীন। কারণ সংবাদপত্রের স্বাধীনতা একটা মৌল স্বাধীনতা এবং ফাণ্ডামেণ্টাল ফ্রিডম। সংবাদপত্রের স্বাধীনতা এটা ছিল। জরুরী অবস্থায় সংবাদপত্রের মৌল অধিকার কেড়ে নেওয়া হয়েছে, সংবাদপত্রের কণ্ঠরোধ করা হয়েছিল এবং যে মুহূর্তে জরুরী অবস্থা উঠে গেল এবং কেন্দ্রীয় সরকার পুরানো দুটো কালাকানুন উঠিয়ে নিলেন সংবাদপত্রের স্বাধীনতা পুনঃপ্রতিষ্ঠিত হল। সুতরাং বিধানসভায় একথা কি বলতে পারেন মাননীয় সদস্যরা আমরা সংবাদপত্রের স্বাধীনতা ফিরিয়ে দিয়েছি। এত বড় কথা বলতে পারেন? আমরা স্বাধীনতা ফিরিয়ে দেওয়ার মালিক নই। স্বাধীনতা তাদের ছিল, স্বাধীনতা টুাইষ্ট করা হয়েছিল, কেড়ে নেওয়া হয়েছিল, গ্যাগ করা হয়েছিল। সেই স্বাধীনতা ফিরে এলো যে মুহূর্তে কেন্দ্রীয় সরকার দুটো কালাকানুনকে রদ করে দিয়ে সংবাদপত্রকে বললেন তাদের পুরানো ভূমিকা থাকবে এবং বিধানসভা ও লোকসভা বা পার্লামেণ্টে যে আলোচনা হবে খবরের কাগজে তা বেরোবে। এখন প্রশ্ন হচ্ছে, আপনি বিবেচনা করে দেখুন যে ধারাগুলো আমি পড়ে দিলাম সেই ধারাগুলোর জন্য এই প্রস্তাব খাপ খায় কিনা। আমি আমার অভিমত আপনার কাছে রাখছি আপনার বিবেচনার জন্য। সমস্ত মোশানটি

Ultra Vires under Rule under 187 and various sub-Clauses, under Rule 187 which had the privilege to bring your kind attention to.

অতএব আমি বলছি যে মাননীয় সদস্যরা বিবেচনা করে দেখবেন এবং আপনি বিবেচনা করে দেখবেন এই মোশন আদৌ বৈধ কিনা এবং এই মোশনটি আজ যদি এখানে আলোচনা করেন তাহলে কোন কোন লোকের মনে এইরকম একটা ধারণা হবে সংবাদপত্র স্বাধীন হয়ে যখন স্বাধীন ভূমিকা নিতে যাচ্ছে, আমরা নার্ভাস হয়ে পড়ছি, আমরা সেনসেটিভ হয়ে পড়ছি। এটা কিন্তু একটা মারাত্মক কটাক্ষ বিধানসভার উপরে হবে। বিধানসভার মাননীয় সদস্যরা—এপক্ষ-ওপক্ষ কেউই আমরা চাই না সংবাদপত্র সম্বন্ধে এই ধারণা লোকের মনে জাগে। অতএব আমি মনে করি আপনি এই সম্পর্কে রুলিং দেবেন এটা অবৈধ, এটা আলোচনা চলতে পারে না। এই অভিমত আমি দিচ্ছি।

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker, Sir, I have heard the honourable member with attention. I do not wish to discuss the subject matter of the motion. Sir, you are the custodian of this House. You draw your strength from this House. This House has framed Rules for the conduct of the business of this House. This House functions under these Rules and nothing can be done beyond that. Now with regard to Rules 185 a motion can be brought. Under Rule 186 notice is to be given. Under Rule 187 the honourable member has mentioned about the admissibility of the motion. Thereafter under Rule 188 Speaker is to decide the admissibility of the motion. Now, my simple submission before you is, whether the decision of the Speaker who has admitted the motion can be challenged in the House. This clarification I would like to have from you, Sir, before proceeding further in the matter.

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ মিঃ স্পীকার স্যার, এই পয়েণ্টের বিরুদ্ধে আমার বক্তব্য হচ্ছে, আপনি এটা এ্যাডমিট করেছেন নিশ্চয়, কিন্তু রুলে যদি দেখা যায় ভুল হয়েছে তাহলে সেটা আপনি এ্যাডমিট করলেও নিশ্চয় পরিবর্তন করা দরকার। সেটা আপনি বিবেচনা করবেন। সেই সঙ্গে আমি শুধু আর একটি কথা বলে দিই এটা খুব ইম্পরটেণ্ট পয়েণ্ট নয়, কিন্তু বাংলা ভাষার উপর রোলার চালানোটা ঠিক নয়। সকল সদস্যবৃন্দের এটা ভাষা হয় না, এটা একটু খেয়াল রাখবেন।

মিঃ স্পীকার ঃ সেটা আমি আশা করেছিলাম, ডাঃ দাশগুপ্ত যে যাঁরা এখানে এটা দিয়েছেন তাঁরা ভাষার ভুল করতে পারেন, কিন্তু এ্যামেণ্ডমেণ্ট এনে ঠিক করলে ভাল হতো। Members like you are here and I expected that you would bring an amendment to rectify the defect, if any, in the resolution.

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ যাঁরা লিখেছেন তার মধ্যে একজন বাংলা সাহিত্যের অধ্যাপক আছেন।

মিঃ স্পীকার ঃ সেটা অনেক সময় ভুল হয়ে যায়। এই যে পয়েণ্ট তোলা হয়েছে ১৮৭তে এটা এ্যাডমিসবল নয়, এটা আমি একজামিন এ্যাডমিট করেছি। এখানে যে মূল পয়েণ্ট রেইজ করেছেন যেটা মাননীয় সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় উল্লেখ করলেন এটাতে কোন ডেফিনিট ইস্যু বলা হয়নি। আমি শুধু তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে এক শ্রেণীর সংবাদপত্রে বিভ্রান্তিকর ও অসত্য সংবাদ প্রকাশ করিয়া এই পবিত্র বিধানসভা বা সদস্যদের জনমানসে হেয় প্রতিপন্ন করিবার অপচেষ্টা করিতেছে। যেদিন মোশনটা দেওয়া হয় এটা ভাল করেই জানেন যে বিভিন্ন মেম্বার উঠে দাঁড়িয়ে স্পেসিফিকালি তাঁদের বক্তব্য বলেছিলেন। তার মধ্যে ছিলেন বাসুদেব সাউটিয়া এবং অন্যান্য কয়েকজন মাননীয় সদস্য এবং শ্রীহরশংকর ভট্টাচার্য, শ্রীনন্দলাল ব্যানার্জী, শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত এতে অত্যন্ত বিরক্তবোধ করে তাঁরা এই পয়েণ্ট-ওলো রেইজ করেছিলেন এবং লীডার অফ দি হাউস তিনি একটি স্পেসিফিক ঘটনা তুলে ধরেছিলেন। এখন প্রশ্ন হলো কতখানি পর্যন্ত স্পেসিফিক ও ডেফিনিট ইস্যু হলে যে কাগজপত্রে আমাদের মাননীয় সদস্যদের সম্পর্কে বিভ্রান্তিকর অপপ্রচার হলে এটা হবে।

I have examined the conditions of admissibility of the motion under Rule 187.

মাননীয় সদস্যরা তাঁরা উষ্মা প্রকাশ করেছেন, ক্ষোভ প্রকাশ করেছেন এবং ডেফিনিট কতকগুলো ঘটনা এখানে উত্থাপন করেছেন যে বিধানসভার মাননীয় সদস্যদের জনমানসে হেয় করবার চেষ্টা করেছেন এবং কাগজপত্রের উল্লেখ করেছেন।

Clause (i) to raise a substantial and definite issue.

এটা স্পেসিফিক, সাবস্টেনসিয়াল এ্যাণ্ড ডেফিনিট ইস্যু যে সংবাদপত্রে বিভ্রান্তিকর অপপ্রচার ইত্যাদি। আই অ্যাম পারসোন্যালি নট মেকিং এনি অবজারভেশন রুলস অফ এ্যাডমিসিবিলিটি যেরকমভাবে আছে ভূরি ভূরি আরও অনেক এ্যাডমিসিবিল হয়েছে ১৮৭-তে। আমার মনে হয় এতো পরিষ্কার করে লেখা নেই, অতীতে আমরা ডিসকাশন করেছি এবং এই সম্পর্কে কোন কনফিউশন নেই। আর এটা ডিসকাশন হয়েছে তা নয়, কেউ হয়তো পয়েণ্ট রেইজ করেছিলেন। ইন দি মোশন এখানে কোন ডিসকাশন এই ব্যাপারে কখনও হয়নি।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ সেদিন আমরা হাউসে ছিলাম না, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী তিনি দীর্ঘ বক্তৃতা দিয়েছেন যেটা আমরা দিল্লীর কাগজে দেখেছি। তিনি কতকগুলো ঘটনার উল্লেখ করেছিলেন।

Mr. Speaker : It is not a discussion. Discussion means that it should be recorded in the form of a motion or in the form of a resolution.

এখানে শুধু রেফার হয়েছিল কাগজে এইরকম বেরিয়েছে, এটা শুধু কণ্ট্রাডিক্ট করলাম। That is not discussion.

Shri Kashi Kanta Maitra :

কাগজের খবর মাননীয় সদস্য শ্রীবাসুদেব সাউনিয়া অসৎ দলে চলে যাচ্ছেন।

মিঃ স্পীকার ঃ যদি কোন রেজুলেশন এখানে আসতো বা মোশন আসতো সেম সাবজেক্টে এবং মাননীয় সদস্যদের বক্তব্য বলবার এবং রেকর্ড করবার সুযোগ দেওয়া হতো তাহলে আমি বলতাম দি ম্যাটার হ্যাজ অলরেডি বীন ডিসকাসড অন দি ফ্লোর অব দি হাউস।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ আপনি যদি ক্লুজগুলো দেখেন তাহলে দেখবেন কোন ডেফিনিট ইস্যু নেই। এক শ্রেণীর সংবাদপত্র এটা কি একটা এ্যালিগেশন হতে পারে? তাহলে বলুন কোন্ সংবাদপত্র?

মিঃ স্পীকার ঃ আমার মনে হয় যেসব এর আগে এসেছে, একেবারে পিন পয়েণ্ট করে ওমুক সংবাদপত্র, ওমুক তারিখে, ওমুক পেজে এইভাবে স্পেসিফিকভাবে কোনদিন হয়নি। যেমন আমরা অনেকসময় বলি সন্ত্রাসের রাজত্ব চলছে, এখানে-ওখানে খুন-জখম চলছে, রেজুলেশন এইরকম হয়েছে এ্যাণ্ড দ্যাট ইজ এ্যাডপটেড ওমুক দিন ওমুক সময় লোকে খুনটা করেছে, সেরকম করে আমরা মোশন করি না। কারণ ইট ইজ এ্যাকসেপটেড ফ্যাক্টস সন্ত্রাসের রাজত্ব ওমুক জায়গায় চলছে তার উপর আমরা বলেছি। কিংবা একটা পুলিশ ফায়ারিং হলো কিংবা কোনরকম টরচার হলো একটা গ্রামে, সেইরকমভাবে হয়। কিন্তু একেবারে স্পেসিফিক্যালি কোন্ মানুষটার উপর গুলিটি বর্ষণ হয়েছে, কোন্ জায়গায় লেগে আহত হয়েছে, এত ডিটেলসে আমরা কখনও যাই না।

I think that the motion is in order and I call upon Shri Nandalal Banerjee.

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যেটা আছে যে পশ্চিমবঙ্গ বিধানসভা সংবাদপত্রের স্বাধীন ভূমিকাতে সশ্রদ্ধ স্বীকৃতি দেবার সঙ্গে সঙ্গে—পশ্চিমবঙ্গ বিধানসভা কি এটা দিয়েছেন? ঘটনাটা কি সত্য? তার ভিত্তিতে আপনি কি আলোচনা করতে দিতে পারেন?

মিঃ স্পীকার ঃ আপনি বলতে পারেন যে, ল্যাঙ্গুয়েজটা ঠিকভাবে হয়নি। ল্যাঙ্গুয়েজ মে নট বি কারেক্ট। আপনি সেখানে এ্যামেণ্ডমেণ্ট আনতে পারেন, দেয়ার ইজ নাথিং টু সে ইন দি ম্যাটার।

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ আমি তাঁদের সেণ্টিমেণ্টকে নিশ্চয় শেয়ার করি। কিন্তু---

মিঃ স্পীকার ঃ এখানে মূল বক্তব্যটা হচ্ছে, সংবাদপত্র আজকে স্বাধীন হয়েছে। সেটা হয় পশ্চিমবঙ্গ সরকারের দেবার ক্ষমতা নেই কিন্তু স্বাধীনতা পাবার সঙ্গে সঙ্গে তারা যদি এমন কোন ভূমিকা গ্রহণ করে থাকেন যাতে এখানকার মাননীয় সদস্যদের লেগেছে এবং সেটা যদি এখানে উত্থাপিত হয় তাহলে সেই পরিপ্রেক্ষিতে হতে পারে।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ স্যার, আমরা সংবাদপত্রকে সম্মান করি এবং সেটাই হচ্ছে সশ্রদ্ধ স্বীকৃতি। যেটা নেই সেটা ওঁরা মনে করছেন কেন? মাননীয় সদস্য কাশীবাবু যেটা এখানে তুলেছেন সেই প্রসঙ্গে বলি এখানে ডেফিনিট ইস্যুটা হচ্ছে বিভ্রান্তিকর এবং অসত্য সংবাদ। আমরা কোন পার্টিকুলার সাংবাদিকের বিরুদ্ধে নই বা আমরা কতকগুলি কাগজের বিরুদ্ধে নই। এই যে ফিলজফি সেই ফিলজফির বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য এটা করা হয়েছে। সেই হিসাবে স্যার, ১৮৫-তে এটা জাষ্টিফায়েড।

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত ঃ আমরা আপনাদের সেণ্টিমেণ্টটা বুঝতে পারছি। কিন্তু পশ্চিমবঙ্গ বিধানসভার স্বীকৃতির মূল্যটা কি?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ কয়েকজন সাংবাদিক এ্যারেষ্ট হয়েছিলেন এবং আপনারা জানেন তাঁদের মিসা আইনে আটক করা হয়েছিল। আপনারা নিশ্চয় এটা সমর্থন করেন নি। এই পত্রিকার নামকরা সাংবাদিকদের জরুরী অবস্থায় মিসাতে গ্রেপ্তার করা হয়েছিল এবং দীর্ঘদিন তাঁরা কারাবাসের অন্তরালে ছিলেন।

Shri Nandalal Banerjee : Sir, I beg to move that—

পশ্চিমবঙ্গ বিধানসভা সংবাদপত্রের স্বাধীন ভূমিকাকে সশ্রদ্ধ স্বীকৃতি দেওয়ার সঙ্গে সঙ্গে গভীর দুঃখের ও বেদনার সঙ্গে লক্ষ্য করছে যে, একশ্রেণীর সংবাদপত্র বিভ্রান্তিকর ও অসত্য সংবাদ প্রকাশ করিয়া বিধানসভার মাননীয় সদস্যদের এবং এই পবিত্র বিধানসভাকে 'জনমানসে' হেয় প্রতিপন্ন করিবার অপচেষ্টা চালাইতেছে এবং মাননীয় সদস্যদের এই বিধানসভায় স্বাধীন মতামত ও নির্ভীকভাবে তাঁহাদের সাংবিধানিক কার্যকলাপ চালাইয়া যাইবার পথে বাধার সৃষ্টি করিতেছে।

আমরা বিধানসভার সকল সদস্যবৃন্দ এই অপচেষ্টার তীব্র নিন্দা করিতেছি ও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়া ইহার বিহিত করিবার দাবী জানাইতেছি।

[7-30—7-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা নিঃসন্দেহে বলা যায় যে গণতান্ত্রিক সমাজে সংবাদপত্রের যে ভূমিকা সেটা কোনমতেই অস্বীকার করা যায় না এবং সেই কারণেই আমরা তাকে স্বীকৃতি দিই। ইট ইজ দি মেন অর্গান অব ডেমোক্রাসী। প্লাটফরম একটা অর্গান কিন্তু তার থেকেও বেশী এফেকটিভ হচ্ছে প্রেস। প্লাটফরমে আমরা যে ওপিনিয়ন দিই এ্যাণ্ড উই ট্রাই টু ইলিসিট ওপিনিয়ান, উই ট্রাই টু ফর্ম পাবলিক ওপিনিয়ন সেটা একটা যেমন এজেন্সী তেমনি খুব প্রেস আরো বেশী হতে পারে। কারণ মানুষের ঘরে ঘরে খবরের কাগজের ভূমিকা প্রতিপালিত হয়। স্বাধীনতার যুগে বা সংগ্রামের যুগে আনন্দবাজার পত্রিকায় যখন সুরেশ মজুমদার ছিলেন তখন তার সঙ্গে আমিও খানিকটা জড়িত ছিলাম। তাঁদের কাগজের সেই সাধনা আমি দেখেছি। নেতাজী সুভাষচন্দ্রকে নিয়ে যখন কেন্দ্রীয় নেতারা অনেক জল ঘোলা করছিলেন, যখন সম্পাদকীয় স্তম্ভে সম্পাদকও লিখতে ভয় করছিলেন নেতাজী সুভাষচন্দ্রের কথা দিল্লীর নেতারা তা পড়ে কি মনে করবেন এই ভেবে তখন—আমি জানি না আনন্দবাজারের বর্তমান সংবাদ-সেবকদের সেকথা মনে আছে কিনা, রাত্রি ১১টার সময় সুরেশ মজুমদার নেতাজী সুভাষচন্দ্রকে বাড়ী থেকে গাড়ী করে তুলে নিয়ে গিয়ে বলেছিলেন, তুমি লেখ এডিটোরিয়াল, তাতে যদি কাল আমার কাগজ বন্ধ হয়ে যায় বন্ধ হয়ে যাবে।

সেই একটি ভূমিকা সংগ্রামী যুগে, সেই একটি ভূমিকা ছিল বাংলাদেশের নেতৃত্বের পেছনে দাঁড়াবার। সেই ভূমিকাকে আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি। কিন্তু যখন দেখি যে সংবাদপত্র সেই গুরুদায়িত্ব থেকে পিছিয়ে এসে ভুলমার্গের কথা তারা বলছেন, যা ঘটনা নয়, সেই ঘটনা বলে যেন কাউকে সন্তোষ দেবার চেষ্টা করছেন তখন স্বভাবতই মনে সন্দেহ জাগে যে খবরের কাগজের ভূমিকা তার মালিককে সন্তুষ্ট করবার জন্য, তাই কি সম্পাদক বা সংবাদ পরিবেশক, তারা কি সত্যই নিজেদেব কলম দিয়ে নিজেদের মনের ভাব লেখেন? না, সংবাদপত্রের মালিককে বা কোন গোষ্ঠীকে সন্তুষ্ট করবার জন্য লেখেন, সংবাদপত্রের যে সংগ্রামী ভূমিকা ছিল, যারা পাবলিক ওপিনিয়ন সৃষ্টি করেছে, আজকেও সেই পাবলিক ওপিনিয়ন সৃষ্টি করে জনমানসে প্রভাব সৃষ্টি করবার ক্ষমতা তাদের আর নেই, তাদের কাছে শুধু এ অনুরোধ করি যে সেই ক্ষমতা জনগণের স্বার্থে, গণতন্ত্রের স্বার্থে, আপনারা সেই ভূমিকা পালন করুন। এটা ঠিক কথা যে একসময় ইংরাজ আমলে ষ্টেটসম্যান পত্রিকা লিখতেন ভারতবর্ষের স্বাধীনতা-সংগ্রামের বিরুদ্ধে। একসময় অমৃতবাজার পত্রিকা লিখতেন পশ্চিমবঙ্গের নেতৃত্বের বিরুদ্ধে, দিল্লীর পক্ষে, আবার তার পাশাপাশি আনন্দবাজার পত্রিকা বীরদর্পে নেতাজীকে নিয়ে তাঁর সংগ্রামকে সমর্থন করে লিখে গেছেন। আনন্দবাজারকে আমরা সেইজন্য চিরকাল শ্রদ্ধা করেছি সংগ্রামী পত্রিকা বলে বসুমতীর পাশে পাশে। দুঃখ হয় তখনই যখন দেখি সেই আনন্দবাজার পত্রিকা এবং তার আণ্ডতায় ইভিনিং ষ্ট্যাণ্ডার্ড অসত্য কথা পরি-বেশন করে যাচ্ছেন। তখন আমাদের মনে হয় তারা কি তাদের ষ্ট্যাণ্ডার্ডটা নিচে নামিয়ে দিয়েছেন? ইভিনিং ষ্ট্যাণ্ডার্ড কি ভুলে গেছে যে আনন্দবাজার পত্রিকা তাদের অফিস। তিনি কি ভুলে গেছেন তাদের সম্পাদকমণ্ডলীর ভিতর সেইসব সম্পাদকমণ্ডলী আছেন যাঁদের কলম দিয়ে একদিন এ্যাণ্ডারশনের বিরুদ্ধে লেখনী বেরিয়েছিল, সে কোথায়? সেইসব বিস্মরণ হয়ে গিয়ে কোথায় অসত্য ভাষণ, স্পীকার যা বলেন নি তাই লিখেছেন, মুখ্যমন্ত্রী যা বলেন নি তাই বলেছেন, এই জল ঘোলা করার যে একটা প্রয়াস, এই প্রয়াসকে স্বাধীন দেশের কোন মানুষ স্বীকৃতি

দিতে পারে না। আমরা সেই অনুরোধ তাদের কাছে রাখি, দোষ-ত্রুটি ভুল-ভ্রান্তি দেখবার জন্য তারা তো কনসাইয়েন্স কীপার অব দি কান্ট্রি, অব দি পিপ্‌ল। গভর্ণমেণ্টের তারা নিশ্চয়ই কনসাইয়েন্স কীপার, সঙ্গে সঙ্গে কনসাইয়েন্স রাখতে গিয়ে অযথা বেত্রাঘাত করবার অধিকার মাষ্টার মহাশয়দেরও দেওয়া হয় না। তাদেরও আমি অনুরোধ করবো। সেইপথে আসুন, আপনাদের ভূমিকা অনেক বিরাট, গণতন্ত্র আপনাদের মুখের দিকে তাকিয়ে আছে, ইচ্ছা করে ঘরে আগুন ধরাতে পারি বলে লোকে ঘুমোচ্ছে, কিছু জানে না, তার ঘরে দেশলাই জ্বালিয়ে-দিলাম, সংবাদপত্র কি খামখেয়ালীভাবে চলবে? না তাদের দায়িত্ব পালন করবেন? আজকে যখন দেশের মধ্যে অস্থিরতা এসেছে, রাজনৈতিক অস্থিরতা—দেশের মধ্যে যদি যুদ্ধ লাগে, সংবাদপত্রের ভূমিকা হবে কি, সেই জলকে আরও ঘোলা করে দেওয়া? না, সংবাদপত্রের ভূমিকা হবে সংযত করা, দেশের স্বার্থে, জাতির স্বার্থে তারা তো পথের নির্দেশ দেবেন, তাদের আমরা শ্রদ্ধা, অভিনন্দন জানাই। কিন্তু এই অসত্য সংবাদ আমাদের মনে ব্যথা দেয়। তাই আমি সেই সমস্ত প্রয়াসকে নিন্দা করছি, এই প্রস্তাব আমি রাখছি।

[7-40—7-50 p.m.]

শ্রীসত্য ঘোষাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভেবেছিলাম কিছু বলব না—এই সেশনে কিছু বলিও নি কারণ আমরা হেরে গেছি তো বলা উচিত নয়। লোকে তো আমাদের কথা শোনেনি। আজকে ভাবলাম হঠাৎ উঠে পড়ি এজন্য যে আমার বন্ধু বিশ্বনাথ চক্রবর্তী যে প্রস্তাব দিয়েছেন এবং তারপর ডাঃ শান্তি দাশগুপ্ত মহাশয়ের বাংলা ভাষা শেখানোর জন্য বাধ্য হয়ে উঠে পড়তে হল। আপনারা জানেন মহাভারতে একটা গল্প আছে—আমি অবশ্য তার সঙ্গে তুলনা করছি না, রেফারেন্সে বলছি না, শুধু গল্পটা বলছি। কারণ বাংলা ভাষার উপর যেসব অত্যাচার হয়েছে তাকে মনে হয়, এটা বলার জন্য কেউ হয়তো বলে বসবেন নিজেকে শ্রীকৃষ্ণ বলছেন, কিন্তু আমি তা বলছি না। শ্রীকৃষ্ণ বলেছিলেন কুরুক্ষেত্রের যুদ্ধে অস্ত্রধারণ করব না। তারপর অভিমুন্যু মারা যাবার পর জয়দ্রথকে বধ করার পর অর্জুন প্রতিজ্ঞা করলেন যে সূর্যাস্তের মধ্যে যদি তাকে না বধ করতে পারি তাহলে অগ্নিতে আত্মাহুতি দেব। শ্রীকৃষ্ণ যখন দেখলেন যে ও বোধহয় পেরে উঠবে না তখন তিনি তাঁর সারথি দ্বারুকীকে ডেকে বললেন, রথ সাজাও, যত অস্ত্র আছে তৈরী কর। দ্বারুকী তখন জিজ্ঞাসা করলেন, সেকি আপনি তো অস্ত্রধারণ করবেন না। এতে তিনি বললেন, আজ কুরুক্ষেত্র যুদ্ধ নয়, আজ অর্জুনের প্রতিজ্ঞা রক্ষাজনিত যুদ্ধ, সুতরাং এর জন্য অস্ত্রধারণ করলে করতে হতে পারে। সেজন্য আজ বিধান-সভার সাধারণ আলোচ্যসূচী নয় যাতে আমি আজও পর্যন্ত অংশগ্রহণ করিনি তবে এটা একটা আলাদা ইস্যু বলে বাধ্য হয়ে উঠেছি। আমার জন্য কত সময় আছে জানি না, তবে যদি একটু বেশী সময় নিই তাহলে ঐ যেমন সূর্যাস্ত হয়ে আসছে ও অর্জুন মারতে পারছে না দেখে শ্রীকৃষ্ণ একটুখানি সুদর্শনচক্র দিয়ে সূর্য আড়াল করে রেখেছিলেন যার ফলে জয়দ্রথ বেরিয়ে পড়েছিল এবং অর্জ্জুনের মারার সুবিধা হয়েছিল সেরকম আপনি আপনার সময়ের ঘড়িটাকে একটু আড়াল করে রাখবেন যাতে আমি ২/১ মিনিট বলতে পারি। সকল সদস্যবৃন্দ দেখে শ্রীশান্তি দাশগুপ্ত, অধ্যাপক বিশ্বনাথ চক্রবর্তীর বাংলা ভাষার জ্ঞানের উপর কটাক্ষ করেছেন। শান্তিবাবু পণ্ডিত লোক হয়ে এ জিনিস তাঁর শোভা পায় না। সুব্রতবাবুর বক্তৃতায় রোজই আমরা শুনি ডজন লোক মারা গেছে। দুর্ঘটনা হলেই ওদের

৫ জন লোক মারা যায়। কাজেই ৫ জন লোক যে হয় না তা আমরা রেডিওতে দিনরাত শুনে শুনে শিখেছি যে ৫ জন লোক মারা যায় না। ঠিক তেমনি এখানে ও বাহিরে অনেক পণ্ডিত লোকের বক্তৃতা শুনি মাঝে মাঝে যে আমাদের সম্মান অনেক সময় বিঘ্নিত হয়, সম্মান রাখা হয় না। এইরকম ভুল ধরে কোন লাভ আছে? সুতরাং বিশ্বনাথবাবু যখন কাগজে একটা লিখলেন এবং লিখতে গিয়ে সকল সদস্য লেখা হয়ে গেল তখন তার উপর কটাক্ষ করা উচিত নয়। তিনি বাংলা ভাষার কৃতি অধ্যাপক ও ছাত্র বটে, সুতরাং এগুলি বাদ দিয়ে বলা উচিত। সংবাদপত্র ইস্যুটা খুব ভয়ানক বলে আমার বলতে ভয় হচ্ছে। আমি নেপোলিওন নই যে সাহস করে খবরের কাগজ আনতে গেলেই বলব ব্রিং মি মাই লায়ার। নেপোলিওন অবশ্য চাইল্ড অব রিভোলিউশন ছিলেন এবং ডিস্ট্রয়ার অব রিভোলিউশন ছিলেন। আমার প্রথমটা হবার গৌরব নেই, আর দ্বিতীয়টা হবার কৃতিত্ব কোন জন্মে দাবী করতে চাইব না। সুতরাং ব্রিং মি মাই লায়ার বলব না। কিন্তু সংবাদপত্র প্রসঙ্গটায় এত যে বাদ-প্রতিবাদ হচ্ছে সেজন্য আমি নেপোলিওনকে স্মরণ করলাম। আমি এখানে তাঁর কোটেশানটা পড়ে দিচ্ছি---

The Bourbons might have preseved themselves if they had control on writing materials. The adeent of cannons destroyed feudal system. The ink will kill the modern social organisation.

অর্থাৎ যে রিভোলিউশন তিনি করেছিলেন তাতে বুর্জোয়া রিভোলিউশনের পত্তন সম্ভব হতে পারে কালির দ্বারা। নিজেকে রক্ষা করতে পারতেন যদি রাইটিং মেটিরিয়াল্‌সকে চেক করতেন। প্রসঙ্গটা যদি উল্টে দেন তাহলে বুঝবেন মসির ধার কত, শক্তি কত এবং লেখনী কত শক্তিশালী। আনন্দবাজার সম্পর্কে বলি এরই সর্বজনশ্রদ্ধেয় সম্পাদক সত্যেন মজুমদার সম্পর্কে লেখা হোত লেখনী যার তরবারীর চেয়ে ধারাল তিনি কে না সত্যেন মজুমদার। ১ পয়সা ট্রামভাড়া বাড়লে—তখন প্রদ্যোতবাবুর নেতা প্রফুল্লবাবু এখানে মন্ত্রী ছিলেন—সেসময় যেগুলি চলেছিল তার উপর আনন্দবাজারে সত্যেনবাবুর স্বাক্ষরিত একটি এডিটোরিয়াল যে বের হয় তাতে লেখা ছিল জননীর গর্ভে লজ্জা। আপনারা অনেকে এইসব দেখেছেন এবং সেই অগ্নিবর্ষী এডিটোরিয়ালের কথাও সকলের জানা আছে। সুতরাং সংবাদপত্রকে ছোট করার ব্যাপার নেই। কিন্তু এখানে কি আমরা সকলেই মনে করি যে সমস্ত সংবাদপত্র সেই ভূমিকা পালন করছে? একশ্রেণীর সংবাদপত্র বললে কালীবাবুর খুব রাগ হয়। কিন্তু সকল সংবাদপত্র কি সেই দাবী করতে পারেন? আমার উল্টো কথা মনে পড়ল, যেমন ধরুন এই যে সংবাদপত্র এরা কি সেই ভূমিকা পালন করে? আপনারা জানেন যে আর সলোকভ একটা বই লিখেছিলেন যার নাম ললিতা। এই বইখানি কোর্টে গেলে বিচারক তাঁর রায় দেবার সময় বলেছিলেন এটা নির্ধারিত সম্পর্কে লেখা। কাজে যে মেয়ের বয়স ১৪ বছরের নীচে বা ১৪ বছরের সে এই বইটা পড়ে বুঝবে না সুতরাং তার ক্ষতি হবার কোন সম্ভাবনা নেই। আর যে এ বইটা পড়ে বুঝে ফেলেছে সে মেয়ে ইতিমধ্যে নষ্ট হয়ে গেছে, তার নতুন করে ক্ষতি করার কোন সম্ভাবনা নেই। সুতরাং এই বই সম্পর্কে রায় দেওয়া খুবই মুশকিল। তেমনি সব সংবাদপত্র। আমি যদি খলিফা ওমরের কথা স্মরণ করিয়ে দিই যে সংবাদপত্র কিভাবে আমরা পড়ি, খলিফা ওমর একসময় বলেছিলেন---

"If the books are in conformity with the Koran they are superfluous. If they are not in conformity with the Koran they are pernicious. Either the books are in conformity with the Koran or they are not

in conformity with the Koran, either they are superfluous or they are pernicious".

আমাদের দেশের শতকরা ৬০-৭০ জন লোক খবরের কাগজ পড়তে পারে না, পড়ে যে বুঝবেন তার উপায় নেই, সেটা তার ক্ষতি বৃদ্ধির বাইরে, ভাল লিখলে ক্ষতি হবে না, মন্দ লিখলেও ক্ষতি হবে না। আমরা যারা বিধানসভায় আসি আমাদের ক্ষতি বৃদ্ধি দুইই হতে পারে। এখানে আমার ব্যাপার তাই—

If they are in conformity, they are superfluous, if they are not in conformity, they are pernicious.

যেমন ধরুন আমার মতের সঙ্গে যদি মেলে—কাগজ আমি পড়ি না, পড়ার দরকার মনে করি না, কারণ আমি জানি ওতে কি লিখবে। যেমন ধরুন আমার কালান্তর, আমার কালান্তর আমি জানি কি লিখবে, কি লিখে থাকে। অতএব আমি পড়ি না, পড়লে এটা আমার কাছে সুপারফ্লুয়াস। তেমনি ধরুন আনন্দবাজার আমি পড়ি না, জানি ওটা খুললে দেখব ওটা আমাকে গালাগালি দেবে, আমার কথা লিখবে না, কাজেই স্যার, ক্ষতি বৃদ্ধির আমি বাইরে, আমার আর কি ক্ষতি করবে। যেমন ধরুন হাজার বার যদি কালান্তর পড়েন আমি মহান্তিবাবুকে সি পি আই করতে পারব না। আবার হাজার বার যদি গণশক্তি পড়ি আমি সি পি এম হব এ-কাজ কিছুতেই হবে না। সুতরাং ঐ কাগজ আমাদের ঠিক ক্ষতি করতে পারে না, আর যারা লেখাপড়া জানে না তাদেরও ক্ষতি করতে পারে না। ক্ষতি করে স্যার বাইরের কিছু লোকের যারা কাগজটাকে বেড বলে মনে করে এবং এই কাগজের উপর যারা নির্ভর করে থাকে এবং যারা মনে করে ছাপার অক্ষরে যা লেখা হয়েছে তাই বেড। সেইজন্য আমরা এই প্রস্তাবটা আনছিলাম যাতে সংবাদপত্রের লোক যাঁরা তাঁরা অপেক্ষাকৃত বেশী দায়িত্বশীল হবেন। এখন স্যার দেখুন কিরকম দায়িত্ব এঁরা পালন করেন। আমি বললেই সংবাদপত্র রাগ করবে, সেজন্য স্যার, সাফাই-সাক্ষী মানছি বঙ্কিম চট্টোপাধ্যায় মহাশয়কে। বঙ্কিম চট্টোপাধ্যায় মহাশয় সংবাদ-পত্র সম্পর্কে লিখছেন, 'আপনারা পড়েছেন নিশ্চয়ই, তিনি যখন বাজারে বেরিয়েছেন, বাজারে ঘুরতে ঘুরতে বিভিন্ন দোকানে যেতে যেতে তিনি বলছেন, তাহার পর যশের ময়রাপটি সংবাদপত্র লেখক নামক ময়রাগণ গুড়ের সন্দেশের দোকান পাতিয়া নগদ মূল্যে বিক্রয় করিতেছে। রাস্তার লোক ধরিয়া সন্দেশ গছাইয়া দিয়া হাত পাতিতেছে। মূল্য না পাইলে কাপড় কাড়িয়া লইতেছে। এদিকে তাদের বিকেয় যশের দুর্গন্ধে পথিক নাসিকা আবৃত করিয়া পলাইতেছে। দোকানদারগণ বিনা ছানায় শুধু গুড়ে আশ্চর্য সন্দেশ করিয়া সস্তা দরে বিক্রয় করিতেছে। কেহ টাকাটা-সিকেটায়, কেহ আনা-দু'আনায়, কেহ কেবল খাতিরে, কেহ বা ফলাহার পাইলেই ছাড়ে, কেহ বা বাবুর গাড়ীতে চড়তে পেলেই যশ বিক্রয় করে'। এই উক্তি আমার হলে সংবাদপত্র আমার উপর রেগে যেতেন। বঙ্কিমবাবু আমাদের সেনসারের বাইরে এবং আপনাদেরও সেন-সারের বাইরে। অধিকন্তু তিনি ছিলেন বঙ্গদর্শনের লেখক, সম্পাদকও ছিলেন, সাংবাদিকও ছিলেন। তিনি এই কথা লিখেছেন। এবারে স্যার আপনি মিলিয়ে দেখুন। আমাদের এখানে কিভাবে বিনা ছানায় শুধু গুড়ে কি আশ্চর্য সন্দেশ পরিবেশিত হয়। আনন্দবাজার পত্রিকা যখন খুলি যে-কটা পাতা থাকে—৪ পাতা থাকে, আমার তখন মনে পড়ে বিরাট বিরাট বিজ্ঞাপন দেহ-দর্শন কি অপরাধ বলে বারবধূর একপাতা বিজ্ঞাপন। এতে অবশ্য আমাদের মোরালও বাড়ে, সংবাদপত্রের স্বাধীনতা বাড়ে, সংবাদপত্রের মুনাফাও বাড়ে, এতে কোন অসুবিধা হয় না,

আমাদের ছেলেমেয়েদের নৈতিকতা বাড়ে, আমাদের অনেক উপকার হয়। নিশ্চয়ই এদিক থেকে আমার কিছু বলা উচিত নয়, আমি স্যার বলতে চাই না। আপনারা দেখেছেন আজকে সঞ্জয়ের বিরুদ্ধে বলবার অনেক লোক। নভেম্বর-ডিসেম্বর মাসে মনে আছে স্যার, সঞ্জয়ের প্রশস্তি কাগজে এই আনন্দবাজার খুললে। ব্লিৎজ পত্রিকা প্রগতিশীল, খুললেই দেখি কয়েকপাতা সাঁইবাবা, কয়েকপাতা সঞ্জয় গান্ধী, আর লাষ্ট পেজে কি থাকে স্যার, সেটা তো জানেন। অতএব এর বিক্রির মার নেই। লাষ্ট পেজের জন্য একদল লোক কিনবে, সাঁইবাবার যাঁরা মাদুলি ধারণ করেন তাঁরা কিনবেন, আর সঞ্জয়ের জন্য বাকিরা কিনবেন। সঞ্জয় সেলাম একসময় সরকার সেলাম জেলখানায় চালু হয়েছিল। কিন্তু যারা চালু করেছে একবার তাকিয়ে দেখুন, সঞ্জয়কে ছেড়ে দিতে তাদের এক মিনিটও লাগেনি। ব্লিৎজ পত্রিকা খুলে দেখুন সঞ্জয়ের মত পাপী আর পথিবীতে নেই।

[7-50—8-00 p.m.]

সুতরাং এই তো হয় স্যার, কাগজে। অবশ্য এতেও আমার আপত্তি নেই কারণ সংবাদ-পত্রের স্বাধীনতা আমাদের মানতে হবে এবং এই জিনিস হওয়া নিশ্চয়ই উচিত। খালি আবেদন এইটুকু যে, এইগুলি একটু বিচার-বিবেচনা করে লিখুন। এটা হয় ঠিকই স্যার, নজরুল তাঁর কবিতায় লেখে গেছেন "আজ যারে দেখ শীর্ষে কাল তারে পদানত"—তা একেবারে খবরের কাগজকে কবিতা বানিয়ে ফেলবে না। অবশ্য আপনারা বানান---যেমন ধরুন, রবিবাসরীয় কাগজে কবিতা লেখা হয়। বুদ্ধদেব বসুর কবিতা আমি ছোটবেলায় পড়েছিলাম, এখন আর বেশী পড়ি না। তাতে দেখলাম কবিতা পড়ে—"আমার চোখের সামনে সুন্দর স্বপ্নের মত দোলে তোমার দুটি বুক"। এটা খুব ভাল কবিতা, নিশ্চয়ই লেখা যায়। বুদ্ধদেব বসু মহাশয় লিখেছেন এই জিনিস। কিন্তু কোন খবরের কাগজ কি একথা লিখবেন যে, বুক নয়, যেন অনুশোচনার মত ঝোলে একটা মাংসপিণ্ড এবং ক্ষুধার্ত শিশু তার দশটা আঙুল দিয়ে সেই মাংসপিণ্ডকে আঁকড়ে ধরে চিৎকার করে---একথা কি কাগজে লিখবে? কোন কাগজে কি একথা ছাপা হবে? এ ছবি কি ছাপা হবে যে, কোলকাতা শহর ডাষ্টবিনে ফেলে দেবার পর যারা ডাষ্টবিন থেকে খুঁটে খুঁটে খায় তাদের ছবি কি কখনও বেরুবে, তাদের কথা কি কোনদিন লেখা হবে? তাদের বেদনার কথা কি কোনদিন ভাষা পাবে? আমরা সাংবাদিকদের জন্য এই মোশানটা এনেছি এইজন্য যে, তাদের কথা একটু বলুন। মুহূর্তের তরে দুঃখ যদি পায় তার ভাষা—অন্তত মুহূর্তের জন্য তাদের দুঃখকে ভাষা দিন। অনেক পাতা খরচ করেছেন কমিউনিষ্ট পার্টির বিরুদ্ধে, অনেক নিন্দা তাঁদের করেছেন। আমি দাবী করছি না কমিউনিষ্ট পার্টি সব ভাল কথা বলে, আমি এখানে ডিফেণ্ড করছি না। কিন্তু যে মিটিং আমাদের হয়নি সেই মিটিং হইয়ে দিয়ে আমাদের পার্টিকে ভেঙে দিতে হবে? যে মিটিং-এ আমরা আদৌ বসিনি সে মিটিং-এ পার্টিকে তিনভাগ করে দেবেন? আমাদের পার্টিকে দিয়ে টেলিগ্রাম করে দেবেন? এইসবগুলি কি ঠিক? যেকথা আমরা আদৌ বলিনি সেই কথা আমাদের দিয়ে বলিয়ে দেবেন একথা কি ঠিক? কমিউনিষ্ট পার্টি তো অনেক লড়াই করেছে, ভুল করুক, ঠিক করুক অনেক আন্দোলন করেছে, তাদের কথা কি কোনদিন লিখেছেন? এই মাঠের সম্রাট যাঁরা মাঠের দিকে চেয়ে থাকে, মুগ্ধ নেত্রে ধান দেখে এবং সঞ্চয়িতার ঘরে সেই ধান জমে তাদের লড়াইয়ের কথা কি কোনদিন লিখেছেন? কোন কাগজে কি এদের কথা প্রকাশ করেছেন? ওই যে গ্রামের লোকদের উপরে অত্যাচার

হচ্ছে তাদের জন্য কি একটু কেঁদেছেন? ব্লাড অব দি মার্টিয়ার ইজ দি সিড অব দি চার্চ। আমি আপনাদের মনে করিয়ে দিচ্ছি এই সেদিন গুডফ্রাইডে, ইষ্টার স্যাটারডে আমরা পার হয়ে এলাম। আজকে ১১ই এপ্রিল আমরা এখানে দাঁড়িয়ে রয়েছি। আমার একটা কথা মনে পড়ে গেল, রোমের শাসক ছিল ফ্রনটিয়াস পাইলেট, তাঁর রিটায়ার করার ৩০ বছর পরে তাঁর একজন সহকর্মী তাঁকে জিজ্ঞাস করেছিলেন, নাজারাতকে তুমি চেন? ফ্রনটিয়াস পাইলেট বলেছিলেন, নাজরাত কে, তাঁর নাম তো আমি কোনদিন শুনিনি? স্যার, আজকে ১৯৭৭ সাল, ১১ এপ্রিল কোটি কোটি মানুষ নাজরাতকে প্রণাম করে, কি সেই ফ্রনটিয়াস পাইলেটের নাম কেউ জানে না, কেউ বলতেও পারবে না সে কে ছিল। আমি কমিউনিষ্ট পার্টিকে ডিফেণ্ড করবার জন্য এইসব কথা বলছি না। আমি বলছি এইসব কথা তাঁরা কোনদিন লেখেন না। মানুষের সংগ্রামের কথা কোনদিন এঁদের সংবাদ হয় না। তাই স্যার, আজকে আমরা এই প্রস্তাব আনতে বাধ্য হয়েছি, যে এইসব সংগ্রাম একটু ভাষা পাক। আজকাল খবরের কাগজে কি হয়? ধরুন, বেশীরভাগ খবরের কাগজে—আমি সকল খবরের কাগজকে একই পর্যায়ে ফেলতে চাই না—একথা বুঝতেই হবে যে সংবাদপত্রের স্বাধীনতার যে পীঠস্থান গ্রেট বৃটেন, ইংল্যাণ্ড সেখানকার মহাকবি মিলটন সংবাদপত্রের স্বাধীনতা লিখবার জন্য অন্ধ হয়েছিলেন। কিন্তু সেই বৃটেনে আজকে কি হচ্ছে—কয়েকটা কোটিপতি লোক আজকে সংবাদপত্রের মালিক। তারা তাদের মুনাফার জন্য সংবাদপত্র চালিয়ে যায় এবং সংবাদপত্র ব্যবহার হয় মুনাফার জন্য। বিজ্ঞাপন প্রচার করে তা থেকে পয়সা আনবার জন্য আজকে সংবাদপত্র। এইসব কোটিপতিরা সংবাদপত্রের মালিকানা রাখে তাদের স্বার্থকে রক্ষা করার জন্য এবং তাদের স্বার্থেই তারা সংবাদপত্র ব্যবহার করে। স্যার, আমরা শুনেছি অবশ্য সত্য-মিথ্যা জানি না, সঞ্জয়ের সঙ্গে যোগাযোগ করবার জন্য আনন্দবাজার পত্রিকা কয়েক লক্ষ টাকা খরচা করেছে। কেউ বলে ৮ লক্ষ এবং কেউ বলে ১১ লক্ষ টাকা। আমরা শুনেছি তারা রেষ্টহাউস তৈরী করেছে দিল্লীতে যাতে আশ্রয় পায়। এটা সত্যি-মিথ্যা জানি না, তবে আমরা একথা শুনেছি।

আমি শুনেছি দু'জন সাংবাদিক গ্রেপ্তার হয়েছিলেন, বরুণ সেনগুপ্ত, গৌরকিশোর ঘোষ। কেন তাঁরা গ্রেপ্তার হয়েছিলেন? খবরটা তো কাগজে বের হতে পারেনি। আমি শুনেছি, সত্য-মিথ্যা জানি না, একথা নাকি স্বয়ং মুখ্যমন্ত্রী বলেছিলেন যে এই সংবাদ যেন প্রকাশিত না হয়। কেন সেই সংবাদ প্রকাশিত হয়নি? শুনেছি বরুণ সেনগুপ্তের নামে অভিযোগ ছিল—কেউ বলে অর্থনৈতিক কারণ, কেউ বলেন পলিটিক্যাল, কেউ বলেন যে না, ব্যক্তিগত কারণ, কোন্‌টা সত্য করে জানবো। এইগুলি যদি বেরিয়ে যেতো তাহলে বুঝতাম যে কি হয়েছিল। যদিও আমরা মনে করি না যে কোন সাংবাদিককে গ্রেপ্তার করা উচিত। আমরা মনে করি সাংবাদিকদের স্বাধীনতা থাকা উচিত, সর্বত্র যাতে তিনি যেতে পারেন, সংবাদ স্বাধীনভাবে সংগ্রহ করতে পারেন এবং সংবাদকে পরিবেশন করতে পারেন। তার সঙ্গে সঙ্গে এও মনে করি যে, অতিরিক্ত গল্প বানানো উচিত নয় এবং অতিরিক্ত গল্পকে বাড়িয়ে দেওয়া উচিত নয়, সত্য পরিবেশন করা উচিত এবং সেইজন্য এই মোশনটি আনা হয়েছে। আমরা সংবাদপত্রের স্বাধীনতাকে খর্ব করতে চাই বলে এই মোশন আনিনি। আমরা এই মোশন এনেছি এজন্য যে সংবাদপত্র যেন জনসাধারণের মুখপত্র হতে পারে, কয়েকজন কোটিপতি মালিকদের জন্য যেন না হয়। সেই সঙ্গে সঙ্গে আমি একথা বলবো সংবাদপত্র এবং সাংবাদিকদের ভূমিকা কিন্তু আলাদা করে দেখার আছে। আমি অনেক সাংবাদিককে জানি এবং বিশ্বাস করি

অপরিসীম বেদনা তাঁরা চেপে নিয়ে লেখেন। আমি জানি অনেক কথা তাঁরা বলতে চান কিন্তু তাঁরা তা লিখতে পারেন না। একটা কথা আজই মনে পড়ছে আমি একটা রেফারেন্স দিয়েছিলাম স্যার, শ্রদ্ধেয় প্রফুল্ল সেন মহাশয়ের সময়ে, কলকাতায় যখন বুভুক্ষু জনতার উপর গুলি চলেছিল, খাদ্যের দাবীতে মানুষ যখন গুলি খেয়েছিল, ৮০ জন লোক যখন মারা গিয়েছিল, তখন যুগান্তরের সম্পাদক বিবেকানন্দ মুখোপাধ্যায় সম্পাদকীয় পাতায় এই সংবাদ লিখতে চেয়েছিলেন কিন্তু লিখতে পারেন নি, যুগান্তরের সেই সম্পাদকীয় বেরোয় নি, আলাদা বুকলেটে সেই লেখা বেরিয়েছিল, "আমি বিধাতার অভিশাপে বিশ্বাস করি না, আমি বিধবার অভিশাপে বিশ্বাস করি।" সেই লেখাটা অনেককে প্রেরণা দিয়েছে স্যার, কিন্তু যুগান্তরের পাতায় তো তার স্থান হয়নি। তিনি ছিলেন যুগান্তরের সম্পাদক। সুতরাং আমি জানি সাংবাদিকদের কি বেদনা থাকে, কি ইচ্ছা তাঁদের থাকে, কি কথা তাঁরা অনেক সময় প্রকাশ করতে চান কিন্তু পারেন না। সেইজন্যই তো বলি আপনারা বেরিয়ে আসুন, আমরা সংবাদপত্রের সেই স্বাধীনতা চাই যে সংবাদপত্রে এই সমস্ত সাংবাদিকরা, তাঁরা যেমন সাংবাদিকতার স্বাধীনতা পাবেন, খবর সংগ্রহের স্বাধীনতা পাবেন, জনমত গঠনের স্বাধীনতা পাবেন, তেমনি করে সঙ্গে সঙ্গে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার স্বাধীনতাও পাবেন। কয়েকটি কোটিপতি মালিকদের সেবা করা সংবাদপত্র নয়, দেশের হাজার হাজার মানুষের সেবা করবার স্বাধীনতা, সমাজকে পাল্টে দিতে যারা চায় তাদের সংগ্রামের সাথী হওয়ার স্বাধীনতা। সেইজন্য তাদের বলি আপনারা বেরিয়ে আসুন এবং দেশে সেই সংগ্রাম শুরু করুন। আপনাদের জন্যই কবির সেই ডাককে শক্ত করুন—'বিনা অস্ত্রে হান হান, খরতর ঝঙ্কার ঝঞ্ঝনা গড়ে উঠে শৌর্যে,' সেই সুর আপনারা তুলুন, সাংবাদিকতার সেই মানকে আপনারা উঁচুতে তুলে ধরুন এবং দরিদ্র মানুষের, শোষিত মানুষের, সংগ্রামী মানুষের সংগ্রামের সাথী হোন। সেই সঙ্গে, স্যার, এই যে একচেটিয়া কারবার সংবাদপত্রকে যারা দখল করে আছে, একচেটিয়া মালিক, বিজ্ঞাপনের ব্যবসা করে যারা মুনাফা লোটে তাদের একথা বুঝতে হবে বাংলাদেশে এইভাবে গণতান্ত্রিক মানুষের স্বাধীনতার সংগ্রাম এবং তার স্বাধীনতার চেতনার বিরুদ্ধে গেলে জনসাধারণের বিক্ষোভ ঘটে। সকল বিক্ষোভই সব সময় অবান্তর নয়। সেই সমস্ত কথা মনে পড়ছে, স্যার, আপনিও জানেন, শ্রদ্ধানন্দ পার্কে একসময় সুভাষচন্দ্র বোস মহাশয় কিছু কাগজ পোড়াবার কথা বলেছিলেন। আমি একথা বলি না যে সেই সঙ্গে আমার মত একটি তুচ্ছ ব্যক্তি কিছু কাগজ পোড়াতে বলবে কারণ আমি একথা বিশ্বাস করি না। আগে যদি গোবর্ধন ধারণ করা হয় তারপরেই বস্ত্রহরণের কথা বলা যায়, সুভাষবাবু যে কথা বলতে পারেন আমি সেকথা বলতে পারি না। কিন্তু একথা তো তাদের বুঝতে হবে কেন সুভাষবাবুর মত লোককে একথা বলতে হয়েছিল? যদি সংবাদপত্র এমন কাজ করেন—কিছু কিছু সংবাদপত্র, সমস্ত সংবাদপত্র সম্পর্কে আমার বক্তব্য নেই, কিছু কিছু বড় সংবাদপত্র, একচেটিয়া মালিকদের দ্বারা সংবাদপত্র, যারা স্বার্থরক্ষা করবার জন্য সেই ধরনের সংবাদপত্র জনসাধারণের স্বার্থের বিরুদ্ধে অনবরত চালাতে থাকেন, তাদের ইচ্ছামত গল্প তৈরি করতে থাকেন তাহলে একদিন সেই মানুষরা তার প্রতিবাদ জানাবে, সেই সংবাদ-পত্রের ভূমিকাও পাল্টাবে। আমি বিশ্বাস করি এমন অনেক সংবেদনশীল সাংবাদিক আছেন। আমরা চাই যে এই রকম একটা মূল্যবোধ, এইরকম একটা মান তৈরি হোক, সেই মান হিসাবে পশ্চিমবঙ্গের সংবাদপত্রগুলি পরিচালিত হোক এবং সেই মান হিসাবে চলুক। সেই কারণে আমরা এই মোশন এনেছি। সেই ধরনের মান যাতে সুরক্ষিত হয়, সংবাদপত্রের স্বাধীনতা

সুরক্ষিত হয়, জনসাধারণের স্বাধীনতা সুরক্ষিত হয় তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে এটা আমরা পাঠাতে চাই, এটা পাঠানো হোক। পরিশেষে আমি সাংবাদিকদের কাছে এই আবেদন করি যেকথা বলে আমি শুরু করেছিলাম ইঙ্ক উইন ডেস্ট্রয় দি প্রেজেণ্ট সোসিয়াল অর্গানিজেশন, যেকথা বলেছিলাম তাই সত্য। আপনাদের লেখনী, আপনাদের মসি সেই অসি আকারে ফুটে উঠুক যাতে এই প্রেজেণ্ট সোসিয়াল অর্গানিজেশন, গণতান্ত্রিক সভ্যতা, যে সভ্যতা এই পাপকে জন্ম দিয়েছে, যে সভ্যতার পাপ হল সংবাদপত্রের শৃংখল সেই শৃংখল ভেঙে যাক এবং এই সভ্যতার পরিবর্তন করুন। শ্রমিক শ্রেণী, মেহনতি মানুষের যে নতুন সভ্যতা, নতুন সমাজ তৈরি হবার পথে সেই সমাজের জন্ম-বেদনায় আপনারা সহায়ক হন, তার জন্য আপনাদের এখানকার সকল সাংবাদিকদের কাছে আবেদন করতে চাই। এই কথা বলে, স্পীকার মহাশয়, আপনি আমাদের যে সময় দিয়েছেন তার জন্য ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[8-00—8-10 p.m.]

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্বে দু'জন বক্তা অত্যন্ত প্রাঞ্জলভাবে আজকের আলোচ্য বিষয়ের উপর আলোকপাত করেছেন। আমি আতঙ্কিত, আমি আলোচনার উপর নতুন কোন কথা সংযোজন করতে পারব কিনা। একটা সুষ্ঠু গণতান্ত্রিক রাষ্ট্রে গণতান্ত্রিক ব্যবস্থা দৃঢ়ভাবে কায়েম করবার জন্য ৩টি অস্ত্র ব্যবহার করা হয়। একটি পপুলার গভর্ণমেণ্ট, একটি সুষ্ঠু বিরোধী পক্ষ যা কন্সট্রাকটিভ আলোচনার মাধ্যমে সরকারের গতিপ্রকৃতি নির্ধারণ করবে এবং সরকারের কাছ থেকে জনসাধারণের সেবামূলক কাজ নিয়ে নেবেন এবং তৃতীয় অস্ত্র হচ্ছে সংবাদপত্র যা সরকার এবং সাধারণ মানুষের মধ্যে যোগসূত্র স্থাপন করবে, সরকারের কি কর্মনীতি, সরকারের কি কার্যধারা, কোথায় ত্রুটি-বিচ্যুতি সে সম্পর্কে দৃঢ়ভাবে আলোচনা করবে, জনসাধারণের কি আশা-আকাঙ্ক্ষা এবং সেগুলো কতটা বাস্তবায়িত হচ্ছে না হচ্ছে, জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা সরকার পক্ষের কাছে কতটা এবং কিভাবে নিগৃহীত হচ্ছে না হচ্ছে সে সম্পর্কে তারা সবিস্তৃত কাহিনী জোগাড় করবে এবং জনসাধারণ এবং সরকারের পক্ষে যোগাযোগ হিসেবে ব্যবহৃত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী যে বক্তারা বক্তব্য রেখেছেন তাঁদের কেউ কেউ স্বাধীনতার পূর্বের কাহিনী টেনেছেন, কেউ কেউ ইতিহাসের কথা টেনেছেন। আমরা যাঁরা স্বাধীনোত্তর যুগে জন্মগ্রহণ করেছি তারা পেছনের দিকে বেশী নজীর টানতে পারব না। কিন্তু এটা দেখেছি যখন থেকে অক্ষরজ্ঞান হয়েছে, যখন থেকে পত্রিকা পড়তে সক্ষম হয়েছি, অভ্যস্ত হয়েছি, সামাজিক ব্যাধি সমাজকে যখনই গ্রাস করতে এসেছে সংবাদপত্র বলিষ্ঠ ভূমিকা নিয়ে সমাজকে তখনই রক্ষা করার কাজে এগিয়ে এসেছে। তবে কি ঘটনা ঘটল যেজন্য কতগুলি মানুষ মনে করছে যে, সংবাদপত্র দায়িত্ব পালনে অক্ষমতা প্রকাশ করেছে এবং কোথাও কোথাও যথার্থভাবে ক্ষমতা প্রয়োগ না করে অপপ্রয়োগ করেছে। তবে দেখতে হবে বিগত ২০ মাসের মধ্যে ভারতবর্ষে যে ঘটনা ঘটেছে দুঃখের সঙ্গে হলেও আমি বলতে বাধ্য হচ্ছি আজকের ঘটনাগুলো সেই ঘটনারই কতগুলির রেকারেন্স। আমি দেখেছি যে, ইমারজেন্সী জারি হবার পর কিছু কিছু সরকারী মন্ত্রী এবং সরকারী মন্ত্রীর নির্দেশে কিছু কিছু আমলা যথেচ্ছাচার করেছে। তাঁরা সেন্সারশিপ সংবাদপত্রে চালু করেছে, কিন্তু যে কাজ সংবাদপত্র করেছিল সেদিন, যে কাজ

সমাজকে জানাবার জন্য, এগিয়ে নিয়ে যাবার জন্য তারা সেদিন লেখনী ধরেছিল সেন্সরশিপের অত্যাচার এবং আক্রমণে তাদের লেখনী, তাদের কালি ঢেলে দিয়েছিল সংবাদপত্রের পাতায়। আমলাতন্ত্রের ঘরে সেই পাতা জমা দেবার পর তা সংবাদপত্রের কাছে আর ফিরিয়ে দেওয়া হয়নি। তার ফলে সেই অব্যক্ত কথা, সেই মূক বঁধুর কথা সেখানেই মুছে গেছে, জনসাধারণের কাছে এসে দাড়ায় নি। শুধু তাই নয়, সেদিন কিছু কিছু মন্ত্রী তাঁদের যথেচ্ছাচারের জন্য কোথাও কোথাও রিপোর্টারদের বসবার জায়গা কেড়ে নিয়েছিলেন, তাঁরা মহাকরণে এসে দৈনন্দিন যে কাজকর্ম করছেন সেই সম্পর্কে যে খোঁজ নেবেন এবং জনসাধারণের কাছে পরিবেশন করবেন, দুঃখের সঙ্গে আমরা দেখেছি তাঁদের বসবার সেই জায়গা কেড়ে নিয়ে তাঁদের ফুটপাথে দাঁড় করিয়ে দিয়েছিল। আমরা দেখেছি আর একধাপ এগিয়ে গিয়ে দু'জন সাংবাদিককে দিনের পর দিন বিনা কারণে শুধু আটকে রেখে দেওয়াই হয়নি, সেখানে তাঁদের উপর নির্যাতন হয়েছে এবং দিনের পর দিন জেল পরিবর্তন করে তাঁদের দুঃখের ভার আরও বাড়িয়ে দেওয়া হয়েছে। কাজেই এই সমস্ত ঘটনাগুলো স্বতঃই সমাজকে এবং সাংবাদিকদের ব্যথিত করেছে, দুঃখিত করেছে এবং বিহ্বল করে দিয়েছে এবং তারই ফলে হয়ত কোথাও কোথাও যে কথা তাঁরা না লিখলেও পারতেন, যে কথা আগের দিন হলে লিখতেন না সেকথা লিখেছেন এবং সেকথা লিখে শুধু আমাদেরই বিভ্রান্ত করছেন না, বিভ্রান্ত করেছেন সমাজকে। সমাজকে যদি দিনের পর দিন ভুল খবর সংবাদপত্রের মাধ্যমে পরিবেশন করা হয় তাহলে আগামী দিনে এমন একটা দিন হবে যখন সংবাদপত্রের উপর লোকে আস্থা হারিয়ে ফেলবে এবং যে গণতান্ত্রিক ৩টি স্তম্ভের কথা বললাম তার একটি স্তম্ভ যদি তার মান, অভিমান, তার দুঃখ, যন্ত্রণাজনিত প্রতিশোধ-মূলক ব্যবস্থা নেওয়ার মাধ্যমে তৃতীয় দুর্গটি ভেঙে পড়ে তবে আগামী দিনে গণতান্ত্রিক ব্যবস্থা ভেঙে পড়বে। গণতন্ত্রের উপর যে আস্থা তিল তিল করে---বিশেষ করে বিশ্বের সর্বশ্রেষ্ঠ গণতান্ত্রিক রাষ্ট্র ভারতবর্ষের কোটি কোটি মানুষ ৩০ বছর ধরে---তিল তিল করে যে গণতন্ত্র সম্বন্ধে আস্থা এবং ধ্যান-ধারণা, গণতান্ত্রিক ভ্যালু দিনের পর দিন সংগ্রহ করেছে আগামী দিনে তৃতীয় স্তম্ভকে কিন্তু তাঁরা দুর্বল করে দেবেন, নিজেদের ক্ষোভ, নিজেদের মান নামিয়ে আনবেন।

তাই মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে আমার লার্নেড ফ্রেণ্ডদের বলতে চাই—আমার সাংবাদিক বন্ধুদের বলতে চাই---আজ আপনাদের উপর যে গুরুদায়িত্ব রয়েছে, তার কথা স্মরণ রেখে আমাদের সমাজকে যাতে এগিয়ে নিয়ে যেতে পারেন, সেই চেষ্টাই আপনারা সর্বদা করবেন। আজ ভারতবর্ষে ইমার্জেন্সী না থাকলেও মালটিন্যাশন্যাল সরকারী-বেসরকারী ছোট ছোট জায়গায়, কলকারখানায় শ্রমিকদের ব্যাপকভাবে ছাঁটাই করা হয়েছে—ভিক্টিমাইজেশন করা হয়েছে। সরকারী বিভিন্ন দপ্তরে সাধারণ মানুষের ট্রেড ইউনিয়ন অধিকার হরণ করা হয়েছে। ডিসিপ্লিন রক্ষার নাম করে সরকারী-বেসরকারী দপ্তর থেকে কর্মচারীদের বের করে দেওয়া হয়েছে। ভূমিহীন চাষীদের ক্ষেতখামার থেকে উৎখাত করা হয়েছে। অন্যায়ভাবে যে-সমস্ত মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া হয়েছে, তাদের দুঃখের কথা প্রকাশ করতে আপনাদের লেখনীকে মুখর করে তুলুন। কেন আপনার সেই সমস্ত মূক মুখের না বলা বাণী ভাষায় রূপ দিচ্ছেন না? আপনারা কেন তাদের যন্ত্রণার শরিক হচ্ছেন না? কেন সমাজের সেই সমস্ত অত্যাচারিত দুঃখী মানুষের গণতান্ত্রিক অধিকার হারিয়ে ফেলার যন্ত্রণা আজকে আপনাদের কলমের ডগায় আসছে না? কাগজের পাতায় প্রকাশ পাচ্ছে না। যে কুড়ি মাস অন্ধকার রাত ছিল, সেন্সরশিপ ছিল বলে আপনারা

বলছেন, আমরাও স্বীকার করি আমাদের দলের পরিচালনায় ত্রুটি ছিল, কেন্দ্রীয় সরকারও কতকগুলি ভ্যালুজ অস্বীকার করবার চেষ্টা করেছেন। সাধারণ মানুষের কিছু কিছু গণতান্ত্রিক অধিকার কার্টেল করবার ফলে সাধারণ মানুষের ঘৃণা ও অসন্তোষের বহিঃপ্রকাশ ঘটেছে গত নির্বাচনে। তাই আমি সাংবাদিক বন্ধুদের বলবো—ছোটখাট রাজনৈতিক মতপার্থক্য ও দলাদলি ভুলে গিয়ে আসুন সেদিন সত্যিই যে মানুষের কণ্ঠ রুদ্ধ ছিল, গণতান্ত্রিক অধিকার ছিনিয়ে নেওয়া হয়েছিল, সেই সমস্ত সাধারণ মানুষ, শ্রমিক, চাষী, কর্মচারীর মুক্তির গান আপনাদের কলমের মাধ্যমে পরিবেশিত হোক। আজকে ভারতবর্ষের দিকে দিকে যে ষড়যন্ত্র চলছে, শুধু ভারতবর্ষের ভেতরে নয়, বহিঃশত্রুও ভারতবর্ষের ভেতরে ভেতরে বাসা বেঁধেছে, প্রগতিশীল কর্মসূচীকে ছিন্নভিন্ন করে দিতে উদ্যত হয়েছে, বানচাল করে দিতে যাচ্ছে এবং পর্যায়ক্রমে বিশ্বের দরবারে যারা আমাদের কি করে ছোট করে দেওয়া যায়, তার জন্য যে ষড়যন্ত্র হচ্ছে, আপনার ক্ষুরধার কলম ধরে সেইসব কথা বলুন, প্রকাশ করুন। সমাজের অন্ধকার অলিগলি যেখানে রয়েছে, যেখানে সমাজে ক্ষতের সৃষ্টি হয়েছে, আপনাদের ক্যামেরাম্যান, লেখক ও সাংবাদিকদের সেখানে পাঠিয়ে সবকিছু প্রকাশ করুন। আজ রাতের অন্ধকারে যেসব ষড়যন্ত্র হচ্ছে, তা ফাঁস করুন। সাধারণের দুঃখদুর্দশা দূর করবার প্রয়াস চালাতে বারবার আপনাদের অনুরোধ করছি। কলকাতার বস্তির যে অস্বাস্থ্যকর জীবনকাহিনী সেসব কথা বলুন। বলুন যে সি এম ডি এ কোটি কোটি টাকা খরচ করবার পরেও বস্তিজীবনের অস্বাস্থ্যকর আবহাওয়া দূরীভূত হয় নি। কোথায় জওহরলাল নেহরু রোড প্রসারিত করা হয়েছে—বাড়িয়ে দেওয়া হয়েছে তাতে সেই বস্তির দুর্গন্ধময় পরিবেশ এতটুকুও কমে নি, দূর হয় নি। সেই অস্বাস্থ্যকর পরিবেশে মানুষ যে কি করে বেঁচে আছে তা আপনারা একটু অনুধাবন করুন। আপনারা সরকারের দোষত্রুটির নিশ্চয়ই সমালোচনা করবেন। সরকার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন এই সমস্ত বস্তিবাসীর অভিশপ্ত জীবনের দুঃখকষ্ট দূর করবেন—তা তারা করলেন কই? যে মানুষের গণতান্ত্রিক অধিকার থাকবে—না হরণ করা হবে, বাঁচার অধিকার থাকবে—না আমি আশা করি আমার সাংবাদিক বন্ধুরা সেখানে এগিয়ে আসবেন। এটা কোন গোষ্ঠীর বিরুদ্ধে কোন কথা নয়। ভারতবর্ষে যেসব পত্রিকা চলে তার সবগুলির একটা বড় মালিকানা আছে।

[8-10—8-20 p.m.]

বিরাট বিরাট শিল্পপতি, যারা বিরাট বিরাট টাকার মালিক তারাও সংবাদপত্রগুলির মালিকানাতে আছে। আমার সাংবাদিক বন্ধুদের কাছে আমার প্রশ্ন আপনারা সেখানে কি চাকরি করতে যাচ্ছেন, আর চারটে কারখানা, আর চারটে খামারের কাজ যারা করতে যায় সেইরকম? তারা সেখানে মালিকের মনোতুষ্টি করে, সেখানে তাদের চাকরি রক্ষা করে। আজকে আপনারা স্বাধীন জীবিকা করছেন। আজকে যদি মালিক আপনাদের ভুল পথে পরিচালিত করে কোন স্বার্থে, আপনারা কি সেইপথে যাবেন? আমরা জানি পশ্চিমবঙ্গের কোন কোন কাগজের মালিক কোথাও কোথাও প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে রাজনীতিতে জড়িয়ে পড়েছেন। সমস্ত সাংবাদিক বন্ধুদের কাছে আমার অনুরোধ, আপনার ব্যক্তিগত জীবনে হয়তো রাজনৈতিক দীক্ষা বা প্রবণতা আছে। কিন্তু যখন কলম ধরবেন তখন বিশেষ কোন রাজনৈতিক নেতৃত্বের লেজুড় হয়ে না বেঁচে আপনারা কঠোর ও অনমনীয়ভাবে যদি সেখানে

আঘাত করতে পারেন, তাহলে সেই আঘাতের ফলে আগামী দিনে গণতান্ত্রিক ব্যবস্থা কায়েম হবে। গণতান্ত্রিক ব্যবস্থা আরও বেশি কায়েম করার জন্য আপনারা আপনাদের লেখনীকে ব্যবহার করুন। সমাজকে শোষণের হাত থেকে রক্ষা করুন। সমাজের অন্ধকার দূর করে তাকে আলোয় নিয়ে যাওয়াই সাংবাদিকদের মূল বক্তব্য হওয়া উচিত। এই কথা বলে আপনি আমাকে যে বলার সুযোগ দিয়েছেন তার জন্য ধন্যবাদ জানিয়ে বিদায় নিচ্ছি।

শ্রীপ্রদ্যোতকুমার মোহান্তিঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে প্রস্তাব নিয়ে আমরা আলোচনা করছি সেই প্রস্তাবটির আমি একজন স্পনসর। আমি তাতে স্বাক্ষর দিয়েছি, স্বভাবতই আমার দায়িত্ব আছে। এই যে বিরাট সংবাদপত্র সমাজ, এই প্রস্তাবের মাধ্যমে সেই সংবাদপত্র সম্বন্ধে কিছু মন্তব্য যখন আমি করেছি আমার দায়িত্ব আছে পরিষ্কারভাবে সভায় বলা, কেন আমি এই প্রস্তাবে স্বাক্ষর দিয়েছি। আমি আপনার মাধ্যমে পরিষ্কারভাবে জানাতে চাই ভারতবর্ষের সাংবাদিকতার মান বিশ্বের শ্রদ্ধা অর্জন করেছে। স্বাধীনতাপূর্ব যুগে এমনকি স্বাধীনতা-উত্তর যুগেও ভারতবর্ষের সংবাদপত্র যে নৈতিক মান নিয়ে চলে এসেছে তাতে পৃথিবীর সংবাদপত্রসেবীদের এবং মানুষদের শ্রদ্ধা অর্জন করায় আমি নিজেকে গৌরবান্বিত মনে করি। আমরা দেখেছি গত ১৯ মাস ধরে ভারতবর্ষের সংবাদপত্র যারা কোন দলের মুখপত্র হিসাবে কাজ করেনি, যারা কোন গোষ্ঠীর মুখপত্র হয়ে কাজ করেনি, কেবলমাত্র জনমত গঠন করবার জন্য নির্ভুল তথ্য বা সংবাদ পরিবেশন করে জনমত গঠন করবার চেষ্টা করেছিল নির্ভীকভাবে তাকে কিভাবে দমন করবার চেষ্টা হয়েছিল। আমরা সেই সংবাদপত্র চাই, সেই সাংবাদিকতা চাই। মাননীয় সত্য ঘোষাল মহাশয় এবং তার সঙ্গে সুরে সুর মিলিয়ে আরও অনেকে একচেটিয়া মালিকানা, পুঁজিপতি, সংবাদপত্রের মালিক ইত্যাদি অনেক কথা বললেন। বর্তমান রাজনৈতিক ক্ষেত্রে এই সমস্ত একচেটিয়া মালিকানা ইত্যাদি আমার কাছে বোগাস মনে হয়। একটা কাগজের মালিক সে পুঁজিপতি, কি মধ্যবিত্ত, কি সর্বহারা এটা আমার কাছে মোটেই কনসার্ন নয়। আমি দেখি কাগজের কনটেণ্টস। একটা পুঁজিপতি মালিকের কাগজ সে যদি সর্বহারার জন্য সংগ্রাম করে তবু তাকে বলবো পুঁজিপতি মালিকের কাগজ বলে খুব খারাপ কাগজ? আই এ্যাম কনসার্নড্ মাই পার্টি ইজ কনসার্নড্ উইথ কে আছে তার মধ্যে? আমরা দেখেছি সরকারী সমস্ত দমনমূলক আইন এবং ব্যবস্থাকে উপেক্ষা করে ভারতবর্ষের সংবাদপত্র, বাংলাদেশের সংবাদপত্র নির্ভীকভাবে গণতন্ত্রকে রক্ষা করার জন্য, স্বেচ্ছাচারী শাসন থেকে দেশবাসীকে মুক্ত করার জন্য গত ১৯ মাস ধরে সংগ্রাম করেছে। আমরা দুঃখ অনুভব করি এমন একটা স্বেচ্ছাচারী শাসক ভারতবর্ষের বুকে বসেছিল চেপে, সংবাদপত্র যে নির্ভীক হতে পারে---সংবাদ পরিবেশন ব্যাপারটা সরকারী যন্ত্র, সরকারী দলের মনঃপূত হল না, সাংবাদিকদের চলে যেতে হল সাধারণ কয়েদে।

Mr. Speaker: Honourable Members, one hour was allotted for discussion of this motion but the time is going to expire soon. There are a number of speakers here who are yet to speak. If you agree the time will be extended by one hour more.

(Voices—Yes)

So, with the consent of the House I extend the time by an hour.

শ্রীপ্রদ্যোতকুমার মহান্তি : সেই সাংবাদিকদের সাধারণ কয়েদীদের মর্যাদাও দেওয়া হয়নি। একটি জেল থেকে আর একটি জেলে স্থানান্তরিত করা হয়েছে। একটি সাধারণ কয়েদী ডাকাতি করে যখন জেলে যায় তখন যে সম্মান, যেটুকু সুযোগ-সুবিধা তার প্রাপ্য সেইটুকু পর্যন্ত সেই সাংবদিকদের দেওয়া হয়নি। আমরা দেখেছি প্রেস কর্ণার বাজেয়াপ্ত করে নেওয়া হল, তাকে টিঁকতে দেওয়া হল না। সরকারী স্বেচ্ছাচারী কাজে রিপোর্টার যাঁরা কাগজে সংবাদ সরবরাহ করেন তাঁরাও একমত হতে পারেন নি। আমরা দেখেছি সেই পরীক্ষায় পশ্চিমবাংলার সংবাদপত্র, ভারতবর্ষের সংবাদপত্র উত্তীর্ণ হয়েছে। কিন্তু তবুও অত্যন্ত বেদনার সঙ্গে, দুঃখের সঙ্গে এই প্রস্তাবে কেন স্বাক্ষর দিলাম? মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটি কারণে দিয়েছি। একটি হল আমরা যারা এখানে জনগণের ভোটে নির্বাচিত হয়ে এসেছি তাদের সবচেয়ে বড় মূলধন হল চরিত্র এবং সেই চরিত্রের একটা বড় জিনিস হচ্ছে আমরা যারা পার্লামেণ্টারি রাজনীতি করি তারা প্রত্যেকেই দলীয় টিকিটে এসেছি। আজকে দেখলাম দু'জন মাননীয় সদস্য বললেন খবরের কাগজে পরিষ্কার করে লিখে দেওয়া হয়েছে অমুক অমুক সদস্য জনতা দলে যোগদান করেছেন। হতে পারে, সংবাদপত্রের কাছে এই সংবাদ এসেছে যে তারা দলবদলের চেষ্টা করছেন বা দলে গেছেন। কিন্তু সেই সাংবাদিক যিনি মাননীয় সেই সদস্যের কাছ থেকে খোঁজ না নিয়ে বা দলে জয়েন করার খবর না নিয়ে সংবাদ পরিবেশন করলেন তিনি সংবাদপত্রের মান নীচু করে দিলেন এবং যখন তিনি প্রতিবাদ করলেন তখন সেই প্রতিবাদ ডিউ কভারেজ পেল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একটি খবর বেরিয়েছিল স্পীকার এখান থেকে বিমানে উড়ে দিল্লী গিয়েছিলেন দল ভাঙাতে —সংবাদপত্রের কাছে সংবাদ এল তারা ছাপালেন। কিন্তু স্পীকারের মত লোক যাঁর স্পীকার পদে নির্বাচিত হবার সঙ্গে সঙ্গে রাজনৈতিক দলের সঙ্গে সংস্রব থাকল না যতদিন স্পীকার থাকবেন—এই ভারতবর্ষের রীতিনীতি হয়েছে, কাজেই সেই স্পীকার তাঁর সিট থেকে দাঁড়িয়ে বললেন এই কথা সর্বৈব মিথ্যা—তারপরে কাগজে যখন দেখলাম স্পীকার যে স্পিরিটে যে শব্দ ব্যবহার করে সেই সংবাদের প্রতিবাদ করলেন—সংবাদপত্রকে যে স্পিরিট থেকে তিনি অনুরোধ করলেন যে এই সংবাদ নির্ভুলভাবে ছাপান—তখন বেদনা পেলাম এবং প্রস্তাবে স্বাক্ষর দিতে উদ্যত হলাম। কাজেই এটাও ডিউ কভারেজ পেল না কাগজে।

[8-20—8-30 p.m.]

সেইজন্য বেদনার সঙ্গে, দুঃখের সঙ্গে এই প্রস্তাবে আমি স্বাক্ষর দিয়েছি। দেখেছি কাগজের একটা টেনডেন্সি এইদিকে রয়েছে। আজ মোরারজী দেশাই ভারতবর্ষের প্রধানমন্ত্রী হয়েছেন, যে মোরারজী দেশাইকে গালমন্দ না করে কাগজ একদিনও বেরুতো না, আজকে সেই কাগজেই দেখছি মোরারজী দেশাই-এর প্রশংসা ছাড়া একটা কলমও লেখা হয় না। যে প্রফুল্লচন্দ্র সেনকে নিয়ে কাগজে তিনি যা নন তা বলা হয়েছে—যা আছেন তা বলা হয়নি, আজকে সেই প্রফুল্লচন্দ্র সেনকে বড় করে দেখাবার চেষ্টা করা হচ্ছে। আমি এই প্রচেষ্টার নিন্দা করছি এবং বলছি, প্রফুল্লচন্দ্র সেন আপনাদের মতে যা তিনি তাই থাকুন। আজকে প্রফুল্লচন্দ্র সেন ক্ষমতায় গিয়েছেন বলে তাঁকে বড় করে দেখাবো, আজকে মোরারজী দেশাই প্রধানমন্ত্রী হয়েছেন বলে তাঁকে বড় করে দেখাবো আবার কালকে এঁদের ক্ষমতা চলে গেলে তাঁদের ছোট করে দেখাবো, এই যে ক্ষমতা বাড়া-কমার সঙ্গে সঙ্গে ছোট-বড় করে দেখানোর প্রবণতা এতে সংবাদপত্রের মান কমে যাচ্ছে। কোন দলের মুখপাত্র না হয়ে, কোন সরকারী

প্রলোভন বা অত্যাচারের তোয়াক্কা না করে সংবাদপত্রকে তার নিজস্ব ঠাট বজায় রাখতে হবে। আর যখন কোন সংবাদ পরিবেশন করা হবে কোন জনপ্রতিনিধি সম্পর্কে বা কোন মুখ্যমন্ত্রী সম্পর্কে বা কোন রাজনৈতিক নেতা সম্পর্কে---বিশেষ করে যাঁরা রাজনীতি করেন না অথচ একটা উচ্চপদে থাকেন যেমন স্পীকার, ডেপুটি স্পীকার ইত্যাদি সম্পর্কে তখন এঁদের সম্পর্কে সংবাদ পরিবেশন করবার সময় অত্যন্ত সাবধানতার সঙ্গে, বিচক্ষণতার সঙ্গে খুঁটিনাটি বিচার করে সেই সংবাদ পরিবেশন করা দরকার। স্যার, এই অনুরোধ, এই উপরোধ, এই প্রার্থনা সংবাদ-পত্র জগতের কাছে বা সংবাদপত্রের মালিক, যাঁরা সংবাদ পরিবেশন করেন এবং যাঁরা সংবাদ-পত্রে কাজ করেন তাঁদের কাছে রাখবার জন্য এই প্রস্তাবে আমি স্বাক্ষর দিয়েছি। জনপ্রতিনিধি হিসাবে বিশেষ কোন অধিকার আমরা ভাগ করতে চাই না কিন্তু একথা বলতে চাই জন-প্রতিনিধিদের সম্পর্কে যখন কোন সংবাদ ছাপবেন তখন যেন প্রকৃত খবর পেতে গেলে যেটুকু অনুসন্ধান করা দরকার সেই অনুসন্ধানটুকু করা হয় এই অনুরোধ আমি রাখছি। স্পীকারের একটি বক্তব্যকে যেভাবে গ্রহণ করা দরকার বা মুখ্যমন্ত্রী বা বিরোধী দলের নেতারা যেকথা বলবেন তাকে যে ডিউ ওয়েটেজ দিয়ে কাগজে ছাপা দরকার সেইভাবে তা ছাপতে হবে। আজকে সংবাদপত্রের মান যেভাবে কোথাও কোথাও লঙ্ঘিত হচ্ছে সেগুলি সংশোধন করে সেই মান স্বাধীনতার পূর্বে এবং পরেও সারা ভারতবর্ষে তথা পৃথিবীর বুকে যেভাবে সংবাদপত্রজগৎ রেখে এসেছে সেই মান তারা বজায় রাখুন। ভারতবর্ষের সংবাদপত্রজগৎ বিশ্বের দরবারে যে সম্মানের আসন অর্জন করেছে সেই আসনে তারা চিরকাল থাকুক এই প্রার্থনা জানিয়ে এই প্রস্তাবকে সমর্থন করে শেষ করলাম।

শ্রীগৌতম চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে বলার সুযোগ দেওয়ার জন্য আমি প্রথমেই আপনাকে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি। আমি গোড়াতেই বলে রাখি, আমার বক্তব্য খুবই সংক্ষিপ্ত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি গণতন্ত্রের একটা বিরাট ধারক-বাহক হচ্ছে এই সংবাদপত্র। সারা ভারতবর্ষ তথা সারা পৃথিবীর মানুষের মনের ইচ্ছার রিফ্লেকশান হয় এই সংবাদপত্রের মাধ্যমে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে বলতে গিয়ে বলি, আজকেই আমরা দেখলাম সরকারের তরফ থেকে যে বিল আনা হয়েছিল সেই একটি বিল মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজকে উইথড্র করলেন। তিনি বিলটি উইথড্র করলেন তার কারণ হচ্ছে পশ্চিমবাংলার মানুষ ঠিক এই মুহূর্তে এই ধরনের একটা বিল আসুক সেটা চান না। সেই বিলের জন্য কংগ্রেস সরকার যাঁরা পরিচালনা করছেন বা সমর্থন করছেন তাঁদের ভাবমূর্তি যাতে ছোট না হয়ে যায় তার জন্যই তিনি চেষ্টা করলেন। আমরা স্যার, বিভিন্ন পত্রপত্রিকায় দেখলাম এম এল এদের পেনশনের ব্যাপারে বহুভাবে পশ্চিমবঙ্গের মানুষের চিন্তাধারা তুলে ধরা হয়েছে।

আমি মনে করি যারা সরকারে থেকে শাসন পরিচালনা করে, সেই শাসন পরিচালনার মধ্যে এমন একটা স্পর্ধা থাকে, যে স্পর্ধার মধ্যে সত্যকারের কি করছে বা করছে না, তা নিজেরা বুঝতে পারে না। তাই সংবাদপত্র এমন একটা মাধ্যম, যারা সরকার চালায় তাদেরকে মাঝে মাঝে কশান দেওয়া দরকার। যেমন ঘোড়ার গাড়ি চালাতে গেলে সহিসকে কশান দিতে হয় ঘোড়াকে, ঠিক সেইভাবে আমি মনে করি সংবাদপত্রও আমাদের সরকারকে সেইভাবে কশান দেয়। তার সঙ্গে সঙ্গে এই কথা বলি, কোন কোন মাননীয় সদস্যের হয়তো ক্ষোভ আছে যে কোথাও কোথাও হয়তো এমন বহু সংবাদ পরিবেশিত হয় যা অতিরঞ্জিত। আমরা যারা রাজনীতি করি, যে কূটনীতি কৌটিল্যের ভাষায়---আমাদের শিবের মত সমস্ত গরল পান করে বেঁচে থাকতে হবে।

আমরা যারা সমাজসেবার ব্রত নিয়েছি, তাদের এই কথা সব সময় মনে রাখতে হবে, এমন কিছু অতিরঞ্জিত মানুষের কাছে পরিবেশন করা হয়, আমাদের নিজের ত্যাগ দিয়ে, আমাদের নিজেদের নিষ্ঠা দিয়ে সেটা মানুষের কাছে যে সংবাদ পরিবেশিত হয়েছে সেই সংবাদ সত্য নয় প্রমাণ করতে হবে। এবং এই মনোভাব নিয়ে আমাদের রাজনীতি করা উচিত। যদি এই মনোভাব না থাকে, আমি মনে করি তাদের রাজনীতি করা উচিত নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মনে আছে, ১৯৬৮ সালের কথা, যখন পশ্চিমবঙ্গে শুধু লাল ঝাণ্ডা ছাড়া আর কিছু দেখতে পাইনি, তখন আমরা দেখেছিলাম সেই সি পি এমের বন্ধুরা আনন্দবাজার পত্রিকা অফিস আক্রমণ করেছিল। কংগ্রেস থেকে এবং বহু পার্টি থেকে তার প্রতিবাদ করা হল। সাংবাদিকরা বললেন আমরা আক্রান্ত, ভারতবর্ষের প্রতিটি গণতান্ত্রিক মানুষ সেদিন এই আক্রমণের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ঠিক একইভাবে দেখতে পেলাম বিগত কয়েকদিন আগে শহীদ মিনার ময়দানে কোন এক রাজনৈতিক দলের মিটিং হচ্ছে, যে মিটিং-এ দেখতে পেলাম কতকগুলো সংবাদপত্রকে আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা তার নিন্দা করি, আমরা যদি গণতন্ত্রে বিশ্বাস করি, সংবাদপত্রের স্বাধীনতাকে বিশ্বাস করি তাহলে আমি তার নিন্দা করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত কিছুদিন আগে আমাদের লোকসভার নির্বাচন হয়ে গেল, আমি তো মনে করি আমাদের এই নির্বাচনে কংগ্রেসের এই যে বিপর্যয় তার একটা প্রধান কারণ ইমার্জেন্সির মধ্যে সংবাদপত্রের যে স্বাধীনতা তাকে খর্ব করা। কেন না, আমরা জানি ভারতবর্ষের মানুষের যে চিন্তা, ভারতবর্ষের মানুষের যে ইচ্ছা, তাকে দাবিয়ে রাখা হয়েছিল, যা সংবাদপত্রের মাধ্যমে আমরা পাইনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি আমার বক্তব্য দীর্ঘায়িত করতে চাই না, তবে এই কথা আমি বলতে চাই যারা সংবাদপত্রের স্বাধীনতাকে খর্ব করার জন্য অথবা সংবাদপত্রের যারা রিপোর্টার এবং জার্ণালিষ্ট আছেন তাদের স্বাধীনতা খর্ব করার জন্য কেউ যদি মনোভাব পোষণ করেন, তার সঙ্গে আমি একমত নই। তার সঙ্গে সঙ্গে আমি এও বিশ্বাস করি, এই সংবাদপত্রগুলো বিভিন্ন সময়ে বিভিন্নভাবে অন্যায়ের বিরুদ্ধে বারবার গর্জন করে উঠেছে অরাজকতার বিরুদ্ধে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মনে আছে কিনা জানি না, ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত যখন ভারতবর্ষের রাজনীতিতে একটা বিরাট অরাজকতা এসেছিল আমরা তখন দেখতে পেয়েছি যাকে নিয়ে এত সমালোচনা করা হচ্ছে সেই বরুণ সেনগুপ্ত মহাশয়, সেই গৌরকিশোর ঘোষ মহাশয়, সেই মহেন্দ্র চক্রবর্তী মহাশয়, যাঁরা শুক্রবারে রাজ্য রাজনীতি লিখতেন সেই লেখা পড়ার জন্য প্রত্যেকটি গণতান্ত্রিক মানুষ আগ্রহে অপেক্ষা করতেন, শুক্রবারে বরুণ সেনগুপ্ত মহাশয়ের লেখা বেরোবে, কোন্ শুক্রবারে গৌরকিশোর ঘোষ মহাশয়ের লেখা বেরোবে, কোন্ শুক্রবারে মহেন্দ্র চক্রবর্তী মহাশয়ের লেখা বেরোবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যারা বিশেষ সুযোগ নিয়ে সংবাদপত্রকে হেয় করার চেষ্টা করছেন, কতকগুলো সাংবাদিককে হেয় করার চেষ্টা করছেন তার আমি নিন্দা করি এবং প্রতিবাদ করি এবং তার সঙ্গে সঙ্গে এটাও বিশ্বাস করি যে সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে আগামী ভারতবর্ষ গণতন্ত্রের পথে এগিয়ে যাবে এবং তা প্রতিষ্ঠা করার চেষ্টা করবেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[8-30—8-40 p.m.]

শ্রীসুধীর বেরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রের স্বাধীনতার প্রশংসা করার সঙ্গে সঙ্গে কিছু সংবাদপত্র এবং সম্পাদকের উপর সেন্সার করার যে প্রস্তাব আনা হয়েছে আমি তার

তীব্র বিরোধিতা করছি। আপনি জানেন মানুষের স্বাধীনতার ইতিহাসে মহত্তম অবদান হচ্ছে সংবাদপত্র। ম্যান ইজ বর্ন ফ্রি, এভরিহোয়ার হি ইজ ইন চেইনস এই শ্লোগান একদিন উঠেছিল এবং সংবাদপত্রের মাধ্যমে পৃথিবীর দিকে দিকে এই আদর্শ জড়িয়ে পড়েছিল। সংবাদপত্রের স্বাধীনতা একদিনে আসেনি—বহু অশ্রু, ঘাম ফেলে এটা আনতে হয়েছিল। তবুও দেখা যায় বহু একনায়কত্ব এসে সংবাদপত্রের টুঁটি চেপে ধরে। সম্প্রতি ভারতবর্ষে ইমার্জেন্সির সময় সংবাদপত্রের স্বাধীনতার টুঁটি চাপা হয়েছিল। এ বিষয়ে দিল্লী হাইকোর্টের জাস্টিস রঙ্গনাথনের জাজমেণ্ট থেকে ২/১টি কথা বলতে চাই। তিনি বলেছিলেন কুলদীপ নায়ার একজন বিশিষ্ট সাংবাদিক তাকে মিশা করে ভারতবর্ষের স্বাধীনতাকে ২০০ বছর পিছিয়ে দিয়েছে। এর জন্য তাঁকে গৌহাটি হাইকোর্টে ট্রান্সফার করা হয়। সংবাদপত্রে দেশের গণতন্ত্র, শাসনব্যবস্থা, সাধারণ মানুষের দুঃখ-কষ্টের কথা বলা হয়। গণতন্ত্রে যেমন বিধানসভা পার্লামেণ্টস এবং জুডিসিয়ারি দরকার, তেমনি সংবাদপত্রের দরকার। বরং বলতে গেলে জুডিসিয়ারি ও বিধানসভার মধ্যে যে জাস্টিস সেটা অনেকটা টেকনিক্যাল হয়ে যায়। কারণ নানারকম ফরম্যালিটিস থাকে এবং অনেক কিছু রুলে আটকে যায়। একজন এ্যাডভোকেট হিসেবে বলতে পারি পয়সার অভাবে অনেকে হাইকোর্টে যেতে পারে না। কিন্তু সংবাদপত্র একটা নন-টেকনিক্যাল এবং মানুষের নিত্যসঙ্গী। তারা মানুষের কাছে নিত্যনতুন সংবাদ পৌঁছে দেয়। সাংবাদিক হিসেবে জানি আমাদের মধ্যে কোন ম্যালিস নেই, আমরা সত্যকথা বলতে চাই। এই প্রসঙ্গে একটা প্র্যাক্‌টিক্যাল কথা বলতে চাই। ধরুন কোন একজন মন্ত্রী একটা কথা বললেন, কিন্তু তাঁর দল যখন তাঁকে ধরল তখন তিনি বললেন আমি একথা বলিনি। কিন্তু মন্ত্রীর কথাটা ছাপিয়ে দিয়ে আমরা তখন ফলস পজিশানে পড়ি। তারপর একজন প্রো-চেঞ্জার একটা কথা বললেন নো-চেঞ্জারের বিরুদ্ধে—যা এখানে হচ্ছে—কিন্তু পরক্ষণেই তিনি আবার সেটা অস্বীকার করলেন। এতে হয় কি সংবাদপত্রের বোনাফাইডটা নষ্ট হয়ে যায়। কারণ সে তো একটা খবর ছাপিয়ে দিয়েছে। সুতরাং আজ যে প্রস্তাব আনা হয়েছে তাতে ম্যালিস নিয়েই কথা বলা হচ্ছে। আমি বলছি না সমস্ত সাংবাদিক ভাল। তর্কের খাতিরে ধরেই নিচ্ছি কেউ ইচ্ছা করে ভুল খবর প্রকাশ করে, কিন্তু ইন জেনারেল সকলে এক একথা ঠিক নয়। সেজন্য সংবাদপত্রের গৌরবময় কার্যকলাপের কথা স্বীকার করে নিয়ে এই প্রস্তাবের শেষ অংশে যে কথাটা আছে তার প্রতি আপত্তি করছি। এই দেশে এম এল এ, মন্ত্রীতে ভেজাল হয়। ২/১টি সংবাদপত্র খারাপ হতে পারে কিন্তু তার জন্য সমস্ত সাংবাদিকের কিরুদ্ধে সেন্সার আনা ঠিক নয়। কাশীবাবুর বৈধতার প্রশ্ন আপনি রাখেন নি বলে আলোচনা হচ্ছে, কিন্তু সাংবাদিকদের বিরুদ্ধে এই কথা বললে বিধানসভার মর্যাদা ক্ষুণ্ণ হবে। সংবাদপত্রের ভুল হতে পারে, টু আর ইজ হিউম্যান, সকল লোকেই যে সত্যকথা বলে তা ঠিক নয়। যদি কোন সাংবাদিকের রিপোর্ট ভুল বলে প্রতিপন্ন হয় তাহলে তার প্রতিকার অন্য জায়গায় আছে। এর জন্য এখানে প্রস্তাব এইভাবে আনা ঠিক হবে না। একবার পুলিশ কোলকাতা শহরে সাংবাদিকদের উপর যখন খুব অত্যাচার করেছিল তখন শ্রদ্ধেয় সত্যেন্দ্রনাথ মজুমদার মহাশয় জ্বালাময়ী ভাষায় একটা এডিটোরিয়াল লিখেছিলেন—"প্রচণ্ডতা প্রবলতা নয়, বিকার ক্ষিপ্রবেশী বিক্ষোভ রুগীর বিকার"।

এ্যাণ্ডারসনী যুগের জঠর হইতে নির্গত জারজ সন্তানগণ স্বাধীনতার স্বাধীন রাত্রে পশুত্বলাভ করিয়াছে, দুঃস্বপ্নেও কেহ কল্পনা করিতে পারে নাই, সত্যেন মজুমদার মহাশয়

তখনকার দিনের পুলিশী অত্যাচারের কথা বলেছিলেন। কিন্তু যেখানে মন্ত্রীরা সাংবাদিকদের উপর অত্যাচার করে, সংবাদপত্র ছিঁড়ে দেয়, যেখানে বিধানসভায় সংবাদপত্রের বিরুদ্ধে প্রস্তাব আনে সেখানে আমি দুঃখিত ছাড়া আর কিছু হতে পারি না। সেজন্য আমি আমার সর্বশক্তি দিয়ে এই মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ মিঃ স্পীকার, স্যার, কোন সাংবাদিক বা সংবাদপত্রের বিরুদ্ধে কোন বক্তব্য রাখার জন্য আমরা এই প্রস্তাব আনিনি, আমাদের ক্ষোভ, দুঃখ, অনুভূতি, বেদনা জানানোর জন্য আমরা এই প্রস্তাব এনেছি। বিষয়টা অত্যন্ত স্পষ্ট, বিধানসভার সদস্যদের দিক থেকেও বটে এবং যে সাংবাদিক বন্ধুরা এখানে রয়েছেন তাঁদের দিক থেকেও বটে। স্যার, এই প্রসঙ্গে একটা ডিবেটের কথা আমার মনে পড়ছে ১৯৫১ সালে প্রেস অবজেকসানেবল এ্যাক্ট শ্রদ্ধেয় রাজা গোপালাচারী যখন পার্লমেণ্টে নিয়ে এসেছিলেন তখন যে ডিবেট হয়েছিল তাতে শ্রীনাসিরুদ্দিন আমেদ এবং পশ্চিমবঙ্গের একজন স্মরণীয়-বরণীয় পার্লামেণ্টেরিয়ান লক্ষ্মীকান্ত মৈত্রের উক্তি অত্যন্ত আকর্ষণীয়। স্যার, ১৯৫১ সালে যখন প্রেস এ্যাক্ট আসে তখন সেখানে একজায়গায় ছিল টেণ্ড ডাইরেক্টলি অর ইনডাইরেক্টলি টু প্রমোট ফিলিংস ফর এমিনিটি অর হ্যাট্রেড। প্রত্যক্ষ বা পরোক্ষভাবে শত্রুতা বা ঘৃণার উদ্রেক হবে না, তাতে নাজিরুদ্দিন সাহেব বলেছিলেন---এই যে প্রত্যক্ষ বা পরোক্ষ কথাটা তুলে দেওয়া হচ্ছে ইট ইজ মোর ডেঞ্জারাস। রাজা গোপালাচারী এটাতে উত্তর দিলেন, নো ইট ইজ নট আনটিল এ্যাণ্ড আনলেস দেয়ার ইজ এ্যান অবসেশন ইন ইয়োর ব্রেন। তোমার মাথাতে যদি ইচ্ছাকৃত গোয়ার্তুমী না থাকে; লক্ষ্মীকান্ত মৈত্র তার উত্তরে বলেছিলেন---দেয়ার ইজ অবসেশন অন আইদার সাইড। তাই স্যার, আবার ভয় হয়, আমাদের দিক থেকে যেন কোন অবসেশন না থাকে এবং প্রেসের দিক থেকে যেন কোন অবসেশন না থাকে। স্যার, এই প্রেস সম্বন্ধে প্রেসের মানুষরা যে নীতি নির্ধারণ করেছিলেন সেটা আমরা গ্রহণ করেছি। রিপোর্ট অব দি প্রেস ল'জ এনকোয়ারী কমিটি যাতে সই আছে তুষারকান্তি ঘোষ মহাশয়ের সই, আছে মোহনলাল সাকসেনার, যাতে সই আছে দেওয়ান চমনলালের, সৈয়দ আবদুল্লা বেলভির, কস্তুরী হীরাবতীর, তাঁরা সাংবাদিকদের কতকগুলি ক্ষমতা এবং শক্তির কথা, তত্ত্বের কথা বলেছেন ঠিকই, কিন্তু দায়িত্বের কথাও তাঁরা উল্লেখ করেছেন। স্যার, এই রিপোর্টের ২৫ পাতাতে পাওয়া যাচ্ছে—

From the moral point of view freedom of expression does not include the right to lie as a deliberate instrument of policy. The moral right does not cover the right to be deliberately or irresponsibly in error.

সেইজন্য স্যার, এই প্রেস ল'জ এনকোয়ারী কমিটির যে রিপোর্ট সেই রিপোর্ট অনুযায়ী আমি একটা সংশোধনী আপনার সামনে এনেছি--"স্বাধীন ভূমিকা যত নৈতিক অধিকার ইচ্ছাকৃত ও অসাবধানতাজনিত বিকৃত সংবাদ পরিবেশনের সুযোগ দেয় না"। স্যার, আমি এই সংশোধনীটা এনেছি ঠিকই, কিন্তু এটা মুভ করতে চাইছি না।

[8-40—8-50 p.m.]

আমি খালি এইটুকু বলতে চাইছি—একথাটা স্যার, আমার কথা নয়, কথাটি হচ্ছে একজন বিশিষ্ট সাংবাদিকের যিনি সাংবাদিকতার ইতহাসে চিরকাল প্রাতঃস্মরণীয় হয়ে আছেন। তিনি বলেছিলেন স্যার,

Many lying, venal and scoundrally public expression must continue to find shelter under a "Freedom of the Press" built for widely different purposes, for to impair the legal right even when the moral right is gone may easily be a cure worse than disease.

ফ্রিডম অব প্রেসের যে আওতা, যে অধিকার সেই অধিকার প্রয়োগ করতে গিয়ে আমাদের যে নৈতিক অধিকার ইচ্ছাকৃত বা অনবধানতাবশত অসত্য সংবাদ পরিবেশন করবো না—এই অধিকার যদি লঙ্ঘিত হয় তাহলে যে অধিকার তোমাকে দেওয়া হল সেই অধিকারের উপযুক্ত পাত্র তুমি নও। স্যার, এই মর্মে দেওয়ান চমনলাল, তিনি তাঁর বক্তব্য রেখেছিলেন। আমরা এটাই প্রেসের আদর্শ মনে করি।

There is a mission which we have to fulfil. Let us tell the world that the freedom of press is a good slogan but the duty of the press in educating the people is a bigger slogan.

স্যার, আমরা মনে করি প্রেসের অসীম শক্তি। তারা পালা-বদলের পালা তৈরি করতে পারেন আবার নতুন করে পালা-বদলের পালা সৃষ্টি করতে পারেন। আমরা জানি, পেন ইজ মাইটার দ্যান সোর্ড। তাই স্যার, আজকে কতকগুলি, আপনার সামনে উপস্থিত করছি। প্রেসের মানুষরা যে নীতি নির্ধারণ করেছেন সেই নীতির আওতাতে এই দৃষ্টান্তগুলি আসে কিনা দেখুন। স্যার, আমরা শ্রদ্ধার সঙ্গে স্বীকার করি স্বাধীনতা সংগ্রামে সাংবাদিকদের ঐতিহাসিক ভূমিকার কথা। জাতীয় সংহতির জন্য তাঁদের অবদানের কথা কোনদিনই আমরা ভুলে যাব না। সাম্প্রদায়িক বিষাক্ত নিশ্বাস যখন আকাশ-বাতাস কলুষিত করেছিল তখন তার বিরুদ্ধে তাঁরা যে পাঞ্জা লড়েছিলেন সেটা আজ একটা চিরস্মরণীয় ঘটনা। আজকে একজন বন্ধু বললেন, সঞ্জয় গান্ধীকে নিয়ে মাতামাতি করা হয়েছে। বিষয়টা সঞ্জয় গান্ধী নয়, বিষয়টা হচ্ছে একজন ব্যক্তিকে যে উঁচু করে ধরার চেষ্টা হয়েছিল আমরা যাঁরা দুঃখের সঙ্গে প্রতিবাদ করেছি স্যার, আপনি বহুদিন ধরেই রাজনীতির সঙ্গে জড়িত, আপনি নিশ্চয় জানেন, আমাদের নেতাজী সুভাষচন্দ্র বা মহাত্মা গান্ধী খবরের কাগজে সেই কভারেজ পাননি যে কভারেজ সঞ্জয় গান্ধীকে দেওয়া হয়েছিল। আজকে যদি তাঁরা ভিন্ন পথ ধরেন তাহলে স্যার, সেই আপ্তবাক্যই সত্য হবে যে, 'একই অঙ্গে এত রূপ'। আজকে বলা হয়েছে খবরের কাগজে যে, ৭৭ জন এম এল এ দল ছেড়ে চলে যাচ্ছেন। আমি বিনয়ের সঙ্গে প্রশ্ন করি সেই ৭৭ জনের নাম কি তাঁরা ছাপাতে পারেন? সংবিধানের ৫৯ ধারা সম্বন্ধে বিরোধীপক্ষ যখন বক্তব্য রাখছেন তখন তা কাগজে ফলাও করে দেওয়া হচ্ছে এবং পশ্চিমবাংলার মানুষকে বুঝিয়ে দেওয়া হচ্ছে যে আমাদের এখানে আর থাকার কোন অধিকার নেই। তার পালটা বক্তব্য যখন আমরা বিধান-সভায় রাখছি তখন সেগুলি সাদা কালিতে লেখা হচ্ছে। স্যার, আমরা মনে করি এটা ন্যায়-নীতি নয়, সততা নয়, এটা কোন নীতিই নয়। আজকের দিনে সংবাদপত্রের যে স্বাধীনতা, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে চাই এই স্বাধীনতার সম্মান তাঁরা কতটুকু রক্ষা করতে পেরেছেন বলুন। আমরা জানি বরুণবাবুর উপর জেলে অত্যাচার হয়েছে—জেলে রাখার কতক-গুলি নিয়ম আছে, সেই আইন ও নিয়ম যে কোন সরকারই ভাঙুন না কেন তাহলে বলব, সেই সরকার আইনসঙ্গত কাজ করেন নি। বেআইনী কাজ কখনই সমর্থনযোগ্য নয়। স্যার, জেলে মারোয়াড়ীদের খাবার বাইরে থেকে পাঠানো হয় আর বরুণবাবুকে নিজে হাতে রেঁধে খেতে হত। আজকের দিনে সাংবাদিকদের, তাঁদের মাজায় দড়ি দিয়ে নিয়ে যাওয়া হয়েছিল।

এই পশ্চিমবঙ্গে যে আইন, যার জন্য সাধারণ মানুষ সংগ্রাম করেছে, দেশের লোক সংগ্রাম করেছে, সাহেবরা যে আইন করে দিয়ে গিয়েছিল, আমি একটা পুলিশ রেগুলেশনের

কথা বলছি রুল ৩৩০, সেই রুলে দেখতে পাচ্ছি দি ইউজ অব হ্যাণ্ডকাফ রোব অর ইজ অফেন্স কন্সিডারড এ্যাজ আননেসেসারি ডিগনিটি। এটা পরাধীন ভারতের, পরাধীন মানুষের জন্য একজন সাহেব এর রচয়িতা। এই পুলিশ রেগুলেশনের রুল ৩৩০, আজও পশ্চিমবঙ্গ সরকার এই নিয়মটা মেনে চলে আসছেন। যাকে স্যার, ধরে নিয়ে যাওয়া হয়েছিল তার মাজায় দড়ি দিয়ে বেঁধে নিয়ে গিয়েছিল,

If he has motorious antecedents or if he is disposed of giving troubles ther handcuffs will be used and if handcuff is not available he may be secured by robes.

স্যার, আমি কি বিশ্বাস করবো যে ক্যালকাটা পুলিশের কাছে হ্যাণ্ডকাফ ছিল না আমি কি বিশ্বাস করবো স্যার, যার ২৪ ইঞ্চি বুক, যার বাইসেপ্ট নেই, যে ক্ষীণজীবী একটা মানুষ, সে একটা ডেনজারাস ক্রিমিন্যাল, তার একটা এ্যাণ্টিসিডেন্স রয়েছে? কিন্তু স্যার আমাদের সরকার—দুঃখের কথা, লজ্জার কথা, প্রেসের মানুষের সঙ্গে যেভাবে ব্যবহার করা উচিত ছিল তা তারা করেনি। আমরা স্যার, বিধানসভার সদস্য, এটাকে আইনসভাও বলা হয়, আমরা আইন মেনে চলার জন্য এসেছি। আমরা দাবী করছি যে যেসব অফিসাররা এইভাবে দেশের মানুষদের অবমাননা করেছে তাদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন। আমরা স্যার, সেদিন কিন্তু এই প্রশ্ন বিধানসভায় তুলতে চেয়েছিলাম, বড়ই দুঃখের কথা, বড়ই ক্ষোভের কথা যে তাদের মধ্যে কেউ কেউ এসে আমাদের বলেছিলেন যে আপনারা এই কথা বিধানসভায় তুলবেন না, আমরা সেকথা মানতে চাইনি, আমরা সেদিন কংগ্রেসের সদস্য হিসাবে আমাদের অসুবিধার কথা চিন্তা করিনি এবং আমাদের ভবিষ্যতের কথাও ভাবিনি। আমরা একটা নীতিতে বিশ্বাস করি, আমরা সততায় বিশ্বাস করি। সেদিন যাঁরা আমাদের বললেন যে এই প্রশ্ন তুলবেন না, কিন্তু স্যার, আমি আপনার কাছে একথা বলে শেষ করবো যে আজকে কোথায় সেই সততা? গৌরকিশোর ঘোষের তো অসুবিধা হয়নি, তার তো ঐ গোলপার্কে বোমার সামনে যেতে অসুবিধা হয়নি, আজকে শিশিরকুমারকে ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়তে, সুভাষচন্দ্রের ছায়াসঙ্গী যাঁরা ছিলেন, সুরেশ মজুমদার ইত্যাদি তাদের তো কোন অসুবিধা হয়নি। তাই আমার নিবেদন যে প্রেসের তাদের অধিকার রক্ষা করার জন্য তাদেরও কিছু দায়িত্ব আছে। আমরা স্যার, অতি বিনয়ের সঙ্গে বলতে চাই এদের সঙ্গে আমাদের কোন বিরোধ নেই, তাদের কর্তব্য সম্বন্ধে সচেতন করার জন্য এই বক্তব্য রাখলাম।

শ্রীশীষ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রের স্বাধীনতা, বিধানসভার স্বাধীনতা এবং বিধানসভার কটাক্ষপাত ইত্যাদি নিয়ে আমাদের সদস্যরা যে রেজোলিউশন নিয়ে এসেছেন সেটা আলোচনা করতে উঠে বলি যে সংবাদপত্রের স্বাধীনতা এখন পর্যন্ত ততটা হয়নি যতটা এম এল এ'দের স্বাধীনতা রয়েছে। এম এল এ'দের সার্টিফিকেট দিতে হয় একটা চরিত্রহীন লোক বা যে-কোন লোককে সার্টিফিকেট এম এল এ'রা দেয় টু দি বেস্ট অব মাই নলেজ হি বিয়ারস এ গুড মরাল ক্যারেক্টার।

(শ্রীগুরুপদ খান :—কোশ্চেন)

আমার কাছে বহু প্রমাণ আছে। সংবাদপত্রের স্বাধীনতা থাকা কেন প্রয়োজন, আমরা দেখেছি ভারতবর্ষ যখন স্বাধীন হয়নি, ভারতবর্ষ স্বাধীন করার জন্য যখন দিকে দিকে আগুন জ্বলছে, স্বাধীনতা-সংগ্রামীরা যখন বিভিন্ন জায়গায় সংগ্রাম চালিয়ে যাচ্ছে তখন যে-কোন উপায়

অবলম্বন করেই হোক সমগ্র ভারতবর্ষের জনসাধারণের সম্মুখে এই কাগজগুলি তাদের স্বাধীন মতামত প্রকাশ করে, সত্য তথ্য পরিবেশন করে ভারতবর্ষের জনসাধারণকে জাগ্রত করে তুলেছিল। অধ্যক্ষ মহাশয়, এই যে সংবাদপত্রের কথা বলা হয়েছে যে তারা আমাদের চরিত্র হনন করছে বা আমাদের অসত্য সংবাদ পরিবেশন করছে এটা সত্য কোন্‌খানে।

[8-50—9-00 p.m.]

অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে সংবাদপত্র হচ্ছে কি রকম? একটা মানুষের ব্যক্তিগত স্বাধীনতা যখন আছে তখন যে-কোন পাবলিক ওপিনিয়ন গঠন করার মিডিয়াম হচ্ছে সংবাদপত্র। কাজেই কোথায় কি ঘটছে না ঘটছে তার বিস্তৃত বিবরণের দরজা খুলে দিচ্ছে সংবাদপত্র। এই সংবাদপত্রকে যদি কণ্ডেমন্ করি, সাংবাদিকদের উপর অত্যাচার করি, তাহলে দেশের কোন ডেভেলপমেণ্ট হবে না। দেশের কোথায় কি ঘটছে না ঘটছে সেটা যদি জনসাধারণের কাছে পৌঁছে না দিতে পারি, তাহলে দেশের কল্যাণ হবে না। কিছুদিন আগে আমরা দেখেছি যে কোন সংবাদপত্রের সাংবাদিক কার সঙ্গে কথা বলেছে, তাতে মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে আড়ি পাতার ব্যবস্থা হয়েছিল। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সাংবাদিকদের পাঁচজনের ইণ্টার-ন্যাশনাল পাসপোর্ট বাতিল করে দেওয়া হয়েছে, দু'জন সাংবাদিককে কারারুদ্ধ করেছে মিসাতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা উদাহরণ দিই। রাজশাহীতে ইদ্রিস সাহেব মির্জাফরের কবরে লাথি মেরেছিল। তার জন্য কোর্টে কেস হয়েছিল। তার বাচ্চা ছেলে তাকে বলেছিল—বাবা, তুমি একবার বল যে তুমি লাথি মারনি। তিনি তার উত্তরে বলেছিলেন—যা সত্য, তা স্বীকার করতেই হবে। তাই সাংবাদিকদের জেলের ভিতর পুরে যদি তাদের কর্তব্যপালন করতে না দেন, তাহলে সমাজের প্রতি অবহেলা করেছেন। তারা নির্ভীকভাবে সমস্ত তথ্য পরিবেশন করতে চাইছে, এতে ভয় করছেন কেন? যদি সত্যকারের দেশের কাজ করে যাই, কোন অন্যায় কাজ না করি, তাহলে সংবাদপত্র সেগুলো দেবে না। অর্থাৎ যা ঘটে, তার কিছুটা তো বটে। নিশ্চই ঘটেছে, নিশ্চয়ই অপকর্ম করা হয়েছিল, যার জন্য সংবাদ-পত্র লিখেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি তো জানেন এম এল এ হোষ্টেলে কি হয়েছে, কেন তালাচাবি পড়ল। এখন সংবাদপত্র যদি এটা প্রকাশ করে যে অমুক এম এল এ-র ঘরে তালাচাবি পড়েছে, অপকর্ম করেছে, তাহলেই সংবাদপত্র দোষী হয়ে গেল? অধ্যক্ষ মহাশয়, আজকে খবরের কাগজে প্রকাশ হয়ে যায় অমুক এম এল এ দু'জন নারীকে এ্যাবরশন করবার জন্য হাসপাতালে নিয়ে গিয়েছিল, তাহলে দোষী হবে সংবাদপত্র? এম এল এ দোষী না হতে পারে, তিনি হয়ত সেই মহিলার ভবিষ্যৎ ভাল করার জন্যই নিয়ে গেছেন। তাকে যদি এখন বলা যায় যে সাংবাদিক এমন ফলাও করে লিখেছেন যে তাতে এম এল এ দোষী হয়ে গেলেন। যিনি বুঝতে পারেন না, দোষ তার হতে পারে, এটা সাংবাদিকদের দোষ হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পূর্বে মুখ্যমন্ত্রী যে বক্তব্য রাখলেন বিলের উপর, তাতে তিনি বললেন, আর এস পি-র একজন এবং সি এফ ডি-এর একজন, কিন্তু যখন আমরা প্রশ্ন করলাম সরকারী দলের ক'জন? তিনি কিন্তু সুকৌশলে উত্তর না দিয়ে বাইপাস করে চলে গেলেন। কিন্তু সাংবাদিকরা তো জানেন। সেই দরখাস্তে যে কারা সই করেছিলেন আপনার সামনে তা জানবার জন্য হাজির করবার জন্য অনুরোধ করলাম, কিন্তু তা করলেন না। কিন্তু

সাংবাদিকরা জানেন তাতে দুশ' জন কংগ্রেস সদস্যের সই ছিল। একথা যদি কাল সাংবাদিকর প্রকাশ করেন, তাহলে কি হাউসের সদস্যদের অপমান করা হবে?

Mr. Speaker: Mr. Shish Mohammad, do you know that your party leader is a party to this resolution? Are you condemning your party leader? You are raising some points which are unnecessary here and you are referring to some aspects of the thing which you should not do because by doing that you are surpassing the limit of this motion. It is unfortunate that you are going to refer your own case that good character certificate is being given to persons of doubtful character. I cannot say that any M.L.A. can give such a good character certificate. By saying that you are admitting that you are doing that.

শ্রীশীষ মহম্মদ: জেনেশুনেই বলছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি, সেইজন্য বলছি। যাহোক, মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেষ্টারউইচ সাহেব সম্বন্ধে যখন এত কথাবার্তা উঠেছে, তখন আমি বলবো তিনি তো বাংলা ভাষা জানেন না, তিনি ইংরাজী ভাষা জানেন, ইংরাজীতে বলেছেন।

Mr. Speaker: Don't say that.

শ্রীশীষ মহম্মদ: আমি এর বিরোধিতা করছি।

Mr. Speaker: When your Party leader has signed the motion under rule 185. You cannot say that he does not know the Bengali language regarding the motion.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্র সম্পর্কে আলোচনা করবার জন্য আজ এখানে একটি প্রস্তাব আনা হয়েছে। আমরা যারা কংগ্রেস দলের সদস্য, আমরা কোন একনায়কতন্ত্রের আদর্শে বিশ্বাস করি না, হিটলারের আদর্শেও বিশ্বাস করি না, মুসোলিনীর আদর্শেও বিশ্বাস করি না এবং সম্পূর্ণ না হলেও গান্ধীজীর আদর্শে বিশ্বাস করি, তাঁর পবিত্র নাম মুখে উচ্চারণ করি। গান্ধীদর্শনের মূল সুর হলো—পরম সহিষ্ণুতা ও অপরের প্রতি ভালবাসা। আমাদের আদর্শেরও মূল সুর এটা হওয়া উচিত। ২৯শে জানুয়ারী, ১৯৪৮ সাল—মহাত্মা গান্ধী অমৃত কাউরকে যে চিঠিটা লিখেছিলেন তা হচ্ছে এইরূপ—"

"If I am to die by the bullet of a madman, I must do so by smiling. There must not be any anger within me. God will be in my heart and on my lips you promise me one thing—should such a thing happen you are not to shed one drop of tear."

মহাত্মাজী উপলব্ধি করতে পেরেছিলেন যে কোন এক পাগলের গুলিতে তাঁকে মরণ বরণ করতে হবে। এই চিঠি তিনি লিখেছিলেন তাঁর মৃত্যুর প্রায় কুড়ি ঘণ্টা আগে। এইভাবে আমার মৃত্যু হলে তোমরা আমার জন্য এক ফোঁটা চোখের জলও ফেলবে না—কারণ ভগবান আমার হৃদয়ে থাকবেন, ভগবান আমার মুখে থাকবেন। যীশুখৃষ্টের মৃত্যুর পর এইরকম একজনমাত্র দেহধারী মানুষ এই পৃথিবীতে বিচরণ করেছেন তিনি হচ্ছেন আমাদের মহাত্মা গান্ধী। এই মহামানব গান্ধীজীর আদর্শের মূল সুর কী সেটা ভুলে গেলে চলবে না। কংগ্রেস

কর্মীদের আদর্শও সেই সহনশীলতা, দরদ ও ভালবাসা। তাঁদের মনে দুঃখ আছে, বেদনা আছে ঠিকই, কোন কোন সংবাদপত্র বিধানসভার সদস্যদের নামে অনেক কাল্পনিক দুর্নামের কথা প্রচার করেছে। এমন কি বিধানসভার মাননীয় অধ্যক্ষ মহাশয়ের আসনের মত পবিত্র যে আসন, সেই পবিত্র আসনকে লক্ষ্য করেও কটাক্ষ করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সে সম্বন্ধে আপনি যে বিবৃতি দিয়েছিলেন, আপনার সেই বক্তব্য পর্যন্ত সেই সংবাদপত্রে ছাপা হয় নি। এগুলির জন্য সত্যিই আমাদের দুঃখ হতে পারে, কষ্ট হতে পারে, বিক্ষোভও হতে পারে। কিন্তু আমরা যদি গান্ধীজীর আদর্শে বিশ্বাস করি, তাহলে আজকে আমরা এইটাই মনে রাখবো যে আজকে এই যে প্রস্তাব করছি কেন্দ্রীয় সরকারের কাছে, সংবাদপত্রের বিরুদ্ধে বিহিত ব্যবস্থা গ্রহণ করবার জন্য যে দাবী জানাচ্ছি, সেটা যেন না করি। সংবাদপত্রের স্বাধীন ভূমিকাকে সশ্রদ্ধ স্বীকৃতি আমরা দেব—কাল্পনিক গল্প তৈরী করবার জন্য, বিভ্রান্তিকর সংবাদ প্রকাশ করবার জন্য। পৃথিবীর স্বীকৃত ইতিহাস গ্রহণ করে আমরা যেন সংবাদপত্রের উপর ক্রুদ্ধ না হই, ক্ষুব্ধ না হই। একটা প্রস্তাব নিয়ে এসে সংবাদপত্র সম্বন্ধে প্রস্তাব পাঠিয়ে দিল্লীর কাছে যেন আমরা কোনরকম প্রতিকার প্রার্থনা না করি। আমরা যাঁরা ক্ষুব্ধ হয়েছি তাঁদের আগে আত্মানুসন্ধান করা উচিত ছিল কোথায় আমাদের ভুল ছিল, ত্রুটি ছিল।

[9-00—9-10 p.m.]

আমাদেরও বোঝা উচিত কোথায় আমাদের ত্রুটি ছিল, কোথায় আমাদের ভুল ছিল। আনন্দবাজার সংবাদপত্র সম্পর্কে বা যুগান্তর সংবাদপত্র সম্পর্কে বা জাতীয়তাবাদী সংবাদপত্র সম্পর্কে সি পি এম বহু মন্তব্য করেছে অতীতে। 'ভাড়াটে সাংবাদিক', 'ভাড়াটে দালাল', 'আমেরিকা সাম্রাজ্যবাদের দালাল' ইত্যাদি অনেক কথা বলেছে। আনন্দবাজার অফিস আক্রান্ত হয়েছিল এটাও ঠিক। কিন্তু আমি কংগ্রেস করি, আমি আনন্দবাজারকে আক্রমণ করে ভারতের রাজনৈতিক পথকে সুন্দর করার পথে আমি বিশ্বাস করি না। আমি যুগান্তরের কণ্ঠরোধ করে, কিংবা পত্রিকার কণ্ঠরোধ করে, আমি একথা প্রমাণ করার চেষ্টা করবো না যে মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির মতো আমার দম্ভ ও অহংকার আকাশচুম্বী হয়েছে। হরেকৃষ্ণ কোঙার তিনি পরলোকগমন করেছেন—তিনি দম্ভ, অহংকার করে বলতে পারতেন, প্রমোদ দাশগুপ্ত দম্ভ ও অহংকার করে আনন্দবাজারকে আক্রমণ করতে পারেন এবং বলতে পারেন, একটা সাম্রাজ্যবাদী পত্রিকার অফিস আক্রমণ করা হয়েছে, আমরা গর্ব অনুভব করছি। হরেকৃষ্ণবাবু বলতে পারতেন সাঁইবাড়ীতে মায়ের সামনে ছেলেকে হত্যা করে ছেলের বুকের রক্ত মায়ের মুখে মাখিয়ে দেওয়া হয়েছে, আমরা গর্ব অনুভব করি। কিন্তু কংগ্রেস পক্ষ থেকে একথা বলা শোভা পায় না। ঠিক সেই কারণেই আমরা সত্যকে সত্যের দর্পণে দেখার চেষ্টা করবো। আমরা সংবাদপত্র জগতকে অনুরোধ করি, নিরপেক্ষ দর্শকের মতো আপনারা আপনাদের ভূমিকা পালন করুন। আমি কোন উপদেশ দেওয়ার চেষ্টা করবো না বা কোন নির্দেশ দেওয়ার চেষ্টা করবো না। আমরা আমাদের অভিযোগের কথা বিধানসভায় বলেছি এখানেই যেন শেষ না হয়, কেন্দ্রীয় সরকারের কাছে যেন কোন আবেদনের পশরা সাজিয়ে আমরা না যাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের আনন্দবাজারের যদি কোন গল্পকথা আমাদের ক্ষোভের উদ্রেক করে তেমনি মনে করবো ওই পত্রিকা ১৯৬৭, ১৯৬৮, ১৯৬৯, ১৯৭০, ১৯৭১ সালে এবং আরও অন্যান্য অনেক পত্রিকা তারা বুক দিয়ে গণতন্ত্রকে রক্ষা করবার চেষ্টা করেছিল, মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির

আগ্রাসী নীতির বিরুদ্ধে হত্যা, হিংস্রতা এবং তাণ্ডবের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল। গৌরকিশোর ঘোষ মশাই কেন কারাগারে গিয়েছিলেন আমরা জানি না, কিন্তু গৌরকিশোর ঘোষ মহাশয়ের 'রূপদর্শীর সংবাদভাষ্য' আক্রমণ করেছিলেন ওই সেই নকশালী আন্দোলন যে বন্য উৎশৃংখল হয়েছিল তাকে তিনি কঠোরভাবে আক্রমণ করে জনমত গড়ে তুলেছিলেন, দেশবাসীকে সচেতন করেছিলেন। শ্রীবরুণ সেনগুপ্ত তিনি চার বছর ধরে লিখেছিলেন এই দলের কাছে, এই সরকারের কাছে মানুষ অনেক আশা করে, আমরা কর্মযজ্ঞ চাই। তাঁকে মিসায় গ্রেপ্তার করা হয়েছিল। আমাদের কোন সংবাদ জানানো হয়নি। কিন্তু একটা কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব পরিষ্কার করে বলতে চাই যে আজকে প্রতিশোধমূলক মনোভাব নিয়ে যদি পথ চলার চেষ্টা করি, তাহলে আমরা গণতন্ত্রকে বিকাশ করার চেষ্টা করবো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি একজন সাংবাদিক বন্ধু তিনি অত্যন্ত ভালমানুষ, অনেকেই তাঁকে জানেন---শ্রীনিশীথ দে। তিনি নাকি জয়প্রকাশের উপর একটা বই লিখেছিলেন, আমি জানি না সত্য কি মিথ্যা, বইটা পড়ে দেখা হলো না, তিনি জয়প্রকাশের স্বপক্ষে কিছু বলেছেন কিনা, বইটার খালি মলাটটা দেখে 'জয়প্রকাশ' লেখা ওমনি তাকে পিছমোড়া করে নিয়ে তাকে আঘাত করা হয়েছিল শুনেছি। তাঁকে নিয়ে গিয়ে কারাগারে ঢোকানো হয়। পরে তিনি ছাড়া পান, শুনেছি মন্ত্রিসভার কেউ কেউ নাকি হস্তক্ষেপ করেছিলেন। আজকে সংবাদপত্র সম্পর্কে কতগুলো কথা বলবো। আমরা কি স্মরণে রাখবো না, জরুরী অবস্থা জারী করার পরে ওই সময় বিধানসভায় কোন কোন মানুষ বলেছিলেন এইবার এম এল এ'দের বক্তব্য থাকবে না, কেবল মন্ত্রী-উবাচ, তাদের কথা থাকবে এবং এম এল এ'দের বক্তব্য থাকবে না এবং স্মরণ করতে বলি মাননীয় অধ্যক্ষ মহাশয় সেদিন বিধানসভায় বহু সভ্য আলোচনায় অংশগ্রহণ করতেন না। কারণ তাঁরা জানতেন প্রেস সেনসরশিপ আছে, এম এল এ যদি কিছু বলেন তা প্রকাশিত হবে না। এটা কিন্তু গণতন্ত্র নয়, এটা ভুল এবং ভুলকে ভুল বলে স্বীকার করা এবং অন্যায়কে অন্যায় বলে স্বীকার করা উচিত। তাছাড়া, সংবাদপত্র জনমত তৈরী করতে পারে সে অধিকার এবং ক্ষমতা তাদের আছে। কিন্তু তারা জনসাধারণকে পরিচালিত করতে পারে না। জনসাধারণ নিজের পথে পরিচালিত হন, তার অনেক প্রমাণ আছে। সংবাদপত্র কোন কথা লিখলেও মানুষ সিদ্ধান্ত নেয়। তার প্রমাণ পাওয়া গিয়েছে গত লোকসভা নির্বাচনে যারা সেই নির্বাচনে ভোট দিয়েছিল। শতকরা ৯৫ ভাগ লোক তাঁরা সংবাদপত্র পড়তে পারেন না বা সংবাদপত্র চোখে দেখেন না। তারা সিদ্ধান্ত নিয়েছিল। গণতান্ত্রিক দেশে গণতান্ত্রিক সিদ্ধান্ত এবং সেজন্য কংগ্রেসের পরাজয় হয়েছে। জয় এবং পরাজয়, আলো এবং অন্ধকার, পতন এবং উত্থান, এই নিয়েই জীবন, এই নিয়েই রাজনীতি। ফুল যখন আছে, কাঁটাও তেমনি আছে। ঠিক তাই। আজকে আমরা যে ক্ষোভ বা দুঃখের প্রতিবিধানের জন্য সংবাদপত্র বা মানুষকে আসামীর কাঠগড়ায় দাঁড় করিয়ে আমরা আমাদের বক্তব্য এখানে বললাম এবং আশা করবো সাংবাদিকরা নিরপেক্ষ দর্শকের মতো সঠিক সংবাদ পরিবেশন করবেন। এই কটি কথা বলে, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি এবং আশা করছি যে এই প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হবে না।

শ্রীত্রিহনকুমার সামন্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব সমর্থন করে গুটিকয়েক কথা বলতে চাই। অনেক বিজ্ঞ মানুষ এখানে বক্তব্য রেখেছেন। সংবাদপত্রের বিরুদ্ধে আমার কোন ক্ষোভ নেই। খুব ছোটবেলা থেকে আজকে যে সংবাদপত্রগুলি বাজারে চলে, তার সঙ্গে জড়িত হয়ে পড়ি---আজকে সকলের মনে যেটা বড় প্রশ্ন দেখা দিয়েছে

সেই গণতন্ত্রের একটা বড় লিংক হল এই সংবাদপত্র এবং সকল গণতান্ত্রিক মানুষ চান এই সংবাদপত্র, গণতন্ত্রকে বাঁচাবার জন্য এবং গণতন্ত্রের অস্তিত্ব সুদৃঢ় করবার জন্য সক্রিয়ভাবে যেমন এগিয়ে চলেছে আগামীদিনেও ঠিক তেমনিভাবে এগিয়ে চলবে। তবে অধ্যক্ষ মহাশয়, এই কথা আজকে হঠাৎ কেন বলছি? বলার প্রশ্ন আছে---তার মানে এই নয়, এই কথা বলছি না গৌরকিশোর ঘোষ মহাশয়কে এ্যারেষ্ট করা হয়েছে, অন্যায় হয়েছে, বরুণ সেনগুপ্ত মহাশয়কে এ্যারেষ্ট করা হয়েছে---আজকে কি কারণে করা হয়েছে দেশের মানুষ জানে না। আমি এই সম্বন্ধে আপনার কাছে এই কথা বলতে চাই না বা এই কথা বলব যে সংবাদপত্রজগতকে একটু তেল দেবার চেষ্টা করছি, তা নয়। কিন্তু স্পষ্ট কথা, যেকথা আমরা জানি তা হল এই সংবাদপত্র একটা জাতি গঠন করে, একটা জাতির পথকে তৈরী করে দেয়, ভুল করলে তার পথ দেখিয়ে দেয়, সংশোধনের চেষ্টা করে। বরুণ সেনগুপ্ত মহাশয় বলেছিলেন তিনি ধন্যবাদার্হ, তিনি আমাদের কাছে কৃতজ্ঞ নিশ্চয় হবেন, কিন্তু এই কথা ঠিক যে এমন সংবাদ প্রচারিত হবে না যা উদ্দেশ্য-প্রণোদিত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক সংবাদপত্র আছে, আমি কোন পত্রিকার নাম করে বলছি না যেখানে উদ্দেশ্যপ্রণোদিতভাবে সংবাদ প্রচারিত হয়ে থাকে---কি কারণে হয়, কেন হয় দেশের মানুষ জানে। আমরা যদি মনে করি আজকে এই বিধানসভায় শুধু বক্তব্য রেখে বললেই সমস্ত কিছু হয়ে যাবে তা ঠিক নয়, দেশের মানুষ বোঝে যে কোন্ সংবাদপত্র কোন্ উদ্দেশ্যে কথা বলছে, কোন্ সংবাদপত্র কোন্ উদ্দেশ্যে বলছে না। তাই তাদের কাছে অনুরোধ আমাদের চলার পথের ভুল নিশ্চয় তাঁরা সংশোধন করে দেবেন পক্ষে এবং বিপক্ষে---এই যথার্থ সংবাদ পরিবেশনের মধ্য দিয়ে---তবেই হবে আমাদের গণতন্ত্র চলার পথ সুদৃঢ়, তবেই আমরা ঠিকমত-ভাবে এগিয়ে চলতে পারব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গুটিকয়েক ছোট ছোট কথা বলতে চাই। একটি সংবাদপত্রের কথা জানেন এই ধরনের সংবাদ বের হয়, আজকে দেখছি সংবাদপত্রে রাজনৈতিক সংবাদ, এছাড়া বহু সংবাদ আছে, ভাল সংবাদ বেরোচ্ছে, রাজনৈতিক সংবাদ বেরোচ্ছে—বেরোক। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ছোট্ট কথা বলছি, নুন হয়ত বাজারে ৫০ পয়সায় বিক্রি হচ্ছে, তার পরের দিন কাগজে দেখা গেল নুন আর বাজারে পাওয়া যাচ্ছে না, নুনের দাম ১০ টাকা কিলো হয়ে গেছে রাতারাতি, সেই জিনিস দেখে বাজারে নুন উধাও হয়ে গেছে, তেমনি এসেনসিয়্যাল কমোডিটিজ অনেক ক্ষেত্রে হয়ে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা খবরের কাগজে দেখলাম নির্বাচনের পরের দিন রিগিং বলে লেখা হল, আমার আরো অনেক কিছু বলার ছিল, সময় অভাবে বলা হল না, যাই হোক আমাকে এইটুকু বলার সুযোগ দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে এখানেই বক্তব্য শেষ করছি।

শ্রীনন্দলাল ব্যানার্জী : মিঃ স্পীকার, স্যার, অনেক সদস্যই বক্তৃতায় অংশগ্রহণ করেছেন, আমরা অকপটে আমাদের মনের কথা রেখেছি। আমি আশা করবো যে প্রস্তাব আমরা রেখেছি সকল সদস্য সেটা অনুমোদন করবেন।

The Motion of Shri Nandalal Banerjee that—

পশ্চিমবঙ্গ বিধানসভা সংবাদপত্রের স্বাধীন ভূমিকাকে সশ্রদ্ধ স্বীকৃত দেওয়ার সঙ্গে সঙ্গে গভীর দুঃখের ও বেদনার সঙ্গে লক্ষ্য করছে যে, এক শ্রেণীর সংবাদপত্র বিভ্রান্তিকর ও অসত্য সংবাদ প্রকাশ করিয়া বিধানসভার মাননীয় সদস্যদের এবং এই পবিত্র বিধানসভাকে জনমানসে হেয় প্রতিপন্ন করিবার অপচেষ্টা চালাইতেছে এবং মাননীয় সদস্যদের এই বিধানসভায় স্বাধীন মতামত ও নির্ভীকভাবে তাঁহাদের সাংবিধানিক কার্যকলাপ চালাইয়া যাইবার পথে বাধা সৃষ্টি

করিতেছে। আমরা বিধানসভার সকল সদস্যবৃন্দ এই অপচেষ্টার তীব্র নিন্দা করিতেছি ও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়া ইহার বিহিত করিবার দাবী জানাইতেছি।

was then put and agreed to.

[9-10—9-20 p.m.]

Ruling on Privilege Issues

Mr. Speaker : On the 29th March, 1977, Shri Kumar Dipti Sen Gupta raised a question of privilege arising out of some news item published in the Ananda Bazar Patrika on 28. 3. 77 and 29. 3. 77. On the 28th March, 1977, it came out in the Ananda Bazar Patrika that I had met in my capacity of the Speaker of this Assembly Babu Jagjivan Ram as an emissary of the Hon'ble Chief Minister Shri Siddhartha Sankar Ray for some political dialogue to effect realignment of political parties in this State. Shri Nandalal Banerjee, Shri A. H. Besterwitch and Shri Harasankar Bhattacharyya took vehement objection to such publication. I emphatically denied such imputation on the floor of the House and also drew the attention of the House to a report that appeared in the Times of India containing my categorical denial of any such venture. I also made it clear before the House on the said date, that is, on 28. 3. 77, that my visit to Babu Jagjivan Ram at Delhi was absolutely in the nature of a courtesy call and I had met him only for a few minutes and that too amidst a crowd of men in the room. It was expected that the full text of my statement would be published in the said newspaper on the day next so that people could know the whole truth. But surprisingly enough, the entire account did not come out in the said paper on the day next with the result that some confusion still persisted. This prompted Shri Kumar Dipti Sen Gupta to raise a question of privilege on the day next, i. e. 29. 3. 77, which I shall now discuss.

Along with this question I have to refer to certain other news items appearing in other newspapers which also have posed a question of privilege before this House. On 6. 4. 77, Shri Nandalal Banerjee drew the attention of the House to a news item published on 5. 4. 77 in the Business Standard in which certain unwarranted observations were made against the Hon'ble Chief Minister in a despatch captioned "Roy washes his hands off Emergency" and refers to certain exchange of letters between the Chief Minister and the Prime Minister Shri Desai in this regard. The Hon'ble Chief Minister who was present in the House expressed his surprise at the said news item which apparently was an attempt at character assassination. The Hon'ble Chief Minister also gave the details of communication that passed between him and the Prime Minister Shri Desai after the latter's assumption of office which shows that the aforesaid news item was absolutely based on false information.

Again on the same day Shri Basudev Sautya and Sk. Daulat Ali also raised point of privilege in the Amrita Bazar Patrika on 6. 4. 77 which reported

about Shri Sautya, Sk. Daulat Ali and Shri Santosh Mondal joining the Janata Party. This, according to them, was an utter falsehood.

Such a series of news items, distorted and false, published in leading journals of our State is really a threat to the values of democracy which we all strive to uphold. The freedom of the Press is a sacred provision enshrined in our Constitution and in our ways of life too. It is painful to see that some section of the press think it worth while to convert it into a licence. The press has a vital role to play in our national life. The primary function of the press is to disseminate information from an angle of objectivity. It is a prime mover of public opinion. It is desirable that this mighty weapon should be wielded by a fair and just hand. When the confines of restraint is loosened, this mighty weapon may prove an ominus medium of oppression. The House has rightly adopted a motion which seeks to condemn such an attempt on the part of a section of the press to use the weapon of press as an instrument of tyranny. I belive that the recalcitrant sections will take a lesson from the overwhelming opinion of this House and will make every endeavour to come back to the bounds of propriety and shall not venture to go out of bounds again. After the House has recorded its opinion in the matter which covers the warning that I intend to signal on the privilege issues pending before me, I do not like to proceed with the privilege matters any further with the expectation that the opinion of the House will have its salutary effect on the conduct of the section of the press which has chosen to go along the worng track. With these words I drop the privilege issues.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার কাছে এবং মন্ত্রিসভার কাছে একটা রোমহর্ষক সংবাদ পেশ করছি। এই কলকাতাতে ১৯৭৩ সালে একটা প্রতিষ্ঠান ভারত গেজ এ্যাণ্ড টুলস লিমিটেড, এই একটি প্রতিষ্ঠানের নামে জনসাধারণের কাছে ইকুইটি শেয়ার বিক্রি করা হয় এবং শর্ত দেওয়া হয় যাঁরা এই শেয়ার কিনবেন তাঁরা এক হাজার টাকার বেশী যদি শেয়ার কেনেন তাহলে তাঁদের পরিবারের একজন করে লোক চাকরি পাবেন। আপনার কাছেও একটা আবেদন এসেছে সেই বেকার যুবকের যে তার মায়ের অলংকার বিক্রি করে শেয়ার কিনেছিল। তার নাম সমরেন্দ্রনাথ দাস, পিতা বিজয়কুমার দাস, মুর্শিদাবাদ জেলা। ৭৪ সালের নভেম্বর মাসে ভারত গেজ এ্যাণ্ড টুলস লিমিটেডের—তার এ্যাড্রেস হচ্ছে, ৫৬, ফ্যান্সি লেন, ক্যালকাটা, সেখানে সে মায়ের অলংকার বিক্রি করে ১০টাকা মূল্যের ৫০০ ইকুয়িটি শেয়ার কেনেন। শুধু সে নয়, তার মত আরও বহু বেকার যুবক, আরও বহু মধ্যবিত্ত মানুষ তাঁরা সর্বসাকুল্যে প্রায় ১৪ লক্ষ টাকার ইকুয়িটি শেয়ার কেনেন এবং ঐ প্রতিষ্ঠানটি ওয়েষ্ট বেঙ্গল ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেণ্ট কর্পোরেশনের কাছে ১৭ লক্ষ ৬০ হাজার টাকা নেয়। এর পরে জানতে পারা যায় ঐ প্রতিষ্ঠানটি একটা ভৌতিক শিল্পপ্রতিষ্ঠান এবং সেই প্রতিষ্ঠানের কোন খোঁজ পাওয়া যাচ্ছে না। ওদের বোর্ড অব ডিরেক্টার্স শ্রীমোহনকুমার মুখার্জী, জে পি, তাঁর নাম রয়েছে, জানি না তিনি কোন্ ইণ্ডাষ্ট্রির মালিক। তেমনি ডি পি গুহ তার নামও রয়েছে। শ্রীবি সেন বলে এক ভদ্রলোকের নাম রয়েছে। এই বি সেন ভদ্রলোক তিনি ইনসিয়োর্ড অটো লিমিটেড বলে একটা প্রতিষ্ঠান তৈরী করেন সেটা ভৌতিক এবং রাউরকেল্লাতে

একটা জায়গা নিয়েছেন এবং বলেছেন যে স্কুটার তৈরী করবেন এবং অন্যান্য অটো পার্টস তৈরী করবেন। এবং এই করে প্রায় ৮৯ লক্ষ টাকার ইকুয়িটি শেয়ার বিক্রি করলেন পশ্চিমবঙ্গে এবং এইভাবে সেখানেও খোঁজ নিয়ে দেখা গেছে, সেখানেও এই প্রতিষ্ঠানের কোন অস্তিত্ব নেই এইভাবে যে মধ্যবিত্তদের ১৪ লক্ষ টাকা ইকুয়িটি শেয়ার গায়েব করে দিলেন এবং ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেণ্ট কর্পোরেশনের কাছ থেকে ১৭ লক্ষ ৬০ হাজার টাকা এবং এরাই আবার ঐ আর্ট ইনসিয়োর্ড লিমিটেড বলে একটা প্রতিষ্ঠানের মাধ্যমে প্রায় ৯০ লক্ষ টাকার ইকুয়িটি শেয়ার বিক্রি করলেন, এই প্রতিষ্ঠানটিরও কোন খোঁজ পাওয়া যাচ্ছে না। ঐ সমরেন্দ্রনাথ দাস আপনার কাছে দরখাস্ত করে বলেছেন—আপনার অনুমতি নিয়ে পড়ছি, আমরা দেশবাসীরা জানি মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিরদিন দরিদ্র দেশবাসীর প্রতি সহানুভূতিশীল, তাই সনির্বন্ধ অনুরোধ এই উপরিবর্ণিত বিবরণীর ভিত্তিতে সর্বশ্রী মোহনকুমার মুখার্জী, বিভূতিভূষণ গুহ, শ্রীবিনয় সেন মত পরিচালক যারা উপরিউক্ত কোম্পানীর সঙ্গে যুক্ত তাদের বিরুদ্ধে তদন্ত করা হোক এ তদন্তের রিপোর্ট অবিলম্বে বিধানসভায় পাশ করিয়ে সরকার এই বিষয়ে তাদের শাস্তিবিধানে ব্যবস্থা করুন। প্রয়োজনে তাদের স্থাবর এবং অস্থাবর সম্পত্তি ক্রোক করে যাতে বিক্রি করা হ এবং দরিদ্রদের সম্পূর্ণ শেয়ারের টাকা ফেরত দেওয়া হয়, তার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে নির্দে দেওয়া হোক।

ঠগীদের লর্ড উইলিয়াম বেণ্টিঙ্ক দমন করেছিলেন, সেজন্য এই সমস্ত ঠগী যারা দরি মানুষদের প্রতারণা করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক।

[9-20—9-32 p.m.]

শ্রীমহম্মদ সাফিউল্লা : স্যার, আজ সংবাদপত্র ও তার দায়িত্ব সম্বন্ধে আলোচনা হল সেজন্য এই প্রসঙ্গে আপনার মাধ্যমে একটা ব্যাপার এই সভায় জানাচ্ছি। গত ৪ঠা এপ্রিল '৭ যুগান্তর পত্রিকায় একটা খবর বের হয়—"বুনো ব্যাপার, এত অভিযোগেও কর্তারা নীর কেন?" এটা সত্যি ব্যাপার। আজ যখন সংবাদপত্রের কর্তব্য সম্বন্ধে আলোচনা করছি, সে সংবাদপত্র সঠিক সংবাদ পরিবেশন করেছেন। এই হাউসের মাননীয় সদস্যরাও আমার সঙ্গে উদ্বেগ প্রকাশ করেছিলেন। কেননা বনবিভাগের অফিসে গিয়ে আমি প্রহৃত হয়েছিলাম আমাদের পক্ষের সদস্যরা এবং বিরোধীপক্ষের সদস্য যখন উদ্বেগ প্রকাশ করেছিলেন তখ আপনি বলেছিলেন এ-বিষয়ে প্রতিকার করে সভায় জানানো হবে। আমি জানি ওঁরা কি বলবেন ওঁরা বলবেন সাব-জুডিস কিন্তু সাব-জুডিসের বাহিরেও একটা ব্যাপার আছে। আমি কাঁদে কাঁদতে গিয়ে অজিত পাঁজা মহাশয়কে বলেছিলাম এতবড় অপমান জীবনে কোনদিন হইনি ৪দিন পরে তাদের সাসপেনশন অর্ডার হল—যারা আমার জামাকাপড় টেনে ছিঁড়ে দিয়েছিল এ ধাক্কা মারতে মারতে রাস্তায় ফেলে দিয়েছিল। ৪দিন পরে মন্ত্রী মহাশয় যখন বললেন তা ৪দিন পরে সি সি এফ একটা ডিফেকটিভ অর্ডার দিলেন যার ফলে হাইকোর্টে গিয়ে সেই ডিফেকটি অর্ডারের ভিত্তিতে তারা ইনজাংশন পেয়ে গেল। কিন্তু কি ঘটনার পেছনে সেই ডিফেকটিভ অর্ড হল এবং ৪দিন পর সেই অর্ডার দিল যেখানে ক্যাটিগোরিক্যালি প্রতিশ্রুতি দেওয়া আ অজিতবাবু এই সভায় জানাবেন। তাঁকে এর ভার দেওয়া আছে এবং আমার ব্যাপারটা এনকুয়ার করে তিনি সভায় জানাবেন। কিন্তু কোন অজ্ঞাত কারণে বনমন্ত্রীর ডিপার্টমেণ্ট থেকে এ জিনিসটা অজিতবাবুর কাছে আসেনি। আমার সুনাম সেখানে জড়িত। আমি যদি দোষী হ

তাহলে সেই কথাটা হাউসকে বলা হোক বা আমি যদি নির্দোষী হই তাহলে সেই কথাটাও বলা হোক। সেজন্য আপনার কাছে নিবেদন করছি যে আজ হাউস শেষ হয়ে যাচ্ছে অথচ এই ঘটনাটা কেন জানানো হল না? আজ দুই মন্ত্রীই হাউসে উপস্থিত আছেন তাঁরা দয়া করে ব্যাপারটা হাউসকে জানান।

শ্রীঅজিতকুমার পাঁজা : স্যার, কিছুদিনের জন্য মুখ্যমন্ত্রীর নির্দেশে বনদপ্তর দেখাশুনা করেছিলাম। এই সময়ে বনদপ্তরের কয়েকজন কর্মী মিলে মহম্মদ সফিউল্লাকে মারধোর ও এ্যাসাল্ট করেছেন বলে তিনি লিখিতভাবে জানান। সঙ্গে সঙ্গে বিভাগীয় কর্তৃপক্ষকে নির্দেশ দিলাম যে যে-সমস্ত কর্মীরা যাদের বিরুদ্ধে এ্যালিগেশন তাদের চার্জ শিট ও সাসপেণ্ড করতে। চার্জ শিট ও সাসপেনশন অর্ডার দেবার পর এই দপ্তর আমার হাতে ছিল নাএবং এই দপ্তর চলে যায় মাননীয় মন্ত্রীর হাতে তিনি অসুস্থ হয়েছিলেন। তবে আমাকে এনকুয়ারী করার জন্য মুখ্যমন্ত্রী বলেন। আমি এনকুয়ারী করার জন্য জানাতে তাঁরা একটা উত্তর আমার কাছে পাঠিয়েছেন যে এটা সাব-জুডিস ব্যাপার এবং মহম্মদ সফিউল্লা একটা ক্রিমিন্যাল কেস স্টার্ট করেছেন। যাহোক ওটা সাব-জুডিস জানানোতে তাঁদের জানাই এ-সম্বন্ধে আর কোন দায়িত্ব আমার উপর থাকছে না, বনদপ্তর যেন সম্পূর্ণভাবে এই দায়িত্ব নেয়, কারণ হাউসের কাছে আমি বলেছিলাম হাউসকে জানাব এ সম্বন্ধে কি ব্যবস্থা করা হবে—তাই আমার আয়ত্তাধীনে আর থাকছে না। বনদপ্তর আমার হাতে নেই, তাই মাননীয় সদস্যকে অনুরোধ করব বনমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি নিশ্চয় এ-বিষয়ে আলোকপাত করবেন।

Shri Sitaram Mahato : এটার সম্পর্কে আমি কিছু জানি না।

Mr. Speaker : Honourable Members, to-day is the last day of the current session of this House which commenced on the 23rd March, 1977. Before I declare the House adjonrned *sine-die* I wish to say a few words to you. This House met just after the election of the Lok Sabha.

The current session, though short, has been eventful in this that apart from the passing of the motion for a vote on account for the year 1977-78, many important and urgent matters of public interest have been disposed of by the House.

This House adopted a resolution *nem-con* on the passing away of Shri Fakhruddin Ali Ahmed, the President of India.

The House passed several Bills including 10 Ordinance Bills and three other Bills.

In this House the Hon'ble Chief Minister made an announcement regarding reduction of irrigation rates and also an announcement for the setting up of a one-man Pay Commission for the employees of the Government of West Bengal.

The House recorded its opinion on two non-official motions. Only to-day the House has discussed a motion under Rule 185 regarding untoward role of a section of the press.

I must admit that your deliberations have been purposeful and in keeping with the dignity of this House.

In this context I shall be failing in my duty if I do not admit that it has been possible for me to conduct the business of the House smoothly because of your willing co-operation with the Chair. I must also admit that the Opposition has been very charitable towards me throughout the current session.

Before I conclude I must recall with thanks and gratitude the co-operation extended and the respect shown to the Chair by the Honourable Members during their deliberations.

I respectfully acknowledge the helpfull attitude of the Leader of the House who has always been a source of inspiration to all of us. I must also thank the Leader of the Opposition and also extend my sincere gratitude and thanks to the Members of both the sides who have been kind enough to co-operate with me in all matters. I particularly congratulate the Members of the newly formed group here, the Congress for Democracy, who have also co-operated with me very cordially. I also thank Mr. A. H. Besterwitch, the Leader of the R. S. P. Mr. Prodyot Kumar Mahanti and the Members of the C. P. I. because they have also extended their co-operation to me and without which it would have been impossible for me to conduct the proceedings of this House smoothly.

With these few words I once again congratulate all of you and I hereby declare that the House stands adjourned *sine-die,*

Shri Gyan Singh Sohanpal : Sir, on my own behalf and on behalf of the Goverament and the Ruling Party I thank you for the excellent manner in which you have conducted the proceedings of the House. Sir, we are proud of your performance and we thank you once again.

শ্রীসরোজ রায় ঃ মিঃ স্পীকার, স্যার, আমি আমার পার্টির তরফ থেকে আপনাকে ধন্যবাদ জানাই যে আপনার নেতৃত্বে আমরা যথাযোগ্যভাবে এখানে কাজ করার সুযোগ পেয়েছি। আপনি আমাদের যথাযোগ্যভাবে সহযোগিতা করেছেন, সেজন্য আপনাকে আমাদের পক্ষ থেকে বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীরথীন তালুকদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও স্বল্পকালীন অধিবেশন, তবুও আপনি যে-রকম নিরপেক্ষভাবে বিচক্ষণতার সঙ্গে এই অধিবেশন পরিচালনা করেছেন এবং হয়ত অনেক সময় আমরা আপনার বিরক্তির উদ্রেক করেছি, তবুও আপনি সহানুভূতির সঙ্গে আমাদের বক্তব্য শুনেছেন এবং আমাদের বক্তব্য রাখার সুযোগ দিয়েছেন, সেজন্য কংগ্রেস ফর ডিমোক্রাসির পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনি যে গণতান্ত্রিক পবিত্র মন্দিরকে সত্যিকারের গণতন্ত্রী মানুষের মন্দিরে রূপায়িত করেছেন সেজন্য কংগ্রেস ফর ডিমোক্রাসির পক্ষ থেকে, আমাদের সমস্ত বন্ধুদের পক্ষ থেকে আপনাকে আন্তরিক প্রীতি, শুভেচ্ছা এবং অভিনন্দন জানাচ্ছি।

শ্রীশীষ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোকসভার নির্বাচনের পর এই সট সেসান আমাদের ৩ জন সদস্যের মধ্যে ২ জন উপস্থিত ছিলাম আমরা বিভিন্ন সময় যে বক্তব্য রেখেছি সেই বক্তব্য রাখার সময় আপনি আমাদের যে সহানুভূতি দেখিয়েছেন এবং বলার সুযোগ দিয়েছেন এবং নিরপেক্ষভাবে জাজ্‌মেণ্ট দিয়েছেন তার জন্য আমার দলের পক্ষ থেকে আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

Mr. Speaker : I am grateful to all the honourable Members for their co-operation and I hereby declare that the House stands adjourned *sine-die*.

Adjournment

The House was accordingly adjourned *sine-die* at 9. 32 p.m.

Note :—The Assembly was subsequently prorogued with effect from the 12th April, 1977, under Notification No. 5IPA., dated the 12th April,1977, and published in the "Calcutta Gazette Extraordinary", dated the 12th April, 1977.

Index to the
West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. 64, Sixty-Three Session (March-April) 1977

(The 23rd, 24th, 25th, 26th, 28th, 29th, 30th, 31st March, 1st, 4th, 5th, 6th and 11th April, 1977)

[(Q) Stands for Questions.
(M) Stands for Mention Cases.]

Abdul Bari Biswas, Shri :

ইরিগেটেড ও নন-ইরিগেটেড এলাকায় অনুমোদিত খাজনা—(M) : pp. 97-98.

Discussion on Governor's Address : pp. 262-266.

Discussion over the Points raised by the adjournment of the House for the time being due to defective transformer of the Assembly Precincts : p. 244.

News item of the Statesman on W. B. Cabinet (M) : pp. 554-555.

Murshidabad Zilla School Board (M) : pp. 481-482.

Pension of ex-M. L. A's. (M) : pp. 320-22.

Points raised by Shri.....on the adjournment of the House for time being due to defective transformer of the Assembly Precincts : p. 239.

Abdus Sattar, Shri :

The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Amendment) Bill, 1977 : pp. 574 & 581-583.

Reply given by—on sinking and resinking of Tubewell in rural area : pp. 92-93 & 94.

Abdur Rauf Ansari, Shri :

The Calcutta Municipal (Amendment) Bill, 1977 : p. 652-654.

Adjournment Motion(s)

Adjournment of the House for restorration of the transformer of the Assembly Precincts : pp. 239 & 241.

২রা এপ্রিল ময়দানে সাংবাদিক ও ফটোগ্রাফার নিগৃহীত—সর্বশ্রী সুধীর বেরা ও শান্তি দাশগুপ্ত এবং আরও কয়েকজন কর্তৃক আনীত : pp. 468-469.

Hunger Strike of some employees of C.E.S.C. by Sm. Ila Mitra & Shri Satya Ghosal. : pp. 535 & 598-99.

—by Shri Sudhir Bera reg. issuing of appointment letters : p. 678.

Aich, Shri Triptimoy :

পশ্চিমবঙ্গে আইন-শৃংখলার অবনতি (M) : pp. 96-97.

Water Supply in Hirapur Constituency (M) : pp. 309-310.

Announcement—

—made by Dr. Gopal Das Nag on the revised rate of land revenue : pp. 73-74.

—made by Shri Siddhartha Shankar Ray on the D. A. of State Govt. Employees : pp. 74-75.

Bandyopadhayay, Shri Ajit Kumar :

—False and Malicious report publish in the Ananda Bazar Patrika. Attention drawn by—re. : p. 85.

Irrigated and non-Irrigated areas in Durgapur Subdivision (M) notification of— : pp. 383-84.

Bandopadhyay, Shri Sukumar :

On the motion under Rule 185 reg. Role of News Papers : pp. 780-782.

Hunger Strike in Kanyapur Polytechnic, Asansol (M) : pp. 406-407.

Portrait of Kazi Nazrul Islam—in the Assembly Lobby : p. 599.

Relief Grant for Construction of Wells in Asansol Subdivision (M) : pp. 387-389.

Reply to Motion under Rule 185 reg. Repeal of Addl. Emolument (C.D.) Amdt. Act 1976 : pp. 486-488 & p. 496.

Un-employment & Rural Production Programme (M) : p. 191-92.

Banerjee, Shri Mrityunjoy :

Pay Scale and Appointment of Teachers in Higher Secondary School (M) : p. 307.

The Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1977 (Introduction & Cosideration Motions) : pp. 244-245.

The Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1977 Concluding Speech of— : pp. 254-255.

Banerjee, Shri Nandalal :

কলকাতার জনসাধারণের নিগ্রহ—সি এম ডি এর কাজের ফলে—(M) : pp. 88-34

The Calcutta Municipal (Amendment) Bill, 1977 : pp. 646-649.

False and Malicious Report Published in the Ananda Bazar Patrika—Attention drawn by—re. : p. 83.

On the motion u/r. 185 reg. Amdt. to the Payment of Bonus Act, 1965 : pp. 502-503.

The West Bengal Central Valuation Board Bill, 1977 : pp. 719-722.

Banerjee, Shri Pankaj Kumar :

False and Malicions report published in the Aanda Bazar Patrika—Attention drawn by—re : p. 85.

পশ্চিমবঙ্গে সমাজবিরোধীদের অত্যাচার, গুণ্ডামী ও খুনখারাপি এবং তার প্রতিকার (M) : pp. 86.

On the motion under Rule 185 reg. Role of News Papers : pp. 768-771.

Banerjee Shri Ramdas :

চালু ও অকেজো টিউব-ওয়েলের সংখ্যা—(M) : p. 95.

Discussion on Governor's Address : pp. 333-337.

Bapuli, Shri Satya Ranjan :

The West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1977 ; pp. 630.

Bera, Shri Sudhir :

Adjournment Motion on issuing of appointment letters : p. 678.

Alleged attack on the Editor of Darpan (M) : p. 390.

Amendment to motion of thanks : pp. 412.

Chowranghee Hawkers' Association—Deputation by—(M) : p. 563.

Discussion on W. B. Appropriation (Vote on Account) Bill : pp. 217-218.

Discussion on Governor's Address : pp. 412-413.

False and Malicious report published in the Ananda Bazar Patrika. Attention drawn by— : p. 83.

Firing in Howrah Jail (M) : pp. 307-308.

On the motion under Rule 185 reg. Role of News Papers ; pp. 774-775.

Privilage Motion raised by—against Shri A. L. Dias, Governor of West Bengal and Shri Siddhartha Shankar Ray, Chief Minister of West Bengal : pp. 99-100.

Torture on the Journalists (M) : p. 482-483.

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1977 : pp. 515-516.

Besterwitch, Shri A. H. :

Discussion on Governor's Address : pp. 286-290.

Discussion on the Members' Pension ; p. 199.

On the Motion u/r 185 reg. Amdt. to the Payment of Bonus Act, 1965 ; pp. 503-504.

Resolution on the Passing Away of Shri Fakhruddin Ali Ahmed, President of India : pp. 25-26.

Bharati, Shri Ananta Kumar :

Beliaghata-Maniktala Canal-excavation of—(M) : p. 308.

Scarcity of drinking Water in Beliaghata-Maniktala area (M) : pp. 478-479.

The West Bengal Central Valuation Board Bill, 1977 : pp. 728.

Bhattacharyya, Shri Harasankar :

Appointment of Teachers in Higher Secondary School (M) : p. 307.

Attention drawn by—regarding False and Malicious Report published in the Ananda Bazar Patrika : p. 85.

The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Amendment) Bill, 1977 ; pp. 574-579.

Discussion on The West Bengal Appropriation (Vote on Account) Bill,1977 : pp. 207-214.

Discussion on the Shri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1977 : p. 254.
The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1977 : pp. 513-515.
West Bengal Nationalised Text Books Bills, 1977 : pp. 555-558.

Bhattacharjee, Shri Shibapada :

Discussion on Governor's Address : pp. 435-438.

Bill(s)

The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 1977 : pp 686-704.
The West Bengal Appropriation Bill, 1977 : pp. 224-236.
The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1977 : pp. 204-224.
The Bidhan Chandra Krishi Viswa Vidyalaya (Amendment) Bill, 1977 : pp. 574-583.
The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1977 : pp. 563-573.
The West Bengal Co-operative Societies (Amendment) Bill, 1977 : pp. 625-637.
The West Bengal Central Valuation Board Bill, 1977 : p. 713.
Calcutta Municipal (Amendment) Bill, 1977 : pp. 637 & 641-662.
The West Bengal Nationalised Text Books Bill, 1977 : pp. 555-562.
The Shri Ramkrishna Sarada Vidya Mahapith (Amendment) Bill, 1977 : pp. 244-255.
West Bengal Taxation Laws (Amendment) Bill, 1977 : pp. 512.

Biswas, Shri Ajit Kumar :

Construction of Three Bridges in Murshidabad District (M) : pp. 392-393.

Bose, Shri Ajit Kumar :

Attention drawn to the Finance Minister regarding the demands of Tahasildars etc. : p. 252.
Discussion on Governor's Address : pp. 290-291.

Bose, Shri Lakshmi Kanta :

On the motion u/r 185 reg. Amdt. to the Payment of Bonus Act, 1965 : pp. 504-506.
Budget Estimates of the Government of West Bengal for 1977-78. Placed by Shri Gopal Das Nag : p. 27-72.
The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1977 : p. 563 & pp. 571-572.
The West Bengal Nationalised Text Books Bill, 1977 : pp. 555-556, 561-562.

Chaki, Shri Naresh Chandra :

—discussion on Governor's Address : pp. 343-344.
Salary of School Teachers non-payment of (M) : pp. 311-312.

West Bengal Nationalised Text Books Bill, 1977 : p. 558-559.

পশ্চিমবঙ্গে সমাজবিরোধীদের অত্যাচার গুণ্ডামী এবং খুনখারাপী এবং তার প্রতিকার—(M) : pp. 86-87.

hakrabarty, Shri Biswanath :

Basumati Corporation—management of (M)— : pp. 192-93.
Calcutta Municipal (Amendment) Bill, 1977 : pp. 643-646 & 660-661.
Discussion on the W. B. Appropriation Bill, 1977 : pp. 225-234.
Recognition of School—permission for—Mention re— : pp. 316-317.
West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1977 : pp. 564-568.
The West Bengal Central Valuation Board Bill, 1977 : pp. 716-719.

গঙ্গার জলে পড়ে শ্রীমতী কেয়া চক্রবর্তীর মৃত্যু—(M) : pp. 87-88.

hakraborty, Shri Gautam :

On the motion under Rule 185. reg. Role of News Papers : pp. 773-774.

alling Attention(s) :

—by Shri Sukumar Bandyopadhayay, reg. Scarcity of Water at Asansol due to damage of pipe lines : pp. 612-613.
—by Shri Sukumar Bandyopadhyay, reg. Rishra Jayashri Textile Mill Removal of Machine of : p. 629.
—by Shri Nandalal Banerjee, reg. Emergency News item on 5th April, in Hindusthan Standard : p. 606.
—by Shri Satya Ranjan Bapuli, Shri Biswanath Chakraborty and Shri Saroj Roy, reg. a News item in Amrita Bazar Patrika : pp. 610-611.
—by Shri Ananta Kumar Bharati, reg. Inauguration of Maniktala Chest Clinic : pp. 617-618.
—by Shri Keshab Chandra Bhattacharya, reg. Kalyani Spining Mill : 612.
—by Shri Satya Ranjan Bapuli, reg. Panchayat Tax : pp. 615-616.
—by Shri Chandra Kumar Dey, reg. Transfer Order of a Doctor of Chinsurah Imambara Hospital : pp. 616.
—by Shri Krishna Prosad Duley, reg. Scarcity of Water in Birbhum District : pp. 615.
